# মদনপাল-নিঘণ্টু।

বা

## ( মদনবিনোদ নিঘণ্টু )

শ্রীমদনপাল নৃপতি বিরচিত।

সানুবাদ নিদান, চরক, সুশ্রুত, শার্ঙ্গধর, দ্রব্যগুণ,

চক্রদত্ত, রসেন্দ্রসারসংগ্রহ, পাচনাদিসংগ্রহ

প্রভৃতি বহুবৈদ্যকগ্রন্থ প্রকাশক—

৺দেবেন্দ্রনাথ সেন গুপ্ত কবিরাজ

শ্রীউপেন্দ্রনাথ সেন গুপ্ত কবিরাজ

কর্ত্তৃক

বিরচিত বিশদ বঙ্গানুবাদ সহিত

সংশোধিত ও প্রকাশিত।

প্রথম সংস্করণ।

কলিকাতা

৭০ নং কলুটোলাস্থ ধন্বন্তরি ষ্টীম্ মেশিন যন্ত্রে

শ্রীদীননাথ দেব দ্বারা মুদ্রিত।

সন ১৩২০ সাল।

# বিজ্ঞাপন।

অতি প্রাচীন কাল হইতে অদ্যাবধি ভারতবর্ষে আয়ুর্ব্বেদীয় চিকিৎসা প্রচলিত আছে। জগৎসৃষ্টির সমকালেই জগদ্বিধাতা চারিবেদের সঙ্গে সঙ্গেই আয়ুর্ব্বেদের সৃষ্টি করেন। কিরূপে মানবের পরমায়ু বর্দ্ধিত হয়, কি পথ্য, কি অপথ্য, পীড়ার নিদান কি এবং পীড়া শান্তির উপায় কি, ইত্যাদি সমস্তই আয়ুর্ব্বেদ হইতেই জানা যায়। সুতরাং সেই সনাতন আয়ুর্ব্বেদ অদ্যাবধি অব্যাহত প্রভাবে চলিয়া আসিতেছে। ক্রমে এই আয়ুর্ব্বেদ আরব, পারস্য, ইটালী, ইংলণ্ড প্রভৃতি নানাদেশে নানা ভাষায় অনূদিত হইয়া অত্যাদর সহকারে পর্য্যালোচিত হইতেছে। অধুনাতন উদীয়মান পাশ্চাত্য চিকিৎসা-বিদ্যা যে ঐ সনাতন আয়ুর্ব্বেদ হইতেই উদ্ভূত, তদ্বিষয়ে সন্দেহ নাই। ব্রহ্মসংহিতা প্রভৃতি অনেক গুলি আয়ুর্ব্বেদগ্রন্থ পূর্ব্বে ছিল, কিন্তু এক্ষণে ঐ সকল গ্রন্থ আর পাওয়া যায় না। তাহা হইতে সারোদ্ধার পূর্ব্বক মহর্ষি চরক, সুশ্রুত প্রভৃতি আচার্য্যগণ অল্পকালেও অল্পায়াসে সমস্ত শাস্ত্রমর্ম্ম অবগমার্থ এক একখানি সংহিতা গ্রন্থ রচনা ও প্রচার করিয়া গিয়াছেন। তৎপরে শার্ঙ্গধর, ভাবপ্রকাশ, মাধবনিদান, রসেন্দ্রচিন্তামণি, রসরত্নাকর প্রভৃতি বহু গ্রন্থ জীবহিতার্থে জগদ্ধিতৈষী আচার্য্যগণ কর্তৃক সংগৃহীত হইয়াছে। এক্ষণে সেই সকল গ্রন্থ সাহায্যে চিকিৎসা কার্য্য চলিতেছে। মধ্যে কালমাহাত্ম্যে উপযুক্ত চিকিৎসকের অভাবে, সর্ব্বপ্রকার আবশ্যকীয় ঔষধ সকল প্রস্তুত না থাকায় এবং ব্যয়াধিক্যবশতঃ অনেকে বিজাতীয় চিকিৎসার চাকচিক্য দর্শনে উক্ত সনাতন আয়ুর্ব্বেদ চিকিৎসার প্রতি বীতশ্রদ্ধ হইয়াছিলেন। কিন্তু এক্ষণে আয়ুর্ব্বেদবিশারদ কতিপয় বৈদ্যমহোদয়ের সুচিকিৎসার গুণে নানাবিধ

ঔষধ সর্ব্বদা প্রস্তুত রাখায় তদ্দারা সত্বর ফল লাভ হইতেছে দেখিয়া পুনর্ব্বার সেই সনাতন আয়ুর্ব্বেদের প্রতি অনেকেরই আদরাধিক্য দেখা যাইতেছে। এবং অনেকেই আয়ুর্ব্বেদে সম্যক্ অধিকার লাভার্থ বদ্ধপরিকর হইতেছেন। ইহা মঙ্গলের বিষয় তাহাতে সন্দেহ নাই। আয়ুর্ব্বেদে সম্যক জ্ঞান লাভ করিতে হইলে চরক সুশ্রুতাদি সংহিতাগ্রন্থ পাঠকরা যেরূপ নিতান্ত আবশ্যক, তদ্রূপ দ্রব্যও দ্রব্যের গুণাগুণ জানিবার জন্য নিঘণ্টু গ্রন্থ অভ্যাস করাও নিতান্ত আবশ্যক। কারণ শাস্ত্রে কথিত আছে,—"নিঘণ্টুনা বিনা বৈদ্যো বিদ্বান ব্যাকরণং বিনা। অনভ্যাসেন ধানুষ্কস্ত্রয়ো যান্তীহ হাস্যতাং॥" অর্থাৎ নিঘণ্টু জ্ঞানহীন বৈদ্য, ব্যাকরণজ্ঞানহীন পণ্ডিত, অভ্যাসহীন ধনুর্দ্ধারী এই তিন জনই হাস্যাস্পদ হন। সুতরাং বৈদ্য হইতেগেলে তাঁহাকে অবশ্যই নিঘণ্টু অভ্যাস করিতে হইবে। রাজনিঘণ্টু, মদনপালনিঘণ্টু, ভিন্ন অন্য কোন নিঘণ্টু প্রায় দেখিতে পাওয়া যায় না। তজ্জন্য ভারতে ঐ উভয় নিঘণ্টুরই পঠনপাঠন দেখিতে পাওয়া যায়। দুঃখের বিষয় এই যে, কি নিঘণ্টু, কি মাধব নিদান, কি চরকাদি গ্রন্থ, কোন খানিই বিশুদ্ধরূপে মুদ্রিত ও প্রকাশিত হয় নাই। তাহাতে বৈদ্য অধ্যাপক মহাশয়গণের ও ছাত্রগণের বিশেষ অসুবিধা হয়। সম্প্রতি আমরা সেই আয়ুর্ব্বেদ শিক্ষার মহৎ অন্তরায় দূরীকরণ মানসে আয়ুর্ব্বেদের সম্যক সংস্কারার্থ বদ্ধপরিকর হইয়া যথেষ্ট ব্যয় ও পরিশ্রম স্বীকারপূর্ব্বক ক্রমে মাধবনিদান হইতে আরম্ভ করিয়া চরক, সুশ্রুতাদি প্রায় সমগ্র আয়ুর্ব্বেদ গ্রন্থের প্রচার করিয়াছি। তদ্দারা আয়ুর্ব্বেদতত্ত্বানুসন্ধিৎসু জনসাধারণের অনেকটা অভাব দূর ও পঠনপাঠন ব্যাপারে বিশেষ সুবিধা হইয়াছে। সম্প্রতি সানুবাদ মদনপালনিঘণ্টু প্রচারার্থ বদ্ধপরিকর হইয়া নানাদেশ হইতে আদর্শ হস্তলিখিত পদ্ধতি ও কলিকাতাস্থ পণ্ডিতকুলপতি জীবানন্দবিদ্যাসাগর মহাশয়ের ও কাশীধামের মুদ্রিত পুস্তক সংগ্রহপূর্ব্বক অনুবাদসহ মুদ্রিত করিতে আরম্ভ করি, কিন্তু দুঃখের বিষয়

এই যে, আমাদের সংগৃহীত প্রত্যেক পুস্তকের পাঠাপাঠ এত প্রভেদ ও অসঙ্গত, যে তাহা দ্বারা অনেক স্থলে পাঠ সঙ্গতি করা যায় না। যাহা হউক যৎপরোনাস্তি পরিশ্রম ও ব্যয় স্বীকার করিয়া যতদূর বিশুদ্ধ ও অর্থ সঙ্গতি হওয়া সম্ভব ও সাধ্য, তাহাতে ত্রুটি না করিয়া পুস্তকখানি সম্পূর্ণ মুদ্রিত ও প্রকাশিত করিলাম। আয়ুর্ব্বেদ বিশারদ বৈদ্য মহাশয়ের নিকট সানুনয়ে প্রার্থনা, যে, যদি এই গ্রন্থের কোনস্থলে কোনরূপ অসঙ্গতি দেখিতে পান, তাহা হইলে কৃপাপূর্ব্বক আমাদিগকে জানাইলে বাধিত হইব এবং পুস্তকের পুনর্মুদ্রণকালে সংশোধিত করিব। আমাদের প্রকাশিত দ্রব্যগুণের ন্যায় ইহাতে দ্রব্যের ইংরাজী, লাটিন, হিন্দী, আরবী, গুজরাটি ও মহারাষ্ট্রী প্রভৃতি ভিন্ন ভিন্ন দেশপ্রসিদ্ধ নাম সন্নিবেশিত হইয়াছে।

গ্রন্থকারের পরিচয় সম্বন্ধে এইরূপ জানা যায় যে, ভারতবর্ষের অন্তঃ কচ্ছ (পাঠান্তরে কাষ্ঠা) নামক নগরে টাকা নামে প্রসিদ্ধ রাজবংশে শ্রীরত্নপাল নামে এক প্রবল পরাক্রান্ত নরপতি ছিলেন, তিনি সকললোকের আনন্দদাতা, দানশীল ও সুধী ছিলেন। তাঁহার পুত্র হরপাল। তিনি যৌবরাজ্যে অভিষিক্ত হইয়া অপত্য নির্বিশেষে প্রজা পালন করিয়াছিলেন। তাঁহার পুত্র হরিশ্চন্দ্র, দ্বিতীয় হরিশ্চন্দ্রের ন্যায় সত্যাদিসম্পন্ন হইয়াছিলেন। তাঁহার দুইটি পুত্ররত্ন শুভক্ষণে আবির্ভূত হয়। জ্যেষ্ঠের নাম সহজপাল, কনিষ্ঠের নাম মদনপাল। মদনপাল পৈতৃক গুণাপেক্ষা অনেক সদ্গুণে ভূষিত হওয়াতে সমস্ত নরপতিবর্গের মুখশোভাসম্পাদক তিলকের ন্যায় সর্ব্বজনের আদরপাত্র হইয়াছিলেন। তাঁহাকে লোকে কটারমল্ল বলিয়াও ডাকিত। তিনি নিজনামে প্রসিদ্ধ এই নিঘণ্টু রচনা করেন। পঞ্জাব, গুজরাট, রাজপুতানা, পাশ্চাত্য প্রদেশে এই গ্রন্থের বড়ই আদর। মদনপাল কোন্ সময়ে আবির্ভূত হইয়াছিলেন, তদ্বিষয়ে তাঁহার নিজকৃত গ্রন্থের শেষভাগে গ্রন্থসমাপ্তিসূচক শ্লোকে যেরূপ

লেখা আছে, তদনুসারে জানাযায় যে, মহারাজ মদনপাল, বিক্রমাদিত্য মহারাজের ১২৩১ সংবতে মাঘী শুক্লা ষষ্ঠীতে সোমবারে উক্ত নিঘণ্ট, রচনা করেন। অতএব অদ্যাবধি ৭৩৯ বৎসর পূর্ব্বে উক্ত মহাত্মা এই গ্রন্থ রচনা করিয়াছিলেন বলিয়া প্রমাণ পাওয়া যায়। এতদ্ভিন্ন আর কিছু পাওয়া যায় না।

অতঃপর অত্যন্ত শোকসন্তপ্ত হৃদয়ে দুঃখসহকারে জানাইতেছি যে, উদারচেতা, বৈদ্যকুলাবতংস, আয়ুর্ব্বেদবিশারদ, চিকিৎসকাগ্রণ্য মদীয় পূজনীয় জ্যেষ্ঠ সহোদর ৺দেবেন্দ্রনাথ সেন দাদামহাশয় উক্ত পুস্তকের সমগ্র অনুবাদ সমাধা করিয়া মুদ্রণকার্য্য প্রায় শেষ করিয়াছেন এমন সময়ে আমাদের দুর্ভাগ্য হেতু অনতিক্রমণীয় দৈববশতঃ ইহ জগৎ হইতে আমাদিগকে পরিত্যাগ করিয়া অকুণ্ঠ বৈকুণ্ঠধামে গমন করাতে এবং আমার শারীরিক ও মানসিক অসুস্থতানিবন্ধন ইহা প্রকাশে কিঞ্চিৎ বিলম্ব হইয়াছে। তিনি সমাপ্তপ্রায় করিয়া না যাইলে, ইহা কিছুতেই সম্পূর্ণ হইত না।

অবশেষে কৃতজ্ঞতা সহকারে জানাইতেছি যে এই পুস্তকের অনুবাদ ও সংশোধন বিষয়ে আমাদের শুভানুধ্যায়ী পরমপূজনীয় শ্রীযুক্ত পণ্ডিত রামগোপাল কবিরত্ন ভট্টাচার্য্য মহাশয় বিশেষ সাহায্য করিয়াছেন, এবং পরম সুহৃৎ আমাদিগের আয়ুর্ব্বেদ বিদ্যালয়ের অধ্যাপক শ্রীযুক্ত পণ্ডিত চন্দ্রশেখর কাব্যচুঞ্চু কাব্যতীর্থ কবিরত্ন কবিরাজ মহাশয় এই পুস্তকের সংশোধন বিষয়ে সাহায্য করিয়াছেন, তজ্জন্য আমরা ইহাঁদিগের নিকট চিরকৃতজ্ঞ রহিলাম।

শকাব্দা ১৮৩৫

বিনীত—

শ্রীউপেন্দ্রনাথ সেনগুপ্ত কবিরাজস্য।

# সূচীপত্র।

## অ


| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| অগস্ত্য | ... | ২৬৮ |
| অগ্নিমন্থ | ... | ১৫ |
| অগ্নি সেবন | ... | ৫২১ |
| অঙ্কোল | ... | ৪৩ |
| অঙ্গভেদে মাংস | ... | ৫০৩ |
| অঙ্গার প্রতপ্তমাংস | ... | ৪৬৪ |
| অজগন্ধা | ... | ১০৭।১৫০ |
| অজমোদা | ... | ১৪৫ |
| অজাদুগ্ধ | ... | ৩৬২ |
| অঞ্জন | ... | ৫১৩ |
| অঞ্জীর | ... | ২৯১ |
| অতসী | ... | ৪২৮ |
| অতসী তৈল | ... | ৩৮২ |
| অতি রৌপ্য ধান্য | ... | ৪১৭ |
| অাংবলা | ... | ৬২ |
| অতিবিষা | ... | ৮৩ |
| অত্যুষ্ণান্ন | ... | ৪৩৮ |
| অনুপান | ... | ৫০৭ |
| অনুলেপন | ... | ৫১৮ |
| অনুবাদকৃৎপরিচয় | ... | ৫৩৬ |
| অনুবাসন | ... | ৫২৮ |
| অন্ন | ... | ৫২৩ |
| অপরাজিতা | ... | ১০৯ |
| অপামার্গ | ... | ৩৫ |
| অবস্থান | ... | ৫২০ |
| অভয়াদি বর্গ | ... | ৪ |
| অভ্যঙ্গ | ... | ৫১৫ |
| অভ্রক | ... | ২২০ |
| অমৃত ফল | ... | ২৮৯ |
| অম্লফল | ... | ২৮৯ |
| অম্লরস | ... | ৫২৫ |
| অম্লবেতস | ... | ২৯৭ |
| অম্লিকা | ... | ২৯৯ |
| অবঙ্গ | ... | ৪৯৮ |
| অরিমেদ | ... | ২৫১ |
| অরিষ্ট | ... | ৩৯৪ |
| অরিষ্টক | ... | ২৬৭ |
| অর্কপুষ্পী | ... | ৯৬ |
| অর্কদ্বয় | ... | ১১৮ |
| অর্জ্জুন | ... | ২৪৩ |
| অলক্তক | ... | ১৯২ |
| অশ্মন্তক | ... | ৫২ |
| অশ্বগন্ধা | ... | ৫৮ |
| অশ্বতর | ... | ৪৭২ |
| অশ্বমূত্র | ... | ৪০০ |
| অশ্বীদুগ্ধ | ... | ৩৬৪ |

| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| অষ্টগুণমণ্ড | ... | ৪৪০ |
| অষ্টবর্গ | ... | ২৭ |
| অসার দধি | ... | ৩৭২ |
| অস্থিশৃঙ্খলিকা | ... | ৩৩৯ |
| অস্থিসংহার | ... | ১১৮ |
| অহিফেন | ... | ১৩২ |
| অহিমুক্তকতৈল | ... | ৩৮৪ |
| অক্ষতৈল | ... | ৩৮৪ |
| অক্ষোট | ... | ২৯২ |
| অক্ষোটতৈল | ... | ৩৮৪ |
| **আ** | | |
| আকাশবল্লী | ... | ৮৯ |
| আজদধি | ... | ৩৬৯ |
| আজমূত্র | ... | ৪০০ |
| আড়ি | ... | ৪৯১ |
| আতপ | ... | ৫২১ |
| আনূপজল | ... | ৩১৭ |
| আপেল | ... | ২৮৯ |
| আবিকমূত্র | ... | ৪০০ |
| আবিকদধি | ... | ৩৬৯ |
| আবিকদুগ্ধ | ... | ৩৬৩ |
| আমরুল | ... | ৩৩৩ |
| আমোদ | ... | ৪১৫ |
| আম্র | ... | ২৭১ |
| আম্রতৈল | ... | ৩৮৭ |
| আম্রাতক | ... | ৩০১ |
| আয়ুষ্যাকর | ... | ৫২২ |
| আ:গ্বধ | ... | ৪০ |
| আরামশীতলা | ... | ১১২ |
| আরুক | ... | ২৮৪ |
| আর্ত্তগল | ... | ২৪৫ |
| আর্দ্রক | ... | ১৩৫ |
| আলুক | ... | ২৯১ |
| আহার | ... | ৪৩৬ |
| আক্ষিকী | ... | ৩৯১ |
| **ই** | | |
| ইঙ্গুদ | ... | ২৫৯ |
| ইঙ্গুদী | ... | ২৫৮ |
| ইন্দ্রযব | ... | ৯৮ |
| ইন্দ্রবারুণী | ... | ৩৯ |
| ইরিমেদ | ... | ২৫১ |
| ইক্ষু | ... | ৪০২ |
| ইক্ষুর | ... | ১১০ |
| ইক্ষুবিকার | ... | ৪০৮ |
| **ঈ** | | |
| ঈহামৃগ | ... | ৪৭৬ |
| **উ** | | |
| উড়ুকা | ... | ৯৩২ |
| উৎক্রোশ | ... | ৪৯৪ |
| উদুম্বর | ... | ২৩৯ |
| উদ্ধৃতসার তক্র | ... | ৩৭৬ |
| উদ্বর্ত্তন | ... | ৫১৭ |
| উলূখী | ... | ৪৬২ |

| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| উলূক | ... | ৪৯৪ |
| উদ্বিপ্তমাংস | ... | ৪৬২ |
| উশীর | ... | ১৭৯ |
| উষাপান | ... | ৫০৮ |
| উষ্ট্র | ... | ৪৭৩ |
| উষ্ট্রদধি | ... | ৩৭১ |
| উষ্ট্রমূত্র | ... | ৪০০ |
| উষ্ট্রীদুগ্ধ | ... | ৩৬৪ |
| উষ্ণজল | ... | ৩৫৯ |
| উষ্ণমধু | ... | ৪১১ |
| উষ্ণীশ | ... | ৫১৮ |
| উৎক্ষাদক | ... | ৫১২ |

ঋ

| | | |
|---|---|---|
| ঋতুভেদে জল | ... | ৩৫৩ |
| ঋদ্ধি | ... | ২৪ |
| ঋষভক | ... | ২৬ |

এ

| | | |
|---|---|---|
| একশফদধি | ... | ৩৭১ |
| ঐকৈশিকতৈল | ... | ৩৮৬ |
| এরণ্ড | ... | ৩০ |
| এরণ্ডতৈল | ... | ৩৮১ |
| এলবালুক | ... | ১৬৯ |
| এলা | ... | ২৯০ |

ঔ

| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| ঔদ্ভিদজল | ... | ৩৫০ |
| ঔদ্ভিদলবণ | ... | ১৫৮ |

ক

| | | |
|---|---|---|
| ককুভ | ... | ১৪৩ |
| কর্কট | ... | ৫০ |
| কঙ্কোল | ... | ১৭১ |
| কঙ্গুক | ... | ৪১৫ |
| কচ্ছপ | ... | ৪৯৯ |
| কঞ্চুক | ... | ৩৪১ |
| কট্‌ফল | ... | ৬৮ |
| কটভী | ... | ২৫৯ |
| কটম্ভর | ... | ২৫৯ |
| কটুকী | ... | ৪২ |
| কটুতুম্বী | ... | ৩১২ |
| কট্‌বর | ... | ৫২৫ |
| কণ্টকারি | ... | ২২ |
| কতক | ... | ২৭৮ |
| কদম্ব | ... | ২৪২ |
| কদলী | ... | ২৭৬ |
| কন্দুপক্ক মাংস | ... | ৪৬৫ |
| কপর্দ্দক | ... | ২৩৪ |
| কপিকচ্ছু | ... | ৯২ |
| কপিত্থ | ... | ৩০০ |

| বিষয় | পৃষ্ঠা | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|---|
| কবয় মৎস্য ... | ৪৯৮ | কাংস্য ... | ২১৫ |
| কমল ... | ১৯৬ | কাক ... | ৪৮৯ |
| কম্পিল্লক ... | ৩৬ | কাকজঙ্ঘা ... | ৮৫ |
| কর্কট ... | ৫০০ | কাকমাচী ... | ৮৪ |
| কর্কটশৃঙ্গী ... | ৬৭ | কাকোড়ুম্বর ... | ২৪০ |
| কর্কটী ... | ৩১০ | কাকোলী ... | ২৫ |
| কর্কোটকী ... | ৩১৯ | কাচ ... | ২৩৬ |
| কর্চূর ... | ১৮৬ | কাচলবণ ... | ১৫৯ |
| কর্ণ পূরণ ... | ৫১৫ | কাঞ্চন ... | ৪১৪ |
| কর্পূর ... | ১৬৩ | কাঞ্চনার ... | ৫৩ |
| কর্পূরাদিবর্গ ... | ১৬৩ | কাঞ্চনী ... | ১২৪ |
| কর্ম্মরঙ্গ ... | ২৯৮ | কাঞ্জিক ... | ৩৯৮ |
| করঞ্জ ... | ২৬৪ | কাটানটে ... | ৩২৪ |
| করঞ্জী ... | ২৬৭ | কাদম্বরী ... | ৩৯০ |
| করমর্দ্দী ... | ৩০০ | কাণ্ডারেক্ষু ... | ৪০৪ |
| করলা ... | ৩১৯ | কারজল ... | ৩৫২ |
| করবীর ... | ১১০ | কারবেল্ল ... | ৩১৮ |
| করীর ... | ৩৬৫ | কার্পাসী ... | ১১২ |
| করেট্র ... | ৪৯১ | কালকাসন্দা ... | ৩৩৩ |
| কলম ... | ৪১৪ | কালভেদে জল ... | ৩৫৬ |
| কলায় ... | ৩৩২।৪২৪ | কালশাক ... | ৩২৩ |
| কলিকারী ... | ১২১ | কালিঙ্গ ... | ৩১১ |
| কলুষ জল ... | ৩২৮ | কাশ ... | ১২৭ |
| কষায় রস ... | ৫১৬ | কাশ্মরী ... | ১৭ |
| কসেরু ... | ৩৪২ | কাষ্ঠসারিবা ... | ৩১ |
| কস্তূরিকা ... | ১৬৪ | কাসমর্দ্দ ... | ৩৩৩ |
| কস্তূরী ... | ৪৭৯ | কাসীস ... | ২২৪ |
| কহ্লার ... | ১৯৭ | কিঙ্কিনী ... | ২৮৩ |

| বিষয় | পৃষ্ঠা | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|---|
| কিঞ্জল্ক ... | ১৯৭ | কৃতাকৃত যূষ ... | ৪৪৩ |
| কিংশুক ... | ৩৯০ | কৃশরা ... | ৪৪২ |
| কিরাততিক্ত ... | ৪৬ | কৃষ্ণ জীরক ... | ১৫৬ |
| কুক্কুট ... | ৪৮৭ | কৃষ্ণ ত্রিবৃৎ ... | ৩৯ |
| কুক্কুর ... | ৪৭০ | কৃষ্ণপুচ্ছ ... | ৪৮০ |
| কুক্কুরদ্রু ... | ১১৩ | কৃষ্ণবর্ণ মৎস্য ... | ৪৯৫ |
| কুঙ্কুম ... | ১৬৭ | কৃষ্ণব্রীহি ... | ৪১৬ |
| কুটজ ... | ৪৭ | কৃষ্ণশাল্মলী ... | ২৫৮ |
| কুটীর ... | ৩১৮ | কৃষ্ণসারিবা ... | ৩১ |
| কুণ্ডলিকা ... | ৪৫৮ | কৃষ্ণাগোর ... | ১৬৭ |
| কুন্দ ... | ২০৬ | কৃষ্ণেক্ষু ... | ৪০২ |
| কুন্দুরু ... | ১৮২ | কেতকী ... | ২০১ |
| কুব্জক ... | ২০১ | কেদারজ শালী ... | ৪১৬ |
| কুমারী ... | ১২৩ | কেলুট ... | ৩৪৪ |
| কুমুদ ... | ১৯৬ | কেশ কর্ত্তন ... | ৫১৪ |
| কুরণ্টা ... | ৩৩১ | কেশপ্রসাধন ... | ৫১৫ |
| কুলত্থ ... | ৪২৫ | কৈদার ... | ৩৫১ |
| কুলত্থ যূষ ... | ৪৪১ | কৈবর্ত্তিণী ... | ১৯৪ |
| কুল্মাষ ... | ৪৫৯ | কৈবর্ত্তমুস্তক ... | ১৮১ |
| কুশা ... | ১২৭ | কোক ... | ৪৯১ |
| কুষ্ঠ ... | ৬৬ | কোকিল ... | ৪৮৯ |
| কুষ্মাণ্ড ... | ৩০৯ | কোবিদার ... | ৫৩ |
| কুষ্মাণ্ডাদি তৈল ... | ৩৮৫ | কোলশিম্বী ... | ৩২১ |
| কুষ্মাণ্ডাদি বর্গ ... | ৩০৮ | কোষষ্টি ... | ৪৯৪ |
| কুসুম ধারণ ... | ৫১৮ | কোষাতকী ... | ৩১৫ |
| কুসুম্ভ ... | ৪২৯ | কোষাম্র ... | ৩০৩ |
| কুসুম্ভ তৈল ... | ৩৮৩ | কোহলী ... | ৩৯১ |
| কূতমাল ... | ৪৮০ | কৌপজল ... | ৩২৯ |

| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| কৌপমৎস্য | ... | ৪৯৫ |
| কৌন্তক | ... | ৩৭৯ |
| কৌস্তুভ | ... | ৩৩২ |
| ক্রমুক | ... | ৩০৩ |
| ক্রৌঞ্চ | ... | ৪৯৪ |
| ক্বথিত | ... | ৪৬৯ |
| **খ** | | |
| খঞ্জরীট | ... | ৪৯২ |
| খটী | ... | ২৩৫ |
| খট্টাসী | ... | ১৬৫ |
| খণ্ড | ... | ৪০৫ |
| খণ্ডক | ... | ৪১০ |
| খণ্ডামলক | ... | ৪৪৬ |
| খণ্ডাম্র | ... | ৪৪৬ |
| খদির | ... | ২৫০ |
| খর্জ্জুরিকা | ... | ২৭৪ |
| খর্ব্বূজ | ... | ২৮৭ |
| খসতিল | ... | ১৩১ |
| খার্জ্জূরমন্থ | ... | ৩৮৯ |
| খুরাসানী | ... | ১৪৯ |
| **গ** | | |
| গজপিপলী | ... | ১৪০ |
| গড় | ... | ১৫৭ |
| গণেরুক | ... | ২০৮ |
| গণ্ড | ... | ১৫৮ |
| গণ্ডক | ... | ৪৭৪ |

| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| গণ্ডদূর্ব্বা | ... | ১২৬ |
| গন্ধক | ... | ২১০ |
| গন্ধপলাশী | ... | ১৮৮ |
| গন্ধশটী | ... | ১৮৮ |
| গবয় | ... | ৪৭৯ |
| গবেধুক | ... | ৪৩১ |
| গবেধুকা | ... | ৪৩৩ |
| গব্যদধি | ... | ৩৬৯ |
| গয়াশ্বত্থ | ... | ৩৪২ |
| গর্গর | ... | ৪৯৮ |
| গর্দ্দভ | ... | ৪৭৩ |
| গর্দ্দভাণ্ড | ... | ৪০০ |
| গাঙ্গেরুক | ... | ২৯৩ |
| গাজর | ... | ৩৩৩ |
| গালিত দধি | ... | ৩৭১ |
| গুগ্‌গুলু | ... | ১৮৩ |
| গুঞ্জা | ... | ১০২ |
| গুড় | ... | ৪০৭ |
| গুড়যুক্তভক্ষ্য | ... | ৪৫০ |
| গুড়ূচী | ... | ১৩ |
| গৃঞ্জন | ... | ৩৩৩ |
| গৃধ্র | ... | ৪৯০ |
| গৈরিক | ... | ২২২ |
| গোকর্ণ | ... | ৪৭৯ |
| গোজিহ্বা | ... | ১০১ |
| গোদুগ্ধ | ... | ৩৬২ |
| গোধা | ... | ৫০২ |
| গোধূম | ... | ৪১৮ |

| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| গোধূমভক্ষ্য | ... | ৪৫০ |
| গোমূত্র | ... | ৩৯৯ |
| গোমেদ | .. | ২৩১ |
| গোরোচনা | ... | ১৯০ |
| গোক্ষুর | ... | ১৯ |
| গৌর | ... | ৪১৪ |
| গৌরপাষাণ | ... | ২৩৫ |
| গ্রন্থকৃৎ পরিচয় | ... | ৫১৪ |
| গ্রন্থিপর্ণ | ... | ১৮৭ |
| গ্রীষ্মচর্য্যা | | ৫০৩ |

## ঘ

| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| ঘণ্টাপাটল | ... | ২৬০ |
| ঘৃত | ... | ৩৭৭ |
| ঘৃতপক্ক ভক্ষ্য | ... | ৪৫১ |
| ঘৃতপক্ক মাংস | ... | ৪৬৫ |
| ঘৃতমণ্ড | ... | ৩৭৯ |
| ঘৃতপূর | ... | ৪৫১ |
| ঘোটক | ... | ৪৭২ |
| ঘোল | ... | ৩৭৪ |

## চ

| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| চকোর | ... | ৪৯৪ |
| চংক্রমণ | ... | ৫২০ |
| চক্রবাক | ... | ৪৯১ |
| চক্ষুড়দ্বয় | ... | ৩২৬ |
| চঞ্চুশাক | ... | ৩২৩ |
| চটক | ... | ৪৮৫ |
| চণক | ... | ৩৩২।৪২৫ |
| চণকযূষ | ... | ৪৪২ |
| চতুর্জাতক | ... | ১৭৫ |
| চতুরঙ্গ | ... | ৩০২ |
| চতুরূষণ | ... | ১৩৮ |
| চন্দ্রকান্ত | ... | ২৩১ |
| চন্দ্রকান্তজল | ... | ৩৫৩ |
| চব্য | ... | ১৩৯ |
| চম্পক | ... | ২০৪ |
| চাতক | ... | ৪৯২ |
| চাঙ্গেরী | ... | ৩৩২ |
| চার | ... | ২৮১ |
| চিচিণ্ড | ... | ৩২৭ |
| চিত্রক | ... | ৪৭৫।১৪১ |
| চিবি | ... | ৪৯৩ |
| চির্ভট | ... | ৩১৩ |
| চিল্লী | ... | ৩২৩ |
| চীনাক | ... | ৪৩২ |
| চুক্র | ... | ৩৯৭ |
| চুম্বক | ... | ২৩৬ |
| চূর্ণ | ... | ৩০৬ |
| চোক | ... | ৫৩ |
| চৌল্ক্যজল | ... | ৬৫০ |
| চোরক | ... | ১৮৫ |
| চোহার | ... | ১৪৯ |

## ছ

| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| ছত্র | ... | ৫১৯ |
| ছাগ | ... | ৭৭০ |

| বিষয় | পৃষ্ঠা |
| --- | --- |
| ছাগদুগ্ধ | ৩৬২ |
| ছায়া | ৫২১ |
| ছিক্কর | ৪৮০ |
| ছিক্কিশ | ১০৫ |
| ছিন্নরূঢ় | ৪১৬ |
| ছিলিহিণ্ট | ১৫২ |
| ছোলাশাক | ৩৩২ |
| **জ** | |
| জগল | ৩৯০ |
| জটামাংসী | ১৭৮ |
| জবা | ২০৯ |
| জম্বীর | ২৯৬ |
| জম্বু | ২৭২ |
| জয়ন্তী | ১১৫ |
| জয়পাল | ৩৮ |
| জলপিপ্পলী | ১০০ |
| জল বিপাককাল | ৩৬০ |
| জলবেতস | ২৪৫ |
| জলশিরীষ | ২৬৬ |
| জলসংগ্রহকাল | ৩৫৬ |
| জাতী | ১৯৯ |
| জাতীফল | ১৬৯ |
| জাতীপত্রী | ১৭০ |
| জাম্বব | ৩৯৪ |
| জিঙ্গিনী | ২৫৮ |
| জীবক | ২৬ |
| জীবনীয়গণ | ২৯ |
| জীবন্তক | ৩২২ |
| জীবন্তী | ২৭ |
| জুনল | ৪৩৩ |
| জ্যোৎস্না | ৫২১ |
| জ্যোতিষ্মতী | ৬৪ |
| জ্যোতিষ্মতীতৈল | ৩৮৩ |
| **ঝ** | |
| ঝাটী | ১০৮ |
| **ট** | |
| টঙ্কণ | ১৬০ |
| টিন্টিনিকা | ২৬৬ |
| টুণ্টুক | ৩৩০ |
| **ড** | |
| ডিণ্ডিশ | ৩১০ |
| ডুণ্ডুভ | ৫০১ |
| ডোডিকা | ৩২০ |
| **ঢ** | |
| ঢেড়শ | ৩২০ |
| **ত** | |
| তক্র | ৩৭৪ |
| তক্রপকমাংস | ৪৬৬ |
| তগর | ১৯০ |
| তড়াগজল | ৩৪৯।৩৫৪ |
| তড়াগজ মৎস্য | ৪৯৫ |
| তণ্ডুলীয় | ৩২৪ |

| বিষয় | | পৃষ্ঠা | বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|---|---|---|
| তমাল | ... | ২৪৯ | তেজপত্র | ... | ১৭৪ |
| তমঃ | ... | ৫২১ | তেজবতী | ... | ৬৩ |
| তরক্ষু | ... | ৪৭৬ | তৈলপক্কভক্ষ্য | ... | ৪৫১ |
| তাম্র | ... | ২১৪ | তৈলপক্কমাংস | ... | ৪৬৫ |
| তাম্বূল | ... | ৩০৪ | তোদপর্ণী | ... | ৪৩০ |
| তাল | ... | ১৮৭ | তৌষার | ... | ৩৫২ |
| তালমূলী | ... | ৩৪১ | ত্রপুষ | ... | ৩১৩ |
| তালিশ | ... | ১৭৫ | ত্রায়মাণা | ... | ৮২ |
| তিক্তরস | ... | ৫২৬ | ত্রিজাতক | ... | ১৭৫ |
| তিত্তিরি | ... | ৪৮৪ | ত্রিফলা | ... | ১১ |
| তিনিশ | ... | ২৫৩ | ত্র্যূষণ | ... | ১৩৮ |
| তিন্তিড়ী | ... | ২৯৯ | ত্বচ | ... | ১৩৭ |
| তিন্দুক | ... | ২৮২ | **দ** | | |
| তিমি | ... | ৪৯৫ | দগ্ধমজ্জাতশালি | ... | ৪১৬ |
| তিল | ... | ৪২৬ | দধি | ... | ৩৬৮ |
| তিলক | ... | ২০৭ | দধিপূপক | ... | ৪৫৪ |
| তিলতৈল | ... | ৩৮০ | দধিমস্তু | ... | ৩৭৩ |
| তিলপর্ণী | ... | ৩২৯ | দধিসর | ... | ৩৭৩ |
| তুত্থ | ... | ২২৩ | দন্তী | ... | ৩৭ |
| তুবর | ... | ১৯৪ | দন্তধাবন | ... | ৫১১ |
| তুরুস্কা | ... | ১৩০ | দমন | ... | ২১১ |
| তুলসী | ... | ২০৯ | দর্ভ | ... | ১২৭ |
| তুবরী | ... | ৪১৮ | দরীজল | ... | ৩৫৫ |
| তুষাম্বু | ... | ৪৫৮ | দশমূল | ... | ৬৪ |
| তুষোদক | ... | ৩৯৮ | দাড়িমামলকযূষ | ... | ৪৪১ |
| তূত | ... | ২৯৩ | দাড়িমী | ... | ২৭৭ |
| তূলী | ... | ২৬২ | দারুহরিদ্রা | ... | ৭৭ |
| তৃণধান্য | ... | ৪৫০ | দিব্যজল | ... | ৪১৪ |

| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| দীর্ঘনাল | ... | ৪১৪ |
| দীর্ঘশূক | ... | ৪১৪ |
| দুগ্ধ | ... | ৩৬১ |
| দুগ্ধজাতঘৃত | ... | ৩৭৮ |
| দুগ্ধভক্ষ্য | ... | ৪৫১ |
| দুগ্ধিকা | ... | ৯৫ |
| দূর্ব্বা | ... | ১১৪ |
| দূষক | ... | ৪১৪ |
| দূষিতজল শোধনবিধি | ... | ৩৫৮ |
| দেবদারু | ... | ৬৪ |
| দেবদালী | ... | ৮৭ |
| দ্রবন্তী | ... | ৩৭ |
| দ্রাক্ষা | ... | ২৭০ |
| দ্রাক্ষাদিবর্গ | ... | ২৭০ |
| দ্রাক্ষামদ্য | ... | ৩৮৯ |
| দ্রোণপুষ্পী | ... | ৯৭ |

ধ

| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| ধত্তূর | ... | ১২১ |
| ধন্যাক | ... | ১৫৩ |
| ধন্বন | ... | ২৫৫ |
| ধন্বযবাস | ... | ৩২ |
| ধব | ... | ২৫৫ |
| ধাতকী | ... | ৭১ |
| ধাতুকাশীশ | ... | ২২৪ |
| ধাত্রী | ... | ৯ |
| ধানা | ... | ৫৬১ |
| ধান্যপ্রবর | ... | ৫০৮ |
| ধান্যাম্ল | ... | ৩৯৮ |
| ধারাকদম্ব | ... | ২৪২ |
| ধারাজল | ... | ৩৫১ |
| ধারোষ্ণ দুগ্ধ | ... | ৩৬৫ |
| ধূম | ... | ৫২১ |

ন

| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| নকুল | ... | ৪৮২ |
| নখ | ... | ১৯২ |
| নদীভেদেজল | ... | ৩৫৪ |
| নন্দীমুখী | ... | ৪৩১ |
| নন্দীবৃক্ষ | ... | ২৪২।২৬২ |
| নবনীত | ... | ৩৭৭ |
| নবমদ্য | ... | ৩৯৬ |
| নবীনমধু | ... | ৪১০ |
| নরমূত্র | ... | ৪০১ |
| নল | ... | ১২৯।৪৩৩ |
| নলমীন | ... | ৪৯৫ |
| নলিকা | ... | ১৮৮ |
| নাকুলী | ... | ৮৯ |
| নাগকেশর | ... | ১৭৪ |
| নাগদমনী | ... | ১০২ |
| নাগমূত্র | ... | ৩৯৯ |
| নাগরঙ্গ | ... | ২৯৬ |
| নাগরমুস্তক | ... | ৭০ |
| নাগবলা | ... | ৬২ |
| নাড়ীক | ... | ৩৩১ |

| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| নাদেয় | ... | ৩৫১ |
| নাদেয়মৎস্য | ... | ৪৯৫ |
| নারিকেল | ... | ২৭৩ |
| নারিকেলতৈল | ... | ৩৮৪ |
| নারীদধি | ... | ৩৭০ |
| নারীদুগ্ধ | ... | ৩৬৪ |
| নালিতা | ... | ৩৩১ |
| নালিকা | ... | ৩৩১ |
| নিদাঘে তক্রসেবন | ... | ৩৭৫ |
| নীবার | ... | ৪৩০।৪৩২ |
| নিম্ব | ... | ৪৪ |
| নিম্বতৈল | ... | ৩৮১ |
| নিম্বু | ... | ২৯৮ |
| নির্গুণ্ডী | ... | ৫৪ |
| নির্ঝরমৎস্য | ... | ৪৯৬ |
| নিষ্পাব | ... | ৪২৩ |
| নীল | ... | ২৩২ |
| নীলঝিণ্টী | ... | ২৪৫ |
| নীলিনী | ... | ৪১ |
| নীলোৎপল | ... | ১৯৬ |
| নৈর্ঝর | ... | ৩৫০ |
| নৈপালী | ... | ২০৩ |
| ন্যঙ্কু | ... | ৪৮০ |
| **প** | | |
| পক্কশ | ... | ৩৯০ |
| পঙ্ক | ... | ২৩৫ |
| পঞ্চকোল | ... | ১৪২ |
| পঞ্চসার | ... | ৪৪৭ |
| পঞ্চাঙ্গ | ... | ৩০১ |
| পটোল | ... | ৩২৫ |
| পতঙ্গ | ... | ১৯২ |
| পদ্মক | ... | ১৮৮ |
| পদ্মচারিণী | ... | ১৯৪ |
| পদ্মিনী | ... | ১৯৪ |
| পদ্মবীজ | ... | ১৯৮ |
| পনস | ... | ২৮৫ |
| পয়ঃ | ... | ৫২৩ |
| পর্পট | ... | ৮০।৪৬৯ |
| পর্পটী | ... | ১৯৩ |
| পরিভাষা | ... | ৩০৭ |
| পরিশুষ্কমাংস | ... | ৪৬২ |
| পরূষক | ... | ২৮১ |
| পলল | ... | ৪৬৯ |
| পলাস | ... | ২৫৪ |
| পলাসতৈল | ... | ৩৮৫ |
| পল্বল | ... | ৩৫১ |
| পশুবর্গ | ... | ৪৭১ |
| পক্ষী | ... | ৪৮৪ |
| পাটলা | ... | ১৬ |
| পাটলাতৈল | ... | ৩৮৫ |
| পাঠা | ... | ৭৪ |
| পাঠাতৈল | ... | ৩৮৬ |
| পাণ্ডু | ... | ৪১৪ |
| পাদপ্রক্ষালন | ... | ৫১১ |

| বিষয় | | পৃষ্ঠা | বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|---|---|---|
| পাদাভ্যঙ্গ | ... | ৫১২ | পুণ্ডরীক | ... | ৪১৪ |
| পান | ... | ৩০৪ | পুণ্ড্র | ... | ৪১৪ |
| পানক | ... | ৪৪৭ | পুত্রঞ্জীব | ... | ৯৩ |
| পানীয়বর্গ | ... | ৩৪৬ | পুনর্নবা | ... | ৫৬ |
| পারদ | ... | ২১৯ | পুন্নাগ | ... | ১০৫ |
| পালংক্যা | ... | ৩২৭ | পুরাণঘৃত | ... | ৩৭৯ |
| পারাবত | ... | ৪৮৬ | পুরাণমধু | ... | ৪১১ |
| পারেবত | ... | ২৯১ | পুরাণমদ্য | ... | ৩৯৬ |
| পারিপেল | ... | ১৮১ | পুরাণশালি | ... | ৪১৭ |
| পারিভদ্র | ... | ২৬১ | পুষ্পসিতা | ... | ৪০৬ |
| পারীশাশ্বত্থ | ... | ২৩৯ | পুষ্করমূল | ... | ৬৬ |
| পাষাণভেদ | ... | ৭০ | পুষ্পাঙ্কুর | ... | ৪১৫ |
| পিটারিণী | ... | ৬২ | পুষ্পাঞ্জন | ... | ২২৭ |
| পিণ্ডতগর | ... | ১৯০ | পুষ্পাগুরু | ... | ৪১৪ |
| পিণ্ডার | ... | ১০৫ | পূতিকরঞ্জ | ... | ২৬৪ |
| পিণ্ডালু | ... | ৩৪৩ | পূর্ব্ববায়ু | ... | ৫১৪ |
| পিণ্যাক | ... | ৪৬৯ | পূর্ণচন্দ্র | ... | ৪১৪ |
| পিপ্পল | ... | ১০৫ | পৃথুক | ... | ৪৬২ |
| পিপ্পলী | | ১৩৭ ১৩৯ | পৃথ্বীকাদিতৈল | ... | ৩৮১ |
| পিয়াল | | ২৫২।২৮১ | পৃশ্নিপর্ণী | ... | ১১ |
| পিষ্ট | ... | ৫২৩ | পৃষত | ... | ৪৮০ |
| পিষ্টমাংস | ... | ৪০৪ | পেচক | ... | ৪৯৪ |
| পিস্ত | ... | ২৯০ | পেয়া | ... | ৪৫৯ |
| পীত | ... | ৪১৫ | পেয়াজ | ... | ৩৩৮ |
| পীতচন্দন | ... | ১৬৬ | পোতকী | ... | ৩১৮ |
| পীতলোহ | ... | ২১৬ | পোলিকা | ... | ৪৪৮ |
| পীলু | ... | ২৪৭ | পৌত্তিক | ... | ৪১০ |
| পুঁই | ... | ৩২৮ | পৌণ্ড্রক্ষু | ... | ৪০২ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| প্রচেত | ৪১ |
| প্রপুন্নাট | ৭৬ |
| প্রপৌণ্ডরীক | ১৮৯ |
| প্রবাল | ২৩০।২৩৩ |
| প্রমোদক | ৪১৪ |
| প্রসন্না | ৩৯০ |
| প্রসারণী | ৫৯ |
| প্রাচীনামলকী | ১১ |
| প্রাণহর | ৫২২ |
| প্রাভাতিকদুগ্ধ | ৩৬৬ |
| প্রিয়ঙ্গু | ১৮০ |
| প্রোষ্ঠী | ৪৯৫।৪৯৮ |
| প্লক্ষ | ২৪১ |

ফ

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| ফলসা | ২৮১ |
| ফাণিত | ৪০৭ |
| ফেণিকা | ৪৫৬ |
| ফোগ | ৩২৫ |

ব

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| বঁইচ | ২৮৩ |
| বক | ৪৯১ |
| বকুল | ২০৫ |
| বচা | ১৫০ |
| বট | ২৩৭ |
| বটপত্রী | ৯০ |
| বটাদিবর্গ | ২৩৭ |
| বদরী | ২৭৮ |
| বনজীরক | ১৪৮ |
| বনতিল | ৪২৬ |
| বন্দা | ১০৪ |
| বনমুদ্গ | ৪২০ |
| বনমেথী | ১৪৪ |
| বন্ধ্যাকর্কোটকী | ৯৩।৩১৯ |
| বন্ধুক | ২০৮ |
| বন্যকুলত্থ | ৪২৫ |
| বব্বুল | ২৫১ |
| বমনদোষ | ৫২৭ |
| বরকোদ্দাল | ৪৩০ |
| বরট্টিকা | ৪৩০ |
| বরুণ | ২৫৭ |
| বর্ত্তির | ৪৮৪ |
| বর্ব্বরী | ২১১ |
| বর্হি | ৪৯৭ |
| বর্ষাচর্য্যা | ৫২৯ |
| বলা | ৬১ |
| বলামোটা | ১১৫ |
| বংশ | ১২৯ |
| বংশপত্রী | ১৮৩ |
| বংশলোচন | ১৫৫ |
| বংশেক্ষু | ৪০৪ |
| বসন্তচর্য্যা | ৫৩২ |
| বসন্তাদিকালেদধি | ৩৭৩ |
| বস্নুক | ২০৫ |
| বস্তিকর্ম্ম | ৫২৮ |

| বিষয় | পৃষ্ঠা | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|---|
| বস্তিজ … | ৩৩১ | বিলেপী … | ৪৩৯ |
| বাকুচী … | ৭৯ | বিষতিন্দুক … | ২৮২ |
| বাতপ্রমী … | ৪৮০ | বিষদোড়ী … | ৩২০ |
| বাতাদ … | ২৮৯ | বিষাদিহতমাংস … | ৫০৩ |
| বানর … | ৪৮২ | বিষ্ণুক্রান্তা … | ৯৪ |
| বাপ্যজল … | ৩৪৯ | বিষ্যন্দ … | ৪৫৫ |
| বাবুই … | ১০৭ | বীজক … | ২৫১ |
| বামী … | ১১৪ | বীজপূর … | ২৯৪ |
| বায় স্বেদন … | ৫২২ | বীরতরু … | ১০৩ |
| বারুণী … | ৩৯০ | বৃদ্ধদারক … | ৮৬ |
| বারাহী … | ৭৩।৩৪০ | বৃদ্ধবালাদিমাংস … | ৫০১ |
| বার্ত্তিক … | ৪৮৬ | বৃদ্ধি … | ২৯ |
| বালক … | ১৭৭ | বৃন্তাকী … | ৩১৭ |
| বালুক … | ৩১৪ | বৃষ্টি … | ৫২২ |
| বালুকা … | ২৩৫ | বৃশ্চিকালী … | ৫৫ |
| বাসক … | ১১ | বৃহত্তালীশ … | ১১৫ |
| বাসন্তী … | ২০২ | বৃহতী … | ২১ |
| বাস্তুক … | ৩২১ | বেগুন … | ৩১৭ |
| বিচ্ছিন্ন … | ১০৭ | বেণুযব … | ৪৩১ |
| বিড় … | ১৫৭ | বেতস … | ২৮৫ |
| বিড়ঙ্গ … | ১৫২ | বেতোশাক … | ৩২১ |
| বিড়াল … | ৪৮২ | বেল্লন্তর … | ১০৩ |
| বিদারী … | ৭১ | বেসবার … | ৪৬৬ |
| বিন্দুচিত্রক … | ৪৮০ | বৈদল … | ৪১১ |
| বিভীতক … | ১০ | বৈদূর্য্য … | ২৫১ |
| বিম্বী … | ৩১৮ | বোল … | ১২৮ |
| বিরেচন … | ৫২৭ | ব্যঞ্জন … | ৫১৯ |
| বিল্ব … | ১৪ | ব্যাঘ্র … | ৪৭৫ |

| বিষয় | | পৃষ্ঠা | বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|---|---|---|
| ব্যাঘ্রনখ | ... | ১৯১ | মঞ্জিষ্ঠা | ... | ৭৫ |
| ব্যায়াম | ... | ৫১৩ | মটরশাক | ... | ৩৩২ |
| ব্রহ্মসুবর্চ্চলা | ... | ৯৯ | মণ্ড | ... | ৪৩৯ |
| ব্রাহ্মী | ... | ৭৮ | মণ্ডক | ... | ৪৪৮ |
| | | | মণ্ডূক | ... | ৫০০ |
| **ভ** | | | মণ্ডূকপর্ণী | ... | ২৮ |
| ভকুট | ... | ৪৯৭ | মণ্ডূর | ... | ২১৮ |
| ভক্ত | ... | ৪৩৭ | মৎস্য | ... | ৪৯৫ |
| ভঙ্গা | ... | ১২৩ | মৎস্যণ্ডী | ... | ৪০৫ |
| ভদ্রমুস্ত | ... | ১২৮ | মৎস্যাণ্ড | ... | ৪৯৮ |
| ভল্লাতক | ... | ৯৭ | মৎস্যাক্ষী | ... | ১০০ |
| ভল্লাতকতৈল | ... | ৩৮৫ | মদন | ... | ৪৯ |
| ভল্লূক | ... | ৪৭৪ | মদগুর | ... | ৪৯৭ |
| ভারদ্বাজ | ... | ৪৯৩ | মন্থ | ... | ৩৮৮ |
| ভার্গী | ... | ৬৯ | মন্থক্রিয়া | ... | ৩৯৬ |
| ভাস | ... | ৪৮৯ | মধু | ... | ৪০৮ |
| ভূছত্র | ... | ৩০২ | মধুকর্কটিকা | ... | ২৯৫ |
| ভূম্যামলকী | ... | ১১ | মধুররস | ... | ৫২৫ |
| ভূর্জ্জপত্র | ... | ২৫৩ | মধুরাম্লতক্র | ... | ৩৭৫ |
| ভৃঙ্গরাজ | ... | ৮০ | মধুশর্করা | ... | ৪০৫ |
| ভোজনানন্তরোপবেশনাদি | | ৫১০ | মধুশিগ্রু | ... | ৩৩৫ |
| ভৌমজল | ... | ৩৪৯ | মধুশীর্ষক | ... | ৪৫৩ |
| ভ্রামর | ... | ৪১০ | মধূক | ... | ২৮৪ |
| **ম** | | | মধূককর্ণিত | ... | ৪০৭ |
| মকর | ... | ৪৯৯ | মধূচ্ছিষ্ট | ... | ৪১২ |
| মকুষ্ঠ | ... | ৪২৩ | মধূলক | ... | ৩৯২ |
| মকুষ্ঠযূষ | ... | ৪৪২ | মধ্বালু | ... | ৩৪৩ |
| মঙ্গলাচরণ | ... | ১ | মনঃশিলা | ... | ২২১ |

| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| মন্থ | ... | ৪৬০ |
| ময়ূর | ... | ৪৮৭ |
| ময়ূরশিখা | ... | ৩৮৭ |
| মরকত | ... | ২৩২ |
| মরিচ | ... | ১৩৬ |
| মরু | ... | ২১০ |
| মরুজল | ... | ৩৫৫ |
| মর্দ্দন | ... | ৫১৪ |
| মল্লিকা | ... | ১৯৯ |
| মসূর | ... | ৪২৫ |
| মহাকরঞ্জ | ... | ২৬৫ |
| মহাকোষাতকী | ... | ৩১৬ |
| মহাচুঞ্চু | ... | ৯৭ |
| মহাজালনিকা | ... | ৮২ |
| মহাদূষক | ... | ৪১৪ |
| মহানিম্ব | ... | ৪৬ |
| মহাপঞ্চমূল | ... | ১৯ |
| মহাপারেবত | ... | ২৯২ |
| মহাবলা | ... | ৬১ |
| মহামুণ্ডী | ... | ৩৪ |
| মহামেদা | ... | ২৫ |
| মহাশতাবরী | ... | ৬০ |
| মহাশালী | ... | ৪১৪ |
| মহাশিরা | ... | ৪৯৫ |
| মহিষ | ... | ৩৩৯।৪৭৩ |
| মহিষমস্তক | ... | ৪১৪ |
| মহিষীদুগ্ধ | ... | ৩৬৩ |
| মাচিকা | ... | ৭২ |

| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| মাণকন্দ | ... | ৩৪২ |
| মাণিক্য | ... | ২৩১ |
| মাধব | ... | ৪২০ |
| মাধবী | ... | ২০৩ |
| মাধূকতৈল | ... | ৩৮৫ |
| মার্জ্জারী | ... | ১৬৫ |
| মার্দ্বীকমদ্য | ... | ৩৮৯ |
| মারিষ | ... | ৩২৪ |
| মাষপর্ণী | ... | ২৯ |
| মাষ | ... | ৪২১ |
| মাষবটক | ... | ৪৫৭ |
| মাষভক্ষ্য | ... | ৪৫০ |
| মাংসরস | ... | ৪৬৭ |
| মাংসরোহিণী | ... | ১১৭ |
| মাহিষ দধি | ... | ৩৭০ |
| মাক্ষিক | ... | ৪১০ |
| মিশ্রবর্গ | ... | ৫০৭ |
| মিশ্রেয়া | ... | ১৪৩ |
| মিষ্টতুম্বী | ... | ৩১১ |
| মুকুন্দক | ... | ৪১৫ |
| মুক্তাস্ফোট | ... | ২৩৩ |
| মুখ প্রক্ষালন | ... | ৫১১ |
| মুচুকুন্দ | ... | ২০৬ |
| মুঞ্জ | ... | ১২৮ |
| মুণ্ডিনী | ... | ৪৭৯ |
| মুণ্ডী | ... | ৩৩ |
| মুদ্গ | ... | ৪২০ |
| মুদ্গপর্ণী | ... | ৩৪১ |

| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| মুদ্গামলক যূষ | ... | ৪৪১ |
| মুরা | ... | ১৮৫ |
| মুষলী | ... | ৯১।৩৪১ |
| মুষ্কক | ... | ২৬০ |
| মুস্ত | ... | ৭০ |
| মূর্ব্বা | ... | ৭৫ |
| মূলক | ... | ৩৩৪ |
| মূষক | ... | ৪৮৩ |
| মৃণাল | ... | ১৯৮ |
| মৃদু পূপক | | ৪৫৪ |
| মেথী | ... | ১৪৪ |
| মেদক | ... | ৩৯০ |
| মেদঃপুচ্ছ | ... | ৪৭৭ |
| মেদা | ... | ২৫ |
| মেধা | ... | ৪৮১ |
| মেষ | ... | ৪৭৭ |
| মেষ দুগ্ধ | .. | ৩৬৩ |
| মেষশৃঙ্গী | ... | ৫৫ |
| মোচরস | ... | ১০৭ |
| মোরটা | ... | ৩৬৭ |
| মোদক | ... | ৪৫৬ |
| মোহন ভোগ | ... | ৪৫৫ |
| মৌক্তিক | ... | ২৩০ |
| **য** | | |
| যব | ... | ৪১৯ |
| যবক্ষার | ... | ১৫৯ |
| যবতিক্তাতৈল | ... | ৩৮৬ |
| যবনাল | ... | ৪৩২ |
| যবসুরা | ... | ৩৯১ |
| যবাগূ | ... | ৪৩৮ |
| যবানী | ... | ১৩০।১৪৮ |
| যবাসশর্করা | ... | ৪০৬ |
| যবাস | ... | ৫২ |
| যমানী | ... | ১৪৮ |
| যশদ | ... | ২১৭ |
| যষ্টি | ... | ৫১৯ |
| যষ্টিমধু | ... | ২৮ |
| যাবনী | ... | ১৩০ |
| যূথিকা | ... | ২০০ |
| **র** | | |
| রক্তচন্দন | ... | ১৬৬ |
| রক্ত পুনর্নবা | ... | ৫৬ |
| রক্তমোক্ষণ | ... | ৫২৮ |
| রক্তশালী | ... | ৪১৪ |
| রক্তাপামার্গ | ... | ৩৫ |
| রক্তালু | ... | ৩৪৩ |
| রক্তৈরণ্ড | ... | ৩০ |
| রক্তোৎপল | ... | ১৯৫ |
| রঙ্গ | ... | ২১৬ |
| রসালা | ... | ৪৪৬ |
| রসালেক্ষু | ... | ৪০২ |
| রসোন | ... | ৩৩৭ |
| রসাঞ্জন | ... | ২২৬ |
| রাজকোষাতকী | ... | ৩১৬ |
| রাজখাণ্ডব | ... | ৪৪৫ |


থ

| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| রাজনিম্বূ | ... | ২৯৮ |
| রাজমাষ | ... | ৪২২ |
| রাজমুদ্গ | ... | ৪২০ |
| রাজাম্র | ... | ৩০২ |
| রাজিকা | ... | ৪২৯ |
| রাঁদুনীশাক | ... | ৩৩১ |
| রাস্না | ... | ৫৭ |
| রাল | ... | ১৮৪ |
| রুরু | ... | ৪৮০ |
| রূপ্য | ... | ২১৪ |
| রেণুকা | ... | ১৭৯ |
| রোহিতক | ... | ১০৬ |
| রোধ্র | ... | ৪১৪ |
| রোপশালি | ... | ৪১৭ |
| রোহিত | ... | ৪৯৫ |
| রোহিষ | ... | ৬৮ |
| রোমকলবণ | ... | ১৫৮ |
| **ল** | | |
| লকুচ | ... | ২৮৬ |
| লঘুপঞ্চমূল | ... | ২৩ |
| লঘুশঙ্খ | ... | ১৩৪ |
| লঙ্ঘন | ... | ৫২৩ |
| লজ্জালু | ... | ৯০ |
| লতাকরঞ্জ | ... | ১৬৫ |
| লতাকস্তুরিকা | ... | ১৬৪ |
| লম্পাকা | ... | ৪৫৫ |
| লবঙ্গ | ... | ১৭০ |
| লবণরস | ... | ৫২৬ |
| লবলী | ... | ৩০৬ |
| লশুন | ... | ৩৩৬ |
| লক্ষ্মণা | ... | ১১৬ |
| লাজমণ্ড | ... | ৪৩৯ |
| লাজা | ... | ৪৬১ |
| লাব | ... | ৪৮৫ |
| লামজ্জক | ... | ১৮২ |
| লাক্ষা | ... | ১৯১ |
| লোধ্র | ... | ৮৫ |
| লোণী | ... | ৩২৮ |
| লোহিতেক্ষু | ... | ৪০২।৪০৩ |
| লৌহ | ... | ২১৮ |
| **শ** | | |
| শকুনাহৃত | ... | ৪১৪ |
| শঙ্খ | ... | ২৩৪ |
| শঙ্খপুষ্পী | ... | ৯৪ |
| শঙ্খালু | ... | ৩৪৩ |
| শটী | ... | ১৮৬ |
| শণ | ... | ৪৩৫ |
| শণপুষ্পী | ... | ৮১ |
| শতপুষ্পা | ... | ১৪১ |
| শতপোর | ... | ৪০৪ |
| শতাবরী | ... | ৫৯ |
| শমী | ... | ২৬৬ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| শরচ্চর্য্যা | ৫৩০ |
| শয্যা | ৫২০ |
| শরপুঙ্খা | ১১৪ |
| শরভ | ৪৮১ |
| শল্লকী | ২৫৮ |
| শণ | ৪৮১ |
| শষ্কুল | ৪৯৭ |
| শাক | ২৪৮ |
| শাখোট | ৩৫৬ |
| শাণ্ডাকী | ৪৫৭ |
| শার্কর | ৩৯৩ |
| শার্দ্দূল | ৪৭৫ |
| শাল | ২৪৯ |
| শালপর্ণী | ২০ |
| শালিভক্ষ্য | ৪৫০ |
| শালিভেদ | ৪১৩ |
| শালূক | ২৯৮ |
| শাল্মলী | ২৬১ |
| শিগ্রু | ৩৩৫ |
| শিম | ৩২১ |
| শিম্বী | ৩২১ |
| শিম্বীধান্য | ৪১৯ |
| শিরীষ | ২৪৪ |
| শিলাজতু | ২২৭।২৪৪ |
| শিংশপা | ২৬৭ |
| শিংশপাতৈল | ৩৮৪ |
| শিশুমার | ৪৯৯ |
| শীতচর্য্যা | ৫২৯ |
| শীতভীরু | ৪১৪ |
| শীর্ণবৃন্ত | ৩১৪ |
| শুক | ৪৮৮ |
| শুক্ত | ৩৯৭ |
| শুক্লজীরক | ১৩৫ |
| শুণ্ঠ্যাদিবর্গ | ১৩৪ |
| শুণ্ঠী | ১৩৪ |
| শূকর | ৪৭৬ |
| শূকরকন্দ | ৩৪০ |
| শূরণ | ৩৩৮ |
| শূল্যমাংস | ৪৬২ |
| শৃগাল | ৪৮৩ |
| শৃঙ্গাট | ৩৪২ |
| শৃঙ্গী | ৪৯৭ |
| শৃতক্ষীরদধি | ৩৭২ |
| শৈলেয় | ১৮১ |
| শ্যামাক | ৪৩০ |
| শ্যেন | ৪৯৩ |
| শ্যোণাক | ১৮ |
| শ্রীবাস | ১৭৭ |
| শ্লেষ্মান্তক | ২৪৬ |
| শ্বেতকমল | ১৯৫ |
| শ্বেতচন্দন | ১৬৫ |
| শ্বেতত্রিবৃৎ | ৩৮ |
| শ্বেতবার্ত্তাকু | ৩১৭ |

ষ

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| ষষ্টিক | ৪১৫ |

স


| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| সক্তু | ... | ৪৫৯ |
| সগুড় দধি | ... | ৩৭২ |
| সজিনা | ... | ৩৩৬ |
| সট্টক | ... | ৪৪৮ |
| সতীন | ... | ৪২৪ |
| সদাড়িম মাংস | ... | ৪৬৮ |
| সম্ভোহত মাংস | ... | ৫০২ |
| সন্তানিকা | ... | ৩৬৭ |
| সন্তর্পণ | ... | ২৬৩ |
| সফর | ... | ৪৯৫ |
| সমুদ্রফেন | ... | ২২৯ |
| সমুদ্রজ মৎস্য | ... | ৪৯৬ |
| সম্বর | ... | ৪৭৯ |
| সংযাব | ... | ৪৫২।৪৫৪ |
| সরল | ... | ৬৫।১৭৬ |
| সরস মাংস | ... | ৪৬২ |
| সরোজ মৎস্য | ... | ৪৯৬ |
| সর্জ্জ | ... | ২৫৬ |
| সর্প | ... | ৫০০ |
| সর্প | + | ৫০১ |
| সর্ব্বক্ষার | ... | ১৬১ |
| সর্ষপ | ... | ৪[illegible] |
| সুলেমানী | ... | ২৭৬ |
| সশর্কর দধি | ... | ৩৭২ |
| সুষুনী শাক | ... | ৩৩০ |
| সহস্রদংষ্ট্র | ... | ৪৯৫ |
| সাতলা | ... | ৫১ |

| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| সান্দ্রমন্থ | ... | ৩৯৪ |
| সামুদ্রক | ... | ৯৫৭ |
| সারস | ... | ৩৫১ |
| সারস পক্ষী | ... | ৪৯১ |
| সারান্ন | ... | ৪৮৮ |
| সারিকা | ... | ৪৮৮ |
| সার্ষপ | ... | ৩৩১ |
| সার্ষপ তৈল | ... | ৩৮৩ |
| সিতবার | ... | ৩৩১ |
| সিতোপলা | ... | ৪০৫ |
| সিন্দূর | ... | ২২৫ |
| সিন্দূরী | ... | ১০৯ |
| সিংহ | ... | ৪৭৫ |
| সিহ্লক | ... | ১৬৮ |
| সীধু | ... | ৩৯৩ |
| সীস | ... | ২১৮ |
| সুগন্ধক | ... | ৪১৪ |
| সুগন্ধিক | ... | ৪১৪ |
| সুদর্শনা | ... | ১১৫ |
| সুধাক্ষার | ... | ১৬১ |
| সুনিষণ্ণক | ... | ৩১৯ |
| সুবর্চ্চলা | ... | ৯৯ |
| সুবর্ণ | ... | ২১৩।২২১ |
| সুবর্ণকেতকী | ... | ২১৩ |
| সুরা | ... | ৩৮৯ |
| সুস্বিন্ন মাংস | ... | ৩৬৬ |
| সূপ | ... | ৪৪৩ |
| সূপ্যমূলকযূষ | ... | ৪৪২ |

| বিষয় | | পৃষ্ঠা | বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|---|---|---|
| সূর্য্যকান্ত | ... | ২৩১ | স্ফটিকা | ... | ২২৯ |
| সূক্ষ্মপত্র | ... | ৩১০ | স্যন্দা | ... | ১৩৯ |
| সূক্ষ্মৈলা | ... | ১৭২ | স্রোতোহঞ্জন | ... | ২২৬ |
| সেগুন | ... | ২৪৮ | স্বয়ংহৃত মাংস | ... | ৫০৩ |
| সেব | ... | ২৮৮ | সর্জ্জিকাক্ষার | ... | ১৫৯ |
| সেহুণ্ড | ... | ৪৪ | স্বর্ণগৈরিক | ... | ২২২ |
| সেহুণ্ড ভেদ | ... | ৫১ | স্বর্ণজাতী | ... | ১৯৯ |
| সৈন্ধব | ... | ১৫৫ | স্বর্ণযূথী | ... | ২০০ |
| সোমবল্লী | ... | ৮৮ | স্বানিষ্ক | ... | ৪৬৭ |
| সোহাগা | ... | ১৬০ | **হ** | | |
| সোহালিকা | ... | ৪৫৮ | হংস | ... | ৪৯০ |
| সৌবর্চ্চল | ... | ১৫৬ | হংসপাদী | ... | ৮৭ |
| সৌবীরক | | ৩৯৮ | হংসোদক | ... | ৩৫৩ |
| সৌবীরাঞ্জন | ... | ২২৬ | হরিচন্দন | ... | ১৬৬ |
| সৌরব | ... | ৪৬৭ | হরিণ | ... | ৪৭৮ |
| সৌরভ | ... | ৪৬৭ | হরিতাল | ... | ২২২ |
| সৌরেয়ক | ... | ১০৮ | হরীতকী | ... | ৪ |
| স্ত্রীপুং মাংস | ... | ৫০৪ | হরিদ্রা | ... | ৭৬ |
| স্থলজশালি | ... | ৪১৬ | হবুষা | ... | ৫ |
| স্থূলকন্দ | ... | ৩৪২ | হস্তিনীদধি | ... | ৩৭০ |
| স্থূলৈলা | ... | ১৭২ | হস্তিনীদুগ্ধ | ... | ৩৬৪ |
| স্থৌণেয়ক | ... | ১৮৪ | হস্তী | ... | ৪৯১ |
| স্নান | ... | ৫১৭ | হস্ত্যালু | ... | ৩৪৩ |
| স্নেহগণ্ডুষ | ... | ৫১২ | হাচুটী | ... | ১০৫ |
| স্নেহবর্গ | ... | ৩৮৭ | হাড়জোড়া | ... | ৩৬০ |
| স্নেহসেক | .. | ৫১৬ | হায়ন | ... | ৪১৪ |
| স্নেহাবগাহন | ... | ৫১৬ | হারিদ্রক | ... | ২৬৩ |
| স্পৃক্কা | ... | ১৮৭ | হিঙ্গু | .. | ১৫৪ |

| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| হিঙ্গুপত্রী | ... | ১৫৩ |
| হিঙ্গুল | ... | ২২৫ |
| হিজ্জল | ... | ২৪৫ |
| হিলিস | ... | ৪৯৭ |
| হীরক | ... | ১৩২ |
| হেমন্তচর্য্যা | ... | ৫৩১ |
| হেমাহ্বা | ... | ৫০ |
| হেলঞ্চ | ... | ১১৪ |
| হৈমজল | ... | ৩৫২ |
| হোলক | ... | ৪৬২ |
| হ্রদজমৎস্য | ... | ৪৯৬ |

ক্ষ

| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| ক্ষার | ... | ১৫৮ |
| ক্ষিপ্রা | ... | ৪৪৪ |
| ক্ষারকাকোলী | ... | ২৫ |
| ক্ষীরিবৃক্ষ | ... | ২৪১ |
| ক্ষীরী | ... | ২৮০ |
| ক্ষৌর্ণী | ... | ২৮০ |
| ক্ষুদ্রতিন্তিড়ী | ... | ২৯৯ |
| ক্ষুদ্রমৎস্য | ... | ৪৯৮ |
| ক্ষৈরেয়ী | ... | ৪৪৫ |
| ক্ষৌদ্র | ... | ৪১০ |


সূচীপত্র সমাপ্ত।

# মদনপাল-নিঘণ্টুঃ।

## মঙ্গলাচরণম্।

বীজং শ্রুতীনাং সুধনং মুনীনাং
জীবং জড়ানাং মহদাদিকানাম্।
আগ্নেয়মস্ত্রং ভবপাতকানাং
কিঞ্চিন্মহঃ শ্যামলমাশ্রয়ামি ॥ ১ ॥

আয়ুর্ব্বেদ-বিশারদ নরপতি মদনপাল, স্বনাম-প্রসিদ্ধ "মদনপাল"-নামক এই দ্রব্যগুণাভিধান গ্রন্থের রচনা ও নির্ব্বিঘ্নে পরিসমাপ্তিকামনায় সর্ব্ববিঘ্ন-বিধ্বংসন ভগবান্ শ্রীকৃষ্ণের চরণ-স্মরণরূপ মঙ্গলাচরণ করিতেছেন। যথা—শ্রুতি অর্থাৎ ঋক্, যজুঃ, সাম ও অথর্ব্ব এই বেদচতুষ্টয়ের বীজ অর্থাৎ কারণ ওঁকারস্বরূপ, নারদ ও সনৎকুমারাদি মুনিগণের সুধন অর্থাৎ পরমার্থস্বরূপ, মহত্তত্ব ও অহঙ্কারাদি জড় পদার্থ-সমূহের অথবা তৎসমষ্টিভূত জীবের জীবনস্বরূপ, ব্রহ্মহত্যাদি সাংসারিক পাতক-সমূহের আগ্নেয় অস্ত্রস্বরূপ, সেই অপূর্ব্ব শ্যামল (নবজলধর-শ্যামতনু শ্রীকৃষ্ণস্বরূপ) জ্যোতিকে (জ্যোতির্ম্ময় পরমব্রহ্মকে) আশ্রয় করিতেছি ॥ ১ ॥

লুব্ধা কপোলমধুবারি মধুব্রতালী
কুম্ভস্থলীমধুবিভূষণলোহিতাঙ্গী।
মাণিক্যমৌলিরিব রাজতি যস্য মৌলৌ
বিঘ্নং স ধূনয়তু বিঘ্নপতিঃ সদা নঃ॥ ২॥

বিঘ্নবাহুল্যভয়ে গণপতিস্মরণরূপ পুনর্ব্বার মঙ্গলাচরণ করিতেছেন—যথা, মধুমক্ষিকাসমূহ যাঁহার গণ্ডস্থলস্থিত মধু (মদ) জলে লোভাভিভূত ও কুম্ভস্থলস্থিত মধুবর্ণবিভূষণে বিলোহিতাঙ্গ হইয়া, যাঁহার মস্তকপ্রদেশে মাণিক্যখচিত মুকুটের ন্যায় শোভা পায়, সেই অদ্ভুত শক্তিসম্পন্ন ভগবান্ বিঘ্নপতি (গণেশ) আমাদের সর্ব্ববিঘ্ন দূর করুন॥ ২॥

যো ধ্বান্তসন্ততিগভীরপয়োধিমধ্যাৎ
নিষ্কাসয়ত্যশরণং ভুবনং নিমজ্জৎ।
দত্ত্বা জগত্রয়হিতঃ স্বকরাবলম্বং
বাঞ্ছাং স নো দিনকরঃ সফলীকরোতু॥ ৩॥

"আরোগ্যং ভাস্করাদিচ্ছেৎ" এই বচনানুসারে আরোগ্য-কামনায় শ্রীভাস্করদেবের স্মরণরূপ পুনর্মঙ্গলাচরণ করিতেছেন,—জগত্রয়হিতকর যে দিনকর, নিজ কিরণরূপ হস্তাবলম্ব প্রদানপূর্ব্বক নিবিড়ান্ধকার রাশিস্বরূপ অগাধ সমুদ্রমধ্যে নিমগ্নপ্রায় ও নিরাশ্রয় ভুবনকে (জীবগণকে) উদ্ধার করেন, তিনি আমাদিগের বাঞ্ছা পূরণ করুন। তাঁহার কৃপায় যেন সুস্থদেহে গ্রন্থসমাপ্ত করিতে পারি॥ ৩॥

মিথ্যাশনাদিকৃতদোষচয়াদ্রিকোপ-
নদ্যম্বুবর্দ্ধিত উপদ্রবনক্রভীমে।

রোগাম্বুধৌ ভবজনস্য নিমজ্জতো যঃ
পোতঃ প্রযচ্ছতু শুভানি স কাশিরাজঃ ॥ ৪ ॥

যাঁহার নাম স্মরণে সর্ব্বব্যাধি নিবারণ হয়, সেই আয়ুর্ব্বেদাচার্য্য ভগবান্ ধন্বন্তরির স্মরণরূপ পুনর্ব্বার মঙ্গলাচরণ করিতেছেন,—যে কাশিরাজ ধন্বন্তরি কুপথ্য ভোজনাদিবশতঃ দোষসঙ্ঘাদ্রির প্রকোপ-নদী-জলে অতিবৃদ্ধি প্রাপ্ত, উপদ্রবস্বরূপ কুম্ভীর দ্বারা অতিভীষণ, ব্যাধিসমুদ্র মধ্যে নিমগ্নপ্রায় মানবগণের নিস্তারার্থ নৌকাস্বরূপ হইয়াছেন, তিনি আমাদিগের শুভ বিধান করুন ॥ ৪ ॥

কেচিৎ সন্তি নিঘণ্টবোঽতিলঘবঃ কেচিন্মহান্তঃ পরে
কেচিদ্দুর্গমনামকাঃ কতিপয়ে ভাবাঃ স্বভাবোচ্ছ্রিতাঃ।
তস্মান্নাতিলঘুর্ন চাতিবিপুলঃ খ্যাতাদিনামা সতাং
প্রীত্যৈ দ্রব্যগুণান্বিতোঽয়মধুনা গ্রন্থো ময়া বধ্যতে ॥ ৫ ॥

জগতে নিঘণ্টু অনেকগুলি আছে, তন্মধ্যে কতকগুলি অতি ক্ষুদ্র, কতকগুলি অতিবিস্তৃত, কতকগুলি অতি দুর্ব্বোধ পর্য্যায়বাচক শব্দবিশিষ্ট, কতকগুলির ভাব (অভিপ্রায়) স্বভাবতই অতিগূঢ় (অপ্রসিদ্ধশব্দপূর্ণ)। অতএব অনতিলঘু অথচ অনতিবৃহৎ, সুপ্রসিদ্ধনাম অর্থাৎ প্রসিদ্ধ প্রসিদ্ধ পর্য্যায়বাচক শব্দবিশিষ্ট দ্রব্য ও গুণযুক্ত এই গ্রন্থখানি পণ্ডিতগণের তৃপ্ত্যর্থ রচিত হইতেছে ॥ ৫ ॥

সর্ব্বং কায়েন সংসাধ্যং তস্যায়ুঃ স্থিতিকারণম্।
আয়ুর্ব্বেদোপদেশস্তু কস্য ন স্যাৎ ফলাবহঃ ॥ ৬ ॥

দেহ দ্বারা সর্ব্বকার্য্যই সাধিত হইয়া থাকে, ঐ শরীর স্থিতির (রক্ষার) প্রধান সাধন পরমায়ুঃ। অতএব সেই পরমায়ুর্ব্বর্দ্ধক শাস্ত্রের উপদেশ কাহার সম্বন্ধে ফলাবহ নহে? আয়ুর্ব্বেদ সকলেরই ফলপ্রদ ॥ ৬ ॥

তত্রাপি পূর্ব্বং জ্ঞাতব্যা দ্রব্যনামগুণাগুণাঃ।
অতস্ত এব বক্ষ্যন্তে তজ্জ্ঞানে হি ক্রিয়াক্রমঃ॥ ৭॥

আয়ুর্ব্বেদ জানিতে হইলে প্রথমতঃ দ্রব্যসমূহের নাম, গুণ ও দোষ জানা আবশ্যক। অতএব সম্প্রতি সেই দ্রব্যসমূহের নাম ও গুণাদি বর্ণিত হইবে। দ্রব্য ও গুণাদি জানিতে পারিলেই ক্রিয়াক্রম জানা যাইবে অর্থাৎ কোন্ দ্রব্যের কি গুণ তাহা জানিতে পারিলে অনায়াসে চিকিৎসাকার্য্যে অগ্রসর হইতে পারিবে॥ ৭॥

ইতি মঙ্গলাচরণ।

---

# অভয়াদিবর্গঃ।

## অথ হরীতকীনামগুণাঃ।

হরস্য ভবনে জাতা হরিতা চ স্বভাবতঃ।
হরেৎ তু সর্ব্বরোগাংশ্চ তেন প্রোক্তা হরীতকী॥

প্রথমতঃ হরীতকীর নাম ও গুণাদি বর্ণিত হইতেছে। হরীতকী হরের ভবনে অর্থাৎ হিমালয় ও কৈলাসাদি পর্ব্বতে প্রচুর পরিমাণে উৎপন্ন হয়, ইহার স্বাভাবিক বর্ণ হরিৎ অর্থাৎ সবুজ, ইহা সর্ব্বরোগ হরণ করে, সেই হেতু ইহাকে হরীতকী বলে।

জীবন্তী পূতনা পশ্চাদমৃতা বিজয়াভয়া।
রোহিণী চেতকী সপ্তভেদভিন্না হরীতকী॥

হরীতকী সাত প্রকার যথা,—জীবন্তী, পূতনা, অমৃতা, বিজয়া, অভয়া, রোহিণী ও চেতকী।

জীবন্তী জীবনোদ্‌যোগাৎ পাবনাৎ পূতনা স্মৃতা।
সুধাবদমৃতা জ্ঞেয়া বিজয়া বিজয়প্রদা॥
নৃণামভয়দা যস্মাদভয়া তৎ প্রকীর্ত্তিতা।
রোহিণী তু গুণারোহাচ্চেতনাচ্চেতকী মতা॥

জীবনের উদ্যোগ অর্থাৎ উপযোগিনী বলিয়া জীবন্তী, পবিত্রকারিণী (মলাদি নিঃসারণ দ্বারা সম্যক্ শোধনকারিণী) বলিয়া পূতনা, অমৃতের ন্যায় সুফলপ্রদায়িনী বলিয়া অমৃতা, বিজয়প্রদায়িনী বলিয়া বিজয়া, মানবগণের অভয়প্রদায়িনী বলিয়া অভয়া, গুণসমূহের উপচয়কারিণী বলিয়া রোহিণী এবং চৈতন্যপ্রদায়িনী বলিয়া চেতকী নামে হরীতকী কীর্ত্তিত হইয়াছে।

জীবন্তী স্বর্ণবর্ণাভা পূতনাস্থিমতী মতা।
অমৃতা ত্রিদলা প্রোক্তা বিজয়া তুম্বরূপিণী॥
পঞ্চাঙ্গী ত্বভয়া জ্ঞেয়ামৃতা বৃত্তা তু রোহিণী।
ত্র্যঙ্গী তু চেতকী জ্ঞেয়া কর্ম্ম তাসামথোচ্যতে॥

জীবন্তীনামক হরীতকীর বর্ণ স্বর্ণের ন্যায়, পূতনা নামক হরীতকী অস্থি-বিশিষ্টা (বীজমাত্রসার ত্বক্ অতিঅল্প), অমৃতা নামক হরীতকী ত্রিদলা অর্থাৎ তিনটী শিরাযুক্ত, বিজয়া নামক হরীতকী তুম্ব অর্থাৎ অলাবুর ন্যায় আকৃতি-বিশিষ্ট, অভয়া নামক হরীতকী পঞ্চাঙ্গী অর্থাৎ পাঁচটী শিরাযুক্ত, রোহিণী নামক হরীতকী বৃত্ত অর্থাৎ গোলাকৃতি এবং চেতকী নামক হরীতকী তিনটী অঙ্গবিশিষ্ট ত্রিকোণ বা ত্রিশিরাযুক্ত হইয়া থাকে।

সর্ব্বরোগেষু জীবন্তী প্রলেপে পূতনা হিতা।
শুদ্ধ্যর্থমমৃতা প্রোক্তা বিজয়া সর্ব্বরোগহৃৎ॥
অক্ষিরোগেঽভয়া শস্তা রোহিণী ব্রণরোহিণী।
চেতকী চূর্ণযোগে স্যাৎ সপ্তধৈবং প্রকীর্ত্তিতা॥

জীবন্তী হরীতকী সর্ব্বপ্রকার পীড়াতেই প্রযুক্ত হইয়া থাকে, পূতনা হরীতকী প্রলেপকার্য্যে ব্যবহৃত হয়, অমৃতা হরীতকী কোষ্ঠশুদ্ধির জন্য প্রযুক্ত হয়, বিজয়া হরীতকী সর্ব্বরোগ নষ্ট করে, অভয়া হরীতকী চক্ষুরোগে প্রশস্ত, রোহিণী হরীতকী ক্ষতপূরণকারিণী বলিয়া ব্রণরোগে প্রযুক্ত হয় এবং চেতকী হরীতকীর চূর্ণ ব্যবহৃত হইয়া থাকে। এইরূপ সপ্তবিধ কার্য্যে সপ্তপ্রকার হরীতকীর প্রয়োগ হইয়া থাকে।

নবা স্নিগ্ধা ঘনা বৃত্তা গুর্ব্বী ক্ষিপ্তা চ যাম্ভসি।
নিমজ্জেৎ সা প্রশস্তা স্যাদ্রোগঘ্নীতি গুণপ্রদা॥

যে হরীতকী নূতন, স্নিগ্ধ অর্থাৎ চিক্কণ, ঘন অর্থাৎ পুষ্কল, বৃত্ত অর্থাৎ সুগোলাকৃতি, গুর্ব্বী অর্থাৎ ভারবিশিষ্ট এবং যাহা জলে নিক্ষেপ করিলে নিমগ্ন হইয়া যায়, সেই হরীতকীই সর্ব্বরোগনাশক ও গুণযুক্ত, অতএব প্রশস্ত জানিবে।

শোণা চ্ছিন্না গুড়নিভা কিঞ্চিদম্লা কষায়ণী।
স্থূলত্বক্ সরসা স্বল্পবীজা গুর্ব্বী হরীতকী॥

যে হরীতকী রক্তবর্ণ, যাহা ছেদন করিলে অভ্যন্তরে গুড়ের ন্যায় আভা প্রকাশ পায়, যাহার আস্বাদন কিঞ্চিদম্লরসান্বিত কষায়রসবিশিষ্ট, যাহার ত্বক্ স্থূল, যাহা রসযুক্ত, যাহার বীজ অতিক্ষুদ্র, যাহা ভারবিশিষ্ট, সেই হরীতকীই শ্রেষ্ঠ।

চর্ব্বিতা বর্দ্ধয়ত্যগ্নিং পেষিতা মলশোধনী।
স্বিন্না সংগ্রাহিণী প্রোক্তা ভৃষ্টা পথ্যা ত্রিদোষনুৎ ॥

হরীতকী চিবাইয়া খাইলে অগ্নিবৃদ্ধি হয়, বাঁটিয়া খাইলে মলনিঃসরণ হয়, সিদ্ধ করিয়া খাইলে ধারকগুণযুক্ত হয়, ভাজিয়া খাইলে পথ্যবৎ উপকার এবং ত্রিদোষ নাশ করে।

গ্রীষ্মে তুল্যগুড়াং সুসৈন্ধবযুতাং মেঘাবনদ্ধেঽম্বরে
তুল্যাং শর্করয়া শরদ্যমলয়া শুণ্ঠ্যা তুষারাগমে।
পিপ্পল্যা শিশিরে বসন্তসময়ে ক্ষৌদ্রেণ সংযোজিতাং
রাজন্ প্রাপ্য হরীতকীমিব রুজো নশ্যন্তি তে শত্রবঃ ॥

গ্রীষ্ম ঋতুতে সমভাগ গুড়ের সহিত, আকাশ মেঘাবৃত থাকিলে অর্থাৎ বর্ষাকালে সৈন্ধবলবণের সহিত, শরৎকালে বিশুদ্ধ শর্করার সহিত, হেমন্তে শুণ্ঠীচূর্ণ সহ, শীতকালে পিপুলচূর্ণের সহিত, বসন্তকালে মধুর সহিত মিশ্রিত করিয়া হরীতকী সেবন করিলে সর্ব্বপ্রকার রোগ নষ্ট হইয়া থাকে।

শিবা হরীতকী পথ্যা চেতকী বিজয়া জয়া।
প্রপথ্যা প্রমথামোঘা কায়স্থা প্রাণদামৃতা ॥
জীবনীয়া হৈমবতী পূতনা পৃতনাভয়া।
বয়স্থা নন্দিনী জ্ঞেয়া শ্রেয়সী রোহিণী তথা ॥

পর্য্যায়। শিবা, হরীতকী, পথ্যা, চেতকী, বিজয়া, জয়া, প্রপথ্যা, প্রমথা, অমোঘা, কায়স্থা, প্রাণদা, অমৃতা, জীবনীয়া, হৈমবতী, পূতনা, পৃতনা,

অভয়া, বয়স্থা, নন্দিনী, শ্রেয়সী ও রোহিণী এই কয়টী হরীতকীর নাম (পর্য্যায়)॥ *

হরীতকী পঞ্চরসালবণা তুবরোৎকটা।
রুক্ষোষ্ণা দীপনী মেধ্যা স্বাদুপাকা রসায়নী॥
সরা বুদ্ধিপ্রদা বৃষ্যা চক্ষুষ্যা বৃংহণী লঘুঃ।
শ্বাসকাসপ্রমেহার্শঃকুষ্ঠশোফোদরান্ ক্রিমীন্॥
বৈস্বর্য্যগ্রহণীদোষবিবন্ধবিষমজ্বরান্।
গুল্মাধ্মানব্রণচ্ছর্দ্দিহিক্কাকণ্ডূহৃদাময়ান্।
কামলাং শূলমানাহং প্লীহানঞ্চাপকর্ষতি॥
মধুরাম্লতয়া বাতং কষায়স্বাদুভাবতঃ।
পিত্তং হন্তি কফং হন্তি কটুত্বেন হরীতকী॥

গুণাদি। হরীতকী মধুর, কষায়, তিক্ত, অম্ল ও কটু এই পাঁচপ্রকার রসবিশিষ্ট। ইহাতে লবণরস নাই। বিশেষতঃ ইহা অতিকষায়রসবিশিষ্ট,

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীভাষায় হরড়, হর্র, হড়; দাক্ষিণাত্য হিন্দীতে কল্‌রা; মহারাষ্ট্রী ভাষায় হর্ত্তকী, বালহরড়ী; গুজরাটী ভাষায় হরড়ে, হিমজ; কর্ণাটী ভাষায় অণিলেয় প্রশসে; তৈলঙ্গী ভাষায় করকচেট্টু; উৎকল ভাষায় হরিড়া, করেড়া; তামিল ভাষায় কড়কৈ ও আসামী ভাষায় শিলিখা, ফারসী ভাষায় হলৈলেকলাংজীরেজবী অস্‌ফর, হলৈলে জর্দ্দ, আরবীভাষায় এহলীলজ, কাবলী, অহলীজ অস্‌ফর, অহলীজ অসবদ। ইহার ইংরাজী নাম Myrobalan মাইরোবেলান্। ব্ল্যাক মাইরোবেলান্, Black Myronalan.লাটীন্ ভাষায় নাম টার্‌মিনেলিয়া কেবুলা Terminalia chebula.

রুক্ষ, উষ্ণবীর্য্য, অগ্নিবর্দ্ধক, মেধাজনক, পরিপাকে স্বাদুরসবিশিষ্ট এবং রসায়নগুণযুক্ত। হরীতকী সারক, বুদ্ধিপ্রদ, শুক্রজনক, দৃষ্টিশক্তিবর্দ্ধক, বলকর ও লঘুপাক এই গুলি হরীতকীর গুণ।

ইহা শ্বাস, কাস, প্রমেহ, অর্শঃ, কুষ্ঠ, শোথ, উদর, ক্রিমি, স্বরভঙ্গ, গ্রহণীদোষ, কোষ্ঠবদ্ধতা, বিষমজ্বর, গুল্ম, উদরাধ্মান, ব্রণ, বমন, হিক্কা, কণ্ডূ, হৃদ্রোগ, কামলা, শূল, আনাহ (মলমূত্ররোধক মুদো) ও প্লীহরোগ নষ্ট করে। বিশেষতঃ ইহা মধুর ও অম্লরসযুক্ত বলিয়া বায়ু নাশ করে, কষায় ও স্বাদুরস-যুক্ত বলিয়া পিত্তনাশ করে এবং কটুরসবিশিষ্ট বলিয়া কফ নাশ করে।

---

## ধাত্রীনামগুণাঃ।

ধাত্রীফলামৃতফলামলকং শ্রীফলং শিবম্।
তদ্বদ্ধাত্রীফলং বৃষ্যং বিশেষাদ্রক্তপিত্তজিৎ॥
অম্লত্বাৎ পবনং হন্তি পিত্তং মাধুর্য্যশৈত্যতঃ।
কফং রুক্ষকষায়ত্বাৎ তস্মাৎ কিমধিকং ফলম্॥

অতঃপর ধাত্রীর নাম ও গুণ কথিত হইতেছে,—ধাত্রীফল, অমৃতফল, আমলক, শ্রীফল ও শিব এই পাঁচটী আমলকীর পর্য্যায়।

---

দেশভেদে নামভেদ।—ইহার হিন্দী নাম অণোরা, আমলা; মহা-রাষ্ট্রীয় নাম আম্বলে, কর্ণাটী নাম নেল্লি ও উৎকলদেশীয় নাম অণ্ড। গুজরাটী নাম আম্বলা, তৈলঙ্গী নাম উসরকায়, আসামী ভাষায় আমলকু, ফারসী ভাষায় আম্লজং; আরবী ভাষায় অমলজ্। ডাক্তারী নাম Emblica Officinalis এম্বিলিকা অফিসিনেলিস্। ল্যাটিন ভাষায় ফিলেন্থস এম্ব্লিকা Phylanthus Amblica.

গুণ। আমলকী হরীতকীর ন্যায় গুণবিশিষ্ট, বিশেষতঃ ইহা রক্তপিত্ত-নাশক ও বৃষ্য। আমলকী অম্লরস বলিয়া বায়ুনাশক, মধুর ও শীতল বলিয়া পিত্তনাশক, রুক্ষ ও কষায়রস বলিয়া কফনাশক। ইহা বায়ু, পিত্ত ও কফ দমন পূর্ব্বক স্বাস্থ্যসাধনে সমর্থ। এতদপেক্ষা আমলকীর অধিক ফল আর কি হইতে পারে?

---

## বিভীতকনামগুণাঃ।

বিভীতকঃ কর্ষফলো ভূতাবাসঃ কলিদ্রুমঃ।
বাসন্তোঽক্ষো বৃদ্ধ (বিন্ধ্য) জাতঃ সংবর্ত্তস্তিলপুষ্পকঃ ॥
বিভীতকঃ স্বাদুপাকঃ কষায়ঃ কফপিত্তনুৎ।
উষ্ণবীর্য্যো হিমস্পর্শো ভেদনঃ কাসনাশনঃ * ॥
রুক্ষো নেত্রহিতঃ কেশ্যো মজ্জা তু মদকারকঃ ॥

পর্য্যায়। বিভীতক, কর্ষফল, ভূতাবাস, কলিদ্রুম, বাসন্ত, অক্ষ, বৃদ্ধজাত (বিন্ধ্যজাত), সংবর্ত্ত ও তিলপুষ্পক এই নয়টী বিভীতক অর্থাৎ বহেড়ার নাম (পর্য্যায়)। †

---

* শ্বাসকাসনুৎ ইতি পাঠান্তরম্।

† দেশভেদে নামভেদ।—ইহার হিন্দী নাম বহেড়ে, তিনাস, ভৈরা ও বহেড়া। মহারাষ্ট্রীয় নাম বহেড়া ধাটীংগবৃক্ষ। কর্ণাটী নাম তোড়ে। তৈলঙ্গী নাম বল্লা তাড়েচেট্টু। তামিল নাম তনি, তণ্ডি ও তোঅণ্ডি। গুজরাটী নাম বেড়াং। ফারসীতে বলেংলে, আরবীতে বলেলজ। ইংরাজী নাম Beleric Myrobalan বেলেরিক মাইরোবেলান্। লাটিন ভাষায় টারমিনেলিয়া বেলিরিকা Terminalia Belirica.

গুণ। বিভীতক কষায়, পরিপাকাবস্থায় স্বাদুরস, কফ ও পিত্তনাশক, উষ্ণবীর্য্য, শীতলস্পর্শ, ভেদক, কাসনাশক ( পাঠান্তরে শ্বাসকাস নাশক ), রূক্ষ, নেত্রহিতকর ও কেশবর্দ্ধক। ইহার মজ্জা অর্থাৎ বীজের শাঁস মাদক।

---

## ত্রিফলায়াঃ পরিমাণং নামগুণাশ্চ।

হরীতক্যাস্ত্রয়ো ভাগাঃ শিবা দ্বাদশভাগিকা।
ষড়্ভাগাঃ স্যুর্বিভীতস্য ত্রিফলেয়ং প্রকীর্ত্তিতা॥
ত্রিফলৈতত্ত্রয়েণ স্যাদ্বরা শ্রেষ্ঠা ফলোত্তমা॥
ত্রিফলা কুষ্ঠমেহার্শঃকফপিত্তবিনাশিনী।
চক্ষুষ্যা রোপণী হৃদ্যা বয়সঃ স্থাপনী সরা॥

হরীতকী ৩ ভাগ, আমলকী ১২ ভাগ ও বহেড়া ছয় ভাগ এই তিনটী দ্রব্য মিশ্রিত হইলে তাহাকে ত্রিফলা বলে।

পর্য্যায়। ত্রিফলা, বরা, শ্রেষ্ঠা ও ফলোত্তমা এই কয়টী ত্রিফলার পর্য্যায়।

গুণ। ইহা দ্বারা কুষ্ঠ, মেহ, অর্শঃ, কফ, পিত্ত, প্রভৃতি নষ্ট হয়। ইহা চক্ষুর হিতকর, ক্ষতের পূরক, তৃপ্তিজনক, বয়ঃস্থাপক ও সারক।

---

## ভূম্যামলকীনামগুণাঃ।

ভূধাত্রী বহুপত্রা স্যাজ্জটা তামলকী শিবা।
ভূধাত্রী বাতকৃৎ তিক্তা কষায়া মধুরা হিমা।
পিপাসাকাসপিত্তাস্রকৃমিপাণ্ডুক্ষতাপহা॥

পর্য্যায়। ভূধাত্রী, বহুপত্রা, জটা, তামলকী ও শিবা এই পাঁচটী ভূম্যামলকীর (ভূঁই আমলার) নাম।

গুণ। ভূম্যামলকী বায়ুজনক, তিক্তকষায়মধুররস ও শীতল। ইহা দ্বারা পিপাসা, কাস, রক্তপিত্ত, কৃমি, পাণ্ডু ও ক্ষত রোগ নষ্ট হয়।

---

## প্রাচীনামলকীনামগুণাঃ।

প্রাচীনামলকং প্রাচী নাগরং রক্তকং মতম্।
তৎ পক্কং পিত্তকফকৃদুষ্ণং গুরু সমীরজিৎ॥

পর্য্যায়। প্রাচীনামলকী, প্রাচী, নাগর ও রক্তক এই কয়টী পানি আমলার নাম। †

গুণ। ইহার পক্কফল পিত্ত ও কফজনক, উষ্ণবীর্য্য, গুরুপাক ও বায়ুনাশক।

---

## বাসকনামগুণাঃ। (বাসক)

অটরূষোঽভিষঙ্মাতা বাসা সিংহমুখী বৃষঃ।
সিংহপর্ণী বাসকশ্চ সিংহিকাহপ্যাটরূষকঃ॥

---

দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে ভদ্রআম্বলা, ভোমি আম্বরা, মহারাষ্ট্রে ভূয়আংবলী, গুজরাটে ভোং আংবলী, কর্ণাটে আরূনেল্লি ও তৈলঙ্গে নেলাউবুসিরীকে বলে। ল্যাটীনে Phyllanthusniruri.

† দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে পানী আমলা, মহারাষ্ট্রে পাণ আম্বলে, গুজরাটে পাণি আম্বলা, ইংরাজীতে Flacontia Cutaphracta.

কা বাতকৃৎ স্বর্য্যঃ কফপিত্তাস্রনাশনঃ।
শ্বাসকাসজ্বরচ্ছর্দ্দিমেহকুষ্ঠক্ষয়াপহঃ ॥

পর্য্যায়। অটরূষ, ভিষঙ্মাতা, বাসা, সিংহমুখী, বৃষ, সিংহপর্ণী, বাসক, সিংহিকা ও আটরূষক এই গুলি বাসকের নাম।

গুণ। বাসক—বায়ুজনক, স্বরশুদ্ধিকর এবং কফ, রক্তপিত্ত, শ্বাস, কাস, জ্বর, ছর্দ্দি ( বমন ), মেহ, কুষ্ঠ ও ক্ষয় রোগনাশক।

---

## গুড়ূচীনামগুণাঃ। ( গুলঞ্চ )

গুড়ূচী কুণ্ডলী ছিন্না বয়স্থামৃতবল্লরী।
ছিন্নোদ্ভবা ছিন্নরুহামৃতা জ্বরবিনাশিনী ॥
বৎসাদনী চন্দ্রহাসা জীবন্তী চক্রলক্ষণা।
গুড়ূচী কটুকা লঘ্বী স্বাদুপাকা রসায়নী ॥
সংগ্রাহিণী কষায়োষ্ণা বল্যা তিক্তাগ্নিদীপনী।
কামলাকুষ্ঠবাতাস্রজ্বরপিত্তকৃমীন্ জয়েৎ ॥
ঘৃতেন বাতং সগুড়া বিবন্ধং পিত্তং সিতাঢ্যা মধুনা কফঞ্চ।
বাতাস্রমুগ্রং রুবুতৈলমিশ্রা শুণ্ঠ্যামবাতং শময়েদ্ গুড়ূচী ॥

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে বাসা, অড়ুসা, বিসোংটা; মহারাষ্ট্রে অরূষা, অড়ূলসা; কর্ণাটে আড়সোগে; তৈলঙ্গে আড়াসারং, আড়াপাক; তামিলে অধড়োড়ে; গুজরাটে অরডুশো ও আসামী ভাষায় বাহকতিতা বলে। ইহার ডাক্তারী নাম Adhatoda Vasaca, আধাটোডা বাসক।

পর্য্যায়। গুড়ূচী, কুণ্ডলী, ছিন্না, বয়স্থা, অমৃতবল্লরী, ছিন্নোদ্ভবা, ছিন্নরুহা, অমৃতা, জ্বরবিনাশিনী, বৎসাদনী, চন্দ্রহাসা, জীবন্তী ও চক্রলক্ষণা এই কয়টী গুড়ূচীর (গুলঞ্চের) নাম। *

গুণ। গুড়ূচী—কটুতিক্ত, কষায়রস, লঘুপাক, পাকে স্বাদু, রসায়ন-গুণযুক্ত, ধারক, উষ্ণবীর্য্য, বলকর ও অগ্নিদীপক। ইহা সেবনে কামলা, কুষ্ঠ, বাতরক্ত, জ্বর, পিত্তদোষজনিত বিকৃতি ও কৃমিরোগ নষ্ট হয়।

অধিকন্তু গুড়ূচী ঘৃতের সহিত সেবনে বায়ু, গুড়ের সহিত সেবনে বিবন্ধ, চিনির সহিত সেবনে পিত্ত, মধুর সহিত সেবনে কফ, এরণ্ডতৈলের সহিত সেবনে প্রবল বাতরক্ত ও শুণ্ঠীচূর্ণ সহিত সেবনে আমবাতরোগ নষ্ট করে।

---

## বিল্বনামগুণাঃ। (বেল)

বিল্বঃ শলাটুঃ শৈলূষো মালূরশ্চ সদাফলঃ।
লক্ষ্মীফলো গন্ধগর্ভঃ শাণ্ডিল্যঃ কণ্টকী মতঃ।
বিল্বং গ্রাহি কষায়োষ্ণং কটু দীপনপাচনম্।

দেশভেদে নামভেদ।—গুলঞ্চের নাম হিন্দুস্থানে গুড়চ, গিলোয়, ঘড়ঙ্ক; মহারাষ্ট্রে গুলবেলি; কর্ণাটে অনরদবল্লি; তৈলঙ্গে তিপ্পতিগা, তিয়াতিঙ্গ, গোধুচি; কান্যকুব্জে গুরুঞ্চী; গুজরাটে গলো; তামিলে সিন্দী, লকোদী; বোম্বায়ে গিরুলী; পঞ্জাবে গলাহ্ন, ফারসী গিলাই, আসামী ভাষায় সগুনীলতা, আরবী ভাষায় গিলোই কহে। ল্যাটিন ভাষায় Combuscordifolia. ডাক্তারী নাম Tinaspora Cordifolia টাইনস্পোরা কর্ডিফোলিয়া।

হৃদ্যং, বালং লঘু স্নিগ্ধং তিক্তং বাতকফাপহম্ ॥
বৃষ্যং গুরু ত্রিদোষং স্যাদ্দুর্জরং পূতিমারুতম্।
বিদাহি বিষ্টম্ভকরং মধুরং বহ্নিমান্দ্যকৃৎ ॥
গ্রহণীকফবাতামশূলঘ্নী বিল্বপেষিকা ॥

পর্য্যায়। বিল্ব, শলাটু, শৈলূষ, মালূর, সদাফল, লক্ষ্মীফল, গন্ধগর্ভ, শাণ্ডিল্য ও কণ্টকী এই কয়টী বিল্বের নাম। *

গুণ। বিল্ব (বেল)—গ্রাহী (মলবদ্ধতাকারক), কষায়কটুরস, উষ্ণবীর্য্য, অগ্নিদীপক, পাচক ও রুচিকর।

কচি বেল—লঘুপাক, স্নিগ্ধ, তিক্তরস। ইহা বায়ু ও কফনাশক। পাকা বেল—শুক্রবর্দ্ধক, গুরুপাক, ত্রিদোষজনক, দুর্জ্জর (বিলম্বে পরিপাক হয়), দুর্গন্ধবায়ুজনক, বিদাহজনক, বিষ্টম্ভকর, মধুর ও অগ্নিমান্দ্য কারক।

বিল্বপেষিকা (বেলশুঁঠ)—গ্রহণী, কফ, বাত, আমদোষ ও শূলরোগ নাশ করে।

---

## অগ্নিমন্থনামগুণাঃ। (গনিয়ারী)

অগ্নিমন্থো মথঃ কেতুররণির্বৈজয়ন্তিকা।
অগ্নিমন্থঃ শ্বয়থুহৃদ্ বীর্য্যোষ্ণঃ কফবাতনুৎ ॥

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে বেল, মহারাষ্ট্রে ও বোম্বায়ে বেলফল, বিল; গুজরাটে বিলোবিলু; কর্ণাটে বেললু; তৈলঙ্গে মারেডীপন্দু-বিল্ব ও তামিলে বিল্বপাঝাম, আসামী ভাষায় বেল বলে। ইহার ডাক্তারী নাম Araglc Marmelos আরগল মারমেলস।

পর্য্যায়। অগ্নিমন্থ, মথ, কেতু, অরণি ও বৈজয়ন্তিকা এই। কয়টী অগ্নিমন্থের (গণিয়ারির) নাম।

গুণ। ইহা উষ্ণবীর্য্য এবং শোথ কফ ও বায়ুরোগ নাশক।

---

## পাটলানামগুণাঃ। (পারুল)

পাটলা কামদূতী স্যাৎ কুম্ভিকা কালবৃন্তিকা।
স্থাল্যমোঘা মধোদূর্তী তাম্রপুষ্প্যম্বুবাসিনী ॥
অন্যা ফলেরুহা শ্বেতা কুম্ভিকা কৃষ্ণপাটলা।
পাটলারুচিশোথার্শঃশ্বাসতৃট্ছর্দ্দিনাশিনী ॥
অত্যুষ্ণং তুবরং স্বাদু তৎপুষ্পং কফরক্তনুৎ।
পিত্তাতিসারদাহঘ্নং ফলং হিক্কাস্রপিত্তনুৎ ॥

পর্য্যায়। পাটলা, কামদূতী, কুম্ভিকা, কালবৃন্তিকা, স্থালী, অমোঘা, মধুদূতী, তাম্রপুষ্পী ও অম্বুবাসিনী এই কয়টী পাটলার (পারুলের) নাম। ফলেরুহা, শ্বেতা, কুম্ভিকা ও কৃষ্ণপাটলা (মতান্তরে কাষ্ঠপাটলা) এই গুলি কৃষ্ণপাটলার নাম। †

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে অরণি, অগেথু, গণিআরি, উৎকলে অগিবণ, তৈলঙ্গে নেলীচেট্টু। মহারাষ্ট্রী ভাষায় থোর-ত্রৈরণ, লঘুত্রৈরণ, টাহাংকলী, নরবেল্য। আসামী ভাষায় গমারী, গুজরাটী ভাষায় :অরুণী, ত্রৈরণ। ইহার ডাক্তারী নাম prumna Scratifolia. প্রেম্না সেরাটিফোলিয়া। ল্যাটীন নাম Clorodrudron phlomodes.

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে পদ, পাডরি, পাটল সফেদ পাডর, কঠপাডর, মহারাষ্ট্রে রক্ত পাড়ল, কর্ণাটে হাদরি, বিলীয়

গুণ। পাটলা—অতি উষ্ণবীর্য্য, কষায়মধুররস। ইহা অরুচি, শোথ, অর্শঃ, শ্বাস, তৃষ্ণা ও বমন নাশ করে।

পারুলের ফুল—কফ, রক্তদোষ, পিত্ত, অতিসার ও দাহ নাশ করে। পারুল ফল—হিক্কা ও রক্তপিত্ত নাশক।

---

## কাশ্মরীনামগুণাঃ। ( গাম্ভার )

কাশ্মরী সর্ব্বতোভদ্রা শ্রীপর্ণী কৃষ্ণবৃন্তিকা।
গম্ভারী কাশ্মরী হীরা কাশ্মর্য্যা ভদ্রপর্ণিকা॥
কাশ্মরী জ্বরশূলঘ্নী বীর্য্যোষ্ণা মধুরা গুরুঃ।
তৎপুষ্পং বাতলং গ্রাহি পিত্তাস্রকৃপ্রদরাপহম্॥
ফলং রসায়নং কেশ্যং বৃংহণং শুক্রলং গুরু।
বাতপিত্তক্ষয়তৃষ্ণারক্তশূলবিবন্ধনুৎ॥

পর্য্যায়। কাশ্মরী, সর্ব্বতোভদ্রা, শ্রীপর্ণী, কৃষ্ণবৃন্তিকা, গম্ভারী, কাশ্মরী, হীরা, কাশ্মর্য্যা ও ভদ্রপর্ণিকা এই কয়েকটী গাম্ভারীর নাম। *

গুণ। কাশ্মরী—উষ্ণবীর্য্য, মধুর, গুরুপাক। ইহা জ্বর ও শূলনাশক। ইহার পুষ্প—বাতবর্দ্ধক, ধারক, রক্তপিত্ত ও প্রদরনাশক। ইহার ফল—

---

হাদগী, তৈলঙ্গে কলগোরু বা কলিগোট্টুচেট্টু, গুজরাটে রাতাফুলনা পাডল, শ্বেত পাডর, কাংকব, উৎকলে পাটুড়ি, তামিলে পড়্রি ও আসামে পারলি বলে। ল্যাটিন ভাষায়—Vignonia suaviolens. ইহার ডাক্তারী নাম Streospermum Suaveolens ষ্টিরিও স্প্যারমম্-সোয়াভিওলেনস্।

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীভাষায় কুম্ভের, স্বম্ভারী, মহারাষ্ট্রে শীবণগম্ভারী, কর্ণাটে সীবনী, তৈলঙ্গে সাল্লাগুম্মুটীচেট্টু, গুজরাটী ভাষায় শবণ্য, ল্যাটিন ভাষায় Gmelina arboria. বলে।

রসায়ন, কেশবর্দ্ধক, পুষ্টিকারক, শুক্রপ্রদ, গুরু, বাতপিত্ত, ক্ষয়, তৃষ্ণা, রক্তদোষ, শূল ও বিবন্ধনাশক।

---

## শ্যোনাকনামগুণাঃ।

শ্যোনাকঃ পৃথুশিম্বঃ স্যাৎ শুকনাসঃ কুটন্নটঃ ॥
ভূতবৃক্ষশ্চ কট্বঙ্গষ্টুণ্টুকঃ শল্লকোঽরলুঃ।
ময়ূরজঙ্ঘো ভল্লূকঃ প্রিয়জীবঃ কটম্ভরঃ ॥
শ্যোনাকো দীপনঃ পাকে কটুস্তুবরকো হিমঃ।
গ্রাহী তিক্তোঽনিলশ্লেষ্মপিত্তকাসবিনাশনঃ ॥
টুণ্টুকস্য ফলং বালং রূক্ষং বাতকফাপহম্।
হৃদ্যং কষায়মধুরং লঘু রোচনদীপনম্ ॥

পর্য্যায়। শ্যোনাক, পৃথুশিম্ব, শুকনাস, কুটন্নট, ভূতবৃক্ষ, কট্বঙ্গ, টুণ্টুক, শল্লক, অরলু, ময়ূরজঙ্ঘ, ভল্লূক, প্রিয়জীব ও কটম্ভর এই কয়েকটী শ্যোনাকের নাম।

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে সোনাপাঠা, অলু, মহারাষ্ট্রে টেণ্টূ, উৎকলে ফণফণা, পঞ্জাবে মুলিন্, নেপালে করুমকন্দ ও তামিলে পন। গুজরাটী ভাষায় অরডুশো, সরমটা, কর্ণাটে শোনা, শোডিলমর, তৈলিঙ্গী ভাষায় পেহমোনু; ইহার ডাক্তারী নাম Bignoni Indica, বিগ্নোনিয়া ইণ্ডিকা। ল্যাটিন্ ঔরক্ সিলং ডিকম্ ( Orociylumindicum. )

গুণ। শ্যোনাক—অগ্নিদীপক, পরিপাকে কটু, কষায়তিক্তরস, শীতবীর্য্য, ধারক, বায়ু কফ পিত্ত ও কাসনাশক।

ইহার কচি ফল—রূক্ষ, হৃদ্য, কষায়মধুররস, লঘু, রুচিকর ও অগ্নিবর্দ্ধক। ইহা বায়ু ও কফনাশক।

---

## মহাপঞ্চমূল নামগুণাঃ।

বিল্বাদিভিঃ পঞ্চভিরেভিরেতৎ স্যাৎ পঞ্চমূলং মহদগ্নিকারি।
লঘূষ্ণতিক্তং রসতঃ কষায়ং মেদঃকফশ্বাসসমীরহারি॥

পর্য্যায়। বিল্ব, গণিয়ারি, পারুল, গাম্ভার ও শ্যোনাক এই পাঁচটী মহৎ পঞ্চমূল।

গুণ। মহৎ পঞ্চমূল—অগ্নিবর্দ্ধক, লঘুপাক, উষ্ণবীর্য্য, তিক্ত কষায়রস এবং মেদ, কফ, শ্বাস ও বায়ুনাশক।

---

## গোক্ষুরনামগুণাঃ।

ত্রিকণ্টকঃ কণ্টফলো গোক্ষুরঃ স্বাদুকণ্টকঃ।
গোকণ্টকো ভক্ষ্যটকস্ত্রিকণ্টো ব্যালদংষ্ট্রকঃ॥
শ্বদংষ্ট্রা স্থূলশৃঙ্গাটঃ ষড়ঙ্গঃ ক্ষুরকস্ত্রিকঃ॥
গোক্ষুরঃ শীতলঃ স্বাদুর্বলকৃদ্বস্তিশোধনঃ।
প্রমেহশ্বাসকাসাশ্মকৃচ্ছ্রহৃদ্রোগবাতজিৎ॥

পর্য্যায়। ত্রিকণ্টক, কটফল, গোক্ষুর, স্বাদুকণ্টক, গোকণ্টক, ভক্ষ্যটক, ত্রিকণ্ট, ব্যালদংষ্ট্রক, শ্বদংষ্ট্রা, স্থূলশৃঙ্গাট, ষড়ঙ্গ, ক্ষুরক ও ত্রিক এই কয়টী গোক্ষুরের নাম।

গুণ। গোক্ষুর—শীতবীর্য্য, স্বাদু, বলকর, বস্তিশোধক। ইহা প্রমেহ, শ্বাস, কাস, অশ্মরী, মূত্রকৃচ্ছ্র, হৃদ্রোগ ও বায়ুনাশক।

---

## শালপর্ণীনামগুণাঃ। (শালপানি)

শালপর্ণী ধ্রুবা সৌম্যা ত্রিপর্ণী পীতনী স্থিরা।
বিদারীগন্ধাতিগুহা দীর্ঘমূলাংশুমত্যপি ॥
শালপর্ণী গুরুশ্ছর্দ্দিজ্বরশ্বাসাতিসারনুৎ।
শোষদোষত্রয়হরা বৃংহণ্যুষ্ণা রসায়নী ॥

পর্য্যায়। শালপর্ণী, ধ্রুবা, সৌম্যা, ত্রিপর্ণী, পীতনী, স্থিরা, বিদারীগন্ধা, অতিগুহা, দীর্ঘমূলা ও অংশুমতী এই কয়টী শালপানির নাম। †

---

দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দিতে গোখুরু, ছোটে গোখরু, মহারাষ্ট্রে সরাটে, লহান গোখরু, গুজরাটে গোখরু উভবেঠো, বেজাতনো, কর্ণাটে বেডিতীসরানি দোড্ডনেগ্গিলু, তৈলঙ্গে পালেরু, আরবীতে বজরুলখসক, বকলতলখার খসক, উৎকলে গোখুরা ও বেড়িগীসরাটী বলে। ডাক্তারী নাম Tygophylleæ Tribulus terestris. টাইগোফিলি ট্রিবুলস্ টেরিসট্রীস্।

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে সরিবণ, মহারাষ্ট্রে সালবণ বা ভূঁইশেবগা, উৎকলে শারপাণি, গুজরাটে শালিপণা, কর্ণাটে মুরুলুবোনে, তৈলিঙ্গী ভাষায় শীয়াকুপনা, সপ্পাকুপোনা। ইহার ডাক্তারী নাম Desmodium gangaticum. ডেসমোডিয়ম্ গ্যান্জেটিকম্।

গুণ। শালপানি—গুরুপাক, অত্যুষ্ণবীর্য্য ও রসায়ন গুণবিশিষ্ট। ইহা বমন, জ্বর, শ্বাস, অতিসার, শোষ ও ত্রিদোষনাশক।

---

## পৃশ্নিপর্ণী নামগুণাঃ। ( চাকুলে )

পৃশ্নিপর্ণী ক্রোষ্টুপুচ্ছী ধাবনী কলশী গুহা।
শৃগালবিন্নাঙ্ঘ্রিবলা পৃথক্‌পর্ণী চ পর্ণিকা॥
পৃষ্ঠপর্ণী লঘুর্বৃষ্যা মধুরোষ্ণা বিনাশয়েৎ।
রক্তাতিসারদাহতৃট্-দোষত্রয়বমিজ্বরান্॥

পর্য্যায়। পৃশ্নিপর্ণী, ক্রোষ্টুপুচ্ছী, ধাবনী, কলশী, গুহা, শৃগালবিন্না, অঙ্ঘ্রিবলা, পৃথক্‌পর্ণী ও পর্ণিকা এই কয়টী পৃষ্ঠপর্ণীর ( চাকুলের ) নাম। *

গুণ। চাকুলে—লঘুপাক, বৃষ্য, মধুর, উষ্ণবীর্য্য। ইহা রক্তাতিসার, দাহ, তৃষ্ণা, দোষত্রয়, বমি ও জ্বরনাশক॥

## বৃহতীনামগুণাঃ।

বৃহতী স্থূলভণ্টাকী বিষদা চ মহোটিকা।
বৃন্তাকী মহতী সিংহী কণ্টকী রাষ্ট্রিকা কুলী॥

---

* দেশভেদে নামভেদ।—ইহার হিন্দীনাম পীঠবন ও পিঠৌনী, ডাবড়া, দৌলা, মহারাষ্ট্রে সেবরা, পীঠবণ; কর্ণাটে নরিয়লবোনে, ভোরেমোড; তৈলঙ্গে কোলাকুপোন্না ও উৎকলে ক্রষ্টপর্ণি। গুজরাটে পৃষ্টিপর্ণী। ডাক্তারী নাম Hemionitis Cordifolia. হেমিওনাইটিস কর্ডিফোলিয়া।

বৃহতী গ্রাহিণী হৃদ্যা পাচনী কফবাতজিৎ।
উষ্ণা কুষ্ঠজ্বরশ্বাস-শূলকাসাগ্নিমান্দ্যজিৎ॥

পর্য্যায়। বৃহতী, স্থূলভণ্টাকী, বিষদা, মহোটিকা, বৃন্তাকী, মহতী, সিংহী, কণ্টকী, রাষ্ট্রিকা ও কুলী এই কয়টী বৃহতীর পর্য্যায়।

গুণ। বৃহতী—গ্রাহিণী অর্থাৎ মলবদ্ধতাকারক, হৃদ্য (রুচিকর), পাচক, উষ্ণবীর্য্য। ইহা কুষ্ঠ, জ্বর, শ্বাস, শূল, কাস, কফ, বায়ু ও অগ্নিমান্দ্য-নাশক।

---

## শ্বেতকণ্টকারী নামগুণাঃ।

কণ্টালিকা কণ্টকিনী কণ্টকারী নিদিগ্ধিকা।
দুঃস্পর্শা ধাবনী ক্ষুদ্রা স্যাদ্ব্যাঘ্রী দুষ্প্রধর্ষিণী॥
সিতা ক্ষুদ্রা চন্দ্রহাসা লক্ষ্মণা স্বেদদূষিকা †।
কণ্টকারী সরা তিক্তা কটুকা দীপনী লঘুঃ।
রূক্ষোষ্ণা পাচনী কাসশ্বাসজ্বরকফানিলান্।
নিহন্তি পীনসং পার্শ্বপীড়াকৃচ্ছ্রহৃদাময়ান্॥
তদ্বৎ প্রোক্তা সিতা ক্ষুদ্রা বিশেষাদ্‌গর্ভকারিণী॥

---

দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে বইণ্টা; বোম্বায়ে ভোরলী-বিঙ্গনী; তৈলঙ্গে কুকনাটী; কর্ণাটে হেগল্লু; গুজরাটে উভীভেরিঙ্গণী; তামিলে চেরুচুণ্ট বলে। ইহার ডাক্তারী নাম Solanum Indicum. সোলানম্ ইণ্ডিকম্।

† ক্ষেত্রদূতিকেতি বা পাঠঃ।

পর্য্যায়। কণ্টালিকা, কণ্টকিনী, কণ্টকারী, নিদিগ্ধিকা, দুঃস্পর্শা, ধাবনী, ক্ষুদ্রা, ব্যাঘ্রী, দুষ্প্রধর্ষিণী, এই গুলি কণ্টকারী এবং সিতা, ক্ষুদ্রা, চন্দ্রহাসা, লক্ষ্মণা ও শ্বেদদূষিকা, (মতান্তরে ক্ষেত্রদূতিকা) এই গুলি শ্বেত-কণ্টকারীর নাম।

গুণ। কণ্টকারী—সারক, তিক্ত কটুরস, অগ্নিদীপক, লঘুপাক, রুক্ষ, উষ্ণবীর্য্য, পাচক, এবং কাস, শ্বাস, জ্বর, কফ, বায়ু, পীনস, পার্শ্বপীড়া, মূত্রকৃচ্ছ্র ও হৃদ্রোগ নাশক।

শ্বেতকণ্টকারীর গুণও ঐরূপ, বিশেষতঃ, উহা গর্ভকারক।

---

## লঘুপঞ্চমূলনামগুণাঃ।

হ্রস্বাখ্যং পঞ্চমূলং স্যাৎ পঞ্চভির্গোক্ষুরাদিভিঃ।
বল্যং পিত্তানিলহরং নাত্যুষ্ণং স্বাদু বৃংহণম্॥

শালপর্ণী, পৃশ্নিপর্ণী, বৃহতী, কণ্টকারী ও গোক্ষুর এই পাঁচটীকে লঘুপঞ্চ মূল বলে। ইহা বলকর, নাত্যুষ্ণ, স্বাদুপাক ও বৃংহণ এবং পিত্ত ও বায়ুনাশক।

---

দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে কণ্টেলি, লঘু বাটাই, রিঙ্গনী, ভটকটৈয়া, তৈলঙ্গে ব্রাকুড়িচেট্টু, রেবটীমূলঙ্গা, উৎকলে কণ্টমারিষ, মহারাষ্ট্রে রিঙ্গণী, ভূর্দ্দরিঙ্গণী, ললুরিঙ্গণী, গুজরাটে বেঠীভোরিঙ্গণী, কর্ণাটে, নেল্লগুল্ল্। ইহার ডাক্তারী নাম Solanum Janthocarpum. সোলানম্ জ্যান্থোকারপম।

## দশমূলনামগুণাঃ।

এতাভ্যাং পঞ্চমূলাভ্যাং দশমূলমুদাহৃতম্।
দোষত্রয়শ্বাসকাসশিরঃপীড়াপতন্ত্রকান্॥
তন্দ্রাস্বেদজ্বরানাহারুচিপার্শ্বরুজো।

মহৎপঞ্চমূল অর্থাৎ বিল্ব, শ্যোনাক, গাম্ভারী, পাটলা ও গণিকারিকা এই পাঁচটী এবং লঘুপঞ্চমূল অর্থাৎ শালপাণী, চাকুলে, কণ্টকারী, বৃহতী ও গোক্ষুর এই পাঁচটী মিলিত এই দশটীকে দশমূল কহে।

গুণ। দশমূল—ত্রিদোষ, কাস, শ্বাস, শিরঃপীড়া, অপতন্ত্রক (বাতব্যাধি বিশেষ), তন্দ্রা, স্বেদ, জ্বর, আনাহ, অরুচি ও পার্শ্বপীড়া নষ্ট করে।

---

## ঋদ্ধি-বৃদ্ধিনামগুণাঃ।

ঋদ্ধিঃ সুখং যুগং লক্ষ্মীঃ সিদ্ধিঃ সর্ব্বজনপ্রিয়া।
ঋষিশ্রেষ্ঠা রথাঙ্গী স্যান্মঙ্গল্যা শ্রাবণী বসুঃ॥
যোগ্যং যুগ্যা তুষ্টিরাশীর্বৃদ্ধিরপ্যেতদাহ্বয়া।
ঋদ্ধির্বল্যা ত্রিদোষঘ্নী শুক্রলা মধুরা গুরুঃ॥
বৃদ্ধির্গর্ভপ্রদা শীতা বৃষ্যা কাসক্ষয়াস্রনুৎ॥

পর্য্যায়। ঋদ্ধি, সুখ, যুগ, লক্ষ্মী, সিদ্ধি, সর্ব্বজনপ্রিয়া, ঋষিশ্রেষ্ঠা, রথাঙ্গী, মঙ্গলা, শ্রাবণী, বসু, যোগ্য, যুগ্যা, তুষ্টি ও আশীঃ এইগুলি ঋদ্ধি ও বৃদ্ধি উভয়েরই পর্য্যায়।

গুণাদি। ঋদ্ধি—বলকর, শুক্রবর্দ্ধক, মধুর ও গুরু এবং ত্রিদোষনাশক। বৃদ্ধি—গর্ভপ্রদ, শীতবীর্য্য, বৃষ্য, কাস, ক্ষয় ও রক্তদোষনাশক।

## কাকোলী-ক্ষীরকাকোলীনামগুণাঃ।

কাকোলী মধুরা বীরা কায়স্থা ক্ষীরশুক্লিকা।
ধ্বাঙ্ক্ষোলী বায়সোলী স্যাৎ স্বাদুমাংসী পয়স্বিনী।
দ্বিতীয়া ক্ষীরকাকোলী স্বরাহ্বা ক্ষীরিণী মতা॥
(পীবরী সদৃশঃ কন্দঃ সক্ষীরঃ সসুগন্ধকঃ।
ক্ষীরকাকোলিকা খ্যাতঃ পিত্তদোষজ্বরাপহঃ॥)
কাকোলীযুগলং শীতং শুক্রলং মধুরং গুরু।
জয়েৎ সমীরদাহাস্রপিত্তশোষতৃষাজ্বরান্॥

পর্য্যায়। কাকোলী, মধুরা, বীরা, কায়স্থা, ক্ষীরশুক্লিকা, ধ্বাঙ্ক্ষোলী, বায়সোলী, স্বাদুমাংসী, পয়স্বিনী এই কয়টী কাকোলীর নাম।

ক্ষীরকাকোলী, স্বরাহ্বা ও ক্ষীরিণী এইকয়টী ক্ষীরকাকোলীর নাম। (ক্ষীরকাকোলীর কন্দ, পীবরীর (শতমূলীর) ন্যায় ইহা আঠাযুক্ত এবং সুগন্ধ বিশিষ্ট।)

গুণ—কাকোলী ও ক্ষীরকাকোলী উভয়েই শীতবীর্য্য, মধুর, গুরুপাক এবং বায়ু, দাহ, রক্তদোষ, পিত্ত, শোষ, তৃষ্ণা ও জ্বরনাশক। (বিশেষতঃ ক্ষীরকাকোলী পিত্তদোষ ও জ্বরনাশক)।

---

## মেদা-মহামেদানামগুণাঃ।

মেদা জ্ঞেয়া শালিপর্ণী বৃষ্যা মেদোভবাধ্বরা।
মহামেদা বসুচ্ছিদ্রা ত্রিদন্তী দেবতামণিঃ॥

---

* ইহাকে হিন্দুস্থানে ও মহারাষ্ট্রে দুধকাউলি, কর্ণাটে হসুগত্তিবত্তিগে বলিয়া থাকে।

মেদাযুগং গুরু স্বাদু বৃষ্যং স্তন্যং কফাপহম্।
বৃংহণং শীতলং রক্তপিত্তক্ষয়সমীরনুৎ॥

পর্য্যায়। মেদা, শালিপর্ণী, বৃষ্যা, মেদোভবা ও অধ্বরা এই কয়টী মেদার নাম। মহামেদা, বসুচ্ছিদ্রা, ত্রিদন্তী ও দেবতামণি এই কয়টী মহামেদার নাম।

গুণ। মেদা ও মহামেদা উভয়ই গুরুপাক, স্বাদু, বৃষ্য, স্তনদুগ্ধবর্দ্ধক, বৃংহণ, শীতবীর্য্য, রক্তদোষ, পিত্তদোষ, কফ, ক্ষয় ও বায়ুরোগ নাশ করে।

গুণাঃ।

জীবকো মধুরঃ শৃঙ্গী হ্রস্বাঙ্গঃ কূর্চ্চশীর্ষকঃ।
ঋষভো বীর ইন্দ্রাক্ষো বিষাণী দুর্দ্ধরো বৃষঃ॥
জীবকর্ষভকৌ বল্যৌ শীতৌ শুক্রকফপ্রদৌ।
হরতঃ পিত্তদাহাস্রকাসবাতক্ষয়াময়ান্॥

পর্য্যায়। জীবক, মধুর, শৃঙ্গী, হ্রস্বাঙ্গ ও কূর্চ্চশীর্ষক এই কয়টী জীবকের নাম। ঋষভ, বীর, ইন্দ্রাক্ষ, বিষাণী, দুর্দ্ধর ও বৃষ এই কয়টী ঋষভকের নাম। †

গুণ। জীবক ও ঋষভক উভয়ই বলকর, শীতবীর্য্য, শুক্র ও কফপ্রদ, পিত্ত, দাহ, রক্তদোষ, কাস, বায়ু ও ক্ষয়রোগ নাশক।

* দেশভেদে নামভেদ। মেদাকে গৌড়ে লনুমেদা, তৈলঙ্গে জ্যোতিষ্মতীচেট্টু ও শঙ্খপুষ্পীচেট্টু বলে। মহামেদাকে তৈলঙ্গে মহামেদযনেচেট্টু বলে।

† ইহাকে হিন্দুস্থানে জীবক এবং তৈলঙ্গে বেগিস পচেট্টু বলে।

## অষ্টবর্গনামগুণাঃ।

অষ্টবর্গোঽষ্টভির্দ্রব্যৈরেতৈঃ শীতোঽতিশুক্রলঃ।
বৃংহণঃ পিত্তদাহাস্রশোষঘ্নঃ স্তন্যগর্ভকৃৎ॥

পর্য্যায়। ঋদ্ধি, বৃদ্ধি, কাকোলী, ক্ষীরকাকোলী, মেদা, মহামেদা, জীবক ঋষভক এই আটটী দ্রব্যকে অষ্টবর্গ বলে।

গুণ। অষ্টবর্গ—শীতবীর্য্য, অত্যন্ত শুক্রবর্দ্ধক, বৃংহণ, স্তন্যবর্দ্ধক ও গর্ভপ্রদ। ইহা পিত্ত, দাহ, রক্তদোষ ও শোষরোগ নাশক।

---

## জীবন্তীনামগুণাঃ।

জীবন্তী জীবনী জীবা জীবনীয়া যশস্করী।
শাকশ্রেষ্ঠা জীবভদ্রা মাঙ্গল্যা জীববর্দ্ধনী॥
জীবন্তী শীতলা স্বাদুঃ স্নিগ্ধা দোষত্রয়াপহা।
রসায়নী বলকরী চক্ষুষ্যা গ্রাহিণী লঘুঃ॥

পর্য্যায়। জীবন্তী, জীবনী, জীবা, জীবনীয়া, যশস্করী, শাকশ্রেষ্ঠা, জীবভদ্রা, মাঙ্গল্যা ও জীববর্দ্ধনী এই কয়টী জীবন্তীর নাম। *

গুণ—জীবন্তী শীতবীর্য্য, স্বাদু, স্নিগ্ধ, রসায়ন, বলকর, চক্ষুর জ্যোতি বর্দ্ধক, মলসংগ্রাহক ও লঘু। ইহা ত্রিদোষনাশক।

* দেশভেদে নামভেদ।—ছোট ও বড়ভেদে জীবন্তী দুই প্রকার। ইহাকে মহারাষ্ট্র ও কর্ণাটে হিরিয়াহলি, লাহানিহরিণবেলি ও কিরিয়হালে. গুজরাটে রাডারুডী চালংটী বলে। ডাক্তারী নাম Celtis orientallis. কেলটিস্ ওরিএণ্টালিস।

## মধুযষ্টীনামগুণাঃ। ( যষ্টিমধু )

মধুযষ্টী ক্লীতনকং যষ্টীমধু মধূলিকা।
যষ্ট্যাহ্বং মধুকং যষ্টিমধুকং জলজা মধু।
মধুযষ্টী গুরুঃ শীতা বল্যা তৃট্ছর্দ্দিপিত্তজিৎ॥

পর্য্যায়। মধুযষ্টী, ক্লীতনক, যষ্টীমধু, মধূলিকা, যষ্ট্যাহ্ব, মধুক, যষ্টিমধুক, জলজা ও মধু এই কয়টী যষ্টিমধুর পর্য্যায়।

গুণ—যষ্টিমধু গুরু, শীতবীর্য্য ও বলকারক। ইহা তৃষ্ণা, বমন ও পিত্ত-রোগনাশক॥

---

## মাষপর্ণী-মুদ্গপর্ণীনামগুণাঃ।

মাষপর্ণী কৃষ্ণবৃন্তা কাম্বোজী হয়পুচ্ছিকা।
মাংসমাষা সিংহমুখী স্বাদুমাষা মহাসহা॥
মুদ্গপর্ণী ক্ষুদ্রসহা সূর্য্য ( শূর্প ) পর্ণী কুরঙ্গিণী।
বনজা রিঙ্গিণী শিম্বী সিংহী মার্জারগন্ধিকা॥
মাষপর্ণী হিমা তিক্তা রূক্ষা শুক্রবলাসকৃৎ।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে মুলহটী, মোঠীলকরী, মুলৈঠিক্রা ও জেঠীমধু, মহারাষ্ট্রে জেষ্ঠীমধু, মূলৈটী, গুজরাটে জেঠীমধনো-মূল, জেঠীমধনোশীরো, কর্ণাটে যষ্টিমধু, বল্লিযষ্টিমধু, আসামে যষ্টিমধু, তৈলঙ্গে যষ্টিমধুকমু, ফারসীতে বেখমেহেকুমমু, আরবী ভাষায় অসলুস্ সুসমুকসুসররব্যুসুস্ বলে। ইহার ডাক্তারী নাম Glycyrrhiza glabra. গ্লাইসিরিজা গ্লেব্রা। ইংরাজী Liquorice root.

মধুরা গ্রাহিণী শোষবাতপিত্তজ্বরাস্রনুৎ।
তদ্বদুক্তবেন্মুদ্গপর্ণী তৃট্‌দোষার্শোহরা লঘুঃ॥

পর্য্যায়। মাষপর্ণী, কৃষ্ণবৃন্তা, কাম্বোজী, হয়পুচ্ছিকা, মাংসমাষা, সিংহমুখী, স্বাদুমাষা ও মহাসহা এইগুলি মাষপর্ণীর (মাষাণীর) সংস্কৃত নাম। *

মুদ্গপর্ণী, ক্ষুদ্রসহা, সূর্য্য (শূর্প) পর্ণী, কুরঙ্গিণী, বনজা, রিঙ্গিণী, শিম্বী, সিংহী ও মার্জারগন্ধিকা এই গুলি মুদ্গপর্ণী অর্থাৎ মুগানীর সংস্কৃত নাম। †

গুণ—মাষপর্ণী শীতল, তিক্ত, রূক্ষ, শুক্রবর্দ্ধক, বলাসকৃৎ (কফকর), মধুর, গ্রাহি এবং শোষ, বাত, পিত্ত, জ্বর, রক্তদোষ নাশক।

মুদ্গপর্ণী মাষপর্ণীর ন্যায় গুণযুক্ত, বিশেষতঃ ইহা লঘু এবং তৃষ্ণা, ত্রিদোষ ও অর্শোরোগ নাশক।

---

## জীবনীয়গণনামগুণাঃ।

জীবন্তী সূর্য্যপর্ণীযুক্‌ কাকোল্যৌ জীবকর্ষভৌ।
মেদে যষ্টীতি মধুরো জীবনীয়গণো গুরুঃ॥

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে মষবন, মাষোণী, বনউর্দী, জঙ্গলী, উর্দী; মহারাষ্ট্রে রানউডীদ, কর্ণাটে কানোড়িগুকা উট্রু, গুজরাটে অডবাড, অডদবেল, তৈলঙ্গে কারুমোহুরু; ল্যাটিন Grangea madrass patna. গ্রেঞ্জিয়া মাড্রাসপাটনা। ডাক্তারী নাম Teramuns Labialis. টেরামনস্‌ লেবিয়ালিস্‌।

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে মাঠমুগানী, মুগবন, মহারাষ্ট্রে রাণমুগ, কর্ণাটে কোহসরু, তৈলঙ্গে পিল্লপেসরাট্টে, কারুপেসারা, গুজরাটে অডবাড মগাবেল্য বলে। ইহার ডাক্তারী নাম Phaseolus Trilobus. ফাসিওলস টাইলোবস্‌।

শুক্রকৃৎ বৃংহণঃ শীতঃ স্তন্যগর্ভকফপ্রদঃ।
রক্তপিত্ততৃষাশোষজ্বরদাহক্ষতাপহঃ ॥

পর্য্যায়। জীবন্তী, সূর্য্যপর্ণীযুক্ অর্থাৎ মুদ্গপর্ণী ও মাষপর্ণী, কাকোলী, ক্ষীরকাকোলী, জীবক, ঋষভক, মেদা, মহামেদা ও যষ্টিমধু এই কয়টীকে জীবনীয়গণ কহে।

গুণ—জীবনীয়গণ মধুর, গুরু, শুক্রবর্দ্ধক, বৃংহণ, শীতবীর্য্য, স্তন্যবর্দ্ধক, গর্ভপ্রদ ও কফজনক। ইহা রক্তপিত্ত, তৃষ্ণা, শোষ, জ্বর, দাহ ও ক্ষয়নাশক।

---

## এরণ্ডরক্তৈরণ্ডনামগুণাঃ।

এরণ্ডো দীর্ঘদণ্ডঃ স্যাৎ তরুণো বর্দ্ধমানকঃ।
চিত্রঃ পঞ্চাঙ্গুলো ব্যাঘ্রপুচ্ছো গন্ধর্ব্বহস্তকঃ ॥
রক্তৈরণ্ডো হস্তিকর্ণো ব্যাঘ্রো ব্যাঘ্রতলো লঘুঃ।
উত্তানপত্র উরুবুর্ব্বাতবৈরী চ চঞ্চুলুঃ ॥
এরণ্ডযুগ্মং মধুরমুষ্ণং গুরু বিনাশয়েৎ।
শূলশোফকটীবস্তিশিরঃপীড়োদরজ্বরান্ ॥
ব্রধ্নশ্বাসকফানাহকাসকুষ্ঠামমারুতান্ ॥
তৎফলং ভেদনং স্বাদু ক্ষারমুষ্ণং সমীরজিৎ ॥

পর্য্যায়। এরণ্ড, দীর্ঘদণ্ড, তরুণ, বর্দ্ধমানক, চিত্র, পঞ্চাঙ্গুল, ব্যাঘ্রপুচ্ছ ও গন্ধর্ব্বহস্তক এই কয়টী এরণ্ড অর্থাৎ রেড়ীর সংস্কৃত নাম।

রক্তৈরণ্ড, হস্তিকর্ণ, ব্যাঘ্র, ব্যাঘ্রতল, লঘু,উত্তানপত্র, উরুবু, বাতবৈরী ও চঞ্চুলু এই কয়টী রক্তৈরণ্ড অর্থাৎ লাল্‌ভেরেণ্ডার নাম।

গুণ। এরণ্ড ও রক্তৈরণ্ড উভয়ই মধুর, উষ্ণবীর্য্য, গুরুপাক। ইহা শূল, শোথ, কটিবস্তিশিরঃপীড়া, উদর, জ্বর, ব্রধ্ন, শ্বাস, কফ, আনাহ, কাস, কুষ্ঠ ও আমযুক্ত বায়ুনাশক। ইহার ফল ভেদক, স্বাদু, ক্ষার, উষ্ণবীর্য্য ও বায়ুনাশক।

---

## কাষ্ঠসারিবা-কৃষ্ণসারিবানামগুণাঃ।

সারিবা শারদাস্ফোতা গোপকন্যা প্রতানিকা।
গোপাঙ্গনা গোপবল্লী লতাহ্বা কাষ্ঠশারিবা॥
শারিবান্যা কৃষ্ণমূলী ভদ্রা চন্দনশারিবা।
শ্যামা চন্দনগোপী চ চন্দনা কৃষ্ণবল্ল্যপি॥
শারিবাযুগলং স্বাদু স্নিগ্ধং শুক্রকরং গুরু।
( অগ্নিমান্দ্যারুচিশ্বাস-বমিকাসতৃষাপহম্ ॥ )
দোষত্রয়াস্রপ্রদরজ্বরাতীসারনাশনম্ ॥

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে অণ্ড, মহারাষ্ট্রে এরণ্ড পারসমোঠ্যা, চাণাবারীক, গুজরাটে ধোলোএরণ্ড, রাতোএরণ্ড, কর্ণাটে এরণ্ড আণুক্কে, তৈলঙ্গে আমুডামু, আমিদপুচেট্টু, আসামে এড়াগছ, ফারসীতে বেদংজীর, আরবীতে খিরবা, হবুলখিরবা, তুরস্কে করচক। ডাক্তারীতে Castor Oil plant. ক্যাষ্টর অইল প্ল্যাণ্ট. ল্যাটিনে Riconus Comamnis.

শ্বেতএরণ্ডকে হিন্দুস্থানে সফেদ এরণ্ড. মহারাষ্ট্রে পাংড়ার এরণ্ডু ও মুতাবড়ার্ত্তি এরণ্ড বলে।

পর্য্যায়। শারিবা, শারদা, আস্ফোতা, গোপকন্যা, প্রতানিকা, গোপাঙ্গনা, গোপবল্লী, লতাহ্বা ও কাষ্ঠশারিবা এইগুলি কাষ্ঠ শারিবার নাম।

কৃষ্ণমূলী, ভদ্রা, চন্দনশারিবা, শ্যামা, চন্দনগোপী, চন্দনা, কৃষ্ণবল্লী এইগুলি কৃষ্ণশারিবার নাম। *

গুণ—অনন্তমূল ও শ্যামালতা উভয়ই স্বাদু, স্নিগ্ধগুণযুক্ত, শুক্রজনক, গুরুপাক। ইহা (অগ্নিমান্দ্য, অরুচি, শ্বাস, বমন, কাস, তৃষ্ণা,) ত্রিদোষ, রক্তদোষ, প্রদর, জ্বর ও অতীসার নাশ করে।

---

## যবাস-ধন্বযবাসনামগুণাঃ। (দুরালভা)

যাসো মরুদ্ভবোঽনন্তো দীর্ঘমূলো যবাসকঃ।
বালপত্রঃ সমুদ্রান্তো দূরমূলোঽতিকণ্টকঃ॥
ধন্বযাসস্তাম্রমূলী দুঃস্পর্শা স্যাদ্ দুরালভা।
যাসকঃ কচ্ছুরা তাম্রমূলা ধন্বযবাসকঃ॥
যাসঃ স্বাদুঃ সরস্তিক্তো হিমঃ পিত্তহরো লঘুঃ।
হন্তি রক্তকফভ্রান্তীস্তদ্বদ্ধন্বযবাসকঃ॥

---

দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে দুধি, গোরীসর, কালীসর, মহারাষ্ট্রে কৃষ্ণ উপলসরী, গুজরাটে কপরী, কর্ণাটে সারিবা, উৎকলে গুয়াপানমূল, তৈলঙ্গে নীলতিগ বলে। ইংরাজীতে Indian Sarasa Parilla. ল্যাটিনে Hemidesmus indicus. ইহাকে হিন্দুস্থানে অনন্তমূল, শ্বেত উপলসরী, গুজরাটে কালীবেল্য, উৎকলে গুয়াপনমূল ও কোঙ্কণ দেশে শেষবেল বলে। ডাক্তারী নাম Hemidesmus Indicus. হেমিডেস্মস ইণ্ডিকস্।

পর্য্যায়। যাস, মরুদ্ভব, অনন্ত, দীর্ঘমূল, যবাসক, বালপত্র, সমুদ্রান্ত, দূরমূল ও অতিকণ্টক এইগুলি যবাসের (দুরালভার) সংস্কৃত নাম।

ধন্বযাস, তাম্রমূলী, দুঃস্পর্শা, দুরালভা, যাসক, কচ্ছুরা, তাম্রমূলা ও ধন্বযবাসক এইগুলি ধন্বযবাসের সংস্কৃত নাম।

গুণ—যবাস ও ধন্বযবাসক উভয়ই লঘুপাক, স্বাদুতিক্তরস, শীতবীর্য্য। ইহা পিত্ত, রক্তদোষ, কফ ও ভ্রান্তি নাশক এবং সারক।

---

## মুণ্ডীনামগুণাঃ।

মুণ্ডী ভিক্ষুঃ পরিব্রাজী শ্রাবণী স্যাৎ তপোধনা।
শ্রবণা শ্রীমতী মুণ্ডা তিক্তা শ্রবণশীর্ষকা।
মুণ্ডী তিক্তা কটুঃ পাকে বীর্য্যোষ্ণা মধুরা লঘুঃ।
মেধ্যা গণ্ডাপচীকৃচ্ছ্রকৃমিযোন্যর্ত্তিপাণ্ডুজিৎ॥
শ্লীপদারুচ্যপস্মারপ্লীহমেদোগুদার্ত্তিহৃৎ॥

* দেশভেদে নামভেদ।—দুরালভাকে হিন্দুস্থানে ও বোম্বায়ে জবাসা, দুরালা, ধনাসা, মহারাষ্ট্রে বেলিকামূলী, ধমাসা, কর্ণাটে বল্লিদুরুবে, তোরে হংগলু, তৈলঙ্গে পিলরেগট, দুলগোণ্ডি, গুজরাটে ধমাসো বলে। যবাসকে হিন্দীতে জবাসা, দুলাই, মহারাষ্ট্রে কাণ্টেচুম্বুক, তাঁবড়া ধমাসা, কর্ণাটে তোরে ইঙ্গলু, তৈলঙ্গে পিন্নরেগটী দুলগোণ্ডি, গুজরাটে যবাসো, ফারসীতে বাদাবদ ফরাকুনুন, আরবীতে শুকাই অল্‌গুলহাজ বলিয়া থাকে। ল্যাটিনে Fogonia arabica. ডাক্তারী নাম Alhagimaurorun. অ্যাল-হাজিমোরোরন।

পর্য্যায়। মুণ্ডী, ভিক্ষু, পরিব্রাজী, শ্রাবণী, তপোধনা, শ্রবণা, শ্রীমতী, মুণ্ডা, তিক্তা ও শ্রবণশীর্ষকা এইগুলি মুণ্ডী অর্থাৎ মুণ্ডিরীর সংস্কৃত নাম।

গুণ—মুণ্ডিরী তিক্তমধুররস, পরিপাকে কটু, উষ্ণবীর্য্য, লঘুপাক, মেধাবর্দ্ধক। ইহা গলগণ্ড, অপচী, মূত্রকৃচ্ছ্র, কৃমি, যোনিরোগ, পাণ্ডু, শ্লীপদ, অরুচি, অপস্মার, প্লীহা, মেদোরোগ ও গুহ্যরোগ নাশক।

---

## মহামুণ্ডী ( ভূমিকদম্ব ) নামগুণাঃ।

মহামুণ্ডী লোভনীয়া ছিন্নগ্রন্থিনিকা স্মৃতা।
ভূতবৃক্ষা কুলহলাহলম্বুষা ভূকদম্বিকা।
কদম্বপুষ্পা মুণ্ডীবদ্‌গুণৈর্ভূমিকদম্বিকা॥

পর্য্যায়। মহামুণ্ডী, লোভনীয়া, ছিন্নগ্রন্থিনিকা, ভূতবৃক্ষা, কুলহলা, অলম্বুষা, ভূকদম্বিকা ও কদম্বপুষ্পী এই কয়েকটী মহামুণ্ডী অথবা ভূমিকদম্বের ( গোরক্ষমুণ্ডীর ) নাম।

গুণ—মহামুণ্ডী বা ভূমিকদম্ব মুণ্ডীরির তুল্য গুণযুক্ত।

---

দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে মুণ্ডী ও গোরখ্‌মুণ্ডী, তৈলঙ্গে বোড়সরপুচেট্টু এবং তামিলে ও বোম্বায়ে কোট্টক, মহারাষ্ট্রে বরসবোড়ী, গুজরাটে বোডথা, মুণ্ডী; বোড়িয়া কলার, কর্ণাটে কোপোবোড়তর, হিরীপবোড়তর, আরবীতে কমাদর বুসা ডাক্তারী নাম Sphareanthus Indicus, স্ফারিএন্থস্ ইণ্ডিকস্।

## অপামার্গনামগুণাঃ।

অপামার্গস্তু শিখরী কিণিহী খরমঞ্জরী।
অধঃশল্যঃ শৈখরিকঃ প্রত্যক্‌পুষ্পা ময়ূরকঃ॥
অপামার্গঃ সরস্তীক্ষ্ণো দীপনঃ কফবাতজিৎ।
নিহন্তি দদ্রুসিধ্মার্শঃকণ্ডূশূলোদরাপচীঃ॥

পর্য্যায়। অপামার্গ, শিখরী, কিণিহী, খরমঞ্জরী, অধঃশল্য, শৈখরিক, প্রত্যক্‌পুষ্পী ও ময়ূরক এইকয়টী আপাঙ্গের সংস্কৃত নাম। *

গুণ—আপাঙ্ সারক, তীক্ষ্ণবীর্য্য, অগ্নিদীপক, কফবাতঘ্ন এবং দদ্রু, সিধ্ম, অর্শঃ, কণ্ডূ, শূল, উদররোগ ও অপচীরোগের নাশক।

---

## রক্তাপামার্গনামগুণা।

অন্যো রক্তো বৃত্তফলো বশিরঃ কপিপিপ্পলী।
অপামার্গোঽরুণো বাতবিষ্টম্ভী কফনাশনঃ।
ঊনঃ পূর্ব্বগুণৈ রূক্ষস্তৎপত্রং রক্তপিত্তনুৎ॥

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে লট্‌জীরা, চিরচিটা, ওঙ্গা, তৈলঙ্গে দুচ্চিনিকে, মহারাষ্ট্রে অঘাড়া, গুজরাটে অংঘেড়ো, কর্ণাটে উত্তরণে, চিচিরা, ফারসীতে খারবাস্‌গোতা, আরবীতে অৎকম বলে। ইংরাজীতে Rough chafftree. ডাক্তারী নাম Achyranthis Aspera. আচিরান্থিস আসপেরা।

পর্য্যায়। রক্তাপামার্গ, বৃত্তফল, বশির ও কপিপিপ্পলী এই কয়টী রক্ত অপামার্গের সংস্কৃত নাম।

গুণ—রক্তআপাঙ্ বায়ুবিষ্টম্ভকর, রুক্ষ ও কফনাশক। ইহা শ্বেত অপামার্গ অপেক্ষা অল্প গুণযুক্ত। ইহার পত্র রক্তপিত্তনাশক।

---

## কম্পিল্লনামগুণাঃ।

কম্পিল্লো রোচনো রক্তচূর্ণকো ব্রণশোধনঃ।
লোহিতো রক্তশমনো রেচী রঞ্জনকো মতঃ॥
কম্পিল্লঃ কফপিত্তাস্রক্রিমিগুল্মোদরব্রণান্।
হন্তি রেচী কটূষ্ণশ্চ তচ্ছাকং গ্রাহি শীতলম্॥

পর্য্যায়। কম্পিল্ল, রোচন, রক্তচূর্ণক, ব্রণশোধন, লোহিত, রক্তশমন, রেচী ও রঞ্জনক এই কয়টী কম্পিল্য অর্থাৎ কমলাগুঁড়ির সংস্কৃত নাম। †

গুণ—কমলাগুঁড়ি রেচক, কটুরস ও উষ্ণবীর্য্য। ইহা কফ, পিত্ত, রক্তদোষ, ক্রিমি, গুল্ম, উদররোগ ও ব্রণনাশক। ইহার শাক মলবদ্ধতাকারক ও শীতবীর্য্য।

---

দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে লালচিরচিরা, মহারাষ্ট্রে তাঁবড়া আঘাড়া বা রক্তসট্‌ঙ্গীরা, কর্ণাটে কেম্পিগুত্তরণে, গুজরাটে ঝিপটো, তৈলঙ্গে উত্তরায়নী কেম্পিগুত্তরণে বলে।

† দেশভেদে নামভেদ।—ইহার হিন্দী নাম কংবীলা, কবীলা এবং মহারাষ্ট্রী নাম কমিলা ও কপীলা, গুজরাটী কপীলো, ফারসী কন্বিলায়, আরবী কিন্বীর। ল্যাটিন নাম Melloctus philippinesis. মেলোটস্ ফিলিপিনেসিস্। ইংরাজী Kamila.

# দন্তীদ্বয়নামগুণাঃ।

দন্তী ঘুণপ্রিয়া নাগদন্তী শীঘ্রানুকূলকা।
উপচিত্রা নিকুম্ভা স্যাদ্বিশল্যোদুম্বরচ্ছদা॥
আখুপর্ণী বৃষৈরণ্ডা দ্রবন্তী শম্বরী মতা।
মূষকাহ্বা সুতশ্রেণী প্রত্যক্শ্রেণী চ কণ্ডিকা॥
দন্তীদ্বয়ং সরং পাকরসয়োঃ কটু দীপনম্।
তীক্ষ্ণোষ্ণং হন্তি পিত্তাস্রকফশোথোদরক্রমীন্॥

পর্য্যায়। দন্তী, ঘুণপ্রিয়া, নাগদন্তী, শীঘ্রা, অনুকূলকা, উপচিত্রা, নিকুম্ভা, বিশল্যা ও উদুম্বরচ্ছদা এই কয়টী লঘুদন্তীর সংস্কৃত নাম। *

আখুপর্ণী, বৃষা, এরণ্ডা, দ্রবন্তী, শম্বরী, মূষকাহ্বা, সুতশ্রেণী, প্রত্যক্শ্রেণী ও কণ্ডিকা এইগুলি বৃহদ্দন্তীর সংস্কৃত নাম।

গুণ—উভয় প্রকার দন্তী সারক, কটুরস, পাকে কটু, অগ্নিদীপক, তীক্ষ্ণ ও উষ্ণবীর্য্য। ইহা রক্তপিত্ত, কফ, শোথ, উদররোগ ও ক্রিমি নাশক।

দেশভেদে নামভেদ।—দন্তীর সাধারণ নাম হিন্দুস্থানে হকুম, তিরিফল মহারাষ্ট্রে দান্তি, লঘুদন্তী, গুজরাটে রতনজোত, দাত এটলে নেপালনাং মূল, ফারসীতে দংদ, আরবীতে হবুলং মুলুক, কর্ণাটে দন্তি, তৈলঙ্গে দন্তিচেট্টু ও কোণ্ড অমদুম্ এবং বোম্বায়ে জামালগোটা। ইংরাজিতে Croton seeds. ল্যাটিনে Crotontiglium. ইহার ডাক্তারী নাম Croton Polyandrum. ক্রোটন্ পলিয়ানড্রাম।

## জয়পালনামগুণাঃ।

জয়পালো দন্তীবীজং খ্যাতং তৎ তিন্তিরীফলম্। *
জয়পালো গুরুঃ স্নিগ্ধো রেচী পিত্তকফাপহঃ॥

পর্য্যায়। জয়পাল, দন্তীবীজ, তিন্তিরীফল (মতান্তরে তিন্তিড়ীফল) এই কয়টী জয়পালের সংস্কৃত নাম। †

গুণ—জয়পাল গুরুপাক, স্নিগ্ধগুণযুক্ত, বিরেচক, পিত্ত ও কফনাশক।

---

## শ্বেতত্রিবৃন্নামগুণাঃ

ত্রিবৃৎ কুম্ভাহরুণা ত্র্যস্রা ভণ্ডী কোটরবাসিনী।
সর্ব্বানুভূতিস্ত্রিবৃতা ত্রিপুটা সরলা সিতা॥
ত্রিবৃৎতিক্তা সরা রুক্ষা স্বাদুরুষ্ণা সমীরনুৎ।
কটুঃ পাকে জ্বরশ্লেষ্মপিত্তশোফোদরাপহা॥

পর্য্যায়। ত্রিবৃৎ, কুম্ভা, অরুণা, ত্র্যস্রা, ভণ্ডী, কোটরবাসিনী, সর্ব্বানুভূতি, ত্রিবৃতা, ত্রিপুটা, সরলা ও সিতা এইকয়টী শ্বেত তেউড়ীর সংস্কৃত নাম। ⁜

---

* তিন্তিড়ীফল মিত্যপি পাঠঃ।

† দেশভেদে নামভেদ। হিন্দুস্থানে জমালগোটা, মহারাষ্ট্রে জেপাল, গুজরাটে নেপালো, কর্ণাটে জেপাল, আরবীতে হবুসসলাতীন, ফারসীতে তুখমেবেংদং। ইংরাজীতে purging Croton. ল্যাটীনে Volium Cortonio.

⁜ দেশভেদে নামভেদ।—ইহার হিন্দীনাম সফেদ নিশোত্তর। পাট্যাফুলাচা নিশোত্তর। গুজরাটে, ধোলাকুলমুনসোতর।

গুণ—শ্বেত তেউড়ী তিক্ত, সারক, রুক্ষ, স্বাদুরস, উষ্ণবীর্য্য, বায়ুনাশক, পাকে কটু। ইহা জ্বর, শ্লেষ্মা, পিত্ত, শোথ ও উদররোগনাশক।

---

## কৃষ্ণত্রিবৃন্নামগুণাঃ।

ত্রিবৃৎ কালা কালমেষী কালপর্ণ্যর্দ্ধচন্দ্রিকা।
সুষেণা স্যান্মালবিকা মসূরবিদলা মতা॥
ত্রিবৃৎ কালা হীনগুণা তস্মাত্তীব্রবিরেচনী।
মূর্চ্ছাদাহমদভ্রান্তিকণ্ঠোৎকর্ষণকারিণী॥

পর্য্যায়। কালা, ত্রিবৃৎ, কালমেষী, কালপর্ণা, অর্দ্ধচন্দ্রিকা, সুষেণা, মালবিকা ও মসূরবিদলা এই কয়টী কাল তেউড়ীর সংস্কৃত নাম।

গুণ—কালতেউড়ী শ্বেততেউড়ী অপেক্ষা হীনগুণ ও তীব্রবিরেচক। ইহা মূর্চ্ছা, দাহ, মত্ততা, ভ্রান্তি ও কণ্ঠশোষকারক।

---

## ইন্দ্রবারুণীদ্বয়নামগুণাঃ।

ইন্দ্রবারুণ্যথেন্দ্রাহ্বা বৃষভাক্ষী গবাদনী।
ঐন্দ্রবারুঃ ক্ষুদ্রফলা বিশালৈন্দ্রী বৃষাদনী॥
অন্যেন্দ্রবারুণী চিত্রফলা চিত্রা মহাফলা।
আত্মরক্ষা নাগদন্তী ত্রপুষী গজচির্ভটী॥

---

দেশভেদে নামভেদ।—ইহার হিন্দীনাম শ্যাম্‌পনিলর ও কালা নিশোথ এবং মহারাষ্ট্রে ইহাকে কাল্লেং নিশোত্তর, কর্ণাটে কেপ্য-নেয়্তিগড়ে বলে।

শ্বেতপুষ্পা মৃগাক্ষী চ তথা যক্ষস্বরা মতা।
মরূদ্ভবা কৃমিগুহা চিত্রদেবী চ কীর্ত্তিতা॥
ঐন্দ্রবারুদ্বয়ং তিক্তং কটু পাকে সরং লঘু।
বীর্য্যোষ্ণং কামলাপিত্তকফপ্লীহোদরাপহম্॥

পর্য্যায়। ইন্দ্রবারুণী, ইন্দ্রাহ্বা, বৃষভাগী, গবাদনী, ঐন্দ্রবারু, ক্ষুদ্রফলা, বিশালা, ঐন্দ্রী ও বৃষাদনী এই কয়টী ক্ষুদ্র ইন্দ্রবারুণীর (ছোট রাখালশশার) এবং চিত্রফলা, চিত্রা, মহাফলা, আত্মরক্ষা, নাগদন্তী, ত্রপুষী, গজচির্ভটী, শ্বেতপুষ্পা, মৃগাক্ষী, যক্ষস্বরা, মরূদ্ভবা, কৃমিগুহা ও চিত্রদেবী এই কয়টী অন্য প্রকার বৃহৎ ইন্দ্রবারুণীর (বড় রাখালশশার) সংস্কৃত নাম।

গুণ। দুই প্রকার ইন্দ্রবারুণী তিক্তরস, পরিপাকে কটু, সারক, লঘু ও উষ্ণবীর্য্য। ইহা কামলা, পিত্ত, কফ, প্লীহা ও উদর রোগ নাশক।

## আরগ্বধনামগুণাঃ।

আরগ্বধো রাজবৃক্ষঃ শম্পাকঃ কৃতমালকঃ।
ব্যাধিঘাতঃ কর্ণিকারঃ প্রগ্রহশ্চতুরঙ্গুলঃ॥

---

দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে ইন্দ্রায়ণ ও বড়ী ইন্দ্রফলা, ফরফেন্দু; মহারাষ্ট্রে লঘু ইন্দ্রবণ, কাংবড়ল, থোরকাবড়ল, কর্ণাটে [illegible] হিয়া হামেকে, গুজরাটে ইন্দ্রবাণীয়, গাবস্থকণ, তৈলঙ্গে এতিপুচ্ছা, ফারসীতে খুর্য্যজাতল্‌খ, আরবীতে হংজল বলে। ইংরাজীতে Colocynth. ল্যাটীনে Citrullus Colocynthis. ডাক্তারী নাম Eucumis madraspatanus. ইউকিউমিস মাড্রাসপেটানস।

আরোগ্যশিম্বী স্বর্ণাঙ্গঃ কর্ণী দীর্ঘফলো মতঃ।
কুণ্ডলো হেমপুষ্পশ্চ কলিঘাতো নৃপদ্রুমঃ॥
আরগ্বধো গুরুঃ স্বাদুঃ শীতলো মৃদুরেচনঃ।
জ্বরহৃদ্রোগপিত্তাস্রবাতোদাবর্ত্তশূলজিৎ॥
তৎপুষ্পং বাতলং গ্রাহি তিক্তং পিত্তকফাপহম্।
তন্মজ্জা মধুরা পাকে স্নিগ্ধা পিত্তসমীরজিৎ॥

পর্য্যায়। আরগ্বধ, রাজবৃক্ষ, শম্পাক, কৃতমালক, ব্যাধিঘাত, কর্ণিকার, প্রগ্রহ, চতুরঙ্গুল, আরোগ্যশিম্বী, স্বর্ণাঙ্গ, কর্ণী, দীর্ঘফল, কুণ্ডল, হেমপুষ্প, কলিঘাত ও নৃপদ্রুম এই কয়টী সোঁদালের সংস্কৃত নাম।

গুণ। সোঁদাল গুরুপাক, স্বাদুরস, শীতবীর্য্য, মৃদুবিরেচক। ইহা জ্বর, হৃদ্রোগ, রক্তপিত্ত, বাত, উদাবর্ত্ত ও শূল নাশক। সোঁদালের পুষ্প বায়ুজনক, গ্রাহি (মলসংগ্রাহক), তিক্তরস, পিত্ত ও কফনাশক।

সোঁদালের মজ্জা পাকে মধুর, স্নিগ্ধ, পিত্ত ও বায়ুনাশক।

---

## নীলিনীনামগুণাঃ।

নীলিনী নীলিকা গ্রাম্যা শ্রীফলা ভারবাহিনী।
রঞ্জনী কালিকা মেলা তূণী তুচ্ছা বিশোধনী॥

---

দেশভেদে নামভেদ।—ইহাকে বাঙ্গালায় সোণালু, রাখালনড়ী ও বানরনড়ী; হিন্দীতে আমল্‌তাস্, ধনবহেড়া ও শোণ হালী, তৈলঙ্গে রেল্লচেট্টু, রেল্লকায়া, মহারাষ্ট্রে বাহবা বাহল্যাচা। শেঙ্গাতীল গর, কর্ণাটে হেগাকে ও উৎকলে সুনারি, আরবীতে খোরশম্বর বলে। ইহার লাটিন নাম Cassia Fistula ক্যাসিয়া ফিস্‌টুলা।

নীলিনী রেচনী তিক্তা কেশ্যা মোহভ্রমাপহা।
উষ্ণা হন্ত্যুদরপ্লীহবাতরক্তকফানিলান্ ॥

পর্য্যায়। নীলিনী, নীলিকা, গ্রাম্যা, শ্রীফলা, ভারবাহিনী, রঞ্জনী, কালিকা, মেলা, তূণী, তুচ্ছা ও বিশোধনী এই কয়টী নীলের সংস্কৃত নাম। *

গুণ। নীল, বিরেচক, তিক্তরস, কেশবর্দ্ধক, উষ্ণবীর্য্য। ইহা মোহ, ভ্রম, উদররোগ, প্লীহা, বাতরক্ত, কফ ও বায়ু নাশক।

---

## কটুকীনামগুণাঃ।

কটুকী রোহিণী তিক্তা চক্রাঙ্গী কটুরোহিণী।
মৎস্যপিত্তা কাণ্ডরুহা কৃষ্ণভেদা দ্বিজাঙ্গিকা ॥
অশোকরোহিণী মৎস্যশকলা শকুলাদনী।
কটুকী কটুকা পাকে তিক্তা রুক্ষা সরা লঘুঃ।
হিমা হন্তি কৃমিশ্বাসদাহপিত্তকফজ্বরান্ ॥

পর্য্যায়। কটুকী, রোহিণী, তিক্তা, চক্রাঙ্গী, কটুরোহিণী, মৎস্যপিত্তা, কাণ্ডরুহা, কৃষ্ণভেদা, দ্বিজাঙ্গিকা, অশোকরোহিণী, মৎস্যশকলা ও শকুলাদনী এই কয়টী কটুকীর সংস্কৃত নাম। †

* দেশভেদে নামভেদ। ইহাকে হিন্দীতে নীল, লীল, মহারাষ্ট্রে নীলীচে ঝাড়, গুলী, কর্ণাটে নীলী, হিরীপনীলী, গুজরাটে গলী, তৈলঙ্গে নল্লপেট্ট, গেবিট্ট ও নীলিচেট্ট, এবং আসামে লিল বলে। ইহার ডাক্তারী নাম The Indigo plant. দি ইণ্ডিগো প্ল্যাণ্ট। ল্যাটীনে Indigofera Cordifolia. বলে।

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে কুটকী, মহারাষ্ট্রে কুটকী, কুটকীকাল্লী, গুজরাটে কড়ু, তৈলঙ্গে নল্লকোলকর ও কাটকরোহিণী, কর্ণাটে

গুণ—কটুকী পাকে কটু, তিক্তরস, রুক্ষ, সারক, লঘুপাক, শীতবীর্য্য। ইহা কৃমি, শ্বাস, দাহ, পিত্ত, কফ ও জ্বরনাশক।

---

## অঙ্কোলকনামগুণাঃ।

অঙ্কোলকস্তাম্রফলঃ পীতসারো নিকোচকঃ।
গুপ্তস্নেহো বিরেচী স্যাদ্ ভূস্থতো দীর্ঘকীলকঃ॥
অঙ্কোলকঃ কটুঃ স্নিগ্ধস্তীক্ষ্ণোষ্ণস্তুবরো লঘুঃ।
রেচনঃ কৃমিশূলামশোফশ্লেষ্মবিষাপহঃ॥
তৎফলং শীতলং স্বাদু শ্লেষ্মলং বৃংহণং গুরু।
বল্যং বিরেচনং বাতপিত্তদাহক্ষয়াস্রজিৎ॥

পর্য্যায়। অঙ্কোলক, তাম্রফল, পীতসার, নিকোচক, গুপ্তস্নেহ, বিরেচী, ভূস্থত ও দীর্ঘকীলক এইকয়টী অঙ্কোলক অর্থাৎ আঁকোড় গাছের সংস্কৃত নাম।

গুণ—আঁকোড় কটুরস, স্নিগ্ধ, তীক্ষ্ণ ও উষ্ণবীর্য্য, কষায়, লঘুপাক ও বিরেচক। ইহা কৃমিশূল, আমদোষ, শোথ, শ্লেষ্ম ও বিষনাশক।

---

কেদারকটুকী, আসামে মাটোক টোকা, ফারসীতে খর্ব্বকে সিয়াহ ও আরবীতে খর্ব্বক অস্বদ, খর্ব্বকৈ অবীয়দ বলে। ডাক্তারী নাম picrorrhiza Kurroa. পাইক্রোরিজা করুয়া। ইংরাজী নাম Black Hellebore.

দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে ঢেরা, টেরা, মহারাষ্ট্রে অঙ্কোলীবৃক্ষ, গুজরাটে অঙ্কোল্য, কর্ণাটে অঙ্কুলে, তৈলঙ্গে ঊড়ীকে বলে। ইহার ডাক্তারী নাম Alangium hexapetalum. অ্যালাঞ্জিয়ম হেক্সাপেটালম্।

আকোঁড় ফল—শীতবীর্য্য, স্বাদু, শ্লেষ্মবর্দ্ধক, বৃংহণগুণবিশিষ্ট, গুরুপাক, বলকর, বিরেচক। ইহা বাত, পিত্ত, দাহ, ক্ষয় ও রক্তদোষনাশক।

## সেহুণ্ডনামগুণাঃ।

সেহুণ্ডো বজ্রতুণ্ডস্তু গণ্ডীরো বজ্রকণ্টকঃ।
স্নুহী সমন্তদুগ্ধাঽসিপত্রো বজ্রী মহাতরুঃ॥
সেহুণ্ডো রেচনস্তীক্ষ্ণো দীপনঃ কটুকো গুরুঃ।
শূলামাষ্ঠীলিকাধ্মানগুল্মশোফোদরানিলান্।
হন্তি দূষীবিষপ্লীহকুষ্ঠোন্মাদাশ্মপাণ্ডুতাঃ॥

পর্য্যায়। সেহুণ্ড, বজ্রতুণ্ড, গণ্ডীর, বজ্রকণ্টক (বজ্রদণ্ডক), স্নুহী, সমন্তদুগ্ধা, অসিপত্র, বজ্রী ও মহাতরু এই কয়টী সেহুণ্ড অর্থাৎ মনসাসিজের সংস্কৃত নাম। *

গুণ—মনসাসিজ রেচক, তীক্ষ্ণবীর্য্য, অগ্নিদীপক, কটু, গুরুপাক। ইহা শূল, আমদোষ, অষ্ঠীলিকা, আধ্মান, গুল্ম, শোথ, উদরী, বায়ুরোগ, দূষীবিষ, প্লীহা, কুষ্ঠ, উন্মাদ, অশ্মরী ও পাণ্ডুরোগ নাশ করে।

---

## নিম্বনামগুণাঃ।

নিম্বো নিয়মনো নেতারিষ্টঃ স্যাৎ পারিভদ্রকঃ।
সুতিক্তঃ সর্ব্বতোভদ্রঃ পিচুমন্দঃ প্রভদ্রকঃ॥

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে সেহুণ্ড, থোকর ও সিজ এবং বোম্বায়ে নিবড়ুঙ্গ, থোড় বলে। ইহার ডাক্তারী নাম Uphorbia Nerrifolia. ইউফোরবিয়া নেরিফোলিয়া।

( কুষ্ঠহা পিচুমর্দ্দশ্চ কীরেষ্টো যবনেষ্টকঃ। )
নিম্বঃ শীতো লঘুর্গ্রাহী কটুপাকোহগ্নিবাতকৃৎ ॥
ব্রণপিত্তকফচ্ছর্দ্দিকুষ্ঠহৃল্লাসমেহনুৎ ॥
নিম্বপত্রং স্মৃতং নেত্র্যং কৃমিপিত্তবিষপ্রণুৎ।
বাতলং কটুপাকঞ্চ সর্ব্বারোচককুষ্ঠনুৎ ॥
তৎফলং ভেদনং স্নিগ্ধমুষ্ণং কুষ্ঠহরং লঘু ॥
অপক্বং পাচয়েন্নিম্বঃ পক্বঞ্চ পরিশোষয়েৎ ॥

পর্য্যায়। নিম্ব, নিম্বমন, নেতা, অরিষ্ট, পারিভদ্রক, স্বতিক্ত, সর্ব্বতোভদ্র, পিচুমন্দ, প্রভদ্রক, ( কুষ্ঠহা, পিচুমর্দ্দ, কীরেষ্ট ও যবনেষ্টক ) এই গুলি নিম্বের নাম। *

গুণ—নিম্ব শীতবীর্য্য, লঘুপাক, মলসংগ্রাহক, পাকে কটু, অগ্নিকারক ও বায়ুজনক। ইহা ব্রণ, পিত্ত, কফ, বমন, কুষ্ঠ, হৃল্লাস ( গা বমিবমি করা ) ও মেহ নাশ করে।

নিম্বপত্র—নেত্রের জ্যোতির্বর্দ্ধক, বায়ুজনক, কটুবিপাক এবং সর্ব্বপ্রকার অরুচি, কুষ্ঠ, কৃমি, পিত্ত ও বিষনাশক।

নিম্বফল—মলভেদক, স্নিগ্ধ ও উষ্ণবীর্য্য, লঘু ও কুষ্ঠনাশক।

নিম্ব অপক ব্রণাদির পাককারক ও পক্কব্রণের শোষক। অর্থাৎ স্ফোটকাদির আমাবস্থায় নিম্বপ্রয়োগে উহা সত্বর পাকিয়া উঠে ও পক্কাবস্থায় প্রযুক্ত হইলে সত্বর শুষ্ক হইয়া যায়।

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে নিম্, মহারাষ্ট্রে কড়ুনিম্ব ও লিম্ব, কর্ণাটে বেউ, তৈলঙ্গে দীম্বচেট্ট ও তামিলে বেপুম্, মরম্, আসামে নীম,

## মহানিম্বনামগুণাঃ।

মহানিম্বো নিম্বরঃ কার্ম্মুকো বিষমুষ্টিকঃ।
রম্যকো গিরিকো দ্রেকঃ ক্ষীরঃ স্যাৎ কেশমুষ্টিকঃ॥
(কৈবর্ত্তঃ শাকশালশ্চ গিরিপত্রঃ সুপার্শ্বকঃ।)
মহানিম্বো হিমো রুক্ষস্তিক্তো গ্রাহী কষায়কঃ।
কফপিত্তক্রিমিচ্ছর্দ্দিকুষ্ঠহৃল্লাসরক্তজিৎ॥

পর্য্যায়। মহানিম্ব, নিম্বরর, কার্ম্মুক, বিষমুষ্টিক, রম্যক, গিরিক, দ্রেক, ক্ষীর ও কেশমুষ্টিক (কৈবর্ত্ত, শাকশাল, গিরিপত্র, সুপার্শ্বক) এই গুলি মহানিম্ব অর্থাৎ ঘোড়ানিমের নাম। *

গুণ—ঘোড়ানিম শীতবীর্য্য, রুক্ষ, তিক্তকষায়রস, মলবদ্ধতাকারক। ইহা কফ, পিত্ত, ক্রিমি, বমি, কুষ্ঠ, হৃল্লাস (বমনভাব) ও রক্তদোষনাশক।

---

## কিরাততিক্তনামগুণাঃ।

কিরাততিক্তঃ কৈরাতো ভূনিম্বো রামসেনকঃ।
কাণ্ডতিক্তস্তথা হৈমশ্চিরতিক্তঃ কিরাতকঃ॥

---

ফারসীতে নেনবনীম গরমতর সরদ গরম বলে। ইংরাজীতে Neenbtree. ইহার ডাক্তারী নাম Melio Azadirachta. মেলিয়ো আজাডিরাকটা।

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে বকাইন, বকায়ন, মহারাষ্ট্রে ড়োঁঘাচা, নিম্বাচাঝাঁড়, কটুনিম্ব, তৈলঙ্গে গঙ্গারাবিচেট্ট, পেদ্দবে-পচেট্টু, গুজরাটে বকান্ড, কর্ণাটে মহাবেউ, আসামে মহানীম, ফারসীতে আজাদদরখ্‌ত, আরবীতে বান, বৃক্ষ, হবুল, বীজ বলে। ডাক্তারী নাম Melia Azendarach. মেলিয়া এজেনডারাক্‌।

কিরাতকোহন্যো নৈপালোহনার্য্যতিক্তো জ্বরান্তকঃ।
নাড়ীতিক্তোহর্দ্ধতিক্তঃ স্যান্নিদ্রারিঃ সন্নিপাতহা॥
কিরাতো বাতলো রুক্ষঃ শীতলস্তিক্তকো লঘুঃ।
সন্নিপাতজ্বরশ্বাসকাসপিত্তাস্রদাহনুৎ॥
সরো বলাসতৃট্কুষ্ঠব্রণশোথক্রিমিপ্রণুৎ॥

পর্য্যায়। কিরাততিক্ত, কৈরাত, ভূনিম্ব, রামসেনক, কাণ্ডতিক্ত, হৈম, চিরতিক্ত ও কিরাতক এইগুলি সাধারণ চিরতার এবং নৈপাল, অনার্য্যতিক্ত, জ্বরান্তক, নাড়ীতিক্ত, অর্দ্ধতিক্ত, নিদ্রারি ও সন্নিপাতহা এই কয়টী নেপালদেশজাত চিরতার নাম। *

গুণ—উভয়বিধ চিরতা বায়ুজনক, রুক্ষ, শীতবীর্য্য, তিক্তরস, লঘুপাক ও সারক। ইহা সান্নিপাতিক জ্বর, শ্বাস, কাস, রক্তপিত্ত, কফ, তৃষ্ণা, কুষ্ঠ, ব্রণ, শোথ, ক্রিমি ও দাহ নাশ করে।

## কুটজনামগুণাঃ।

কুটজো মল্লিকাপুষ্পঃ কলিঙ্গো গিরিমল্লিকা।
বৎসকঃ কূটজঃ কোটী বৃক্ষকঃ শক্রভূরুহঃ॥ †

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে চিরায়তা, মহারাষ্ট্রে কিরাইত, গুজরাটে করিয়াতু, কর্ণাটে নেলবং উচ্, তৈলঙ্গে নেলানেমু, আসামে চিরতা, ফারসীতে নেনিহাদ, আরবীতে কসবুঝ, ঝারিয়া বলে। ইহার ডাক্তারী নাম plant Agathotes Chirayta. প্লান্ট এগাথোটেস চিরতা।

---

† তুচ্ছকো বরতিক্তশ্চ শক্রদ্রুঃ পাণ্ডুরদ্রুমঃ।
শতক্রতুদ্রুমঃ কোশী নীলযষ্টিশ্চ মল্লিকা॥ ইত্যধিকঃ পাঠঃ ক্বচিৎ।

কুটজঃ কটুকো রুক্ষো দীপনস্তুবরো হিমঃ।
অর্শোঽতিসারপিত্তাস্রকফতৃষ্ণামকুষ্ঠনুৎ ॥
তৎপুষ্পং বাতলং শীতং তিক্তং পিত্তাতিসারজিৎ ॥

পর্য্যায়। কুটজ, মল্লিকাপুষ্প, কলিঙ্গ, গিরিমল্লিকা, বৎসক, কূটজ, কোটী, বৃক্ষক ও শক্রভূরুহ এইগুলি কুটজ অর্থাৎ কুড়চীর সংস্কৃত নাম। *

গুণ—কুটজ কটু, রুক্ষ, অগ্নিদীপক, কষায়রস, শীতবীর্য্য। ইহা অর্শঃ, অতিসার, রক্তপিত্ত, কফ, তৃষ্ণা, আমদোষ ও কুষ্ঠরোগ নাশক।

কুটজপুষ্প বায়ুজনক, শীতবীর্য্য, তিক্তরস। ইহা পিত্তদোষ ও অতিসার নাশকরে।

---

## ইন্দ্রযবনামগুণাঃ।

ইন্দ্রযবস্তস্য ফলং কলিঙ্গঃ কৌটজো মতঃ।
শক্রাহ্বঃ পুরুহূতশ্চ প্রোক্তো ভদ্রযবস্তথা ॥
ঐন্দ্রো যবস্ত্রিদোষঘ্নঃ সংগ্রাহী শীতলঃ কটুঃ।
জ্বরাতিসাররক্তার্শঃকৃমিকুষ্ঠবিসর্পনুৎ ॥

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে কুড়াকোরয়া; মহারাষ্ট্রে কাল্লাকুড়া, সফেদকুড়া, কুড়া; কর্ণাটে কোড়সিগেয়মরনু; তৈলঙ্গে অংকুড়্চেট্রু, অগিশচেট্রু ও তুন্তিক চট্রু অঙ্কেনু চঙ্গলকুষ্ঠ, এবং উৎকলে কুড়িয়া বলে। ইহার ডাক্তারী নাম Wrightia antidysentrica. রাইটিয়া আণ্টিডিসেণ্ট্রিকা।

পর্য্যায়। কুড়চীর ফলকে ইন্দ্রযব বলে। ইন্দ্রযব, কলিঙ্গ, কৌটজ, শক্রাহ্ব, পুরুহূত ও ভদ্রযব এইকয়টী ইন্দ্রযবের সংস্কৃত নাম।

গুণ—ইন্দ্রযব সংগ্রাহী, শীতবীর্য্য, কটুরস। ইহা ত্রিদোষ, জ্বরাতিসার, রক্তাতিসার, অর্শঃ, ক্বমি, কুষ্ঠ ও বীসর্পরোগ নাশক।

---

## মদননামগুণাঃ।

মদনশ্ছর্দ্দনঃ পিণ্ডো নটঃ পিণ্ডীতকঃ ফলম্।
করহাটশ্চ তগরঃ শল্যকো বিষপুষ্পকঃ॥
স্নেহপিণ্ডীতকশ্চৈব বস্তিশোধন এব চ।
ছর্দ্দনো বামনশ্চৈব স চ গালঃ প্রকীর্ত্তিতঃ॥
মদনো বান্তিকৃৎতিক্তো বীর্য্যোষ্ণো লেখনো লঘুঃ।
রুক্ষঃ কুষ্ঠকফানাহশোফগুল্মব্রণাপহঃ॥

পর্য্যায়। মদন, ছর্দ্দন, পিণ্ড, নট, পিণ্ডীতক, ফল, করহাট, তগর, শল্যক, বিষপুষ্পক, স্নেহপিণ্ডীতক, বস্তিশোধন, ছর্দ্দন, বামন ও গাল এইগুলি মদন ফলের (ময়নাফলের) সংস্কৃত নাম। †

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে ইন্দ্রজৌ ও উৎকলে ইন্দ্রযব, মহারাষ্ট্রে কুড্যাচেংবীজ, গুজরাটে ইন্দরযব, আসামে কুটজগুটী, কর্ণাটে কোড়সিগেয়বীজ বলে। ডাক্তারী নাম Seed of Holarrhena anti-dysenterica. সিড অব হোলা রহিনা এণ্টিডিসেণ্টি কা।

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে মইনফল, করহর, তৈলঙ্গে বসন্তকড়িমিচেট্টু, মণ্ডচেট্টু, মঙ্গচেট্টু, ও উন্মেত্তচেট্টু; উৎকলে পাতর; তামিলে মড়ুককুরয়; নেপালে মৈদল; পঞ্জাবে মিণ্ডকোল্ল; মহারাষ্ট্রে গেল্ল;

গুণ—মদনফল বমনকারক, তিক্ত, উষ্ণবীর্য্য, লেখন, লঘু ও রুক্ষ। ইহা কুষ্ঠ, কফ, আনাহ, শোথ, গুল্ম ও ব্রণ নাশক।

---

## কঙ্কুষ্ঠনামগুণাঃ।

কঙ্কুষ্ঠং কালকুষ্ঠঞ্চ * রেচনং রঙ্গনায়কম্।
শোধনং পুলকং হাসং বরাঙ্গং কিঞ্জবালুকম্॥
কঙ্কুষ্ঠং রেচনং তিক্তং কটূষ্ণং বর্ণকারকম্।
কৃমিশোথোদরাধ্মানগুল্মানাহকফাপহম্॥

পর্য্যায়। কঙ্কুষ্ঠ, কালকুষ্ঠ, মতান্তরে কাককুষ্ঠ, রেচন, রঙ্গনায়ক, শোধন, পুলক, হাস, বরাঙ্গ ও কিঞ্জবালুক এই কয়টী কঙ্কুষ্ঠের নাম। †

গুণ—কঙ্কুষ্ঠ রেচক, তিক্তকটুরস, উষ্ণবীর্য্য ও বর্ণকারক। ইহা কৃমি, শোথ, উদর, আধ্মান, গুল্ম, আনাহ ও কফ নাশক।

---

## হেমাহ্বা (চোক্) নামগুণাঃ।

হেমাহ্বা কনকক্ষীরী হেমপুষ্পী হিমাবতী
ক্ষীরিণী কাঞ্চনক্ষীরী কটুপর্ণী চ কর্ষণী॥

দাক্ষিণাত্যে মেনাহল বলে। লাটিন নাম Randia dumetorum, রেণ্ডিয়া ডিউমেটোরম্। ইংরাজী Bushy gardenia, বুসি গার্ডেনিয়া।

* কাককুষ্ঠমিতি পাঠান্তরম্।

† দেশভেদে নামভেদ। ইহাকে হিন্দীতে ও মহারাষ্ট্রে কাঙ্কুষ্ঠ, গুজরাটে পীলীয়ো বলে।

তিক্তদুগ্ধা হৈমবতী পীতদুগ্ধা হিমাদ্রিজা।
হেমক্ষীরী কাঞ্চনী চ তন্মূলং চোকমুচ্যতে॥
হেমাহ্বা রেচনী তিক্তা মাদিন্যুৎক্লেশকারিণী।
কৃমিপাণ্ডুকফানাহবিষকুষ্ঠবিনাশিনী॥

পর্য্যায়। হেমাহ্বা, কনকক্ষীরী, হেমপুষ্পী, হিমাবতী, ক্ষীরিণী, কাঞ্চনক্ষীরী, কটুপর্ণী, কর্ষণী, তিক্তদুগ্ধা, হৈমবতী, পীতদুগ্ধা, হিমাদ্রিজা, হেমক্ষীরী ও কাঞ্চনী এইগুলি শেয়াল কাঁটার সংস্কৃত নাম। ইহার মূলকে চোক্ বলে। *

গুণ—চোক্ বিরেচক, তিক্তরস, মাদক ও উৎক্লেশকারক। ইহা কৃমি, পাণ্ডু, কফ, আনাহ, বিষ ও কুষ্ঠরোগ নাশক।

---

## সাতলানামগুণাঃ। (সেহুণ্ডভেদঃ)

সাতলা বিদুলা সারা সপ্তলা বহুফেনকা।
বিমলা তু চর্ম্মকষা ফেনা দীপ্তা চ নালিকা॥
সাতলা কটুকা পাকে বাতলা শীতলা লঘুঃ।
তিক্তা শোথকফানাহপিত্তোদাবর্ত্তরক্তজিৎ॥

* দেশভেদে নামভেদ। ইহাকে হিন্দুস্থানে সত্যানাশী, কটেরী ভয়েবংদ পিসোলা, মহারাষ্ট্রে কাণ্টেধোত্রা, ফিরঙ্গী ধোত্রা, গুজরাটে দারুডী, কর্ণাটে চিক্কণিকেয়ভেদ, তামিলে ব্রহ্মদণ্ডুবিরই বলে। ইংরাজী নাম **Gamboje Thistle.**

পর্য্যায়। সাতলা, বিদুলা, সারা, সপ্তলা, বহুফেনকা, বিমলা, চর্ম্মকষা-ফেনা, দীপ্তা ও নালিকা, এইগুলি সাতলা অর্থাৎ চামারকষার নাম।

গুণ—সাতলা পাকে কটু, বায়ুবর্দ্ধক, শীতবীর্য্য, লঘুপাক ও তিক্তরস। ইহা শোথ, কফ, আনাহ, পিত্ত, উদাবর্ত্ত ও রক্তদোষ নাশক।

---

## অশ্মন্তকনামগুণাঃ।

অশ্মন্তো মালুকাপত্রো যুগ্মপত্রোঽল্পপত্রকঃ।
শ্লক্ষ্ণত্বগশ্বযোনিঃ স্যাৎ কুশলী পাপনাশনঃ॥
দ্বিতীয়োঽশ্মন্তকশ্চৈব গুণতস্তু স্মৃতোঽন্যথা।
অশ্মন্তস্তুবরো গ্রাহী শীতোষ্ণঃ কফবাতজিৎ।
নিহন্তি গণ্ডমালাস্রগলগণ্ডগলাময়ান্॥
তৎফলং লেখনং গ্রাহি গুরু শ্লেষ্মানিলাপহম্।
তন্মষী শস্ত্রঘাতে তু শ্রেষ্ঠা চ ব্রণরোপণে॥

পর্য্যায়। অশ্মন্তক, মালুকাপত্র, যুগ্মপত্র, অল্পপত্রক, শ্লক্ষ্ণত্বক্, অশ্বযোনি, কুশলী ও পাপনাশন এইগুলি অশ্মন্তকের (অম্লকুচার) নাম। †

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে শাতলা, মহারাষ্ট্রে নিবডুং-গাচাভেদ, গুজরাটে সাথেরং, কর্ণাটে বডোলসোতুলী, হিরীয়চট, কনশ, পারসীতে এশন্, আরবীতে সাতর ও ল্যাটিনে Origaum valgoris. অরিগেয়াম্ ভালগোরিস্ বলে।

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে চৌপতিয়া, আংববতী, কর্ণাটে পুলুম্বুনিসে বলে। ডাক্তারী নাম Woob Sorrel উড সরেল।

গুণ—অশ্মন্তক কষায়রস, মলসংগ্রাহক, শীতোষ্ণবীর্য্য। ইহা কফ, বাত, গণ্ডমালা, রক্তদোষ, গলগণ্ড ও সর্ব্বপ্রকার গলরোগ নাশক।

ইহার ফল লেখন, মলবদ্ধতাকারক, গুরুপাক, কফ ও বায়ু নাশক। ইহার মণী শস্ত্রাঘাত জন্য ক্ষতনাশক ও ব্রণরোপক।

---

## কাঞ্চনার-কোবিদারনামগুণাঃ।

কাঞ্চনারঃ কাঞ্চনকঃ পাকারী রক্তপুষ্পকঃ।
কোবিদারোঽস্য ভেদঃ স্যাৎ কুদ্দালঃ কুণ্ডলী কুলী॥
তাম্রপুষ্পশ্চমরিকো মহাযমলপত্রকঃ।
আস্ফোতোদ্দালকঃ স্বল্পকেশরশ্চ কুলাহলঃ॥
কাঞ্চনারো হিমো গ্রাহী তুবরঃ শ্লেষ্মপিত্তনুৎ।
কৃমিকুষ্ঠগুদভ্রংশগণ্ডমালাব্রণাপহঃ॥
কোবিদারোঽপি তদ্বৎ স্যাৎ পুষ্পং শীতং তয়োর্লঘু।
রুক্ষং সংগ্রাহি পিত্তাস্রপ্রদরক্ষতকাসনুৎ॥

পর্য্যায়। কাঞ্চনার, কাঞ্চনক, পাকারি, রক্তপুষ্পক, এইগুলি কাঞ্চনার অর্থাৎ রক্তকাঞ্চনের সংস্কৃত নাম। আর এক প্রকার কাঞ্চনার আছে, তাহা শ্বেতবর্ণ, তাহাকে কোবিদার বলে। কোবিদার, কুদ্দাল, কুণ্ডলী, কুলী, তাম্রপুষ্প, চমরিক, মহাযমলপত্রক, আস্ফোত, উদ্দালক, স্বল্পকেশর ও কুলাহল এইগুলি কোবিদারের শ্বেতকাঞ্চনের সংস্কৃত নাম। *

* দেশভেদে নামভেদ।—কাঞ্চনকে হিন্দুস্থানে কচ্‌নার, মহারাষ্ট্রে কাংচমু, কোরল ও কর্ণাটে কোচালে, গুজরাটে চম্পাকাটী, তৈলঙ্গে দেবকাঞ্চন, আসামে কাঞ্চন্ বলে। ডাক্তারীনাম Banheria Variegeta বেনহেরিয়া ভেরিগেটা।

গুণ—কাঞ্চনার শীতবীর্য্য, গ্রাহী, কষায়। ইহা শ্লেষ্মা ও পিত্তনাশক, কৃমি, কুষ্ঠ, গুহ্যভ্রংশ, গণ্ডমালা ও ব্রণ রোগ নাশক। কোবিদারের গুণ কাঞ্চনারেরই তুল্য। কোবিদার ও কাঞ্চনার উভয়ের পুষ্প—শীতবীর্য্য, লঘুপাক, রুক্ষ, সংগ্রাহি, রক্তপিত্ত, ক্ষত, কাস ও প্রদর রোগ নাশক।

---

## নির্গুণ্ডীদ্বয়নামগুণাঃ।

নির্গুণ্ডী শ্বেতকুসুমঃ সিন্দুকঃ সিন্দুবারকঃ।
ভূতকেশ্যপরো নীলসিন্দুকো নীলপুষ্পকঃ॥
শেফালিকা শীতভীরুর্ব্বর্ণকো নীলমঞ্জরী।
নির্গুণ্ডী স্মৃতিদা তিক্তা কষায়া কটুকা লঘুঃ॥
কেশ্যা নেত্রহিতা হন্তি শূলশোথামমারুতান্।
কৃমিকুষ্ঠারুচিশ্লেষ্মব্রণান্ নীলাপি তদ্বিধা॥

পর্য্যায়। নির্গুণ্ডী, শ্বেতকুসুম, সিন্দুক, সিন্দুবারক এই কয়টি নির্গুণ্ডী অর্থাৎ (শ্বেত) নিসিন্দার সংস্কৃত নাম। আর একপ্রকার নীলবর্ণের নিসিন্দা আছে। ভূতকেশী, নীলসিন্দুক, নীলপুষ্পক, শেফালিকা, শীতভীরু, বর্ণক ও নীলমঞ্জরী এই গুলি নীল নিসিন্দার সংস্কৃত নাম। *

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে শম্ভালু, সিহরু, মহারাষ্ট্রে লিঙ্গুর, নির্গুণ্ডী, তৈলঙ্গে ববিল্লি, বোম্বায়ে নির্গুণ্ডী, কলঅডলুসা ও তামিলে নিনোচি, গুজরাটে নাগড্য, নাগড্যনাচী, কর্ণাটে করিয়ল্লাক্কিমেঊডী, বিলিয়লোকে, দ্রাবিড়ে কালিসুম্বালি, পঞ্জাবে বণা, লহরি, ফারসীতে পরংগুষ্ট ও আরবীতে অসলুক বলে। ইংরাজী নাম Eiveleaved chaste tree, ইহার ডাক্তারী নাম Vitex trifolia, ভিটেক্স ট্রিফোলিয়া।

গুণ।—নিসিন্দা স্মরণ-শক্তিবর্দ্ধক, তিক্তকষায়রস, কটু, লঘুপাক, কেশবর্দ্ধক, চক্ষুর হিতকর। ইহা শূল, শোথ, আমবাত, কৃমি, কুষ্ঠ, অরুচি, শ্লেষ্মা ও ব্রণনাশক। নীলনিসিন্দা শ্বেত নিসিন্দার ন্যায় গুণযুক্ত।

---

## মেষশৃঙ্গী-বৃশ্চিকালীনামগুণাঃ।

মেষশৃঙ্গী মেষবল্লী সর্পদংষ্ট্রাজশৃঙ্গিকা।
তিক্তদুগ্ধাক্ষিভৈষজ্যং পুত্রশ্রেণী বিষাণিকা॥
মতা সা বৃশ্চিকালীতি ত্রপুষীমপরে জগুঃ॥
উষ্ট্রী লোমশপুষ্পা চ ধীবৃক্ষা ঘনশৃঙ্গিকা।
বিষঘ্না পাদবৃক্ষশ্চ কালী চক্ষুষ্য এবচ॥
বামাবর্ত্তা বিষহরী কালিকা নেত্রভেষজা।
সক্ষীরা কর্কশা যুগ্মফলা চোত্তরবাহিনী।
অন্যা তু দক্ষিণাবর্ত্তা বৃশ্চিকালী বিষাণিকা॥
অপরা বৃশ্চিকাপত্রী তথা চর্ম্মকবৃন্তিকা।
বদরা মেঘপুষ্পা চ তথা ভাস্বরপুষ্পিকা॥
কাসজিদ্বাতশমনী বৃশ্চিকালী বিষাপহা।
মেষশৃঙ্গী রসে তিক্তা বাতলা কাসনাশনী।
রুক্ষা পাকে কটুঃ পক্তব্রণশ্লেষ্মাক্ষিশূলনুৎ॥
মেষশৃঙ্গীফলং তিক্তং কুষ্ঠমেহকফপ্রণুৎ।
দীপনং স্রংসনং কাস-ক্রিমিব্রণ বিষাপহম্॥

পর্য্যায়। মেষশৃঙ্গী, মেষবল্লী, সর্পদংষ্ট্রা, অজশৃঙ্গিকা, তিক্তদুগ্ধা, অক্ষিভৈষজ্য, পুত্রশ্রেণী, বিষাণিকা, উষ্ট্রী, লোমশপুষ্পা, ধীবৃক্ষা, ঘনশৃঙ্গিকা, বিষঘ্না, পাদবৃক্ষ, কালী, চক্ষুষ্য, বামাবর্ত্তা, বিষহরী, কালিকা, নেত্রভেষজা, সক্ষীরা, কর্কশা, যুগ্মফলা ও উত্তরবাহিনী এইগুলি মেষশৃঙ্গীর সংস্কৃত নাম। ইহা বামাবর্ত্তা ইহাকে কেহ কেহ বৃশ্চিকালী কেহ বা ত্রপুষী বলে। আর একপ্রকার মেষশৃঙ্গী আছে, তাহা দক্ষিণাবর্ত্তা বৃশ্চিকালী, বিষাণিকা এইগুলি তাহার সংস্কৃত নাম। আর এক প্রকারের মেষশৃঙ্গীকে বৃশ্চিকাপত্রী, চর্ম্মকবৃন্তিকা, বদরা, মেঘপুষ্পা, ভাস্বরপুষ্পিকা বলে। *

গুণ—মেষশৃঙ্গী তিক্তরস, বায়ুবর্দ্ধক, রুক্ষ, পাকে কটু, কাস, পিত্ত, ব্রণ, শ্লেষ্মা ও নেত্রশূল নাশক। বৃশ্চিকালী কাস, বায়ুঃও বিষনাশক। মেষশৃঙ্গীর ফল তিক্ত, অগ্নিদীপক, মলভেদক, কুষ্ঠ, কাস, মেহ, কফ, কৃমি, ব্রণ ও বিষনাশক।

---

## পুনর্নবাদ্বয়নামগুণাঃ।

পুনর্নবা শ্বেতমূলা পৃথ্বীকা দীর্ঘপত্রিকা।
বিশাখঃ সিতবর্ষাভূঃ পুনর্ভূর্ম্মণ্ডলচ্ছদা॥
পুনর্নবারুণাপ্যুক্তা রক্তপুষ্পা কঠিল্লকঃ।
ক্রূরকঃ ক্ষুদ্রবর্ষাভূর্বর্ষকেতুঃ শিবাটিকা॥
পুনর্নবা সরা তিক্তা রুক্ষোষ্ণা মধুরা কটুঃ।
শোফানিলব্রণশ্লেষ্মহরা রুচ্যা রসায়নী॥

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে মেঢ়াশীঙ্গী, কর্ণাটে উরিয়-মর, মহারাষ্ট্রে মেণ্ডফলী, কেবণীচ্যা শেঙ্গা, গুজরাটে মঢ়াশিঙ্গী, আটড়িণী শীঙ্গ, কারসীতে কিস্ত, আরবীতে বর্কিস্ত বলে, ইংরাজীতে Screwtree. ক্ষুষ্ট্রী বলে।

পুনর্নবারুণা তিক্তা কটুপাকা হিমা লঘুঃ।
বাতলা গ্রাহিণী শ্লেষ্মরক্তপিত্তবিনাশিনী ॥

পর্য্যায়। পুনর্নবা, শ্বেতমূলা, পৃথ্বীকা, দীর্ঘপত্রিকা, বিশাখ, সিতবর্ষাভূ, পুনর্ভূ, মণ্ডলচ্ছদা, এই গুলি শ্বেতপুনর্নবার সংস্কৃত নাম। আর একপ্রকার পুনর্নবা আছে তাহা রক্তবর্ণ। রক্তপুষ্পা, কঠিল্লক, ক্রূরক, ক্ষুদ্রবর্ষাভূ, বর্ষকেতু, শিবাটিকা, এই কয়টি রক্তপুনর্নবার সংস্কৃত নাম। *

গুণ—শ্বেতপুনর্নবা সারক, কটুতিক্তমধুররস, রুক্ষ, উষ্ণবীর্য্য, রুচিকর ও রসায়ন। ইহা শোথ, বায়ু, ব্রণ ও কফ নাশক। রক্তপুনর্নবা তিক্ত, কটুপাক, শীতবীর্য্য, লঘু, বাতবর্দ্ধক, গ্রাহি, শ্লেষ্ম ও রক্তপিত্ত নাশক।

---

## রাস্নানামগুণাঃ।

রাস্না রস্যা যুক্তরসা রসনা গন্ধনাকুলী।
সুগন্ধমূলাতিরসা শ্রেয়সী সুবহা রসা ॥
রাস্নামপাচনী তিক্তা গুরূষ্ণা শ্লেষ্মবাতজিৎ।
শোথশ্বাসসমীরাস্রবাতশূলোদরাপহা ॥

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে বিষখপরা, মহারাষ্ট্রে পাণ্ডরীঘেণ্টূলী, সাঁঠ, কর্ণাটে বিলিয়তুবেল্লড় কিলু, তৈলঙ্গে অতিকমমেদি, তামিলে মুকরত্তেকিরে ও বোম্বায়ে পুনর্নবা, গুজরাটে, সাটোড়ী, আরবীতে হংদকূকী বলে। ইংরাজীতে **Spraeding Hogneed.** ল্যাটীনে নাম **Boerhaavia diffusa.** বোয়েরহ্যাভিয়া ডিফিউসা।

পর্য্যায়। রাস্না, রস্না, যুক্তরসা, রসনা, গন্ধনাকুলী, সুগন্ধমূলা, অতিরসা, শ্রেয়সী, সুবহা ও রসা এই গুলি রাস্নার সংস্কৃত নাম। *

গুণ—রাস্না আমদোষের পাচক, তিক্তরস, গুরু, উষ্ণবীর্য্য। ইহা শ্লেষ্মা, বায়ু, শোথ, শ্বাস, বাতরক্ত, বায়ুজনিত শূল ও উদর রোগনাশক।

---

## অশ্বগন্ধানামগুণাঃ।

অশ্বগন্ধা তুরঙ্গাহ্বা গোকর্ণাশ্বাবরোহকঃ।
বরাহকর্ণী বরদা বল্যা বাজীকরী বৃষা॥
অশ্বগন্ধানিলশ্লেষ্মশোথশ্বিত্রক্ষয়াপহা।
বল্যা রসায়নী তিক্তা কষায়োষ্ণাতিশুক্রলা॥

পর্য্যায়। অশ্বগন্ধা, তুরঙ্গাহ্বা অর্থাৎ ঘোটকবাচক শব্দ সমস্ত, গোকর্ণা, অশ্বাবরোহক, বরাহকর্ণী, বরদা, বল্যা, বাজীকরী ও বৃষা, এই গুলি অশ্বগন্ধার সংস্কৃত নাম। †

গুণ—অশ্বগন্ধা বলকর, রসায়ন, তিক্ত কষায়রস, উষ্ণবীর্য্য ও অতিশুক্র-বর্দ্ধক এবং বায়ু, কফ, শোথ, শ্বিত্র ও ক্ষয় রোগনাশক।

---

* দেশভেদে নামভেদ।—ইহার হিন্দী নাম রাসন, রহসনী, রাস্না; মহারাষ্ট্রী নাম হ্যাবলীচ্যা মুল্যা; গুজরাটী রাসনা কেদারে প্রসিদ্ধা, তৈলঙ্গী নাম রাসনা পুডকা, কিরস্মিচক্ক, অস্তর দামর; ফারসী রাস্নুন; আরবী জংজবীলশামী; ডাক্তারী নাম Yanda Roxburghie. ভাণ্ডা রক্সবারগি।

† দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে অস্গন্ধ ও বারাহীগেঠী, মহারাষ্ট্রে আসংধ, আসকন্দ ও আসংধিকা। গুজরাটে আখসংধ, কর্ণাটে আসাদ্, অংগুর, তৈলঙ্গে পিল্লিআংঙ্গা। ফারসীতে মেহেমনবররী। ল্যাটিন Physalis Somnifero ডাক্তারী নাম Withania Somnifera উইথানিয়া সমনিফেরা

## প্রসারণীনামগুণাঃ।

প্রসারণী রাজবলা চারুপর্ণী প্রতানিকা।
সরণী সারণী ভদ্রপর্ণী সুপ্রসরা সরা॥
প্রসারণী গুরুর্ব্বৃষ্যা সন্ধানবলকৃৎ সরা।
বীর্য্যোষ্ণা বাতনুৎ তিক্তা বাতরক্তকফাপহা॥

পর্য্যায়। প্রসারণী, রাজবলা, চারুপর্ণী, প্রতানিকা, সরণী, সারণী, ভদ্রপর্ণী, সুপ্রসরা, সরা এই গুলি প্রসারণী অর্থাৎ গন্ধভাদালের সংস্কৃত নাম। *

গুণ—গন্ধভাদাল গুরু, বৃষ্য, ভগ্নসন্ধায়ক, বলবর্দ্ধক, সারক, উষ্ণবীর্য্য, তিক্তরস। ইহা বায়ুনাশক, বাতরক্ত ও কফনাশক।

---

## শতাবরীনামগুণাঃ।

শতাবরী দ্বীপিশত্রুর্দ্বীপিকাধরকণ্টকা।
নারায়ণী শতপদী শতাহ্বা বহুপত্রিকা॥
শতাবরী গুরুঃ শীতা স্বাদুঃ স্নিগ্ধা রসায়নী।
শুক্রস্তন্যকরী বল্যা বাতপিত্তাস্রশোথজিৎ॥

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে গান্ধালি, গন্ধালি, পসরন ও গন্ধপ্রসারণী, মহারাষ্ট্রে চাঁদবেল, কর্ণাটে হেসরণে, তৈলঙ্গে গোন্তেম গোরুচেট্টু ও সবিরেলচেট্টু, গুজ্‌রাটে প্রসারণ বেল্য বলে। ডাক্তারী নাম **Paederia foetida.** পোয়েডেরিয়া ফোয়েটিডা।

পর্য্যায়। শতাবরী, দ্বীপিশত্রু, দ্বীপিকা, অধরকণ্টকা, নারায়ণী, শতপদী, শতাহ্বা ও বহুপত্রিকা এইগুলি শতমূলীর সংস্কৃত নাম। *

গুণ—শতমূলী গুরুপাক, শীতবীর্য্য, স্বাদু, স্নিগ্ধ, রসায়ন, শুক্র ও স্তন্যবর্দ্ধক, বলকর, বায়ু, পিত্ত, রক্তদোষ ও শোথ নাশক।

---

## মহাশতাবরীনামগুণাঃ।

শতাবর্য্যূর্দ্ধকণ্টাহিন্যা পীবরীন্দীবরী বরী।
অভীরুর্বহুপত্রা চ মহাপুরুষদন্তিকা॥
সহস্রবীর্য্যা কেশী স্যাৎ তুঙ্গিনী সূক্ষ্মপত্রিকা।
মহাশতাবরী মেধ্যা হৃদ্যা বৃষ্যা রসায়নী॥
শীতবীর্য্যা নিহন্ত্যর্শোগ্রহণীনয়নাময়ান্।
তদঙ্কুরস্ত্রিদোষঘ্নো লঘুরর্শঃক্ষয়াপহঃ॥

পর্য্যায়।—শতাবরী, ঊর্দ্ধকণ্ঠা, পীবরী, ইন্দীবরী, বরী, অভীরু, বহুপত্রা, মহাপুরুষদন্তিকা, সহস্রবীর্য্যা, কেশী, তুঙ্গিনী ও সূক্ষ্মপত্রিকা এই গুলি মহাশতাবরী অর্থাৎ বড় শতমূলীর সংস্কৃত নাম।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে শতাবর ও বড়ীশতাবর, মহারাষ্ট্রে লঘুশতাবর, শতমূলী, আসবলী, বড়ীশতাবর, সহস্রমূলী, কর্ণাটে কিরিপ আসড়ি, পরডু আসড়ী, তৈলঙ্গে এহুমট্টীটেঙাচল্ল, চল্লগড্ডলু, বোম্বায়ে শতাবরী, গুজরাটে শতাবরী, একলকংটো শাপনাশুবা, ফারসীতে গুর্জ্জদস্তি, আসামে শত্মুল, আরবীতে শকাকুলমিস্ত্রী বলে। ইহার ডাক্তারী নাম **Asparagus racemosus**, এ্যাসপ্যারাগস্ রেসমোসস্।

গুণ—বড়শতমূলী মেধাবর্দ্ধক, হৃদয়গ্রাহক, বৃষ্য, রসায়ন গুণযুক্ত ও শীতবীর্য্য। ইহা অর্শঃ, গ্রহণী ও নেত্ররোগনাশক। ইহার অঙ্কুর ত্রিদোষঘ্ন-লঘু, অর্শঃ ও ক্ষয়রোগনাশক।

## বলানামানি।

বলা বাট্যালকা শীতপাকী বাট্যোদনাহ্বয়া।
ভদ্রৌদনী সমঙ্গা স্যাৎ সমাংশা খরযষ্টিকা॥

পর্য্যায়।—বলা, বাট্যালক, শীতপাকী, বাটী, ওদনাহ্বয়া, ভদ্রা, ওদনী-সমঙ্গা, সমাংশা ও খরযষ্টিকা এই গুলি বেড়েলার সংস্কৃত নাম। *

---

## মহাবলানামানি।

মহাবলা বীরপুষ্পী সহদেবী বৃহদ্বলা।
বাট্যায়নী দেবসহা বাট্যা স্যাৎ পীতপুষ্পিকা॥
গন্ধবর্ণা মহাগন্ধা বর্ষাপুষ্পা প্রসাদনী॥

পর্য্যায়।—মহাবলা, বীরপুষ্পী, সহদেবী, বৃহদ্বলা, বাট্যায়নী, দেবসহা-বাট্যা, পীতপুষ্পিকা, গন্ধবর্ণা, মহাগন্ধা, বর্ষাপুষ্পা ও প্রসাদনী এইগুলি সহদেবী অর্থাৎ পীতবলার নাম। †

---

* দেশভেদে নামভেদ।—বলাকে হিন্দীতে খিরৈটী, বরিয়ারা বীজবন্দ, মহারাষ্ট্রে লঘুচিকণা, খিরহন্টী, থোর চিকণা, গুজরাটে বলদানা খরেটী, কর্ণাটে বেণেগরগ, তৈলঙ্গে মুর্পিডী, আসামে সোন বড়িযাল, ল্যাটিনে Sidacoraifolia. ইংরাজীতে Hornbeam-leaved Sida, Heart-leaved sida বলে।

† মহাবলাকে হিন্দীতে সহদেঈ, বাঙ্গলায় পীতপুষ্প বেড়েলা, মহারাষ্ট্রে ভাংভুর্ড়ি, গুজরাটে সহদেবী, কর্ণাটে বেল্লুরুবে, ল্যাটিনে Sida Rhombifolia.

## অতিবলানামানি। ( পিটারিণীনাম )

বলিকাতিবলা ভারদ্বাজী স্যাদৃষ্যগন্ধিকা ॥

পর্য্যায়।—বলিকা, অতিবলা, ভারদ্বাজী ও ঋষ্যগন্ধিকা এই গুলি অতিবলার নাম।

---

## নাগবলানামানি।

গাঙ্গেরুকী নাগবলা বিশ্বদেবা গবেধুকা ॥

পর্য্যায়।—গাঙ্গেরুকী, নাগবলা, বিশ্বদেবা ও গবেধুকা এই কয়টী নাগবলার নাম। †

---

## বলাচতুষ্টয়গুণাঃ।

বলাচতুষ্টয়ং শীতং মধুরং বলকান্তিকৃৎ।
স্নিগ্ধং গ্রাহি সমীরাস্র-পীনসক্ষতনাশনম্ ॥
আসাং বৃহদ্বলা কৃচ্ছ্রং হন্তি বাতানুলোমনী ॥
গুর্ব্বী-নাগবলা বৃষ্যা বিশেষাদ্ রক্তপিত্তজিৎ
বল্যা রসায়নী পুংস্ত্ববর্দ্ধিনী বৃংহণী তথা।

* অতিবলাকে হিন্দীতে কঙ্গহী, কঙ্ঘী, ককহিয়া ; মহারাষ্ট্রে বিকঙ্কিতী, আককই, কাংস্লুলী, গুজরাটে খপাট্য, কর্ণাটে মুদ্রুদুর্কবে ইংরাজীতে Indian Malow, ল্যাটিনে Abutilon indicum.

† নাগবলাকে হিন্দীতে গঙ্গেরন, গুলসকরী বাঙ্গলায় গোরক্ষচাকুলে, পানসাঁড়া ; মহারাষ্ট্রে গাঙ্গেটী, গাণ্ডে ধামন, কোকণে তুপকডী, কর্ণাটে বট্টগরুকে ও ল্যাটিনে Sida spinosa.

তস্যাঃ ফলং হিমং স্বাদু স্তম্ভনং গুরু লেখনম্।
বিবন্ধাধ্মানজননং রক্তপিত্তনিবর্হণম্॥

গুণাঃ।—বলা, মহাবলা, অতিবলা ও নাগবলা এই চারি প্রকার বেড়েলাই শীতবীর্য্য, মধুররস, বলকর, কান্তিবর্দ্ধক, স্নিগ্ধ গ্রাহি এবং বাতরক্ত, পীনস ও ক্ষয়রোগ নাশক। ইহাদের মধ্যে মহাবলা বিশেষতঃ মূত্রকৃচ্ছ্রনাশক ও বায়ুর অনুলোমকারক। নাগবলা গুরুপাক, বৃষ্য, বিশেষতঃ রক্তপিত্তনাশক, বলকর, রসায়নগুণযুক্ত, পুরুষত্ববর্দ্ধক ও পুষ্টিজনক। নাগবলার ফল শীতবীর্য্য, স্বাদু, স্তম্ভনকারক, গুরুপাক, লেখন অর্থাৎ কৃশতাকারক, বিবন্ধ ও আধ্মানকর এবং রক্তপিত্তনাশক।

---

## তেজবতীনামগুণাঃ।

তেজস্বিনী তেজবতী তেজনী * লঘুবল্কলা।
মহৌজসী পারিজাতা শীতা তিক্তাতিতেজনী॥
তেজস্বিনী কফশ্বাসকাসাস্যাময়বাতজিৎ।
পাচন্যুষ্ণা কটুস্তিক্তা রুচিবহ্নিপ্রদীপনী॥

পর্য্যায়।—তেজস্বিনী, তেজবতী, তেজনী (তেজোহ্বা), লঘুবল্কলা, মহৌজসী, পারিজাতা, শীতা, তিক্তা ও অতিতেজনী এইকয়টী তেজস্বিনী অর্থাৎ বড় লতাফট্‌কীর নাম। †

---

* তেজোহ্বা ইত্যপি পাঠঃ।

† দেশভেদে নামভেদ। ইহাকে হিন্দুস্থানে ও গুজরাটে তেজবল, মহারাষ্ট্রে তেজবল, তির্পানী; দাক্ষিণাত্যে জলধরী বলে। ইংরাজী নাম Toothache tree.

গুণ।—বড়লতাফট্‌কী পাচক, উষ্ণবীর্য্য, কটু তিক্ত রস, রুচিকারক ও অগ্নিবর্দ্ধক এবং কফ, শ্বাস, কাস, মুখরোগ ও বাতনাশক।

---

## জ্যোতিষ্মতীনামগুণাঃ।

জ্যোতিষ্মতী বহ্নিরুচিঃ কঙ্গুনী কটভী তথা।
জ্যোতিষ্মতী কটুস্তিক্তা সরা কফসমীরজিৎ॥
অত্যুষ্ণা বামনী তীক্ষ্ণা বহ্নিবুদ্ধিস্মৃতিপ্রদা॥

পর্য্যায়।—জ্যোতিষ্মতী, বহ্নিরুচি, কঙ্গুনী ও কটভী এইকয়টী লতাফট্‌কীর পর্য্যায়। *

গুণ।—লতাফট্‌কী কটু, তিক্ত, সারক, অত্যুষ্ণ, বমনকারক, তীক্ষ্ণবীর্য্য, অগ্নিবর্দ্ধক, বুদ্ধিপ্রদ ও স্মরণশক্তিবর্দ্ধক এবং কফ ও বায়ুনাশক।

---

## দেবদারুনামগুণাঃ।

দেবদারুঃ সুরাহ্বঃ স্যাদ্ ভদ্রদারুঃ সুরদ্রুমঃ।
ভদ্রকাষ্ঠং স্নেহবৃক্ষঃ কিলিমং শক্রদারু চ॥
দেবদারু কটু স্নিগ্ধং তিক্তোষ্ণং লঘু নাশয়েৎ।
আধ্মানজ্বরশোথামহিক্কাকণ্ডূকফানিলান্॥

---

* দেশভেদে নামভেদ। ইহাকে হিন্দুস্থানে মালকাঙ্গুনী, কাকুমর্দ্দনিকা, বড়ীমালকাঙ্গুনী, উমিজিনী; গুজরাটে মালকাঙ্গণী, মহারাষ্ট্রে মানকাঙ্গোণী, পিংগবী, কর্ণাটে কোগুএরণ্ডু এবং তৈলঙ্গে বাবজী, বেক্ কুড়ুতোগে ফারসীতে কাল বলে। ডাক্তারি নাম Cardiospermum Halicaacabum, ক্যার-ডিয়সপ্যারমম্ হ্যালিকাকাবম্, ইংরাজী নাম Staff tree.

পর্য্যায়।—দেবদারু, সুরাহ্ব, ভদ্রদারু, সুরদ্রুম, ভদ্রকাষ্ঠ, স্নেহবৃক্ষ, কিলিম ও শক্রদারু এইগুলি দেবদারুর সংস্কৃত নাম। *

গুণ।—দেবদারু কটু, স্নিগ্ধ, তিক্ত, উষ্ণবীর্য্য, লঘু। ইহা আধ্মান, জ্বর, শোথ, আমদোষ, হিক্কা, কণ্ডু, কফ ও বায়ুনাশক।

---

## সরলনামগুণাঃ।

সরলো নন্দনঃ পীতো নমেরুর্ধূপবৃক্ষকঃ (ক)॥
পীতদারুঃ পীতবৃক্ষো মহাদীর্ঘঃ কলিদ্রুমঃ॥
সরলঃ কটুকঃ পাকে রসতো মধুরো লঘুঃ।
উষ্ণঃ স্নিগ্ধঃ সমীরাক্ষিকণ্ঠকর্ণাময়াপহঃ॥

পর্য্যায়।—সরল, নন্দন, পীত, নমেরু, ধূপবৃক্ষক (দীপবৃক্ষক), পীতদারু, পীতবৃক্ষ, মহাদীর্ঘ ও কলিদ্রুম এইকয়টী সরলবৃক্ষের (ধূনাবৃক্ষের) সংস্কৃত নাম। †

গুণ।—সরলকাষ্ঠ কটুবিপাক, মধুররস, লঘুপাক, উষ্ণবীর্য্য, স্নিগ্ধ। ইহা বায়ুরোগ, নেত্ররোগ, কণ্ঠরোগ ও কর্ণরোগনাশক।

---

* দেশভেদে নামভেদ। ইহার হিন্দী নাম দেবদারু, মহারাষ্ট্রী তেল্যা, দেবদার, গুজরাটী দেবদার, কর্ণাটী চোপড়া দেবদারু, কাষ্ঠ দেবদারু, তৈলঙ্গী দেবদারু চেক্কা, ফারসী দেবদার, আরবী শজর তুলজীন, ল্যাটিন **Cedrus Deodara**, ডাক্তারী নাম **Pinus Deodara** পাইনস্ ডেওডারা।

† দেশভেদে নামভেদ। ইহার নাম হিন্দুস্থানে চিরকা পড়, সরল ও ধূপসরল, মহারাষ্ট্রে ও গুজরাটে সরল দেবদার, বোম্বায়ে স্থরুচে ঝাড়, তৈলঙ্গে সরল দেবদারু, গরিকে ও সরল দেবদারিচেট্টু, তামিলে সরলদেবদারী এবং দাক্ষিণাত্যে চির্। ইংরাজী নাম **Pinus Longifolia** পাইনস্ লঙ্গিফোলিয়া।

(ক) দীপবৃক্ষক ইত্যপি পাঠঃ।

## পুষ্করমূলনামগুণাঃ।

পৌষ্করাহ্বং পদ্মপত্রং পৌষ্করং পুষ্করাহ্বয়ম্।
কাশ্মীরং পুষ্করজটা মূলং বীরং সুগন্ধিকম্॥
পৌষ্করং কটুকং তিক্তমুষ্ণং বাতকফজ্বরান্।
হন্তি শোফারুচিশ্বাসান্ বিশেষাৎ পার্শ্বশূলজিৎ॥

পর্য্যায়।—পৌষ্করাহ্ব, পদ্মপত্র, পৌষ্কর, পুষ্করাহ্বয় (পুষ্করবাচকশব্দসমস্ত), কাশ্মীর, পুষ্করজটা, মূল, বীর ও সুগন্ধিক এইকয়টী পুষ্করমূলের (কুড়বিশেষের) সংস্কৃত নাম। *

গুণ।—পুষ্করমূল কটু, তিক্ত ও উষ্ণবীর্য্য। ইহা বায়ু, কফ, জ্বর, শোথ, অরুচি, শ্বাস ও বিশেষতঃ পার্শ্বশূল নাশ করে।

---

## কুষ্ঠনামগুণাঃ।

কুষ্ঠং রোগাহ্বয়ং বাপ্যং কৌবেরং পারিভদ্রকম্।
বানী(ণী)রজং পারিভাব্যমুৎপলং পারিহার্য্যকম্ (ক)॥
কুষ্ঠমুষ্ণং কটু স্বাদু তিক্তং শুক্রপ্রদং লঘু।
হন্তি বাতাস্রবীসর্পকুষ্ঠকাসমরুৎকফান্॥

* দেশভেদে নামভেদ। ইহাকে কাশ্মীরে পাতালপদ্মিনী, হিন্দুস্থানে পোহকরমূল ও তৈলঙ্গে পুষ্কর দেশংলো প্রসিদ্ধ মৈন ওষধিবিশেষমু, গুজরাটে পোকরমূল, মহারাষ্ট্রে ও কর্ণাটে পুষ্করমূল বলে। ইহা কুড় বিশেষ। ডাক্তারী নাম Root of Alpotaxis auriculata রুট্ অব এ্যালোপোটাক্সিস অরিকুলেটা।

(ক) হরিভদ্রমিত্যপি পাঠঃ।

পর্য্যায়।—কুষ্ঠ, রোগাহ্বয় (রোগবাচক শব্দ সমস্ত), বাপ্য, কৌবের, পারিভদ্রক, বাণীরজ, বানীরজ, পারিভাব্য, উৎপল, পারিহার্য্যক ও হরিভদ্রক এইকয়টী কুষ্ঠের (কুড়ের) সংস্কৃত নাম। *

গুণ।—কুড় উষ্ণবীর্য্য, কটু, স্বাদু, তিক্ত রস, শুক্রবর্দ্ধক ও লঘু। ইহা বাতরক্ত, বীসর্প, কুষ্ঠ, কাস, বায়ু ও কফ নাশ করে।

---

## কর্কটশৃঙ্গীনামগুণাঃ।

শৃঙ্গী কুলীরশৃঙ্গী স্যাদ্বক্রা† কর্কটশৃঙ্গিকা।
কর্কটাখ্যা মহাঘোষা শৃঙ্গনাম্নী নতাঙ্গ্যপি॥
শৃঙ্গী কষায়া তিক্তোষ্ণা হন্তি হিক্কারুচিজ্বরান্।
তৃষ্ণাবমিকফশ্বাসক্ষয়কাসোর্দ্ধমারুতান্॥

পর্য্যায়।—শৃঙ্গী, কুলীরশৃঙ্গী, বক্রা (চক্রা), কর্কটশৃঙ্গিকা, কর্কটাখ্যা, মহাঘোষা, শৃঙ্গনাম্নী শৃঙ্গবাচকশব্দসমস্ত ও নতাঙ্গী এইগুলি কাঁকড়াশৃঙ্গীর সংস্কৃত নাম। ※

গুণ—কাঁকড়া শৃঙ্গী কষায়, তিক্তরস, উষ্ণবীর্য্য। ইহা হিক্কা, অরুচি, জ্বর, তৃষ্ণা, বমন, কফ, শ্বাস, ক্ষয়, কাস ও উর্দ্ধগ বায়ু রোগ নাশ করে।

---

* দেশভেদে নামভেদ। ইহাকে হিন্দুস্থানে কুঠ, মহারাষ্ট্রে কোষ্ঠ, গুজরাটে কুঠ উপলেট, তৈলঙ্গে চেঙ্গলিকোষ্ঠ বা চঙ্গল কাষ্ঠ, ফরাসীতে কোশ্নহ, আরবীতে কুস্তবেহেরী বলে। ইহার ডাক্তারী নাম Sausurea Auriculata, সশুরিয়া অরিকুলেটা।

† চক্রা ইত্যপি পাঠঃ।

※ দেশভেদে নামভেদ। ইহাকে হিন্দুস্থানে ককড়াশিঙ্গী ও ককর শিং, মহারাষ্ট্রে কাঙ্কড়া শিঙ্গী, কর্ণাটে কর্কটিশৃঙ্গী ও তৈলঙ্গে কর্কটাশৃঙ্গী বলে। ডাক্তারী নাম Rhus Succedanea. রস সকসিডানিয়া।

## কট্‌ফলনামগুণাঃ।

কট্‌ফলং কুমুদা কুম্ভী শ্রীপর্ণী সোমপাদপঃ।
সোমবল্কো মহাকুম্ভী ভদ্রা ভদ্রবতী শিবা ॥
কট্‌ফলং তুবরং তিক্তং কটু বাতকফজ্বরান্‌।
হন্তি শ্বাসপ্রমেহার্শঃকাসকণ্ঠাময়ারুচীঃ ॥

পর্য্যায়।—কট্‌ফল, কুমুদা, কুম্ভী, শ্রীপর্ণী, সোমপাদপ, সোমবল্ক, মহাকুম্ভী, ভদ্রা, ভদ্রবতী ও শিবা এই কয়টী কট্‌ফলের সংস্কৃত নাম। *

গুণ—কট্‌ফল কষায়, তিক্ত ও কটু। ইহা বায়ু, কফ, জ্বর, শ্বাস, প্রমেহ, অর্শঃ, কাস, কণ্ঠরোগ ও অরুচি নাশক।

---

## রোহিষনামগুণাঃ।

রোহিষং কত্তৃণং ভূতির্ভূতীকং সরলং তৃণম্‌।
শ্যামলং যুগদলং পৌরং ধ্যামকং দেবগন্ধকম্‌ † ॥
রোহিষং কটুকং পাকে তিক্তোষ্ণং তুবরং জয়েৎ।
কণ্ঠমারুতপিত্তাস্রক্ষতকাসকফজ্বরান্‌ ॥

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীভাষায় কায়ফল, কর্ণাটী ভাষায় কিরুসিবল্লি, তৈলঙ্গে পাপরবুড়ম্‌, মহারাষ্ট্রী ভাষায় কুম্ভ্যাচীশাল বা ফল্ল, গুজরাটে কায়ফল, ফারসীতে উহুলবর্ক, আরবীতে দার শীশবান বলে। ডাক্তারী নাম **Myrica Sapida**, মাইরিকা সাপিডা।

† দেবজগন্ধকমিত্যপি পাঠঃ।

পর্য্যায়।—রোহিষ, কতৃণ, ভূতি, ভূতীক, সরল, তৃণ, শ্যামল, যুগদল, পৌর, ধ্যামক ও দেবগন্ধক (দেবজগ্ধক) এই কয়টী রোহিষতৃণ অর্থাৎ রামকর্পূরের সংস্কৃত নাম। *

গুণ—রামকর্পূর কটুপাক, তিক্ত, উষ্ণবীর্য্য, কষায়। ইহা বায়ু, পিত্ত, রক্তদোষ, ক্ষয়, কাস, কফ ও জ্বর নাশক।

---

## ভার্গীনামগুণাঃ।

ভার্গী ভৃগুভবা পদ্মা কাসঘ্ন্যঙ্গারপর্ণ্যপি।
খরশাকা শুক্রমাতা † ফঞ্জী ব্রাহ্মণযষ্টিকা॥
ভার্গী রূক্ষা কটুস্তিক্তা রুচ্যোষ্ণা পাচনী জয়েৎ।
শোথকাসকফশ্বাসপীনসজ্বরমারুতান্॥

পর্য্যায়।—ভার্গী, ভৃগুভবা, পদ্মা, কাসঘ্নী, অঙ্গারপর্ণী, খরশাকা, শুক্রমাতা (শক্রমাতা), ফঞ্জী, ব্রাহ্মণযষ্টিকা, এইগুলি ভার্গী অর্থাৎ বামনহাটীর নাম। ‡

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে রোহিস্ সোধিয়া, গংবেজ-ঘাস, তৈলঙ্গে কামংচিগড্ডি ও তূরীকূর, মহারাষ্ট্রে রোহিস্, সুগন্ধরোহিষতৃণ, কর্ণাটে কিরুগঞ্জনি, উৎকলে পালখরি, ফারসীতে খবালমামূন, আরবীতে অজস্বর বলে। ইহার ডাক্তারী নাম **Andropogon Schoenanthus**, এণ্ড্রোপোগন সিউন্যান্থ্যাস।

† শক্রমাতা ইত্যপি পাঠঃ।

‡ দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে ভারঙ্গী ব্রহ্মনেটী, মহারাষ্ট্রে ভারঙ্গ, গুজরাটে ভারঙ্গী, কর্ণাটে কির্হদেগু, তৈলঙ্গে ভণ্টমারঙ্গী, আসামে ও

গুণ—বামনহাটী রূক্ষ, কটুতিক্তরস, রুচিকর, উষ্ণবীর্য্য, পাচক। ইহা শোথ, কাস, কফ, শ্বাস, পীনস, জ্বর ও বায়ুনাশক।

---

## পাষাণভেদনামগুণাঃ।

পাষাণভেদঃ পাষাণোঽশ্মরীভেদোঽশ্মভেদকঃ।
শিলাভেদো দৃষদ্ভেদো নগভিন্নাগভেদনঃ॥
পাষাণভেদস্তুবরঃ শীতলো বস্তিশোধনঃ।
সরস্তিক্তঃ প্রমেহার্শঃকৃচ্ছ্রাশ্মরিরুজো জয়েৎ॥

পর্য্যায়।-পাষাণভেদ, পাষাণ, অশ্মরীভেদ, অশ্মভেদক, শিলাভেদ, দৃষদ্ভেদ, নগভিৎ ও নাগভেদন এই গুলি পাষাণভেদ অর্থাৎ পাথর কুচীর নাম। *

গুণ—পাষাণভেদ তিক্ত কষায় রস, শীতবীর্য্য, বস্তিশোধক, সারক। ইহা প্রমেহ, অর্শঃ, মূত্রকৃচ্ছ্র ও অশ্মরীরোগ নাশক।

---

## মুস্ত-নাগরমুস্তনামগুণাঃ।

মুস্তং বারিধরো মুস্তা মেঘাখ্যঃ কুরুবিন্দকঃ।
বরাহোঽব্দো ঘনো ভদ্রমুস্তো রাজকসেরুকঃ॥

কোলবীর ও নেপালে চুয়া বলে। ইহার ডাক্তারী নাম Clerodendron Siphonanthus. ক্লিরোডেণ্ড্রন সিফোন্যান্থস্।

* দেশভেদে নামভেদ। ইহাকে হিন্দুস্থানে পাখান ভেদ, পাথরচুর, মহারাষ্ট্রে পাষাণভেদ, কর্ণাটে আলেলগয়া, পাষাণভেদি, তৈলঙ্গে তেলনুরূপিণ্ডী, পিংড়িচেট্টু, ফারসীতে গোশাদ, আরবীতে জিস্তিয়ানা বলে। ডাক্তারী নাম Coleus amboinicus, কোলিয়স্ এ্যামবোয়িনিকস্ ইংরাজী Iriss p,

পিণ্ডমুস্তো বিষধ্বংসী নাগরোঽন্যঃ প্রকীর্ত্তিতঃ ॥
মুস্তং কটু হিমং গ্রাহি তিক্তং দীপনপাচনম্ ।
কষায়ং কৃমিপিত্তাস্রকফতৃষ্ণাজ্বরাপহম্ ॥

পর্য্যায়।—মুস্ত, বারিধর, মুস্তা, মেঘবাচকশব্দসমস্ত ও কুরুবিন্দক, বরাহ, অব্দ ও ঘন এইগুলি মুতার ও ভদ্রমুস্ত, রাজকসেরুক, পিণ্ডমুস্ত, বিষধ্বংসী, ও নাগর এই গুলি নাগর মুতার সংস্কৃত নাম। *

গুণ—মুতা ও নাগরমুতা কটু, শীতবীর্য্য, ধারক, তিক্ত, অগ্নিদীপক, পাচক ও কষায়। ইহা কৃমি, রক্তপিত্ত, কফ, তৃষ্ণা ও জ্বর নাশক।

---

## ধাতকীনামগুণাঃ।

ধাতকী কুঞ্জরা সিন্ধুপুষ্পী প্রমদিনী মদা।
পার্ব্বতীয়া তাম্রপুষ্পী সুভিক্ষা মদ্যবাসিনী ॥
ধাতকী কটুকা শীতা মদকৃৎ তুবরা লঘুঃ।
তৃষ্ণাতীসারপিত্তাস্রবিষকৃমিবিসর্পজিৎ ॥

পর্য্যায়।—ধাতকী, কুঞ্জরা, সিন্ধুপুষ্পী, প্রমদিনী, মদা, পার্ব্বতীয়া, তাম্রপুষ্পী, সুভিক্ষা ও মদ্যবাসিনী এই গুলি ধাইফুলের সংস্কৃত নাম। †

---

* ইহাকে হিন্দুস্থানে মোথা, মহারাষ্ট্রে মোথে, গুজরাটে মোথ্য, দ্রাবিড়ে গরমোটা, তৈলঙ্গে তুংগমুস্ত ও সকহতুঙ্গুবিরু, তামিলে কোরয়, ফারসীতে শাদকফী ও আরবীতে মুস্কজমীন বলে। ইহার ডাক্তারী নাম Cyperus, rotundus, সাইপ্রাস্ রোটনূডস্।

† দেশভেদে নামভেদ। ইহাকে হিন্দুস্থানে ধাবই, ধায়কেফুল, ধবইকে ফুল, মহারাষ্ট্রে ধায়টী, তৈলঙ্গে, ধাতুকীপুড ও রপূর্ব্ব, ও জার্গি, গুজরাটে ধাবণী,

গুণ—ধাতকী কটু ও কষায়রস, শীতবীর্য্য, মাদক, লঘুপাক। ইহা তৃষ্ণা, অতীসার, রক্তপিত্ত, বিষ, কৃমি ও বিসর্পনাশক।

---

## মাচিকানামগুণাঃ।

মাচিকাম্বালিকাম্বষ্ঠা শচী দন্তশঠাম্বিকা।
অম্বষ্ঠকী সূচিমুখী কষায়া কণ্টমুখ্যপি॥
মাচিকাম্লা রসে পাকে কষায়া শীতলা লঘুঃ।
পক্বাতীসারপিত্তাস্রকফকণ্ঠাময়াপহা॥

পর্য্যায়।—মাচিকা, অম্বালিকা, অম্বষ্ঠা, শচী, দন্তশঠা, অম্বিকা, অম্বষ্ঠকী, সূচীমুখী,কষায়া ও কণ্টমুখী এইকয়টী মাচিকার (আম্রাতকের) সংস্কৃত নাম। *

গুণ—মাচিকা অম্লরস ও পাকে কষায়রস, শীতবীর্য্য, লঘু। ইহা পক্ক হইলে অতিসার, রক্তপিত্ত, কফ ও কণ্ঠরোগ নাশ করে।

---

## বিদারিকাকন্দদ্বয়নামগুণাঃ।

বিদারিকা বৃষ্যবল্লী বৃষ্যকন্দা বিদালিকা।
শৃগালিকা কন্দবল্লী স্বাদুকন্দা পলাশিকা॥
অন্যা শুক্লা ক্ষীরশুক্লা ক্ষীরবল্লী পয়স্বিনী॥
ইক্ষুবল্লী মহাশ্বেতা ক্ষীরগন্ধেক্ষুগন্ধিকা॥

কর্ণাটে ধাম্নিফুল, এবং উৎকলে জাতিকো বলে। ইহার ডাক্তারী নাম Woodfordia Floribondia. Floribonda, উডফর্ডিয়া ফ্লোরিবণ্ডা।

* দেশভেদে নামভেদ। ইহা হিন্দুস্থানে মোইয়া নামে প্রসিদ্ধ।

বিদারী মধুরা স্নিগ্ধা বৃংহণী স্তন্যশুক্রদা।
গুরুঃ পিত্তাস্রপবনদাহান্ হন্তি রসায়নী॥

পর্য্যায়। বিদারিকা, বৃন্যবল্লী, বৃন্যকন্দা, বিদালিকা, শৃগালিকা, কন্দবল্লী, স্বাদুকন্দা ও পলাশিকা এইকয়টী বিদারীকন্দ অর্থাৎ ভূমিকুষ্মাণ্ডের, এবং শুক্ল-বিদারী, ক্ষীরশুক্লা, ক্ষীরবল্লী, পয়স্বিনী, ইক্ষুবল্লী, মহাশ্বেতা, ক্ষীরগন্ধা ও ইক্ষুগন্ধিকা এই কয়টী শুক্লবিদারীকন্দের (ক্ষীরবিদারীকন্দের) সংস্কৃত নাম। *

গুণ—দ্বিবিধ বিদারীকন্দ মধুর, স্নিগ্ধ, বৃংহণ, স্তনদুগ্ধ ও শুক্রবৰ্দ্ধক, গুরুপাক ও রসায়ন। ইহা রক্তপিত্ত, বায়ু ও দাহনাশক।

---

## বারাহীকন্দনামগুণাঃ।

বারাহী মাধবী ঘৃষ্টিঃ শৌকরী বনমালিকা।
তস্যাঃ কন্দঃ কিটিঃ ক্রোড়নামা শম্বরকন্দকঃ॥
বারাহী মধুরা কন্দে কটুস্তিক্তাতিশুক্রলা।
বল্যা পিত্তকরী বাতকফমেহক্রমীন্ জয়েৎ॥

পর্য্যায়।—বারাহী, মাধবী, ঘৃষ্টি, শৌকরী, বনমালিকা এইগুলি বারাহীর নাম; বারাহী কন্দ, কিটি, ক্রোড়নামা অর্থাৎ শূকরবাচক

---

* দেশভেদে নামভেদ।—হিন্দীতে বিলাঈ কন্দ, বিল্লৈয়াকন্দ, বিদারী-কন্দ, বিদারীকন্দ, মহারাষ্ট্রে ভূঈকোহলা, যেন্দ্রিচাবেল, গুজরাটে ফগবেলানো-কন্দ, ভোকোলু, তৈলঙ্গে মট্টমলতিগ, নলগুংবুডু, উৎকলে ভূঁইকরবারু, কর্ণাটে বেলকুম্বল বলে। ল্যাটীন নাম Ipomoeadijitata ডাক্তারী নাম Ipomoca digitata, ইপোমোসা ডিজিটেটা।

শব্দ সমস্ত ও শম্বরকন্দ এইকয়টী বারাহীকন্দের ( চুবড়ী আলুর ) সংস্কৃত নাম। *

গুণ—বারাহীকন্দ মধুর কটুরস, তিক্ত, অত্যন্ত শুক্রবর্দ্ধক, বলকর, পিত্তজনক, ইহা বায়ু, কফ, পিত্ত ও ক্রিমিনাশক।

## পাঠানামগুণাঃ।

পাঠাম্বষ্ঠা বৃহত্তিক্তা প্রাচীনাম্বষ্ঠিকা রসা।
বরতিক্তা পাপচেলী শ্রেয়সী বিদ্ধকর্ণিকা ॥
পাঠোষ্ণা কটুকা তীক্ষ্ণা বাতশ্লেষ্মহরা লঘুঃ।
হন্তি শূলজ্বরছর্দ্দিকুষ্ঠাতীসারহৃদ্রুজঃ ॥
দাহকণ্ডূবিষশ্বাসকৃমিগুল্মোদরব্রণান্ ॥

পর্য্যায়।—পাঠা, অম্বষ্ঠা, বৃহত্তিক্তা, প্রাচীনা, অম্বষ্ঠিকা, রসা, বরতিক্তা, পাপচেলী, শ্রেয়সী, বিদ্ধকর্ণিকা এইগুলি পাঠা অর্থাৎ নিমুকার সংস্কৃত নাম। †

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে গেব্‌ঠী, মহারাষ্ট্রে বারাহীকন্দ, তৈলঙ্গে ব্রাহ্মদণ্ডিচেট্টু পাচিতোকে ও নেলতাড়িচেট্টু, বোম্বায়ে ডুকরকন্দ, গুজরাটে সালিবণাবেল্য ও কর্ণাটে হংদিগেচেট্ট বলে। ডাক্তারি নাম Disocorea ডাইসোকোরিয়া।

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে নিমুকা পাঢ, তৈলঙ্গে পাঢচেট্টু, উৎকলে পাকন্‌বিন্ধি, মহারাষ্ট্রে পাহাড়মূল, গুজরাটে কালীপাট, করেটীমূল, কর্ণাটে পাঠা বলে। ইংরাজীতে Parera Root প্যারেরা রুট্, ল্যাটীন Cissampelos parcira. ইহার ডাক্তারী নাম Stephania hernandifolia ষ্টিফেনিয়া হারন্যাণ্ডিফোলিয়া।

গুণ—পাঠা উষ্ণবীর্য্য, কটু, তীক্ষ্ণ, লঘু। ইহা বায়ু, শ্লেষ্ম, শূল, জ্বর, বমন, কুষ্ঠ, অতিসার, হৃদ্রোগ, দাহ, কণ্ডু, বিষ, শ্বাস, কৃমি, গুল্ম, উদররোগ ও ব্রণনাশক।

## মূর্ব্বানামগুণাঃ।

মূর্ব্বা দেবী মধুরসা দেবশ্রেণী মধুস্রবা।
স্নিগ্ধপর্ণী পৃথক্‌পর্ণী মোরটী পীলুপর্ণিকা॥
মূর্ব্বা সরা গুরুঃ স্বাদুস্তিক্তা পিত্তাস্রমেহনুৎ।
ত্রিদোষতৃষ্ণাহৃদ্রোগকণ্ডূকুষ্ঠজ্বরাপহা॥

পর্য্যায়।—মূর্ব্বা, দেবী, মধুরসা, দেবশ্রেণী, মধুস্রবা, স্নিগ্ধপর্ণী, পৃথক্‌পর্ণী, মোরটী ও পীলুপর্ণিকা এইগুলি মূর্ব্বার (মুগরোর) সংস্কৃত নাম। *

গুণ।—মূর্ব্বা সারক, গুরুপাক, স্বাদুতিক্তরস এবং রক্তপিত্ত, মেহ, ত্রিদোষ, তৃষ্ণা, হৃদ্রোগ, কণ্ডু, কুষ্ঠ ও জ্বর নাশক।

## মঞ্জিষ্ঠানামগুণাঃ।

মঞ্জিষ্ঠা বিজয়া রক্তা রক্তাঙ্গী কালমেষিকা।
রক্তযষ্টী তাম্রবল্লী সমঙ্গা বস্ত্রভূষণা॥

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে চূর্ণহার, মূর্হরী, মহারাষ্ট্রে মোরবেল, তৈলঙ্গে যাগচেট্রু, সগ, সাঙ্গা ও চগ এবং বোম্বায়ে মোরমেল, কর্ণাটে মুহুরসি, তামিলে মরুল বলে। ডাক্তারী নাম Sansevieria zeylanica সান্সেভীরিয়া জীলানিকা।

মঞ্জুলা বিকসা ভণ্ডী ছদ্মিকা জ্বরনাশিনী।
মঞ্জিষ্ঠা মধুরা তিক্তা কষায়া স্বরবর্ণকৃৎ।
গুরুরুষ্ণা বিষশ্লেষ্মশোথযোন্যক্ষিশূলনুৎ।
রক্তাতিসারকুষ্ঠাস্রবিসর্পব্রণমেহজিৎ।
তচ্ছাকং দীপনং স্বাদু স্নিগ্ধং পিত্তানিলাপহম্॥

পর্য্যায়।—মঞ্জিষ্ঠা, বিজয়া, রক্তা, রক্তাঙ্গী,কালমেষিকা, রক্তযষ্টী, তাম্রবল্লী, সমঙ্গা, বস্ত্রভূষণা, মঞ্জুলা, বিকসা, ভণ্ডী, ছদ্মিকা ও জ্বরনাশিনী এইকয়টী মঞ্জিষ্ঠার সংস্কৃত নাম। *

গুণ।—মঞ্জিষ্ঠা মধুর তিক্ত কষায়রস, স্বরশোধক ও বর্ণকারক,গুরুপাক ও উষ্ণবীর্য্য। ইহা বিষ, শ্লেষ্ম, শোথ, যোনিরোগ, চক্ষুরোগ, শূল, রক্তাতিসার, কুষ্ঠ, রক্তদোষ, বিসর্প, ব্রণ ও মেহ রোগ নাশক। ইহার শাক অগ্নিবৰ্দ্ধক, স্বাদু, স্নিগ্ধ, পিত্ত ও বায়ুনাশক।

---

## হরিদ্রানামগুণাঃ।

হরিদ্রা রজনী গৌরী রঞ্জিনী বরবর্ণিনী।
পিণ্ডা † পীতা বর্ণবতী নিশা হট্টবিলাসিনী॥

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে গুজরাটে ও বোম্বায়ে মজীঠ, মহারাষ্ট্রে মঞ্জিষ্ঠ, তৈলঙ্গে মঞ্জিষ্ঠ, তীঠী ও তাম্রবল্লী, তামিলে মঞ্জিটি, আসামে মজাবী এবং ফারসীতে রুনাস, আরবীতে ফুবহতু সিবগ উরু কুস্তু বাগীন বলে। ইহার লাটিন নাম Rubia Cordifolia রুবিয়া কর্ডিফোলিয়া। ইংরাজী Madder root.

† পিঙ্গা, পিঞ্জেতি বা পাঠঃ।

হরিদ্রা কটুকা তিক্তা রূক্ষোষ্ণা শ্লেষ্মপিত্তজিৎ ॥
বর্ণ্যা ত্বগ্দোষমেহাস্রশোথপাণ্ডুব্রণাপহা ॥

পর্য্যায়।—হরিদ্রা, রজনী, গৌরী, রঞ্জিনী, বরবর্ণিনী, পিণ্ডা, পীতা, বর্ণবতী, নিশা ও হট্টবিলাসিনী এইগুলি হরিদ্রার সংস্কৃত নাম। *

গুণ।—হরিদ্রা কটু তিক্তরস, রুক্ষ, উষ্ণবীর্য্য, শ্লেষ্ম ও পিত্তঘ্ন, বর্ণকর। ইহা ত্বকের দোষ, মেহ, রক্তদোষ, শোথ, পাণ্ডু ও ব্রণরোগ নাশক।

---

## দারুহরিদ্রানামগুণাঃ।

দার্ব্বী দারুহরিদ্রান্যাঃপীতদারুঃ পচম্পচা।
কটংকটেরী পীতদ্রুঃ স্বর্ণবর্ণা কটংকটী ॥
দার্ব্বী তদ্বদ্বিশেষাত্তু নেত্রকর্ণাস্যরোগজিৎ ॥

পর্য্যায়।—দার্ব্বী, দারুহরিদ্রা, পীতদারু, পচম্পচা, কটংকটেরী, পীতদ্রু, স্বর্ণবর্ণা ও কটংকটী এইগুলি দারুহরিদ্রার সংস্কৃত নাম। †

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে হর্দ্দী ও হলদী, মহারাষ্ট্রে হলদি, হল্লদ, কর্ণাটে আরসিন, তৈলঙ্গে পাসুপু এবং দাক্ষিণাত্যে হলদ ও গুজরাটে হলদর বলে। ফারসী নাম জরদচোব, আরবী উরুকুস্সুফর বলে। ডাক্তারী নাম Curcuma Longa করকিউমা লঙ্গা। ইংরাজী নাম Turmeric,

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে ও দাক্ষিণাত্যে দারুহল্দী, জারকেহল্দী, কর্ণাটে মরনরিসিন, তৈলঙ্গে মনিপসুপু ও তামিলে মরমঞ্জিল, মহারাষ্ট্রে দারুহল্লদ, গুজরাটে দারুহলদর, ফারসীতে দারচোব, আরবীতে দারহলদ বলে। ডাক্তারী নাম Cascinium fenestratum, ক্যাসিনিয়ম ফেনেস্ট্রেটম্।

গুণ।—দারুহরিদ্রা হরিদ্রার ন্যায় গুণযুক্ত, বিশেষতঃ নেত্র, কর্ণ ও মুখ-রোগ নাশক।

---

## প্রপুন্নাটনামগুণাঃ।

প্রপুন্নাটস্ত্বেড়গজশ্চক্রমর্দ্দঃ প্রপুন্নটঃ।
দদ্রুঘ্নো মর্দ্দকো মেষকুসুমঃ কুষ্ঠকৃন্তনঃ॥
প্রপুন্নাটো লঘুঃ স্বাদু রূক্ষঃ পিত্তানিলাপহঃ।
হৃদ্যো হিমঃ কফশ্বাসকুষ্ঠদদ্রুকৃমীন্ জয়েৎ॥
হন্ত্যুষ্ণং তৎফলং কুষ্ঠকণ্ডুদদ্রুবিষানিলান্।
বাতরক্তাপহং তস্য পত্রং কফহরং লঘু॥

পর্য্যায়।—প্রপুন্নাট, এড়গজ, চক্রমর্দ্দ, প্রপুন্নট, দদ্রুঘ্ন, মর্দ্দক, মেষকুসুম ও কুষ্ঠকৃন্তন এইগুলি চাকুন্দের সংস্কৃত নাম। *

গুণ। চাকুন্দে লঘুপাক, স্বাদুরস, রুক্ষ, হৃদয়গ্রাহী, শীতবীর্য্য। ইহা পিত্ত, বাত, কফ, শ্বাস, কুষ্ঠ, দদ্রু ও কৃমিনাশক।

চাকুন্দের ফল উষ্ণবীর্য্য, কুষ্ঠ কণ্ডু দদ্রু বিষ ও বায়ুরোগ নাশক। চাকুন্দের পত্র লঘুপাক, বাতরক্ত ও কফনাশক।

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে চকুবড়, পবাড ও পনাড়, মহারাষ্ট্রে তরবটা ও টাংকাল্লাতরোটা, কর্ণাটে চগচে, গুজরাটে কুবাধিয়ো, তৈলঙ্গে তাংট্যমু ও ফরাসীতে সঙ্গীস বোয়া বলে। ইহাপ লাটিন নাম Cassiatora ক্যাসিয়াটোরা।

## বাকুচীনামগুণাঃ।

বাকুচী চন্দ্রিকা সোমবল্লী পূতিফলা বরা।
সোমরাজী কৃষ্ণফলাবল্গুজা কালমেষিকা।
চন্দ্রলেখা সিতা সোমা কুষ্ঠঘ্নী চ সিতাবরী॥
বাকুচী মধুরা তিক্তা কটুপাকা রসায়নী।
বিষ্টম্ভিনী হিমা রুচ্যা সরা ত্বচ্যাস্রপিত্তনুৎ॥
রূক্ষা হন্তি কফশ্বাসকুষ্ঠমেহজ্বরক্রমীন্॥
তৎফলং পিত্তকৃৎ শ্বিত্রকুষ্ঠবাতকফাপহম্॥

পর্য্যায়।—বাকুচী, চন্দ্রিকা, সোমবল্লী, পূতিফলা, বরা, সোমরাজী, কৃষ্ণফলা, অবল্গুজা, কালমেষিকা, চন্দ্রলেখা, সিতা, সোমা, কুষ্ঠঘ্নী ও সীতাবরী এইগুলি সোমরাজীর সংস্কৃত নাম। *

গুণ। সোমরাজী মধুর ও তিক্তরস, কটুপাক, রসায়নগুণযুক্ত, বিষ্টম্ভী অর্থাৎ মলবদ্ধকর, শীতবীর্য্য, রুচিকর, সারক, ত্বগ্দোষনাশক ও রূক্ষ। ইহা রক্তপিত্ত, কফ শ্বাস কুষ্ঠ মেহ জ্বর ও ক্রিমি নাশক। সোমরাজীর ফল পিত্তকর, শ্বেত কুষ্ঠ, বাত ও কফনাশক।

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে বায়চী বাব্চী বকুচী ও কালিয়ে জিয়োরিত, মহারাষ্ট্রে বাবচী, বাউচী, কর্ণাটে বাউচিগে, বোম্বায়ে বাম্বচী, গুজরাটে বাবচী, বাবচীনাবী, তামিলে বোগিবিট্টলু, তৈলঙ্গে তিপ্পতোগে ও নেলবয়লিয়ে বলে। ইহার ডাক্তারী নাম **Serratula anthelmintica** সিরাটুলা এনথেলমিন্টিকা।

## ভৃঙ্গরাজনামগুণাঃ।

ভৃঙ্গরাজো ভেকরাজো মার্কবঃ কেশরঞ্জকঃ।
অঙ্গারকো ভৃঙ্গরজো ভৃঙ্গাহ্বঃ সূর্য্যবল্লভঃ॥
ভৃঙ্গরাজঃ কটুস্তিক্তো রুক্ষোষ্ণঃ কফবাতজিৎ।
দন্ত্যো রসায়নস্ত্বচ্যঃ কুষ্ঠনেত্রশিরোঽর্ত্তিনুৎ॥

পর্য্যায়।—ভৃঙ্গরাজ, ভেকরাজ, মার্কব, কেশরঞ্জক, অঙ্গারক, ভৃঙ্গরজ, ভৃঙ্গাহ্ব ও সূর্য্যবল্লভ এইগুলি ভীমরাজের সংস্কৃত নাম। *

গুণ। ভীমরাজ কটু ও তিক্তরস, রুক্ষ, উষ্ণবীর্য্য, রসায়ন, ত্বকের হিতকর, এবং কফ, বায়ু, দন্তরোগ, কুষ্ঠ, নেত্ররোগ ও শিরোরোগ নাশক।

---

## পর্পটনামগুণাঃ।

পর্পটঃ কবচো রেণুঃ পিত্তহা যবকণ্টকঃ॥
বরতিক্তঃ পর্পটকঃ পৃথ্বীকশ্চর্ম্মকণ্টকঃ॥ †
পর্পটো হন্তি পিত্তাস্রভ্রমতৃষ্ণাকফজ্বরান্।
সংগ্রাহী শীতলস্তিক্তো দাহনুদ্বাতলো লঘুঃ॥

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে ভাঙ্গরা, ভেগরিয়া, মহারাষ্ট্রে পিবলমাকা, মাংকা, তৈলঙ্গে গুণ্টকলগরচেট্টু, বোম্বায়ে পিবলভাংরা, গুজরাটে ভাংগরো, কর্ণাটে গরুগমুরু, উৎকলে কলাকেশহুরা, ফারসীতে জমর্দর আরবীতে হজীজ, ইংরাজীতে Traling Eclipta, ডাক্তারী নাম Wedelia calendulacea ওয়েডেলিয়া কালেণ্ডুলেসিয়া।

† বর্ম্মকণ্টকইত্যপি পাঠঃ।

পর্য্যায়।—পর্পটক, কবচ, রেণু, পিত্তহা, যবকণ্টক, বরতিক্ত, পর্পটক, পৃথ্বীক ও চর্ম্মকণ্টক (বর্ম্মকণ্টক) এইগুলি পর্পট অর্থাৎ ক্ষেৎপাপড়ার সংস্কৃত নাম। *

গুণ। ক্ষেৎপাপড়া মলসংগ্রাহী, শীতবীর্য্য, তিক্তরস, বায়ুবর্দ্ধক ও লঘু' ইহা দাহ, রক্তপিত্ত, ভ্রম, তৃষ্ণা, কফ ও জ্বরনাশক।

---

## শণপুষ্পীনামগুণাঃ।

শণপুষ্পী মাল্যপুষ্পী ধাবনী শণঘণ্টিকা।
ঘণ্টারবা বৃহৎপুষ্পী স্বল্পঘণ্টা তু ঘণ্টিকা॥
শণপুষ্পী কটুঃ পিত্তশ্লেষ্মজিচ্ছর্দ্দিকারিণী॥

পর্য্যায়।—শণপুষ্পী, মাল্যপুষ্পী, ধাবনী, শণঘন্টিকা, ঘণ্টারবা, বৃহৎপুষ্পী, স্বল্পঘণ্টা ও ঘন্টিকা এইগুলি শণপুষ্পীর ( বন্য শণের ) সংস্কৃত নাম। †

গুণ।—শণপুষ্পী কটুরস ও বমনকারক। ইহা পিত্তশ্লেষ্মনাশক।

---

* দেশভেদে নামভেদ। ইহার নাম হিন্দুস্থানে দবনপাপ্ড়া, পিত্তপাপড়া, মহারাষ্ট্রে সিরপঠী, গুজরাটে পীতপাপড়ী, ক্ষেত্রপর্পট, ধাত্তো, ফারসীতে শাতরা গরমতর, আরবীতে বকলতল মলীক, বোম্বায়ে পিত্তপাপড়া, কর্ণাটে পর্পাটক, উৎকলে জলপাপুড়া বলে। ইংরাজী নাম Justici Procorabens. ল্যাটিন নাম Umeria parviflora. ডাক্তারী নাম Oldenlancia Corymbosa ওল্ডেনলণ্ডিয়া করিমবোসা।

† দেশভেদে নামভেদ। হিন্দুস্থানে ইহাকে ঝুন্ঝুনিয়া, ঘাগহী, শণই ও বনশণই বলে। মহারাষ্ট্রে থোরতাগ, কোঙ্কণে খুলখুলা, গুজরাটে শন, দ্রাবিড়ে জনবকনর, কর্ণাটে গিলুগিচ্চি, চিক্কগিলু, তৈলঙ্গে শণমতুবেল্ল, তামিলে জেনম্প-নর, বোম্বায়ে পন, ফারসীতে লাদনাং। ইংরাজীতে Flax Hemp, ল্যাটিনে Crotalaria Juhcia.

## ত্রায়মাণানামগুণাঃ।

ত্রায়মাণা সুহৃৎত্রাণা ত্রায়ন্তী গিরিজানুজা (ক)।
বলভদ্রা কৃতত্রাণা বার্ষিকী (খ) ত্রায়মাণিকা ॥
ত্রায়ন্তী তুবরা তিক্তা সরা পিত্তকফাপহা।
জ্বরহৃদ্রোগগুল্মার্শোভ্রমশূলবিষপ্রণুৎ ॥

পর্য্যায়।—ত্রায়মাণা, সুহৃৎত্রাণা, ত্রায়ন্তী, গিরিজা, অনুজা (গিরিসানুজা), বলভদ্রা, কৃতত্রাণা, বার্ষিকী (বাষিকা) ও ত্রায়মাণিকা এইগুলি ত্রায়মাণার (বলাডুমুরের) সংস্কৃত নাম। *

গুণ।—ত্রায়মাণা কষায় তিক্তরস ও সারক। ইহা পিত্ত, কফ, জ্বর, হৃদ্রোগ, গুল্ম, অর্শঃ, ভ্রম, শূল ও বিষদোষনাশক।

## মহাজালিকানামগুণাঃ।

স্যান্মহাজালিকা চর্ম্মরঙ্গা চ পীতকীলকা।
আবর্ত্তনী তিন্দুকিনী বিভাণ্ডী রক্তপুষ্পিকা ॥
স্যান্মহাজালিকা তিক্তা রেচনী কফপিত্তজিৎ।
হন্তি দাহোদরানাহশোফকুষ্ঠকৃমিজ্বরান্ ॥

(ক) গিরিসানুজা ইত্যপি পাঠঃ। (খ) বার্ষিকেত্যপি পাঠঃ।

* দেশভেদে নামভেদ। হিন্দুস্থানে ত্রায়মান, মহারাষ্ট্রে ত্রায়মাণ, গুজরাটে ত্রাহিমান্, কর্ণাটে ত্রায়মাণা হিমবতি প্রসিদ্ধা, ফারসীতে অস্প্রক। ল্যাটিনে Tha'ictrum Ealiolosum.

পর্য্যায়।—মহাজালিকা, চর্ম্মরঙ্গা, পীতকীলকা, আবর্ত্তনী, তিন্দুকিনী, বিভাণ্ডী ও রক্তপুষ্পিকা এইগুলি মহাজালিকার (আঁংমোড়ার) সংস্কৃত নাম। কোকণদেশজাত লতা বিশেষ। ইহা ভগতবল্লী, আঁহুলী, তলাড়বল্লী নামে প্রসিদ্ধ।

গুণ। মহাজালিকা তিক্তরস ও বিরেচক। ইহা কফ, পিত্ত, দাহ, উদর, আনাহ, শোথ, কুষ্ঠ, ক্রমি ও জ্বরনাশক।

---

## অতিবিষানামগুণাঃ।

অতিবিষা শুক্লকন্দা বিশ্বা প্রতিবিষা বিষা।
শ্যামকন্দাঽসিতা শৃঙ্গী ভঙ্গুরোপবিষাণিকা॥
রক্তকন্দা চোপবিষা সা বিজ্ঞেয়া চতুর্বিধা।
রক্তা শ্বেতা ভৃশং কৃষ্ণা পীতবর্ণা তথৈব চ॥
বিষোষ্ণা পাচনী তিক্তা শ্লেষ্মপিত্তাতিসারজিৎ।
দীপনী বিষকাসামছর্দ্দিকৃমিবিনাশিনী।
সর্ব্বদোষহরা চোগ্রা লেপাচ্ছ্বয়থুনাশিনী॥

পর্য্যায়। অতিবিষা, শুক্লকন্দা, বিশ্বা, প্রতিবিষা ও বিষা এইগুলি শ্বেতমূলবিশিষ্ট আতইচের সংস্কৃত নাম। শ্যামকন্দা, অসিতা, শৃঙ্গী, ভঙ্গুরা ও উপবিষাণিকা এইকয়টী কৃষ্ণমূল বিশিষ্ট আতইচের সংস্কৃত নাম। রক্তকন্দা ও উপবিষা এই কয়টী রক্তমূলবিশিষ্ট আতইচের সংস্কৃত নাম। *

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে অতীস, মহারাষ্ট্রে অতিবিষ, গুজরাটে অতলসনী কলী, কর্ণাটে অতীবিষা ও তৈলঙ্গে অতিবাসা ও অতিবস-চেট্টু বলে। ডাক্তারী নাম Aconitum Heterophyllum একোনাইটম্ হেটোরফিলম

আতইচ—রক্ত, শ্বেত, অতিকৃষ্ণ ও পীতভেদে চারিপ্রকার।

গুণ। আতইচ উষ্ণ ও উগ্রবীর্য্য, পাচক, তিক্তরস, অগ্নিদীপক। ইহা কফ,পিত্ত, বিষ, কাস, অতিসার, আমদোষ, কৃমি ও ত্রিদোষনাশক। ইহার প্রলেপে শোথ নষ্ট হয়।

---

## কাকমাচীনামগুণাঃ।

কাকমাচী ধ্বাংক্ষমাচী বায়সী চ ঘনাঘনা॥
বায়সাহ্বা সর্ব্বতিক্তা কাকমাতা চ সুন্দরী॥
কাকমাচী ত্রিদোষঘ্নী স্নিগ্ধোষ্ণা স্বরশুক্রদা।
তিক্তা রসায়নী শোফকুষ্ঠার্শোজ্বরমেহজিৎ॥
কট্বী নেত্রহিতা হিক্কাছর্দ্দিহৃদ্রোগনাশিনী॥

পর্য্যায়। কাকমাচী, ধ্বাংক্ষমাচী, বায়সী, ঘনাঘনা, বায়সাহ্বা, সর্ব্বতিক্তা, কাকমাতা ও সুন্দরী এইগুলি কাকমাচীর সংস্কৃত নাম। *

গুণ। কাকমাচী তিক্ত কটুরস, স্নিগ্ধ, উষ্ণবীর্য্য, স্বর ও শুক্রবর্দ্ধক এবং রসায়নগুণযুক্ত ও চক্ষুর জ্যোতির্বর্দ্ধক। ইহা শোথ, কুষ্ঠ, অর্শঃ, জ্বর, মেহরোগ, ত্রিদোষ, হিক্কা, বমি ও হৃদ্রোগনাশক।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে কবৈয়া, কাবই, মকোয় এবং মহারাষ্ট্রে লঘুকাবলী, কামোনি, কর্ণাটে কাবঙ্গৈকাকে, গুজরাটে পীলুডী, ইংরাজীতে Night shed নাইট্ সেড, ফারসীতে রোবাতরীখ, আরবীতে এলবুম্‌সালব বলে। ল্যাটিনে Solanum nigrum,

## কাকজঙ্ঘানামগুণাঃ।

কাকজঙ্ঘা নদীকান্তা কাকতিক্তা সুলোমশা।
দাসী কাকা চ কাকাঙ্গী পারাবতপদীত্যপি॥
কাকজঙ্ঘা হিমা তিক্তা কষায়া কৃমিনাশিনী।
হন্তি ব্রণং বিষঞ্চৈব রক্তপিত্তকফজ্বরান্॥

পর্য্যায়। কাকজংঘা, নদীকান্তা, কাকতিক্তা, সুলোমশা, দাসী, কাকা, কাকাঙ্গী ও পারাবতপদী এইগুলি কাকজংঘার (কেঁউয়াঠুটীর) সংস্কৃত নাম। *

গুণ। কাকজংঘা শীতবীর্য্য, তিক্ত কষায়রস। ইহা কৃমি, ব্রণ, বিষ, রক্তপিত্ত, কফ ও জ্বরনাশক।

---

## লোধ্রদ্বয়নামগুণাঃ।

লোধ্রস্তিরীটঃ কানীনস্তিল্বকঃ † কাণ্ডকীলকঃ।
অন্যো ঘনত্বক্ সবরঃ শ্বেতলোধ্রোঽক্ষিভেষজম্॥
লোধ্রোঽবিরেচকঃ শীতশ্চক্ষুষ্যঃ কফপিত্তনুৎ।
কষায়ো রক্তপিত্তাস্রজ্বরাতীসারশোথহৃৎ।
তৎপুষ্পং মধুরং গ্রাহি সুতিক্তং শ্লেষ্মপিত্তজিৎ॥

কাষ্ঠ ও ত্বকভেদে লোধ্র দ্বিবিধ।

* দেশভেদে নামভেদ। ইহাকে পশ্চিমে মসী বলে। হিন্দুস্থানে মসী, মহারাষ্ট্রে কাগাচেংঝাড়, গুজরাটে অঘেডী, কর্ণাটে জীরীচিলেচ, তৈলঙ্গে নালাতুচ্ছনীকে। ডাক্তারী নাম **Leeahirta** লীয়াহার্টা।

† তিলক ইত্যপি পাঠঃ।

পর্য্যায়। লোধ্র, তিরীট, কানীন, তিল্বক (তিলক) ও কাণ্ডকীলক এইগুলি কাষ্ঠ লোধ্রের নাম এবং ঘনত্বক্, সবর, শ্বেতলোধ্র ও অক্ষিভেষজ এইগুলি শ্বেত বা সবর লোধ্রের সংস্কৃত নাম। *

গুণ। দুই প্রকার লোধ্র মলবদ্ধকর, শীতবীর্য্য, চক্ষুর জ্যোতির্বর্দ্ধক ও কষায়রস। ইহা কফ, রক্তপিত্ত, রক্তদোষ, জ্বর, অতিসার ও শোথরোগ নাশ করে। ইহার পুষ্প মধুররস, মলসংগ্রাহি, অতিতিক্ত ও কফপিত্তঘ্ন।

---

## বৃদ্ধদারকনামগুণাঃ।

বৃদ্ধদারুর্মহাশ্যামো জুঙ্গকো দীর্ঘবালুকঃ।
অন্ত্রী কোটরপুষ্পী স্যাদাবেগী ছগলান্ত্রিকা॥
বৃদ্ধদারুঃ কষায়োষ্ণঃ সরস্তিক্তো রসায়নঃ।
বৃষ্যো বাতামবাতাস্রশোথমেহকফান্ জয়েৎ॥

পর্য্যায়।—বৃদ্ধদারু, মহাশ্যাম, জুঙ্গক, দীর্ঘবালুক, অন্ত্রী, কোটরপুষ্পী, আবেগী ও ছগলান্ত্রিকা এইকয়টী বৃদ্ধদারকের (বীজতাড়কের) সংস্কৃত নাম। †

গুণ। বৃদ্ধদারক কষায়তিক্তরস, উষ্ণবীর্য্য, সারক, রসায়ন ও বৃষ্য গুণযুক্ত। ইহা বায়ু, আমবাত, বাতরক্ত, শোথ, মেহ ও কফনাশক।

---

* দেশভেদে নামভেদ। ইহাকে হিন্দুস্থানে লোধ, পঠানী, লোধ, তৈলঙ্গে তেল্ললোদ্দুগচেট্টুগ, মহারাষ্ট্রে ও কর্ণাটে লোধ, গুর্জ্জরে লোদর পঠানী লোদর বলে। আরবী নাম মুগাম্। ইহার ডাক্তারী নাম Symplocos racemosa সিম্প্লোকস রেসমোশা।

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে বধার বলে। ডাক্তারী নাম Gmelina asiatica. মেলিনা এসিয়াটিকা।

## দেবদালীনামগুণাঃ।

দেবদালী বৃত্তকোষা (ক) দেবতাড়ো গরা গরী।
জীমূতস্তারকা বেণী জালিন্যাখুবিষাপহা॥
দেবদালী রসে তিক্তা কফার্শঃশোথপাণ্ডুতাঃ।
নাশয়েদ্বামনী তীক্ষ্ণা ক্ষয়হিক্কাকৃমিজ্বরান্॥

পর্য্যায়।—দেবদালী, বৃত্তকোষা, (বৃন্তকোষা), দেবতাড়, গরা, গরী, জীমূত, তারকা, বেণী, জালিনী এবং আখুবিষাপহা, এইগুলি দেবদালীর (পীত ঘোষালতার দেয়াতাড়ার) সংস্কৃত নাম। *

গুণ। দেবদালী তিক্তরস, বমনকারক, তীক্ষ্ণবীর্য্য। ইহা কফ, অর্শঃ, শোথ, পাণ্ডু, ক্ষয়, হিক্কা, কৃমি ও জ্বরনাশক।

---

## হংসপাদীনামগুণাঃ।

হংসপাদী হংসপদী রক্তপাদী ত্রিপাদিকা।
প্রহ্লাদিনী কীটমারী কীটমাতা মধুস্রবা॥
হংসপাদী গুরুঃ শীতা হন্তি রক্তবিষব্রণান্।
বিসর্পদাহাতিসারলূতাভূতাংশ্চ রোপণী॥

---

(ক) বৃন্তকোষেতি পাঠান্তরম্।

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে বিদালী, সোনৈয়া, ঘঘরবেল, গুজরাটে কুকড়বেল্য, মহারাষ্ট্রে দেবদালী, কর্ণাটে ডেবডঙ্গর, দেবডঙ্গরীফল, তৈলঙ্গে ডাতরগংডি, লতাবিশেষমু ও যাবনিক ভাষায় বন্দাল বলে। ডাক্তারী নাম **Andropogon serratus.** আণ্ড্রোপোগন সেরেটাস্। ইংরাজীতে **Bristly Lufia.** ল্যাটীনে **Luffa Echinata.**

পর্য্যায়।—হংসপাদী, হংসপদী, রক্তপাদী, ত্রিপাদিকা, প্রহ্লাদিনী, কীটমারী, কীটমাতা ও মধুস্রবা এই গুলি গোয়ালিয়া লতার সংস্কৃত নাম। *

গুণ। গোয়ালিয়া লতা গুরুপাক, শীতবীর্য্য। ইহা ব্রণরোপক এবং রক্তদোষ, বিষাক্তব্রণ, বিসর্প, দাহ, অতিসার, মাকড়শার বিষ ও ভূত বাধা নাশ করে।

---

## সোমবল্লীনামগুণাঃ।

সোমবল্লী যজ্ঞনেতা (ক) সোমক্ষীরী দ্বিজপ্রিয়া।
সোমবল্লী ত্রিদোষঘ্নী কটুস্তিক্তা রসায়নী॥
শীতা মদকরী দাহতৃষ্ণাশোষবিনাশিনী॥

পর্য্যায়।—সোমবল্লী, যজ্ঞনেতা, (যজ্ঞবল্লী), সোমক্ষীরী ও দ্বিজপ্রিয়া এই গুলি সোমলতার সংস্কৃত নাম। †

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে হংসপগী, গুজরাটে হংসরাজ কালীডাংডলীনো, মহারাষ্ট্রে হংসপাদী, লালজালু, তৈলঙ্গে হংসপাদমু, কর্ণাটে নবিলড়ি, ফারসীতে পরস্তা উশান, আরবীতে শারুলজীন্ শারুল অর্দ বলে। ইংরাজীতে Maiden hair. ল্যাটিনে Adiantum Lanulatum. এডিএন্টম লন্যুলেটং। ডাক্তারী নাম Vitis Pidata. ভাইটিস্ পিডেটা।

(ক) যজ্ঞবল্লীত্যপি পাঠঃ।

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে সোমলতা, মহারাষ্ট্রে থোর সোমবল্লী, কর্ণাটে সোমবল্লী, বোম্বায়ে সোমবল্লী, তৈলঙ্গে পল্লটীজী, টিগট স্নম্মুড়ু ও পুল্লতোগে বলে। ডাক্তারী নাম The moon Plant. দি মুন প্ল্যাণ্ট।

গুণ। সোমলতা কটুতিক্তরস, রসায়নগুণযুক্ত, শীতবীর্য্য ও মত্ততাকারক। ইহা ত্রিদোষ, দাহ, তৃষ্ণা ও শোষ রোগ নাশ করে।

---

## আকাশবল্লীনামগুণাঃ।

আকাশবল্লী তু বুধৈঃ কথিতামরবল্লরী।
খবল্লী গ্রাহিণী তিক্তা পিচ্ছিলাক্ষ্যাময়াপহা॥
তুবরাগ্নিকরী হৃদ্যা পিত্তশ্লেষ্মামনাশিনী॥

লোকে আকাশবল্লীকে অমরবল্লী অর্থাৎ আকাশবেল বা আলোকলতা বলে।

পর্য্যায়।—আকাশবল্লী ও অমরবল্লী এই দুইটী আকাশবেলের (আলোক লতার) সংস্কৃত নাম। *

গুণ। আকাশবেল মলসংগ্রাহক, তিক্তকষায়রস, পিচ্ছিল, অগ্নিকারক, ও হৃদয়গ্রাহক। ইহা পিত্ত, শ্লেষ্ম, চক্ষুরোগ ও আমদোষ নাশ করে।

---

## নাকুলীনামগুণাঃ।

নাকুলী সুবহা সর্পগন্ধিনী গন্ধনাকুলী।
নকুলেষ্টেশ্বরী সর্পনেত্রা চ রক্তপত্রিকা॥
নাকুলী তুবরা তিক্তা কটুকোষ্ণা বিনাশয়েৎ।
বিষং লূতাবৃশ্চিকাখুসর্পাণাঞ্চ কৃমীন্ ব্রণান্॥

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে ও মহারাষ্ট্রে অমরবেল ও আকাশবেলি, কর্ণাটে নেদমুদবল্লী, তৈলঙ্গে ইন্দ্রজাল, আরবীতে জফতিমূন বলে। ডাক্তারী নাম Cassayta Filliformis. ক্যাসেইটা ফিলিফরমিস্।

পর্য্যায়।—নাকুলী, সুবহা, সর্পগন্ধিনী, গন্ধনাকুলী, নকুলেষ্টা, ঈশ্বরী, সর্পনেত্রা ও রক্তপত্রিকা এইগুলি নাকুলী অর্থাৎ গন্ধরাস্নার সংস্কৃত নাম।

গুণ। গন্ধরাস্না কষায়তিক্তরস, কটু, উষ্ণবীর্য্য। ইহা লূতা, বৃশ্চিক, ইন্দুর ও সর্পের বিষ, ক্রিমি ও ব্রণ নাশ করে।

---

## বটপত্রীনামগুণাঃ।

বটপত্রী মোহিনীরাবতী খট্টাঙ্গনামিকা।
বটপত্রী কষায়োষ্ণা যোনিমূত্রগদাপহা॥
দীপনী রেচনী বল্যা দদ্রুমেহব্রণপ্রণুৎ॥
তৎফলং স্তম্ভনং শীতং বাতলং কফপিত্তজিৎ॥

পর্য্যায়।—বটপত্রী, মোহিনী, ইরাবতী ও খট্টাঙ্গনামিকা এইকয়টী বটপত্রী অর্থাৎ বড় পাথরকুচীর সংস্কৃত নাম। †

গুণ। বটপত্রী অগ্নিদীপক, রেচক, বলকর, কষায়রস ও উষ্ণবীর্য্য। ইহা যোনিরোগ, মূত্রদোষ, দদ্রু, মেহ ও ব্রণরোগ নাশক।

ইহার ফল বীর্য্যস্তম্ভকারক, শীতবীর্য্য, বায়ুবর্দ্ধক ও কফপিত্তঘ্ন।

---

## লজ্জালুনামগুণাঃ।

লজ্জালুঃ কন্দিরী স্পৃক্কা খদিরা গণ্ডমালিকা।
নমস্কারী শমীপত্রা সমঙ্গা রক্তপাদিকা॥

---

* দেশভেদে নামভেদ।–ডাক্তারী নাম Ophioxylan Serpentinum ওফিয়ক্সিলন সারপেন্‌টিনম্।

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে বড়পত্রী, মহারাষ্ট্রে বড়বতী ও তৈলঙ্গে পিণ্ডি এবং বণ্ডচেট্টু বলে। ইংরাজী নাম Lycopidium.

লজ্জালুঃ শীতলা তিক্তা কষায়া শ্লেষ্মপিত্তজিৎ।
রক্তপিত্তমতীসারং যোনিরোগান্ বিনাশয়েৎ॥

পর্য্যায়।—লজ্জালু, কন্দিরী, স্পৃক্কা, খদিরা, গণ্ডমালিকা, নমস্কারী, শমীপত্রা, সমঙ্গা ও রক্তপাদিকা এই গুলি লজ্জালু লতার স স্কৃত নাম। *

গুণ। লজ্জালু শীতবীর্য্য, তিক্ত ও কষায়রস। ইহা কফ, পিত্ত, রক্তপিত্ত, অতিসার ও যোনিরোগ নাশক।

## মুষলীনামগুণাঃ

মুষলী খলিনী তালপত্রী কাঞ্চনপত্রিকা।
মহাবৃষ্যা হেমপুষ্পী খর্জ্জূরী তালমূলিকা॥
মুষলী মধুরা বৃষ্যা বীর্য্যোষ্ণা বৃংহণী গুরুঃ।
তিক্তা রসায়নী হন্তি গুদজানিলং তথা॥

পর্য্যায়।—মুষলী, খলিনী, তালপত্রী, কাঞ্চনপত্রিকা, মহাবৃষ্যা, হেমপুষ্পী, খর্জ্জূরী ও তালমূলিকা এইগুলি মুশলী অর্থাৎ তালমূলীর সংস্কৃত নাম। †

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে মহারাষ্ট্রে লাজাল, লাজরী, সংকোরণী, হিন্দুস্থানে লজ্জাবন্তী, শর্ম্মানী, ছুইমুই, গুজরাটে রিশামণী, কর্ণাটে মুদিদরে-মুরুটব বলে। ডাক্তারী নাম Mimosa pudica মাইমোসা পিউডিকা।

† দেশভেদে নামভেদ:—ইহাকে হিন্দীতে কালীমূষলী, সফেদমুশলী (শ্যামুষলী), তৈলঙ্গে নিলয়্ তলিগড্ডলু ও নেলতারু, মহারাষ্ট্রে কালীমূষলী, পাণ্টরীমূষলী, গুজরাটে কালীমুশলী, ধোলীমুসলী, কর্ণাটে নেলতাড়ী বলিয়া থাকে। ল্যাটিনে Hypoxis orchioides, Asparagus sarmentosus. বলে।

গুণ। তালমূলী তিক্তরস, বৃষ্য, উষ্ণবীর্য্য, বৃংহণ, গুরুপাক, রসায়ন। ইহা গুহ্যদেশজাত পীড়া সকল ও বায়ুরোগ নাশ করে।

---

## কপিকচ্ছুনামগুণাঃ।

কপিকচ্ছুঃ স্বয়ংগুপ্তা কণ্ডুরা দুরভিগ্রহা।
চণ্ডাত্মগুপ্তা লাঙ্গূলী মর্কটী প্রাবৃষায়ণী॥
কপিকচ্ছুঃ পরং বৃষ্যা মধুরা বৃংহণী গুরুঃ।
তিক্তা বাতহরী বল্যা কফপিত্তাস্রনাশিনী॥
তদ্বীজং বাতশমনং বাজীকরণমুত্তমম্॥

পর্য্যায়।—কপিকচ্ছু, স্বয়ংগুপ্তা, কণ্ডুরা, দুরভিগ্রহা, চণ্ডা, আত্মগুপ্তা, লাঙ্গূলী, মর্কটী ও প্রাবৃষায়ণী এই গুলি আলকুশীর সংস্কৃত নাম। *

গুণ।—আলকুশী অতিবৃষ্য, তিক্ত মধুররস, বৃংহণ, বলকর ও গুরুপাক। ইহা বায়ু, রক্তপিত্ত ও কফনাশক।

ইহার বীজ বায়ুনাশক ও অতিশয় বীর্য্যবর্দ্ধক।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে বঙ্গে আলকুশী, দয়া ধুনার গুণ্ড ও শুয়াশিম্বী, হিন্দুস্থানে কৌচ, কিবাঁচ, মহারাষ্ট্রে কুহিলীচেঁবীজ ও তৈলঙ্গে পিল্লিঅডুগু, গুজরাটে কউচোং, ভেববণী শীগনাংবী, কর্ণাটে নসুকুণ্ডরী তামিলে পুনাইক্, কালি, বোম্বায়ে কুহিলা, ইংরাজীতে Cowhage. বলে। ইহার ডাক্তারী নাম Mucuna pruriens. মিউকুনা প্রুরিয়েন্স।

## পুত্রজীবনামগুণাঃ।

পুত্রজীবো গর্ভকরো যষ্টিপুষ্পোঽর্থসাধকঃ।
পুত্রজীবো গুরুর্বৃষ্যো গর্ভদঃ শ্লেষ্মবাতজিৎ॥
সৃষ্টমূত্রমলো রূক্ষো হিমঃ স্বাদুঃ পটুঃ কটুঃ॥

পর্য্যায়।—পুত্রজীব, গর্ভকর, যষ্টিপুষ্প ও অর্থসাধক এইগুলি জীয়াপুতার সংস্কৃত নাম। *

গুণ।—জীয়াপুতা গুরুপাক, বৃষ্য, গর্ভপ্রদ, কফ ও বায়ুরোগনাশক। রুক্ষ, শীতবীর্য্য, লবণ স্বাদু কটুরস। ইহা মলমূত্র প্রবর্ত্তক।

---

## বন্ধ্যাকর্কোটকীনামগুণাঃ।

বন্ধ্যাকর্কোটকী দেবী কুমারী বিষনাশিনী।
মনোজ্ঞা নাগদমনী বন্ধ্যা যোগেশ্বরী মতা॥
বন্ধ্যাকর্কোটকী লঘ্বী কফনুদ্‌ব্রণশোধনী।
সর্পদংশহরা তীক্ষ্ণা বীসর্পবিষনাশিনী॥

পর্য্যায়।—বন্ধ্যাকর্কোটকী, দেবী, কুমারী, বিষনাশিনী, মনোজ্ঞা, নাগদমনী, বন্ধ্যা ও যোগেশ্বরী এই কয়টী তিৎকাঁকড়ীর সংস্কৃত নাম। †

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দীতে পিতৌজিয়া, জিয়াপোত, হিনাজিয়া, মহারাষ্ট্রে জিবন্ পুত্‌র, পুত্রজীবক বৃক্ষ, তৈলঙ্গে কুঁব্‌রজুবি, কর্ণাটে ও গুজরাটে পুত্রজীব এবং বোম্বয়ে জীবনপুতর। ডাক্তারী নাম Nagera putranjiva নাগেরা পুত্রঞ্জীব।

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে বাংঝখখসা, বাভুখসা, বাঁঝকাঁকরোল, মহারাষ্ট্রে বাংঝকণ্টোলী, কর্ণাটে বংজেমড়ুবাগলু এবং বোম্বায়ে বংঝাকণ্টোলী বলে। ল্যাটীনে Momordica dioicicamale.

গুণ।—তিৎকাঁকড়ী লঘুপাক, তীক্ষ্ণবীর্য্য, ব্রণশোধক, কফঘ্ন, সর্পদংশনজনিত পীড়া, বীসর্প ও বিষনাশক।

## বিষ্ণুক্রান্তানামগুণাঃ।

বিষ্ণুক্রান্তা নীলপুষ্পী জয়া বশ্যাপরাজিতা।
বিষ্ণুক্রান্তা কটুর্মেধ্যা কৃমিব্রণকফান্ জয়েৎ॥

পর্য্যায়।—বিষ্ণুক্রান্তা, নীলপুষ্পী, জয়া, বশ্যা ও অপরাজিতা এইগুলি বিষ্ণুক্রান্তা (অপরাজিতার) সংস্কৃত নাম। †

গুণ।—অপরাজিতা কটু, মেধাবর্দ্ধক। ইহা কৃমি, ব্রণ ও কফনাশক।

---

## শঙ্খপুষ্পীনামগুণাঃ।

শঙ্খপুষ্পী শঙ্খনাম্নী কিরীটী কম্বুমালিনী।
কম্বুপুষ্পী স্মৃতিহিতা মেধ্যা বনবিলাসিনী॥
শঙ্খপুষ্পী সরা মেধ্যা মতা চেতোবিকারহৃৎ।
রসায়নী কষায়োষ্ণা স্মৃতিদা মোহনাশিনী॥

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে বিষ্ণুক্রান্তি, সফেদ, কোয়ল, ।কোয়ল, গুজরাটে গরণী, আরবীতে মজীরযুতএহিঁদী, তৈলঙ্গে নল্লনেল-গুম্মিরি বিষ্ণুক্রান্ত ও নল্লবিষ্ণুক্রান্ত বলে। বিশেষতঃ শ্বেত অপরাজিতাকে মহারাষ্ট্রে ও বোম্বায়ে পাংড়রী সুপলী ও কর্ণাটে বিলিয়গিরি কর্ণিকে এবং নীল অপরাজিতাকে মহারাষ্ট্রে নীলমুয়লী ও কর্ণাটে নীলগিরিকর্ণিকে বলে। ইহার ডাক্তারী নাম Clitaria ternatia ক্লিটারিয়া টারনাসিয়া।

পর্য্যায়।—শঙ্খপুষ্পী, শঙ্খনাম্নী, কিরীটী, কম্বুমালিনী, কম্বুপুষ্পী, স্মৃতিহিতা, মেধ্যা ও বনবিলাসিনী এই গুলি শঙ্খপুষ্পীর (শঙ্খাহুলীর ডানকুনীর) সংস্কৃত নাম।

গুণ।—শঙ্খপুষ্পী সারক, মেধাবৰ্দ্ধক, চিত্তবিকৃতিনাশক, রসায়নগুণযুক্ত, কষায়, উষ্ণবীর্য্য, স্মৃতিপ্রদ ও মোহনাশক।

---

## দুগ্ধিকানামগুণাঃ।

দুগ্ধিকা স্বাদুপর্ণী স্যাৎ ক্ষীরাবী স্বাদুপুষ্পিকা।
দুগ্ধিকোষ্ণা গুরু রূক্ষা বাতলা গর্ভকারিণী।
স্বাদুক্ষীরা কটুস্তিক্তা সৃষ্টমূত্রমলাপহা॥
স্বাদুর্বিষ্টম্ভিনী বৃষ্যা কফকুষ্ঠকৃমীন্ জয়েৎ॥

পর্য্যায়।—দুগ্ধিকা, স্বাদুপর্ণী, ক্ষীরাবী, স্বাদুপুষ্পিকা, এইগুলি দুগ্ধিকার (ক্ষীরুয়ের) সংস্কৃত নাম। †

গুণ।—দুগ্ধিকা উষ্ণবীর্য্য, গুরু, রূক্ষ, বাতবৰ্দ্ধক, গর্ভকর, স্বাদুক্ষীর, কটুতিক্তরস, মলমূত্রপ্রবর্ত্তক, স্বাদু, বিষ্টম্ভকর, বৃষ্য, কফকুষ্ঠকৃমিনাশক।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে শংখাহুলী, কৌড়িয়ালী, গুজরাটে শংখাবলী, মহারাষ্ট্রে ও বোম্বায়ে শংখোলী বলে। ল্যাটীনে Evolvulus Erecta, ডাক্তারী নাম Andropogon aciculartun. আণ্ড্রোপোগন অ্যাসিকুলাটন্।

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে দুগ্ধী, দূধিয়া, দূধীকলব, গুজরাটে দুধলেমোটী, ঘোরদুধী, কর্ণাটে মরিজবণীগে, মহারাষ্ট্রে লঘু দুধি, ঘোরদুধী, তৈলঙ্গে পিলপালচেট্টু ও ফারসীতে নিশাশত, ল্যাটীন নাম Euparviflora. বলে।

## অর্কপুষ্পীনামগুণাঃ

অর্কপুষ্পী ক্রূরকর্ম্মা পয়স্যা জলকামুকা।
অর্কপুষ্পী কৃমিশ্লেষ্মমেহচিত্তবিকারজিৎ ॥

পর্য্যায়।—অর্কপুষ্পী, ক্রূরকর্ম্মা, পয়স্যা ও জলকামুকা এইগুলি অর্কপুষ্পীর (শ্বেত হুড়হুড়ের) সংস্কৃত নাম। *

গুণ।—অর্কপুষ্পী কৃমি, কফ, মেহ ও চিত্তবিকৃতি নাশক।

---

## ভল্লাতকনামগুণাঃ।

ভল্লাতকো বহ্নিনামা বীরবৃক্ষোঽগ্নিবক্ত্রকঃ।
অরুষ্করস্তথারুষ্কস্তপনোঽগ্নিমুখী ধনুঃ ॥
ভল্লাতকঃ কষায়োষ্ণঃ শুক্রলো মধুরো লঘুঃ।
বাতশ্লেষ্মোদরানাহকুষ্ঠার্শোগ্রহণীগদান্ ॥
হন্তি গুল্মজ্বরশ্বিত্রবহ্নিমান্দ্যকৃমিব্রণান্ ॥

পর্য্যায়।—ভল্লাতক, বহ্নিনামা, বীরবৃক্ষ, অগ্নিবক্ত্রক, অরুষ্কর, অরুষ্ক, তপন, অগ্নিমুখী ও ধনু এইগুলি ভেলার সংস্কৃত নাম। †

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে অন্ধাহুলী, অর্কহুলী, দধিয়ার, ক্ষীরবৃক্ষ, গুজরাটে খরণের ও মহারাষ্ট্রে শিরডোড়ী বলে। ডাক্তারী নাম Cleome Pentaphylla ক্লিওমি পেণ্টাফিলা। ল্যাটীনে Holostema rheedii,

† দেশভেদে নামভেদ।—ভেলার নাম হিন্দিতে ভিলাবা, মহারাষ্ট্রীয় ভাষায় বিধবা, বিব্বা, বিব্বে; গুজরাটে ভিলামাং, কর্ণাটে কেরবীজ, তৈলঙ্গীভাষায় জিড়িচেট্টু নাল্লাজীড়ী বা জিড়িবিট্টুলু, উৎকল ভাষায় ভল্লিয়, বোম্বায়ে বিবভ,

গুণ।—ভেলা কষায়মধুররস, উষ্ণবীর্য্য, শুক্রবর্দ্ধক, লঘু। ইহা বাতশ্লেষ্ম, উদর, আনাহ (মুদো), কুষ্ঠ, অর্শ ও গ্রহণীরোগ, গুল্ম, জ্বর, শ্বিত্র, অগ্নিমান্দ্য, কৃমি ও ব্রণনাশক।

---

## মহাচুঞ্চুনামগুণাঃ।

মহাচুঞ্চুর্দীর্ঘপত্রী বিষারিঃ স্থূলচুঞ্চুকা।
মহাচুঞ্চুঃ কটূষ্ণা চ কষায়া মলরোধিনী।
গুল্মশূলোদরার্শোঘ্নী বিষঘ্নী চ রসায়নী॥

পর্য্যায়।—মহাচুঞ্চু, দীর্ঘপত্রী, বিষারি ও স্থূলচুঞ্চুকা এইকয়টী (চেঁচকোর) সংস্কৃত নাম।

গুণ।—চেঁচকো কটু ও কষায়রস, উষ্ণবীর্য্য, মলশোধক ও রসায়নগুণযুক্ত। ইহা গুল্ম, শূল, উদর, অর্শ ও বিষদোষ নাশ করে।

## দ্রোণপুষ্পীনামগুণাঃ

দ্রোণপুষ্পী ক্ষবপত্রী কুরুম্বা কুম্ভযোনিকা।
কুম্ভা দ্রোণা ফলেপুষ্পা সুপুষ্পা চিত্রপত্রিকা।
দ্রোণপুষ্পী গুরু রূক্ষা স্বাদূষ্ণা বাতপিত্তজিৎ।
ভেদিনী কামলাশোফকফকৃমিহরা কটুঃ॥

---

তামিলে শনকোট্টই, দাক্ষিণাত্যে ভিলবনা, পারস্যে ভিলাহুর ও আরবীতে হবুলবল্ব বলে। ইহার ডাক্তারী নাম The marking nut tree দি মার্কিং নটট্রী। ল্যাটীন, Semecarpus anacardium.

পর্য্যায়।—দ্রোণপুষ্পী, ক্ষবপত্রী, কুরুম্বা, কুম্ভযোনিকা, কুম্ভা, দ্রোণা, ফলেপুষ্পা, সুপুষ্পা ও চিত্রপত্রিকা এইগুলি ঘলঘসের সংস্কৃত নাম।

গুণ।—ঘলঘসে গুরু, রুক্ষ, স্বাদুকটুরস, উষ্ণবীর্য্য, বায়ুপিত্তঘ্ন, মলভেদক, কামলা, শোথ ও কৃমিনাশক।

---

## ব্রাহ্মী-মণ্ডূকপর্ণী নামগুণাঃ।

ব্রাহ্মী সরস্বতী সোমা সত্যাহ্বা ব্রহ্মচারিণা।
মণ্ডূকপর্ণী মাণ্ডূকী ত্বাষ্ট্রী দিব্যা মহৌষধী॥
কপোতবঙ্কা মুনিকা লাবণ্যা সোমবল্লরী।
ব্রাহ্মী হিমা সরা স্বাদুর্লঘুর্মেধ্যা রসায়নী॥
স্বর্য্যা স্মৃতিপ্রদা কুষ্ঠপাণ্ডু মেহাস্র কাসজিৎ॥
বিষশোথজ্বরহরা তদ্বন্মণ্ডূকপর্ণ্যপি॥

পর্য্যায়।—ব্রাহ্মী, সরস্বতী, সোমা, সত্যাহ্বা, ব্রহ্মচারিণী, এইকয়টী ব্রাহ্মীশাকের সংস্কৃত নাম। †

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে মহারাষ্ট্রে তুংবা, কুম্ভা, কর্ণাটে তুংব, হিন্দুস্থানে গুমা, গোমা, গুজরাটে কুবো এবং তৈলঙ্গে লতুগতুম্মি বলে। ল্যাটীনে Leucas Cephalotus,

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে বরংভী, ব্রহ্মী ও শ্বেতচমনী, তৈলঙ্গে শম্ব্রনাচেট্টু মণ্ডুকব্রহ্মী, বোম্বায়েঃবাম, তামিলে বীমী ও বল্লরীকেরী এবং মহারাষ্ট্রে ব্রহ্মমাণ্ডুকী, ব্রাহ্মী, গুজরাটে দিব্যা ব্রাহ্মী, খরডরামা, কর্ণাটে ওদেলপ, ফারসীতে জরনব। ইংরাজীতে Indian penny wort, ল্যাটীনে Hydrocotyle Assiatica, ডাক্তারী নাম Siphonanthus Indica, সাইফোনান্থস ইণ্ডিকা বলে।

মণ্ডূকপর্ণী, মাণ্ডূকী, ত্বাষ্ট্রী, দিব্যা, মহৌষধী, কপোতবঙ্কা, মুনিকা, লাবণ্যা ও সোমবল্লরী এইকয়টী মণ্ডূকপর্ণীর (থুলকুড়ীর) সংস্কৃত নাম।

গুণ।—ব্রাহ্মী শীতল, সারক, স্বাদু, লঘুপাক, মেধাবৰ্দ্ধক, রসায়ন, স্বরশুদ্ধিকর, স্মৃতিশক্তিবৰ্দ্ধক। ইহা কুষ্ঠ, পাণ্ডু, মেহ, রক্তদোষ ও কাস, বিষ, শোথ ও জ্বরনাশক। ব্রাহ্মমাণ্ডুকীর (থুলকুড়ীর) গুণ ব্রাহ্মীর ন্যায়।

## সুবৰ্চ্চলা-ব্রহ্মসুবৰ্চ্চলানামগুণাঃ।

সুবৰ্চ্চলার্ককান্তা স্যাৎ সূৰ্য্যভক্তা সুখোদ্ভবা।
সূৰ্য্যাবৰ্ত্তা রবিপ্রীতা ত্বন্যা ব্রহ্মসুবৰ্চ্চলা॥
হিরণ্যক্ষীরা সা জ্ঞেয়া জলান্তে পরিসর্পতি॥
সুবৰ্চ্চলা গুরুঃ শীতা মূত্রলা কফবাতজিৎ।
অন্যোষ্ণা কুষ্ঠমেহাস্র কৃচ্ছ্র জ্বরহরা লঘুঃ॥

পৰ্য্যায়।—সুবৰ্চ্চলা, অৰ্ককান্তা, সূৰ্য্যভক্তা, সুখোদ্ভবা, সূৰ্য্যাবৰ্ত্তা ও রবিপ্রীতা এইগুলি সুবৰ্চ্চলা অর্থাৎ হুড়হুড়ের এবং ব্রহ্মসুবৰ্চ্চলা ও হিরণ্যক্ষীরা এইটী ব্রহ্মসুবৰ্চ্চলার সংস্কৃত নাম। ইহা জলের উপর জন্মে। †

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে থুলথুড়ি, ব্রহ্মমাণ্ডুকী, তৈলঙ্গে মণ্ডূকব্রহ্মী, তামিলে বল্লরীকেরী ও বোম্বায়ে ব্রহ্মী। ডাক্তারী নাম Hydrocotyle Asiatica. হাইড্রোকোটাইল এসিয়াটিকা।

† দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে হুরহুজ, ব্রহ্মসোঞ্চলী, সোঞ্চলী, গুজরাটে সুরজমুখী, কর্ণাটে হুরহুর আদিত্যভক্তি, তৈলঙ্গে সূৰ্য্যকান্তিপু ও মহারাষ্ট্রে সূৰ্য্যফুগবল্লী, ফারসীতে গুলেআফতাবপরস্ত, আরবীতে অরদমূল। ডাক্তারী নাম Cleome viscosa Polanisia icosandra ক্লিওমি ভিইসকোসা পোলানিসিয়া আইসোসাণ্ড্রা। ইংরাজী Sunflower.

গুণ।—সুবর্চ্চলা গুরু, শীতল, মূত্রকারক, কফ ও বায়ুনাশক। ব্রহ্মসুবর্চ্চলা উষ্ণবীর্য্য, লঘুপাক। কুষ্ঠ, মেহ, অশ্ম (পাথরী), মূত্রকৃচ্ছ ও জ্বরনাশক।

## মৎস্যাক্ষী নামগুণাঃ।

মৎস্যাক্ষী বালিকা মৎস্যগন্ধা মৎস্যাদনী তথা।
মৎস্যাক্ষী গ্রাহিণী শীতা কুষ্ঠপিত্তকফাস্রজিৎ।
লঘুস্তিক্তা কষায়া চ স্বাদ্বী কটুবিপাকিনী॥

পর্য্যায়—মৎস্যাক্ষী, বালিকা, মৎস্যগন্ধা ও মৎস্যাদনী; এইগুলি মৎস্যাক্ষীর (হেলঞ্চ শাকের) সংস্কৃত নাম। *

গুণ।—মৎস্যাক্ষী মলগ্রাহক, শীতল। ইহা কুষ্ঠ, পিত্ত, কফ ও রক্তদোষ-নাশক।

## জলপিপ্পলী নামগুণাঃ।

জলপিপ্পল্যম্বুবল্লী শারদী কঞ্চটস্তথা।
মৎস্যগন্ধা লাঙ্গলিকা তথৈব তোয়পিপ্পলী॥
জলপিপ্পলিকা হৃদ্যা চক্ষুষ্যা শুক্রলা লঘুঃ।
সংগ্রাহিণী হিমা রূক্ষা রক্তদাহব্রণাপহা॥
কটুপাকরসা রুচ্যা কষায়া বহ্নিবর্দ্ধিনী॥

* দেশভেদে নামভেদ। ইহার নাম হিন্দুস্থানে মছেচ্ছী ও মছরিয়া এবং মহারাষ্ট্রে জলব্রাহ্মী।

পর্য্যায়।—জলপিপ্পলী, অম্বুবল্লী, শারদী, কঞ্চট, মৎস্যগন্ধা, লাঙ্গলিকা ও তোয়পিপ্পলী এইগুলি জলপিপ্পলীর (কাঁচড়ার) সংস্কৃত নাম। *

গুণ।—জলপিপ্পলী প্রীতিকর, চক্ষুর জ্যোতির্বর্দ্ধক, শুক্রজনক, লঘুপাক, ধারক, শীতল, রুক্ষ, পরিপাকে কটুরস, রুচিকর, কষায়রস ও অগ্নিবর্দ্ধক। ইহা রক্তদোষ, দাহ ও ব্রণনাশক।

---

## গোজিহ্বা নামগুণাঃ।

গোজিহ্বা গোজিকা গোভী দার্বিকা খরপর্ণিনী।
গোজিহ্বা বাতলা শীতা গ্রাহিণী কফপিত্তজিৎ॥
হৃদ্যা প্রমেহকাসাস্রব্রণজ্বরহরী লঘুঃ।
কোমলা তুবরা তিক্তা স্বাদুপাকরসা স্মৃতা॥

পর্য্যায়।—গোজিহ্বা, গোজিকা, গোভী, দার্ব্বিকা, খরপর্ণিনী এই কয়টী গোজিহ্বার (দাড়িশাকের) সংস্কৃত নাম। †

---

* দেশভেদে নামভেদ।—ইহারনাম হিন্দুস্থানে পনিসিগা, গঙ্গতিরিয়া ও জলপিপর, মহারাষ্ট্রে জলপিম্পলী, গুজরাটে রতবেলিয়ো, কর্ণাটে হোমুগুলু, ফারসীতে পীপল আবী, আরবীতে ফিলফিলমায়। ইংরাজীতে Purple Lippia. ল্যাটীনে Lippia Nodiflora.

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে গোজিয়া, গোভী, তৈলঙ্গে যেদুনালুকচেট্টু ও ভরিলিকচেট্টু, মহারাষ্ট্রে পাথরী, গুজরাটে ভোপাথরী, ফারসীতে কলমরুভী বলে। ডাক্তারী নাম Elephantopus scabar. এলিফ্যাণ্টোপস্ স্ক্যাবার।

গুণ।—গোজিহ্বা, কোমল, কষায়তিক্তরস, পরিপাকে স্বাদুরস, লঘুপাক, বায়ুজনক, শীতবীর্য্য, মলসংগ্রাহক, হৃদয়গ্রাহী। ইহা কফ, পিত্ত, প্রমেহ, কাস, রক্তদোষ, ব্রণ ও জ্বরনাশক।

---

## নাগদমনীনামগুণাঃ।

স্যান্নাগদমনী নাগগন্ধা ভুজগপর্ণিনী।
নাগাহ্বা নাগপুষ্পী চ মহাযোগেশ্বরীতি চ॥
স্যান্নাগদমনী তিক্তা লূতাসর্পবিষাপহা।
কটুঃ পিত্তব্রণকফকৃচ্ছ্রগ্রহহরী লঘুঃ॥

পর্য্যায়।—নাগদমনী, নাগগন্ধা, ভুজগপর্ণিনী, নাগাহ্বা, (নাগবাচক শব্দসমস্ত), নাগপুষ্পী ও মহাযোগেশ্বরী এই কয়টী নাগদমনীর (নাগদনার) সংস্কৃত নাম। *

গুণ।—নাগদনা তিক্তকটুরস, লঘুপাক। ইহা লূতা (মাকড়সা) ও সর্পবিষ, পিত্ত, ব্রণ, কফ, মূত্রকৃচ্ছ্র, গ্রহদোষ নাশক।

---

## গুঞ্জাদ্বয়নামগুণাঃ।

গুঞ্জা শিখণ্ডিনী তাম্রা রক্তিকা কাকণন্তিকা।
শ্বেতান্যা চক্রিকা চূড়া দুর্মুখা কাকপীলুকা॥

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে নাগদোন ও নাগদমন, তৈলঙ্গে ঈশ্বরীচেটু, দয়ণমু, তামিলে মাচিপত্রী, বোম্বায়ে দবণা, নেপালে তিতাপাত, মহারাষ্ট্রে নাগদবণী, গুজরাটে নাগডমণ, কর্ণাটে নাগদমণী। ইহার ডাক্তারী নাম Indian warm wood. ইণ্ডিয়ান ওয়ারমউড.।

গুঞ্জা কেশ্যা বলকরা ত্বচ্যা পিত্তকফাপহা।
নেত্রাময়হরা বৃষ্যা হন্তি কণ্ডূগ্রহব্রণান্।
কৃমীন্দ্রলুপ্তকুষ্ঠানি তদ্বচ্ছ্বেতাপি শস্যতে॥

পর্য্যায়।—গুঞ্জা, শিখণ্ডিনী, তাম্রা, রক্তিকা ও কাকণন্তিকা এই কয়টী রক্তগুঞ্জার (লালকুঁচের) সংস্কৃত নাম। শ্বেতা, চত্রিকা, চূড়া, দুর্মুখা, ও কাকপীলুকা এই কয়টী শ্বেতগুঞ্জার (সাদাকুঁচের) সংস্কৃত নাম। *

গুণ।—গুঞ্জাদ্বয় কেশবর্দ্ধক, বলকর, ত্বকের হিতকর, পিত্তকফঘ্ন, নেত্ররোগনাশক, বীর্য্যবর্দ্ধক, কণ্ডু, গ্রহদোষ ও ব্রণনাশক। কৃমি, ইন্দ্রলুপ্ত, অর্থাৎ টাকরোগ ও কুষ্ঠনাশক।

---

## বেল্লন্তরনামগুণাঃ। (বীরতরু)

বেল্লন্তরো (ক) বীরতরুর্বীরদ্রুর্বীরবৃক্ষকঃ।
বেল্লন্তরো রসে পাকে তিক্তস্তৃষ্ণাকফাপহঃ।
মূত্রাঘাতাশ্মসুদ্গ্রাহী যোনিকৃচ্ছ্রানিলার্ত্তিজিৎ॥
বিল্বন্তরো জগতি বীরতরুঃ প্রসিদ্ধঃ
শ্বেতাসিতারুণবিলোহিতপীতপুষ্পঃ।

---

দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে ঘুঘুচী, চোটলী, শোণ-কাঁইচ চিরমিট, মহারাষ্ট্রে মাড়লবেল, গুজরাটে চণোঠী রাতী, তৈলঙ্গে গুলুবিদে, ফারসীতে চশ্মেখরুস্, আরবীতে হবসুর্খ, হবস্থফেদ, কর্ণাটে গুলুগুজে এবং এরড়ু, উৎকলে-কুঞ্চ। ইংরাজী Bead tree. ইহার ডাক্তারী নাম Abrus precatorius. অ্যাব্রস প্রিকেটোরিয়স্।

---

(ক) বিল্বান্তর ইত্যপি পাঠঃ।

স্যাজ্জাতিতুল্যকুসুমঃ শমিসূক্ষ্মপত্রঃ
স্যাৎ কণ্টকী বিজলদেশজ এষ বৃক্ষঃ ॥

পর্য্যায়।—বেল্লন্তর, ( বিল্বান্তর ), বীরতরু, বীরদ্রু, বীরবৃক্ষক, এইগুলি বেল্লন্তরের ( বীরতরুর ) সংস্কৃত নাম। *

বিল্বান্তর জগতে বীরতরু নামে প্রসিদ্ধ। ইহার পুষ্পের আকৃতি জাতিপুষ্পের ন্যায়, বর্ণ পাঁচ প্রকার, শুক্ল, কৃষ্ণ, রক্ত, গাঢ়রক্তবর্ণ ও পীতবর্ণ। ইহার পত্র শাঁই পাতার মত সূক্ষ্ম, ইহার গাত্রে কণ্টক আছে। ইহা জলহীন জাঙ্গলদেশ, নর্ম্মদা ও চর্ম্মণ্বতী নদীর তীরে জন্মে।

গুণ।—বেল্লন্তর পরিপাকে তিক্তরস, ধারক, ইহা তৃষ্ণা, কফ, মূত্রাঘাত, অশ্মরী (পাথরী), যোনিদোষ, মূত্রকৃচ্ছ্র ও বায়ুরোগ নাশক।

---

## বন্দানামগুণাঃ ( বাঁদরা ) ( পরগাছা )।

বন্দাকঃ স্যাদ্বৃক্ষরুহঃ শেখরী কামবৃক্ষকঃ।
বৃক্ষাদনী কামতরুঃ কামিনী রোহিণী তথা ॥
বন্দাকঃ কফবাতাস্র শোষব্রণবিষাপহঃ ॥
মাঙ্গল্যশ্চ হিমস্তিক্তঃ কষায়মধুরো রসে ॥

পর্য্যায়।—বন্দাক, বৃক্ষরুহ, শেখরী, কামবৃক্ষক, বৃক্ষাদনী, কামতরু, কামিনী ও রোহিণী এই কয়টী বন্দাকের ( বাঁদরার ) সংস্কৃত নাম। †

---

* দেশভেদে নামভেদ।—হিন্দীনাম বরবেলা, তৈলঙ্গে বেণুতুরুচেট্টু।

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে বন্দা, বংদাল, তৈলঙ্গে বাজিনীকে, মহারাষ্ট্রে বাদাংগুল, কামরুথ, গুজরাটে বাংদো, কর্ণাটে বংদণিকে বলে। ল্যাটীনে Loranthus Longifolious. ডাক্তারী নাম A Parasite Plant. এ প্যারাসাইট প্ল্যাণ্ট।

গুণ।—বন্দাক মাঙ্গল্য, শীতবীর্য্য, তিক্ত কষায়মধুররস। ইহা কফ, বাত, রক্তদোষ, শোথ, ব্রণ ও বিষনাশক।

---

## পিণ্ডার নামগুণাঃ। (পিটলীগাছ)

পিণ্ডারঃ করহাটঃ স্যাৎ তীক্ষ্ণকীলঃ কুরঙ্গকঃ।
পিণ্ডারো মধুরঃ শীতঃ শোথপিত্তকফাপহঃ॥
তৎফলং শীতলং বল্যং পিত্তঘ্নং রুচিকারকম্।
পাকে লঘু বিশেষেণ বিষশান্তিকরং স্মৃতম্॥

পর্য্যায়।—পিণ্ডারকে কেহ কেহ শুক্ল ময়না বিশেষ অথবা পিটলীগাছ। করহাট, তীক্ষ্ণকীল ও কুরঙ্গক এইগুলি পিণ্ডারের (পিটালী গাছের, শুক্লময়নার) সংস্কৃত নাম। *

গুণ।—পিণ্ডার মধুর, শীতল, শোথ, পিত্ত ও কফ নাশক। ইহার ফল শীতবীর্য্য, বলকর, পিত্তনাশক, রুচিকারক, পরিপাকে লঘু ও বিষনাশক।

---

## ছিক্কিকা নামগুণাঃ। (হাঁচুটী)

ছিক্কিকা ক্ষবকঃ ক্রূরো নাসাসংবেদনঃ পটুঃ।
ছিক্কিকা কটুকা বল্যা তীক্ষ্ণোষ্ণা বহ্নিপিত্তকৃৎ
বাতরক্তহরী কুষ্ঠকৃমিবাতকফাপহা॥

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে মইনফল, করহর, তৈলঙ্গে বসন্তকড়িমিচেটু, মণ্ডচেটু, ম্রঙ্গচেটু, ও উম্মেত্তচেটু উৎকলে পাতর; তামিলে মড়ুককুরয়; নেপালে মৈদল; পঞ্জাবে মিণ্ডাকাল্ল; মহারাষ্ট্রে গেল্ল; দাক্ষিণাত্যে মেনাহল বলে। লাটিন নাম Randia dumetornm রেণ্ডিয়া ডিউমেটোরম্। ইংরাজী Bushy gardenia. বুসি গার্ডেনিয়া।

পর্য্যায় ।—ছিক্কিকা, ক্ষবক, ক্রুর, নাসাসংবেদন ও পটু এই কয়টী ছিক্কিকার ( হাঁচুটীর, হেঁচেতার ) সংস্কৃত নাম। *

গুণ ।—ছিক্কিকা কটু,তীক্ষ্ণবীর্য্য, উষ্ণবীর্য্য,অগ্নিকর, পিত্তজনক, বাতরক্ত, কুষ্ঠ, ক্রিমি, বাত ও কফনাশক।

---

## রোহিতকনামগুণাঃ। ( রোড়া )

রোহিতো দাড়িমীপুষ্পো রোহীতঃ কূটশাল্মলিঃ ।
প্লীহারী রোহিণো রোহী রক্তঘ্নঃ পারিজাতকঃ ॥
রোহিতকঃ সরো গুল্মযকৃৎপ্লীহোদরাপহঃ ॥
কটুঃ স্নিগ্ধঃ কষায়শ্চ শীতলঃ কৃমিনাশনঃ ॥

পর্য্যায় ।—রোহিত, দাড়িমীপুষ্প, রোহীত কূটশাল্মলি, প্লীহারি, রোহিণ রোহী, রক্তঘ্ন, পারিজাতক এই কয়টী রোহিতকের (রড়ার) সংস্কৃত নাম। †

গুণ ।—রড়া সারক, কটুতিক্ত কষায়রস, শীতবীর্য্য। গুল্ম, যকৃৎ, প্লীহা, উদররোগ ও কৃমিনাশক।

---

* দেশভেদে নামভেদ ।—ইহার হিন্দীনাম নাক্‌ছিক্‌নী, মহারাষ্ট্রে নাক্‌-শিকণী, গুজরাটে নাকছিকণী, ফারসীতে বেরগা উজবাং, আরবীতে উফরক, কুন্দুশ, ল্যাটীনে Sentipeda orbicularis, ডাক্তারী নাম Artemisia Sternutatoria, আরটিমিসিয়া ষ্টার্নিউটাটোরিয়া।

† দেশভেদে নামভেদ—ইহাকে হিন্দুস্থানে রোহেড়া, মহারাষ্ট্রে রক্ত-রোহিড়া, গুজরাটে রগত রোহিড়ো, কর্ণাটে ঘরডুমলু, মুত্তলুও, তৈলঙ্গী ভাষায় মুলুমোদুগচেটু বলে। ডাক্তারী নাম Andersonia Rohitaka. অ্যাণ্ডারসোনিয়া রোহিতক। ল্যাটীনে Tecoma undulata.

## মোচরস নামগুণাঃ।

মোচকঃ স্যান্মোচরসঃ শাল্মলীবেষ্টকঃ স্মৃতঃ।
মোচনির্য্যাসকঃ পিচ্ছা মোচাস্রাবশ্চ পিচ্ছলঃ॥
মোচকঃ শীতলো গ্রাহী গুরুর্ব্বৃষ্যোঽতিসারজিৎ॥
প্রবাহকাসপিত্তাস্রকফদাহনিবর্হণঃ॥

পর্য্যায়।—মোচক, মোচরস, শাল্মলীবেষ্টক, মোচনির্য্যাসক, পিচ্ছা, মোচাস্রাব, পিচ্ছল এইগুলি মোচরসের (শিমূলের আঠার) সংস্কৃত নাম। *

গুণ।—মোচরস শীতবীর্য্য, ধারক, গুরুপাক, বীর্য্যবর্দ্ধক, অতিসার, প্রবাহ (আমাশয়), কাস, রক্তপিত্ত, কফ ও দাহনাশক।

---

## অজগন্ধা নামগুণাঃ। (বন ও বাবুইতুলসী)

অজগন্ধা বস্তগন্ধা কবরী পুতিবর্ব্বরঃ।
ব্রহ্মগর্ভা চোগ্রগন্ধা খরপুষ্পাবিগন্ধিকা॥
বর্ব্বরী তুবরী তুঙ্গী খরপুষ্প্যজগন্ধিকা।
অজগন্ধা লঘূ রুচ্যা হৃদ্যা চ কফবাতনুৎ॥
পর্ণাশস্তত্র কৃষ্ণে তু কঠিঞ্জরকুঠেরকৌ॥
কালমারঃ করালশ্চ মালূকঃ কৃষ্ণমল্লিকা।
তত্র শুক্লেঽর্জ্জকঃ প্রোক্তো বটপত্রস্ততোঽপরঃ॥

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে মোচরস, মহারাষ্ট্রে সাম্বরী চা ডীক, গুজরাটে সেমলানো গুন্দ এবং অন্যত্র মোচরস বলে।

বর্ব্বরীত্রিতয়ং রুক্ষং শীতং কটু বিদাহি চ।
তীক্ষ্ণং রুচিকরং হৃদ্যং দীপনং লঘুপাকি চ॥
পিত্তলং কফবাতাস্রকণ্ডূক্রিমিবিষাপহম্॥

পর্য্যায়।—অজগন্ধা, বস্তগন্ধা, কবরী ও পূতিবর্ব্বর, ব্রহ্মগর্ভা, উগ্রগন্ধা, খরপুষ্পা, অবিগন্ধিকা, বর্ব্বরী, তুবরী, তুঙ্গী, খরপুষ্পা ও অজগন্ধিকা এইকয়টী অজগন্ধার (বনতুলসীর ও বাবুই তুলসীর) সংস্কৃত নাম।

তন্মধ্যে কৃষ্ণবর্ণ বাবুই তুলসীর পর্য্যায়। পর্ণাশ, কঠিঞ্জর, কুঠেরক, কালমার, করাল, মালূক, কৃষ্ণমল্লিকা। শুক্লবর্ণ বাবুই তুলসীর পর্য্যায়—অর্জ্জক। অন্য আর একপ্রকার বনতুলসী আছে তাহাকে বটপত্র বলে।

গুণ।—অজগন্ধা লঘু, রুচিকর, হৃদয় গ্রাহী, কফ ও বায়ুনাশক।

তিন প্রকার বাবুই—রুক্ষ, শীতবীর্য্য, কটু, দাহজনক, তীক্ষ্ণ, রুচিকর, হৃদয়গ্রাহী, অগ্নিদীপক, লঘুপাক, পিত্তজনক। ইহার রস কফ, বায়ু, রক্তদোষ, কণ্ডু, কৃমি ও বিষনাশক।

---

## সৌরেয়ক নামগুণাঃ। (ঝাঁটী)

সৌরেয়কঃ সহচরঃ সৈরেয়ঃ কিঙ্কিরাতকঃ।
দাসী সহচরো ঝিণ্টী শৈরিকো মৃদুকণ্টকঃ॥

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে বর্ব্বরী, বনতুলসী, মহারাষ্ট্রে আজবলা, রানতুলস, কর্ণাটে গোরলে- করীয়গোরলে, তৈলঙ্গে তেল্লগগ্গের চেট্টু, কারুতুলসী, গুজরাটে রানতুলসীভেদ, সিংহলে তোকবলাম্বা, ফারসীতে পলঙ্কমুস্ক, আরবীতে ফরংজমুস্ক বলে। ল্যাটীনে Ocimum gratissimum ডাক্তারি নাম Assimum Bajilicum. অসিমম্ ব্যাজিলিকম্।

রক্তপুষ্পঃ কুরুবকঃ পীতো জ্ঞেয়ঃ কুরুণ্টকঃ।
নীল আৰ্ত্তগলঃ প্রোক্তো বাণা চোদনপাক্যপি ॥
সৈরেয়ঃ কুষ্ঠবাতাস্রকফকণ্ডূবিষাপহঃ।
তিক্তোষ্ণো মধুরোঽনম্লঃ সুস্নিগ্ধঃ কেশরঞ্জনঃ ॥

পর্য্যায়।—সৌরেয়ক, সহচর, সৈরেয়, কিঙ্কিরাতক, দাসী, সহচর, ঝিন্টি, শৈরিক, মৃদুকণ্টক এইকয়টী ঝিণ্টীর সংস্কৃত নাম। রক্তঝিণ্টীর সংস্কৃত নাম কুরুবক, পীত ঝিণ্টীর সংস্কৃত নাম কুরুণ্টক, নীলঝিণ্টীর সংস্কৃত নাম আৰ্ত্তগল, বাণা ও ওদনপাকী। *

গুণ।—ঝিণ্টী তিক্তমধুররস, উষ্ণবীর্য্য, অম্লনাশক, অতিস্নিগ্ধ ও কেশরঞ্জক। ইহা কুষ্ঠ, বাতরক্ত, কফ, কণ্ডূ ও বিষনাশক।

---

## স্যন্দা (অপরাজিতা) দ্বয়নাম গুণাঃ

শ্বেতস্যন্দা শ্বেতপুষ্পা কটভির্গিরিকর্ণিকা।
সিতাপরাজিতা শ্বেতা বিষঘ্নী মেহনাশিনী ॥
নীলস্যন্দা ব্যক্তগন্ধা নীলপুষ্পা গবাদনী।
স্যন্দাদ্বয়ং ভবেৎ শীতং গ্রহঘ্নং দৃষ্টিকণ্ঠকৃৎ।
কুষ্ঠশূলত্রিদোষাম শোফব্রণবিষাপহম্।

---

* দেশভেদে নামভেদ।—হিন্দীতে ঝিণ্টীকে কট সরৈআ ও মহারাষ্ট্রে কোরেণ্টা বলে। ডাক্তারী নাম Barlaria crastata. বার্লেরিয়া ক্রাষ্টাটা।

পর্য্যায়।—শ্বেতস্যন্দা, শ্বেতপুষ্পা, কটভি, গিরিকর্ণিকা, সিতাপরাজিতা, শ্বেতা, বিষঘ্নী ও মেহনাশিনী এইকয়টী শ্বেতাপরাজিতার সংস্কৃত নাম। নীলস্যন্দা, ব্যক্তগন্ধা, নীলপুষ্পা গবাদনী এই কয়টী নীলাপরাজিতার সংস্কৃত নাম। *

গুণ।—শ্বেত ও নীল উভয়বিধ অপরাজিতা শীতল, গ্রহদোষনাশক, দৃষ্টিশক্তিবর্দ্ধক, কণ্ঠস্বরশোধক, কুষ্ঠ, শূল, ত্রিদোষ, আম, শোথ, ব্রণ ও বিষনাশক। বিশেষতঃ শ্বেতাপরাজিতা বিষঘ্ন ও মেহনাশক।

---

## ইক্ষুরনামগুণাঃ।

ইক্ষুরঃ কোকিলাক্ষস্তু কাণ্ডেক্ষুঃ ক্ষুরকঃ ক্ষুরঃ।
বজ্রকণ্টস্তথা ভিক্ষুশ্চেক্ষুগন্ধেক্ষুবালিকা॥
ইক্ষুরঃ শীতলো বৃষ্যো গুরুর্বাতকফাস্রজিৎ॥
স্বাদ্বম্লপিত্তলস্তিক্তঃ শোথতৃষ্ণাশ্মদৃষ্টিজিৎ॥

কোলিকাক্ষ। ( তালমাখনা, কুলেখাড়া )

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে বিষ্ণুক্রান্তি, সফেদ কোয়ল, নীলীকোয়ল, গুজরাটে গরণী, আরবীতে মজীরয়ুতএহিন্দী, তৈলঙ্গে নল্লনেল গুন্মিরি বিষ্ণুক্রান্ত ও নল্লবিষ্ণুক্রান্ত বলে। বিশেষতঃ শ্বেত অপরাজিতাকে মহারাষ্ট্রে ও বোম্বায়ে পাণ্ডরী সুপলী ও কর্ণাটে বিলিয়গিরি কর্ণিকে এবং নীল অপরাজিতাকে মহারাষ্ট্রে নীলমুষলী ও কর্ণাটে নীলগিরিকর্ণিকে বলে। ইহার ডাক্তারী নাম Clitaria ternatia. ক্লিটারিয়া টারনাসিয়া।

পর্য্যায়।—ইক্ষুর, কোকিলাক্ষ, কাণ্ডেক্ষু, ক্ষুরক, ক্ষুর, বজ্রকণ্টক, ভিক্ষু, ইক্ষুগন্ধা ও ইক্ষুবালিকা এইগুলি কুলেখাড়ার সংস্কৃত নাম। *

গুণ। কুলেখাড়া শীতবীর্য্য, ধাতুপুষ্টিকারক, গুরু, তিক্তস্বাদ্বম্লরস, বায়ু, কফ ও রক্তদোষ, শোথ, তৃষ্ণা, পাথরী ও দৃষ্টদোষনাশক।

---

## কার্পাসীনামগুণাঃ।

কার্পাসঃ পটদস্তূলঃ কার্পাসী বাদরঃ পিচুঃ।
তুণ্ডিকেরী সমুদ্রান্তা সারিণী মরুসম্ভবা॥
কার্পাসকী লঘুঃ কোষ্ণা মধুরা বাতনাশনী॥
রক্তকার্পাসিকা স্বাদ্বী স্তন্যবৃদ্ধিকরী তথা।
কিঞ্চিদুষ্ণা বলকরী কষায়া চ লঘুঃ স্মৃতা॥
কফপিত্ততৃষাদাহভ্রমশ্রমবমীহরা।
মূর্চ্ছাবিনাশিনী শীতা প্রোক্তা গুণবিশারদৈঃ॥
তৎপলাশং সমীরঘ্নং রক্তকৃন্মূত্রবর্দ্ধনম্।
তৎ কর্ণপিড়কানাহপূযস্রাববিনাশনম্।
তদ্বীজং স্তন্যদং বৃষ্যং স্নিগ্ধং কফহরং গুরু॥

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে কোলিস্তাবিখর ও কৈকয়া, মহারাষ্ট্রে কোলিসা, বিখরা, কর্ণাটে কুলুগোলিকে, তৈলঙ্গে গোলি-মিড়িচেট্টু, ও গোবী, উৎকলে কুইলিরখা ও মাখুরেণ, কোকণে কোলিস্তা, গুজরাটে এখরো, ইংরাজীতে Longleaved Barlaria. ডাক্তারী নাম Ruellia Lorgifolia, রুলিয়া লঙ্গিফোলিয়া।

কার্পাস। কাপাশ তূলা।

পর্য্যায়।—কার্পাস, পটদ, তূল, কার্পাসী, বাদর, পিচু, তুণ্ডিকেরী, সমুদ্রান্তা, সারিণী ও মরুসম্ভবা এই কয়টী কাপাস তূলার সংস্কৃত নাম। *

গুণ।—কার্পাস লঘু, ঈষৎ উষ্ণবীর্য্য, মধুররস, বায়ুনাশক। ইহার বীজ স্তনদুগ্ধবর্দ্ধক, ধাতুপুষ্টিকর, স্নিগ্ধ, কফনাশক ও গুরুপাক।

লালকাপাস—মধুর-কষায়-রস, ঈষৎ উষ্ণবীর্য্য, স্তন্যবর্দ্ধক, বলকর, লঘু ও শীতবীর্য্য। ইহা কফ, পিত্ত, তৃষ্ণা, দাহ, ভ্রম, শ্রম, বমন, মূর্চ্ছা নাশক।

ইহার পত্র বায়ুনাশক, রক্তশোধক, মূত্রবর্দ্ধক। ইহা কর্ণপীড়কা, আনাহ, পূয়স্রাবনাশক।

ইহার বীজ—স্তন্যবর্দ্ধক, বীর্য্যবর্দ্ধক, স্নিগ্ধ, কফহর ও গুরু।

---

## আরামশীতলানামগুণাঃ।

আরামশীতলা রামা দিব্যগন্ধা সুগন্ধিকা।
শীতলা চ মহানন্দানন্দী কুক্কুটমর্দ্দকা।
আরামশীতলা শীতা কটুঃ পিত্তকফাস্রজিৎ॥
দাহশোষহরা প্রোক্তা ব্রণবিস্ফোটনাশিনী॥

আরামশীতলা—ইহা সুগন্ধি পত্রবিশেষ।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে কাপচ্ছী, কপাস, বনকপাস, নরমাবাড়ী ( রুঈ ), ও মহারাষ্ট্রে কাপসী, কাপুস, সরকী, কর্ণাটে হত্তি ও কাড়হত্তি, তৈলঙ্গে পত্তিচেট্র, গুজরাটে বণরুকপাস, হিরবণী কপাশিয়া, ফারসীতে কুতন, পুংবেদানা, আরবীতে কুতন, হবুলকুতন বলে। ল্যাটিনে Gossypium herbaceum, ইহার ডাক্তারী নাম Cotton plant. কটন্ প্ল্যাণ্ট।

পর্য্যায়।—আরামশীতলা, রামা, দিব্যগন্ধা, সুগন্ধিকা, শীতলা, মহানন্দা, আনন্দী ও কুক্কুটমর্দ্দকা এইকয়টী আরামশীতলার পর্য্যায়। ইহা মহারাষ্ট্রে খ্যাত পত্রশাকবিশেষ।

গুণ।—আরামশীতলা শীতল, কটু। ইহা পিত্ত, কফ, রক্তদোষ, দাহ, শোষ, ব্রণ ও বিস্ফোটকনাশক।

---

## কুক্কুরদ্রু নামগুণাঃ।

কুক্কুরদ্রুস্তাম্রচূড়ঃ শ্লক্ষ্ণপত্রো মৃদুচ্ছদঃ।
কুকুন্দরঃ পীতপুষ্পঃ সূক্ষ্মপত্রশ্চ স স্মৃতঃ॥
কুক্কুরদ্রুঃ কটুস্তিক্তো জ্বররক্তকফাপহঃ।
রক্তপিত্তমতীসারং দাহং ঘোরং নিহন্তি চ।
তন্মূলমার্দ্রং নিক্ষিপ্তং বদনে মুখশোষজিৎ॥

### কুকুরসোঁকা।

পর্য্যায়।—কুক্কুরদ্রু, তাম্রচূড়, শ্লক্ষ্ণপত্র, মৃদুচ্ছদ, কুকুন্দর, পীতপুষ্প ও সূক্ষ্মপত্র এই কয়টী কুক্কুরদ্রু (কুকুরসোঁকার) সংস্কৃত নাম। *

গুণ।—কুকুরসোঁকা কটু, তিক্ত। ইহা জ্বর, রক্তদোষ, কফ, রক্তপিত্ত, অতিসার ও দাহনাশক। ইহার কাঁচা মূল মুখে দিলে মুখশোষ নষ্ট হয়।

---

* দেশভেদে নামভেদ।—ইহার হিন্দীনাম কুকুরৌন্দা, মহারাষ্ট্রে কুকুরবন্দা গুজরাটে কোকরুন্দা,ফারসীতে কমাকিসুস, আরবীতে সনোবরুল অর্দ এবং ল্যাটিনে Blumea cdorata বলে।

## বাম্মী নামগুণাঃ। (হেলঞ্চ)

বাম্মী শঙ্খধরা বারিব্রাহ্মী চ হিলমোচিকা।
বাম্মী শোফহরা কুষ্ঠপিত্তশ্লেষ্মানিলাপহা॥

পর্য্যায়।—বাম্মী, শঙ্খধরা, বারিব্রাহ্মী ও হিলমোচিকা এই কয়টী বারিব্রাহ্মীর (হিমচাবিশেষের) সংস্কৃত নাম। *

গুণ।—বাম্মী শোথ, কুষ্ঠ, পিত্ত, কফ ও বায়ু নাশক।

---

## শরপুঙ্খা নামগুণাঃ।

শরপুঙ্খা কালশাকঃ প্লীহারিঃ কালকা মতা।
শরপুঙ্খা যকৃৎপ্লীহদুষ্টব্রণবিষাপহা॥
তিক্তা কষায়া কাসাস্রশ্বাসজ্বরহরা লঘু॥

পর্য্যায়।—শরপুঙ্খা, কালশাক, প্লীহারি ও কালকা এই কয়টী শরপুঙ্খার (বননীলের) সংস্কৃত নাম। †

গুণ।—শরপুঙ্খা তিক্ত, লঘু, কষায়রস। ইহা কাস, রক্তদোষ, শ্বাস, জ্বর, যকৃৎ, প্লীহ, দুষ্টব্রণ ও বিষনাশক।

---

* ইহার হিন্দীনাম হুরহুচ, বোম্বাই হুরহুচী, উৎকলে হিরমিচা বলে।

† দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে শরফোঁকা, সফেদ শরফোঁকা, দাক্ষিণাত্যে ও বোম্বায়ে জংলিকুলথি, কর্ণাটে যেরডুকোগ্গি, মল্লুকোগ্পি, মহারাষ্ট্রে উন্হালি, তৈলঙ্গে প্রাংপারাচেট্টু, তেল্লবেংপল্লিচেট্টু এবং তামিলে কোল্লুকাবেল্লপি। ইংরাজীতে Purple tephrosia. ডাক্তারী নাম Tephrosia Purpurea. তেফ্রোসিয়া পারপুরিয়া।

## বলামোটা নামগুণাঃ।

বলামোটা জয়া সূক্ষ্মপত্রা জ্ঞেয়াপরাজিতা।
জয়ন্তী সূক্ষ্মমূলা চ বিক্রান্তা হরিতা তথা॥
বলামোটা বিষশ্লেষ্মকৃচ্ছ্রনুদ্ বিজয়প্রদা।
মদগন্ধযুতা তিক্তা কটূষ্ণা কৃমিভূতহৃৎ॥

ইহা কৃষ্ণবর্ণ জয়ন্তী নামে প্রসিদ্ধ। তেতুলপাতার ন্যায় সূক্ষ্মপত্রবিশিষ্ট বৃক্ষ বিশেষ। বলামোটা শব্দে নাগদমনীও বুঝায়।

পর্য্যায়।—বলামোটা, জয়া, সূক্ষ্মপত্রা ও অপরাজিতা, জয়ন্তী, সূক্ষ্মমূলা, বিক্রান্তা, হরিতা এইকয়টী বলামোটার (জয়ন্তীর) সংস্কৃত নাম। *

গুণ।—বলামোটা বিজয়প্রদা, মদগন্ধযুক্ত, তিক্ত কটুরস, উষ্ণবীর্য্য, রসায়ন গুণযুক্ত। ইহা বিষ, কফ, মূত্রকৃচ্ছ্র, কৃমি ও ভূতবাধানাশক।

---

## সুদর্শনা নামগুণাঃ।

সুদর্শনা সোমবল্লী চক্রাঙ্কা মধুপর্ণিকা।
চক্রাঙ্গী বৃষকর্ণী চ দধ্যালী চক্রনামিকা।
সুদর্শনা স্বাদুরুষ্ণা কফশোফাস্রবাতজিৎ॥

পর্য্যায়।—সুদর্শনা, সোমবল্লী, চক্রাঙ্কা, মধুপর্ণিকা, চক্রাঙ্গী, বৃষকর্ণী, দধ্যালী ও চক্রনামিকা এই কয়টী সুদর্শনার (পদ্মগুলঞ্চের, উরতিপুরতির) সংস্কৃত নাম।

---

* দেশভেদে নামভেদ।—ইহার হিন্দীনাম জৈৎ। বাঙ্গালা নাম জন্তী, ধনচে বিশেষ। মান্দ্রাজী সোরেরী, কর্ণাটে তোগরসে, ইংরাজী **Eachy nomene scaban or scabania aculentia.**

গুণ।—সুদর্শনা স্বাদু, উষ্ণবীর্য্য, কফ, শোথ, রক্তদোষ ও বায়ুনাশক।

## ময়ূরশিখা নামগুণাঃ।

ময়ূরাহ্বশিখা জ্ঞেয়া সাহস্রী মধুকচ্ছদা।
ময়ূরাহ্বশিখা লঘ্বী পিত্তশ্লেষ্মাতিসারজিৎ।
মধুরা মূত্রকৃচ্ছ্রঘ্নী বালগ্রহবিনাশিনী॥

পর্য্যায়।—ময়ূরশিখা, সাহস্রী ও মধুকচ্ছদা এই কয়টী ময়ূরশিখার (নীলকণ্ঠফুলের গাছের) সংস্কৃত নাম। *

গুণ—ময়ূরশিখা লঘু, মধুররস। ইহা পিত্ত, শ্লেষ্ম, অতিসার, মূত্রকৃচ্ছ্র ও বালগ্রহনাশক।

## লক্ষ্মণানামগুণাঃ।

লক্ষ্মণা পুত্রজননী বস্তগন্ধাকৃতির্ভবেৎ।
লক্ষ্মণা পুত্রদা রক্তা বিন্দুপত্রা চ নাগিনী।
গোক্ষীরসদৃশং পত্রং রোমবল্লীসমন্বিতম্।
রক্তবিন্দুসমং পুষ্পং পুত্রকাকারমুচ্যতে॥

---

* দেশভেদে নামভেদে। ইহাকে হিন্দুস্থানে মোরশিখা, ফারসীতে অসনানে, অসলান, মহারাষ্ট্রে ময়ূরশিখা, গুজরাটে মোরশিখা, কর্ণাটে হোরেয়স্সুব ও তৈলঙ্গে ময়ূরশিখিয়নে ক্ষুপবিশেষমু বলে। ল্যাটীনে **Celosia cristata.**

লক্ষণা গর্ভদা শীতা সরা বৃষ্যা ত্রিদোষজিৎ।
মধুরা বাতহন্ত্রী চ রসায়নগুণৈর্যুতা॥

পর্য্যায়।—লক্ষণার পত্র গোস্তনের ন্যায় শুভ্রবর্ণ, রোমরাজি সংযুক্ত ও রক্তবিন্দুবিভূষিত, পুত্তলিকার ন্যায় আকৃতিবিশিষ্ট, ছাগগন্ধযুক্ত ও ছাগাকৃতি কন্দবিশেষকে লক্ষণাকন্দ বলে। লক্ষণা, পুত্রদা, রক্তা, বিন্দুপত্রা ও নাগিনী এইকয়টী লক্ষণার (লক্ষণামূলের) সংস্কৃত নাম। *

গুণাদি। লক্ষণা গর্ভপ্রদ, শীতল, সারক, বৃষ্য ও মধুররস, রসায়নগুণযুক্ত। ত্রিদোষঘ্ন ও বায়ুনাশক।

---

## মাংসরোহিণী নামগুণাঃ।

মাংসরোহিণ্যতিরুহা বৃত্তা চর্ম্মকষা বসা।
প্রহারবল্লী বিকসা বীরবত্যপি কথ্যতে॥
স্যান্মাংসরোহিণী বৃষ্যা সরা দোষত্রয়াপহা।
শীতা কষায়া রুচ্যা চ ক্রিমিঘ্নী কণ্ঠশোধনী॥

পর্য্যায়।—মাংসরোহিণী, অতিরুহা, বৃত্তা, চর্ম্মকষা, বসা, প্রহারবল্লী, বিকষা ও বীরবতী এইকয়টী মাংসরোহিণীর (চামারকষার) সংস্কৃত নাম। †

গুণাদি।—ইহা বৃষ্য, সারক, শীতবীর্য্য, কষায়রস, রুচিকর, কণ্ঠশোধক। ইহা ত্রিদোষনাশক ও ক্রিমিনাশক।

* দেশভেদে নামভেদ।—ইহার বম্বাই নাম লক্ষণাকন্দ।

† দেশভেদে নামভেদ।—ইহাকে মহারাষ্ট্রে মাংসরোহা, গুজরাটে রোপ্য, ইংরেজীতে Redwod tree.: ল্যাটীনে Soymida febrifiga বলে।

## অস্থিসংহারক নামগুণাঃ।

অস্থিসংহারকো বজ্রবল্লরী ক্রোষ্টু ঘণ্টিকা।
বজ্রাঙ্গী গ্রন্থিমান্ বজ্রপ্রোক্তা স্যাদস্থিশৃঙ্খলা॥
অস্থিসংহারকঃ শীতো বৃষ্যো বাতহরোঽস্থিযুক্॥
উষ্ণঃ সরঃ ক্রিমিঘ্নশ্চ দুর্নামঘ্নোঽক্ষিরোগজিৎ।
রুক্ষঃ স্বাদুর্গুরুশ্চৈব পাচনঃ পিত্তলঃ স্মৃতঃ॥

পর্য্যায়।—অস্থিসংহারক, বজ্রবল্লরী, ক্রোষ্টুঘণ্টিকা, বজ্রাঙ্গী, গ্রন্থিমান্, বজ্রপ্রোক্তা ও অস্থিশৃঙ্খলা এই কয়টী হাড়যোড়ার সংস্কৃত নাম। *

গুণাদি।—হাড়জোড়া শীতবীর্য্য, বৃষ্য, অস্থিসংযোজক, উষ্ণবীর্য্য, সারক, রুক্ষ, স্বাদু, লঘু, পাচক ও পিত্তজনক। ইহা বায়ুনাশক, কৃমি, অর্শ ও চক্ষুরোগনাশক।

---

## অর্কদ্বয়নাম গুণাঃ।

অর্কঃ সূর্য্যাহ্বয়ঃ ক্ষীরী সদাপুষ্পো বিকীরণঃ।
মন্দারো বসুকোঽলর্কো রাজাহ্বো দিব্যপুষ্পিকঃ॥
শ্বেতার্কো গণরূপঃ স্যান্মন্দারো বসুকোঽপি চ।
শ্বেতপুষ্পঃ সদাপুষ্পঃ স চালর্কঃ প্রতাপসঃ॥

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে হরসাঙ্করী, হরজোড়ী ও হরসণ্ঘারি বলে। গুজরাটে হাড়সাংকলা, মহারাষ্ট্রে কাংড়বেল, তৈলঙ্গে নাল্লেদ, ল্যাটীনে Vitis quodran gularis. ভিটিস্ কোয়াড্রাঙ্গুলারিস্।

রক্তোঽপরোঽর্কনামা স্যাদর্কপর্ণো বিকীরণঃ।
রক্তপুষ্পঃ শুক্লফলস্তথাস্ফোতঃ প্রকীর্ত্তিতঃ।
অর্কদ্বয়ং সরং বাতকুষ্ঠকণ্ডূবিষাপহম্॥
নিহন্তি প্লীহগুল্মার্শোযকৃৎশ্লেষ্মোদরকৃমীন্॥
শ্বেতার্ককুসুমং বৃষ্যং লঘু দীপন পাচনম্।
অরোচকপ্রসেকার্শঃকাসশ্বাসনিবারণম্॥
রক্তার্কপুষ্পং মধুরং তিক্তং গ্রাহি কফং জয়েৎ।
গুল্মরুক্কৃমিশোথার্শোরক্তপিত্তবিষাপহম্॥
অর্কক্ষীরং তু তিক্তোষ্ণং স্নিগ্ধং সলবণং লঘু।
কুষ্ঠগুল্মোদরহরং শ্রেষ্ঠমেতদ্বিরেচনম্॥

পর্য্যায়।—অর্ক, সূর্য্যাহ্বয় অর্থাৎ *সূর্য্যবাচক শব্দসমস্ত, ক্ষীরী, সদাপুষ্প, বিকীরণ, মন্দার, বসুক, অলর্ক, রাজাহ্ব ও দিব্যপুষ্পিক এই কয়টী আকন্দের সংস্কৃত নাম। অর্ক অর্থাৎ আকন্দ দ্বিবিধ শ্বেত ও রক্ত। শ্বেতার্ক,•গণরূপ, মন্দার, বসুক, শ্বেতপুষ্প, সদাপুষ্প, অলর্ক ও প্রতাপস এই কয়টী শ্বেতার্কের এবং অর্কনামা, অর্কপর্ণ, বিকীরণ, রক্তপুষ্প, শুক্লফল, আস্ফোত এইকয়টী রক্তার্কের সংস্কৃত নাম।

---

* দেশভেদে নামভেদ।—আকন্দ সাধারণতঃ হিন্দুস্থানে মান্দার, লাল আক, সফেদ আক, গুজরাটে আকডো-ধোলোআকডো, ফারসীতে খুর্ক, দুধ, আরবীতে উষর; মহারাষ্ট্রে রুই, পাণ্টরী রুই; কর্ণাটে পকে, ও মন্দার পকে ও তৈলঙ্গে জিল্লেটুচেটু বলে। লাল আকন্দকে মান্দাক ও কর্ণাটে মান্দার অকে এবং শ্বেত আকন্দকে কর্ণাটে বিলিয় অকে ও মহারাষ্ট্রে

**গুণাদি।**—দুই প্রকার আকন্দ সারক, বাত, কণ্ডূ, বিষ, ব্রণ, প্লীহা, গুল্ম, অর্শ, যকৃৎ, কফ, উদররোগ ও কৃমিনাশক। শ্বেত আকন্দের ফুল বীর্য্যবর্দ্ধক, লঘুপাক, অগ্নিদীপক ও পাচক। ইহা অরুচি, কফাদিস্রাব, অর্শ, কাস ও শ্বাসরোগনাশক।

রক্ত আকন্দ ফুল মধুর-তিক্তরস, ধারক। ইহা কফ, গুল্ম, কৃমি, শোথ, অর্শ, রক্তপিত্ত ও বিষ নাশক।

আকন্দের আঠা তিক্ত, উষ্ণবীর্য্য, স্নিগ্ধ, লবণরস, লঘু কুষ্ঠ, গুল্ম, উদর-রোগঘ্ন ও শ্রেষ্ঠ বিরেচক।

---

## করবীর নামগুণাঃ।

করবীরোঽশ্বহা শ্বেতপুষ্পঃ স্যাচ্ছাতকুম্ভকঃ।
রক্তপুষ্পোঽপরশ্চণ্ডো লগুড়ঃ করবীরকঃ॥
করবীরদ্বয়ং তিক্তং কষায়ং কটুকঞ্চ তৎ।
ব্রণলাঘবকৃন্নেত্রকোপকুষ্ঠব্রণাপহম্।
বীর্য্যোষ্ণং কৃমিকণ্ডূঘ্নং ভক্ষিতং বিষবন্মতম্।

**পর্য্যায়।**—করবীর, অশ্বহা, শ্বেতপুষ্প, শাতকুম্ভক এই কয়টী শ্বেত-করবীরের ও রক্তপুষ্প, চণ্ড, লগুড় ও করবীরক এইগুলি রক্তকরবীরের সংস্কৃত নাম। *

---

পাংড়বীরুঙ্ই বলে। ইংরাজীতে Gigantic Swallow wart. ডাক্তারী নাম Calotropis gigantia. ক্যালোট্রোপিস জাইগেনটিয়া।

* **দেশভেদে নামভেদ।**—শ্বেত, রক্ত, পাটল, পীত ও কৃষ্ণভেদে করবীর পাঁচপ্রকার। ইহার নাম হিন্দুস্থানে কনৈল, সফেদ কনের, লালকনের,

গুণ।—করবীরদ্বয় কটুতিক্তকষায়রস, উষ্ণবীর্য্য, নেত্ররোগ, শোথ, ব্রণরোগ, কৃমি ও কণ্ডূনাশক। ভক্ষণে বিষের ন্যায় গুণকর জানিবে।

---

## ধত্তূর নামগুণাঃ।

ধত্তূরঃ কিতবো ধূর্ত্তো দেবতা মদনঃ শঠঃ।
উন্মত্তো মাতুলস্তূরী তরলঃ কনকাহ্বয়ঃ।
ধত্তূরো মদবর্ণাগ্নিবান্তিকৃজ্জ্বরকুষ্ঠনুৎ।
উষ্ণো গুরুর্ব্রণশ্লেষ্মকণ্ডূকৃমিবিষাপহঃ।
কষায়ো মধুরস্তিক্তো যূকালিক্ষাবিনাশকঃ।
বেদনাহরণো নিদ্রাজননো মূত্রবর্দ্ধনঃ।
সমন্ততঃ প্রলেপেন কণীনিকাপ্রসারণঃ।
ধুস্তূরধূমপানেন শ্বাসস্তূর্ণং প্রশাম্যতি।

পর্য্যায়।—ধত্তূর, কিতব, ধূর্ত্ত, দেবতা, মদন, শঠ, উন্মত্ত, মাতুল, তূরী, তরল, কনকাহ্বয় অর্থাৎ কনকবাচক শব্দমাত্র এইকয়টী ধুতুরার সংস্কৃতনাম।*

---

পীলীকনের, কালে কৃষ্ণকী কনের, পারসীতে খরজেহরা, আরবীতে স্নমুল, হিমারদকলী, মহারাষ্ট্রে শ্বেতফুঁলাচি ও কহ্লের, কর্ণাটে বাকণলিঙ্গে, কেগণলিঙ্গে, তৈলঙ্গে গন্নেরু, কনেরচেট্টু বলে। ডাক্তারী নাম Nerium Odorum, নিরিয়ম্ ওডারাম। ইংরাজীতে Sweetscruted, Oleander.

* দেশভেদে নামভেদ।—ধুতুরাকে হিন্দুস্থানে ধতুরা, মহারাষ্ট্রে ধত্তূর, ধোত্রা, কর্ণাটে করীর, মদকুণিকে, তৈলঙ্গে উন্মেত্তচেট্টু, নল্লউন্মেত্তচেট্টু, তামিলে কারুউমতে, গুজরাটে ধংতুরী, আরবীতে জোজমাসীল, জোজনসী, তাতূরা। ইংরেজীতে Thorn apple Stramonium. ডাক্তারী নাম Datura fostuasa. ধাতুরা ফাস্টুয়াসা।

গুণ।—ধুতুরা মদকারক, বর্ণকর, অগ্নিবর্দ্ধক, ছর্দ্দিকারক, উষ্ণবীর্য্য, গুরু, তিক্তকষায়মধুররস, জ্বর ও কুষ্ঠ, ব্রণ, কফ, কণ্ডু, কৃমি ও বিষনাশক, ইকুন নাশক, বেদনা নাশক, নিদ্রাজনক, মূত্রবর্দ্ধক। ইহার চারিদিকে প্রলেপ দিলে নেত্রতারা বিস্তীর্ণ হয়। ইহার পাতার ধূমপান করিলে শ্বাসরোগ নষ্ট হয়।

---

## কলিকারী নামগুণাঃ।

কলিকারী বহ্নিমুখী লাঙ্গলী গর্ভপাতিনী।
বিশল্যা হলিনী শীরী প্রমত্তা শক্রপুষ্পিকা॥
বিদ্যুজ্জ্বালাগ্নিজিহ্বা চ কথিতা পুষ্পসৌরভা।
কলিহারী বহ্নিশিখা ব্রণহৃৎ স্বর্ণপুষ্পিকা॥
কলিকারী সরা কুষ্ঠ শোফার্শোব্রণশূলজিৎ।
সক্ষারা কফনুত্তিক্তা কটুকা তুবরাপি চ।
তীক্ষ্ণোষ্ণা কৃমিনুল্লঘ্বী পিত্তলা গর্ভপাতিনী॥

পর্য্যায়।—কলিকারী, বহ্নিমুখী, লাঙ্গলী, গর্ভপাতিনী, বিশল্যা, হলিনী, শীরী, প্রমত্তা, শক্রপুষ্পিকা, বিদ্যুজ্জ্বালা, অগ্নিজিহ্বা, পুষ্পসৌরভা, কলিহারী, বহ্নিশিখা, ব্রণহৃৎ এবং স্বর্ণপুষ্পিকা এইকয়টি কলিকারীর (ঈষলাঙ্গলার) সংস্কৃত নাম।

গুণাদি।—কলিকারী সারক, ক্ষারযুক্ত, তিক্তকটুকষায়রস, তীক্ষ্ণ ও উষ্ণবীর্য্য, লঘুপাক, পিত্তজনক ও গর্ভপাতক। কুষ্ঠ, শোথ, অর্শঃ, ব্রণ, শূল, কফ ও কৃমিনাশক।

---

## কুমারী নামগুণাঃ।

কুমারী মণ্ডলা মাতা গৃহকন্যাতিপিচ্ছিলা।
কন্যা ঘৃতকুমারী চ তরুণী দীর্ঘপত্রিকা॥
কুমারী ভেদিনী শীতা যকৃৎপ্লীহকফজ্বরান্।
নিহন্তি গ্রন্থিবিস্ফোটপিত্তরক্তত্বগাময়ান্॥

পর্য্যায়।—কুমারী, মণ্ডলা, মাতা, গৃহকন্যা, অতিপিচ্ছিলা, কন্যা, ঘৃতকুমারী, তরুণী, দীর্ঘপত্রিকা, এই কয়টী ঘৃত কুমারীর সংস্কৃত নাম। *

গুণ।—ঘৃতকুমারী ভেদক, শীতবীর্য্য, মধুরতিক্তরস, বলকারক, নেত্রহিতকর ও রসায়নগুণযুক্ত। ইহা যকৃৎ প্লীহ কফজ্বর নাশক, গ্রন্থি, বিস্ফোট, রক্তপিত্ত ও ত্বগ্‌দোষ নাশক।

---

## ভঙ্গানামগুণাঃ।

ভঙ্গা গঞ্জা মাতুলানী মোহিনী বিজয়া জয়া।
ভঙ্গা কফহরী তিক্তা গ্রাহিণী দীপনী লঘুঃ।
তীক্ষ্ণোষ্ণা পিত্তলা মোহ মদকৃদ্বহ্নিবর্দ্ধিনী।

ভাং।

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে ঘিউকুমারী, ঘিউবার, কুবারপাঠা, মহারাষ্ট্রে কোরফড়, কোরফাংটা, কর্ণাটে লোয়িসর, তৈলঙ্গে পিম্নগোরিণ্টকলবন্দ ও বিরজাজিতোগে, গুজরাটে কুবার বলে। ফারসীতে দরখতেসিব্র, আরবীতে মুসব্বর। ইংরাজীতে Barbadoesaloes, ডাক্তারী নাম Aloe Indica. য্যালোই ইণ্ডিকা।

পর্য্যায়।—ভঙ্গা, গঞ্জা, মাতুলানী, মোহিনী, বিজয়া, জয়া, এইগুলি ভাঙ্গের ( সিদ্ধির ) সংস্কৃত নাম।

গুণ।—ভাং কফঘ্ন তিক্ত, ধারক, অগ্নিদীপক, লঘু, তীক্ষ্ণ, উষ্ণবীর্য্য, পিত্তজনক, মোহ ও মদকারক ও অগ্নিবর্দ্ধক।

---

## কাঞ্চনী নামগুণাঃ।

কাঞ্চনী শোণফলিনী কাকায়ুঃ কাকবল্লরী।
স্বর্ণবল্লী রক্তফলা হরিণী পীতিকা তথা॥
কাঞ্চনী স্তন্যদা মূর্দ্ধব্যথাদোষত্রয়াপহা॥

পর্য্যায়।—কাঞ্চনী, সোর্ণফলিনী, কাকায়ু ও কাকবল্লরী, স্বর্ণবল্লী, রক্তফলা, হরিণী, পীতিকা এই কয়টী কাঞ্চনীর স্বর্ণযু্যের মতান্তরে স্বর্ণলতার সংস্কৃত নাম। †

গুণাদি।—কাঞ্চনী স্তন্যপ্রদ, মস্তকের বেদনানাশক ও ত্রিদোষঘ্ন।

---

## দূর্ব্বানামগুণাঃ।

দূর্ব্বা শষ্পং শীতবীর্য্যা গোলোমী শতপর্ব্বিকা।
অন্যা শ্বেতা শ্বেতকাণ্ডা ভার্গবী দুর্ম্মরা রুহা।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে ভাঙ্, ভংগ, গাঞ্জা, মহারাষ্ট্রে ভাঙ্গ, গাঞ্জা, গুজরাটে ভাংগ্য, গাঞ্জো, চরস, বর্ম্মায় বিন, ফারসীতে কিন্নাবিষ বরকুল থ্যান শবনবঙ্গ, আরবীতে কিন্নবকেন, বুর্ব্বিংরু রুহুলবঞ্জ ও তৈলঙ্গে জনপরিত্তুলু গাঞ্জাই বলে। ইহার ডাক্তারী নাম Canabis Indica. ক্যানাবিষ ইণ্ডিকা। লাটীন Canabis Sativa.

† দেশভেদে নামভেদ।—ইহার নাম তৈলঙ্গে বেক্কুডুতোগে।

চণ্ডা ভদ্রা সিতাখ্যা চ সুপর্ব্বা সুরবল্লভা॥
নীলান্যা চ রুহানন্তা ভার্গবী শতপর্ব্বিকা॥
দূর্ব্বা হিমা বিসর্পাস্রতৃটপিত্তকফদাহজিৎ॥
সিতাঽপি শীতলা রুচ্যা মধুরা বান্তিপিত্তজিৎ।
কাসাতিসারদাহাস্রতৃষ্ণাপ্রশমনী শুভা।
নীলদূর্ব্বা হিমা তিক্তা মধুরা তুবরা হরেৎ।
কফপিত্তাস্রবিসর্পতৃষ্ণাদাহত্বগাময়ান্॥

পর্য্যায়।—দূর্ব্বা, শষ্প, শীতবীর্য্যা, গোলোমী, শতপর্ব্বিকা, এইগুলি দূর্ব্বার সংস্কৃত নাম। শ্বেত ও নীলভেদে আরও দুইপ্রকার দূর্ব্বা আছে। শ্বেতা, শ্বেতকাণ্ডা, ভার্গবী, দুর্ম্মরা, রুহা, চণ্ডা, ভদ্রা, সিতাখ্যা, সুপর্ব্বা, সুরবল্লভা এইগুলি শুক্লদূর্ব্বার এবং অনন্তা, ভার্গবী ও শতপর্ব্বিকা এইগুলি নীলদূর্ব্বার সংস্কৃত নাম। *

---

* দেশভেদে নামভেদ।—দূর্ব্বাকে হিন্দুস্থানে ও উৎকলে দুব্, তৈলঙ্গে দুর্ব্বালু, কর্ণাটে হসুগরুকে, গুজরাটে ধ্রো, মহারাষ্ট্রে দূর্ব্বা, তামিলে অরুগমপুল্লু, বলে। ডাক্তারী নাম Agrostis cynasurioides. এ্যাগ্রস্টিশ্ সাইনাসুরাইডিস্।

দেশভেদে নামভেদ।—শ্বেতদূর্ব্বাকে হিন্দীতে সফেদদুব, মহারাষ্ট্রে নীল-শ্বেতহরলী, গুজরাটে ধোলোধ্রো, বোম্বায়ে পাড়বী হরিয়ালী, কর্ণাটে বিলিয়-কুরুকে ও তৈলঙ্গে শুক্লদূর্ব্বালু বলে। ইংরাজী Creeping cynodon,

নীলদূর্ব্বাকে হিন্দীতে হরীদুব, তৈলঙ্গে হরিতদুর্ব্বালু, মহারাষ্ট্রে নীলীহরী-য়ালী, কর্ণাটে বিলিপকরুকে, গুজরাটে লীলীধ্রো বলে।

গুণ।—দূর্ব্বা শীতবীর্য্য, বিসর্প, রক্তদোষ, তৃষ্ণা, পিত্ত, কফ ও দাহনাশক।

শ্বেতদূর্ব্বা অতিশীতল, রুচিকর, মধুর, বমন পিত্ত কাস অতিসার দাহ রক্তদোষ ও তৃষ্ণানাশক।

নীলদূর্ব্বা, শীতবীর্য্য, তিক্তমধুররস, কষায়, কফপিত্ত, রক্তদোষ, তৃষ্ণা, দাহ ও ত্বগ্‌দোষ নাশক।

---

## গণ্ডদূর্ব্বা নামগুণাঃ।

গণ্ডদূর্ব্বা মৎস্যগন্ধা মৎস্যাক্ষী শকুলাদনী।
গণ্ডদূর্ব্বা হিমা লোহদ্রাবিণী গ্রাহিণী লঘুঃ।
তিক্তা কষায়া মধুরা বাতকৃৎ কটুপাকিনী।
দাহতৃষ্ণাবলাসাস্রকুষ্ঠপিত্তজ্বরাপহা।

পর্য্যায়।—গণ্ডদূর্ব্বা, মৎস্যগন্ধা, মৎস্যাক্ষী, শকুলাদনী এইগুলি গণ্ডদূর্ব্বার সংস্কৃত নাম। ইহা জলের উপর জন্মে।

গুণ।—গণ্ডদূর্ব্বা শীতল, মধুর তিক্তকষায়রস, বায়ুজনক, পরিপাকে কটু, লোহদ্রাবক। ইহা লঘু, দাহ, তৃষ্ণা, কফ, রক্তদোষ, কুষ্ঠ, পিত্ত ও জ্বরনাশক।

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে গাণ্ডারিদুব, গুজরাটে গণ্ডুর ধ্রো, তৈলঙ্গে গরিককসুবু, পান্নগণ্ডী, তামিলে অরুগমপুল্লু, উৎকলে দুব, মহারাষ্ট্রে গণ্ডুরদূর্ব্বা, গাঠীহরলী, কর্ণাটে মীনগত্তে হোন্নগুন্দে। ইংরাজীতে Creeping cynodon ল্যাটিনে Dactylon cynodon.

## কাশ নামগুণাঃ।

কাশঃ সুকাণ্ডঃ কাশেক্ষুরিষীকঃ শ্বেতপুষ্পকঃ।
ইক্ষ্বারিকেক্ষুকাশশ্চ স চৈবেক্ষুরসঃ স্মৃতঃ॥
কাশঃ স্যান্মধুরস্তিক্তঃ স্বাদুপাকো হিমঃ সরঃ।
মূত্রকৃচ্ছ্রাশ্মদাহাস্রপিত্তক্ষয়হরো মতঃ॥

পর্য্যায়।—কাশ, সুকাণ্ড, কাশেক্ষু, ইষীক, শ্বেতপুষ্পক, ইক্ষ্বারিকা, ক্ষুকাশ ও ইক্ষুরস এইগুলি কাশের সংস্কৃত নাম। *

গুণ।—কেশে, মধুরতিক্তরস, পরিপাকে স্বাদুরস, শীতল, সারক, মূত্রকৃচ্ছ্র, অশ্মরী, দাহ, রক্তপিত্ত ও ক্ষয়নাশক।

---

## দর্ভদ্বয় নামগুণাঃ।

দর্ভো বর্হিঃ কুশস্তীক্ষ্ণঃ সূচ্যগ্রো যজ্ঞভূষণঃ।
ততোঽন্যো দীর্ঘপত্রঃ স্যাৎ ক্ষুরপত্রস্তথৈবচ॥
দর্ভদ্বয়ং ত্রিদোষঘ্নং মধুরং তুবরং হিমম্।
মূত্রকৃচ্ছ্রাশ্মতৃট্পিত্তবস্তিরুক্প্রদরার্ত্তিজিৎ॥

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে কাংস, মহারাষ্ট্রে কসঈ, কর্ণাটে কিরীয়কাগছু কাউস্, কাজলু, তৈলঙ্গে রেল্লু ও কোঙ্কণ দেশে কসাড়, গুজরাটে কাংসড়ো বলে। ল্যাটিনে Coxbabaria ইহার ডাক্তারী নাম Saccharum Spontaneum. সাচারম স্পণ্টেনিয়ম্।

পর্য্যায়।—দর্ভ, বর্হি, কুশ, তীক্ষ্ণ, সূচ্যগ্র ও যজ্ঞভূষণ এইগুলি কুশার সংস্কৃত নাম। আর একপ্রকার কুশ আছে, তাহার পত্র দীর্ঘ, দীর্ঘপত্র ও ক্ষুরপত্র এই দুইটী তাহার সংস্কৃত নাম।

গুণ।—কুশাদ্বয় ত্রিদোষনাশক, মধুরকষায়রস, শীতবীর্য্য, মূত্রকৃচ্ছ্র, পাথরী, তৃষ্ণা, পিত্ত, বস্তিদোষ, রক্তপ্রদর নাশক।

---

## মুঞ্জদ্বয় নামগুণাঃ।

মুঞ্জঃ ক্ষুরঃ স্থূলদর্ভো বাণাহ্বো ব্রহ্মমেখলঃ।
ভদ্রমুঞ্জো রামশরস্তেজনশ্চেক্ষুবেষ্টনঃ।
মুঞ্জদ্বয়ন্তু মধুরং তুবরং শিশিরং তথা।
দোষত্রয়হরং বৃষ্যং মেখলাসূপযুজ্যতে॥
দাহতৃষ্ণাবিসর্পাস্রমূত্রবস্ত্যাক্ষিরোগজিৎ॥

পর্য্যায়।—মুঞ্জ, ক্ষুর, স্থূলদর্ভ, বাণাহ্ব অর্থাৎ বাণবাচকশব্দ সমস্ত, ও ব্রহ্মমেখল এইগুলি মুঞ্জের এবং ভদ্রমুঞ্জ, রামশর, তেজন ও ইক্ষুবেষ্টন এইগুলি ভদ্রমুঞ্জের সংস্কৃত নাম। †

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে কুশা, দাভ, ডাভ, মহারাষ্ট্রে লবুদর্ভ, থোরদর্ভ, গুজরাটে দরভ, ডাভ, কর্ণাটে বিলীপ বুদকুশি-উহ্লাকুশি, তৈলঙ্গে কুর্শাদুর্ব্বালু, দুভ, ল্যাটিনে Andropogon nordaides বলে। ডাক্তারী নাম Poa Cynosuroides. পোয়া সাইণোসুরাইডেস্।

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে রামসর, মূঞ্জ, মহারাষ্ট্রে মোল, তৈলঙ্গে মুঞ্জগাড্ড ও অনিস্ফুলিঙ্গ বলে। ইহার ডাক্তারী নাম Saccharum munga. সচারম্ মুঙ্গা।

গুণ।—মুঞ্জ অর্থাৎ শর দুইপ্রকার শর ও রামশর। দুইপ্রকার মুঞ্জই মধুরকষায়রস, শীতবীর্য্য, ত্রিদোষনাশক ও বৃষ্য। ইহা বিসর্প, রক্তদোষ, মূত্র-রোগ, বস্তিরোগ ও অক্ষিরোগনাশক। ইহা উপনয়নে মেখলার্থে প্রযুক্ত হয়।

---

## নলনাম গুণাঃ।

নলো রন্ধ্রী পুষ্পমৃত্যুর্ধমনোঽনস্তকঃ পিঠঃ।
নলস্তু মধুরস্তিক্তঃ কষায়োষ্ণো হৃদর্ত্তিজিৎ।
নলো মূত্রার্ত্তিদাহাস্রকফপিত্তবিসর্পজিৎ॥

পর্য্যায়।—নল, রন্ধ্রী, পুষ্পমৃত্যু, ধমন, অনস্তক ও পিঠ এই কয়টী নলের সংস্কৃত নাম। *

গুণ।—নল, মধুর তিক্তকষায়রস, উষ্ণবীর্য্য, হৃদ্রোগ, মূত্রকৃচ্ছ্র, দাহ, রক্তদোষ, কফ, পিত্ত ও বিসর্পরোগ নাশক।

---

## বংশনাম গুণাঃ।

বংশো বেণুঃ কীচকঃ স্যাৎ কর্ম্মারস্ত্বচিসারকঃ।
বংশঃ সরো হিমঃ পিত্তকফদাহাস্রশোথজিৎ।
তৎকরীরো গুরুর্ভেদী শ্লেষ্মলো বাতপিত্তজিৎ।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে মহারাষ্ট্রে দেবনল, কর্ণাটে দেবনাল ও তৈলঙ্গে কিক্কেশগড্ডি, হিন্দীতে নরসল, নল, বড়ানরসল, গুজরাটে নালী, কলীঙ্গে আংচী বলে। ইংরেজীতে Indian tobacco. ল্যাটীনে Lobelia Nicotianaefolia. বলে। ইহার ডাক্তারী নাম Arando Karka অরণ্ড কারকা।

তদ্‌যবাস্তু সরা রূক্ষাঃ কষায়াঃ কটুপাকিনঃ।
বাতপিত্তকরা উষ্ণা বদ্ধমূত্রাঃ কফাপহাঃ॥

পর্য্যায়।—বংশ, বেণু, কীচক, কর্ম্মার, ত্বচিসারক, এইগুলি বংশের (বাঁশের) সংস্কৃত নাম। *

গুণ।—বংশ সারক, শীতল, পিত্ত, কফ, দাহ, রক্তদোষ ও শোথ নাশক। বাঁশের কোড়ক গুরু, ভেদক, শ্লেষ্মল, বাতপিত্তঘ্ন। বাঁশের চাউল সারক কষায়, পাকেকটু, বায়ুপিত্তজনক, উষ্ণবীর্য্য, মূত্রবদ্ধকারক ও কফনাশক।

---

## যবানীনামগুণাঃ।

যবানী যাবনী তীব্রা তুরুষ্কা মদকারিণী।
যবানী জীবনী রূক্ষা গ্রাহিণী মাদিনী গুরুঃ॥

পর্য্যায়।—যাবনী, যবানী, তীব্রা, তুরুষ্কা, মদকারিণী, এই কয়টি যাবনী যবানীর (খোরাসানী জোয়ানের) সংস্কৃত নাম। †

গুণ।—খোরাসানী যবানী জীবনপ্রদ, রূক্ষ, মলসংগ্রাহক, মদকারক ও গুরুপাক।

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে বাস, মহারাষ্ট্রে বেলু, তৈলঙ্গে কচিকঙ্গ যত্তুরু, বেন্নেমুক, বেন্নর্শপি ও বেত্তু, বোম্বায়ে মাণ্ডগয়, তামিলে মন্‌গিল, গুজরাটে বাংশ, কর্ণাটে যন্নডুবিদীরু, ফারসীতে কসব। ইংরেজীতে Bamboo cane ল্যাটিন নাম Bambusa arundenacea. বাম্বুসা অরুণ্‌ডিনাসিয়া।

† দেশভেদে নামভেদ।—ইহার হিন্দিনাম খুঁরাসানী অজবায়ন, মহারাষ্ট্রীয় খুরাসানী ওম্বা খুরসাণ, গুজরাটী নাম খুরসাণী অজমা, তৈলঙ্গী নাম

## খসতিলনামগুণাঃ।

তিলভেদঃ খসতিলঃ খাখসশ্চাপি সঃ স্মৃতঃ।
বৃষ্যো বল্যঃ খসতিলঃ শ্লেষ্মলো বাতজিদ্ গুরুঃ॥
বল্কলং তৎফলোদ্ভূতং রূক্ষং গ্রাহি চ শীতলম্॥
লঘু তিক্তং কষায়ঞ্চ বাতকৃৎ কফকাসহৃৎ॥
ধাতূনাং শোষকং চৈব মদকৃদ্বাগ্বিবর্দ্ধনম্।
মুহুর্মোহকরং রুচ্যং সেবনাৎ পুংস্ত্বনাশনম্॥

পর্য্যায়।—তিলভেদ, খসতিল, খাখস এই গুলি পোস্তর সংস্কৃত নাম। *

গুণ।—পোস্ত বৃষ্য, বলকর, শ্লেষ্মকর, বায়ুনাশক ও গুরুপাক।

ঢেঁড়ীর খোলাকেও খসতিল বলে। উহা রুক্ষ ও বিশেষরূপে মলসংগ্রাহক ও লঘু, শীতল, তিক্ত কষায়রস, বায়ুজনক, কফকাসনাশক, ধাতুর শোসক, রুক্ষ, মদকর, বাক্যবর্দ্ধক, অতিমোহজনক, রুচিকর ও পুংস্ত্বনাশক।

খুরসানবাম্, তামিলী খোরসণী ওনাম শিট্টামুট্টি। ফারসী নাম বংজ তুখ্ম বংজে। আরবী নাম বজরুল বংজ, অবীদ শীকরান। ইংরাজী নাম হেনবেন Henbane, লাটিন নাম Hyocyamus niger. হায়োসায়ামস্ নাইজর।

* দেশভেদে নামভেদ। ইহার হিন্দীনাম পোস্ত, খসখসকা ফল, পোস্তকে ডোরে, মহারাষ্ট্রীনাম পোস্ত, গুজরাটী নাম অফীণ নাড়োডবাং, ফারসী নাম কোকনার, আরবী নাম অবুনাস। ডাক্তারীনাম **Paphobhor Samlifarum** প্যাপেভর সম্‌লিফেরম্।

## অহিফেন নামগুণাঃ।

আফুকং তদ্রসোদ্ভূতমহিফেনমফেনকম্।
আফূকং শোষণং গ্রাহি শ্লেষ্মঘ্নং বাতপিত্তলম্॥
আক্ষেপশমনং নিদ্রাজনকং মদকারকম্।
স্বেদনং বেদনাঘ্নচ্চ মূত্রাতিসারনুৎ পরম্।
কাসশ্বাসাতিসারঘ্নং শোণিতস্রুতিবারণম্॥

পর্য্যায়।—খসতিল অর্থাৎ পোস্তফলের আঠা হইতে উৎপন্ন পদার্থকে আফিং বলে। আফুক, অহিফেন, অফেনক এইগুলি অহিফেনের সংস্কৃত নাম।

গুণ।—অহিফেন শোষক, মলসংগ্রাহক, শ্লেষ্মঘ্ন ও বাতপিত্তঘ্ন, আক্ষেপনাশক, নিদ্রাজনক, মত্ততাকারক, ঘর্ম্মকারক, বেদনানাশক, মূত্রাতিসারনাশক, কাসশ্বাসাতিসার ও রক্তক্ষরণ নিবারক।

---

## ছিলিহিণ্ট নামগুণাঃ

ছিলিহিণ্টো মহামূলঃ পাতালগরুড়াহ্বয়ঃ।
ছিলিহিণ্টঃ পরং বৃষ্যঃ শ্লেষ্মলঃ পবনাপহঃ॥

---

* দেশভেদে নামভেদ।—আফিংকে হিন্দীতে অফিম্, মহারাষ্ট্রে অফুকড়রী বা অপূ, গুজরাটে অফীণ, কর্ণাটে অফেন, ফারসীতে অফয়ুনতির্য্যাক, আরবীতে লবনুল খসখাস, মালবে আফন ও তৈলঙ্গে নাল্লামন্দু বলে। ইহার ডাক্তারী নাম Opium poppy. ওপিয়ম্ পপি।

পর্য্যায়।—ছিলিহিণ্ট, মহামূল, পাতালগরুড়াহ্বয় এইগুলি ছিলি-হিণ্টের ( ছিলিন্দের তিৎলাউ বিশেষের পাতাল গরুড়ের ) সংস্কৃত নাম।

গুণ।—পাতালগুরুড়ী অত্যন্ত পুষ্টিকর, কফবর্দ্ধক ও বায়ুনাশক।

যো রাজ্ঞাং মুখতিলকঃ কটারমল্ল-
স্তেন শ্রীমদননৃপেণ নির্ম্মিতেঽত্র।
গ্রন্থেঽভূন্মদনবিনোদনাম্নি পূর্ণো
বর্গোঽয়ং ললিতপদাঙ্কিতোঽভয়াদিঃ॥

বহুতর নৃপতিগণের অগ্রগণ্য শ্রীমদনপাল নামে প্রসিদ্ধ নরপতি, যিনি কটারমল্ল নামেও প্রসিদ্ধ ছিলেন, তাঁহার বিরচিত মদনবিনোদ নামক এই গ্রন্থে ললিতপদাঙ্কিত ( মনোহর পদযুক্ত ) অভয়াদি নামক বর্গ সমাপ্ত হইল।

---

* দেশভেদে নামভেদ।—ইহা হিন্দুস্থানে ছিরেটা, তৈলঙ্গে দুসম্বতোগে, মহারাষ্ট্রে তানীচাবেল, গুজরাটে বেবড়ীওলপ ও ল্যাটীনে Cocculus villosus. নামে অভিহিত হয়।

ইতি মদনপালনিঘণ্টাবভয়াদিবর্গঃ।

# অথ শুণ্ঠ্যাদি বর্গঃ

তদ্দূরবিরাজিতমধ্যমনন্তং শ্রীরুচিরং পরমক্ষরমেকম্।
শ্রীমদনক্ষিতিনাথ সদা তে বিষ্ণুপদং বিপদং বিনিহন্তু ॥

মহারাজ মদনপাল, বিঘ্ননাশার্থ শ্রীকৃষ্ণপদারবিন্দস্মরণরূপ মঙ্গলাচরণকালে আপনি আপনাকেই সম্বোধনপূর্ব্বক আশ্বাস প্রদান করিতেছেন। হে শ্রীমদনপালনৃপ! যে অচিন্ত্য শক্তিসম্পন্ন শ্রীবিষ্ণুপদের মধ্যস্থলে সূর্য্যমণ্ডল উজ্জ্বলীকৃত হইয়া শোভা পায়, যাহা অনন্ত, যাহা পরমশোভাস্পদ অথবা লক্ষ্মীদ্বারা সুশোভিত, যাহা পরমোৎকৃষ্ট, যাহা অক্ষয় অর্থাৎ নিত্য ও যাহা একমাত্র অর্থাৎ অদ্বিতীয়, সেই প্রসিদ্ধ বিষ্ণুপদ আপনার বিপদ নাশ করুন।

## শুণ্ঠী নামগুণাঃ

শুণ্ঠী বিশ্বৌষধং বিশ্বং কটুভদ্রং কটূৎকটম্
মহৌষধং শৃঙ্গবেরং নাগরং বিশ্বভেষজম্ ॥
শুণ্ঠী রুচ্যামবাতঘ্নী পাচনী কটুকা লঘুঃ।
স্নিগ্ধোষ্ণা মধুরা পাকে কফবাতবিবন্ধনুৎ ॥
বৃষ্যা স্বর্য্যা বমিশ্বাসকাসশূলহৃদাময়ান্।
হন্তি শ্লীপদশোফার্শ আনাহোদরমারুতান্ ॥

পর্য্যায়।—শুণ্ঠী, বিশ্বৌষধ, বিশ্ব, কটুভদ্র, কটূৎকট, মহৌষধ, শৃঙ্গবের, নাগর, বিশ্বভেষজ, এই গুলি শুঁঠের সংস্কৃত নাম। *

গুণ।—শুঁঠ—রুচিকর, পাচক, কটু, লঘুপাক, স্নিগ্ধ, উষ্ণবীর্য্য, পরিপাকে মধুর, বৃষ্য, স্বরশোধক, ইহা আমবাত, কফ, বাত, বিবন্ধ, বমন, শ্বাস, কাস, শূল ও হৃদ্রোগ, শ্লীপদ ( গোদ ), শোথ, অর্শ, আনাহ ( মুদো ), উদরি ও বায়ুরোগ নাশক।

---

## আর্দ্রক নামগুণাঃ।

আর্দ্রকং শৃঙ্গবেরং স্যাৎ কটুভদ্রং তথার্দ্রিকা
আর্দ্রকং নাগরগুণং ভেদনং দীপনং গুরু ॥
কটূষ্ণং রুচিকৃদ্ বৃষ্যং জিহ্বাকণ্ঠবিশোধনম্ ॥
শ্বাসকাসবমীহিক্কাবাতশ্লেষ্মবিবন্ধনুৎ ॥
বাতপ্রকোপশমনং শোথহৃৎ বেদনাপহম্ ॥
ভোজনাদে সদা পথ্যমার্দ্রকং লবণান্বিতম্।
অব্যক্তরসবীর্য্যত্বাৎ তৎ পরন্তু কফাপহম্।
কাঞ্জিকার্দ্রং সলবণং দীপনং পাচনং পরম্।
বাতপ্রকোপশমনং হর্ষণং লবণার্দ্রকম্ ॥

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীভাষায় সোঁঠ ও শুণ্ঠী, মহারাষ্ট্রে সুংঠ, গুজরাটে শুণ্ঠ্য, কর্ণাটে শুংঠি, তৈলঙ্গে শোণ্ঠী ও ফারসীতে জঞ্জবীল বলে। ডাক্তারী নাম Dry Gingiber, ড্রাই জিঞ্জিবার।

পর্য্যায়।—আর্দ্রক, শৃঙ্গবের, কটুভদ্র ও আর্দ্রিকা এই কয়টী আদার সংস্কৃত নাম। *

গুণ।— আদা শুঁঠের ন্যায়গুণযুক্ত, ভেদক, অগ্নিদীপক, গুরুপাক, কটু, উষ্ণবীর্য্য, রুচিকর, জিহ্বা ও কণ্ঠশোধক, শ্বাস,কাস, বমন,হিক্কা, বাত, শ্লেষ্ম, বিবন্ধ, বায়ুপ্রকোপ, শোথ ও বেদনানাশক। ভোজনের আদিতে লবণসংযুক্ত আর্দ্রক সদা পথ্যবৎ উপকারক। অব্যক্তরস ও অব্যক্তবীর্য্য বলিয়া ইহা অত্যন্ত কফঘ্ন। কাঁজি ও লবণ সংযোগে আদা অত্যন্ত দীপন ও পাচন। লবণ সহ আদা হর্ষপ্রদ ও বায়ুর প্রকোপনাশক।

---

## মরিচ নামগুণাঃ।

মরিচং বল্লীজং কোলং বেল্লজং শ্যামভূষণম্।
মরীচং কটুকং তীক্ষ্ণং দীপনং কফবাতনুৎ॥
উষ্ণং পিত্তকরং রুক্ষং শ্বাসশূলকৃমীন্ জয়েৎ॥
তদাদ্রং মধুরং পাকে নাত্যুষ্ণং কটুকং গুরু।
কিঞ্চিৎতীক্ষ্ণগুণং শ্লেষ্মপ্রসেকি স্যাদপিত্তলম্॥

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে আদরখ্, মহারাষ্ট্রে আলে, কর্ণাটে অল্ল ও অদ্রকা, গুজরাটী ভাষায় আদু, তৈলঙ্গী ভাষায় অল্লং; ফারসী ভাষায় জিংজিবিলতর। আরবী ভাষায় জিঞ্জিবিলতর। ডাক্তারী নাম Jinger root (জিঞ্জার রুট)। ল্যাটীন নাম Zingiber officinali. (জিঞ্জিবার অফিসিনেলি)।

পর্য্যায়।—মরিচ, বল্লীজ, কোল, বেল্লজ ও শ্যামভূষণ, এই কয়টী মরিচের সংস্কৃত নাম। *

গুণ।—মরিচ, কটু, তীক্ষ্ণবীর্য্য, অগ্নিদীপক, উষ্ণবীর্য্য, পিত্তকর, রুক্ষ, কফ ও বায়ুনাশক, শ্বাস, শূল ও কৃমিনাশক।

কাঁচা মরিচ পাকে মধুর, আত্যুষ্ণবীর্য্য, কটু, গুরু, ঈষৎতীক্ষ্ণ, শ্লেষ্মনাশক ও পিত্তনাশক।

---

## পিপ্পলী নামগুণাঃ।

পিপ্পলী চপলা কৃষ্ণা মাগধী মগধা কণা।
কোলোপকুল্যা বৈদেহী শৌণ্ডী স্যাৎ তীক্ষ্ণতণ্ডুলা।
পিপ্পলী দীপনী বৃষ্যা স্বাদুঃ পাকে রসায়নী।
অত্যুষ্ণা কটুকা স্নিগ্ধা কফবাতহরা লঘুঃ॥
পিত্তলা রেচনী হন্তি শ্বাসকাসোদরজ্বরান্।
কুষ্ঠপ্রমেহগুল্মার্শঃপ্লীহশূলামমারুতান্॥
আর্দ্রা কফপ্রদা স্নিগ্ধা শীতলা মধুরা গুরুঃ॥

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে কালীমিরিচ, মহারাষ্ট্রে মিরেং, গুজরাটে মরি, তীখা, কর্ণাটে মেণস্ন, তৈলঙ্গে মরিয়া-মিরিয়ন, তামিলে মিলগু, মিলাও, ফারসীতে পিলপিলে অস্বদ হলপিলেগির্দ। আরবীতে ফিলফিলে অবীদ। ইংরাজী নাম Black pepper. (ব্ল্যাক পিপার), লাটিন ভাষায় Piper Nigrum. (পাইপর নিগ্রম্) বলে।

পর্য্যায়।—পিপ্পলী, চপলা, কৃষ্ণা, মাগধী, মগধা, কণা, কোলা, উপকুল্যা, বৈদেহী, শৌণ্ডী ও তীক্ষ্ণতণ্ডুলা এইগুলি পিঁপুলের সংস্কৃত নাম। *

গুণ।—পিঁপুল অগ্নিদীপক, ধাতুপুষ্টিকর, স্বাদুপাক, রসায়নগুণযুক্ত, অতিশয় উষ্ণবীর্য্য, কটু, স্নিগ্ধ, লঘুপাক, পিত্তবর্দ্ধক, রেচক, কফ, শ্বাস, কাস, উদরি, জ্বর, কুষ্ঠ, প্রমেহ, গুল্ম, অর্শঃ, প্লীহা, শূল ও আমবাতনাশক। কাঁচা পিঁপুল বলবর্দ্ধক, স্নিগ্ধ, শীতল, মধুর ও গুরুপাক।

## ত্র্যূষণ-চতুরূষণ নামগুণাঃ।

বিশ্বোপকুল্যামরিচৈস্ত্র্যূষণং কটুকং কটু।
ব্যোষং কটুত্রয়ং তৎ স্যাৎ সগ্রন্থি চতুরূষণম্॥
ত্র্যূষণং দীপনং হন্তি শ্বাসকাসত্বগাময়ান্।
গুল্মমেহকফস্থৌল্য মেদঃশ্লীপদপীনসান্॥
ত্র্যূষণস্য গুণৈস্তুল্যং বিজ্ঞেয়ং চতুরূষণম্॥

পর্য্যায়।—শুঁঠ, পিঁপুল ও মরিচ এই তিনটীকে ত্র্যূষণ অর্থাৎ ত্রিকটু বলে। ত্র্যূষণ, কটুক, কটু, ব্যোষ ও কটুত্রয় এইকয়টী ত্র্যূষণের (ত্রিকটুর) সংস্কৃত নাম। শুঁঠ, পিঁপুল, মরিচ ও পিঁপুলমূল এই চারিটীকে চতুরূষণ বলে।

ণ।—ত্রিকটু, অগ্নিদীপক, শ্বাস, কাস, ত্বগ্‌দোষ, গুল্ম, মেহ, কফ, স্থৌল্য, মেদ, শ্লীপদ ও পীনস রোগনাশক। চতুরূষণের গুণ ত্রিকটুর ন্যায়।

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে পীপল, পীপর, মহারাষ্ট্রে পিম্পলী, কর্ণাটে হিপ্পলী, তৈলঙ্গে পিপ্পলু, পিপ্পলীচেট্টু, বোম্বাইয়ে বঙ্গালি-পিংপরি, তামিলে পিংপালি বলে। ফারসীতে পিল্‌পিল্ দরাজ ও আরবীতে ডারফিল্, ফিল্ ও গুজরাটে লিংডিপীপল, ডাক্তারী নাম Long Pepper. (লং পিপার)। লাটিন নাম Piper Longum. (পাইপর লঙ্গাম্)

# পিপ্পলীমূল নামগুণাঃ।

কণামূলং কটুগ্রন্থি পিপ্পলীমূলমূষণম্।
ষড়্‌গ্রন্থিঃ গ্রন্থিকং মূলং মাগধং চটকাশিরঃ॥
দীপনং পিপ্পলীমূলং কটূষ্ণং পাচনং লঘু।
রূক্ষং পিত্তকরং ভেদি কফবাতোদরাপহম্।
আনাহপ্লীহগুল্মঘ্নং কৃমিশ্বাসক্ষয়াপহম্॥

পর্য্যায়।—কণামূল, কটুগ্রন্থি, পিপ্পলীমূল, উষণ, ষড়গ্রন্থি, গ্রন্থিক, মূল, মাগধ ও চটকাশির এই কয়টী পিপুলমূলের (গেঁটেলার) সংস্কৃত নাম। *

গুণ।—পিপুলমূল অগ্নিদীপক, কটু, উষ্ণবীর্য্য, পাচক, লঘু, রুক্ষ, পিত্তকর, ভেদক, কফ, বায়ু ও উদর রোগ, আনাহ, প্লীহা, গুল্ম, কৃমি, শ্বাস ও ক্ষয়রোগনাশক।

---

## চব্যনামগুণাঃ।

চব্যং চব্যযণা বল্লী চবিকা কোলবল্লিকা।
পিপ্পলীমূলবৎ তৎ স্যাদ্বিশেষাদ্ গুদজাপহম্॥
চব্যপুষ্পং গরশ্বাসকাসক্ষয়বিনাশনম্॥

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে পীপরামূল, মহারাষ্ট্রে পিপ্পলীমূল, গুজরাটে পীপরীমূল বা গণ্ঠোড়া, কর্ণাটে হিপ্পলীযবেরু ও তৈলঙ্গে পিপ্পলীবেরু পিপ্পলীদুম্প, ফারসীতে ফিল্‌ফিল্ মোয়া, আরবীতে অসলুল্ ফিল্‌ফিল্ বলে। ইহার ইংরাজী নাম Piper root. (পাইপার রুট), লাটিন নাম Piper officinarum. (পাইপর অফিসিনেরম্)।

পর্য্যায়।—চব্য, চবী, উষণা, বল্লী, চব্বিকা, কোলবল্লিকা এইকয়টী চঁইয়ের সংস্কৃত নাম। ইহা লতাজাতি বিশেষ। *

গুণ।—চঁই পিপুলমূলের ন্যায় গুণযুক্ত, বিশেষতঃ গুহ্যজাত রোগনাশক চঁইয়ের পুষ্প বিষদোষ, শ্বাস, কাস ও ক্ষয়রোগনাশক।

---

## গজপিপ্পলী নামগুণাঃ।

চবিকায়াঃ ফলং লোকে কথিতা গজপিপ্পলী।
চব্যজা শ্রেয়সী হস্তিমাগধী গজপিপ্পলী।
গজকৃষ্ণা কোলবল্লী বশিরং কপিবল্ল্যপি॥
গজকৃষ্ণা কটুর্বাতশোষঘ্নুদ্বহ্নিবর্দ্ধিনী।
উষ্ণা নিহন্ত্যতীসারং স্বাসকণ্ঠাময়কৃমীন্॥

পর্য্যায়। লোকে চৈয়ের ফলকে গজপিপ্পলী বলে। চব্যজা, শ্রেয়সী হস্তিমাগধী, গজপিপ্পলী, গজকৃষ্ণা, কোলবল্লী, বশির ও কপিবল্লী এই কয়টী গজপিপুলের সংস্কৃত নাম। †

---

* দেশভেদে নামভেদ।—ইহার হিন্দীনাম চব্য, তৈলঙ্গী নাম সেবামু, চৈকার্ণ, মহারাষ্ট্রীনাম মিরবেলীচেঁমুল্ল, চবল্ল, গুজরাটী নাম চবক, কর্ণাটী নাম চব্য, ডাক্তারী নাম Pipor Chaba, (পিপার চবা)।

† দেশভেদে নামভেদ।—ইহার হিন্দীনাম গজপিপল, মহারাষ্ট্রীনাম মোরবেলীলা পিংপল্ল্যা যেতাত তী, কর্ণাটীনাম গজহিপ্পলী; গুজরাটী নাম গজপীপর, তৈলঙ্গী নাম পেদ্দা পিপ্পলু। ল্যাটিন নাম Plantago Amplexicaulis se andapans officinalis ডাক্তারী নাম Pothes officinalis, (পোথস্ ওফিসিন্তালিস)।

গুণ।—গজপিপুল কটু, অগ্নিবর্দ্ধক, উষ্ণবীর্য্য। ইহা বায়ু, কফ, অতিসার, শ্বাস, কাস, কণ্ঠরোগ ও কৃমি নাশক।

---

## শতপুষ্পা নামগুণাঃ।

শতপুষ্পা সিতচ্ছত্রা শতাহ্বা কারবী মিশিঃ।
অবাকৃপুষ্পী ত্বতিচ্ছত্রা ছত্রা শালেয়শালিনে॥
মাধবী মধুরা ঘোষা মিসিঃ সংহিতপুষ্পিকা॥
শতপুষ্পা লঘুস্তীক্ষ্ণা পিত্তকৃদ্দীপনী কটুঃ।
উষ্ণা জ্বরানিলশ্লেষ্মব্রণশূলাক্ষিরোগজিৎ॥

পর্য্যায়। শতপুষ্পা, সিতচ্ছত্রা, শতাহ্বা, কারবী, মিশি, অবাকৃপুষ্পী, অতিচ্ছত্রা, ছত্রা, শালেয়, শালিনা, মাধবী, মধুরা ঘোষা, মিসি ও সংহিতপুষ্পিকা এইকয়টী শুলফার সংস্কৃত নাম। *

গুণ।—শুলফা লঘু, তীক্ষ্ণ ও উষ্ণবীর্য্য, কটু, পিত্তকর, অগ্নিদীপক। ইহা জ্বর, বায়ু, কফ, ব্রণ, শূল ও নেত্ররোগ নাশক।

---

## চিত্রক নামগুণাঃ।

চিত্রকো হুতভুগ্ ব্যালো দারুণো দহনোঽরুণঃ।
অগ্নিমালা হবিঃপাচী বহ্নিনামা বিশেষতঃ॥

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে সোয়া, সোয়েকে বীজ, মহারাষ্ট্রে বালংতশোষ, গুজরাটে শুভানীভাজী, শুবাদাণা, কর্ণাটে সব্বসিগে, তৈলঙ্গে পেদ্দসদাপচেট্টু-সদাপা, ফারসীতে শুত-তুখমেশূত, আরবীতে শীতব্বত বজরুল, সীব্বত বলে। লাটিন নাম Aurthum graveyolens, ইংরাজী নাম Dillseed. ( ডিলসিড )।

চিত্রকঃ কটুকঃ পাকে বহ্নিকৃৎ পাচনো লঘুঃ।
রুক্ষোষ্ণো গ্রহণীকুষ্ঠশোফার্শঃকৃমিকাসজিৎ ॥
শ্লেষ্মানিলহরো গ্রাহী বাতার্শঃশ্লেষ্মপিত্তনুৎ ॥

পর্য্যায়। শ্বেত, রক্ত ও পীতভেদে চিত্রক অর্থাৎ চিতে তিনপ্রকার। ইহার মূল গ্রাহ্য। চিত্রক, হুতভুক্, ব্যাল, দারুণ, দহন, অরুণ, অগ্নিমালী, হবিঃপাচী এইকয়টী ও বহ্নিবাচক সমস্ত শব্দ চিতার পর্য্যায়। *

গুণ। চিতা পাকে কটু, অগ্নিবর্দ্ধক, পাচক, লঘু, রুক্ষ, উষ্ণবীর্য্য, ধারক, গ্রহণী, কুষ্ঠ, শোথ, অর্শঃ, কৃমি ও কাসরোগ, কফ, বায়ু, বাতিক অর্শরোগ ও পিত্তনাশক।

---

## পঞ্চকোল-ষড়ূষণনামগুণাঃ।

পিপ্পলী মাগধীমূল চব্যচিত্রকনাগরৈঃ।
পঞ্চকোলং কফানাহগুল্মশূলারুচীর্জয়েৎ ॥
মরিচেন যুতং তত্তু ষড়ূষণমুদাহৃতম্।
পঞ্চকোলগুণং তত্তু রুক্ষমুষ্ণং বিষাপহম্ ॥

---

*দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে চিতা, মহারাষ্ট্রে চিত্রক, কর্ণাটে চিত্রমূলম্, কেপিন, চিত্রমূল, তৈলঙ্গে চিত্রমূলম্, তামিলে শিবপু চিত্তির, উৎকলে রকতচিতা ও ধুবচিতা এবং গুজরাটে চিত্রো বলে। ফারসী নাম বেখবরুংদা, আরবী নাম শিতরজ,। ডাক্তারী নাম Plumbago Zeylanica (প্লাম্বাগো জিল্যানিকা)।

পিপুল, পিপুলমূল, চই, চিতা ও শুঁঠ এই পাঁচটিকে পঞ্চকোল এবং মরিচযুক্ত ঐ পাঁচটীকে ষড়ূষণ কহে।

গুণ—পঞ্চকোল কফ, আনাহ, গুল্ম, শূল ও অরুচি নাশক। ষড়ূষণ পঞ্চকোলের ন্যায় গুণযুক্ত এবং রুক্ষ, উষ্ণবীর্য্য ও বিষনাশক।

---

## মিশ্রেয়া নামগুণাঃ।

মিশ্রেয়া মধুরী শীতশিবা মধুরিকা তথা।
শতাহ্ববাচকা জ্ঞেয়া শতপুষ্পসমা গুণৈঃ॥
মিশ্রেয়া কটুকা তিক্তা স্নিগ্ধা শ্লেষ্মাতিসারনুৎ।
জ্বরনেত্রব্রণহরী বস্তিকর্ম্মণি শস্যতে॥
দীপনী গ্রাহিণী হৃদ্যা বমিবাতকৃমিপ্রণুৎ॥
তজ্জলং মধুরং চোষ্ণং গুল্মশূলানিলার্ত্তিজিৎ।
পথ্যঞ্চ দীপনং পিত্তহারি রুচিকরং স্মৃতম্॥

পর্য্যায়। মিশ্রেয়া, মধুরী, শীতশিবা, মধুরিকা, এবং শতাহ্ববাচক অর্থাৎ শুলফাবাচক শব্দ সমস্ত মিশ্রেয়ার (মৌরীর) সংস্কৃত নাম।

ণ।—মৌরী শুলফার ন্যায় গুণযুক্ত। বিশেষতঃ, কটু, তিক্ত, স্নিগ্ধ, অগ্নিদীপক, ধারক, হৃদয়গ্রাহী, জ্বর, নেত্ররোগ, ব্রণ, শ্লেষ্ম, অতিসার, বমি,

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে সোফ, মহারাষ্ট্রে বড়ীশোফ, গুজরাটে বরিয়ালী, কর্ণাটে কাসংছসিগে, তৈলঙ্গে পেদ্দজিল কুরহ সৌফ, তামিলে সোহিফিরে, ফারসীতে বাদিয়ান, আরবীতে এজিয়ানজ, অসলুল্ এজিয়ানজ। ডাক্তারী ফেনুল্সীড Eenul seed.

বায়ু ও কৃমি নাশক। ইহার জল মধুর, উষ্ণ, পথ্য, অগ্নিকর, পিত্তনাশক, রুচিকর, গুল্ম শূল বায়ুজনিত পীড়া নাশক।

---

## মেথী-বনমেথী নামগুণাঃ।

মেথিকা মেথিনী মেথী দীপনী বহুপত্রিকা।
বেধনী গন্ধবীজা চ জ্যোতির্গন্ধফলা তথা॥
বল্লরী চন্দ্রিকা মন্থা মিশ্রপুষ্পা চ কৈবরী।
কুঞ্চিকা বহুপর্ণীচ পীতবীজা মুনীন্দ্রকা॥
মেথিকা বাতশমনী শ্লেষ্মঘ্নী জ্বরনাশিনী।
রুচিপ্রদা দীপনী চ রক্তপিত্তপ্রকোপনী॥
বনমেথী ভবেৎ শেলুরহিত্থো বনমেথিকা।
ততঃ স্বল্পগুণা বন্যা বাজিনাং স তু পুজিতঃ॥

পর্য্যায়। মেথিকা, মেথিনী, মেথী, দীপনী, বহুপত্রিকা, বেধনী, গন্ধবীজা, জ্যোতি, গন্ধফলা, বল্লরী, চন্দ্রিকা, মন্থা, মিশ্রপুষ্পা, কৈরবী, কুঞ্চিকা, বহুপর্ণী, পীতবীজা, মুনীন্দ্রকা, এইগুলি মেথীর সংস্কৃত নাম। বনমেথী, শেলু, অহিত্থ, বনমেথিকা এই কয়টী বনমেথীর সংস্কৃত নাম। *

গুণ।—মেথী রুচিকর, অগ্নিদীপক, বায়ু, শোথ ও জ্বরনাশক। রক্তপিত্ত-প্রকোপক। বনমেথীর গুণ মেথীর ন্যায়। ইহা ঘোটকের পক্ষে হিতকর।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে ও মহারাষ্ট্রে মেথী, কর্ণাটে মেথপক, তৈলঙ্গে মেতুলু ও তামিলে বেন্ডাম, ফারসীতে তুখমে শমপীত, আরবীতে বজরুল্ হুল্বা, ইহার ডাক্তারী নাম Fenugreek. ( ফিনুগ্রীক্ ) বলে।

## অজোমোদা নামগুণাঃ।

অজমোদা তূগ্রগন্ধা মোদা হস্তিময়ূরকঃ
খরাহ্বা কারবী বল্লী বস্তমোদা চ মর্কটঃ॥
অজমোদা কটুস্তীক্ষ্ণা দীপনী কফবাতনুৎ।
উষ্ণা বিদাহিনী হৃদ্যা বৃষ্যা বদ্ধমলা লঘুঃ॥
নেত্রাময়কৃমিচ্ছর্দ্দিহিক্কাবস্তিরুজো জয়েৎ॥

পর্য্যায়। অজমোদা, উগ্রগন্ধা, মোদা, হস্তিময়ূরক, খরাহ্বা, কারবী, বল্লী, বস্তমোদা ও মর্কট এই কয়টী বনযমানীর সংস্কৃত নাম।

গুণ।—বনযমানী কটু, তীক্ষ্ণবীর্য্য, অগ্নিদীপক, উষ্ণবীর্য্য, দাহজনক, রুচিকর, লঘু ও ধারক। ইহা কফ, বায়ু, নেত্ররোগ, কৃমি, বমি, হিক্কা ও বস্তিদেশের পীড়া নাশক।

---

## শুক্লজীরক নামগুণাঃ।

শুক্লজীরং তু জরণমজাজী দীপ্যকং কণা।
জীর্ণো জীরো জীরণশ্চ মাগধো দীপকস্তথা।

---

* দেশভেদে নামভেদ।—ইহা হিন্দুস্থানে অ৹মোদ, মহারাষ্ট্রে ও কর্ণাটে অজমোদা, গুজরাটে বোড়ী অজ্‌মোদ এবং তৈলঙ্গে বামং ও আজামোদা নামে প্রসিদ্ধ। ফারসী নাম করপস ও আরবী নাম হবুল কর্ত্তুকেরফস্। ডাক্তারী নাম Seseli Indicum, সিসিলি ইণ্ডিকম্, লাটিন নাম Apimn invalueratum.

অজাজিকা বহ্নিসখঃ কটূষ্ণং দীপনং লঘু।
সুগন্ধং রুচিকৃৎ পাকে কটু তীক্ষ্ণঞ্চ পিত্তলম্।
বাতগুল্মাতিসারঘ্নং গ্রহণীকৃমিনাশনম্।
কফাধ্মানজ্বরহরং বল্যং মেধ্যঞ্চ কীর্ত্তিতম্॥

পর্য্যায়।—শুক্লজীর, জরণ, অজাজী, দীপ্যক, কণা, জীর্ণ, জীর, জীরণ, মাগধ, দীপক, অজাজিকা ও বহ্নিসখ এইগুলি শুক্লজীরার সংস্কৃত নাম।

গুণ।—শুক্লজীরা কটু, উষ্ণবীর্য্য, অগ্নিবর্দ্ধক, লঘু, সুগন্ধ, রুচিকর, পাকে কটু, তীক্ষ্ণবীর্য্য, বলকর ও মেধাবর্দ্ধক। পিত্ত, বায়ু, গুল্ম, অতিসার, গ্রহণী, কৃমি, কফ, আধ্মান ও জ্বর নাশক।

---

## কৃষ্ণজীরকদ্বয়নামগুণাঃ।

কৃষ্ণজীরঃ সুগন্ধশ্চ তথৈবোদ্গারশোধনঃ।
কালাজাজী তু সুষবী কালিকা চোপকালিকা।
পৃথ্বীকা কারবী পৃথ্বী পৃথুঃ কৃষ্ণোপকুঞ্চিকা।*
উপকুঞ্চী চ কুঞ্চী চ বৃহজ্জীরক ইত্যপি॥

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে জীরা, সফেদজীরা; তৈলঙ্গে জীল কবর ও জীলকারা, মহারাষ্ট্রে জীরে ও পাংটরে জিরে, গুজরাটিতে শাকম্ভ জীরুং, সাহুজীরুং, কর্ণাটে জিরিগে, বিলিয়জিরিগে; ফারসীতে জীরা, আরবীতে কমুন ও ইহুদীতে রবামুন বলে। ইহার ডাক্তারী নাম Cumin Seed কিউমিন সীড। লাটিন Cumminum. Ceyminum. (কিউমিনম্ সেমিনম্)।

কৃষ্ণজীরঞ্চ চক্ষুষ্যং রুচ্যমুষ্ণং সুগন্ধিকম্।
গ্রাহকং কটুকং রূক্ষং দীপকং জীর্ণজুর্ত্তিনুৎ।
কফং শোথং শিরোরোগং কুষ্ঠঞ্চৈব বিনাশয়েৎ॥
উপ্তোপকুঞ্চিকা তিক্তা কট্বী চোষ্ণা চ দীপনী।
বৃষ্যা চাজীর্ণশমনী গর্ভাশয়বিশোধনী॥
আধ্মানবাতং গুল্মঞ্চ রক্তপিত্তং কৃমিং তথা।
কফং পিত্তং চামদোষং বাতশূলঞ্চ নাশয়েৎ॥

পর্য্যায়।—কৃষ্ণজীর, সুগন্ধ, উদগারশোধন, কালাজাজী, সুষবী, কালিকা ও উপকালিকা এইগুলি ছোট কালজীরার এবং পৃথ্বীকা, কারবী, পৃথ্বী, পৃথু, কৃষ্ণোপকুঞ্চিকা, উপকুঞ্চী, কুঞ্চী ও বৃহজ্জীরক এইগুলি বড় কালজীরার সংস্কৃত নাম।*

গুণ।—ছোট কালজীরা চক্ষুর জ্যোতির্বর্দ্ধক, রুচিকর, উষ্ণবীর্য্য, সুগন্ধ, ধারক, কটু, রুক্ষ, অগ্নিদীপক। ইহা জীর্ণজ্বর, কফ, শোথ, শিরোরোগ ও কুষ্ঠ নাশক।

বড় কালজীরা তিক্ত, কটু, উষ্ণবীর্য্য, অগ্নিদীপক, বীর্য্যবর্দ্ধক, অজীর্ণনাশক, গর্ভাশয় সংশোধক। ইহা আধ্মানবায়ু, গুল্ম, রক্তপিত্ত, কৃমি, কফ, পিত্ত, আমদোষ, বাত ও শূলনাশক।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দিতে কালজীরা, মজরইল ও তৈলঙ্গে নল্লজীর এবং মহারাষ্ট্রে সহাজীরেং ও কালেজীরেং, কর্ণাটে করিজীরঙ্গে, গুজরাটে শাজীরু, ফরাসীতে জীয়েশ্খাহ্, আরবীতে কমুন্ কিরমানী বলে। ডাক্তারী নাম Nigella Sativa or indica, (নিগেলা সাটিভা কিংবা নিগেলা ইণ্ডিকা)।

## বনজীরকনামগুণাঃ।

বনজীরং বৃহৎপালী কণশ্চারণ্যজীরকম্॥
অরণ্যজীরকং চোষ্ণং তুবরং কৃমিনুৎ কটু।
স্তম্ভবাতব্রণকফজীর্ণজ্বরহরং পরম্॥

পর্য্যায়।—বনজীর, বৃহৎপালী, কণ ও অরণ্যজীরক এইগুলি বনজীরার সংস্কৃত নাম।

গুণ।—বনজীরা উষ্ণবীর্য্য, কষায়, কটুরস, ইহা কৃমি, স্তম্ভবাত, ব্রণ, কফ ও জীর্ণজ্বরনাশক।

---

## যবানীনামগুণাঃ। (যমানী)

যবানী চোগ্রগন্ধা চ ব্রহ্মদর্ভাজমোদিকা।
সৈবোক্তা দীপ্যকো দীপ্যস্তথা স্যাদ্ যবসাহ্বয়া।
যবানী পাচনী রুচ্যা তীক্ষ্ণোষ্ণা কটুকা লঘুঃ।
দীপনী চ তথা তিক্তা পিত্তলা শুক্রশূলনুৎ।
বাতশ্লেষ্মোদরানাহগুল্মপ্লীহকৃমিপ্রণুৎ॥

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে কালাজীরী, মহারাষ্ট্রে, কড়ু-জীরেং; কর্ণাটে কাজীরগে, গুজরাটে কালীজীরা, কড়বীজীরী; আরবী কমুন বহরী, কমুন রুমী, ইংরাজীতে Purpule Fleabane লাটিন Veru-onia Anthelmentica, ভারুওনিয়া এন্থেলমেণ্টিকা বলে।

পর্য্যায়।—যবানী, উগ্রগন্ধা, ব্রহ্মদর্ভা, অজমোদিকা, দীপ্যক, দীপ্য, যবসাহ্বয়া এইগুলি যবানীর ( যোয়ানের ) সংস্কৃত নাম। *

গুণ।—যবানী পাচক, রোচক, তীক্ষ্ণ ও উষ্ণবীর্য্য, তিক্ত, কটু, লঘুপাক, অগ্নিদীপক, পিত্তজনক। ইহা শুক্র, শূল, বাত, কফ, উদর, আনাহ, গুল্ম, প্লীহ ও কৃমি নাশক।

---

## চৌহার যমানী নামগুণাঃ। ( খুরাসানী )

খুরসানী যমানী তু চৌহারো জন্তুনাশনঃ।
পারসীকযমানী তু যমানী সদৃশী গুণৈঃ॥
বিশেষাৎ পাচনী রুচ্যা গ্রাহিণী মাদিনী গুরুঃ।
তিক্তোষ্ণাজীর্ণকৃমিনুচ্ছূলস্যামস্ত নাশিনী॥

পর্য্যায়।—খুরাসানী যমানী, চৌহার, জন্তুনাশন, পারসীক যমানী এইগুলি চৌহার অর্থাৎ খুরাসানী যমানীর নাম। †

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে ও বোম্বায়ে অজবাইন, অজমান, মহারাষ্ট্রে ওস্বা, কর্ণাটে ওড়, উংড়ু, তৈলঙ্গে বামু, ওমমী, তামিলে অমম ও গুজরাটে অজমা বলে। ইহার ফারসী নাম নাহুখা, আরবী নাম কমূন মুলুকী, লাটিন নাম Carum copticum ptyohotis ডাক্তারী নাম 'Ajava Seeds. অভাজা সীডস্।

† দেশভেদে নামভেদ।—ইহার হিন্দিনাম খুঁরাসনী অজবায়ন, মহারাষ্ট্রী নাম খুরাসানী ওস্বা খুরসাণ, গুজরাটী নাম খুরসাণী অজমা, তৈলঙ্গী নাম খুরাসানবামু, তামিলী থোরসণী ওনাম শিট্টামুট্টি। ফারসী নাম বংজ তুখ্ম বংজে। আরবী নাম বজরুল বংজ, অবীদ শীকরান। ইংরাজী নাম হেনবেন Henbane লাটিন নাম হায়োসায়ামস্ নাইজর Hyocyamus niger

গুণ।—চৌহার যমানী যবানীর ন্যায় গুণযুক্ত, বিশেষতঃ পাচক, রুচিকর, ধারক, মদকারক, গুরু, তিক্ত, উষ্ণবীর্য্য, ইহা অজীর্ণ, কৃমি, শূল ও আম দোষ নাশক।

---

## অজগন্ধা নামগুণাঃ। ( বর্ব্বরীভেদ )

অজগন্ধা বস্তগন্ধা খরপুষ্পাবিগন্ধিকা।
উগ্রগন্ধা ব্রহ্মগর্ভা ব্রাহ্মী পূতময়ূরিকা॥
অজগন্ধা কটুস্তীক্ষ্ণা রুক্ষা হৃদ্যাগ্নিবর্দ্ধনী।
দৃষ্টিমান্দ্যপ্রদা লঘ্বী শুক্রবাতকফাপহা॥

পর্য্যায়।—অজগন্ধা, বস্তগন্ধা, খরপুষ্পা, অবিগন্ধিকা, ব্রহ্মগর্ভা, ব্রাহ্মী, পূতময়ূরিকা এইগুলি অজগন্ধার বাবুয়ের নাম। *

গুণ। অজগন্ধা কটু, তীক্ষ্ণ, রূক্ষ, রুচিকর, অগ্নিবর্দ্ধক, লঘু। ই দৃষ্টিশক্তি, শুক্র, বায়ু ও কফনাশক।

---

## বচানামগুণাঃ।

বচোগ্রগন্ধা গোলোমী ষড়্গ্রন্থা জটিলা তথা।
ক্ষুদ্রপত্রী চ মঙ্গল্যা লোমশা শতপর্ব্বিকা॥

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে বর্ব্বরী, বনতুলসী, মহারাষ্ট্রে আজবলা, রানতুলস, কর্ণাটে গোরলে-করীয়গোরলে, তৈলঙ্গে তেল্লগগ্গের চেট্টু, কারুতুলসী, গুজরাটে রানতুলসীভেদ, সিংহলে তোকবলাম্বা, ফারসীতে পলঙ্গমুষ্ক, আরবীতে ফরংজমুষ্ক বলে। ল্যাটীনে Ocimum gratissimum. ডাক্তারী নাম Assimum Bajilicum. অসিমম্ ব্যাজিলিকম্।

বচোগ্রগন্ধা কটুকা তিক্তোষ্ণা বান্তিবহ্নিকৃৎ।
বিবন্ধাধ্মানশূলঘ্নী শকৃন্মূত্রবিশোধনী।
অপস্মারকফোন্মাদভূতজন্ত্বনিলান্ জয়েৎ॥

পর্য্যায়।—বচ, উগ্রগন্ধা, গোলোমী, ষড় গ্রন্থা, জটিলা, ক্ষুদ্রপত্রী, মঙ্গল্যা, লোমশা, শতপর্ব্বিকা এইগুলি বচের সংস্কৃত নাম। *

গুণ।—বচ উগ্রগন্ধযুক্ত, কটু, তিক্ত, উষ্ণবীর্য্য, বমন ও বহ্নিকারক, মলমূত্রপ্রবর্ত্তক, বিবন্ধ, আধ্মান, শূল, অপস্মার, কফ, উন্মাদ, ভূত, ক্রিমি ও বায়ুনাশক।

---

## হবুষা নামগুণাঃ।

হবুষা বপুষা বিস্রা বিগন্ধা বিস্রগন্ধিকা।
মৎস্যাকৃতিফলা বিস্রগন্ধা স্বল্পফলাপরা।
মৎস্যগন্ধা চ সা জ্ঞেয়া কচ্ছুঘ্নী ধ্বাঙ্ক্ষনাশিনী।
প্লীহশক্রুর্বিষঘ্নী চ কফঘ্নী চাপরাজিতা॥
হবুষা কটুতিক্তোষ্ণা গুরুঃ শ্লেষ্মবলাসজিৎ।
প্রদরোদর,বিষ্টম্ভ শূল গুল্মার্শনাশিনী।
পরাপ্যেতদ্‌গুণা প্রোক্তা রূপভেদো দ্বয়োরপি॥

পর্য্যায়।—হবুষা দুইপ্রকার ফলবিশেষ। একপ্রকারের আকৃতি মৎস্যের ন্যায়, আমগন্ধযুক্ত। অপরটীর আকৃতি অশ্বত্থফলের ন্যায় ক্ষুদ্র, মৎস্যগন্ধযুক্ত।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে বচ ও ঘোরবচ, মহারাষ্ট্রে বেখংড, তৈলঙ্গে বড়জ ও নল্লবস, বোম্বায়ে বেখংডেং ও তামিলে বশম্বু বলে। ডাক্তারী নাম The Sweet flag দি স্যুইট ফ্ল্যাগ।

হবুষা, বপুষা, বিস্রা, বিগন্ধা, বিস্রগন্ধিকা, মৎস্যাকৃতিফলা ও বিস্রগন্ধা এই গুলি একপ্রকারের এবং স্বল্পফলা, মৎস্যগন্ধা, কচ্ছুঘ্নী,ধ্বাঙ্ক্ষনাশিনী, প্লীহশত্রু, বিষঘ্নী, কফঘ্নী ও অপরাজিতা এইগুলি অন্যপ্রকার হবুষার সংস্কৃত নাম। *

গুণ।—হবুষা কটু, তিক্ত, উষ্ণবীর্য্য, গুরু, শ্লেষ্ম, বাতবলাসরোগ, প্রদর, উদর, বিষ্টম্ভ, শূল, গুল্ম ও অর্শনাশক। অন্যপ্রকার হবুষার গুণ পূর্ব্ববৎ।

---

## বিড়ঙ্গনাম গুণাঃ।

বিড়ঙ্গং জন্তুহননং কৃমিঘ্নং ক্ষুদ্রতণ্ডুলঃ।
করালা তণ্ডুলা মোঘা কাপালী মৃগগামিনী ॥
বিড়ঙ্গং কটু তীক্ষ্ণোষ্ণং রুক্ষং বহ্নিকরং লঘু।
গুল্মাধ্মানোদর শ্লেষ্ম কৃমি বাতবিকারনুৎ ॥

পর্য্যায়।—বিড়ঙ্গ, জন্তুহনন, কৃমিঘ্ন, ক্ষুদ্রতণ্ডুল, করালা, তণ্ডুলা, মোঘা, কাপালী, মৃগগামিনী এইগুলি বিড়ঙ্গের সংস্কৃত নাম। †

গুণ।—বিড়ঙ্গ, কটু, তীক্ষ্ণ, উষ্ণবীর্য্য, রুক্ষ, অগ্নিকর, লঘু, ইহা গুল্ম, আধ্মান, উদর, শ্লেষ্ম, কৃমি ও বায়ুজনিত বিকারনাশক।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে হউবের, মহারাষ্ট্রে হোশ, কর্ণাটে পরডুহবের বলে। ল্যাটিন Thevetia Nerifolia.

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে বাবিরাঙ্ ও বায়বিড়ং, মহারাষ্ট্রে বাবড়িঙ্গ কারকুনী, গুজরাটে বাবটীংগ, কর্ণাটে বায়ুবিড়ঙ্গ, ফারসীতে বরঙ্গকাবলী ও আরবীতে বরঙ্গকাবলী, তৈলঙ্গে বায়ুবিড়ঙ্গপচেট্টু, বোম্বায়ে বর্ব্বট্টি, অম্বট, কার্কণনী ও তামিলে বায়বিলং বলে। ইহার ডাক্তারী নাম Seeds of Embelia Ribes. সিডস অফ এম্বিলিয়া রিবস।

## ধন্যাক নামগুণাঃ।

ধন্যাকং ধান্যকং ধান্যং ধানেয়ঞ্চ বিতুন্নকম্।
কুনটী ধেনিকা চার্দ্রা কুস্তুম্বুরু ধনীয়কম্॥
ধন্যাকং তুবরং স্নিগ্ধমবৃষ্যং মূত্রলং লঘু।
হৃদ্যং রুক্ষং বদ্ধবিট্‌কং স্বাদুপাকং ত্রিদোষনুৎ।
পাচনং শ্বাসকাসাস্রতৃষ্ণাদাহকৃমীন্ হরেৎ॥
আর্দ্রস্তু তদ্‌গুণং স্বাদু বিশেষাৎপিত্তনাশনম্॥

পর্য্যায়।—ধন্যাক, ধান্যক, ধান্য, ধানেয়, বিতুন্নক, কুনটী, ধেনিকা এই-গুলি ধনিয়ার সংস্কৃত নাম। কুস্তুম্বুরু ও ধনীয়ক এইদুইটী কাঁচাধনের নাম। *

গুণ—ধনিয়া কষায় রস, স্নিগ্ধ, অবৃষ্য, মূত্রকারক, লঘুপাক, হৃদয়গ্রাহি, মলবদ্ধকারক, পাকে স্বাদুরস, পাচক, ইহা ত্রিদোষ, শ্বাস, কাস, রক্তদোষ, তৃষ্ণা, দাহ ও কৃমিনাশক।

কাঁচা ধনিয়ার গুণ শুষ্ক ধনিয়ার ন্যায়, বিশেষতঃ ইহা স্বাদু ও পিত্তনাশক।

---

## হিঙ্গুপত্রী--বংশপত্রী নামগুণাঃ।

হিঙ্গুপত্রী পৃথুস্তম্বী পৃথ্বীকা দারুপত্রিকা।
বাষ্পিকা কারবী তন্বী কর্ব্বরী বিল্বদীর্ঘিকে॥

---

* দেশভেদে নামভেদ। ইহার নাম হিন্দিতে কোথুম্বুরি ও ধনিয়া, মহারাষ্ট্রে ধনে, কোথিংবীর, গুজরাটে ধানা, কোথমীর, তৈলঙ্গে কোচিমির চেট্টু, ধনিয়লু, কোথমিলু, ধানীপাপু এবং তামিলে কোটমল্লি, কর্ণাটে কোথুম্বুরী, ফারসীতে তুখ্‌মে কস্নীজ; আরবী কজবুরা; লাটিন নাম Coriabrum Sotivam ডাক্তারী নাম Coriander Seed, কোরিএণ্ডার সীড।

হিঙ্গুপত্র্যপরা বংশপত্রী হিঙ্গুশিরাটিকা।
পিণ্ডা হিঙ্গুফলা বেণুপত্রী স্যাচ্চৈব জন্তুকা॥
হিঙ্গুপত্রীদ্বয়ং হৃদ্যং তীক্ষ্ণোষ্ণং পাচনং কটু।
হৃদ্বস্তিরুগ্বিবন্ধার্শঃশ্লেষ্মগুল্মানিলাপহম্॥

পর্য্যায়।—হিঙ্গুপত্রী, পৃথু, তন্বী, পৃথ্বীকা, দারুপত্রিকা, বাষ্পিকা, কারবী, তজ্বী, কর্ব্ববী, বিল্বা, দীর্ঘিকা এইগুলি হিঙ্গুপত্রী (রাঁধুনীর) এবং আর এক প্রকার হিঙ্গুপত্রী আছে তাহার পত্র বংশপত্রের ন্যায় বলিয়া তাহাকে বংশপত্রী বলে। বংশপত্রী, হিঙ্গুশিরাটিকা, পিণ্ডা, হিঙ্গুফলা, বেণুপত্রী ও জন্তুকা এইগুলি তাহার সংস্কৃত নাম।

গুণ।—হিঙ্গুপত্রী ও বংশপত্রী এই দুইপ্রকার রাধুনীই রুচিকর, তীক্ষ্ণ ও উষ্ণবীর্য্য, পাচক, কটু, হৃদয় ও বস্তিরোগ, বিবন্ধ, অর্শ, কফ, গুল্ম, ও বায়ুরোগ নাশক।

---

## হিঙ্গুনামগুণাঃ।

হিঙ্গু বাহ্লীকমত্যুগ্রং রামঠং ভূতনাশনম্।
অগূঢ়গন্ধং জরণং জন্তুঘ্নং সূপধূপনম্॥
হিঙ্গূষ্ণং পাচনং রুচ্যং তীক্ষ্ণঞ্চ কফবাতনুৎ।
শূলগুল্মোদরানাহকৃমিজিৎ পিত্তবর্দ্ধনম্॥

পর্য্যায়—হিঙ্গু, বাহ্লীক, অত্যুগ্র, রামঠ, ভূতনাশন, অগূঢ়গন্ধা, জরণ, জন্তুঘ্ন, সূপধূপন এই কয়টী হিঙ্গুর সংস্কৃত পর্য্যায়। *

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে হীংগ, মহারাষ্ট্রে হিংগ, কর্ণাটে লেস্থ. গুজরাটে বধারণী এবং তৈলঙ্গে ইংগুরা, ফারসীতে অঝগুং দর্থতে অঙ্গুজু খালীস ও আরবীতে হিলসীত বলে। ডাক্তারী নাম Ferula alliacea ফেরুলা আলিয়াসিয়া, ইংরাজী নাম Assafœtida.

গুণ—হিঙ্গু উষ্ণবীর্য্য, পাচক, রুচিকর, পিত্তবর্দ্ধক, তীক্ষ্ণ-উষ্ণবীর্য্য, কফ, বাত, শূল, গুল্ম, উদর, আনাহ ও কৃমিনাশক।

---

## বংশলোচন নামগুণাঃ।

বংশজা বৈণবী ক্ষীরী ত্বক্ক্ষীরী বংশলোচনা।
তুগাক্ষীরী তুগা বাংশী বংশক্ষীরী শুভা সিতা॥
বংশজা বৃংহণী বৃষ্যা শীতলা মধুরা জয়েৎ।
তৃষ্ণা ক্ষয় জ্বর শ্বাস কাসপিত্তাস্র কামলান্॥

পর্য্যায়।—বংশজা, বৈণবী, ক্ষীরী, ত্বক্ক্ষীরী, বংশলোচনা, তুগাক্ষীরী, তুগা, বাংশী, বংশক্ষীরী, শুভা, সিতা, এই গুলি বংশলোচনের নাম। *

গুণ—বংশলোচন বৃষ্য, শীতল, মধুর। ইহা তৃষ্ণা, ক্ষয়, জ্বর, শ্বাস, কাস, পিত্ত, রক্তদোষ ও কামলানাশক।

---

## সৈন্ধবনামগুণাঃ।

সৈন্ধবং সিন্ধুজং শুদ্ধং মাণিমন্থং পটূত্তমম্।
সৈন্ধবং মধুরং হৃদ্যং দীপনং শীতলং লঘু।
চক্ষুষ্যং পাচনং স্নিগ্ধং বৃষ্যং দোষত্রয়াপহম্॥

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে অন্যান্য ভাষায় বংশলোচন বা বংশ-লোচনা বলে। গুজরাটী নাম বংশকপূর। ফারসী ও আরবী তবাশীর। ডাক্তারী নাম The manna of the Bemboo. দি ম্যানা অব দি বেম্বু।

পর্য্যায়।—সৈন্ধব, সিন্ধুজ, শুদ্ধ, মাণিমন্থ, পটূত্তম এই কয়টী সৈন্ধব-লবণের সংস্কৃত নাম।

গুণ।—সৈন্ধব লবণমধুররস, হৃদ্য, অগ্নিবর্দ্ধক, শীতল, লঘু, চক্ষুর জ্যোতি বর্দ্ধক, পাচক, স্নিগ্ধ, বৃষ্য ও ত্রিদোষ নাশক।

---

## সৌবর্চ্চল নামগুণাঃ।

সৌবর্চ্চলং সুগন্ধাক্ষং রুচ্যকং হৃদ্যগন্ধকম্।
সৌবর্চ্চলং বহ্নিকরং কটূষ্ণং বিশদং লঘু।
উদ্গারশুদ্ধিদং সূক্ষ্মং বিবন্ধানাহ শূলজিৎ॥

পর্য্যায়।—সৌবর্চ্চল, সুগন্ধ, অক্ষ, রুচ্যক, হৃদ্যগন্ধ, এই কয়টী সৌবর্চ্চলের (সচল লবণের) সংস্কৃত নাম। †

গুণ।—সৌবর্চ্চল লবণ অগ্নিবর্দ্ধক, কটু, উষ্ণবীর্য্য, বিশদ, লঘু, উদগার-শুদ্ধিকর, সূক্ষ্ম স্রোতোগামী। ইহা বিবন্ধ, আনাহ ও শূলরোগ নাশক।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে সৈন্ধানোংন, মহারাষ্ট্রে সেন্ধেলোণ, গুজরাটে সিন্ধালুণ, কর্ণাটে সৈন্ধবং, তৈলঙ্গে সিন্ধুউপ্পু, ফারসীতে নমকেসংগ, বিলোরী, নমকেসেংধ; আরবীতে মিলতে হিন্দী, বোম্বায়ে সেন্ধেলোণ বলে। ইংরাজী Chloride of Sodium, লাটিন Sodi Chloridum.

† দেশভেদে নামভেদ। ইহাকে হিন্দুস্থানে চৌহার কোড়া ও মহারাষ্ট্রে পাদলোণ, কালানোংন, সোচরনোংন; গুজরাটে সংচল, কর্ণাটে সৌবর্চল, তৈলঙ্গে নালউপ্পু, ফারসীতে নমকসিয়া, আরবীতে মলা অস্বদ বলে। ইহার ডাক্তারী নাম Sochal Salt, সচল সল্ট, Unaqua Sodium chloride,

## বিড়নামগুণাঃ।

বিড়ং কৃত্রিমকং পাক্যং ধূর্ত্তং দ্রাবিড়মাসুরম্।
বিড়ং লঘূষ্ণং বিষ্টম্ভি শূলহৃদ্ গৌরবারুচীঃ।
হন্ত্যানাহকফৌ শূলমধোবাতানুলোমনম্॥

পর্য্যায়।—বিড়, কৃত্রিমক, পাক্য, ধূর্ত্ত, দ্রাবিড়, আসুর এই কয়টী বিট্‌লবণের পর্য্যায়। *

গুণ।—বিট্‌লবণ লঘু, উষ্ণ, বিষ্টম্ভি। ইহা শূল, হৃদ্রোগ, গাত্রগুরুতা, অরুচি, আনাহ, কফ, শূলনাশক ও অধোবায়ুর অনুলোমকারক।

---

## সামুদ্রক নামগুণাঃ।

সামুদ্রং বারিসম্ভূতমক্ষীবং বশিরং তথা।
সামুদ্রং দীপনং স্বাদু নাত্যুষ্ণং ভেদনং কটু।
শ্লেষ্মলং বাতনুৎ তিক্তমরূক্ষং নাতিপিত্তলম্॥

পর্য্যায়।—সামুদ্র, বারিসম্ভূত, অক্ষীব, বশির, এইগুলি সামুদ্রলবণের পর্য্যায়। †

গুণ।—সামুদ্র লবণ অগ্নিদীপক, স্বাদু, অনত্যুষ্ণ, ভেদক, কটু, শ্লেষ্মজনক, বাতনাশক, তিক্ত, অরূক্ষ, অনতিপিত্তল।

---

* দেশভেদে নামভেদ।—ইহার হিন্দীনাম বিড়ি ও আসোচর বিরিয়া-সংচরলোংন, কটীলালোংন, মহারাষ্ট্রে বিড়লোণ ও গুজরাটে বিড়লবণ বলে।

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে সমুদ্রনোংন, পাঙ্গা, মহারাষ্ট্রে মীঠ, গুজরাটে মীঠুং, কর্ণাটে বডাগরলবণ, তৈলঙ্গে উপ্পুং, ফারসীতে নমক, আরবীতে মিলহ শোরী বলে। ইংরাজী **Salt** লাটিন **Sodii Muras,**

## ঔদ্ভিদনামগুণাঃ। (সোরা)

ঔদ্ভিদং ভূমিজং ভৌমং পার্থিবং পৃথিবীভবম্ ।
ঔদ্ভিদং রক্তলং সূক্ষ্মং লঘু বাতানুলোমনম্ ॥

পর্য্যায়।—ঔদ্ভিদ, ভূমিজ, ভৌম, পার্থিব ও পৃথিবীভব এই কয়টী ঔদ্ভিদ লবণের (সোরার) সংস্কৃত পর্য্যায়।

গুণ।—ঔদ্ভিদলবণ রক্তবর্দ্ধক, সূক্ষ্ম, লঘু ও বায়ুর অনুলোমক।

---

## গড়নামগুণাঃ। (গড়াখ্য) (রৌমকলবণ)

গড়াখ্যং রোমলবণং রৌমং শাকম্ভরীভবম্ ।
গড়াখ্যং লঘু বাতঘ্নমত্যুষ্ণং ভেদি মূত্রলম্ ॥

পর্য্যায়।—আজমীর দেশান্তর্গত সাম্বর হ্রদজাত লবণকে সাম্ভারলবণ বা গড়লবণ বলে। গড়াখ্য, রোমলবণ, রৌম, শাকম্ভরীভব এই কয়টী রৌমক লবণের পর্য্যায়। *

গুণ—রৌমক লবণ লঘু, বায়ুনাশক, অতি উষ্ণবীর্য্য, ভেদক ও মূত্র বর্দ্ধক।

---

## ক্ষার নামগুণাঃ।

ক্ষারং পাংশুভবং ত্বোষমোষরং পাংশবং বসু ।
ক্ষারং গুরু কটু স্নিগ্ধং শ্লেষ্মলং বাতনাশনম্ ॥

---

* দেশভেদে নামভেদ। ইহাকে হিন্দুস্থানে সাম্বরনোংন, মহারাষ্ট্রে সাম্বরলোণ, সাম্ভরমীঠ, গুজরাটে বডাগরুং মীঠ, কর্ণাটে গাড়লবণ সম্ভরদেশজ ও ফারসীতে মিলহে অবসীর বলে।

পর্য্যায়।—ক্ষার, পাংশুভব, ঔষ, ঔষর, পাংশব, ও বসু এই কয়টী ক্ষারলবণের ক্ষারীলবণের সংস্কৃত নাম। *

গুণ।—ক্ষারলবণ গুরুপাক, কটু, স্নিগ্ধ, কফবর্দ্ধক ও বায়ুনাশক।

---

## কাচলবণ নামগুণাঃ।

কাচং ত্রিকূটং পাক্যাহ্বং লবণং কাচসম্ভবম্॥
কাচং দীপনমত্যুষ্ণং রক্তপিত্তবিবর্দ্ধনম্॥

পর্য্যায়।—কাচ, ত্রিকূট, পাক্যাহ্ব, কাচসম্ভবলবণ, এইগুলি কাচলবণের পর্য্যায়। †

গুণ।—কাচলবণ অগ্নিদীপক, অত্যন্ত উষ্ণবীর্য্য ও রক্তপিত্ত বর্দ্ধক।

---

## যবক্ষার-স্বর্জ্জিকাক্ষার নামগুণাঃ

যবক্ষারঃ সূকপাক্যো যাবশূকো যবাগ্রজঃ।
স্বর্জ্জিকা স্বর্জ্জিকাপাক্যঃ সুখপাক্যঃ সুবর্চ্চিকঃ॥
যবক্ষারোঽগ্নিকৃদ্বাত শ্লেষ্ম শ্বাসগলাময়ান্।
আমার্শোগ্রহণীগুল্ম যকৃৎপ্লীহরুজো জয়েৎ॥
স্বর্জ্জিকাল্পগুণা তস্মাদ্বিশেষাদ্‌গুল্মশূলনুৎ॥

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে খারীনোংন, ফারসীতে বোরে অর্ম্মনী, আরবীতে বোদকবহলোজ, মহারাষ্ট্রে ঔখরলবণ বা খারীমীঠ বলে। ইংরাজীতে Carbonate of soda.

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে কচিয়ালোংন, মহারাষ্ট্রে বাঙ্গড়খার ও গুজরাটে বঙ্গড়ীখার বলে। ইহার ডাক্তারী নাম Black Salt.

পর্য্যায়।—যবক্ষার, সূকপাক্য, যাবশূক ও যবাগ্রজ এইগুলি যবক্ষারের * এবং স্বর্জ্জিকা স্বর্জ্জিকাপাক্য, সুখপাক্য, সুবর্চ্চিক এই কয়টী স্বর্জ্জিকাক্ষারের ( সাজিমাটীর ) পর্য্যায়। †

গুণ।—যবক্ষার অগ্নিকর, ও বাত, শ্লেষ্ম, শ্বাস, গলরোগ, আমাশয়, অর্শঃ, গ্রহণী, গুল্ম ও যকৃৎ প্লীহারোগ নাশক।

গুণ।—স্বর্জ্জিকা ক্ষারের গুণ যবক্ষারের ন্যায়। বিশেষতঃ ইহা গুল্ম ও শূলনাশক।

---

## টঙ্গণনামগুণাঃ। ( সোহাগা )

টঙ্গণো মালতীজাতো দ্রাবী লৌহবিশুদ্ধিদঃ।
টঙ্গণোঽগ্নিকরো রূক্ষঃ কফঘ্নো বাতপিত্তজিৎ॥

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে জবাখার এবং তৈলঙ্গে যবাক্ষারম্, মহারাষ্ট্রে ও গুজরাটে জবখার, কর্ণাটে যবক্ষার ও আরবীতে মুতরুন্ বলে। ইংরাজী Carbonate of Potash, ল্যাটিন Potassium carbonass.

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে সজ্জী সজ্জীখারু বা কঙ্গণক্ষার, মহারাষ্ট্রে সজ্জীখার, গুজরাটে সাজীখার, কর্ণাটে সাজীখারু, ফারসীতে বংজার কালয়া, আরবীতে কলীবনার্ব্বূল অস্‌ফর বলে। ইহার ডাক্তারী নাম Panjab Salt Worth or Sajji or Carbonate of Soda কার্ব্বনেট অব সোডা বা পিঞ্জাব সল্‌ট ওথবা সাজি, পণ্ডিতগণ বলেন যে, সুবর্চ্চিকা স্বর্জ্জিকাক্ষার ভেদমাত্র।

পর্য্যায়।—টঙ্গণ, মালতীজাত, দ্রাবী ও লোহবিশুদ্ধিদ এই কয়টী টঙ্গণ অর্থাৎ সোহাগার পর্য্যায়। *

গুণ।—সোহাগা অগ্নিবৰ্দ্ধক, রুক্ষ, কফ ও বায়ুপিত্তনাশক।

---

## সুধাক্ষার নামগুণাঃ। (চূণ)

সুধাহ্বয়ং সুধা সৌধভূষণং কটুশর্করা।
সুধাক্ষারোঽগ্নিসঙ্কাশঃ পাকী ক্লেদী বিদারণঃ॥

পর্য্যায়।—সুধাহ্ব, সুধা, সৌধভূষণ, কটুশর্করা, এইগুলি সুধাক্ষারের অর্থাৎ চূণের সংস্কৃত নাম।

গুণ।—চূর্ণ অগ্নিতুল্য, পাচক, ক্লেদক ও বিদারণ কারক।

---

## সর্ব্বক্ষার নামগুণাঃ।

পলাশ-তিলনাল-শ্বদংষ্ট্রিকা-কদলীভবাঃ।
অপামার্গার্কসেহুণ্ডামোক্ষকাদিসমুদ্ভবাঃ॥
ক্ষারা বহ্নিসমাঃ সর্ব্বে পাচনা ভেদিদারণাঃ।
লঘবঃ ক্লেদিনস্তীক্ষ্ণাঃ শুক্রলা দৃষ্টিনাশনাঃ॥

---

*দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে সুহাগা, মহারাষ্ট্রে টঙ্কণক্ষার খাপীখার, গুজরাটে টঙ্কণপাটিয়ো, টাঙ্কণ ফুলিয়ো, কর্ণাটে টঙ্কণথার বিলীয়-টঙ্কণু, তৈলঙ্গে এলিগারম্, ফারসীতে তেদার, আরবীতে বুরগ বলে। ইংরাজী Borax Baborate of Soda. লাটিন Sodas Biboras.

রক্তপিত্তকরা ঘ্নন্তি বিবন্ধানাহপীনসান্।
যকৃৎপ্লীহবলাসামগুল্মার্শোগ্রহণীকৃমীন্।

পর্য্যায়।—পলাশ, তিলের ডাঁটা, গোক্ষুর, কদলী, অপামার্গ, আকন্দ, মনসাসিজে, ও ঘণ্টাপারুলাদি বৃক্ষের ভস্ম হইতেও ক্ষার উৎপন্ন হয়।

গুণ।—সর্ব্বপ্রকার ক্ষার অগ্নিতুল্য, পাচক, ভেদক ও বিদারক, লঘু, ক্লেদকারক, তীক্ষ্ণবীর্য্য, শুক্রবর্দ্ধক, দৃঢ়শক্তির নাশক, রক্তপিত্তজনক, এবং বিবন্ধ, আনাহ, পীনস, যকৃৎ, প্লীহা, কফ, আম, গুল্ম, অর্শঃ, গ্রহণী ও কৃমিরোগনাশক।

---

যো রাজ্ঞাং মুখতিলকঃ কটারমল্ল-
স্তেন শ্রীমদননৃপেণ নির্ম্মিতেঽত্র।
গ্রন্থেঽভূন্মদনবিনোদনাম্নি পূর্ণঃ
শুণ্ঠ্যাদিঃ খলু ভিষজো হিতায় বর্গঃ।

সমস্ত নৃপতিবর্গের মুখতিলকস্বরূপ কটারমল্লনামে প্রসিদ্ধ শ্রীযুক্ত মদনপাল নৃপতি কর্তৃক নির্ম্মিত মদনবিনোদনামক গ্রন্থে বৈদ্যদিগের হিতার্থ শুণ্ঠ্যাদিবর্গ সম্পূর্ণ হইল।

ইতি শ্রীমদনপালনিঘণ্টৌ শুণ্ঠ্যাদিবর্গঃ।

# অথ কর্পূরাদিবর্গঃ।

আরোপ্য পাণৌ নববল্লবীভির্বালং বিনোদাৎ পরিচুম্বিতাস্যম্।
ওষ্ঠং পিবন্তং প্রতিবদ্ধদন্তমাশ্চর্য্যযুক্তং হরিমাশ্রয়ামি॥

নবগোপিকাগণ কর্ত্তৃক চিত্তবিনোদনার্থ পাণিতলে আরোপিত, পরিচুম্বিত-বদনকমল, প্রতিবদ্ধদন্ত, ওষ্ঠামৃতপানকারী ও আশ্চর্য্যযুক্ত বালকরূপধারী শ্রীহরির চরণ আশ্রয় করি।

---

## কর্পূর নামগুণাঃ।

কর্পূরঃ স্ফটিকশ্চন্দ্রঃ সিতাভ্রো হিমবালুকঃ।
হিমোপলঃ সিতরজো ভূতিকস্তু হিমাহ্বয়ঃ॥
হিমাভ্রো ঘনসারশ্চ চন্দ্রাহ্বশ্চাপি গীয়তে॥
কর্পূরঃ শীতলো বৃষ্যশ্চক্ষুষ্যো লেখনো লঘুঃ।
কফদাহাস্যবৈরস্যমেদঃশোথবিষাপহঃ॥

পর্য্যায়।—কর্পূর, স্ফটিক, চন্দ্র, সিতাভ্র, হিমবালুক, হিমোপল, সিতরজঃ, ভূতিক, হিমবাচক শব্দ সমস্ত হিমাভ্র, ঘনসার, চন্দ্রবাচক শব্দ সমস্ত এই গুলি কর্পূরের সংস্কৃত নাম। *

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে কপূর ও মহারাষ্ট্রে কাপূর, গুর্জ্জরে কপূর, তৈলঙ্গে কপূরমু, পারসী নাম কাপূর, আরবী নাম কাফুর, ইহার ডাক্তারী নাম Camphor, ক্যাম্ফর।

গুণ।—কর্পূর শীতবীর্য্য, বৃষ্য, চক্ষুর জ্যোতির্বর্দ্ধক, লেখন অর্থাৎ কৃশতাকারক, লঘু, কফ, দাহ, আস্যবৈরস্য, মেদ, শোথ ও বিষনাশক।

---

## কস্তূরিকা-লতাকস্তূরিকা নামগুণাঃ।

কস্তূরিকা মৃগমদো বেধমুখ্যা মৃগাণ্ডজা॥
মৃগনাভির্মৃগো নাভির্মদো যোজনগন্ধিকা॥
লতাকস্তূরিকা জ্ঞেয়া কটুর্দক্ষিণদেশজা।
কস্তূরী শুক্রলা গুর্ব্বী কটুকা কফশীতজিৎ॥
উষ্ণা হন্তি বিষচ্ছর্দ্দিশোথদৌর্গন্ধ্যমারুতান্॥
লতাকস্তূরিকা তদ্বন্নেত্র্যা শীতা লঘুস্তথা॥

পর্য্যায়।—কস্তূরিকা, মৃগমদ, বেধমুখ্যা, মৃগাণ্ডজা, মৃগনাভি, মৃগ, নাভি, মদ ও যোজনগন্ধিকা এই গুলি কস্তূরিকার পর্য্যায়। * আর একপ্রকার কস্তূরী আছে, তাহাকে লতাকস্তূরী বা মুষকদানা বলে। লতাকস্তূরী, কটু, এবং দক্ষিণদেশজা এই কয়টী তাহার পর্য্যায়। †

গুণ।—কস্তূরিকা শুক্রবর্দ্ধক, গুরুপাক, কটু, উষ্ণবীর্য্য, বিষ, ছর্দ্দি, শোথ, দুর্গন্ধ, কফ, বায়ু ও শীত নাশক।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে সকল দেশেই কস্তূরী বলে, কেবল তৈলঙ্গী ভাষায় ইহার নাম কাস্তূরী, ফারসী নাম মুষ্ক, আরবী নাম মিস্ক। কস্তূরীর ডাক্তারী নাম Musk, মস্ক।

† দেশভেদে নামভেদ।—লতাকস্তূরীর নাম হিন্দুস্থানে মস্কদানা, তৈলঙ্গে তক্কোলফলমূ ও কর্পূরবেণ্ড, তামলে কটেকস্তুরী, দাক্ষিণাত্যে কস্তুরবেণ্ড বলে। ডাক্তারী নাম Musk mallow মাস্ক্ ম্যালো।

লতাকস্তূরীর গুণ কস্তূরীর ন্যায়. বিশেষতঃ ইহা নেত্রের জ্যোতিবর্দ্ধক, শীতবীর্য্য ও লঘুপাক।

---

## মার্জারীনামগুণাঃ। ( খাট্টাসী )

মার্জারী পূতিকা পূতিকজা স্যাদ্‌গন্ধচেলিকা।

মার্জারী বান্তিমাধত্তে চক্ষুষ্যা কফবাতজিৎ॥

পর্য্যায়।—মার্জারী, পূতিকা, পূতিকজা ও গন্ধচেলিকা এইগুলি মার্জারীর ( খাট্টাশীর ) পর্য্যায়।

গুণ।—মার্জারী বান্তিজনক অর্থাৎ বমনকারক, চক্ষুর জ্যোতিবর্দ্ধক, কফ ও বায়ুনাশক।

---

## শ্বেতচন্দননামগুণাঃ।

চন্দনং তিলপর্ণং স্যান্মহার্হং শ্বেতচন্দনম্।

ভদ্রশ্রিয়ং মলয়জং গোশীর্ষং গন্ধসারকম্॥

চন্দনং শীতলং রুক্ষং তিক্তমাহ্লাদনং লঘু।

হৃদ্যং বর্ণ্যং বিষশ্লেষ্মতৃষ্ণাপিত্তাস্রদাহজিৎ॥

পর্য্যায়।—চন্দন, তিলপর্ণ, মহার্হ, শ্বেতচন্দন, ভদ্রশ্রী, মলয়জ, গোশীর্ষ ও গন্ধসারক এইগুলি শ্বেতচন্দনের পর্য্যায়।

---

* দেশভেদে নামভেদ—ইহাকে হিন্দী, মহারাষ্ট্রী ও তৈলঙ্গী ভাষাতে চন্দন, কর্ণাটী ভাষায় বেট্টপঞ্চাগন্ধ, গুজরাটে সুখড়, ফারসীতে সন্দল সুফেদ, আরবীতে সংদলে অবায়দ, ইংরাজীতে Sandal wood ও ল্যাটীন ভাষায় Santalum album বলে।

গুণ।—শ্বেতচন্দন শীতল, রুক্ষ, তিক্তরস, তৃপ্তিজনক, লঘুপাক, হৃদয়গ্রাহি, বর্ণবর্দ্ধক। ইহা বিষ, শ্লেষ্ম, তৃষ্ণা, রক্তপিত্ত ও দাহনাশক।

---

## রক্তচন্দননামগুণাঃ।

রক্তচন্দনমুদ্দিষ্টং লোহিতং ক্ষুদ্রচন্দনম্।
তাম্রসারং রক্তসারং জ্যোতিঃসোমঞ্চ রঞ্জনম্॥
রক্তং শীতং গুরু স্বাদু ছর্দ্দিতৃষ্ণাস্রপিত্তনুৎ।
তিক্তং নেত্রহিতং বৃষ্যং জ্বরঘ্নঞ্চ বিষাপহম্॥

পর্য্যায়।—রক্তচন্দন, লোহিত, ক্ষুদ্রচন্দন, তাম্রসার, রক্তসার, জ্যোতিঃসোম, রঞ্জন এই কয়টী রক্তচন্দনের পর্য্যায়।

গুণ।—রক্তচন্দন শীতল, গুরু, স্বাদু, তিক্ত, বৃষ্যগুণযুক্ত, বমন, তৃষ্ণা, রক্তপিত্ত, নেত্ররোগ, জ্বর ও বিষনাশক।

---

## পীতচন্দন নামগুণাঃ। (হরিচন্দনম্)

কালীয়কং পীতসারং পীতং নারায়ণপ্রিয়ম্।
কালীয়কং রক্তগুণং বিশেষাৎ পবনাপহম্॥

* দেশভেদে নামভেদ।—ইহাকে দাক্ষিণাত্যে ও হিন্দীতে লাল চন্দন, তৈলঙ্গে এরগন্ধপুচেক, তামিলে সেন্ শাগুনম্, গুজরাটে রতাংজলী, মহারাষ্ট্রে রক্তচন্দন, ফারসী ভাষায় সণ্ডলে সুরখ ও আরবী ভাষায় সংদলে অহংমর বলে। লাটিনে Teracarpus Santalum. ইহার ডাক্তারী নাম Red Sandal wood. রেড স্যাণ্ডেল উড।

পর্য্যায়।—কালীয়ক, পীতসার, পীত, নারায়ণপ্রিয়, এইগুলি পীতচন্দনের ( হরিচন্দনের ) সংস্কৃত নাম।

গুণ।—কালীয়কের ( পীতচন্দনের ) গুণ রক্তচন্দনের ন্যায়। বিশেষতঃ ইহা বায়ুনাশক।

---

## কৃষ্ণাগুরু নামগুণাঃ।

কৃষ্ণাগুরু স্যাদগুরু রাজার্হং বিশ্বরূপকম্।
জোঙ্গকং বংশিকং চৈব কৃমিজগ্ধমনার্য্যকম্॥
কৃষ্ণাগুরূষ্ণং কর্ণাক্ষিরোগঘ্নং পিত্তলং লঘু॥
কটু তিক্তং ব্রণ কফ বান্তিবায়াস্যরোগহৃৎ॥

পর্য্যায়।—কৃষ্ণাগুরু, অগুরু, রাজার্হ, বিশ্বরূপক, জোঙ্গক, বংশিক, কৃমিজগ্ধ ও অনার্য্যক এই কয়টী কৃষ্ণাগুরুর পর্য্যায়।

গুণ।—কৃষ্ণাগুরু উষ্ণবীর্য্য, কটু, তিক্ত ও লঘু। ইহা কর্ণরোগ, ব্রণ, কফ, বমি, বায়ু, মুখরোগ ও নেত্ররোগ নাশক।

---

## কুঙ্কুম নামগুণাঃ।

কুঙ্কুমং চারু বাহ্লীকং বর্ণ্যমগ্নিশিখং বরম্।
কাশ্মীরং পীতমভ্র হ্বং সঙ্কোচং পিশুনাস্রকম্॥

---

* দেশভেদে নামভেদ।—অগুরুর নাম মহারাষ্ট্রে গুজরাটে কর্ণাটে তামিলে ও হিন্দুস্থানে অগর, তৈলঙ্গে হরুগুহচেট্টু, মহারাষ্ট্রে শিশবাচে ঝাড় বা কৃষ্ণাগুরু, ফারসীতে কশবেববা, আরবীতে উদগরকী বলে। ডাক্তারী নাম Fregrant wood. ফ্রেগ্রাণ্ট উড। ইংরাজী নাম Eagle-wood.

কুঙ্কুমং কটুকং স্নিগ্ধং শিরোরুগ্‌ব্রণজন্তুজিৎ।
উষ্ণং রুচিকরং বল্যং ব্যঙ্গদোষত্রয়াপহম্‌॥

পর্য্যায়।—কুঙ্কুম, চারু, বাহ্লীক, বর্ণ্য, অগ্নিশিখ, বর, কাশ্মীর, পীত, অভ্রাভ, সংকোচ, পিশুন ও অস্রক এই কয়টী কুঙ্কুমের পর্য্যায়।

গুণ।—কুঙ্কুম কটু, উষ্ণবীর্য্য, বলকর, রুচিকর, স্নিগ্ধ, শিরোরোগ, ব্রণ, ক্রিমি, ব্যঙ্গ ও দোষত্রয়নাশক।

---

## সিহ্লক নামগুণাঃ।

সিহ্লকঃ কপিজো ধূম্রস্তুরুষ্কঃ পিণ্ডিতঃ কপিঃ।
সিহ্লকঃ কুষ্ঠকণ্ডূঘ্নঃ স্নিগ্ধোষ্ণঃ শুক্রকান্তিকৃৎ॥

পর্য্যায়।—সিহ্লক, কপিজ, ধূম্র, তুরুষ্ক, পিণ্ডিত ও কপি এইগুলি সিহ্লকের অর্থাৎ শিলারসের পর্য্যায়। †

গুণ।—সিহ্লক স্নিগ্ধ, উষ্ণবীর্য্য, শুক্র ও কান্তিবর্দ্ধক, কুষ্ঠ ও কণ্ডুরোগ নাশক।

* দেশভেদে নামভেদ। ইহাকে হিন্দুস্থানে কেসর, জফরান্, মহারাষ্ট্রে ও গুজরাটে কেশর, কর্ণাটে কুংকুম, তৈলঙ্গে কুঙ্কুমপুবু, ফারসীতে লরকীমাস, আরবীতে জাফরান বলে। ইহার ডাক্তারী নাম Saffron, স্যাফরন্।

† দেশভেদে নামভেদ।—হিন্দুস্থানে ও মহারাষ্ট্রে শিলারস, গুজরাটে শেলারস, কর্ণাটে পিণ্ডতৈল, দাক্ষিণাত্যে কাপতেল, ফারসীতে সলারস ও আরবীতে উসারেকামিয়া, মিথাস সাইলা বলে। ইংরাজী Liquid Ambar.

## এলবালুক নামগুণাঃ।

এলবালুকমৈলেয়ং সুগন্ধি হরিবালুকম্।
এলবালু কটুকং পাকে কষায়ং শীতলং লঘু।
হন্তি কণ্ডূব্রণচ্ছর্দ্দি তৃট্‌কাসারুচিহৃদ্রুজঃ।
বলাসবিষপিত্তাস্র কুষ্ঠমূত্র গুদকৃমীন্॥

পর্য্যায়।—এলবালুক, ঐলেয়, সুগন্ধি, হরিবালুক এই কয়টী এলবালুকের পর্য্যায়। * ইহা সুগন্ধ বণিক্ দ্রব্যবিশেষ।

গুণ।—এল্‌বালুক কটু, পাকে কষায় রস, শীতবীর্য্য ও লঘু। ইহা কণ্ডু, ব্রণ, বমন, তৃষ্ণা, কাস, অরুচি, হৃদ্রোগ, কফ, বিষদোষ, রক্তপিত্ত, কুষ্ঠ, মূত্ররোগ ও গুহ্যরোগ নাশক।

---

## জাতীফল নামগুণাঃ।

জাতীফলং জাতিসুতং শালুকং মালতীফলম্।
জাতীফলং লঘু স্বর্য্যং হৃদ্যং দীপনপাচনম্॥
উষ্ণং কফানিলচ্ছর্দ্দি কৃমিপীনসকাসজিৎ॥

পর্য্যায়।—জাতীফল, জাতিসুত, শালুক ও মালতীফল এই কয়টী জায়ফলের পর্য্যায়। †

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে এলুবা, মহারাষ্ট্রে কলংগডলে ও বেলচী এবং তৈলঙ্গে কুতুরবুড়মাচটু বলে।

† দেশভেদে নামভেদ।—হিন্দীতে জায়ফল, মহারাষ্ট্রে জায়ফল, গুজরাটী ও কর্ণাটী জাইফল, তৈলঙ্গী জাজিকায়া, তামলী জোদিকরায়, ব্রহ্মদেশী

গুণ।—জায়ফল লঘুপাক স্বরশোধক, হৃদয়গ্রাহি, অগ্নিদীপক, পাচক, উষ্ণবীর্য্য, কফ, বায়ু, বমন, কৃমি, পীনস ও কাসরোগ নাশক।

---

## জাতীপত্রী নামগুণাঃ। (জইত্রী)

জাতীপত্রী জাতীকোশা মালতীপত্রিকা তথা।
জাতীপত্রী লঘূষ্ণা স্যাৎ কফক্রিমিবিষাপহা॥
বক্তুবৈশদ্যজননী তিক্তা স্বাদু রুচিপ্রদা॥

পর্য্যায়।—জাতীপত্রী, জাতীকোশ, মালতীপত্রিকা এইগুলি জৈত্রীর সংস্কৃত নাম। জায়ফলের ত্বক্‌কে জৈত্র বলে।

গুণ।—জৈত্রী লঘুপাক, উষ্ণবীর্য্য, কফ, কৃমি ও বিষ নাশক।

---

## লবঙ্গ নাম গুণাঃ।

লবঙ্গং শেখরং দিব্যং লবং চন্দনপুষ্পকম্।
শ্রীপুষ্পং দেবকুসুমং ভৃঙ্গারং বারিসম্ভবম্॥
লবঙ্গং লঘু চক্ষুষ্যং হৃদ্যং দীপনপাচনম্।
শূলানাহকফশ্বাস কাসচ্ছর্দ্দি ক্ষয়াপহম্॥

জাফিক্ষু, ফারসী জোজেবুয়া, আরবী জোজুউতলীব, ইংরাজী নাম Nutmeg. নাট্‌মেগ।

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে জাবিত্রী, মহারাষ্ট্রে ও কর্ণাটে জায়পত্রী, গুজরাটে জাবন্ত্রী, তৈলঙ্গে জাজিপত্রী, ফারসীতে জবিত্রী ও বজবায়, আরবীতে বিসবাস ইংরাজীতে Mace. মেস বলে। লাটিন নাম Myristica Fragrans. মিরিষ্টিকা ফ্র্যাগ্রান্স।

পর্য্যায়।—লবঙ্গ, শেখর, দিব্য, লব, চন্দনপুষ্পক, শ্রীপুষ্প, দেবকুসুম, ভৃঙ্গার ও বারিসম্ভব এইকয়টী লবঙ্গের পর্য্যায়। *

গুণ।—লবঙ্গ লঘু, চক্ষুর জ্যোতির্বর্দ্ধক, হৃদয়গ্রাহি, অগ্নিদীপক, পাচক, শূল আনাহ কফ শ্বাস কাস বমন ও ক্ষয়রোগ নাশক।

---

## কঙ্কোলনামগুণাঃ।

কঙ্কোলং কোলকং কোলং মারীচং মাধবোষিতম্।
কঙ্কোলং লঘু তীক্ষ্ণোষ্ণং তিক্তং হৃদ্যং রুচিপ্রদম্।
আস্যদৌর্গন্ধ্যহৃদ্রোগকফবাতাময়ান্ধ্যহৃৎ॥

পর্য্যায়।—কঙ্কোল, কোলক, কোল, মারীচ, মাধবোষিত এই কয়টী কঙ্কোলের (কাবাবচিনি বিশেষের) পর্য্যায়। †

গুণ।—কঙ্কোল লঘু, তীক্ষ্ণ ও উষ্ণবীর্য্য, তিক্তরস, রুচিকর। ইহা মুখদুর্গন্ধি, হৃদ্রোগ, কফ, বায়ুজনিত পীড়া ও নেত্রান্ধতা নিবারক।

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে লোঙ্গ, মহারাষ্ট্রে লবংগ, ও কর্ণাটে লবঙ্গকলিকা, গুজরাটে লবীংগ, ফারসীতে লোঙ্গ ও মেহক, আরবে করন ফুল, তামিলে কিরম্বের, তৈলঙ্গে লবঙ্গলু ও দাক্ষিণাত্যে লবঙ্ বলে। ইহার ডাক্তারী নাম Cloves. ক্লোভস্।

† দেশভেদে নামভেদ। হিন্দুস্থানে শীতলচিনি, কাবাবচিনি, চিনীকবাব, কংকোলা, মহারাষ্ট্রে কংকোল্ল, কাপুরচীনী, গুজরাটে চণকবার, কর্ণাটে কঙ্কোলত্বয়, তৈলঙ্গে কবাকচীনী, ফারসী হবাবহ, আরবী করাস, হেবল্, উরস, কবাবা। ইংরাজী Cubeb Pepper কিউবেব পেপার। লাটিন নাম Cubeba officinallis.

## সূক্ষ্মৈলানামগুণাঃ।

সূক্ষ্মৈলা ত্রিপুটা চৈব বয়স্থা বহুলা ত্রুটিঃ।
কপোতবর্ণা কোরঙ্গী দ্রাবিড়ী ভৃঙ্গপর্ণিকা॥
এলা সূক্ষ্মা কফশ্বাস কাসার্শোমূত্রকৃচ্ছ্রনুৎ।
রসে তু কটুকা শীতা লঘ্বী বাতহরী মতা॥

পর্য্যায়।—ত্রিপুটা, বয়স্থা, বহুলা, ত্রুটি, কপোতবর্ণা, কোরঙ্গী, দ্রাবিড়ী ও ভৃঙ্গপর্ণিকা এই কয়টী ছোট এলাইচের পর্য্যায়।

গুণ।—ছোটএলাইচ কটুরস, শীতবীর্য্য, লঘুপাক, বায়ু, কফ, শ্বাস, কাস, অর্শঃ ও মূত্রকৃচ্ছ্রনাশক।

---

## স্থূলৈলা নামগুণাঃ।

স্থূলৈলা ত্রিপুটা কন্যা ভদ্রৈলা ত্রিদিবোদ্ভবা।
নিষ্কুটী চন্দ্রবালা চ বৃহদেলা চ পৃথ্বিকা॥
স্থূলৈলা রোচনী তীক্ষ্ণা লঘূষ্ণা কফপিত্তজিৎ।
হৃল্লাসবিষবস্ত্যাস্যশিরোরুগ্বমিকাসনুৎ॥

---

দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে ছোট ইলাচী ও গুজরাতী ইলায়চী, সফেদ ইলায়চী, মহারাষ্ট্রে বেলচী, গুজরাটে এলচীকাগদী, তৈলঙ্গী এলাকু, চিন্নয়ালকুলু এল্লকপ্‌, দ্রাবিড়ী এলোকুল্লকাপু, ফারসীতে হৈল, হিল ও হালে, আরবীতে কাকিলে সিগার বলে। ডাক্তারী নাম Elettaria cardamomum, ইলিটেরিয়া কার্ডেমোমাম্।

পর্য্যায়।—স্থূলৈলা, ত্রিপুটা, কন্যা, ভদ্রৈলা, ত্রিদিবোদ্ভবা, নিষ্কুটী, চন্দ্রবালা, বৃহদেলা, পৃথ্বিকা এই কয়টী বড় এলাইচের পর্য্যায়। *

গুণ।—বড় এলাইচ রুচিকর, তীক্ষ্ণবীর্য্য, লঘুপাক, উষ্ণবীর্য্য, কফ, পিত্ত, হৃল্লাস ( গা বমি বমি করা ), বিষদোষ, মুখরোগ, শিরোরোগ, বমন ও কাস রোগ নাশক।

---

## ত্বচনামগুণাঃ।

ত্বচং বরাঙ্গং শকলং ত্বক্ চোচং তনুকং বরম্।
লাটপর্ণং ঘনং ভৃঙ্গং গুড়ত্বক্ স্বর্ণভূমিকম্॥
ত্বচং লঘূষ্ণং কটুকং বিশদং স্বাদু পিত্তলম্।
হৃদ্বস্তিরোগবাতার্শঃপীনসকৃমিদশুক্রনুৎ॥

পর্য্যায়।—ত্বচ, বরাঙ্গ, শকল, ত্বক্, চোচ, তনুক, বর, লাটপর্ণ, ঘন, ভৃঙ্গ, গুড়ত্বক্ ও স্বর্ণভূমিক এইগুলি ত্বচ অর্থাৎ দারুচিনির পর্য্যায়। †

---

* দেশভেদে নামভেদ —ইহাকে হিন্দুস্থানে বড়ী ইলাইচী, বা ইলাইচী পূবী, গুজরাটে মোটী এলচী, এলচা, কর্ণাটে পরড়ুলক্কী, ফারসীতে হৈলং কলাং, আরবীতে কাকলে কিবার, তৈলঙ্গে পেঙ্গ এলাকুলু বা এলুকচেট্টু, তামিলে এলম্ ও মহারাষ্ট্রে বেলদোড়ে ও থোরবেলা বলে। ইহার ডাক্তারী নাম Larger cardamum, লার্জার কার্ডেমম্।

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দিতে তজদালচীনী, মহারাষ্ট্রে দালচীনী, গুজরাটে ও কর্ণাটে তজ, তৈলঙ্গে সনলিঙ্গু, ডালচিনী, সনাল লীঙ্গপুতা, তামিলে কাকুখা কক্ক, উপট্টাই, ফারসীতে দাচিনী, আরবীতে সলীখা, ব্রহ্মদেশে মিটথ্যাবো, লুসাই ভাষাতে থাক্ থিন বলে। ডাক্তারী নাম Cinnamon Bark লাটিন নাম Cunnamoni Bartex.

গুণ।—দারুচিনি লঘুপাক, উষ্ণবীর্য্য, কটুরস, বিশদ, সুস্বাদু, পিত্তজনক, হৃদয়, বস্তিরোগ, বাত, অর্শঃ, পীনস, কৃমি ও শুক্রদোষ নাশক।

---

## তেজপত্রনামগুণাঃ।

তেজপত্রং দলাহ্বঞ্চ তমালং রোম রোমশম্।
প্রত্রমুষ্ণং লঘু শ্লেষ্ম হৃল্লাসার্শোঽনিলাপহম্॥

পর্য্যায়।—তেজপত্র ও পত্রবাচক শব্দ সমস্ত, তমাল, রোম ও রোমশ এই কয়টী তেজপত্রের পর্য্যায়। *

গুণ।—তেজপত্র উষ্ণবীর্য্য, লঘুপাক, শ্লেষ্ম, হৃল্লাস, অর্শ ও বায়ুনাশক।

---

## নাগকেশরনামগুণাঃ।

নাগকেশরকং নাগং চাম্পেয়ং কেশরং গজম্।
নাগকেশরকং রুক্ষমুষ্ণং লঘ্বামপাচনম্।
দৌর্গন্ধ্যকুষ্ঠবীসর্পকফবাতবিষাপহম্॥

পর্য্যায়।—নাগকেশরক, নাগ, চাম্পেয়, কেশর ও গজ এইকয়টী নাগেশ্বর চাঁপার পর্য্যায়। †

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে তেজপাত, মহারাষ্ট্রে তমালপত্র, সম্ভারপাল, গুজরাটে তমালপত্র, কর্ণাটে পত্রক, তৈলঙ্গে আকুপত্রী, ফারসীতে সাদরস্থ ও আরবীতে সাজিজ বলে। ইংরাজী নাম Folia Malabathy. লাটিন নাম Cainimomam Tamala. ডাক্তারী নাম The leaf of Lourus cassia. দি লিফ অব লরাস্ ক্যাসিয়া।

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে কর্ণাটে ও গুজরাটে নাগকেশর, তৈলঙ্গে নাগকেসরালু, তামিলে নাঙ্গল ও বোম্বায়ে নাগচম্পা বলে। ডাক্তারী নাম Mesuaferrea. মেসুয়াফেরিয়া। আরবী নাম নাগমুস্ক।

গুণ।—নাগেশ্বর চাঁপা রুক্ষ, উষ্ণবীর্য্য, লঘু, আমদোষ, দুর্গন্ধ, কুষ্ঠ, বীসর্প, কফপিত্ত ও বিষনাশক।

---

## ত্রিজাতক-চতুর্জাতক নামগুণাঃ।

ত্বগেলাপত্রকৈস্তুল্যৈস্ত্রিজাতং ত্রিসুগন্ধকম্।
চতুর্জাতং সনাগং তদ্দ্বয়ং বাতকফাপহম্॥
তীক্ষ্ণোষ্ণং রেচনং রূক্ষং মুখদুর্গন্ধনাশনম্॥

পর্য্যায়।—এলাইচ, গুড়ত্বক্ ও তেজপত্র এই তিনটীকে ত্রিজাত ও ত্রিসুগন্ধক এবং এলাইচ, গুড়ত্বক্, তেজপত্র ও নাগকেশর এই চারিটীর নাম চতুর্জাত বলে।

গুণ।—ত্রিজাত ও চতুর্জাত তীক্ষ্ণ ও উষ্ণবীর্য্য, রুচিকর, রুক্ষ, বায়ু, কফ ও মুখের দুর্গন্ধনাশক।

---

## তালীশ-বৃহত্তালীশপত্র নামগুণাঃ।

তালীশপত্রং তালীশং ধাত্রীপত্রং শুকোদরম্।
অপরং গ্রন্থিকাপত্রং পত্রাঢ্যং তুলসীচ্ছদম্॥
তালীশং লঘু তীক্ষ্ণোষ্ণং শ্বাসকাসকফানিলান্।
নিহন্তি রুচ্যং গুল্মামবহ্নিমান্দ্যক্ষয়াময়ান্॥

পর্য্যায়।—তালীশপত্র, তালীশ, ধাত্রীপত্র, শুকোদর এইগুলি তালিশপত্রের পর্য্যায়। আর এক প্রকার তালীশপত্র আছে, উহার আকৃতি একটু

বৃহৎ, উহাকে বৃহৎতালীশপত্র বলে। গ্রন্থিকাপত্র, পত্রাঢ্য ও তুলসীচ্ছদ এই কয়টী তাহার পর্য্যায়। *

গুণ।—তালীশপত্র লঘু, তীক্ষ্ণ ও উষ্ণবীর্য্য, রুচিকর, শ্বাস, কাস, কফ, বায়ু, গুল্ম, আমদোষ, অগ্নিমান্দ্য ও ক্ষয়কাস রোগ নাশক।

---

## সরলনামগুণাঃ।

সরলো ভদ্রদারুশ্চ নমেরুঃ পীতবৃক্ষকঃ।
সরলো মধুরস্তিক্তঃ কটুপাকরসো লঘুঃ।
স্নিগ্ধোষ্ণঃ কণ্ঠকর্ণাক্ষিরোগকণ্ডূবিনাশনঃ॥

পর্য্যায়।—সরল, ভদ্রদারু, নমেরু ও পীতবৃক্ষক এইগুলি সরল-কাষ্ঠের সংস্কৃত নাম। †

গুণ।—সরল কাষ্ঠ মধুর তিক্তরস, পাকে কটুরস, লঘুপাক, স্নিগ্ধ, উষ্ণ-বীর্য্য, কণ্ঠ, কর্ণ ও নেত্ররোগ নাশক।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দিতে তালিশপত্রি ও তালিশপত্র, মহারাষ্ট্রে লঘুতালিশপত্র, তৈলঙ্গ ও তামিলে তালিশপত্রি, দাক্ষিণাত্যে পনিঅল ও বোম্বায়ে তাম্বঠ, ফারসীতে জরনব, আরবীতে তালিশকর বলে। ডাক্তারী নাম Pinus Webbiana. পাইনস ওয়েবিয়ানা।

† দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে চির্‌কা পেড়, সরল ও ধূপসরল, মহারাষ্ট্রে ও গুজরাটে সরল দেবদার, বোম্বায়ে সুরুচে ঝাড়, তৈলঙ্গে সরল দেবদারু, গরিকে ও সরল দেবদরিচেট্টু, তামিলে সরলদেব-দারী এবং দাক্ষিণাত্যে চির্। ইংরাজী নাম Pinus Longifolia পাইনস্ লঙ্গিফোলিয়া।

## শ্রীবাসনামগুণাঃ।

শ্রীবাসো বেষ্টকো জ্ঞেয়ঃ শ্রীনিবাসঃ কলিদ্রুমঃ।
শ্রীবাসো মধুরস্তিক্তঃ স্নিগ্ধোষ্ণস্তুবরঃ সরঃ॥
পিত্তলঃ কফমূর্দ্ধাক্ষিবাতরোগহরঃ পরঃ॥

পর্য্যায়।—শ্রীবাস, বেষ্টক, শ্রীনিবাস ও কলিদ্রুম, এইগুলি টার্পিনের সংস্কৃত নাম। *

গুণ।—টার্পিন মধুর, কষায়, তিক্তরস, স্নিগ্ধ, উষ্ণবীর্য্য, সারক, পিত্তজনক, কফ, শিরোরোগ, নেত্ররোগ ও বাতরোগ নাশক।

---

## বালক নামগুণাঃ।

বালকং বারি হ্রীবেরং পিঙ্গমাচমনং কচম্।
উদীচ্যং বজ্রমম্বাহ্বং বর্হিষ্ঠং গন্ধমূলকম্॥
বালকং শীতলং রূক্ষং লঘু দীপনপাচনম্।
রক্তপিত্তজ্বরশ্লেষ্মদাহতৃষ্ণাব্রণাপহম্॥

পর্য্যায়।—বালক, বারি, হ্রীবের, পিঙ্গ, আচমন, কচ, উদীচ্য, বজ্র, অম্বাহ্ব অর্থাৎ অম্বুবাচক শব্দ সমস্ত, বর্হিষ্ঠ ও গন্ধমূলক এইগুলি বালার সংস্কৃত নাম। †

---

* দেশভেদে নামভেদ।—হিন্দুস্থানে সরলকা গোঁদ, সরলকা রস, চন্দ্রস, গন্ধবিরোজা, মহারাষ্ট্রে সরলাডীক, চন্দ্রুস্, গুজরাটে চন্দ্রস্, জনার্দ্দন, গন্ধবিরোজী, কর্ণাটে শ্রীবেষ্টক, তামিলে পিনৈমারু, ফারসীতে সংদরুস, কাইরুবা, আরবীতে সংদরুস। ইংরাজীতে Gomeopal Sandazack.

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে সুগন্ধবালা, মহারাষ্ট্রে বাল্লা, দাক্ষিণাত্যে করংবাল, কর্ণাটে বালদেবেরু খসমুষ্টিবাল, গুজরাটে বালো,

গুণ।—বালা—শীতল, রুক্ষ, লঘু, অগ্নিদীপক, পাচক, রক্তপিত্ত, জ্বর, শ্লেষ্ম, দাহ, তৃষ্ণা ও ব্রণনাশক।

---

## জটামাংসী নামগুণাঃ।

মাংসী জটা ভূতকেশী ক্রব্যাদা নলদং শিখা।
কৃষ্ণান্যা পূতনা কেশী গন্ধমাংসী পিশাচিকা॥
মাংসী তিক্তা কষায়া চ মেধাকান্তিবলপ্রদা।
স্বাদ্বী হিমা ত্রিদোষাস্রদাহবীসর্পকুষ্ঠজিৎ॥
অনুলেপনতো হন্তি রুক্ষতাং জ্বরসম্ভবাম্॥

পর্য্যায়।—মাংসী, জটা, ভূতকেশী, ক্রব্যাদা, নলদ, শিখা, এইগুলি একপ্রকার জটামাংসীর নাম। আর এক প্রকার কৃষ্ণবর্ণ সুগন্ধ ক্ষুদ্রাকার জটামাংসী আছে, পূতনা, কেশী, গন্ধমাংসী ও পিশাচিকা এইগুলি তাহার পর্য্যায়। *

গুণ।—উভয়বিধ জটামাংসী শীতবীর্য্য, স্বাদু তিক্ত কষায়রস মেধাকান্তিবলপ্রদ, ত্রিদোষ, রক্তদোষ, দাহ, বিসর্প ও কুষ্ঠনাশক। ইহার অনুলেপনে জ্বরসম্ভূত রুক্ষতা নষ্ট হয়।

---

তৈলঙ্গে বাট্টিবেল্লু, বোম্বায়ে বালা ও আরবীতে অসারুং বলে। ডাক্তারী নাম **Pavonia odorata**, প্যাভোনিয়া ওডোরেটা।

* দেশভেদে নামভেদ। জটামাংসাকে হিন্দুস্থানে জটামাংসী, বালছড়, কনুচর, মহারাষ্ট্রে ও তৈলঙ্গে জটামাংসী, গুজরাটে বালছড়, কর্ণাটে বহুলগন্ধ জটামাংসী, আকাশ জটামাংসী, ফারসীতে সুবল্ ও আরবীতে সুবলুত্তীব বলে। ইংরাজী নাম **Spinkerard.** লাটিন **Nordastachyo.**

## উশীরনামগুণাঃ।

উশীরমভয়ং সেব্যং বীরং বীরণমূলিকা।
উশীরং পাচনং শীতং স্তম্ভনং লঘু তিক্তকম্।
মধুরং জ্বরহৃদ্ বান্তিমদনুৎ কফপিত্তজিৎ।
তৃষ্ণাস্রবিষবীসর্পদাহকৃচ্ছ্রব্রণাপহম্॥

পর্য্যায়।—উশীর, অভয়, সেব্য, বীর, বীরণমূলক এইগুলি উশীরের অর্থাৎ বেণার মূলের নাম। *

গুণ।—বেণার মূল পাচক, শীতল, স্তম্ভন, লঘুপাক, তিক্তমধুররস, কফ, পিত্ত, তৃষ্ণা, রক্তদোষ, বিস, বীসর্প, দাহ, মূত্রকৃচ্ছ্র, ব্রণ, জ্বর, বমন ও মত্ততা নাশক।

---

## রেণুকা নামগুণাঃ।

রেণুকা কপিলা কৌন্তী পাণ্ডুপত্রী হরেণুকা।
রেণুকা পিত্তলা মেধ্যা বহ্নিকৃদ্ গর্ভপাতিনী॥
পাচনী কটুকা পাকে তিক্তানুষ্ণা কটুর্লঘুঃ॥
বলাসবাতবৈক্লব্যতৃট্‌কণ্ডূবিষদাহনুৎ॥

* দেশভেদে নামভেদ—ইহাকে হিন্দীভাষাতে খশ, বীরন, গাণ্ডর, মহারাষ্ট্রে কাল্লাবাল্লা, গুজরাটে কালোবালো, মোথ্যতাবালাজ্জিনাং গীণমূল, কর্ণাটে বালদবেস, তৈলঙ্গে অবরুগুট্টিবদ্দিবেল্লুনল্ল, তামিলে বেত্তেবের, বোম্বাইয়ে খসখস, বিণা, গন্ধবিণা, বাধিবেরু বলে। ইহার ডাক্তারী নাম The Root of a fragrant grass. দি রুট অফ এ ফ্রেগ্রাণ্ট গ্রাস।

পর্য্যায়।—রেণুকা, কপিলা, কৌন্তী, পাণ্ডুপত্রী ও হরেণুকা এই কয়টী রেণুকার পর্য্যায়। *

গুণ।—রেণুকা, পিত্তবর্দ্ধক, মেধাবৃদ্ধিকর, অগ্নিবর্দ্ধক, গর্ভপাতক, পাচক, পাকে কটু, তিক্ত কটুরস, উষ্ণবীর্য্য, লঘুপাক। ইহা কফ, বায়ুর ব্যাকুলতা অর্থাৎ প্রকোপ, তৃষ্ণা, কণ্ডু, বিষ ও দাহনাশক।

---

## প্রিয়ঙ্গু নামগুণাঃ।

প্রিয়ঙ্গুঃ ফলিনী শ্যামা কান্তাহ্বা নন্দিনী লতা।
প্রিয়ঙ্গুঃ শীতলা বান্তিদাহপিত্তজ্বরাস্রজিৎ॥
মুখকান্তিপ্রজননো গাত্রদৌর্গন্ধ্যনাশনঃ॥

পর্য্যায়।—প্রিয়ঙ্গু, ফলিনী, শ্যামা, কান্তাবাচকশব্দ, নন্দিনী ও লতা এইগুলি প্রিয়ঙ্গুর সংস্কৃত নাম। † ইহা শ্যাম ও রক্তবর্ণ ভেদে দ্বিবিধ।

গুণ।—প্রিয়ঙ্গু শীতবীর্য্য, মুখের কান্তিবর্দ্ধক, বমন, দাহ, পিত্ত, জ্বর, রক্তপিত্ত ও গাত্রের দুর্গন্ধ নাশক।

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে সম্ভালুকাবীজ, বোম্বায়ে রেণুকবীজ বা কৌন্তী, তামিলে যেট্টা ও গুজরাটে হরেণু বলে। ডাক্তারী নাম Piper aurantiacum পিপার অরান্টিয়াকম্।

† দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে প্রিয়ংগু, গন্ধফুলফেন ও ফুলপ্রিয়ঙ্গু, মহারাষ্ট্রে গহুলা, গুজরাটে ঘঁড়লা, কর্ণাটে নেপিলগু, বোম্বায়ে গহুলী ও তৈলঙ্গে প্রেক্কণ পুচেট্টু, ডাক্তারীনাম Aglaia Raxburghidna. আগলিয়া রক্সবার্ঘিয়ানা।

## পারিপেলনামগুণাঃ। ( কৈবর্ত্তমুস্তকং )।

পারিপেলং প্লবং বন্যং শুকাহ্বং (শুক্লাভং) পরিপেলবম্।
পারিপেলং হিমং কণ্ডূ কুষ্ঠাস্র কফপিত্তজিৎ॥

পর্য্যায়।—পারিপেল, প্লব, বন্য, শুকাহ্ব ( শুক্লাভ ) ও পরিপেলব এই কয়টী পরিপেলের অর্থাৎ কৈবর্ত্তমুস্তক ( কেওটমুতাবিশেষের ) নাম।

গুণ।—পরিপেল শীতবীর্য্য, কণ্ডূ কুষ্ঠ রক্তদোষ কফও পিত্তনাশক।

---

## শৈলেয় নাম গুণাঃ।

শৈলেয়ং স্থবিরং বৃদ্ধং শিলাপুষ্পং শিলোদ্ভবম্।
শৈলেয়ং শীতলং হৃদ্যং কফপিত্তহরং লঘু॥

পর্য্যায়।—শৈলেয়, স্থবির, বৃদ্ধ, শিলাপুষ্প ও শিলোদ্ভব এইগুলি শৈলেয়ের ( শিলারসের ) নাম। †

গুণ।—শৈলেয় শীতবীর্য্য, তৃপ্তিজনক, লঘুপাক ও কফপিত্তনাশক।

---

* দেশভেদে নামভেদ।—ইহার হিন্দীনাম গুড়তজী, কেবটী মোথা। ইহাকে মরাটী ভাষায় কেবডী মোথা, গুজরাটী ভাষায় কৈবর্ত্ত মোথা বলে। ডাক্তারী নাম Hexastachoys Roxb. হেক্সাস্টাচস্ রক্সব।

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে ভূরিছরীলা, পথরকা ফুল, মহারাষ্ট্রে দগড়ফুল, গুজরাটে পথরফুল, কর্ণাটে কলডু, কলহু, তৈলঙ্গে শৈলেয়মনে দ্রব্যমু, ফারসীতে দহাল, আরবীতে আশীনা। লাটিন নাম Parmalia perleta P, Perforotas.

## লামজ্জক নামগুণাঃ। (গন্ধবীরণং)

লামজ্জকং জলাধারং দীর্ঘমূলং জলাশয়ম্।
ইষ্টকাপথকং শীঘ্রমমৃণালং সুনালকম্।
লামজ্জকং হিমং কৃচ্ছ্রদাহদোষত্রয়াস্রজিৎ॥

পর্য্যায়।—লামজ্জক, জলাধার, দীর্ঘমূল, জলাশয়, ইষ্টকাপথক, শীঘ্র, অমৃণাল ও সুনালক এইকয়টী লামজ্জকের গন্ধবেণার সংস্কৃত নাম।

গুণ।—লামজ্জক শীতবীর্য্য, মূত্রকৃচ্ছ্র দাহ ত্রিদোষ ও রক্তদোষ নাশক।

---

## কুন্দুরুনামগুণাঃ।

কুন্দুরুর্মেচকঃ কুন্দো মুকুন্দো ভীষণো বলী।
কুন্দুরুঃ স্বেদপবনশ্লেষ্মত্রণজ্বরাপহঃ॥
তীক্ষ্ণস্তিক্তশ্চ মধুরঃ কটুস্ত্বগ্দোষনাশনঃ॥

পর্য্যায়—কুন্দুরু, মেচক, কুন্দ, মুকুন্দ, ভীষণ ও বলী এইকয়টী কুন্দুরুর (কুন্দুর খোটীর) সংস্কৃত নাম। †

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে লামজ্জক ও তৈলঙ্গে তেল্ল-বট্টিবেরু বলে। ডাক্তারী নাম The Juncus odoratus দি জাঙ্কাস্ ওডোরেটস্।

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে কুন্দুরু,গুন্দবরোসা, মহারাষ্ট্রে অবলগুন্দর, সালঈড়ীক, গুজরাটে কিন্দুরু, শেমগুন্দর, কর্ণাটে ইডবোল, তৈলঙ্গে কুন্দুরুমু, ফারসীতে কন্দুররূমী, খোটীমস্তকী ও আরবীতে কুন্দুরেজকর বিস্তজ বলে। ইংরাজী নাম Olibanum, ডাক্তারী নাম The resin of the Plant দি রেসিন অব্ দি প্ল্যাণ্ট।

গুণ।—কুন্দুরু তীক্ষ্ণবীর্য্য, তিক্তকটুমধুর রস, স্বেদ, বায়ু, শ্লেষ্ম, ব্রণ (কুঁচকি), জ্বর ও ত্বকের দোষ নাশক।

---

## গুগ্গুলু নামগুণাঃ।

গুগ্গুলুঃ কালনির্য্যাসো মহিষাক্ষঃ পলঙ্কষঃ।
জটায়ুঃ কৌশিকো ধূর্ত্তো দেবধূপঃ শিবঃ পুরঃ॥
গুগ্গুলুর্বিশদস্তিক্তো বীর্য্যোষ্ণো মধুরঃ সরঃ।
ভগ্নসন্ধানকৃদ্ বৃষ্যঃ সূক্ষ্মঃ স্বর্য্যো রসায়নঃ॥
দীপনঃ পিচ্ছিলো বল্যঃ কফবাতব্রণাপচীঃ।
মেদোমেহাস্রবাতাস্রক্লেদকুষ্ঠামমারুতান্॥
পিড়কাগ্রন্থিশোফার্শোগণ্ডমালাকৃমীন্ জয়েৎ।
স নবো বৃংহণো বৃষ্যঃ পুরাণস্তুতিলেখনঃ॥

পর্য্যায়।—গুগগুলু, কালনির্য্যাস, মহিষাক্ষ, পলঙ্কষ, জটায়ু, কৌশিক, ধূর্ত্ত, দেবধূপ, শিব ও পুর এইগুলি গুগ্গুলুর পর্য্যায়। *

গুণ।—গুগগুলু বিশদ অর্থাৎ কোষ্ঠ পরিষ্কারক, তিক্তরস, উষ্ণবীর্য্য, মধুর, সারক, ভগ্নস্থানের সংযোজক, বীর্য্যবর্দ্ধক, সূক্ষ্মস্রোতোগামী, স্বরপরিষ্কারক, রসায়নগুণযুক্ত, অগ্নিদীপক, পিচ্ছিল (তেলা), বলকর। ইহা কফ, বায়ু, ব্রণ, অপচী, মেদ, মেহ, বাতরক্ত, ক্লেদ, কুষ্ঠ, আমবাত, পিড়কা, গ্রন্থি, শোথ,

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে গূগল, ভৈসা গূগল, গুজরাটে গুগুল, ভৈসোগুগুল, মহারাষ্ট্রে ক্ষাসাগুগুল্ল, গুগুল্ল, কর্ণাটে ইড়বোল, ফারসীতে বোত্রঙ্গহুদান, আরবে, মুক্কিলে অর্জ্জক, তৈলঙ্গে গুগ্গিল মুচেট্টু, মহিসাছী। ডাক্তারী নাম Burseraceæ. বর্সিরেসি।

অর্শঃ, গণ্ডমালা ও কৃমি রোগনাশক। নূতন গুগ্গুলু বৃংহণ, বৃষ্য গুণযুক্ত। পুরাতন গুগ্গুলু অতিশয় লেখন ( কৃশীকারক )।

---

## রালনামগুণাঃ।

রালঃ সর্জ্জরসো যক্ষধূপঃ সর্জ্জোঽগ্নিবল্লভঃ।
ক্ষণশ্চ সালনির্যাসো ললনো দেবধূপকঃ॥
রালো হিমো গুরুস্তিক্তঃ কষায়ো গ্রন্থিকো জয়েৎ।
গ্রহাস্রস্বেদবীসর্পবিষব্রণবিপাদিকাঃ॥

পর্য্যায়।—রাল, সর্জ্জরস, যক্ষধূপ, সর্জ্জ, অগ্নিবল্লভ, ক্ষণ, সালনির্যাস, ললন ও দেবধূপ এই কয়টী রাল ( ধূনার ) পর্য্যায়।

গুণ।—রাল শীতবীর্য্য, গুরুপাক, তিক্তকষায়রস, ধারক, গ্রহদোষ, রক্তদোষ, বিসর্প, বিষব্রণ ও বিপাদিকা রোগনাশক।

---

## স্থৌণেয়কনামগুণাঃ॥

স্থৌণেয়কং বর্হিচূড়ং শুকবর্হং শুকচ্ছদম্।
স্থৌণেয়ং শীতলং বৃষ্যং মেধ্যং দোষত্রয়াস্রজিৎ॥

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে, রাল, মহারাষ্ট্রে রাল্লপীংবল্লী, গুজরাটে রাল, কর্ণাটে সর্জ্জরস, তৈলঙ্গে সর্জ্জরসমু ও সর্জ্জ,পঞ্জাবে রাল অলু, ফারসীতে রালমগরেবী ও আরবীতে কিকহর বলে। ইহার ডাক্তারী নাম Mimosa rubicaulis, মিমোসা রুবিকলিস। লাটিনে ইওলো রিজিন Yellow Risin.

পর্য্যায়।—স্থৌণেয়ক, বর্হিচূড়, শুকবর্হ ও শুকচ্ছদ এই গুলি স্থৌণেয়ের (থুনেরের গেঁটিলাবিশেষের) পর্য্যায়।

গুণ।—থুণের, শীতবীর্য্য, বৃষ্য, মেধাবর্দ্ধক, ত্রিদোষঘ্ন ও রক্তদোষনাশক

---

## চৌরকনামগুণাঃ।

চৌরকঃ কিতবশ্চন্দ্রো দুষ্পত্রঃ শঙ্কিতো রিপুঃ।
চৌরঃ স্বাদুর্লঘুঃ শীতঃ কুষ্ঠবাতকফাস্রজিৎ॥

পর্য্যায়।—চৌরক, কিতব, চন্দ্র, দুষ্পত্র, শঙ্কিত ও রিপু এই গুলি চোরক নামক গন্ধদ্রব্যের পর্য্যায়।

গুণ।—চোরক, স্বাদু, লঘু, শীতল, কুষ্ঠ, বাত, কফ ও রক্তদোষ নাশক।

---

## মুরানামগুণাঃ।

মুরা গন্ধবতী দৈত্যা গন্ধাঢ্যা সুরভিঃ কুটিঃ।
মুরা শীতা লঘুঃ কুষ্ঠগ্রহপিত্তানিলাস্রজিৎ॥

পর্য্যায়।—মুরা, গন্ধবতী, দৈত্যা, গন্ধাঢ্যা, সুরভি ও কুটি এইগুলি মুরামাংসীর পর্য্যায়। †

গুণ।—মুরামাংসী শীতবীর্য্য, লঘুপাক। ইহা কুষ্ঠ, গ্রহদোষ, পিত্ত ও বাতরক্ত নাশক।

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে থুণের, তৈলঙ্গে সুগন্ধদ্রব্যম্, ও নেপালে ভটিউর বলে।

† দেশভেদে নামভেদ। ইহাকে হিন্দীতে একাঙ্গী, মুরা, মহারাষ্ট্রে একাঙ্গী, মুরা, কর্ণাটে মুরে ও গুজরাটে মোরমাংসী বলে।

## কর্চূর ( শটী ) নামগুণাঃ

কর্চূরো দ্রাবিড়ো গন্ধমূলকো দুর্লভঃ শটী ।
কর্চূরো দীপনো রুচ্যঃ কুষ্ঠার্শোব্রণকাসজিৎ ॥
উষ্ণো লঘুর্জ্বরোচ্ছ্বাসগুল্মবাতকফকৃমীন্ ॥

পর্য্যায় ।—কর্চূর, দ্রাবিড়, গন্ধমূলক, দুর্লভ ও শটী, এই গুলি কর্চূরের একাঙ্গীনামক গন্ধদ্রব্যের ( শটীর ) পর্য্যায় । *

গুণ ।—কর্চূর, অগ্নিদীপক, রুচিকর, উষ্ণবীর্য্য, লঘু, কুষ্ঠ, অর্শঃ, ব্রণ ও কাসরোগ, জ্বর, শ্বাস, গুল্ম, বাত, কফ ও কৃমিনাশক ।

---

## গন্ধশটী নামগুণাঃ । ( গন্ধপলাশী ) ।

শটী পলাশী ষড়্‌গ্রন্থা সুব্রতা গন্ধমূলিকা ।
গন্ধারিকা গন্ধবধূর্বধূঃ পৃথুপলাশিকা ॥
ভবেদ্গন্ধপলাশী তু কষায়া গ্রাহিণী লঘুঃ ।
তিক্তা তীক্ষ্ণা চ কটুকানুষ্ণাস্যমলনাশিনী ॥
শোথকাসব্রণশ্বাসশূলসিধ্মগ্রহাপহা

---

* দেশভেদে নামভেদ ।—ইহাকে হিন্দুস্থানে কচুর ও কালীহলদী, বোম্বায়ে কচোরা, মহারাষ্ট্রে কচোরা, নরকচোরা, কাচরী, গুজরাটে কচুরী, কর্ণাটে কচোরা, তৈলঙ্গে কাচোরালু, ওকাতো কচেট্টা, ফারসীতে জরংবাদ ও আরবীতে এরকুলকাকুর বলে । ডাক্তারী নাম Curcuma gedoaria. কারকুমা জেডোয়ারিয়া ।

পর্য্যায়।—কাশ্মীরজাত সুগন্ধ দ্রব্য বিশেষকে গন্ধশটী বা গন্ধপলাশী বলে। বঙ্গদেশে ইহাকে আমআদা জাতীয় বলে। গন্ধশটী, পলাশী, ষড়গ্রন্থা, সুব্রতা, গন্ধমূলিকা, গন্ধারিকা, গন্ধবধূ, বধূ, পৃথুপলাশিকা ও গন্ধপলাশী এই কয়টী গন্ধশটীর পর্য্যায়। *

গুণ।—শটী কষায়তিক্তকটুরস, মলসংগ্রাহক, লঘু, তীক্ষ্ণবীর্য্য, অনুষ্ণ, মুখের মলনাশক, শোথ, কাস, ব্রণ, শ্বাস, শূল, হিক্কা ও গ্রহদোষ নাশক।

---

## স্পৃক্কা নামগুণাঃ।

স্পৃক্কা স্পৃক্ ব্রাহ্মণী দেবী নির্ম্মাল্যা কুটিকা বধূঃ।
স্পৃক্কা স্বাদুহিমা বৃষ্যা কুষ্ঠালক্ষ্মীত্রিদোষনুৎ॥

পর্য্যায়।—স্পৃক্কা, স্পৃক্, ব্রাহ্মণী, দেবী, নির্ম্মাল্যা, কুটিকা ও বধূঃ এইগুলি পিড়িংশাকের সংস্কৃত নাম। †

গুণ।—পিড়িংশাক স্বাদু, শীতবীর্য্য, বৃষ্য, কুষ্ঠ,অশ্মরী ও ত্রিদোষনাশক।

---

## গ্রন্থিপর্ণ নামগুণাঃ।

গ্রন্থিপর্ণো নীলপুষ্পঃ শুকপুষ্পঃ শুকচ্ছদঃ।
গ্রন্থিপর্ণো লঘুস্তিক্তো রুচ্যোষ্ণঃ কফবাতজিৎ॥

* দেশভেদে নামভেদ।—ইহাকে মহারাষ্ট্রে কাপূর কাচরী ও আম্বে-হলদ বলে।

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে অসবরগ, অস্পরকপুরী, উৎকলে ফিরিকি শাক, মহারাষ্ট্রে স্পৃক্কা, গাগোণা, কর্ণাটে হিক্কে ও তৈলঙ্গে স্পৃক্কথনেড়ুদ্রব্যমু বলিয়া থাকে।

গেঁটেলাকে গ্রন্থিপর্ণ বলে, উহা শ্বেত ও কৃষ্ণভেদে দ্বিবিধ। শ্বেতটী সূক্ষ্ম ও কৃষ্ণবর্ণটী অতিস্থূল। শ্বেতটী সর্ব্বসম্মত। কৃষ্ণটী নিন্দিত।

পর্য্যায়।—গ্রন্থিপর্ণ, নীলপুষ্প, শুকপুষ্প, শুকচ্ছদ এই গুলি গ্রন্থিপর্ণের অর্থাৎ গেঁটেলার সংস্কৃত নাম। *

গুণ।—গ্রন্থিপর্ণ লঘু, তিক্ত, রুচিকর, উষ্ণবীর্য্য ও কফবাতনাশক।

---

## নালকা নামগুণাঃ।

নলিকা নর্ত্তকী শূন্যা নির্মধ্যা ধমনী নটী।
নলিকা শীতলা লঘ্বী চক্ষুষ্যা কফপিত্তহৃৎ॥
কৃচ্ছ্রাশ্ম বাত তৃষ্ণাস্র কুষ্ঠকণ্ডূ জ্বরাপহা॥

পর্য্যায়।—নলিকা, উত্তরাপথপ্রসিদ্ধ স্বনামখ্যাত সুগন্ধ বল্কল বিশেষ। নলিকা, নর্ত্তকী, শূন্যা, নির্ম্মলা, ধমনী, নটী এইগুলি নলিকার সংস্কৃত নাম। †

গুণ—নলিকা : শীতবীর্য্য, চক্ষুর জ্যোতিবর্দ্ধক, রক্তপিত্ত, কুষ্ঠরোগ ও মূত্রকৃচ্ছ্র নাশক।

---

## পদ্মকনামগুণাঃ।

পদ্মকং মলয়শ্চারুঃ পীতরক্তশ্চ সুপ্রভম্।
পদ্মকং তুবরং তিক্তং শীতলং বাতলং লঘু।

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে গণ্টিবণ বলে।

† দেশভেদে নামভেদ।—ইহাকে মহারাষ্ট্রে নলিকাজাঈ, কর্ণাটে বেশ-নলিকে, তৈলঙ্গে পক্কেমুকসুগন্ধিদ্রব্যমু বলে।

বিসর্পদাহবিস্ফোটকুষ্ঠশ্লেষ্মাস্রপিত্তহৃৎ।
গর্ভসংস্থাপকং রুচ্যং তৃষ্ণা বমি ব্রণাপহম্ ॥

পর্য্যায়।—পদ্মক, মলয়, চারু, পীতরক্ত ও সুপ্রভ, এইগুলি পদ্মকাষ্ঠের সংস্কৃত নাম। *

গুণ।—পদ্মকাষ্ঠ তিক্তকষায় রস, শীতবীর্য্য, বায়ুজনক, লঘুপাক, গর্ভসংস্থাপক, রুচিকর, বিসর্প, দাহ, বিস্ফোট, কুষ্ঠ, কফ, রক্তপিত্ত, তৃষ্ণা, বমি, ব্রণরোগনাশক।

---

## প্রপৌণ্ডরীক নামগুণাঃ।

প্রপৌণ্ডরীকং পৌণ্ড্রাহ্বং শতপুষ্পং সুপুষ্পকম্।
পুণ্ড্রাহ্বং শুক্রলং শীতং চক্ষুষ্যং শ্লেষ্মপিত্তজিৎ ॥

পর্য্যায়।—শালপাণের পাতার ন্যায় পাতাযুক্ত বৃক্ষকে প্রপৌণ্ডরীক বলে। প্রপৌণ্ডরীক, পৌণ্ড্রাহ্ব, শতপুষ্প ও সুপুষ্পক এই গুলি প্রপৌণ্ডরীকের সংস্কৃত নাম। †

গুণ।—প্রপৌণ্ডরীক (পুণ্ডরিয়া কাষ্ঠ) শুক্রবর্দ্ধক, শীতবীর্য্য, চক্ষুর জ্যোতির্ব্বর্দ্ধক ও কফপিত্তনাশক।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে পদ্মাক, বঙ্গে ও মহারাষ্ট্রে পদ্মকাষ্ঠ, গুজরাটে পদ্মতুলাকডুং, কর্ণাটে পদ্মক, তৈলঙ্গে পদ্মপুচেক্কা ও এণুগুসহদেবি বলে। লাটিন নাম Prunus Padam. প্রুনস্ পাডাম্।

† দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে পুংড়েরী, পুণ্ডরিয়া, মহারাষ্ট্রে পুণ্ডরিক বৃক্ষ, তৈলঙ্গে পুংড়রীকমহুগেবিধ্যানমু, গুজরাটী ভাষায় পাণ্ডেরবা ও কর্ণাট ভাষায় পুণ্ডরীক। ডাক্তারী নাম Root stock of Nymphaea lotus. রুট ষ্টক অব নিম্ফিয়া লোটস্।

## তগর-পিণ্ডতগর নামগুণাঃ ।

তগরং বর্হিণং জিহ্মং বক্রাহ্বং নহুষং নতম্ ।
অপরং পিণ্ডতগরং দীনং ক্ষত্রং মহোরগম্ ॥
তগরং মধুরং স্নিগ্ধং তিক্তোষ্ণং লঘু ভূতজিৎ ।
বিষাপস্মারমূর্দ্ধাক্ষিরোগদোষত্রয়াপহম্ ॥

পর্য্যায় ।—জলজাত হ্রস্ব ক্ষুপবিশেষকে তগরপাদুকা বা শিউলিছোপ বলে ইহা দ্বিবিধ। তগর, বর্হিণ, জিহ্ম, বক্রাহ্ব, নহুষ, নত, এই গুলি তগরপাদুকার এবং আর একপ্রকার তগরপাদুকা আছে, পিণ্ডীতগর, দীন, ক্ষত্র ও মহোরগ এই গুলি তাহার সংস্কৃত নাম। *

গুণ ।—তগরপাদুকা মধুর, স্নিগ্ধ, তিক্ত, উষ্ণবীর্য্য, লঘু, ভূতবাধানিবারক, বিষ, অপস্মার, শিরোরোগ, চক্ষুরোগ ও ত্রিদোষ নাশক ।

---

## গোরোচনা নামগুণাঃ ।

গোরোচনা রুচির্গৌরী রোচনা পিঙ্গলা মতা ।
মঙ্গল্যা গোতমী মেধ্যা বন্দ্যা গোপিত্তসম্ভবা ॥
গোরোচনা হিমা তিক্তা বশ্যা মঙ্গলকান্তিদা ।
বিষালক্ষ্মী গ্রহোন্মাদ গর্ভস্রাব ক্ষতাস্রহৃৎ ॥

* দেশভেদে নামভেদ ।—ইহাকে হিন্দুস্থানে গুজরাটে কর্ণাটে ও মহারাষ্ট্রে গোড়ে তগর, নেপালে চম্মা, আরবীতে অশারুন, তৈলঙ্গে নন্দিবর্দ্ধন চেট্টু, ও গন্ধিতগরপুচেট্টু, উৎকলে পাণিফলরা বলে ।

পর্য্যায়।—গোরোচনা, রুচি, গৌরী, রোচনা, পিঙ্গলা, মঙ্গল্যা, গোতমী, মেধ্যা, বন্ধ্যা ও গোপিত্তসম্ভবা এইগুলি গোরোচনার সংস্কৃত নাম। *

গুণ।—গোরোচনা, শীতল, তিক্তরস, বশ্য ও মঙ্গলকার্য্যে প্রশস্ত, কান্তিপ্রদ, বিষ, অলক্ষ্মী, গ্রহদোষ, উন্মাদ, গর্ভস্রাবজনিত ও ক্ষতজনিত রক্তস্রাব নিবারক।

---

## নখ-ব্যাঘ্রনখ নামগুণাঃ।

নখাহ্বো নখরঃ শক্তির্হনুর্নাগহনুঃ খুরঃ।
ক্ষুরঃ শঙ্খো ব্যাঘ্রনখং তথা ব্যাঘ্রতলং পরম্‌॥
নখদ্বয়ং গ্রহশ্লেষ্ম বাতাস্রজ্বরকুষ্ঠজিৎ।
লঘূষ্ণং শুক্রলং বল্যং হৃদ্যং স্বাদু বিষাপহম্‌॥

পর্য্যায়।—নখবাচক শব্দ সমস্ত, নখর, শুক্তি, হনু, নাগহনু, খুর, ক্ষুর, শক্তিশঙ্খ, এইগুলি ক্ষুদ্রাকৃতি নখীর এবং ব্যাঘ্রনখ, ব্যাঘ্রতল, এইগুলি চক্রাকৃতি নখীর ব্যাঘ্রনখের সংস্কৃত নাম। †

---

* দেশভেদে নামভেদ। ইহাকে হিন্দুস্থানে গোরোচন, গোলোচন, মহারাষ্ট্রে ও কর্ণাটে গোরোচন, গুজরাটে গোরোচন্দন, তৈলঙ্গে গোরোচনমু, ফারসীতে গোয়রোহন ও আরবীতে হজরুলবকর বলে। ইংরাজী নাম Gallstone Bijoor. লাটিন নাম Bastarous.

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে নখ ও নখী, মহারাষ্ট্রে নখলা, বাঘনখ, গুজরাটে নখলা সাবজনানখ, কর্ণাটে ও উৎকলে নখ ও বাঘনখ, ফারসীতে তাখুন পর্যা ও গ্রাহকনর এবং আরবীতে অজফাকৃতিব ও ইকলিলুল্মলুক বলে।

গুণ।—দুই প্রকার নখী। লঘু, উষ্ণবীর্য্য, শুক্রবর্দ্ধক, বলকারক, হৃদয়গ্রাহি, স্বাদু, গ্রহদোষ, কফ, বাতরক্ত, জ্বর, কুষ্ঠ ও বিষ নাশক।

---

## পত্তঙ্গনামগুণাঃ।

পত্তঙ্গং পট্টবাসং স্যাৎ রক্তকাষ্ঠং কুচন্দনম্।
সুরঙ্গদং সুরঙ্গঞ্চ পত্তূরং পট্টরঞ্জকম্॥
পত্তঙ্গং মধুরং শীতং পিত্তশ্লেষ্মব্রণাস্রজিৎ॥

পর্য্যায়।—পতঙ্গ, পট্টবাস, রক্তকাষ্ঠ, কুচন্দন, সুরঙ্গদ, সুরঙ্গ, পত্তূর ও পট্টরঞ্জক এইগুলি বকমকাষ্ঠের সংস্কৃত নাম। *

গুণ।—পত্তঙ্গ মধুর, শীতল, পিত্ত, শ্লেষ্ম, ব্রণ ও রক্ত দোস নাশক।

---

## লাক্ষালক্তকনামগুণাঃ।

লাক্ষা নির্ভৎসনা রক্তা দ্রুমব্যাধিঃ পলঙ্কষা।
কৃমিজা জতু দীপ্তাহ্বা যাবকোঽলক্তকো মতঃ॥
লাক্ষা বর্ণ্যা হিমা বল্যা স্নিগ্ধা শ্লেষ্মাস্রপিত্তজিৎ।
ব্রণোরঃক্ষতবীসর্প কৃমিকুষ্ঠগ্রহাপহা॥
অলক্তকো গুণৈস্তদ্বদ্বিশেষাদ্ব্যঙ্গনাশনঃ॥

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে গুজরাটে, কর্ণাটে ও মহারাষ্ট্রে পতঙ্গ, পতঙ্গবৃক্ষ, তৈলঙ্গে ঔকমুকট্ট, উৎকলে বকমো, গুর্জ্জর ও তামিলে বট্টঙ্গী, পারসী ও আরবীতে বকম্। ডাক্তারী নাম Caesalpinia Sapan, কেস্যালপিনিয়া সেপান। ইংরাজী নাম Sappan wood,

পর্য্যায়।—লাক্ষা, নির্ভৎসনা, রক্তা, দ্রুমব্যাধি, পলঙ্কষা, ক্রমিজা, জতু, ও দীপ্তাহ্বা, এইগুলি লাক্ষার সংস্কৃত নাম। যাবক ও অলক্তক এই দুইটী আলতার সংস্কৃত নাম। *

গুণ।—লাক্ষা বলকর, শীতবীর্য্য, বলকর, স্নিগ্ধ, শ্লেষ্ম ও রক্তপিত্ত, ব্রণ, উরঃক্ষত, বীসর্প, ক্রমি, কুষ্ঠ ও গ্রহদোষ নাশক। আলতার গুণ লাক্ষারই ন্যায়, বিশেষতঃ উহা ব্যঙ্গরোগ নাশক।

---

## পর্পটীনামগুণাঃ।

পর্পটী রঞ্জনী কৃষ্ণা জতুকা জননী জনী।
জতুকৃষ্ণাগ্নিসংস্পর্শা জতুকৃচ্চক্রবর্ত্তিনী॥
পর্পটী বর্ণদা শীতা রক্তপিত্তাস্রকুষ্ঠজিৎ॥
লঘুস্তিক্তা তুবরা চ কণ্ডূবিষব্রণাপহা॥

পর্য্যায়।—ইহাকে উত্তর প্রদেশে পদ্মাবতী ও পপরী বলে। ইহা পঙ্কপর্পটী অথবা সৌরাষ্ট্র মৃত্তিকা জাতীয়। সৌরাষ্ট্র মৃত্তিকার অভাবে ইহা ব্যবহৃত হয়। পর্পটী, রজনী, কৃষ্ণা, জতুকা, জননী, জনী, জতুকৃষ্ণা, অগ্নিসংস্পর্শা, জতুকৃৎ ও চক্রবর্ত্তিনী এইগুলি পঙ্কপর্পটীর সংস্কৃত নাম। ইহা উত্তর দেশে জাত সুগন্ধ দ্রব্য বিশেষ।

গুণ।—পর্পটী বর্ণকারক, শীতবীর্য্য, লঘু, তিক্ত কষায়রস, কফ, রক্তপিত্ত, কণ্ডু, বিষ ও ব্রণ রোগ নাশক।

---

* দেশভেদে নামভেদ। ইহাকে হিন্দুস্থানে লাখ, লাহী, গুজরাটে ও মহারাষ্ট্রে লাখ, কর্ণাটে অরগু, তৈলঙ্গে নত্তকু ওলাকা, ফারসীতে লাক, আরবী লুক্ খোয়েল, লাখ লুকমস্থল বলে। ডাক্তারী নাম Shell Lac. শেল ল্যাক।

## পদ্মিনী-কৈরবিণীনামগুণাঃ।

পদ্মিনী বিসিনী জ্ঞেয়া নলিনী সূর্য্যবল্লভা।
কুমুদ্বতী কৈরবিণী কুমুদিন্যুড়ুপপ্রিয়া॥
পদ্মিনী শীতলা গুর্ব্বী পিত্তশ্লেষ্মবিষাস্রজিৎ।
রুক্ষা বিষ্টম্ভিনী স্বাদুস্তদ্বৎ কুমুদিনী মতা॥

পর্য্যায়।—পদ্মের মূল মৃণাল পত্র পুষ্প ফল এই সমস্ত অংশকে পদ্মিনী বলে। পদ্মিনী, বিসিনী, নলিনী, সূর্য্যবল্লভা এইগুলি পদ্মিনীর ও কুমুদ্বতী, কৈরবিণী, কুমুদিনী, উড়ুপপ্রিয়া এইগুলি কৈরবিণীর (কুমুদিনীর) সংস্কৃত নাম।

গুণ।—পদ্মিনী শীতল, গুরুপাক, রুক্ষ, বিষ্টম্ভকর ও স্বাদু। পিত্ত, শ্লেষ্ম, বিষ, রক্তদোষ নাশক। কুমুদিনীর গুণ পদ্মিনীর ন্যায়।

---

## পদ্মচারিণীনামগুণাঃ।

পদ্মচারিণ্যতিচরা পদ্মাহ্বা চারটী মতা।
পদ্মাহ্নুষ্ণা কটুস্তিক্তা কষায়া কফবাতজিৎ॥
মূত্রকৃচ্ছ্রাশ্ম শূলঘ্নী শ্বাসকাসবিষাপহা॥

পর্য্যায়।—পদ্মচারিণী, অতিচরা, পদ্মাহ্বা, চারটী এইগুলি স্থলপদ্মের সংস্কৃত নাম। *

গুণ।—পদ্মচারিণী শীতল, কটু, তিক্ত, কষায়, কফবাতঘ্ন, মূত্রকৃচ্ছ্র, অশ্ম (পাথুরী), শূল, শ্বাস, কাস ও বিষনাশক।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে ও মহারাষ্ট্রে স্থলকমলিনী, স্থলপদ্মমনেপুবামু, কর্ণাটে কলুদাবরে বলে। ল্যাটীনে Jonidinum **Suffruticosum** বলে।

## শ্বেতকমলনামানি।

কমলং শ্বেতমম্ভোজং সারসং সরসীরুহম্।
সহস্রপত্রং শ্রীগেহং শতপত্রং কুশেশয়ম্॥
পঙ্কেরুহং তামরসং রাজীবং পুষ্করাহ্বয়ম্।
অব্জমম্ভোরুহং পদ্মং পুণ্ডরীকং চ পঙ্কজম্॥
নলং সরোজং নলিনমরবিন্দং মহোৎপলম্॥

পর্য্যায়।—কমল, অম্ভোজ, সারস, সরসীরুহ, সহস্রপত্র, শ্রীগেহ, শতপত্র, কুশেশয়, পঙ্কেরুহ, তামরস, রাজীব, পুষ্করাহ্বয়, অব্জ, অম্ভোরুহ, পদ্ম, পুণ্ডরীক, পঙ্কজ, নল, সরোজ, নলিন, অরবিন্দ ও মহোৎপল এইগুলি শ্বেতপদ্মের সংস্কৃত নাম।

---

## রক্তোৎপলনামানি।

রক্তোৎপলং কোকনদং হল্লকং রক্তসন্ধ্যকম্॥

---

* দেশভেদে নামভেদ।—পদ্মকে হিন্দুস্থানে ও গুজরাটে কমল, তৈলঙ্গে তম্মিযূব্ব,, কালাবা, তামিলে অম্বল,কর্ণাটে বিলীয়তাবরে,ফারসীতে নীলুফর, গুলনীসোফর, আরবীতে করংবুলমা, বর্দনীলোফর বলে। ডাক্তারি নাম Nelumbium speciosum,Salvadora Indica,নেলম্বিয়ম স্পেসিওসম, সালভাডোরা ইণ্ডিকা। ইংরাজীতে Lotus

দেশভেদে নামভেদ। শ্বেতপদ্মকে হিন্দীতে সফেদকমল, মহারাষ্ট্রে পাণ্ডরে কমল, কর্ণাটে কেদাবরে, গুজরাটে ধোলাকমল, তৈলঙ্গে নালাবা কালাবা তেল্লনামব, ইংরাজীতে White lotus. বলে।

পর্য্যায়।—রক্তোৎপল, কোকনদ, হল্লক ও রক্তসন্ধ্যক এইগুলি রক্ত পদ্মের সংস্কৃত নাম।

## নীলোৎপল-কুমুদ নামানি।

নীলোৎপলং কুবলয়ং ভদ্রমিন্দীবরং মতম্।
এতদেব সিতং কিঞ্চিৎ কুমুদং কৈরবং কুমুৎ॥

পর্য্যায়।—নীলোৎপল, কুবলয়, ভদ্র, ইন্দীবর, এইগুলি নীলপদ্মের সংস্কৃত নাম।

নীলপদ্ম ঈষৎ শুভ্র হইলে তাহাকে কুমুদ বলে। কুমুদ, কৈরব ও কুমুৎ এইগুলি কুমুদের পর্য্যায়। †

## কমলাদি গুণাঃ।

কমলং শীতলং বর্ণ্যং মধুরং কফপিত্তনুৎ।
তৃষ্ণাদাহাস্রবিস্ফোট বিষবীসর্পরোগহৃৎ॥
কিঞ্চিদূনগুণং জ্ঞেয়ং কমলাদুৎপলাদিকম্॥

---

* দেশভেদে নামভেদ। রক্তপদ্মকে হিন্দীতে লালকমল, মহারাষ্ট্রে তাবড়েং কমল, গুজরাটে রাতনা উথেড়েতে, কর্ণাটে করিয় তাংবরে, তৈলঙ্গে এর্রা কালাবা, ইংরাজীতে Red lotus বলে।

† দেশভেদে নামভেদে।—কুমুদের নাম হিন্দুস্থানে কোঈ, কোমদিনী, বঘোলা, মহারাষ্ট্রে পাঁঢরেং উৎপল ও কর্ণাটে বিলিয়েতেইটিলু, গুজরাটে পোয়ণা বলে। ডাক্তারী নাম Nymphaea lotus. নিম্ফাইয়া লোটাস্।

দেশভেদে নামভেদ। নীলপদ্মকে হিন্দীতে নীলকমল, নীলকমোদিনী,

গুণ।—কমল শীতবীর্য্য, বর্ণকর, মধুরাস্বাদ, কফ, পিত্ত, তৃষ্ণা, দাহ, রক্তদোষ, বিস্ফোট, বিষ, বীসর্প রোগ নাশক। উৎপলাদি অর্থাৎ রক্তোৎপল, নীলোৎপল ও কুমুদের গুণ কমলাপেক্ষা কিঞ্চিৎ ন্যূন।

---

## কহ্লার নামগুণাঃ।

কহ্লারং হ্রস্বপাথোজং সৌম্যং সৌগন্ধিকং মতম্।
কহ্লারং গ্রাহি বিষ্টম্ভি রুক্ষং গুরু সুশীতলম্॥

পর্য্যায়।—কহ্লার, হ্রস্বপাথোজ, সৌম্য ও সৌগন্ধিক এইগুলি কল্‌হার অর্থাৎ সুঁদিপুষ্পের সংস্কৃত নাম। *

গুণ।—কহ্লার মলসংগ্রাহক, বিষ্টম্ভি, রুক্ষ, গুরুপাক ও সুশীতল।

---

## কিঞ্জল্ক নামগুণাঃ।

কিঞ্জল্কঃ কেশরো গৌরমাপীতং কাঞ্চনাহ্বয়ম্।
কিঞ্জল্কঃ শীতলো গ্রাহী রক্তার্শঃ কফপিত্তজিৎ॥

পর্য্যায়।—পদ্মাদির কেশরকে কিঞ্জল্ক বলে। ইহার বর্ণ গৌর। কিঞ্জল্ক, কেশর, গৌর, আপীত, কাঞ্চনাহ্বয় অর্থাৎ কাঞ্চন পর্য্যায়বাচক শব্দ এইগুলি কেশরের সংস্কৃত নাম।

গুণ। পদ্মের কেশর শীতল, মলবদ্ধকর, রক্তার্শঃ কফপিত্ত নাশক।

---

মহারাষ্ট্রে নীলেংকমল, কর্ণাটে নেইদিলু, তৈলঙ্গে নল্ললবু, ল্যাটিনে Nymphaea stellata, ইংরাজীতে Blue lotus বলে।

* দেশভেদে নামভেদ।—ইহাকে তৈলঙ্গে কোদ্দিগা এরগাবুংড়ি,বাসনগলকলুব বলে। ডাক্তারী নাম Nymphuea lotus নিমফাইয়া লোটাস্।

## পদ্মবীজ নামগুণাঃ।

পদ্মবীজং তু কালোড্যং পদ্মাক্ষং পদ্মকর্কটী।
পদ্মবীজং হিমং স্বাদু গর্ভসংস্থাপনং গুরু ॥
কফবাতহরং বল্যং গ্রাহি পিত্তাস্রদাহজিৎ ॥

পর্য্যায়।—পদ্মবীজ, কালোড্য, পদ্মাক্ষ, পদ্মকর্কটী এইগুলি পদ্মবীজের সংস্কৃত নাম। *

গুণ।—পদ্মবীজ শীতল, স্বাদু, গর্ভসংস্থাপক, গুরু, বলকর, মলবদ্ধকর, কফ বায়ু, রক্তপিত্ত ও দাহঘ্ন।

---

## মৃণাল-শালূক নামগুণাঃ।

মৃণালং বিষমম্ভোজং নালঞ্চ নলিনীরুহম্।
পদ্মাদিমূলং শালূকং শালুকং করহাটকম্ ॥
মৃণালং শীতলং বৃষ্যং পিত্তদাহাস্রজিদ্‌গুরু।
সংগ্রাহি মধুরং রুক্ষং শালূকমপি তদ্‌গুণম্ ॥

পর্য্যায়।—পদ্মের ডাঁটাকে মৃণাল কহে। মৃণাল, বিষ, অম্ভোজ, নাল, নলিনীরুহ এইগুলি মৃণালের সংস্কৃত নাম। পদ্মাদির মূলকে শালুক কহে। শালুক, শালুক ও করহাটক এইগুলি শালূকের পর্য্যায়। †

---

* দেশভেদে নামভেদ। পদ্মবীজকে হিন্দীতে কমলগট্টা, মহারাষ্ট্রে কমলাক্ষ, গুজরাটে কমলকাকড়ী, কর্ণাটে পদ্মাক্ষ, তৈলঙ্গে তামরকাড়া, আরবীতে বালকেকুরতি বলে।

† দেশভেদে নামভেদ।—মৃণালকে হিন্দিতে কমলকীনাল বা দণ্ডী, মহারাষ্ট্রে কমলাচা দেঠ, কর্ণাটে কমল দন্টু, তৈলঙ্গে তামরতুণ্ড ও তামরভাগে বলে।

গুণ।—মৃণাল শীতল, পুষ্টিকর, গুরুপাক, মলসংগ্রাহক, মধুর, রুক্ষ, পিত্ত, দাহ ও রক্তদোষনাশক। শালুকের গুণও তাদৃশ অর্থাৎ মৃণালের ন্যায়।

## জাতী-স্বর্ণজাতী নামগুণাঃ।

জাতী প্রিয়ংবদা রাজ্ঞী মালতী সুমনা মতা।
পীতা সত্যপরা পীতপুষ্পা কাঞ্চনপুষ্পিকা ॥
জাতীযুগং তিক্তমুষ্ণং তুবরং লঘু দোষজিৎ।
শিরোঽক্ষিমুখদন্তার্ত্তিবিষকুষ্ঠানিলাস্রজিৎ ॥

পর্য্যায়।—জাতী, প্রিয়ংবদা, রাজ্ঞী, মালতী, সুমনা এইগুলি জাতী-পুষ্পের সংস্কৃত নাম। আর একপ্রকার জাতী আছে, তাহার পুষ্প পীতবর্ণ: তাহাকে স্বর্ণজাতী বলে। পীতপুষ্পা, কাঞ্চনপুষ্পিকা এইছয়টী তাহার সংস্কৃত নাম। *

গুণ।—জাতী ও স্বর্ণজাতী উভয়ই তিক্ত,কষায়, লঘুপাক উষ্ণবীর্য্য : ইহারা মস্তক, চক্ষু, মুখ ও দন্ত রোগ, বিষ, কুষ্ঠ, বায়ু, ত্রিদোষ, ব্রণ ও রক্তদোষনাশক।

## মল্লিকা নামগুণাঃ।

মল্লিকা মোদিনী মুক্তবন্ধনা মদয়ন্তিকা।
মল্লিকোষ্ণা লঘুর্ব্বৃষ্যা বাতপিত্তাস্ররোগজিৎ ॥
তিক্তা চ কটুকা হন্তি কুষ্ঠারুচিবিষব্রণান্।

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে চম্বেলী, মহারাষ্ট্রে থোর শ্বেত জাই, পিবলীজাই ও কর্ণাটে জাজি, তৈলঙ্গে জাইপুপ্পালু বলে। ডাক্তারী নাম Jasminum Grandiflorum, জাস্‌মিনাম্ গ্রাণ্ডিফ্লোরাম্।

পর্য্যায়। মল্লিকা, মোদিনী, মুক্তবন্ধনা ও মদয়ন্তিকা এইগুলি মল্লিকার সংস্কৃত নাম। *

গুণ। মল্লিকা উষ্ণবীর্য্য লঘু তিক্ত কটুরস বৃষ্য। ইহা বায়ু, পিত্ত, রক্তদোষ জনিত রোগ, কুষ্ঠ, অরুচি, বিষদোষ ও ব্রণরোগনাশক।

---

## যূথিকা-স্বর্ণযূথিকা নামগুণাঃ।

যূথিকা হরিণী বালা পুষ্পগন্ধা শিখণ্ডিনী।
স্বর্ণযূথ্যপরা পীতা গণিকা স্বর্ণপুষ্পিকা।
যূথী হিমাস্রমূর্দ্ধাক্ষিরোগজিৎ কফবাতকৃৎ।

পর্য্যায়। যূথিকা, হরিণী, বালা, পুষ্পগন্ধা ও শিখণ্ডিনী এইগুলি যূথিকার শ্বেত (যুঁইয়ের) এবং স্বর্ণযূথী, পীতযূথী, গণিকা ও স্বর্ণপুষ্পিকা এইগুলি স্বর্ণযূথীর (স্বর্ণযুঁয়ের) সংস্কৃত নাম। †

গুণ। দুই প্রকার যুঁই শীতবীর্য্য, রক্তদোষঘ্ন, শিরোরোগ, নেত্ররোগ, কফ ও বায়ুরোগ নাশক।

---

* দেশভেদে নামভেদ। মল্লিকাকে হিন্দুস্থানে মোতিয়া, গুজরাটে ডোলর, তৈলঙ্গে মল্লেচেট্টু, মহারাষ্ট্রে রান মোগরী, কর্ণাটে বল্লিমল্লিগে ও ল্যাটিনে Jasminum Savibac বলে।

† দেশভেদে নামভেদ। যুঁইয়ের নাম হিন্দুস্থানে জুহী ও পীলীজুহী, মহারাষ্ট্রে পাণ্ডরী লহান জুই, কর্ণাটে যরডুমোল্লে, গুজরাটে জুই ঝিঙ্গরী, তৈলঙ্গে জুইপুল্লাসু, ডাক্তারী নাম Jasminum Auriculatum. জাস্মিনম্ অরিকুলেটম্।

## কুব্জকাদ্বয়নামগুণাঃ।

কুব্জকা ভদ্রতরুণী বৃহৎপুষ্পা মহাসহা।
শতপত্রী তরুণ্যুক্তা কর্ণিকা চারুকেশরা।
রক্তাপরা রক্তপুষ্পা লাক্ষাপুষ্পাতিমঞ্জুলা॥
শতপত্রী হিমা হৃদ্যা গ্রাহিণী শুক্রলা লঘুঃ।
দোষত্রয়াস্রজিদ্বর্ণ্যা রক্তকুব্জাপি তদ্গুণা॥

পর্য্যায়।—কুব্জকা, ভদ্রতরুণী, বৃহৎপুষ্পা, মহাসহা, শতপত্রী, তরুণী, কর্ণিকা, চারুকেশরা এইগুলি কুব্জকার (সেঁউতী পুষ্পের) সংস্কৃত নাম। আর এক প্রকার কুব্জকা আছে, তাহার পুষ্প রক্তবর্ণ। রক্তপুষ্পা, লাক্ষাপুষ্পা, অতিমঞ্জুলা এই কয়টী তাহার পর্য্যায়।

গুণ। কুব্জকা শীতবীর্য্য, তৃপ্তিজনক, মলসংগ্রাহক, শুক্রবর্দ্ধক, লঘুপাক, বর্ণকারক, ত্রিদোষনাশক, রক্তদোষঘ্ন। রক্তকুব্জকার গুণ কুব্জকারই ন্যায়।

---

## কেতকী-সুবর্ণকেতকী নামগুণাঃ।

কেতকী সূচীকাপুষ্পী জম্বুকঃ ক্রকচচ্ছদঃ।
সুবর্ণকেতকী চান্যা লঘুপুষ্পা সুগন্ধিনী।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে সেবতী, গুলাব, কূজা, মহারাষ্ট্রে গুলাবাচেংফুল, শেবন্তী, কাঁঠে শেবন্তী, কর্ণাটে সেংবতিগে, চেবড়ে, তৈলঙ্গে চেমন্তিচেট্রু, গুজরাটে শেবতী, গুলাব, মোশমীগুলাব, ফারসীতে গুল, গুলেমুশকি, আরবীতে জরংজবীন, গুলকংদ বলে। ইংরাজীতে Cabbaga Rose. ল্যাটীনে Rose Centifolia.

কেতকী কটুকা স্বাদুর্লঘুস্তিক্তা কফাপহা ॥
উষ্ণা তিক্তরসা জ্ঞেয়া চক্ষুষ্যা হেমকেতকী ॥

পর্য্যায়। কেতকী, সূচীকাপুষ্পা, জম্বুক ও ক্রকচচ্ছদ এইগুলি শ্বেত কেতকীর (কেঁয়ার) সংস্কৃত নাম। লঘুপুষ্পা, সুগন্ধিনী ও স্বর্ণকেতকী এইকয়টী স্বর্ণকেতকীর সংস্কৃত নাম।

গুণ। শ্বেতবর্ণ কেতকী কটু তিক্ত ও স্বাদুরস, লঘুপাক ও কফনাশক। স্বর্ণকেতকী উষ্ণবীর্য্য, তিক্তরস, চক্ষুর জ্যোতির্বর্দ্ধক।

---

## বাসন্তী নামগুণাঃ।

বাসন্তী সারণী কুন্দা প্রহসন্তী বসন্তজা।
বাসন্তী শীতলা লঘ্বী তিক্তা দোষত্রয়াস্রজিৎ ॥

পর্য্যায়। বাসন্তী, সারণী, কুন্দা, প্রহসন্তী ও বসন্তজা এইগুলি বাসন্তীর (বেলফুলের) সংস্কৃত নাম। †

গুণ। বাসন্তী শীতবীর্য্য, লঘুপাক, তিক্তরস, ত্রিদোষনাশক ও রক্ত পরিষ্কারক।

---

* দেশভেদে নামভেদ।—কেতকীকে হিন্দুস্থানে কেবড়া, পীলীকেতকী, মহারাষ্ট্রে কেতকী শ্বেতকেবড়া, তৈলঙ্গে মোগিলিচেট্টু, মুগলিচেট্টু, কর্ণাটে কেদগে, ফারসীতে করজ, আরবীতে কাদী। ডাক্তারীতে Pandanus Odoratissimus পাণ্ডানস অডোরেটিশিমস।

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে বসন্তনেবারী, মহারাষ্ট্রে রোমালী এবং বিরবস্তি ও কর্ণাটে বিরবস্তিগে, ডাক্তারী নাম J Zambac Floribus Multiplicatis জে, জাম্বাক ফ্লোরিবস মল্টিপ্লিকেটিস।

## নৈপালীদ্বয়নামগুণাঃ।

নৈপালী গ্রৈষ্মিকানন্তা লাপিনী নবমল্লিকা।
বার্ষিকা ত্রিপুটা ত্বন্যা শ্রীবল্লী ষট্পদপ্রিয়া॥
নৈপালী শীতলা তিক্তা লঘ্বী দোষত্রয়াপহা।
কর্ণাক্ষিমুখরোগঘ্নী তদ্‌গুণা বার্ষিকী মতা॥

পর্য্যায়।—নৈপালী, গ্রৈষ্মিকা, অনন্তা, লাপিনী ও নবমল্লিকা এইগুলি গ্রীষ্মকালীন নৈপালীর ( সেউতী বিশেষের ) সংস্কৃত নাম। আর একপ্রকার নৈপালী বর্ষাকালে জন্মে, তাহাকে বার্ষিকী নৈপালী বলে। বার্ষিকী, ত্রিপুটা, শ্রীবল্লী ও ষট্‌পদপ্রিয়া, এইগুলি তাহার সংস্কৃত নাম।

গুণ।—নৈপালীদ্বয় শীতবীর্য্য, তিক্তরস, লঘুপাক, ত্রিদোষ, কর্ণরোগ, নেত্ররোগ ও মুখরোগনাশক।

---

## মাধবীনামগুণাঃ।

মাধবী মণ্ডপঃ কামী পুষ্পেন্দ্রোঽভীষ্টগন্ধকঃ।
অতিমুক্তো বিমুক্তশ্চ কামুকো ভ্রমরোৎসবঃ॥
মাধবী মধুরা শীতা লঘ্বী দোষত্রয়াপহা॥
মদগন্ধা কষায়া চ দাহশোষব্রণাপহা॥

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে বেলা, গুজরাটে বেল্য, মহারাষ্ট্রে মোগরী, কর্ণাটে বল্লিমল্লিগে, তৈলঙ্গে কুলক্রান্তাচেট্টু, বলে। ডাক্তারী নাম Jasmiunm Savibac. জাস্মিনম সাভিবাক।

পর্য্যায়।— মাধবী, মণ্ডপ, কামী, পুষ্পেন্দ্র, অভীষ্টগন্ধক, অতিমুক্ত, বিমুক্ত, কামুক ও ভ্রমরোৎসব এইগুলি মাধবীলতার পর্য্যায়।

গুণ।—মাধবী মধুরকষায়রস, শীতবীর্য্য, লঘুপাক, মদগন্ধযুক্ত, ত্রিদোষ, দাহ, শোষ ও ব্রণরোগনাশক।

---

## চম্পকনামগুণাঃ।

চম্পকঃ সুভগো রম্যশ্চাম্পেয়ঃ সুরভিশ্চলঃ।
হেমপুষ্পঃ কটুশ্চৈবোগ্রগন্ধঃ কুসুমাধিপঃ॥
চম্পকঃ কটুকস্তিক্তঃ কষায়ো মধুরো হিমঃ।
বিষকৃমিহরঃ কৃচ্ছ্রকফপিত্তাস্রবাতজিৎ॥

পর্য্যায়।—চম্পক, সুভগ, রম্য, চাম্পেয়, সুরভি, চল, হেমপুষ্প, কটু, উগ্রগন্ধ ও কুসুমাধিপ এইগুলি চম্পকের (চাঁপার) সংস্কৃত নাম। †

গুণ।—চম্পক কটুতিক্তকষায় মধুররস, শীতবীর্য্য, বিষ, কৃমি, মূত্রকৃচ্ছ্র, কফ, পিত্ত, রক্তদোষ ও বায়ুরোগ নাশক।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে মাধবী, গুজরাটে মাধবীলতা ও রক্তপিত্তি, মহারাষ্ট্রে পীতবেল, কর্ণাটে চিরবল্লিগে ও ইন্দ্রগোচ্চে এবং তৈলঙ্গে মাধবতোগে ও পুস্পুল গুরিবিন্দ। ইংরাজীতে Clustered Hiptage; ল্যাটীনে Hiptage Madablota বলে।

† দেশভেদে নামভেদ।—চাঁপাকে হিন্দুস্থানে চম্যগ ও মহারাষ্ট্রে চংপা ও কর্ণাটে সম্পগে, তৈলঙ্গে পুগ্‌লু, গুজরাটে রায়চম্পা পীলী চম্পা বলে। ডাক্তারী নাম Michelia champaca. মিচেলিয়া চম্পক।

## পুন্নাগনামগুণাঃ।

পুন্নাগঃ পাটলীপুষ্পঃ কেশরঃ ষট্‌পদালয়ঃ।
পুন্নাগো মধুরঃ শীতো রক্তপিত্তকফাপহঃ।

পর্য্যায়।—পুন্নাগ, পাটলীপুষ্প, কেশর ও ষট্‌পদালয় এই কয়টী পুন্নাগের (পুনাং) (রাজচম্পকের) সংস্কৃত নাম।

গুণ।—পুন্নাগ মধুররস, শীতবীর্য্য, রক্তপিত্ত ও কফনাশক।

---

## বকুল নাম গুণাঃ।

বকুলঃ কেশরো মত্তগন্ধঃ সিংহো বিশারদঃ।
বকুলঃ শীতলঃ শ্লেষ্ম পিত্তদন্তগদাপহঃ॥

পর্য্যায়।—বকুল, কেশর, মত্তগন্ধ, সিংহ ও বিশারদ এইকয়টী বকুলের সংস্কৃত নাম।

গুণ।—বকুল শীতবীর্য্য, কফ, পিত্ত ও দন্তরোগ নাশক।

---

## বন্ধুক নামগুণাঃ।

বন্ধূর্ব্বকঃ স্থূলপুষ্পো বন্ধুকঃ শিবশেখরঃ।
বন্ধুঃ শীতো বিষশ্লেষ্মপিত্তকৃচ্ছ্রাশ্মদাহহৃৎ।
কটুস্তিক্তশ্চোষ্ণপাকো গুল্মাজীর্ণবিনাশনঃ॥

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে বকুল ও মোলসিরী, তৈলঙ্গে পাঘডা পোগড়চেট্টু, উৎকলে বউড়কুড়ি, বোম্বায়ে বকুলী, দাক্ষিণাত্যে ঘোলসরী ও তামিলে মোগদম্, মহারাষ্ট্রে বগোলে, বকুলী, গুজরাটে বোলসরী, বরশোলী, দ্রাবিড়ে ধোলসরী, কর্ণাটে করক। ইংরাজীতে Surinam medler, ডাক্তারী নাম Mimusops Elengi. মিমুসোপস এলিঙ্গি।

পর্য্যায়।—বন্ধু, বুক, স্থূলপুষ্প, বন্ধুক ও শিবশেখর এইগুলি বন্ধুকের (বাসনা, পদ্ম বকবৃক্ষবিশেষের) সংস্কৃত নাম।

গুণ।—বন্ধুক শীতবীর্য্য, কটু তিক্তরস, পরিপাকে উষ্ণবীর্য্য, গুল্ম, অজীর্ণ, বিষ, কফ, পিত্ত, মূত্রকৃচ্ছ্র, পাথরী ও দাহনাশক।

---

## কুন্দনামগুণাঃ।

কুন্দঃ শুক্লঃ সদাপুষ্পো ভৃঙ্গবন্ধুর্মনোরমঃ।
কুন্দঃ শীতো লঘুঃ শ্লেষ্মশিরোরুগ্বিষপিত্তজিৎ॥

পর্য্যায়।—কুন্দ, শুক্ল, সদাপুষ্প, ভৃঙ্গবন্ধু ও মনোরম এইগুলি কুন্দবৃক্ষের সংস্কৃত নাম। †

গুণ।—কুন্দ (কুঁদ) শীতবীর্য্য, লঘুপাক, কফ, শিরোরোগ, বিষ ও পিত্তদোষনাশক।

---

## মুচুকুন্দনামগুণাঃ।

মুচুকুন্দঃ ক্ষত্রবৃক্ষশ্চিবুকঃ প্রতিবিষ্ণুকঃ।
মুচুকুন্দঃ কটুস্তিক্তঃ কফবাতবিনাশনঃ॥
কণ্ঠ্যঃ শোথশিরঃপীড়াপিত্তাস্রবিষনাশনঃ॥

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে বাসনা, বনহুলা, মহারাষ্ট্রে অগস্তা, থোরবকুল, তৈলঙ্গে অবিসি, তামিলে অর্গতি বলে।

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে কুংদেকাবৃক্ষ, কুন্দেকাফুল, মহারাষ্ট্রে কুন্দ, কর্ণাটে স্নরাগি, তৈলঙ্গে মোল্লি বলে। ডাক্তারী নাম **Jasminum multiflorum.** জাস্মিনম্ মলটিফ্লোরম্।

পর্য্যায়।—মুচুকুন্দ, ক্ষত্রবৃক্ষ, চিবুক ও প্রতিবিষ্ণুক এই কয়টী মুচুকুন্দের সংস্কৃত নাম।

গুণ।—মুচুকুন্দ কটু, তিক্তরস, কণ্ঠশুদ্ধিকর, কফ, বাত, শোথ, শিরঃপীড়া, রক্তপিত্ত ও বিষদোষ নাশক।

---

## বিচর্চ্ছিন্ননামগুণাঃ।

ভূমিমণ্ডা বিচর্চ্ছিন্নো দ্বিপদাষ্টপদী তথা।
শীতো লঘুর্বিচর্চ্ছিন্নঃ কফপিত্তবিষাপহঃ॥

পর্য্যায়।—ভূমিমণ্ডা, বিচর্চ্ছিন্ন, দ্বিপদ, অষ্টাপদী এই কয়টী বিচর্চ্ছিন্নের (চন্দ্রমল্লিকার) হাপরমালীবিশেষের সংস্কৃত নাম।

গুণ।—ভূমিমণ্ডা শীতবীর্য্য, লঘুপাক, কফ, পিত্ত ও বিষনাশক।

---

## তিলকনামগুণাঃ।

তিলকঃ ক্ষুরকঃ শ্রীমান্ বিচিত্রো মুখমণ্ডনঃ।
তিলকঃ কটুকঃ পাকে রসেঽত্যুষ্ণো রসায়নঃ॥
কফকুষ্ঠকৃমীন্ বস্তিমুখদন্তগদান হরেৎ।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে, মহারাষ্ট্রে, গুজরাটে, কর্ণাটে মুচকুন্দ, তৈলঙ্গে লোলগু, উৎকলে বইলো ও তামিলে টড্ডী বলে। ডাক্তারী নাম Pteros Permum Suberifolium. টেরস পারমম্ সুবারিফোলিয়ম্।

পর্য্যায়। তিলক, ক্ষুরক, শ্রীমান্, বিচিত্র ও মুখমণ্ডন এই কয়টী তিলকের ( তিলফুল সদৃশ একটী সুগন্ধ পুষ্পের ) সংস্কৃত নাম। *

গুণ। তিলক অত্যুষ্ণবীর্য্য ও রসায়নগুণযুক্ত, কটুপাক, কফ, কুষ্ঠ, কৃমি, মুখরোগ ও দন্তরোগ নাশক।

---

## গণেরুক নামগুণাঃ।

গণেরুকঃ কর্ণিকারঃ কর্ণশ্চ গণকারিকা।
গণেরুঃ শোধনঃ শোথশ্লেষ্মাস্রব্রণকুষ্ঠনুৎ॥

পর্য্যায়। গণেরু, কর্ণিকার, কর্ণ, গণকারিকা এইগুলি গণেরুনামক ( কোঙ্কণ দেশজাত পুষ্প বিশেষের ) সংস্কৃত নাম।

গুণ। গণেরু কোষ্ঠপরিষ্কারক, শোথ, কফ, রক্তদোষ, ব্রণ ও কুষ্ঠ রোগনাশক।

---

## বন্ধূকনামগুণাঃ।

বন্ধুজীবঃ শরৎপুষ্পো বন্ধুর্বন্ধূকরক্তকৌ।
বন্ধুকঃ কফকৃদ্‌গ্রাহী বাতপিত্তহরো লঘুঃ॥

পর্য্যায়। বন্ধুজীব, শরৎপুষ্প, বন্ধু, বন্ধুক ও রক্তক , এইগুলি বন্ধুজীবের ( বাঁধুলিপুষ্পের ) সংস্কৃত নাম। †

গুণ।—বন্ধুজীবক, কফকর, লঘুপাক, মলসংগ্রাহক ও বাতপিত্তঘ্ন।

---

* দেশভেদে নামভেদ। হিন্দুস্থানে তিলকপুষ্প, কর্ণাটে তিলকপুষ্প বিশেষ, গুজরাটে তিলকবৃক্ষ।

† দেশভেদে নামভেদ।—হিন্দুস্থানে দুপহরিয়া, গেজুনিয়া, মহারাষ্ট্রে দুপারীচেং ফুলং, কর্ণাটে বন্দুরেং, তৈলঙ্গে মকিন চেট্ট, নিত্তিমল্লী রেগসিন-

## জবাপুষ্পনামগুণাঃ।

জবাপুষ্পং জপা চোড্রং ত্রিসন্ধ্যা ত্বরুণা সিতা।
জপা সংগ্রাহিণী কেশ্যা ত্রিসন্ধ্যা কফপিত্তজিৎ॥

পর্য্যায়।—রক্ত ও শ্বেত ভেদে জবা দ্বিবিধ। জবাপুষ্প, জপা, ওড্র, ত্রিসন্ধ্যা, অরুণা ও সিতা এই কয়টী জবার সংস্কৃত নাম।

গুণ।—জবা মলসংগ্রাহক, কেশবর্দ্ধক ও কফপিত্তনাশক।

---

## সিন্দূরীনামগুণাঃ।

সিন্দূরী রক্তবীজা স্যাদ্রক্তপুষ্পা সুকোমলা।
সিন্দূরী কফপিত্তাস্রতৃষ্ণাবান্তিহরা হিমা॥

পর্য্যায়।—সিন্দূরী, রক্তবীজা, রক্তপুষ্পা ও সুকোমলা এই কয়টী সিন্দূরীর ( জবা বিশেষের ) সংস্কৃত নাম।

গুণ।—সিন্দূরী শীতবীর্য্য, কফ, পিত্ত, রক্তদোষ, তৃষ্ণা ও বমননাশক।

---

## তুলসীনামগুণাঃ।

তুলসী সুরসা গৌরী ভূতঘ্নী বহুমঞ্জরী।
তুলসী কটুকা তিক্তা হৃদ্যোষ্ণা দাহপিত্তকৃৎ॥
দীপনী কুষ্ঠকৃচ্ছ্রাস্রপার্শ্বরুক্কফবাতজিৎ॥

---

চেট্টু, বোম্বায়ে ডুপারি ও পঞ্জাবে গুলদুফারিয়া বলে। ডাক্তারী নাম Pentahetca Phœnicea. পেণ্টাহিটে ফিইনিসিয়া।

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে গুড়হল, জবা, গুড়হর, মহারাষ্ট্রে জাসবন্দ, গুজরাটে জালুম, কর্ণাটে দাসনল, তৈলঙ্গে মন্দারপু বলে। ডাক্তারী নাম China Rose. চায়না রোজ। ইংরাজী নাম Shoe flower.

পর্য্যায়।—তুলসী, সুরসা, গৌরী, ভূতঘ্নী ও বহুমঞ্জরী এইগুলি তুলসীর সংস্কৃত নাম।

গুণ।—তুলসী কটু ও তিক্তরস, রুচিকর, উষ্ণবীর্য্য, দাহ ও পিত্তজনক, অগ্নিদীপক, কুষ্ঠ, মূত্রকৃচ্ছ্র, রক্তদোষ, পার্শ্বপীড়া, কফ ও বায়ুজন্য রোগনাশক।

---

## মরুনামগুণাঃ।

মরুর্ম্মরুবকস্তীক্ষ্ণঃ খরপুষ্পঃ ফণিজ্ঝকঃ।
মহদগ্নিপ্রদো হৃদ্যস্তীক্ষ্ণোষ্ণঃ পিত্তলো লঘুঃ॥
বৃশ্চিকাদিবিষশ্লেষ্মবাতকুষ্ঠকৃমীন্ জয়েৎ॥

পর্য্যায়। মরু, মরুবক, তীক্ষ্ণ, খরপুষ্প ও ফণিজ্ঝক এই কয়টী মরুবকের সংস্কৃত নাম। †

গুণ। মরুবক অত্যন্ত অগ্নিবর্দ্ধক, হৃদয়গ্রাহী, তীক্ষ্ণ ও উষ্ণবীর্য্য, লঘুপাক, বৃশ্চিকাদি বিষ, কফ, বায়ুজনিত কুষ্ঠ ও কৃমিরোগ নাশক।

---

* দেশভেদে নামভেদ। তুলসীকে হিন্দুস্থানে ও গুজরাটে তুলসী, মহারাষ্ট্রে তুলসী চেঝাড়, তুলস, তৈলঙ্গে তুলসী, গগেগরচেট্টু, তামিলে তুলশী, দাক্ষিণাত্যে তুল্‌সী, বোম্বায়ে তুলস, কর্ণাটে এরেড তুলসী, ফারসীতে রেহান্, আরবীতে উলসীবদরুত। ইংরাজীতে White Basil, ল্যাটিনে Ocimum Album বলে। ডাক্তারী নাম Holy basil হোলি ব্যাসিল্।

† দেশভেদে নামভেদ মরুবককে হিন্দুস্থানে মরুবা, গেদরেত, মহারাষ্ট্রে সবজা, মর্বা, গুজরাটে মরবো, তৈলঙ্গে রুদ্রজাড়, কর্ণাটে মরুব, ফারসীতে মর্জংগুম্, আরবীতে মর্জংজুম্ বলে। ইংরাজীতে Sweet marjoran, ল্যাটীনে Origanum mrjorana, ফিরীঙ্গিতে শাহম্।

## দমননামগুণাঃ।

দমনো মদনো দান্তো দমো মুনিসুতো মুনিঃ।
গন্ধোৎকটো মদনকো বিনীতঃ কুলপত্রকঃ ॥
মদনো নেত্রকুষ্ঠাস্রমেদঃকণ্ডূত্রিদোষজিৎ ॥

পর্য্যায়।—দমন, মদন, দান্ত, দম, মুনিসুত, মুনি, গন্ধোৎকট, মদনক, বিনীত ও কুলপুত্রক এই কয়টী দমনকের অর্থাৎ দনাফুলের সংস্কৃত নাম।

গুণ।—দমন নেত্ররোগ, কুষ্ঠ, রক্তদোষ, মেদ, কণ্ডু ও ত্রিদোষনাশক।

---

## বর্ব্বরীত্রয়নামগুণাঃ।

বর্ব্বরী চার্জকঃ কুঠো বৈকুণ্ঠঃ স্যাৎ কুঠেরকঃ।
কপিত্থার্জক ইত্যন্যো বটপত্রঃ কঠিঞ্জরঃ ॥ (কুঠেরজঃ)।
কৃষ্ণার্জ্জকঃ কালমাসঃ করালঃ কৃষ্ণমল্লিকা।
বর্ব্বরীত্রিতয়ং রূক্ষং শীতং কটু বিদাহি চ।
পিত্তলং কফবাতাস্রদদ্রুকৃমি বিষাপহম্ ॥

পর্য্যায়।—বর্ব্বরী, অর্জ্জক, কুণ্ঠ, বৈকুণ্ঠ, কুঠেরক, এই কয়টী বর্ব্বরীর বাবুই তুলসীর এবং কপিত্থার্জক, বটপত্র, কঠিঞ্জর এই কয়টী কপিত্থার্জকের

---

* দেশভেদে নামভেদ।—দমনকে হিন্দুস্থানে দবনা, দোনা, পঞ্জাবে দোনা, মহারাষ্ট্রে দবণা, রাণবদণা, গুজরাটে উমরো, কর্ণাটে দবনা। ইংরাজীতে worm wood. ডাক্তারী নাম Artemisia scoparia. আর্টিমিসিয়া স্কোপেরিয়া।

কপিত্থজাতীয় তুলসীর এবং কৃষ্ণার্জ্জক, কালমাস, করাল, কৃষ্ণমল্লিকা এই কয়টী কৃষ্ণার্জকের সংস্কৃত নাম। *

গুণ।—তিন প্রকার বর্ব্বরীই, রুক্ষ, শীতল, কটু, দাহজনক, পিত্তবর্দ্ধক, কফজ বাতরক্ত, দদ্রু, কুষ্ঠ, কৃমি ও বিষদোষনাশক।

---

যো রাজ্ঞাং মুখতিলকঃ কটারমল্ল-
স্তেন শ্রীমদননৃপেণ নির্ম্মিতেঽত্র।
গ্রন্থেঽভূন্মদনবিনোদনাম্নি পূর্ণঃ
কর্পূরপ্রভৃতি সুগন্ধিদ্রব্যবর্গঃ॥

যিনি নৃপতিগণের অগ্রগণ্য কটারমল্ল নামে প্রসিদ্ধ ছিলেন, সেই মদননৃপতি কর্ত্তৃক নির্ম্মিত এই মদনবিনোদনামক গ্রন্থে কর্পূরাদি সুগন্ধি দ্রব্যের বর্গ বর্ণিত হইল।

ইতি মদনপালনিঘণ্টৌ কর্পূরাদিবর্গঃ॥

---

* দেশভেদে নামভেদ।—বাবুইকে হিন্দুস্থানে বর্ব্বরী, বনতুলসী, মহারাষ্ট্রে, আজবলা, রানতুলস, কর্ণাটে গোরলে-কস্তীয়গোরলে, তৈলঙ্গে তেল্লগগ্গের চেট্টু, কারুতুলসী, গুজরাটে রানতুলসীভেদ, সিংহলে তোকবলাম্বা, ফারসীতে পলঙ্গমুস্ক, আরবীতে ফরংজমুস্ক বলে। ল্যাটীনে Ocimum gratissimum. ডাক্তারী নাম Assimum Bajilicum অসিমম্ ব্যাজিলিকম্।

# অথ স্ুবর্ণাদি বর্গঃ।

যদ্বাজ্ঞয়া বিশ্বকৃতোঽপি দেবা ব্রহ্মাদয়ো যান্তি মুহুর্ভবন্তি।
অচিন্ত্যকৃত্যং পুরুষং পুরাণং গোপত্বমাপ্তং তমুপাশ্রয়ামি॥

বিশ্বসৃজনকারী ব্রহ্মাদিদেবগণও যাঁহার ইচ্ছায় বারংবার গতায়াত করেন অর্থাৎ আবির্ভূত ও তিরোভূত হন, সেই অচিন্ত্যলীলাময় পুরাতন পুরুষ গোপবেশধারী শ্রীনন্দনন্দনকে আশ্রয় করিতেছি।

## সুবর্ণনামগুণাঃ।

সুবর্ণং কনকং হেম হাটকং চৈব কাঞ্চনম্।
চামীকরং শাতকুম্ভং তপনীয়ং চ রুক্মকম্॥
জাম্বুনদং হিরণ্যং চ স্বর্ণং চ জাতরূপকম্॥
সুবর্ণং শীতলং বৃষ্যং বল্যং গুরু রসায়নম্।
কান্তিকরং বিষোন্মাদত্রিদোষজ্বরশোষজিৎ।
কষায়ং তিক্তমধুরং সুবর্ণ্যং গুরু লেখনম্।

পর্য্যায়।—সুবর্ণ, কনক, হেম, হাটক, কাঞ্চন, চামীকর, শাতকুম্ভ, তপনীয়, রুক্মক, জাম্বুনদ, হিরণ্য, স্বর্ণ ও জাতরূপক, এইকয়টী স্বর্ণের সংস্কৃত নাম। *

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে সোনা, মহারাষ্ট্রে সোনে, গুজরাটে সোন্থু, কর্ণাটে স্বর্ণ, তৈলঙ্গে বগারং, ফারসীতে তিলা, আরবীতে জহব, ল্যাটীনে Auram. ডাক্তারীতে Gold গোল্ড বলে।

গুণ।—সুবর্ণ শীতবীর্য্য, শুক্রবর্দ্ধক, বলকর, গুরুপাক, রসায়নগুণযুক্ত বর্ণোৎকর্ষ বিধায়ক ও কান্তিকর, তিক্ত মধুররস, গুরু, লেখনগুণযুক্ত। ইহা বিষদোষ, উন্মাদ, বায়ু, পিত্ত ও কফ, জ্বর ও শোষরোগ নাশক।

---

## রূপ্যকনামগুণাঃ।

রূপ্যকং রজতং রূপ্যং তারং শ্বেতং বসূত্তমম্।
রূপ্যং শীতং সরং বাতপিত্তহারি রসায়নম্॥
লেখনঞ্চ কষায়াম্লং স্বাদুপাকরসং গুরু।
বয়সঃ স্থাপনং স্নিগ্ধং ধাতূনাং হিতমুচ্যতে॥

পর্য্যায়।—রূপ্যক, রজত, রূপ্য, তার, শ্বেত, বসূত্তম, এইগুলি রূপার সংস্কৃত নাম।

গুণ।—রূপা শীতবীর্য্য, সারক, রসায়ন ও লেখন গুণযুক্ত, কষায়াম্লরস, বিপাকে স্বাদুরস, গুরু, বয়ঃসংস্থাপক, স্নিগ্ধ ও ধাতুর পুষ্টিকর। ইহা বায়ু ও পিত্ত নাশক।

---

## তাম্রনামগুণাঃ।

তাম্রং ম্লেচ্ছমুখং শুল্বং নৈপালং রবিনামকম্।
উদুম্বরং সূর্য্যপ্রিয়ং রক্তজং রক্তধাতুকম্॥

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে চান্দী, রূপা, মহারাষ্ট্রে রুপেং, গুজরাটে রূপুং, কর্ণাটে বেল্লি, তৈলঙ্গে ঐণ্ডী, ফারসীতে নুকরা, আরবীতে ফিদ্দা, ইংরাজীতে Silver, ল্যাটিনে Argentum. ডাক্তারী নাম Silver, সিলভার।

তাম্রং সরং লঘু স্বাদু শীতং পিত্তকফাপহম্।
রোপণং পাণ্ডুকুষ্ঠার্শঃশ্বয়থুশ্বাসকাসজিৎ॥

পর্য্যায়।—তাম্র, ম্লেচ্ছমুখ, শুল্ব, নৈপাল, রবিবাচক সমস্ত শব্দ, উডুম্বর, সূর্য্যপ্রিয়, রক্তজ ও রক্তধাতুক এই কয়টী তাম্রের ( তামার ) সংস্কৃত নাম। *

গুণ।—তাম্র সারক, লঘুপাক, স্বাদু, শীতবীর্য্য, ব্রণাদির পোষক, পাণ্ডু, কুষ্ঠ ও অর্শ, শোথ, শ্বাস, কাস, পিত্ত ও কফ নাশক।

---

## কাংস্যনামগুণাঃ।

কাংস্যং লৌহং তাম্ররঙ্গভবং ঘোষং প্রকাশকম্।
কাংস্যং গুরূষ্ণং চক্ষুষ্যং কফপিত্তহরং সরম্॥

পর্য্যায়।—কাংস্য, লৌহ, তাম্র ও রঙ্গজাত, ঘোষ ও প্রকাশক এই কয়টী কাংস্যের ( কাঁসার ) সংস্কৃত নাম। †

গুণ।—কাংস্য গুরুপাক, উষ্ণবীর্য্য, চক্ষুর জ্যোতির্বর্দ্ধক, সারক, কফ ও পিত্ত নাশক।

* দেশভেদ নামভেদ।—তামার নাম হিন্দুস্থানে তাঁবা, তৈলঙ্গে রাগী, তামিলে নাম সেন, মাহারাষ্ট্র তাম্বে, গুজরাটে ত্রাম্বো, কর্ণাটে তাম্র, ফারসীতে মিস, আরবীতে নুহাস। ডাক্তারী নাম Copper. কপার। ল্যাটিনে Cuprum.

† দেশভেদে নামভেদ।—কাঁসাকে হিন্দুস্থানে কাংসা, কাঁসী, মহারাষ্ট্রে কাংসে, কর্ণাটে কংসেং এবং কংচু, গুজরাটে কাংস্য, তৈলঙ্গে কংচু, ফারসীতে রোঙ্গন, আরবীতে তালিকুন বলে। ডাক্তারী নাম White coppor brass. Queen's metal. হোয়াইট কপার ব্র্যাস, কুইন্স মেট্যাল।

## পীতলোহনামগুণাঃ।

পীতলোহং সিংহলকং কপিলং সৌকুমারকম্।
ব্রহ্মরীতি আরকূটং রাজরীতির্মহেশ্বরী॥
রীতিরপ্যুপধাতুঃ স্যাৎ তাম্রস্য যশদস্য চ।
রীতিকাযুগলং রুক্ষং তিক্তঞ্চ লবণং রসে॥
শোধনং পাণ্ডুরোগঘ্নং কৃমিঘ্নং নাতিলেখনম্॥

পর্য্যায়।—পীতলোহ, সিংহলক, কপিল, সৌকুমারক, ব্রহ্মরীতি, আরকূট, রাজরীতি ও মহেশ্বরী এই কয়টী পীতলোহের (পিত্তলের) সংস্কৃত নাম। ইহা তামা ও দস্তার সংযোগে প্রস্তুত উপধাতু বিশেষ। পিত্তল দুইপ্রকার রাজরীতি ও রীতি। *

গুণ।—দুইপ্রকার পিত্তল তিক্ত ও লবণরস, রুক্ষ, উষ্ণবীর্য্য, মলশোধক, লেখনগুণযুক্ত, পাণ্ডু ও কৃমিরোগ, কফ ও পিত্ত নাশক।

---

## রঙ্গনামগুণাঃ।

রঙ্গং তীরং ত্রপুর্ব্বঙ্গং নাগজং তমরং ঘনম্।
রঙ্গং লঘু সরং রুক্ষমুষ্ণং মেহকফকৃমীন্।
নিহন্তি পাণ্ডুং সশ্বাসং চক্ষুষ্যং পিত্তলং মনাক্॥

---

* দেশভেদে নামভেদ।—পিত্তলকে হিন্দীতে পীতরী ও কাঁচী পীতল, মহারাষ্ট্রে সোনপিতল, গুজরাটে পীতল, কর্ণাটে পিত্তালেয়রডু, তৈলঙ্গে ইত্তড়ী, ফারসীতে বিরংজ বলে, ডাক্তারী নাম Brass. ব্রাস্।

পর্য্যায়।—রঙ্গ, তীর, ত্রপু, বঙ্গ, নাগজ, তমর, ঘন, এইকয়টী রাঙ্গের সংস্কৃত নাম। *

গুণ।—রাং লঘুপাক, সারক, রুক্ষ, উষ্ণবীর্য্য, দৃষ্টিশক্তিবর্দ্ধক ও ঈষৎ-পিত্তজনক। মেহ, কফ, কৃমি, পাণ্ডু ও শ্বাস রোগনাশক।

---

## যশদনামগুণাঃ।

যশদং রঙ্গসদৃশং রীতিহেতুশ্চ তন্মতম্।
যশদং তুবরং তিক্তং শীতলং কফপিত্তহৃৎ।
চক্ষুষ্যং পরমং মেহান্ পাণ্ডুং শ্বাসঞ্চ নাশয়েৎ॥

পর্য্যায়।—যশদ, রঙ্গসদৃশ, রীতিহেতু, এইগুলি যশদের (দস্তার) সংস্কৃত নাম। ইহার বর্ণ রাঙ্গের ন্যায়, এই জন্য ইহাকে রঙ্গসদৃশ ও ইহা পিত্তলের উৎপত্তির কারণ বলিয়া ইহাকে রীতিহেতু বলে। †

গুণ।—যশদ (দস্তা) কষায়, তিক্তরস, শীতবীর্য্য, চক্ষুষ্য, কফ, পিত্ত, মেহ, পাণ্ডু ও শ্বাস রোগ নাশক।

* দেশভেদ নামভেদে।—রাঙ্গের নাম হিন্দুস্থানে, রাংগ, রাংগ, বংঙ্গ ও কলঈ, মহারাষ্ট্রে কথীল, গুজরাটে কলঈ, কথরী, খরিপারী, কর্ণাটে তবর, তৈলঙ্গে তাগারামু, ফারসীতে অরজীজ, আরবীতে রুসাম্, ইংরাজীতে Lin. ল্যাটীনে Stanum বলে।

† দেশেভেদে নামভেদ।—হিন্দুস্থানে জস্ত, জস্তা, মহারাষ্ট্রে জস্ত, গুজরাটে জসত, তৈলঙ্গে খর্পরং, . ফারসীতে রুএতুতিয়া, আরবীতে শবহা, ইংরাজীতে Zine ল্যাটীনে Zinecum বলে।

## সীসনামগুণাঃ।

সীসং ধাতুমলং নাগমুরগং পরিপিষ্টকম্।
যবনেষ্টং চ ভুজগং যোগেষ্টং কৃষ্ণমিত্যপি॥
সীসং রঙ্গগুণং জ্ঞেয়ং বিশেষান্মেহনাশনম্॥

পর্য্যায়।—সীস, ধাতুমল, নাগ, উরগ, পরিপিষ্টক, যবনেষ্ট, ভুজগ, যোগেষ্ট ও কৃষ্ণ এই কয়টী সীসকের সংস্কৃত নাম।

গুণ।—সীসক রঙ্গের ন্যায় গুণযুক্ত, বিশেষতঃ ইহা মেহ রোগ নাশক।

---

## লৌহ-মণ্ডুর নামগুণাঃ।

লৌহং শস্ত্রময়ঃ কৃষ্ণং ব্যঙ্গং পারাবতং ঘনম্।
কৃষ্ণায়স্তন্মলং কিট্টং মণ্ডূরো লৌহজং রজঃ॥
লৌহং সরং গুরুং স্বাদু কষায়ং কফপিত্তনুৎ।
শীতং নেত্রহিতং রুক্ষং বলদং বাতলং সমম্॥
শোফকুষ্ঠ প্রমেহার্শোগরপাণ্ডুকৃমীন্ জয়েৎ।
তৎকিট্টং তদ্গুণং জ্ঞেয়ং বিশেষাৎ পাণ্ডুনাশনম্॥

---

* দেশভেদে নামভেদ।—সীসার নাম হিন্দুস্থানে সীষক ও শীষা, সীসা, তৈলঙ্গে শীপ, সীষমু, দাক্ষিণাত্যে শিশ, মহারাষ্ট্রে শিসেং, গুজরাটে শীস্থং কর্ণাটে সীসা, ফারসীতে সুর্ব, আরবীতে রুসাসুল, অস্বদ। ডাক্তারী নাম Lead লেড। ল্যাটীনে Plumbum.

পর্য্যায়।—লৌহ, শস্ত্র, অয়স্, কৃষ্ণ, ব্যঙ্গ, পারাবত ও ঘন, এই কয়টী লৌহের সংস্কৃত নাম। লৌহের মলকে লৌহকিট্ট ও মণ্ডুর কহে। কৃষ্ণায়ঃ, তন্মল (লৌহমল), কিট্ট, মণ্ডুর ও লৌহজরজঃ এইকয়টী মণ্ডুরের সংস্কৃতনাম। *

গুণ।—লৌহ সারক, গুরুপাক, স্বাদু, কষায়রস, শীতবীর্য্য, রুক্ষ, বলকর, বায়ুজনক, কফ, পিত্ত, শোথ, কুষ্ঠ, প্রমেহ, অর্শঃ, কৃত্রিম বিষ, নেত্র, পাণ্ডু ও কৃমি রোগ নাশক। লৌহকিট্টের গুণ লৌহসদৃশ, বিশেষতঃ পাণ্ডু রোগনাশক।

---

## পারদনামগুণাঃ।

পারদশ্চপলো হেমনিধিঃ সূতো রসোত্তমঃ।
ত্রিনেত্রো রোষণঃ স্বামী হরবীজং রসঃ প্রভুঃ।
রসেন্দ্রশ্চেতি বিখ্যাতো রসলৌহং মহারসঃ॥
পারদঃ কৃমিকুষ্ঠঘ্নশ্চক্ষুষ্যোঘ্নো রসায়নঃ॥
ষড়্‌রসশ্চ ত্রিদোষঘ্নঃ স্নিগ্ধো যোগবহো ধ্রুবম্॥

পর্য্যায়।—পারদ, চপল, হেমনিধি, সূত, রসোত্তম, ত্রিনেত্র, রোষণ, স্বামী, হরবীজ, রস, প্রভু, রসেন্দ্র, রসলৌহ ও মহারস এইগুলি পারদের সংস্কৃত নাম। †

---

* দেশভেদে নামভেদ।—লৌহকে হিন্দীতে লোহা, ফোলাদ, ইস্পাত, তৈলঙ্গে ইনুমু, মহারাষ্ট্রে লোখণ্ড, তিখেং, গুজরাটে লোঢ়ং, মোলুং, কর্ণাটে অম্বস্কান্ত, কবুন, ফারসীতে আহদ্, আরবীতে হদীদ, হজরুল, ল্যাটীনে Eerrum. ডাক্তারী নাম Iron. আয়রন্।

† দেশভেদে নামভেদ।—পারাকে হিন্দুস্থানে পারা, মহারাষ্ট্রে পারা, গুজরাটে পারো, কর্ণাটে পারদরস, তৈলঙ্গে পারদরসং, ফারসীতে সিমাব,

গুণ।—পারদ, ছয়প্রকার রসযুক্ত, স্নিগ্ধ, যোগবাহী, চক্ষুষ্য, উষ্ণবীর্য্য ও রসায়ন গুণযুক্ত, ত্রিদোষ, ক্বমি ও কুষ্ঠনাশক।

---

## অভ্রকনামগুণাঃ।

অভ্রকং স্বচ্ছমাকাশং গিরিজং গিরিজামলম্।
অব্দং ভৃঙ্গং তথা শুভ্রমমলং গরজধ্বজম্॥
অভ্রং গুরু হিমং বল্যং কুষ্ঠ মেহ ত্রিদোষনুৎ॥
গগনং কৃমিকুষ্ঠ মেহহাবিশদং শুক্রকরঞ্চ দীপনম্।
কথিতং মুনিভিশ্চ পূর্ব্বজৈর্বলকৃৎ শুক্রকরঞ্চ সেবিতম্॥

পর্য্যায়।—অভ্রক, স্বচ্ছ, আকাশ বাচক শব্দ, গিরিজ, গিরিজামল, অব্দ, ভৃঙ্গ, শুভ্র, অমল, গরজধ্বজ এই গুলি অভ্রের সংস্কৃত নাম। *

গুণ।—অভ্র গুরুপাক, শীতবীর্য্য, বলকর, কুষ্ঠ, মেহ ও ত্রিদোষঘ্ন। অভ্র, ক্বমি, কুষ্ঠ, মেহনাশক, বিষদ, শুক্রবর্দ্ধক, অগ্নিদীপক। ইহা সেবনে বলবৃদ্ধি ও শুক্রবৃদ্ধি হয়, ইহা প্রাচীন মুনিগণের অভিমত।

## গন্ধক নামগুণাঃ।

গন্ধঃ সৌগন্ধিকশ্চৈব গন্ধাশ্মা গন্ধমোদনঃ।
বৈগন্ধিকো লেলীনকো গন্ধকশ্চ তথা বলিঃ॥

আরবীতে জীবক বলে। ইংরাজীতে Mercury. ডাক্তারী নাম Hydrargyrum. হাইড্রারজিরাম্।

* দেশভেদে নামভেদ।—অভ্রকে হিন্দুস্থানে অবরথ, আভ, মহারাষ্ট্রে অভ্রক, গুজরাটে অভরথ, তৈলঙ্গে অভ্রকং, ফারসীতে সিতারাজমীন, আরবীতে তল্‌ক, ইংরাজীতে Talc Glimmer. ল্যাটীনে Mica বলে।

গন্ধকঃ কটুকঃ পাকে বীর্য্যোষ্ণঃ পিত্তলঃ সরঃ।
হন্তি কুষ্ঠক্ষয়প্লীহ কফবাতরসাময়ান্॥

পর্য্যায়।—গন্ধ, সৌগন্ধিক, গন্ধাশ্মা, গন্ধমোদন, বৈগন্ধিক, লেলীনক, গন্ধক ও বলি এই গুলি গন্ধকের সংস্কৃত নাম। *

গুণ।—গন্ধক পাকে কটু, উষ্ণবীর্য্য, পিত্তপ্রদ, সারক, কুষ্ঠ, ক্ষয়, প্লীহা, কফ ও বায়ু রোগ ও পারদদোষজনিত রোগ নাশক।

---

## সুবর্ণমাক্ষিক নামগুণাঃ।

মাক্ষিকং ধাতুমাক্ষীকং তাপ্যং তাপীজমুচ্যতে।
মাক্ষিকং তুবরং বৃষ্যং স্বর্য্যং লঘু রসায়নম্॥
চক্ষুষ্যং স্বাদুশোফার্শোমেহবস্ত্যর্ত্তিপাণ্ডুতাঃ।
ব্যবায়ি কটুকং হন্তি কুষ্ঠোদরবিষক্ষয়ান্॥

পর্য্যায়।—মাক্ষিক, ধাতুমাক্ষীক, তাপ্য, তাপীজ এই কয়টী স্বর্ণমাক্ষিকের সংস্কৃত নাম।

গুণ।—স্বর্ণমাক্ষিক কটু, কষায়রস, বীর্য্যবর্দ্ধক, স্বরশোধক, লঘু, রসায়ন, গুণযুক্ত, চক্ষুর জ্যোতিবর্দ্ধক, শোথ, অর্শঃ, মেহ, বস্তিরোগ, পাণ্ডু, কুষ্ঠ, উদর, বিষ ও ক্ষয়রোগ নাশক।

---

## মনঃশিলা নামগুণাঃ।

মনঃশিলা মনোহ্বা চ নৈপালী কুনটী কুলা।
দিব্যৌষধির্নাগমাতা মনোগুপ্তা তথা শিলা।

---

* দেশভেদে নামভেদ।—গন্ধককে হিন্দী মহারাষ্ট্রী গুজরাটী প্রভৃতি ভাষাতে গন্ধক বলে। ফারসী নাম গোগির্দ। ডাক্তারী নাম Sulphur সাল্‌ফার্।

মনঃশিলা কৃচ্ছ্রহরা সরোষ্ণা লেখনী কটুঃ।
তিক্তা স্নিগ্ধা বিষশ্বাসকাসভূতকফাস্রজিৎ॥

পর্য্যায়।—মনঃশিলা, মনোহ্বা, নৈপালী, কুনটী, কুলা, দিব্যৌষধি, নাগমাতা, মনোগুপ্তা, শিলা এই গুলি মনঃশিলার সংস্কৃত নাম। *

গুণ।—মনঃশিলা সারক, উষ্ণবীর্য্য, লেখন (কৃশীকারক), কটু, তিক্তরস, স্নিগ্ধ, মূত্রকৃচ্ছ্র, বিষ, শ্বাস, কাস, ভূতদোষ, কফ ও রক্তদোষ নাশক।

---

## হরিতাল নামগুণাঃ।

হরিতালমলং তালং গোদন্তং নটভূষণম্।
হরিতালং কটু স্নিগ্ধং কষায়োষ্ণং বিষং জয়েৎ॥
কণ্ডূকুষ্ঠাস্যরোগাংশ্চ কফপিত্তকচব্রণান্॥

পর্য্যায়।—হরিতাল, অল, তাল, গোদন্ত, নটভূষণ, এই কয়টী হরিতালের সংস্কৃত নাম। †

গুণ। হরিতাল কটু, কষায়রস, স্নিগ্ধ, উষ্ণবীর্য্য, বিষদোষ, কণ্ডু, কুষ্ঠ, মুখরোগ, কফ, পিত্তনাশক, কেশপাতক ও ব্রণরোগনাশক।

## গৈরিক-স্বর্ণগৈরিক নামগুণাঃ।

গৈরিকং রক্তপাষাণং গিরিমৃচ্চ গবেধুকম্
স্বর্ণবর্ণং পরং স্বর্ণমণ্ডনং স্বর্ণগৈরিকম্॥

* দেশভেদে নামভেদ।—মনঃশিলাকে হিন্দুস্থানে মৈনশিল, মনশীল, মহারাষ্ট্রে মনশীল, ডাক্তারী নাম Realgar রিয়েলগার।

† দেশভেদে নামভেদ।—হরিতালকে হিন্দিতে ও মহারাষ্ট্রে হরতাল বলে।

গৈরিকং দাহপিত্তাস্র কফহিক্কাবিষাপহম্।
চক্ষুষ্যমন্যত্তদ্বচ্চ বিশেষাদ্বান্তিনাশনম্॥

পর্য্যায়।—গেরিমাটী দুই প্রকার। স্বর্ণগেরী ও গেরী। গৈরিক, রক্তপাষাণ, গিরিমৃৎ, গবেধুক এইগুলি গেরিমাটীর ও স্বর্ণবর্ণ, স্বর্ণমণ্ডন ও স্বর্ণগৈরিক এই গুলি স্বর্ণগেরিমাটীর সংস্কৃত নাম। *

গুণ।—গেরিমাটী দাহ, রক্তপিত্ত, কফ, হিক্কা, বিষনাশক, ও চক্ষুর জ্যোতির্বর্দ্ধক। স্বর্ণগেরির গুণ গেরিমাটীর ন্যায়। বিশেষতঃ ইহা বমন নাশক।

---

## তুত্থকদ্বয় নামগুণাঃ।

তুত্থং খর্পরিকাতুত্থমমৃতাসঙ্গমুচ্যতে।
ময়ূরগ্রীবকং চান্যচ্ছিখিকণ্ঠং চ তুত্থকম্॥
তুত্থকং লেখনং ভেদি কণ্ডু কুষ্ঠ বিষাপহম্॥
কফকৃমিহরং তদ্বদন্যৎ চক্ষুষ্যমুত্তমম্॥

পর্য্যায়। তুঁতে দুইপ্রকার তুঁতে ও খর্পরিকাতুতে। তুত্থ, খর্পরিকাতুত্থ, অমৃতাসঙ্গ, ময়ূরগ্রীবক, শিখিকণ্ঠ ও তুত্থক এইগুলি তুঁতের সংস্কৃতনাম। †

---

* দেশভেদে নামভেদ।—গৈরিককে হিন্দুস্থানে গেরু ও সুবর্ণ গেরু, মহারাষ্ট্রে সোনগেরু, তাংবেগেরু, গুজরাটে হুড়মটী, কর্ণাটে জাজু, হোজাজু, ফারসীতে গিলে সুর্খমিশ্রো, আরবীতে তীনে মগরেবী মহ্মর, ইংরাজীতে Oker Red Lumleer Stone, ল্যাটিনে Bole Rubra বলে। ইহার ডাক্তারী নাম Red chalk, রেড্ চক্।

† দেশভেদে নামভেদ। খর্পরীতুঁতেকে হিন্দীতে খপরিয়া, খাপরিয়া, মহারাষ্ট্রে কল খাপরী, গুজরাটে খাপরিয়ুংকালুং, কর্ণাটে খর্পরী, তৈলঙ্গে

গুণ।—তুঁতে লেখন ( কৃষতাজনক ), মলপ্রবর্ত্তক, চক্ষুর জ্যোতিবর্দ্ধক। কণ্ডু, কুষ্ঠ, বিষ, কফ ও কৃমিনাশক।

---

## কাসীস-ধাতুকাসীস নামগুণাঃ।

কাসীসং ধাতুকাসীসং খেচরং তপ্তলোমশম্।
অপরং পুষ্পকাসীসং বৎসকং বস্ত্ররাগধৃক্।
কাসীসদ্বয়মম্লোষ্ণং তিক্তং কেশ্যং দৃশে হিতম্।
হন্তি কণ্ডুবিষশ্বিত্রমূত্রকৃচ্ছ্র কফানিলান্॥

পর্য্যায়। কাসীস, ধাতুকাসীস, খেচর, তপ্তলোমশ এইগুলি কাসীস ( হীরাকসের ) সংস্কৃত নাম, অপর এক প্রকার পীতবর্ণ কাসীস আছে তাহাকে পুষ্পকাসীস বলে। পুষ্পকাসীস, বৎসক ও বস্ত্ররাগধৃক্ এইগুলি পুষ্পকাসীসের সংস্কৃত নাম।

গুণ। দুইপ্রকার কাসীস ( হিরাকস ) অম্লরস, উষ্ণবীর্য্য, তিক্তরস, কেশবর্দ্ধক, দৃষ্টিশক্তিবর্দ্ধক, কণ্ডু, বিষ, শ্বিত্র, মূত্রকৃচ্ছ্র, কফ ও বায়ুনাশক।

---

খর্পরং, ফারসীতে সংগবসরী, আরবীতে তুতিয়া, কিরমাণী, মকস্থল বলে। ইংরাজী Black Jack.

* দেশভেদে নামভেদ।—হিরাকসের হিন্দীনাম কসীস্ ও কৌশীশ। মহারাষ্ট্রে হিরাকস, শ্বেতনীলী, গুজরাটে হীরাকশী, কর্ণাটে কাসীস, ফারসীতে জাকেসব্জ, আরবীতে জাজেঅখদর, ল্যাটীনে Ferry Sulphus, ডাক্তারী নাম Green Sulphate of Iron. গ্রীন্ সাল্ফেট্ অফ আয়রন্।

## হিঙ্গুলনামগুণাঃ।

হিঙ্গুলং দরদং ম্লেচ্ছং সৈকতং চূর্ণপারদম্।
হিঙ্গুলং পিত্তকফনুচ্চক্ষুষ্যং বিষকুষ্ঠহৃৎ॥

পর্য্যায়। হিঙ্গুল, দরদ, ম্লেচ্ছ, সৈকত, চূর্ণপারদ এইগুলি হিঙ্গুলের সংস্কৃত নাম। *

গুণ। হিঙ্গুল, চক্ষুষ্য, পিত্ত, কফ, বিষদোষ ও কুষ্ঠরোগনাশক।

---

## সিন্দূর নামগুণাঃ।

সিন্দূরং নাগজং রক্তং শ্রীমচ্ছৃঙ্গারভূষণম্।
বসন্তমণ্ডনং নাগরক্তং রক্তরজস্তথা॥
সিন্দূরমুষ্ণং বীসর্প কুষ্ঠকণ্ডূ বিষাপহম্।
ভগ্নসন্ধানজননং ব্রণশোধনরোপণম্॥

পর্য্যায়। সিন্দূর সীসা হইতে উৎপন্ন। সিন্দূর, নাগজ, রক্ত, শ্রীমৎ, শৃঙ্গার-ভূষণ, বসন্তমণ্ডন, নাগরক্ত, রক্তরজঃ এইগুলি সিন্দূরের সংস্কৃত নাম। †

গুণ। সিন্দূর উষ্ণবীর্য্য, ভগ্নসন্ধানকর, ব্রণের শোধক ও রোপক। বীসর্প, কুষ্ঠ, কণ্ডূ ও বিষনাশক।

---

* দেশভেদে নামভেদ।—হিন্দুস্থানে সিংগরফ, হিংগলু, ইঙ্গুর, মহারাষ্ট্রে হিংগূল, গুজরাটে হিংগুলো, কর্ণাটে ইংগুলিয়ক, তৈলঙ্গে হংগিলাকামু, ফারসীতে সিংগ্রফ, আরবীতে জংজফর, ইংরাজীতে Sulphurate of Mercury. বলে।

† দেশভেদে নামভেদ।—ইহার নাম দাক্ষিণাত্যে ও হিন্দীতে সিন্দুর, মহারাষ্ট্রে শেংদূর, তৈলঙ্গে চেন্দুরমু, তামিলে চেন্দুরম ও পারস্যে সিরিনজ, ইহার ডাক্তারী নাম Red Lead. রেড্ লেড।

## সৌবীর-স্রোতোঽঞ্জননামগুণাঃ

সৌবীরমঞ্জনং কৃষ্ণং কালো নীলং সুবীরজম্।
স্রোতোঽঞ্জনং তু স্রোতোজং নদীজং যামুনং বরম্॥
সৌবীরং গ্রাহি মধুরং চক্ষুষ্যং কফবাতজিৎ।
সিধ্মাক্ষয়াস্রনুচ্ছীতং স্রোতোঽঞ্জনমপীদৃশম্॥

পর্য্যায়। সৌবীর অঞ্জন, কৃষ্ণ, কাল, নীল, সুবীরজ এইগুলি সৌবীর-অঞ্জনের (কালসুর্ম্মার) সংস্কৃত নাম। স্রোতোঽঞ্জন, স্রোতোজ, নদীজ, যামুন এই কয়টী স্রোতোঽঞ্জনের (শ্বেতসুর্ম্মার) সংস্কৃত নাম। *

গুণ। সৌবীরাঞ্জন মলসংগ্রাহক, মধুররস, চক্ষুর জ্যোতিবর্দ্ধক, শীতবীর্য্য, কফ, বাত, সিধ্মারোগ, ক্ষয়রোগ ও রক্তদোষ নাশক। স্রোতোঽঞ্জনের গুণ সৌবীরাঞ্জনের ন্যায়, কিন্তু স্রোতোঽঞ্জন শ্রেষ্ঠ গুণযুক্ত।

---

## রসাঞ্জননামগুণাঃ।

সাঞ্জনং রসোদ্ভূতং তার্ক্ষ্যং শৈলঞ্চ তার্ক্ষ্যজম্।
রসাগ্র্যং কৃত্রিমং তার্ক্ষ্যং দার্ব্যং দার্বীরসোদ্ভবম্॥
রসাঞ্জনং কটু শ্লেষ্ম মুখনেত্রবিকারজিৎ।
উষ্ণং রসায়নং তিক্তং ছেদনং ব্রণদোষজিৎ॥

---

* দেশভেদে নামভেদ।—হিন্দুস্থানে সুরমা, অঞ্জন, শ্বেত শুর্ম্মা, কালাশুর্ম্মা, মহারাষ্ট্রে কালাসুরমা, গুজরাটে সুরমো, লালসুরমা, কর্ণাটে স্রোতোংজন, তৈলঙ্গে সৌবীরাঞ্জন, ফারসীতে সুর্ম্ম অস্ফহানি, আরবীতে কুহলহস্‌মুদ বলে। ডাক্তারী নাম Sulphuret of Antimony. সল্‌ফিউরেট অফ এণ্টিমনী।

পর্য্যায়। রসাঞ্জন, রসোদ্ভূত, তার্ক্ষ্য, শৈল, তার্ক্ষ্যজ, রসাগ্র্য, কৃত্রিম, তার্ক্ষ্য, দার্ব্য ও দার্বীরসোদ্ভব এইকয়টী রসাঞ্জনের (রসোতের) সংস্কৃত নাম।*

গুণ। রসাঞ্জন কটু, তিক্ত, উষ্ণবীর্য্য, রসায়ন, কফ, মুখ ও নেত্র রোগ ও ছেদনজনিত ব্রণদোষনাশক।

## পুষ্পাঞ্জন নামগুণাঃ।

পুষ্পাঞ্জনং পুষ্পকেতু রীতিজং কুসুমাঞ্জনম্।
পুষ্পাঞ্জনং হিমং কাসপিত্তহিক্কাপ্রদাহনুৎ॥
ক্ষারমুষ্ণং বিষঘ্নঞ্চ কাচার্শ্ম পটলাপহম্॥

পর্য্যায়। পুষ্পাঞ্জন, পুষ্পকেতু, রীতিজ, কুসুমাঞ্জন এই কয়টী পুষ্পাঞ্জনের (কৃত্রিমাঞ্জনের) সংস্কৃত নাম।

গুণ। পুষ্পাঞ্জন শীতবীর্য্য, ক্ষার (লবণাক্ত), উষ্ণবীর্য্য, কাস, পিত্তদোষ, হিক্কা, প্রদাহ, কাচ, অর্শ্ম ও পটলাদি নেত্ররোগ ও বিষনাশক।

## শিলাজতু নামগুণাঃ।

শিলাজত্বশ্মজং শৈলনির্য্যাসো গিরিজাহ্বয়ম্।
শিলাহ্বং গিরিজং শৈলং শৈলেয়ং গিরিজত্বপি।
শিলাজতূষ্ণং কটুকং যোগবাহি রসায়নম্।
ছর্দ্দি প্রমেহবাতার্শঃ কুষ্ঠমেদাশ্মশর্করাঃ।
হন্তি শ্বাসক্ষয়োন্মাদ রক্তশোফ কফকৃমীন্॥

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে রশোৎ, গুজরাটে রসবতী, তৈলঙ্গে রসাঞ্জনমু, আরবীতে হুজুজ এবং সর্ব্বত্র রসাঞ্জন বলে। ডাক্তারী নাম Extract of Indian Berbery বলে।

পর্য্যায়। শিলাজতু, অশ্মজ, শৈলনির্য্যাস, গিরিজাহ্বয়, শিলাহ্ব, গরিজ, শৈল, শৈলেয়, গিরিজতু এইগুলি শিলাজতুর পর্য্যায়।

গুণ। শিলাজতু উষ্ণবীর্য্য, কটু, যোগবাহি, রসায়নগুণযুক্ত, বমন, প্রমেহ, বায়ুজনিত অর্শঃ, কুষ্ঠ, মেদ, অশ্মরী, শর্করা, শ্বাস, ক্ষয়কাস, উন্মাদ, রক্তদোষ, শোথ, কফ ও কৃমি রোগ নাশক।

---

## বোলদ্বয়নামগুণাঃ।

বোলং গন্ধরসং মুণ্ডং নির্লোহং বর্ব্বরং রসম্।
সৌরভং সুরসং পিণ্ডং রসগন্ধঞ্চ তদ্দ্বিধা॥
বোলং রক্তহরং শীতং মেধ্যং দীপনপাচনম্।
জ্বরাপস্মারকুষ্ঠঘ্নং গর্ভাশয়াবশোধনম্॥

পর্য্যায়।—বোল, গন্ধরস, মুণ্ড, নির্লৌহ, বর্ব্বর, রস, সৌরভ, সুরস, পিণ্ড, রসগন্ধ, এই কয়টী বোলের সংস্কৃত নাম। বোল দ্বিবিধ, বোল ও গন্ধবোল। †

গুণ।—বোলদ্বয় রক্তহরণকারী, শীতবীর্য্য, মেধাবৃদ্ধিকর, অগ্নিবর্দ্ধক, পাচক. জ্বর, অপস্মার, কুষ্ঠরোগ ও গর্ভাশয়ের ( জরায়ুর ) দোষনাশক।

---

* দেশভেদে নামভেদ।—হিন্দুস্থানে শিলাজীত, মহারাষ্ট্রে শিলাজিৎ, কর্ণাটে কলুবেচরু, ইংরাজীতে Asfelt আসফেলট, ল্যাটীনে Asflangt. অস্ফলংট।

† দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে মহারাষ্ট্রে ও কর্ণাটে বোল, তৈলঙ্গে বালিম্, বোপোলম্, তামিলে বেল্লইপপোলম্, বোম্বাইয়ে রক্ত্যাবোল, গুজরাটে হিরাবোল, ফারসীতে মুর, আরবীতে মুরসাফ, মুরসফী, ডাক্তারী নাম Myrrha. মার।

## স্ফটিকাখ্যাদিনামগুণাঃ।

স্ফটিকাখ্যামৃতা কাঙ্ক্ষী মৃৎস্না সৌরাষ্ট্রসম্ভবা।
দৃঢ়রঙ্গা রঙ্গদৃঢ়া রঙ্গা পিঙ্গা চ কথ্যতে॥
আঢ়কী তুবরী ত্বন্যা মৃত্তিকা সুরমৃত্তিকা॥
স্ফটিকাখ্যা কষায়োষ্ণা বাতপিত্তকফব্রণান্।
নিহন্তি শ্বিত্রবীসর্পান্ তুবরী তদ্‌গুণা স্মৃতা।

পর্য্যায়।—স্ফটিকাখ্যা, অমৃতা, কাঙ্ক্ষী, মৃৎস্না, সৌরাষ্ট্রসম্ভবা, দৃঢ়রঙ্গা, রঙ্গদৃঢ়া, রঙ্গা, পিঙ্গা এই কয়টী ফটকারির এবং আঢ়কী, তুবরী, সুরমৃত্তিকা, এই কয়টী সৌরাষ্ট্রমৃত্তিকার সংস্কৃত নাম।

গুণ।—ফট্‌কিরী কষায়, উষ্ণবীর্য্য, বাত, কফ, পিত্ত, ব্রণ, শ্বিত্র ও বিসর্প রোগনাশক। তুবরী বা সৌরাষ্ট্রমৃত্তিকার গুণ ফট্‌কিরির ন্যায়।

---

## সমুদ্রফেননামগুণাঃ।

সমুদ্রফেনো হিণ্ডীরঃ ফেনো বারিকফোঽব্ধিজঃ।
সমুদ্রফেনশ্চক্ষুষ্যো লেখনঃ শমনঃ সরঃ॥
কফকণ্ঠগতান্ রোগান্ পিত্তঞ্চৈব বিনাশয়েৎ॥

পর্য্যায়।—সমুদ্রফেন, হিণ্ডীর, ফেন, বারিকফ, অব্ধিজ, এইগুলি সমুদ্র-ফেনের সংস্কৃত নাম। †

গুণ।—সমুদ্রফেন চক্ষুর জ্যোতির্বর্দ্ধক, লেখন অর্থাৎ কৃশতাকারক, সারক, ত্রিদোষ, কফ, কণ্ঠ রোগ ও পিত্তদোষনাশক।

---

* দেশভেদে নামভেদ।—ইহার হিন্দীনাম ফট্‌কারী, মহারাষ্ট্রে তুটী ফটকড়ী। ডাক্তারী নাম Alum. য়্যালম্।

† দেশভেদে নামভেদ। ইহাকে হিন্দুস্থানে ও মহারাষ্ট্রে সমুদ্রফেন গুজরাটে সমদর ফীণ, কর্ণাটে কড়ল নাগলে, তৈলঙ্গে সামুদ্র নালিকে, ফারসীতে কফেদরিয়া ও আরবীতে জুবহুল্লেহের বলে। লাটিন নাম Sepia officinalis.

## প্রবালনামগুণাঃ।

প্রবালং বিদ্রুমং সিন্ধুলতাগ্রং রক্তবর্ণকম্।
প্রবালং মধুরং চাম্লং কফপিত্তহরং সরম্।
পুষ্টিকান্তিবহ্নিকরং বর্দ্ধনং বলশুক্রয়োঃ॥

পর্য্যায়।—প্রবাল, বিদ্রুম, সিন্ধুলতাগ্র ও রক্তবর্ণক এইগুলি প্রবালের সংস্কৃত নাম। *

গুণ।—প্রবাল মধুরাম্লরস, সারক, পুষ্টিকর, কান্তিবর্দ্ধক, বহ্নিকর, বল ও শুক্রবর্দ্ধক, পিত্ত ও কফনাশক।

---

## মৌক্তিকনামগুণাঃ।

মৌক্তিকং শৌক্তিকং মুক্তাফলং মুক্তা চ শুক্তিজম্।
মৌক্তিকং মধুরং শীতং রোগঘ্নং বিষনাশনম্॥
বল্যং বৃষ্যং কষায়ঞ্চ চক্ষুষ্যং ক্ষয়রোগনুৎ।

পর্য্যায়।—মৌক্তিক, শৌক্তিক, মুক্তাফল, মুক্তা ও শুক্তিজ এই কয়টী মুক্তার সংস্কৃত নাম। †

---

* দেশভেদে নামভেদ। ইহার নাম হিন্দুস্থানে মূগা, মহারাষ্ট্রে পোংবলেং গুজরাটে পরবালা, কর্ণাটে অবলেহবত, তৈলঙ্গে প্রবালকং, পাগলু, ফারসীতে মিরজান্, বেথবিরজাং, আরবীতে এহেমথুম্স্দ। ইংরাজীতে Red coral. ল্যাটীনে Caralum rubrum. বলে।

† দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে মোতী, মহারাষ্ট্রে মোতাং, গুজরাটে মোতী, কর্ণাটে মৌক্তিক, তৈলঙ্গে মোত্যালু, ফারসীতে মথারিদ, আরবীতে লোলো, ইংরাজীতে Pearl. ল্যাটীনে Margarita. ডাক্তারী নাম Pearl.

গুণ।—মুক্তা মধুর কষায়রস, শীতবীর্য্য, বলকর, বীর্য্যবর্দ্ধক, সর্ব্বরোগ, চক্ষুষ্য, ক্ষয়রোগ ও বিষদোষনাশক।

---

## মাণিক্যনামানি।

মাণিক্যং পদ্মরাগং স্যাদ্বসু রত্নং সুরত্নকম্ ।

পর্য্যায়।—মাণিক্য, পদ্মরাগ, বসু, রত্ন ও সুরত্নক এই কয়টী মাণিক্যের সংস্কৃত নাম। *

---

## সূর্য্যকান্তনামানি।

সূর্য্যকান্তঃ সূর্য্যমণিঃ সূর্য্যাক্ষো দহনোপলঃ ।

পর্য্যায়।—সূর্য্যকান্ত, সূর্য্যমণি, সূর্য্যাক্ষ ও দহনোপল এই কয়টী সূর্য্যকান্তের সংস্কৃত নাম।

---

## চন্দ্রকান্তনামানি।

চন্দ্রকান্তশ্চন্দ্রমণিঃ স্ফটিকঃ স্ফটিকোপলঃ ।

পর্য্যায়।—চন্দ্রকান্ত, চন্দ্রমণি, স্ফটিক, স্ফটিকোপল এইগুলি চন্দ্রকান্তের সংস্কৃত নাম।

---

## গোমেদনামানি।

গোমেদং সুন্দরং পীতরত্নং তৃণচরং তথা ॥

* দেশভেদে নামভেদ।—হিন্দুস্থানে মাণক, লাল, মহারাষ্ট্রে মাণিক, গুজরাটে মণ্যক, চুনী, কর্ণাটে মাণক, তৈলঙ্গে মাণিক্যং, ফারসীতে লাল-বদপশানী, আরবীতে লাল বলে। ইংরাজীতে Ruby. ল্যাটীনে Rubinus.

পর্য্যায়।—গোমেদ, সুন্দর, পীতরত্ন, তৃণচর এইগুলি গোমেদ মণির সংস্কৃত নাম।

## হীরক নামানি।

হীরকং ভিদুরং বজ্রং সূচীবক্ত্রং বরাহকম্।

পর্য্যায়।—হীরক, ভিদুর, বজ্র, সূচীবক্ত্র, বরাহক এই কয়টী হীরার সংস্কৃত নাম। *

## নীল-বৈদূর্য্যনামানি।

নীলরত্নং নীলমণির্নীলাশ্মা চেন্দ্রনীলকম্।
বিদূরজং কেতুরত্নং বৈদূর্য্যং বালবায়জম্॥

পর্য্যায়। নীলরত্ন, নীলমণি, নীলাশ্মা ও ইন্দ্রনীলক এইকয়টী নীলমণির এবং বৈদুর্য্য, বালবায়জ, বিদূরজ ও কেতুরত্ন এইকয়টী বৈদুর্য্যের সংস্কৃত নাম। বৈদুর্য্যের হিন্দিনাম লহশুনিয়া।

## মরকতনামানি।

গারুত্মতং মরকতং দৃষদ্গর্ভং হরিন্মণিঃ।

* দেশভেদে নামভেদ।—হিন্দুস্থানে ও মহারাষ্ট্রে হীরা, গুজরাটে হিরো, কর্ণাটে বজ্র, তৈলঙ্গে বজ্রং. ফারসীতে ইল্মাশ বলে। ল্যাটীনে Pure careon Adams, ডাক্তারী নাম Diamond, ডায়মণ্ড।

পর্য্যায়। গারুত্মত, মরকত, দৃষদ্গর্ভ ও হরিন্মণি এইকয়টী মরকতের সংস্কৃত নাম। *

---

## মুক্তাস্ফোট নামানি। ( ঝিণুক )

মুক্তাস্ফোটোঽব্ধিমণ্ডূকী শুক্তির্মৌক্তিকমন্দিরম্॥

পর্য্যায়। মুক্তাস্ফোট, অব্ধিমণ্ডূকী, শুক্তি ও মৌক্তিকমন্দির এই কয়টী শুক্তির ( ঝিণুকের ) সংস্কৃত নাম।

---

## প্রবালাদীনাং গুণাঃ।

প্রবাল শুক্তিমাণিক্য সূর্য্যশীতকরোপলাঃ।
গোমেদবজ্র বৈদূর্য্য নীলগারুত্মতাদয়ঃ॥
চক্ষুষ্যা লেখনাঃ শীতাঃ কষায়া মধুরাঃ সরাঃ।
মঙ্গল্যা ধারণাৎ শ্রীদা দুষ্টগ্রহবিষাপহাঃ॥

গুণ।—প্রবাল, শুক্তি, মাণিক্য, সূর্য্যকান্ত, চন্দ্রকান্ত, গোমেদ, হীরক, বৈদূর্য্য, নীলরত্ন ও মরকত প্রভৃতি মণি সকল, চক্ষুষ্য, লেখনগুণযুক্ত, শীতবীর্য্য, কষায় মধুররস, সারক, মঙ্গলসূচক, ইহাদের ধারণে দুষ্টগ্রহাদিপীড়া ও বিষদোষ নষ্ট ও লাবণ্য বর্দ্ধিত হয়।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে পন্না, মহারাষ্ট্রে পাচূরত্ন, গুজরাটে লীলুস্পান্ত, কর্ণাটে পাচীপচ্চে, তৈলঙ্গে নীলম্, ফারসীতে জুমুরংইপ, আরবীতে জুমুইদ্, ইংরাজীতে Emerald, ল্যাটীনে Samaragdus. বলে।

## শঙ্খনামগুণাঃ।

শঙ্খ কম্বুর্জলচরো বারিজো দীর্ঘনিঃস্বনঃ।
শঙ্খো হি কটুকঃ পাকে কষায়ো মধুরো লঘুঃ॥
চক্ষুষ্যো লেখনঃ পক্তিশূলশ্বাসকফাস্রজিৎ।

পর্য্যায়।—শঙ্খ, কম্বু, জলচর, বারিজ, দীর্ঘনিঃস্বন, এইগুলি শঙ্খের সংস্কৃত নাম।

গুণ।—শঙ্খ পাকেকটু, কষায় মধুররস, লঘু, লেখনগুণযুক্ত, নেত্রের হিতকর, শীতল, পরিণামশূল, শ্বাস, কফ ও রক্তদোষ নাশক।

---

## লঘুশঙ্খ-কর্পর্দ্দক নামগুণাঃ।

শঙ্খো লঘুঃ শঙ্খনখঃ শম্বূকা বারিশুক্তয়ঃ।
কপর্দাঃ ক্ষুল্লকা জ্ঞেয়া বরাটাশ্চ বরাটকাঃ॥
লঘুশঙ্খাদয়ঃ শীতা দীপনা স্ফোটনাশনাঃ।
কটূরুক্ষা গুল্মশূল কফশ্বাসবিষাপহাঃ॥

পর্য্যায়। লঘুশঙ্খ, শঙ্খনখ, শম্বুক ও বারিশুক্তি, এইকয়টী ছোটশঙ্খের (শামুক জোঙ্গড়ার) ও কপর্দ্দ, ক্ষুল্লক, বরাট ও বরাটক এইকয়টি বরাটকের (কড়ির) সংস্কৃত নাম।

গুণ।—ক্ষুদ্রশঙ্খাদি শীতবীর্য্য, অগ্নিদীপক, কটু, রুক্ষ, ফোড়া, গুল্ম, শূল, কফ, শ্বাস ও বিষনাশক॥

---

## খটী-গৌরপাষাণ নামগুণাঃ।

খটী চ কঠিনী চাপি খটিনী লেখনী তথা।
শ্বেতধাতুঃ স্বর্ণলেখা পাকশুক্লা চ বর্ণিকা॥
তদ্ভেদো গৌরপাষাণস্তথা গৌরখটীতি চ।
খটী তিক্তা চ মধুরা পিত্তব্রণকফাপহা।
নেত্র দাহাস্রনুচ্ছীতা গৌরগ্রাবাপি তদ্‌গুণঃ॥

পর্য্যায়। খটী, কঠিনী, খটিনী, লেখনী, শ্বেতধাতু, স্বর্ণলেখা, পাকশুক্লা ও বর্ণিকা এইকয়টী খড়ীর এবং আর একপ্রকার খড়ী আছে, গৌরপাষাণ, গৌরখটী, এইদুইটী গৌরপাষাণের সংস্কৃত নাম।

গুণ—খটী তিক্ত মধুররস, শীতবীর্য্য, পিত্ত, ব্রণ, কফ, দাহ, রক্তদোষ ও নেত্ররোগ নাশক। গৌরপাষাণের গুণ খটীর ন্যায়।

---

## পঙ্ক-বালুকা নামগুণাঃ।

পঙ্কঃ কর্দ্দমকো জ্ঞেয়ো বালুকা সিকতা মতা।
পঙ্কো দাহাস্রপিত্তার্ত্তি শোথঘ্নঃ শীতলঃ সরঃ।
বালুকা লেখনী শীতা ব্রণোরঃক্ষতনাশিনী॥

পর্য্যায়।—পঙ্ক, কর্দ্দমক এইদুইটী পঙ্কের এবং বালুকা ও সিকতা এইদুইটী বালুকার সংস্কৃত নাম।

গুণ।—পঙ্ক শীতল, সারক, দাহ, রক্তপিত্ত ও শোথরোগ নাশক। বালুকা লেখনগুণযুক্ত, শীতল, ব্রণ ও উরঃক্ষত নাশক।

---

## চুম্বক নামগুণাঃ।

চুম্বকঃ কান্তপাষাণোঽয়স্কান্তো লৌহকর্ষকঃ।
চুম্বকো লেখনঃ শীতো মেদোবিষগরাপহঃ॥

পর্য্যায়। চুম্বক, কান্তপাষাণ, অয়স্কান্ত, লৌহকর্ষক এইগুলি চুম্বকের সংস্কৃত নাম।

গুণ।—চুম্বক লেখনগুণযুক্ত, শীতল, মেদ, বিষ ও কৃত্রিম বিষ নাশক।

---

## কাচনামগুণাঃ।

কাচঃ কৃত্রিমরত্নং স্যাদ্ পিঙ্গাণং কাচভাজনম্।
কাচো বিদারণো ব্রণ্যশ্চক্ষুষ্যো লেখনো লঘুঃ॥

পর্য্যায়।—কাচ, কৃত্রিমরত্ন পিঙ্গাল ও কাচভাজন এইকয়টী কাচের সংস্কৃত নাম।

গুণ।—কাচ বিদারক, ব্রণনাশক, চক্ষুর জ্যোতিবর্দ্ধক, লেখন ও লঘু।

---

যো রাজ্ঞাং মুখতিলকঃ কটারমল্ল-
স্তেন শ্রীমদনৃপেণ নির্ম্মিতেঽত্র।
গ্রন্থেঽ ভূম্মদনবিনোদনাম্নি পূর্ণ-
শ্চিত্রোঽয়ং ললিতপদৈঃ সুবর্ণবর্গঃ॥

অশেষনৃপতিগণের মুখপাত্র কটারমল্ল, যিনি মদনপালনৃপ নামে প্রথিত ছিলেন, তাঁহার নির্ম্মিত মদনবিনোদ নামক এই গ্রন্থে ললিতপদ চিত্রিত সুবর্ণাদিবর্গ সম্পূর্ণ হইল।

ইতি মদনপালনিঘণ্টৌ সুবর্ণাদিবর্গঃ।

# অথ বটাদিবর্গঃ।

করেণ সংগৃহ্য কুচৌ মহিষ্যাঃ পয়ঃ পিবন্তং পুরুষং পুরাণম্।
বিচিত্রলীলং পরিশুদ্ধশীলং তমালনীলং শিশুমাশ্রয়ামি॥

গোপরাজমহিষী শ্রীমতী যশোদাদেবীর স্তনদ্বয় হস্তদ্বারা ধারণপূর্ব্বক স্তনদুগ্ধ পানশীল, অদ্ভুত লীলাপরায়ণ, বিশুদ্ধ চরিত্র, তমালদলবৎ নীলবর্ণ, পুরাণপুরুষ, শিশুরূপী শ্রীকৃষ্ণকে আশ্রয় করিতেছি।

## বটনামগুণাঃ।

বটো রক্তফলো ক্ষীরী বহুপাদো বনস্পতিঃ।
যক্ষাবাসঃ পদারোহী ন্যগ্রোধঃ স্কন্ধজো ধ্রুবঃ॥
বটঃ শীতো গুরুর্গ্রাহী কফপিত্তব্রণাপহঃ॥
বর্ণ্যো বিষর্পদাহঘ্নঃ কষায়ো যোনিদোষহৃৎ॥

পর্য্যায়।—বট, রক্তফল, ক্ষীরী, বহুপাদ, বনস্পতি, যক্ষাবাস, পদারোহী, ন্যগ্রোধ, স্কন্ধজ ও ধ্রুব এই কয়টী বটের সংস্কৃত নাম। *

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে বড়, মহারাষ্ট্রে বড়, কর্ণাটে আল, তৈলঙ্গে মর্রিচেট্টু, মারি ও পেড়িমরি, উৎকলে বোরু, তামিলে অল, গুজরাটে বড়, ফারসীতে দরখিত বেশা, বডবাই, ঐশাএব গর্দ্দ ও আরবীতে জাতুদবাইবথঅজাব। ডাক্তারী নাম The Banyan tree. দি বেনিয়ন টি।

গুণ।—বট শীতবীর্য্য, গুরু, গ্রাহী, কষায়রস, বর্ণকারক, বিষ, দাহ, যোনিদোষ, কফ, পিত্ত ও ব্রণনাশক।

---

## পিপ্পল নামগুণাঃ।

পিপ্পলঃ শ্যামলোঽশ্বত্থঃ ক্ষীরবৃক্ষো গজাশনঃ।
হরিবাসশ্চলদলো মঙ্গল্যো বোধিপাদপঃ॥
পিপ্পলো দুর্জরঃ শীতঃ পিত্তশ্লেষ্মব্রণাস্রজিৎ।
গুরুঃ কষায়ো মধুরো বল্যশ্চ যোনিদোষহৃৎ॥

পর্য্যায়।—পিপ্পল, শ্যামল, অশ্বত্থ, ক্ষীরবৃক্ষ, গজাশন, হরিবাস, চলদল, মঙ্গল্য, বোধিপাদপ এইকয়টী অশ্বত্থের সংস্কৃত নাম। *

গুণ।—অশ্বত্থ দুর্জর, শীতল, গুরুপাক, কষায়মধুররস, বলকারক, যোনি-দোষ, পিত্ত, কফ, ব্রণ ও রক্তদোষ নাশক।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে পীপলবৃক্ষ, মহারাষ্ট্রে পিম্পল, তৈলঙ্গে রাইচেট্টু, কুলুজুবিবচেট্টু, গুজরাটে পিপলো, কর্ণাটে অরলী, ফরাসীতে দরখতলরজাং বলে। ডাক্তারী নাম Fieus religiosa. ফিকস্ রিলিজিওসা। ইংরাজীতে Poplar leavrel figtree.

## পারিশাশ্বত্থকনামগুণাঃ।

পারিশোঽন্যঃ ফলীশঃ স্যাৎ কপিভূতঃ কপীতনঃ।
পারিশাশ্বত্থকো বৃষ্যঃ স্নিগ্ধঃ শ্লেষ্মকৃমিপ্রদঃ॥
ফলেঽম্লো মধুরো মূলে কষায়ঃ স্বাদুমজ্জকঃ॥

পর্য্যায়।—পারিশ, ফলীশ, কপিভূত ও কপীতন এইকয়টী গয়াশ্বত্থ পলাশপিঁপুল বা পারিশাশ্বত্থের সংস্কৃত নাম।

গুণ।—পারিশাশ্বত্থ বৃষ্য, স্নিগ্ধ, কফকর ও কৃমিপ্রদ। ইহার ফল মধুর অম্লরস, মূল কষায়রস ও মজ্জা স্বাদুরস।

---

## উডুম্বরনামগুণাঃ।

উডুম্বরঃ ক্ষীরবৃক্ষো জন্তুবৃক্ষঃ সদাফলঃ।
হেমদুগ্ধঃ কৃমিফলো যজ্ঞাঙ্গঃ শীতবল্কলঃ।
উডুম্বরো হিমো বর্ণ্যঃ কফপিত্তাস্রজিদ্‌গুরুঃ॥
মধুরস্তুবরো রূক্ষঃ ব্রণশোধনরোপণঃ॥

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে পারিশপিপল ও গজদণ্ড, মহারাষ্ট্রে পাসনপিম্পল ভেণ্ড, গুজরাটে পারসপিপলো, কর্ণাটে বঙ্গরলী, তৈলঙ্গে গঙ্গরেয়, ঘেনগাখী, বোম্বায়ে ভেন্দি মরম, ফরাসীতে বলাস বেল্য বলে। ইহার ডাক্তারী নাম The tulip tree. দি টুলিপ ট্রি। ল্যাটীনে Thaspesia Pahulnea.

পর্য্যায়।—উদুম্বর, ক্ষীরবৃক্ষ, জন্তুবৃক্ষ, সদাফল, হেমদুগ্ধ, কৃমিফল, যজ্ঞাঙ্গ ও শাতবল্কল এইগুলি উদুম্বরের (যজ্ঞডুম্বুরের) সংস্কৃত নাম। *

গুণ।—উদুম্বর শীতল, বর্ণকারক, গুরু, মধুর কষায়রস, রুক্ষ, ব্রণের শোধক ও নাশক এবং কফ, পিত্ত ও রক্তদোষ নাশক।

---

## কাকোদুম্বরিকানামগুণাঃ।

কাকোদুম্বারিকা ফল্গুর্মলপুশ্চিত্রভেষজম্।
কাকোদুম্বরিকা তদ্বদ্বিশেষাচ্ছ্বিত্রনাশিনী॥

পর্য্যায়।—কাকোডুম্বরিকা, ফল্গু, মলপুঃ ও চিত্রভেষজ এইকয়টী কাক-ডুমুরের সংস্কৃত নাম। †

গুণ।—কাকডুমুর উডুম্বরের ন্যায় গুণযুক্ত, বিশেষতঃ ইহা শ্বিত্র অর্থাৎ ধবলরোগ নাশক।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে গুর্জ্জরদেশে ও হিন্দুস্থানে গুলর, মহা-রাষ্ট্রে উম্বর ও উৎকলে উডুম্বর, গুজরাটে উংবরো, কর্ণাটে অত্তি, তৈলঙ্গে বাডুচেট্টু, ফরাসীতে অংজীরে আদম, আরবীতে জমীঝ বলে। ইংরাজীতে Kegtree, ডাক্তারী নাম Glomerius fig tree. গ্লোমিরিয়স্ ফিগট্রি। ল্যাটীনে Ficus glomirata.

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে তটমিলা, কঠুমর, মহারাষ্ট্রে বোথাড়া, কালাউম্বর, তৈলঙ্গে ব্রহ্মমেড়িচেট্টু, কাকীবাডুচেট্টু, গুজরাটে টেঢ়উম্বরো, কর্ণাটে কাঅতি, ফারসীতে অংজীরেদস্তী, আরবীতে তনবরি, বলে। ইহার ডাক্তারী নাম Ficus Opposetifolia. ফিকাস্ অপো-জেটিফোলিয়া।

## প্লক্ষনামগুণাঃ।

প্লক্ষঃ প্লবশ্চারুবৃক্ষঃ সুপার্শ্বো গর্দ্দভাণ্ডকঃ।
বটী কমণ্ডলুর্যূপঃ পিপ্পরিশ্চারুদর্শনঃ॥
প্লক্ষঃ শীতো ব্রণশ্লেষ্মপিত্তশোথবিসর্পজিৎ॥

পর্য্যায়।—প্লক্ষ, প্লব, চারুবৃক্ষ, সুপার্শ্ব, গর্দ্দভাণ্ডক, বটী, কমণ্ডলু, যূপ, পিপ্পরি, চারুদর্শন এইকয়টী পাকুড়ের সংস্কৃত নাম। *

গুণ।—পাকুড় শীতবীর্য্য, ব্রণ, শ্লেষ্ম, পিত্ত, শোথ ও বিসর্পরোগনাশক।

---

## ক্ষীরিবৃক্ষনামগুণাঃ।

ন্যগ্রোধোদুম্বরাশ্বত্থপারিষপ্লক্ষ পাদপাঃ।
পঞ্চৈতে ক্ষীরিণঃ প্রোক্তাস্তেষাং ত্বক্ পঞ্চবল্কলম্।
ত্বক্পঞ্চকং হিমং গ্রাহি ব্রণশোথবিসর্পজিৎ।
কেচিত্তু পারিষস্থানে শিরীষং বেতসং পরে॥
ক্ষীরবৃক্ষা হিমা বর্ণ্যা যোনিদোষব্রণাপহাঃ।
শোথপিত্তকফাস্রঘ্নাঃ স্তন্যা ভগ্নাস্থিযোজকাঃ॥
তেষাং পত্রং হিমং গ্রাহি কফবাতাস্রনুল্লঘু।
ফলং বিষ্টম্ভি সংগ্রাহি রক্তপিত্তকফাপহম্॥

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে পাকড়ি, পাখর ও পিলখন, তৈলঙ্গে গঙ্গরয় জুব্বি এবং তামিলে পোরিশরাবি, মহারাষ্ট্রে পীম্পরীবৃক্ষ, গুজরাটে পীপর্য্য, কর্ণাটে বসুরি। ইহার ডাক্তারী নাম Wavedleaffigtree. ওয়েভডলিফফিগ ট্রী। ল্যাটীনে Ficus viranee.

ন্যগ্রোধ, উডুম্বর, অশ্বত্থ, পারিষ ও প্লক্ষ এই পাঁচটী ক্ষীরিবৃক্ষ। ইহাদের ত্বক্‌কে পঞ্চবল্কল কহে।

গুণ।—ইহাদের পাঁচ প্রকারের ত্বক্ শীতল, মলবদ্ধকর, ব্রণ, শোথ ও বিসর্পনাশক। কেহ কেহ পারিষ স্থানে শিরীষ ও কেহ বা বেতস হইবে বলেন। ক্ষীরিবৃক্ষ সকল শীতবীর্য্য, স্তনদুগ্ধবর্দ্ধক, ভগ্নাস্থির সংযোজক। ব্রণরোগ, যোনিদোষ, শোথ, পিত্ত, কফ ও রক্তদোষনাশক।

পঞ্চপ্রকার ক্ষীরিবৃক্ষের পত্র শীতল, গ্রাহি, লঘু। কফ, বায়ু, রক্তপিত্ত-নাশক। ইহাদের ফল বিষ্টম্ভজনক, সংগ্রাহি, রক্তপিত্ত ও কফনাশক।

---

## নন্দীবৃক্ষনামগুণাঃ। (গয়াশ্বত্থ)

নন্দীবৃক্ষোঽশ্বত্থভেদঃ প্ররোহী গজপাদপঃ।
নন্দীবৃক্ষোঽশ্বত্থগুণো লঘূষ্ণো গরনুৎ সরঃ॥

পর্য্যায়।—অধোমুখপত্র ও শাখাবিশিষ্ট অশ্বত্থবৃক্ষকে নন্দীবৃক্ষ বলে। নন্দীবৃক্ষ, অশ্বত্থভেদ, প্ররোহী, গজপাদপ এইগুলি নন্দীবৃক্ষের সংস্কৃত নাম। *

গুণ।—নন্দীবৃক্ষ অশ্বত্থের ন্যায় গুণযুক্ত, লঘু, উষ্ণবীর্য্য, সারক ও কৃত্রিম বিষনাশক।

---

## কদম্ব-ধারাকদম্বনামগুণাঃ।

কদম্বো গন্ধমৃৎপুষ্পঃ সীধুপুষ্পো হরিপ্রিয়ঃ।
অন্যো ধারাকদম্বঃ স্যান্নীপো রাজকদম্বকঃ॥

---

* দেশভেদে নামভেদ।—নন্দীবৃক্ষের হিন্দীনাম বেলিয়াপিপল ও তৈলঙ্গী নাম বট্টিচেট্ট।

মহোন্নতঃ প্রাবৃষেণ্যঃ পুলকী ভৃঙ্গবল্লভঃ ॥
কদম্বঃ শীতলঃ শ্লেষ্মপিত্তরক্তগদাপহঃ ॥
কটুস্তিক্তঃ কষায়শ্চ বৃষ্যো বিষ্টম্ভকৃদ্ গুরুঃ ।

পর্য্যায়।—কদম্ব দুই প্রকার, কদম্ব ও ধারাকদম্ব। কদম্ব, গন্ধমৃৎপুষ্প, সীধুপুষ্প, হরিপ্রিয় এই কয়টী কদম্বের এবং ধারাকদম্ব, নীপ, রাজকদম্ব, মহোন্নত, প্রাবৃষেণ্য, পুলকী ও ভৃঙ্গবল্লভ এই কয়টী ধারাকদম্বের ( কেলি-কদম্বের ) সংস্কৃত নাম। *

গুণ।—উভয় কদম্বই শীতবীর্য্য, কটু তিক্ত কষায়রস, বীর্য্যবর্দ্ধক, গুরুপাক, বিষ্টম্ভজনক, কফ, পিত্ত রক্তদোষ ইত্যাদি রোগনাশক।

---

## ককুভনামগুণাঃ। ( অর্জ্জুন )

ককুভোঽর্জ্জুননামা স্যান্নদীসর্জ্জঃ শঠদ্রুমঃ ।
হৃদ্রোগবৈরী বীরশ্চ বীরবৃক্ষশ্চ স স্মৃতঃ ॥
ককুভঃ শীতলো ভগ্নক্ষতক্ষয়বিষাস্রজিৎ ।
মেদোমেহব্রণকফপিত্তহৃদ্রোগহৃৎ সরঃ ॥

* দেশভেদে নামভেদ।—কদম্বের নাম হিন্দুস্থানে কদমকাপেড়, গুজরাটে কদম্ব, আরবীতে কদম্ব, মহারাষ্ট্রে রাজকদম্ব, ধূলিকদম্ব, কর্ণাটে ধূলিকড়উ কড়উ ও তৈলঙ্গে কড়িমিচেট্টু কদম্বচেট্টু। ডাক্তারী নাম Nauclea kadamba. নক্লিয়া কদম্ব। কেলিকদম্বের হিন্দিনাম হলদু, ঝারাকদম্ব, কদম্ব, মহারাষ্ট্রে ভূমিকদম্ব, কর্ণাটে ধারেয় কড়উ, তৈলঙ্গে মোগুলুকড়িমি, ইংরাজীতে Nauclia cordifolia. বলে।

পর্য্যায়।—ককুভ, অর্জ্জুননামা, নদীসর্জ্জ, শঠদ্রুম, হৃদ্রোগবৈরী, বীর, বীরবৃক্ষ এই কয়টি অর্জ্জুনের সংস্কৃত নাম। *

গুণ।—অর্জ্জুন শীতবীর্য্য, সারক, ভগ্ন, ক্ষত, ক্ষয়কাস, বিষ, রক্তদোষ, মেদ, মেহ, ব্রণ, কফ, পিত্ত ও হৃদ্রোগনাশক।

---

## শিরীষনামগুণাঃ।

শিরীষো শুকবৃক্ষশ্চ তথা লোমশপুষ্পকঃ।
মৃদুপুষ্পঃ শ্যামলশ্চ ভাণ্ডীরঃ শঙ্খিনীফলঃ॥
শিরীষঃ শীতলো ব্রণ্যো বিষবীসর্পশোথজিৎ॥
তুবরো মধুরস্তিক্তো লঘুঃ কাসবিনাশনঃ॥

পর্য্যায়।—শিরীষ, শুকবৃক্ষ, লোমশপুষ্পক, মৃদুপুষ্প, শ্যামল, ভাণ্ডীর, শঙ্খিনীফল ও শিরীষ এইকয়টী শিরীষের সংস্কৃত নাম। †

গুণ।—শিরীষ শীতবীর্য্য, কষায় মধুরতিক্তরস, লঘুপাক, ব্রণ, ক্ষয়কাস, বিষ, বিসর্প ও শোথনাশক।

---

* দেশভেদে নামভেদ।—অর্জ্জুনের নাম হিন্দুস্থানে কোহ, কৌহ, মহারাষ্ট্রে অর্জ্জুনসাঢ়ড়া ও সারটোল, কর্ণাটে তাংরেমণ্ডি, গুজরাটে কড়ায়ো, তৈলঙ্গে মটিচেট্টু। ডাক্তারী নাম **Farminalia Arjuna.** ফার্ম্মেনেলিয়া অর্জ্জুন।

† দেশভেদে নামভেদ।—ইহা হিন্দুস্থানে শিরীষ, সিরস, লস্‌রীন ও কলসিস্ এবং তৈলঙ্গে দিরসন, মহারাষ্ট্রে শিরসী, গুজরাটে শরশডো, কর্ণাটে শিরসু, ফারসীতে দরখতে জকরিয়া, তুখ্‌তে দরখমে জকরিয়া, আরবীতে সুলতানুল অসজার নামে অভিহিত হয়। ইহার ডাক্তারী নাম **Acacia Lebbec.** অ্যাকেসিয়া লেবেক্।

## আর্ত্তগলনামগুণাঃ। ( নীলঝিণ্টী )

অর্গটঃ স্যাদার্ত্তগলো বহুকণ্টঃ প্রঘর্ষণঃ।
অর্গটস্তুবরঃ শীতো ব্রণশোধনরোপণঃ ॥

পর্য্যায়।—অর্গট, আর্ত্তগল, বহুকণ্ট ও প্রঘর্ষণ এইকয়টী আর্গটের সংস্কৃত নাম।

গুণ। –অর্গট কষায়রস, শীতবীর্য্য, ব্রণশোধক ও ব্রণরোপক।

---

## বেতস-জলবেতস-হিজ্জলনামানি।

বেতসো বঞ্জুলো নম্রো বানীরো দীর্ঘপত্রকঃ।
নাদেয়ো মধুপুষ্পোঽন্যস্তোয়কামো নিকুঞ্জকঃ ॥
জলৌকশ্চ তথাম্ভোজো নিচুলো জলবেতসঃ।
ইজ্জলো হিজ্জলো গুচ্ছঃ পলা স্যাৎ কচ্ছপোলিকা ॥

পর্য্যায়।—বেতস, বঞ্জুল, নম্র, বানীর, দীর্ঘপত্রক, নাদেয় ও মধুপুষ্প এই কয়টী বেতসের*, তোয়কাম, নিকুঞ্জক, জলৌকঃ,অম্ভোজ,নিচুল, জলবেতস †

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম মহারাষ্ট্রে বেড়িস্থ, ধোরবেত, কর্ণাটে বেতসু বেড়িমু, হিন্দীতে বেতং, জলবেত, গুজরাটে নেতর, পারসীতে বেত, আরবীতে খলাফ, তৈলঙ্গে জীতজুরলুকী, ইংরাজীতে Cane ইহার ডাক্তারী নাম Calamus rotong. কালামস্ রোটং।

† দেশভেদে নামভেদ।—ইহাকে মহারাষ্ট্রে বঞ্জালু, কর্ণাটে বৈসেয়মরণু বলে।

এই কয়টী জলবেতসের, এবং ইজ্জল, হিজ্জল, গুচ্ছ, পলা, কচ্ছপোলিকা এইকয়টী হিজলের সংস্কৃত নাম।

---

## বেতস-জলবেতস-হিজ্জলগুণাঃ।

বেতসঃ শীতলো দাহ শোফার্শোযোনিরুগ্ব্রণান্।
হন্তি বীসর্পকৃচ্ছ্রাস্রপিত্তাশ্মরিকফানিলান্॥
জলজো বেতসঃ শীতঃ সংগ্রাহী বাতকোপনঃ।
ইজ্জলস্তদ্গুণঃ প্রোক্তো বিশেষাদ্বিষনাশনঃ॥

গুণ।—বেতস শীতবীর্য্য, দাহ, শোথ, অর্শো, যোনিরোগ ও ব্রণ, বীসর্প, মূত্রকৃচ্ছ্র, রক্তপিত্ত, অশ্মরী, কফ ও বায়ুরোগ নাশক। জলবেতস শীতল, সংগ্রাহী, বাতপ্রকোপক। ইজ্জল অর্থাৎ হিজলের গুণ বেতসের ন্যায়, বিশেষতঃ ইহা বিষনাশক।

---

## শ্লেষ্মান্তকনামগুণাঃ।

শ্লেষ্মান্তকঃ কর্বুদারঃ পিচ্ছলো ভূতপাদপঃ।
শেলুঃ শৈলুশ্চ শৈলূকঃ শৈলিকো দ্বিজকুৎসিতঃ॥

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে সমুন্দর ফল, ইজর, মহারাষ্ট্রে পর্য্যলু, কর্ণাটে তোরেগণগিলে, উৎকলে কিঞ্জোলো, বোম্বায়ে সধুন্দ্রফল ও পরেল বলে। ইহার ডাক্তারী নাম Enginia Acutanguala. ইঞ্জিনিয়া অ্যাকুটাঙ্গুলা।

শ্লেষ্মান্তকো বিষস্ফোট ব্রণবীসর্পকুষ্ঠজিৎ।
মধুরস্তুবরস্তিক্তঃ কেশ্যশ্চ কফপিত্তহৃৎ॥
ফলমামন্তু বিষ্টম্ভি রুক্ষং পিত্তকফাস্রজিৎ।
পক্কং তু মধুরং স্নিগ্ধং শ্লেষ্মলং শীতলং গুরু॥

পর্য্যায়।—শ্লেষ্মান্তক, কবুর্দার, পিচ্ছল, ভূতপাদপ, শেলু, শৈলু, শৈলুক, শৈলিক ও দ্বিজকুৎসিত এইগুলি চালিতার সংস্কৃত নাম।

গুণাদি।—চালিতা মধুর কষায় তিক্তরস, কেশবর্দ্ধক, কফ, পিত্ত, বিষ, স্ফোটক, ব্রণ, বিসর্প ও কুষ্ঠনাশক। ইহার কাঁচাফল বিষ্টম্ভকর, রক্তপিত্ত, কফ ও রক্তদোষ নাশক। পাকাফল, মধুর, স্নিগ্ধ, শ্লেষ্মজনক, শীতবীর্য্য ও গুরুপাক।

---

## পীলুনামগুণাঃ।

পীলুঃ শীতসহঃ স্রংসী তীক্ষ্ণস্তু করভপ্রিয়ঃ।
সহস্রাঙ্গী গুড়ফলস্তৎফলং পীলু পীলুজম্॥
পীলূষ্ণং দীপনং ভেদি রক্তপিত্তকরং লঘু।
গুল্মার্শঃ প্লীহবাতাশ্মকফহারি রসায়নম্॥

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে লিসোড়া, লভেরা, বোম্বায়ে ভোক্কির, মহারাষ্ট্রে ভোক্কর, শেলবণ্ট, গুজরাটে গুন্দোমোটো, কর্ণাটে চেলু গোন্দিণী, তৈলঙ্গে নাকেরু, মুককেরু। আরবীতে সেফিস্তান্ দবক, উৎকলে অড়, তামিলে বিড়ি ও ফারসীতে সিপিস্তান্। ইংরাজীতে Narrow leaved Sepistun ডাক্তারী নাম Cordia myxa. কর্ডিয়া মিক্‌সা।

পর্য্যায়।—পীলু, শীতসহ, স্রংসী, তীক্ষ্ণ, করভপ্রিয়, সহস্রাঙ্গী ও গুড়ফল এই কয়টী পীলুবৃক্ষের পর্য্যায়। পীলুর ফলকে পীলু ও পীলুজ বলে। *

গুণ।—পীলু উষ্ণবীর্য্য, অগ্নিবর্দ্ধক, মলভেদক, রক্তপিত্তজনক, লঘুপাক। ইহা গুল্ম, অর্শঃ, প্লীহা, বায়ু, অশ্মরী (পাথরী) ও কফনাশক এবং রসায়ন-গুণযুক্ত।

---

## শাকনামগুণাঃ। (সেগুনগাছ)

শাকঃ খরচ্ছদো ভূমিসহো দীর্ঘচ্ছদো মতঃ।
তথা ক্রকচপত্রশ্চ স্থিরসারো গৃহদ্রুমঃ॥
শাকঃ শ্লেষ্মানিলাস্রঘ্নো গর্ভসন্ধানদো হিমঃ।
স্বাদুঃ কষায়ো বলকৃৎ রূক্ষো দাহজ্বরাপহঃ॥

পর্য্যায়।—শাক, খরচ্ছদ, ভূমিসহ ও দীর্ঘচ্ছদ, ক্রকচপত্র, স্থিরসার ও গৃহদ্রুম এই কয়টী শাক অর্থাৎ সেগুন গাছের পর্য্যায়। †

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দীতে পীলু, বড়াপিলু, মহারাষ্ট্রে লঘু পিলু, তৈলঙ্গে গোলুগুচেট্টু ও পিন্নবরগোগু, বোম্বাইয়ে কক্হন্, তামিলে কেকু, গুজরাটে খারীজাল্য, মোটীজাল্য, কর্ণাটে দোড্‌পীলু, ফারসীতে দর্খতে মিস্বাক, আরবীতে ঈরাক, ইংরাজীতে Mustard tree of scripture, ল্যাটীনে Salvadora Persica. ডাক্তারী নাক Tooth brush Tree. টুথ ব্রস্‌ট্রি।

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে শাগোণ, সাগবন, উৎকলে সিঙ্গুরু, তামিলে টেক, বোম্বায়ে খরুপত্র, মহারাষ্ট্রে সোয়ে, সাগ, কর্ণাটে নৈগু, তৈলঙ্গে টেকুচেট্টু, গুজরাটে শাল, ফারসীতে ফিলগোস, আরবীতে ফিলজোশ্ উঞ্জুলূপিল বলে। ল্যাটীনে Teoctona grandis, ডাক্তারী নাম Teak tree টিক্ ট্রী।

গুণ।—সেগুণগাছ স্বাদু, কষায়রস, রুক্ষ, বলকর, গর্ভসংস্থাপক ও শীতবীর্য্য। ইহা দাহজ্বর, কফ, বায়ু ও রক্তদোষনাশক।

---

## শালনামগুণাঃ।

শালঃ সর্জ্জরসঃ সর্জ্জঃ চীরপর্ণোহগ্নিবল্লভঃ।
দীর্ঘশাখশ্চাশ্বকর্ণঃ কষায়ী জলদাশনঃ॥
শালো গ্রাহী ব্রণশ্লেষ্ম দগ্ধরুগ্বিষনুদ্ধিমঃ।
কটুতিক্তরসশ্চোষ্ণঃ স্নিগ্ধঃ পিত্তাস্রকুষ্ঠনুৎ॥

পর্য্যায়।—শাল, সর্জ্জরস, সর্জ্জ, চীরপর্ণ, অগ্নিবল্লভ, দীর্ঘশাখ, অশ্বকর্ণ, কষায়ী ও জলদাশন এই কয়টী শালবৃক্ষের পর্য্যায়।

গুণ।—শালবৃক্ষ শীতবীর্য্য, কটু তিক্তরস, উষ্ণবীর্য্য, স্নিগ্ধ, মলসংগ্রাহক, ব্রণ, পিত্ত, রক্তদোষ, কুষ্ঠ ও বিষ নাশক।

---

## তমালনামগুণাঃ।

তমাল উক্তস্তাপিচ্ছঃ কালস্কন্ধোহসিতদ্রুমঃ।
তমালো মধুরো বল্যো বৃষ্যশ্চ শীতলো গুরুঃ॥

---

* দেশভেদে নামভেদ।—শালকে হিন্দীতে সাল, সখুয়া ও সাংখু, তৈলঙ্গে এপচেট্টু, তামিলে কুঙ্গিলিয়ম্, গুজরাটে গল, মহারাষ্ট্রে লঘুরালেচা বৃক্ষ, সাজরা, কর্ণাটে সজ্জরদামর, ইংরাজীতে Saltree, বলে। ডাক্তারী নাম Shoria Robusta. সোরিয়া রোবাষ্টা।

কফপিত্ততৃষাদাহশ্রমশান্তিকরঃ স্মৃতঃ ॥
তথা শালগুণঃ শোথদাহবিস্ফোটহৃৎ পুনঃ ॥

পর্য্যায়।—তমাল, তাপিঞ্ছ, কালস্কন্ধ ও অসিতদ্রুম এইকয়টী তমালেরনাম।

গুণ।—তমালের গুণ শালবৃক্ষেরই ন্যায়, বিশেষতঃ ইহা শোথ, দাহ, ও বিস্ফোট নাশক। তমাল মধুর, বলকর, বীর্য্যবর্দ্ধক, শীতল, গুরুপাক, কফ, পিত্ত, তৃষ্ণা, দাহ ও শ্রম শান্তিকর।

---

## রক্তশ্বেতখদিরনামগুণাঃ।

খদিরো রক্তসারঃ স্যাৎ গায়ত্রী বালপত্রকঃ।
খদিরঃ শ্বেতসারোঽন্যঃ কার্ম্মুকঃ কুব্জকণ্টকঃ ॥
খদিরঃ শীতলো দন্ত্যঃ কৃমিমেহজ্বরব্রণান্।
শ্বিত্রশোথামপিত্তাস্রপাণ্ডুকুষ্ঠকফান্ জয়েৎ ॥
নির্য্যাসস্তস্য মধুরো বল্যঃ শুক্রবিবর্দ্ধনঃ।
সারস্তু বিশদো বল্যো মুখরোগকফাস্রজিৎ ॥

পর্য্যায়।—খদির, রক্তসার, গায়ত্রী ও বালপত্রক এইগুলি লালখদিরের নাম। শ্বেতসার, কার্ম্মুক ও কুব্জকণ্টক এই কয়টী শ্বেত খদিরের নাম।

* দেশভেদে নামভেদ।—খদিরকে হিন্দিতে মহারাষ্ট্রে ও উৎকলে খৈর, তৈলঙ্গে চড়েচেট্টু, কর্ণাটে কেম্পিন খৈর, গুজরাটে খেরিয়ো বলে। ডাক্তারী নাম Acacia catechu. অ্যাকেসিয়া ক্যাটেচু। শ্বেত খদিরকে হিন্দীতে সফেদ খৈর, পাপড়িয়া খৈর (কথা), মহারাষ্ট্রে পাণ্ডরা খৈর, কর্ণাটে বিলিয়-তত্রি, তৈলঙ্গে সবাসুতল্লচণ্ড, গুজরাটে গোরড বলে।

গুণ।—খদিরদ্বয় শীতল, দন্তের হিতকর, কৃমি, মেহ, জ্বর, ব্রণ, শ্বিত্রকুষ্ঠ, শোথ, আম, পিত্ত, রক্তদোষ, পাণ্ডু, কুষ্ঠ ও কফরোগ নাশক। ইহার নির্যাস অর্থাৎ আঠা মধুরাস্বাদ, বলকর, শুক্রবর্দ্ধক। ইহার সার বিশদ, বলকর, মুখরোগ, কফ ও রক্তদোষনাশক।

---

## ইরিমেদনামগুণাঃ।

ইরিমেদো বিট্‌খদিরো গোধাস্কন্ধোঽরিমেদকঃ।
অরিমেদঃ কষায়োষ্ণো মুখদন্তগদাস্রনুৎ॥
হন্তি কণ্ডূবিষশ্লেষ্ম কৃমিকুষ্ঠবিষব্রণান্॥

পর্য্যায়:—ইরিমেদ, বিট্‌খদির, গোধাস্কন্ধ ও অরিমেদক এই কয়টী বিট্‌খদির অর্থাৎ গুয়েবাব্‌লার পর্য্যায়।

গুণ।—গুয়েবাব্‌লা কষায়রস, উষ্ণবীর্য্য। ইহা মুখরোগ, দন্তরোগ ও রক্তদোষ, কণ্ডু, বিষ, কফ, কৃমি, কুষ্ঠ, বিষদোষ ও ব্রণ নাশক।

---

## বব্বূলনাম গুণাঃ।

বব্বূলঃ কিঙ্কিরালঃ স্যাৎ পীতকঃ পীতপুষ্পকঃ।
বব্বূলঃ গফনুদ্‌গ্রাহী কুষ্ঠ কৃমিবিষাপহঃ॥
রক্তপিত্তং কষায়েণ নিহন্তি দিনসপ্তকাৎ॥

---

* দেশভেদে নামভেদ।—অরিমেদকে হিন্দীতে দুর্গন্ধ খৈর, গন্ধাবুল, কর্ণাটে করর্য্যেলু, গুজরাটে ইরিমেদ, গন্ধিনো খৈর, মহারাষ্ট্রে গন্ধীয়হিংবর, শেণ্যা খৈর, ডাক্তারী নাম Mimosa. ইংরাজীতে Spongetree. বলে।

পর্য্যায়।—বব্বূল, কিঙ্কিরাল, পীতক, পীতপুষ্পক এই কয়টী বব্বূল অর্থাৎ বাব্‌লার পর্য্যায়। *

গুণ।—বাব্‌লা কফনাশক, মলসংগ্রাহক, কুষ্ঠ, কৃমি ও বিষনাশক। ইহার ক্বাথ এক সপ্তাহ পান করিলে রক্তপিত্ত রোগ নষ্ট হয়।

---

## বীজক নামগুণাঃ। (পিয়াল বিশেষ)

বীজকোঽসনকঃ সৌরী প্রিয়ঃ কামোঽলকপ্রিয়ঃ।
বীজকঃ কুষ্ঠবীসর্পশ্বিত্রমেহজ্বর কৃমীন্॥
হন্তি শ্লেষ্মাস্রপিত্তানি ত্বচ্যঃ কেশ্যো রসায়নঃ॥

পর্য্যায়।—বীজক, অসনক, সৌরী, প্রিয়, কাম্য, অলকপ্রিয় এই কয়টী বীজক অর্থাৎ পিয়াল বিশেষের আসনাগাছের পর্য্যায়। †

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে ববূর, কীকর, বাবুল, তৈলঙ্গে বলবংতুড়ু ও নল্লতুম্ম, বোম্বায়ে রোমকড়ি, মহারাষ্ট্রে বাভূল, কীকর, বাভলীচা গোঁদ, উৎকলে গুইড়া, দাক্ষিণাত্যে কলিকিকর, গুজরাটে বাব, কর্ণাটে পুলই, ফারসীতে মুগিলাং গোন, আরবীতে আমুগিলাং সিমগ, বঙ্গে। ডাক্তারী নাম Acacia arabica. অ্যাকেসিয়া অ্যারেবিকা। ল্যাটিনে Acacia gummi.

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে আসন, বিজয়সার, বিজয়সারকাগোঁদ, মহারাষ্ট্রে বিবলা, বিবল্যাচা গোঁদ, গুজরাটে বীয়াং, কর্ণাটে কেপিন্নহোনে, তৈলঙ্গে মদ্দি, বোম্বায়ে অইন, ফারসীতে কমরকস্ নামে অভিহিত হয়। ইংরাজীতে Indian kino tree. ডাক্তারী নাম Pentaptera tomentosa. পেণ্টাপ্টেরা টোমেন্‌টোসা।

গুণ।—বীজক ত্বকের হিতকর, কেশবর্দ্ধক ও রসায়ন। কুষ্ঠ, বীসর্প, শ্বিত্রকুষ্ঠ, মেহ, জ্বর, কৃমিরোগ, কফ ও রক্তপিত্ত নাশক।

---

## তিনিশ নামগুণাঃ।

তিনিশঃ স্যন্দনো নেমী সর্ব্বসারোঽশ্মগর্ভকঃ।
তিনিশঃ শ্লেষ্মপিত্তাস্রমেদঃ কুষ্ঠ প্রমেহনুৎ॥
তুবরঃ শ্বিত্রদাহঘ্নো ব্রণপাণ্ডুকৃমিপ্রনুৎ॥

পর্য্যায়।—তিনিশ, স্যন্দন, নেমী, সর্ব্বসার, অশ্মগর্ভক এই কয়টী তিনিশ অর্থাৎ জারুল গাছের পর্য্যায়।

গুণ।—জারুল কষায়রস, কফ, রক্তপিত্ত, মেদ, কুষ্ঠ, প্রমেহ, শ্বিত্র, দাহ, ব্রণ, পাণ্ডু ও কৃমি রোগ নাশক।

---

## ভূর্জ্জপত্র নামগুণাঃ।

ভূর্জ্জো ভুজো বহুপুটো মৃদুত্বগ্ লেখ্যপত্রকঃ।
ভূর্জ্জো ভূতগ্রহশ্লেষ্মকর্ণরুগ্‌রক্তপিত্তজিৎ॥
কষায়ো রাক্ষসঘ্নশ্চ মেদোবিষহরঃ পরঃ।

* দেশভেদে নামভেদে।—ইহাকে মহারাষ্ট্রে তিবস, কর্ণাটে স্যন্দন এবং হিন্দীতে তিরিচ্ছ, গুজরাটে হর্ম্মো, মিণোহর্ম্মো বলে। ডাক্তারী নামে Dalbergia oujeineisis, ডালবার্গিয়া ঔজেনিসিস।

পর্য্যায়।—ভূর্জ্জ, ভুজ, বহুপুট, মৃদুত্বক্, লেখ্যপত্রক এই কয়টী ভূর্জ্জ-পত্রের পর্য্যায়। *

গুণ।—ভূর্জ্জপত্র কষায়রস, ভূতগ্রহ, শ্লেষ্মজন্য কর্ণ রোগ ও রক্তপিত্ত, রাক্ষসবাধা, মেদ ও বিষনাশক।

---

## পলাশ নামগুণাঃ।

পলাশঃ কিংশুকঃ কির্ম্মী যাজ্ঞিকো ব্রহ্মপাদপঃ।
ক্ষারশ্রেষ্ঠো রক্তপুষ্পস্ত্রিবৃতঃ সমিদুত্তমঃ॥
পলাশো দীপনো বৃষ্যঃ সরোষ্ণো ব্রণগুল্মজিৎ।
ভগ্নসন্ধানকৃদ্দোষ গ্রহণ্যর্শঃ কৃমীন্ হরেৎ॥
তৎপুষ্পং কফপিত্তাস্রকৃচ্ছ্রজিদ্গ্রাহি শীতলম্।
ফলং লঘূষ্ণং মেহার্শঃ কৃমি দুষ্টকফাপহম্॥

পর্য্যায়।—পলাশ, কিংশুক, কির্ম্মী, যাজ্ঞিক, ব্রহ্মপাদপ, ক্ষারশ্রেষ্ঠ, রক্তপুষ্প, ত্রিবৃত ও সমিদুত্তম এই কয়টী পলাশের পর্য্যায়। †

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে ভোজপত্র, মহারাষ্ট্রে ভূর্জ্জপত্র গুজরাটে ভোজপত্র, কর্ণাটে ভূর্জ্জপত্র, হিমালয়ের সমীপবর্ত্তি স্থানে ফটক ও বোম্বায়ে ভূর্জ্জপত্র বলে। ডাক্তারী নাম The birch দি বার্চ, ইংরাজীতে Jocqlue montii ল্যাটীনে Betula bojapatra,

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে ধারা, কেসু, ঢাক, মহারাষ্ট্রে পলস, কর্ণাটে মুত্তলু, তৈলঙ্গে মোটুগ, মাতুকাচেট্টু, উৎকলে পরাশু, বোম্বায়ে খাকরো, গুজরাটে খাখরো এবং তালিমে পরশন্ বলে। ইংরাজীতে Downy branch butea. ল্যাটীনে Butea frondoza ডাক্তারী নাম Butia Gum. বুটিয়া গাম।

গুণ—পলাশ ভস্ম সন্ধানকর, ত্রিদোষ, গ্রহণী, অর্শঃ ও কৃমিরোগ নাশক।

পলাশের পুষ্প কফ, পিত্ত, রক্তদোষ, মূত্রকৃচ্ছ্র রোগ নাশক, মলসংগ্রাহক ও শীতবীর্য্য।

পলাশের ফল লঘু, উষ্ণবীর্য্য, মেহ, অর্শঃ, কৃমি ও দূষিত (ক্রুর) কফ নাশক।

---

## ধবনাম গুণাঃ।

ধবো নন্দিতরুর্গৌরঃ শকটাখ্যো ধুরন্ধরঃ।
ধবঃ শীতঃ প্রমেহাস্র পাণ্ডুপিত্তকফাপহঃ॥
মধুরস্তুবরস্তস্য ফলঞ্চ মধুরং মনাক্॥

পর্য্যায়।—ধব, নন্দিতরু, গৌর, শকট বাচক শব্দ সমস্ত ও ধুরন্ধর এই কয়টী ধব অর্থাৎ ধাওয়া বৃক্ষের পর্য্যায়। *

গুণ।—ধাওয়া বৃক্ষ শীতবীর্য্য, মধুর কষায় রস, প্রমেহ, রক্তপিত্ত, পাণ্ডু, পিত্ত ও কফরোগ নাশক। ইহার ফল ঈষৎ মধুর রস।

---

## ধন্বন নামগুণাঃ।

ধন্বনো গোত্রবিটপী ধর্ম্মণো গোত্রপুষ্পকঃ।
ধন্বঙ্গশ্চ ধনুর্ব্বৃক্ষো তথা পিচ্ছিলকো মতঃ

* দেশভেদে নামভেদ।—ইহাকে মহারাষ্ট্রে ধাবড়া, কর্ণাটে দিন্দিকু ধাড়ো, তৈলঙ্গে নারিংজচেট্টু, হিন্দুস্থানে ধোং, ধাবা, গুজরাটে ধাবড়ো বলে। ডাক্তারী নাম Conocorpus Latifolia. কনোকারপাস্ ল্যাটিফোলিয়া। ল্যাটীন Anogisus Latifolia.

ধন্বনঃ কফপিত্তাস্র কাসজিৎ তুবরো লঘুঃ ॥
বৃংহণো বলকৃদ্রূক্ষঃ সন্ধিকৃদ্ ব্রণরোপণঃ ॥

পর্য্যায়।—ধন্বন, গোত্রবিটপী, ধর্ম্মণ ও গোত্রপুষ্পক, ধন্বঙ্গ, ধনুর্বৃক্ষ, পিচ্ছিলক এই কয়টী ধন্বন অর্থাৎ ধামনাবৃক্ষের সংস্কৃত নাম। *

গুণ।—ধন্বন কষায় ও লঘুপাক, বীর্য্যবর্দ্ধক, বলকর, রুক্ষ, ভগ্নাস্থির সংযোজক, ব্রণরোপক। কফ, রক্তপিত্ত ও কাস নাশক।

---

## সর্জ্জনামগুণাঃ।

সর্জ্জোঽজকর্ণঃ স্বেদঘ্নো লতাবৃক্ষঃ কুদেহকঃ।
সর্জ্জো বর্ণ্যঃ কফস্বেদমলপিত্তকৃমীন্ জয়েৎ ॥

পর্য্যায়।—সর্জ্জ, অজকর্ণ, স্বেদঘ্ন, লতাবৃক্ষ, কুদেহক এই কয়টী সর্জ্জ অর্থাৎ লতাশাল বৃক্ষের সংস্কৃত নাম।

গুণ।—সর্জ্জ বর্ণকারক, কফ, স্বেদ, মল, পিত্ত ও কৃমিরোগ-নাশক।

---

## শাখোটনামগুণাঃ।

শাখোটঃ স্যাৎ পীতফলশ্ছাগীক্ষীরবিনাশনঃ।
শাখোটো রক্তপিত্তার্শোবাতশ্লেষ্মাতিসারজিৎ ।

---

* দেশভেদে নামভেদ। হিং ধামিনী, মং ধমান্থু, কং উদূবে।

পর্য্যায়।—শাখোট, পীতফল ও ছাগীক্ষীরবিনাশন এই কয়টী শাখোট অর্থাৎ শেওড়ার সংস্কৃত নাম।

গুণ।—শেওড়া রক্তপিত্ত, অর্শঃ, বাত, কফ ও অতিসারনাশক।

---

## বরুণনামগুণাঃ।

বরুণো বরণঃ সেতুস্তিক্তশাকঃ কুমারকঃ।
বরুণঃ পিত্তলো ভেদী শ্লেষ্মকৃচ্ছ্রাশ্মমারুতান্।
নিহন্তি গুল্মবাতাস্রকৃমিশোথাংশ্চ দীপনঃ॥

পর্য্যায়।—বরুণঃ, বরণ, সেতু, তিক্তশাক, কুমারক এই কয়টী বরুণ বৃক্ষের সংস্কৃত নাম। †

গুণ।—বরুণবৃক্ষ পিত্তবর্দ্ধক, মলভেদক, অগ্নিবর্দ্ধক। কফ, মূত্রকৃচ্ছ্র, অশ্মরী, বায়ুরোগ, গুল্ম, বাতরক্ত, কৃমি ও শোথরোগনাশক।

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দীতে সহোরা, রুসাসিওড়, কর্ণাটে আখোড় মরণ, মহারাষ্ট্রে সহোড, তৈলঙ্গে ভারিণিকেচেট্টু ও বরন্‌কী এবং গুজরাটে ও বোম্বায়ে সাহোড়া। ডাক্তারী নাম Streplus asper, ষ্ট্রেপলস্ অ্যাস্পার।

† দেশভেদে নামভেদঃ।—ইহাকে হিন্দুস্থানে বিলি, বরনা, মহারাষ্ট্রে বাঘবরণা, ভাটবরণা, কর্ণাটে মদবসলে, তৈলঙ্গে উরুমট্টি, ভাজিচেট্টু ও উলিমিরিচেট্টু, বোম্বায়ে বায়বরণা এবং তামিলে মরলিঙ্গম্, গুজরাটে বরণো বলে। ডাক্তারী নাম Crateava religiosa, ক্র্যাটেভা রিলিজিওসা। ল্যাটীনে Cratedva Roxburghie.

## জিঙ্গিনীনামগুণাঃ। (কৃষ্ণশাল্মলী)

জিঙ্গিনী ঝিঙ্গিনী জিঙ্গী সুনির্ঘোষা প্রমোদিনী।
জিঙ্গিনী ব্রণহৃদ্রোগ বাতাতিসারজিৎ কটুঃ।
উষ্ণস্তস্যাস্তু নির্যাসো নস্যাদ্বাহুব্যথাপহঃ॥

পর্য্যায়।—জিঙ্গিনী, ঝিঙ্গিনী, জিঙ্গী, সুনির্ঘোষা, প্রমোদিনী এই কয়টী জিঙ্গিনী অর্থাৎ কৃষ্ণশাল্মলীজাতীয় বৃক্ষের সংস্কৃত নাম।

গুণ।—জিঙ্গিনী কটু, উষ্ণবীর্য্য। ব্রণ, হৃদ্রোগ ও বায়ুজন্য অতিসার-নাশক। ইহার নির্যাসের নস্য প্রয়োগ করিলে বাহুর ব্যথা নষ্ট হয়।

---

## শল্লকীনামগুণাঃ।

শল্লকী বল্লকী শল্লী গজভক্ষ্যা মহারুহা।
গন্ধবীরা কুন্দুরুকী সুস্রাবা বনকর্ণিকা।
শল্লকী ব্রণপিত্তাস্রশ্লেষ্মপিত্তাতিসারজিৎ॥
তুবরা শীতলা বৃষ্যা রক্তপিত্তহরী মতা॥

পর্য্যায়। শল্লকী, বল্লকী, শল্লী, গজভক্ষ্যা, মহারুহা, গন্ধবীরা, কুন্দুরুকী, সুস্রাবা ও বনকর্ণিকা এই কয়টী শল্লকীর (শালবৃক্ষ বিশেষের) শলইবৃক্ষের সংস্কৃত নাম। †

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে জিঙ্গিনী, মহারাষ্ট্রে মোক, মই. গুজরাটে মবেডী, কর্ণাটে মরম। ইংরাজী নাম Odina wodier.

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে শালই, শলই, শলগ, তামিলে কুংলি, মহারাষ্ট্রে শালই বৃক্ষ, গুজরাটে শালেডুং, ধূপেডো, কর্ণাটে তদীকু বলে। ডাক্তারী নাম Bos Wellia serrata.

গুণ।—শল্লকী কষায়রস, শীতবীর্য্য, বীর্য্যবর্দ্ধক, ব্রণ, পিত্ত, রক্তদোষ, কফ ও পিত্তজ অতিসার ও রক্তপিত্তনাশক।

## ইঙ্গুদনামগুণাঃ।

ইঙ্গুদোঽঙ্গারবৃক্ষশ্চ কণ্টকস্তাপসদ্রুমঃ।
ভল্লকো বিষকণ্টশ্চ ইঙ্গলস্তীক্ষ্ণকণ্টকঃ।
ইঙ্গুদঃ কুষ্ঠভূতাদিগ্রহব্রণবিষকৃমীন্।
হন্ত্যুষ্ণঃ শ্বিত্রশূলঘ্নস্তৎফলং কফবাতজিৎ॥

পর্য্যায়।—ইঙ্গুদ, অঙ্গারবৃক্ষ, কণ্টক, তাপসদ্রুম, ভল্লক, বিষকণ্ট, ইঙ্গুল, তীক্ষ্ণকণ্টক, এই কয়টী ইঙ্গুদের সংস্কৃত নাম।

গুণ।—ইঙ্গুদ উষ্ণবীর্য্য, কুষ্ঠরোগ, ভূতাদিগ্রহদোষ, ব্রণ ও কৃমিরোগ, শ্বিত্র ও শূলনাশক। ইহার ফল কফ ও বায়ুনাশক।

## কটম্ভরনামগুণাঃ। (কটভীবৃক্ষ)

কটম্ভরঃ স্বাদুপুষ্পঃ কটভী তৃণশৌণ্ডকঃ।
কটম্ভরঃ প্রমেহাস্রনাড়ীব্রণবিষকৃমীন্॥
হন্ত্যুষ্ণঃ কফকুষ্ঠঘ্নস্তৎফলং কফকুষ্ঠনুৎ॥
নির্য্যাসোঽস্য গুরুর্বৃষ্যো বলকৃদ্বাতনাশনঃ॥

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম: হিন্দুস্থানে হিংগোট, গোংদী, মহারাষ্ট্রে হিংগণবেট, গুজরাটে ইংগোরিয়া, তৈলঙ্গে গরা, আরবীতে হিলেলজে। ইংরাজী নাম Delil.

পর্য্যায়।—কটভুর, স্বাদুপুষ্প, কটভী, তৃণশোণ্ডক এই কয়টী কটভুর অর্থাৎ কাঁটাশিরীষের সংস্কৃত নাম। *

গুণ।—কটভুর উষ্ণবীর্য্য, প্রমেহ, রক্তদোষ, নাড়ীব্রণ, বিষদোষ, কৃমি, কফ ও কুষ্ঠনাশক। ইহার ফল কফ ও কুষ্ঠনাশক। ইহার নির্য্যাস গুরু, বীর্য্যবর্দ্ধক, বলকর, বায়ুনাশক।

---

## মুষ্ককনামগুণাঃ। (ঘণ্টাপারুল)

মুষ্ককো মোক্ষকো ঘণ্টা পাটলী ক্ষুদ্রপাটলা।
মুষ্ককঃ কফবাতঘ্নো গ্রাহী গুল্মবিষকৃমীন্॥
হন্ত্যর্শো বস্তিরুকৃকণ্ডুস্তৎপুষ্পং কফপিত্তজিৎ।
নির্য্যাসোঽস্য পরং বৃষ্যঃ শোষপিত্তানিলাপহঃ॥

পর্য্যায়।—মুষ্কক, মোক্ষক, ঘণ্টা, শিখরী, ক্ষুদ্রপাটলা এই কয়টী মুষ্ককের অর্থাৎ ছোটপারুলজাতীয় (ঘণ্টাপারুলের) পর্য্যায়। †

---

* দেশভেদে নামভেদ।—হিন্দুস্থানে কম্হী, হরিমল, মহারাষ্ট্রে বাকুংভা, গুজরাটে বাপুঙ্গা, কর্ণাটে বেল্লাল। ইংরাজীতে Carey's tree, ল্যাটীনে Careya arborea.

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে পদ, পাডরি, পাটল সফেদ পাডর, কঠপাডর, মহারাষ্ট্রে রক্ত পাড়ল, কর্ণাটে হাদরি, বিলীয় হাদরী, তৈলঙ্গে কলগোরু বা কলিগোট্রুচেট্টু, গুজরাটে রাতাফুলনা পাডল শ্বেত পাড়র, কাংকব, উৎকলে পাটুড়ি ও তামিলে পড়্রি বলে। ল্যাটীন ভাষায়—Vignonia suaviolens. ইহার ডাক্তারী নাম Streospermum Suaveolens ষ্টিরিও স্প্যারমম্-সোয়াভিওলেনস্।

গুণ।—ঘণ্টাপরুল উষ্ণবীর্য্য, মলসংগ্রাহক, কফ, বায়ু, গুল্ম, বিষদোষ ও ক্রমি, বস্তির বেদনা, কণ্ডূনাশক। ইহার পুষ্প কফপিত্তঘ্ন। ইহার নির্য্যাস অত্যন্ত বীর্য্যবর্দ্ধক, শোষ, পিত্ত ও বায়ুনাশক।

---

## পারিভদ্র নামগুণাঃ। (পালদেমাদার)

পারিভদ্রো নিম্ববৃক্ষো রক্তপুষ্পঃ প্রভদ্রকঃ।
কণ্টকী পারিজাতঃ স্যান্মন্দারঃ কটিকিংশুকঃ॥
পারিভদ্রঃ কৃমিশ্লেষ্মমেদঃশোথানিলাপহঃ॥

পর্য্যায়। পারিভদ্র, নিম্ববৃক্ষ, রক্তপুষ্প, প্রভদ্রক, কণ্টকী, পারিজাত, মন্দার ও কটিকিংশুক এইকয়টী পারিভদ্র অর্থাৎ পালিধামাদারের সংস্কৃতনাম।*

গুণ। পালিধামাদার ক্রমি, কফ, মেদঃ, শোথ ও বায়ুনাশক।

---

## শাল্মলীনাম গুণাঃ।

শাল্মলী তূলিনী মোচা কুক্কুটী রক্তপুষ্পিকা।
কণ্টকাঢ্যা স্থূলফলা পিচ্ছিলা চিরজীবিনী॥
শাল্মলী শীতলা বৃষ্যা বৃংহণী রক্তপিত্তজিৎ।

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে ফরহদ্, মহারাষ্ট্রে ও দাক্ষিণাত্যে পানরো, পারিঙ্গা, পঞ্জীর, কর্ণাটে হরিবাল, তৈলঙ্গে মোদুগু ও বারিদেচেট্টু, এবং তামিলে মুরাক্ ও গুজরাটে পাংগেরবো। ডাক্তারী নাম Erithrina Indica. The Indian coral Tree, এরিথি না ইণ্ডিকা, দি ইণ্ডিয়ান্ কোরালট্রী।

নির্য্যাসোঽস্য পরং বৃষ্যঃ শোফপিত্তানিলাস্রজিৎ।
রসায়নবরঃ স্নিগ্ধস্তৎপুষ্পং গ্রাহি পিত্তজিৎ॥

পর্য্যায়। শাল্মলী, তূলিনী, মোচা, কুক্কুটী, রক্তপুষ্পিকা, কণ্টকাঢ্যা, স্থূলফলা, পিচ্ছিলা, চিরজীবিনী এই কয়টী শাল্মলী অর্থাৎ শিমুলের সংস্কৃত নাম। *

গুণ। শিমুল শীতবীর্য্য, বীর্য্যবর্দ্ধক, বৃংহণগুণযুক্ত, ইহার নির্যাস অত্যন্ত বীর্য্যবর্দ্ধক, রসায়নশ্রেষ্ঠ ও স্নিগ্ধগুণযুক্ত। রক্তপিত্ত, শোফ, পিত্ত ও বাতরক্তনাশক, ইহার পুষ্প মলসংগ্রাহী ও পিত্তনাশক।

## তূণীনামগুণাঃ। (নন্দীবৃক্ষ)

তূণী কুঠের আপীতস্তূণীকো নন্দিপাদপঃ।
তূণী গ্রাহী হিমো বৃষ্যো ব্রণকুষ্ঠাস্রপিত্তজিৎ॥

পর্য্যায়। তূণী, কুঠের, আপীত, তূণীক, নন্দিপাদপ এই কয়টী তূণি অর্থাৎ তূঁদবৃক্ষের সংস্কৃত নাম। *

গুণ। তুঁদগাছ মলসংগ্রাহক, শীতবীর্য্য, বীর্য্যবর্দ্ধক, ব্রণ, কুষ্ঠ ও রক্তপিত্ত নাশক।

---

* দেশভেদে মামভেদ।—ইহাকে হিন্দুস্থানে শেম্বল ও সমল, উৎকলে বোন্‌রো, তামিলে পুলা, মহারাষ্ট্রে সাম্বরি, তৈলঙ্গে রুগচেট্টু, কর্ণাটে যব-লবদমর ও গুজরাটে শেমলো বলে। ডাক্তারী নাম Bombax malabarica বোম্বাক্স মলবারিকা।

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দীতে তূণী, তূন্ ও মহানিম্, উৎকলে মহালিম্বু এবং পঞ্জাবে দ্রাবী। ডাক্তারী নাম Cedrela Toon. কেড্রিলা তূণ।

## সপ্তপর্ণনামগুণাঃ।

সপ্তপর্ণো গুচ্ছপুষ্পশ্ছত্রী শাল্মলিপত্রকঃ।
সপ্তপর্ণো ব্রণক্বমিরক্ত কুষ্ঠহরঃ সরঃ॥
তিক্তোষ্ণো দীপনঃ স্নিগ্ধঃ শ্বাসগুল্মত্রিদোষহৃৎ॥

পর্য্যায়। সপ্তপর্ণ, গুচ্ছপুষ্প, ছত্রী ও শাল্মলিপুষ্পক এই কয়টী সপ্তপর্ণ অর্থাৎ ছাতিমের সংস্কৃত নাম। *

গুণ। ছাতিম তিক্তরস, উষ্ণবীর্য্য, স্নিগ্ধগুণযুক্ত, অগ্নিদীপক, সারক। ব্রণ, কৃমি রক্তদোষ, কুষ্ঠ, রক্তদোষ, শ্বাস, গুল্ম ও বায়ু, পিত্ত, কফ এই ত্রিদোষ নাশক।

---

## হারিদ্রকনাম গুণাঃ।

হারিদ্রকঃ পীতবর্ণঃ শ্রীমান্ গৌরদ্রুমো বরঃ।
হারিদ্রকঃ কফহরো ব্রণশোধনরোপণঃ॥
কটুস্তিক্তস্তথা চোষ্ণো মেহকুষ্ঠাস্রনাশনঃ॥

পর্য্যায়। হারিদ্রক, পীতবর্ণ, শ্রীমান্, গৌরদ্রুম ও বর এই কয়টী হারিদ্রকের (হরিদ্রাগাছের) সংস্কৃত নাম।

---

* দেশভেদে নামভেদ। ইহা হিন্দুস্থানে ছাতিয়ান, সাতোনা, ছতিবন, কর্ণাটে এলেলেগ, মহারাষ্ট্রে সাতবণা, সাত্বিণ, তৈলঙ্গে এড়াকুল ও অরিটাকু, বোম্বায়ে ছাতবিণ্ ও গুজরাটে সপ্তপর্ণ বলে; ডাক্তারী নাম Echites scholaris. একাইটিস্ স্কলারিস্।

* দেশভেদে নামভেদ। ইহাকে হিন্দুস্থানে হর্দ্দী ও হলদী, মহারাষ্ট্রে হলদি, হল্লদ, কর্ণাটে আরসিম, তৈলঙ্গে পাসুপু এবং দাক্ষিণাত্যে হলদ ও

গুণ। হারিদ্রক কটু, তিক্ত,উষ্ণবীর্য্য, ব্রণের শোধক ও রোপণকারক। কফ, মেহ, কুষ্ঠ ও রক্তদোষ নাশক।

---

## করঞ্জ-পূতিকরঞ্জনাম গুণাঃ।

করঞ্জো নক্তমালঃ স্যাৎ নক্তাহ্বো ঘৃতপর্ণকঃ।
পূতিকোঽন্যঃ পূতিপর্ণঃ প্রকীর্য্যশ্চিরবিল্বকঃ।
করঞ্জঃ কটুকস্তীক্ষ্ণো বীর্য্যোষ্ণো যেনিদোষজিৎ।
কুষ্ঠোদাবর্ত্তগুল্মার্শোব্রণক্বমিকফাপহঃ॥
তৎফলং কফবাতঘ্নং মেহার্শঃক্বমিকুষ্ঠজিৎ।
তৎপত্রং কফবাতার্শঃক্বমিশোথহরং পরম্॥
জ্ঞেয়ঃ পূতিকরঞ্জস্তু করঞ্জসদৃশো গুণৈঃ॥

পর্য্যায়। করঞ্জ, নক্তমাল, নক্তাহ্ব, ঘৃতপণক, এই কয়টী করঞ্জের সংস্কৃত নাম। আর এক প্রকার করঞ্জ আছে, তাহাকে পূতিকরঞ্জ কহে। পূতিক, পূতিপর্ণ, প্রকীর্য্য, চিরবিল্বক এই কয়টী পূতিকরঞ্জের পর্য্যায়। *

---

গুজরাটে হলদর বলে। ফারসী নাম জরদচোব, আরবী উরুকুস্সুফর বলে। ডাক্তারী নাম Curcuma Longa. করকিউমা লঙ্গা। ইংরাজী নাম Turmeric.

* দেশভেদে নামভেদ। ইহাকে হিন্দুস্থানে করঞ্জ, করঞ্জভেদ, কণ্টকরেজী, তৈলঙ্গে কানুগচেট্টু, মহারাষ্ট্রে কংজ, চোপড়াকরঞ্জ, ঘাণেরাকরঞ্জ, বাংলা, গুজরাটে করঞ্জ, চরেলকণসে, কর্ণাটে নাপসীয়মরনু, বারুবহুলিগিলু, ইংরাজীতে Smooth leaved pongamia, ল্যাটিনে Almas integrefolia. বলে। ইহার ডাক্তারী নাম Pongamia glabra. পোংগামিয়া গ্লাবরা।

গুণ। করঞ্জ কটুরস, তীক্ষ্ণ ও উষ্ণবীর্য্য, যোনিদোষ, কুষ্ঠ, উদাবর্ত্ত, গুল্ম, অর্শঃ, ব্রণ, কৃমি ও কফনাশক। করঞ্জের ফল কফ, বাত, মেহ, অর্শঃ, কৃমি ও কুষ্ঠ নাশক। করঞ্জের পত্র কফ, বায়ু, অর্শঃ, কৃমি ও শোথনাশক। পূতিকরঞ্জের গুণ করঞ্জ সদৃশ।

---

## করঞ্জীনাম গুণাঃ। ( লতাকরঞ্জ )

করঞ্জী কাকতিক্তা চ বায়স্যঙ্গারবল্লরী।
করঞ্জিকোষ্ণা বাতার্শঃকৃমিকুষ্ঠপ্রমেহনুৎ ॥
করঞ্জী স্তম্ভনী তিক্তা তুবরী কটুপাকিনী।

পর্য্যায়। করঞ্জী, কাকতিক্তা, বায়সী, অঙ্গারবল্লরী এই কয়টী করঞ্জীর লতাকরঞ্জের পর্য্যায়।

গুণ। করঞ্জিকা উষ্ণবীর্য্য, বীর্য্যস্তম্ভকর, তিক্ত কষায়রস, কটুপাক। বায়ু, অর্শঃ, কৃমি, কুষ্ঠ ও প্রমেহনাশক।

---

## মহাকরঞ্জনাম গুণাঃ।

তিরিগিচ্ছির্গজকণ্ঠঃ করঞ্জী ক্ষীরিণী দ্বিপঃ।
তিরিগিচ্ছির্বলাসার্শঃ কৃমিকুষ্ঠপ্রমেহহৃৎ ॥

তিরিকিচ্ছি, গজকণ্ঠ, করঞ্জী, ক্ষীরিণী ও দ্বিপ এই কয়টী তিরিকিচ্ছি অর্থাৎ মহাকরঞ্জ বিশেষের পর্য্যায়।

গুণ। তিরিকিচ্ছি বলাস, অর্শ, কৃমি, কুষ্ঠ ও প্রমেহনাশক।

## শমীদ্বয়নাম গুণাঃ।

শমী তুঙ্গা শক্তুফলা পবিত্রা কেশহৃৎফলা।
লক্ষ্মীঃ শিবাখ্যা মঙ্গল্যা ভুশমী শঙ্করাহ্বয়া॥
শমী শীতা লঘুঃ শ্বাস কুষ্ঠার্শঃ কফহৃৎ সরা।
তৎফলং পিত্তলং রূক্ষং মেধ্যং কেশবিনাশনম্॥

পর্য্যায়।—শমী, তুঙ্গা, শক্তুফলা, পবিত্রা, কেশহৃৎফলা, লক্ষ্মী, ও শিবা এইগুলি শমী অর্থাৎ শাঁইয়ের পর্য্যায়। আর একপ্রকার শমী আছে, তাহাকে ভূশমী বলে। মঙ্গল্যা, ভূশমী ও শঙ্করবাচক শব্দ সমস্ত ইহার সংস্কৃত নাম। *

গুণ।—শমী শীতবীর্য্য, লঘুপাক ও সারক, শ্বাস, কুষ্ঠ, অর্শঃ, কফনাশক। ইহার ফল পিত্তজনক, রুক্ষ, মেধাবৰ্দ্ধক ও কেশনাশক।

---

## নকানামগুণাঃ। (জলশিরীষ)

শিরীষিকা টিণ্টিনিকা দুর্ব্বলাম্বুশিরীষিকা।
টিণ্টিনী কফ কুষ্ঠার্শঃ সান্নপাত বিষাপহা॥

পর্য্যায়।—শিরীষিকা, টিণ্টিনিকা, দুর্ব্বলা, অম্বুশিরীষিকা এই কয়টী জলশিরীষের সংস্কৃত নাম।

গুণ।—জলশিরীষ কফ, কুষ্ঠ, অর্শঃ, সন্নিপাত ও বিষদোষনাশক।

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দীতে ছোঁকর, শমী, সফেদকীকর, মহারাষ্ট্রে থোরশমী ও লঘুশমী, কর্ণাটে বনি ও কার্বন্নি এবং উৎকলে শুমি, গুজরাটে খিজড়ো, তৈলঙ্গে শমীচেট্টু। ইংরাজীতে Spung tree, ডাক্তারী নাম Prosopis spicigera, প্রোসোপিস্ স্পিসিজেরা।

## অরিষ্টকঃ। ( রিঠা )

অরিষ্টকো গর্ভপাতী কুম্ভবীজশ্চ ফেনিলঃ।
কৃষ্ণবীজো রক্তবীজঃ পীতফেনোঽর্থসাধকঃ॥
অরিষ্টকস্ত্রিদোষঘ্ন উষ্ণো গর্ভগ্রহাপহঃ॥
অরিষ্টঃ কটুকঃ পাকে তীক্ষ্ণশ্চোষ্ণশ্চ লেখনঃ॥
লঘুঃ স্নিগ্ধো দাহশূলনাশকঃ পরিকীর্ত্তিতঃ॥

পর্য্যায়।—অরিষ্টক, গর্ভপাতী, কুম্ভবীজ, ফেনিল, কৃষ্ণবীজ, রক্তবীজ, পীতফেন ও অর্থসাধক এই কয়টী রিঠার সংস্কৃত নাম। *

গুণ।—রীঠা পাকে কটু, তীক্ষ্ণ, উষ্ণবীর্য্য, লঘুপাক, স্নিগ্ধগুণবিশিষ্ট, কৃশতাকারক, দাহ, শূল, ত্রিদোষ, গর্ভনাশক ও গ্রহদোষ নাশক।

---

## শিংশপাদ্বয়নামগুণাঃ।

শিংশপা কপিলা কৃষ্ণসারা মণ্ডলপত্রিকা।
অন্যা কুশিংশপা ভস্মপিঙ্গলা স্যাৎ রসাদনী॥
শিংশপোষ্ণা হরেন্মেহান্ কুষ্ঠশ্বিত্রবমি কৃমীন্॥
বস্তিরুগ্‌ব্রণদাহাস্র মূঢ়গর্ভনিপাতনী॥

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে রীঠা, মহারাষ্ট্রে রিঠা, গুজরাটে অরিঠা, তৈলঙ্গে কুকুড়, ফারসীতে ফিংদকহিংদী, আরবীতে বুংদক বলে। ইংরাজীতে Soap berri, soapmut.

পর্য্যায়।—শিংশপা, কপিলা, কৃষ্ণসারা, মণ্ডলপত্রিকা এই কয়টী শিশু-গাছের পর্য্যায়। আর এক প্রকার শিশু গাছ আছে, তাহাকে কুশিংশপা বলে। কুশিংশপা, ভস্মপিঙ্গলা, রসাদনী এইকয়টী তাহার সংস্কৃত নাম। *

গুণ।—শিশুদ্বয়, উষ্ণবীর্য্য, মেহ, কুষ্ঠ, শ্বিত্র,বমি, কৃমি, বস্তিপীড়া, ব্রণ, দাহ, রক্তদোষ ও মূঢ়গর্ভ দোষনাশক।

---

## অগস্ত্যনামগুণাঃ।

অগস্ত্যো বঙ্গসেনাহ্বঃ মধুশিগ্রুর্মুনিদ্রুমঃ।
অগস্ত্যঃ পিত্তকফজিৎ নিদাঘশমনো হিমঃ।
তৎপুষ্পং পীনস শ্লেষ্ম পিত্তনক্তান্ধ্যনাশনম্॥
অগস্ত্যশিম্বী রুচিরা সরা চ লঘু বুদ্ধিদা।
তৎপত্রং কটু তিক্তঞ্চ গুরূষ্ণং কৃমিকণ্ডুহৃৎ॥

পর্য্যায়।—অগস্ত্য, বঙ্গসেন, মধুশিগ্রু, মুনিদ্রুম এই কয়টী অগস্ত্য অর্থাৎ বকবৃক্ষের সংস্কৃত নাম।† বক, শ্বেত, পীত, রক্ত ও নীলভেদে চারি প্রকার।

---

* দেশভেদে নামভেদ। ইহাকে হিন্দুস্থানে শীসম, শিশো ও শীসই, তৈলঙ্গে শিশুকরর, জিট্টরেগু চেট্টু, তামিলে জান্নুকুকুট্টই, পংশবেদর, মহারাষ্ট্রে কালাশিসবা, গুজরাটে শিশম্, কর্ণাটে করীপইবিড়, আরবীতে সাসম বলে। ইংরাজীতে Black wood Sisoo tree. ডাক্তারী নাম Timber Tree. টিম্বার টী।

† দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে হথিয়া, হদগা ও অগস্তিয়া, তৈলঙ্গে অনীসে, অবিসি, মহারাষ্ট্রে অগস্তা হদগা, গুজরাটে অগথিয়ো, কর্ণাটে অগসেধমরনু, তামিলে অর্গতি। ডাক্তারী নাম Sesbana grandiflora.

গুণ।—বক শীতবীর্য্য, পিত্ত, কফ ও গ্রীষ্মপীড়া নাশক। বকফুল পীনস, কফ, পিত্ত, রাত্র্যন্ধতানাশক। বকপত্র কটু,তিক্ত, গুরুপাক, উষ্ণবীর্য্য, কৃমি ও কণ্ডুনাশক। বকের ডাঁটা রুচিকর, সারক, লঘু ও বুদ্ধিপ্রদ।

---

যো রাজ্ঞাং মুখতিলকঃ কটারমল্ল-
স্তেন শ্রীমদননৃপেণ নির্ম্মিতেঽত্র।
গ্রন্থেঽভূন্মদনবিনোদনাম্নি পূর্ণ-
শ্চিত্রোঽয়ং ললিতপদৈর্বটাদিবর্গঃ॥

নরপতিকুল চূড়ামণি কটারমল্লনামে প্রসিদ্ধ শ্রীমদনপাল নৃপতি কর্ত্তৃক নির্ম্মিত মদনবিনোদনামক এই গ্রন্থে বটাদিবর্গ সম্পূর্ণ হইল।

ইতি মদনপালনিঘণ্টৌ বটাদিবর্গঃ।

---

# অথ দ্রাক্ষাদিবর্গঃ।

ভ্রমোচ্ছলদ্‌ঘর্ঘরিকাগ্রপিচ্ছং মন্দস্মিতং বেণুনিনাদরক্তম্।
গোপালিকানাং করতালিকাভির্নৃত্যন্মহস্তৎ পরমং স্মরামি॥

নৃত্যকালে যাঁহার কটিদেশস্থিত ক্ষুদ্র ঘুন্টিকার অগ্রভাগ এবং ময়ূরপুচ্ছ উচ্ছলিত হইতে থাকে, যিনি মন্দ মন্দ হাস্য পরায়ণ, যিনি বংশীধ্বনি শ্রবণে একান্ত অনুরক্ত, যিনি গোপীগণের করতালিধ্বনি শ্রবণপূর্ব্বক তালে তালে নৃত্য করেন, আমি সেই পরম জ্যোতিঃস্বরূপ শ্রীকৃষ্ণকে স্মরণ করিতেছি।

---

## দ্রাক্ষানাম গুণাঃ।

দ্রাক্ষা মধুফলা স্বাদ্বী হারহূরা ফলোত্তমা।
মৃদ্বীকা মধুযোনিশ্চ রসালা গোস্তনী গুড়া॥
দ্রাক্ষা পক্কা সরা শীতা চক্ষুষ্যা বৃংহণী গুরুঃ।
হন্তি তৃষ্ণাজ্বর শ্বাসবান্তি বাতাস্রকামলাঃ॥
কৃচ্ছ্রাস্রপিত্ত সম্মোহদাহ শোষ মদাত্যয়ান্।
আমা সাম্লগুণা গুর্ব্বী সৈবাম্লা রক্তপিত্তকৃৎ॥
নির্বীজান্যা লঘুদ্রাক্ষা গোস্তনীসদৃশী গুণৈঃ।
দ্রাক্ষা পর্ব্বতজা লঘ্বী সরাম্লা শ্লেষ্মপিত্তমুৎ॥

পর্য্যায়।—দ্রাক্ষা, মধুফলা, স্বাদ্বী, হারহূরা, ফলোত্তমা, মৃদ্বীকা, মধুযোনি, রসালা, গোস্তনী ও গুড়া এই কয়টী দ্রাক্ষার (কিসমিশের) সংস্কৃত নাম।*

গুণ।—পক্ক দ্রাক্ষা সারক, শীতবীর্য্য, চক্ষুর জ্যোতির্বর্দ্ধক, বীর্য্যবর্দ্ধক, গুরুপাক, তৃষ্ণা, জ্বর, শ্বাস, বমন, বাতরক্ত, কামলা, মূত্রকৃচ্ছ্র, রক্তপিত্ত, মোহ, দাহ, শোষ ও মদাত্যয় নাশক।

কাঁচা দ্রাক্ষা পাকা অপেক্ষা অল্প গুণযুক্ত, গুরুপাক, অম্লরস ও রক্তপিত্ত কারক। আর এক প্রকার লঘু দ্রাক্ষা আছে, তাহার গুণ দ্রাক্ষারই ন্যায় জানিবে। পর্ব্বতজাত দ্রাক্ষা লঘু, অম্লরস, সারক, কফ ও পিত্তনাশক।

---

## আম্রনাম গুণাঃ।

আম্রোবনোৎসবশ্চূতঃ সহকারোঽতিসৌরভঃ।
মাকন্দঃ পিকবন্ধুঃ স্যাদ্ রসালঃ কামবল্লভঃ॥
আম্রোঽগ্রাহী প্রমেহাস্র কফপিত্ত ব্রণান্ জয়েৎ।
তৎফলং বালমত্যম্লং রূক্ষং দোষত্রয়াস্রজিৎ।
পক্বন্তু মধুরং বৃষ্যং স্নিগ্ধং হৃদ্যং বলপ্রদম্।

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দীতে দাখ ও অঙ্গুর, মহারাষ্ট্রে কালেং দ্রাক্ষ, তৈলঙ্গে দ্রাক্ষা, পোণ্ডু, কিসিমিসি ও দ্রাক্ষাচেট্টু, তামিলে কোড়িমণ্ডিরিপ্পঝাম্, গুজরাটে ধরাখ, কর্ণাটে বেড়গণদ্রাক্ষে, ফারসীতে অংগূর, মুনক্কা, আরবীতে কীসমীস, এনব্‌জবীব, ইংরাজীতে Grape. ডাক্তারী নাম Vitis vinifera. ভাইটিস ভিনিফেরা।

গুরু বাতহরং রুচ্যং বর্ণ্যং শীতমপিত্তলম্‌।
রসস্তস্য সরঃ স্নিগ্ধো রোচনো বলবর্ণকৃৎ॥
পক্বাম্রং জনয়েদায়ুর্মাংস শুক্র বলপ্রদম্‌।
শুষ্কাম্রন্তু কষায়াম্লং ভেদনং কতবাতজিৎ॥

পর্য্যায়।—আম্র, বনোৎসব, চূত, সহকার, অতিসৌরভ, মাকন্দ, পিকবন্ধু, রসাল, কামবল্লভ এই কয়টী আম্রের সংস্কৃত নাম।

গুণ।—আম্র সারক, প্রমেহ, রক্তদোষ, কফপিত্ত ও ব্রণনাশক। কচি আম্রফল অতিশয় অম্লরস, রুক্ষ, ত্রিদোষ ও রক্তদোষজনক। পক্ক আম্র—মিষ্টরস, বীর্য্যবর্দ্ধক, স্নিগ্ধগুণযুক্ত, প্রীতিজনক, বলপ্রদ, গুরুপাক, বায়ুনাশক, রুচিকর, বর্ণোৎকর্ষবিধায়ক, শীতবীর্য্য ও পিত্তনাশক। আমের রস সারক, স্নিগ্ধ, রুচিকর, বলবর্ণ বিধায়ক। শুষ্কআম্র—কষায়, ভেদক, কফ ও বায়ুনাশক।

---

## জম্বুনামগুণাঃ।

মহাজম্বূ রাজজম্বূ মহাস্কন্ধা বৃহৎফলা।
ক্ষুদ্রজম্বুর্বীরপত্রা মেঘাভা কামবল্লভা॥
নাদেয়ী স্যাৎ ক্ষুদ্রফলা তৎফলং জম্বু জাম্ববম্‌।
জম্বূ সংগ্রাহিণী রুক্ষা কফপিত্তব্রণাস্রজিৎ॥

---

* দেশভেদে নামভেদ। ইহাকে হিন্দীতে আম, মহারাষ্ট্রে আম্বাফল, কর্ণাটে মাবিন ফল, তৈলঙ্গে মাবিড়ি, গুজরাটে আংবো, ফারসীতে আম্বা, আরবীতে অম্বজ বলে। ল্যাটীনে Mangifera Indica. ডাক্তারী নাম Mango tree. ম্যাঙ্গোটী।

রাজজম্বূফলং স্বাদু বিষ্টম্ভি গুরু রোচনম্।
ক্ষুদ্রজম্বূফলং তদ্বদ্ বিশেষাদ্দাহনাশনম্॥

পর্য্যায়। মহাজম্বু, রাজজম্বু, মহাস্কন্ধা, বৃহৎফলা এই কয়টী মহাজম্বুর; ক্ষুদ্রজম্বু, বীরপত্রা, মেঘাভা, কামবল্লভা এই কয়টী ক্ষুদ্রজম্বুর এবং নাদেয়ী, ক্ষুদ্রফলা এই কয়টী বনজম্বূর সংস্কৃত নাম। * জম্বুর ফলকে জম্বু ও জাম্বব বলে।

গুণ।—জম্বু মলসংগ্রাহক, রুক্ষ, কফ, পিত্ত, ব্রণ ও রক্তদোষ নাশক। রাজজম্বু স্বাদু, বিষ্টম্ভজনক, গুরুপাক ও রুচিকর।

ক্ষুদ্র জম্বূফলের (বনজামের) গুণ রাজজম্বূর ন্যায়, বিশেষতঃ ইহা দাহনাশক।

---

## নারিকেল নামগুণাঃ।

নারিকেলো দৃঢ়ফলো মহাবৃক্ষো মহাফলঃ।
তৃণরাজস্তৃণফলস্তৃণাহ্বো দৃঢ়বীজকঃ॥
নারিকেলফলং শীতং দুর্জ্জরং বস্তিশোধনম্।
বিষ্টম্ভি বৃংহণং বৃষ্যং বাতপিত্তাস্রদাহজিৎ॥
তস্যাম্ভঃ শীতলং হৃদ্যং দীপনং শুক্রলং লঘু।
ৎপাদপশিরোমজ্জা শুক্রলা বাতপিত্তজিৎ॥

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে জামুন, বড়ীজামুন, মহারাষ্ট্রে থোর জাম্ভূল, নদীজাম্ভূল, কোঙ্কণ দেশে রাজিলে, গুজরাটে রাজজাম্বু বরণাং, বেলরোপাজাম্বু, কর্ণাটে নিরলু, তৈলঙ্গে নীরনেরেড়ি, ইংরাজীতে **Jambir tree.** ল্যাটীনে **Eugenia Jambolana.**

পর্য্যায়।—নারিকেল, দৃঢ়ফল, মহাবৃক্ষ, মহাফল, তৃণরাজ, তৃণফল, তৃণাহ্ব ও দৃঢ়বীজক এই গুলি নারিকেলের সংস্কৃত নাম। *

গুণ।—নারিকেলফল শীতবীর্য্য, দুর্জ্জর অর্থাৎ গুরুপাক, বস্তিশোধক, বিষ্টম্ভকারক, বীর্য্যবর্দ্ধক, বৃষ্য. রক্তপিত্ত, রক্তদোষ ও দাহনাশক। নারিকেল জল শীতবীর্য্য, প্রীতিকর, অগ্নিদীপক, শুক্রবর্দ্ধক ও লঘুপাক।

নারিকেলের মাতী শুক্রবর্দ্ধক, বায়ু ও পিত্তনাশক।

---

## খর্জ্জূরিকা নামগুণাঃ।

খর্জূরিকা খরস্কন্ধা নিঃশ্রেণী দ্বীপসম্ভবা।
দুষ্প্রধর্ষা দুরারোহা যবনেষ্টা হরিপ্রিয়া॥
পিণ্ডখর্জূরিকা খর্জূর্দ্বীপ্যা চৈব সুকণ্টকা।
অন্যা স্কন্ধফলা স্বাদ্বা দুরারোহা মৃদুচ্ছদা।
ভূমিখর্জূরিকা কাককর্কটী স্বাদুমস্তকা।
খর্জূরী গোস্তনাকারা পরদ্বীপাদিহাগতা।
জায়তে পশ্চিমে দেশে সা ছোহারেতি কীর্ত্তিতা॥

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে নেরিএল্, খোপরা, মহারাষ্ট্রে নারলী, কর্ণাটে নারিয়লরম্নু, তৈলঙ্গে নারিকদম, টোকীয়া, উৎকলে নড়িয়া, বোম্বায়ে নারলী এবং তামিলে টেন্না এবং টেঙ্গা, গুজরাটে নালীয়র, ফারসীতে জোজহিন্দীনারীগল, আরবীতে নারজিল্, ইংরাজীতে Cocoanut palm. ডাক্তারী নাম Cocoanut tree. কোকোনট্ ট্রি।

খর্জ্জূরিকাফলং শীতং স্বাদু স্নিগ্ধং ক্ষতাস্রজিৎ।
বল্যং হন্তি মরুৎপিত্তং মদমূর্চ্ছামদাত্যয়ান্॥
তস্মাদল্পগুণং জ্ঞেয়মন্যৎ খর্জ্জূরিকাফলম্।
তন্মজ্জা মূর্দ্ধজঃ শীতো বৃষ্যঃ পিত্তাস্রদাহজিৎ॥
খর্জ্জূরীতরুতোয়ং তু মদপিত্তকরং ভবেৎ।
বাতশ্লেষ্মহরং রুচ্যং দীপনং বলশুক্রকৃৎ॥

পর্য্যায়।—খর্জ্জূরিকা খরস্কন্ধা, নিঃশ্রেণী, দ্বীপসম্ভবা, দুষ্প্রধর্ষা, দুরারোহা, বনেষ্টা, হরিপ্রিয়া এই কয়টী খর্জ্জূরের এবং পিণ্ডখর্জ্জূরিকা, খর্জ্জূ, দীপ্যা, দুঃকণ্টকা, এই কয়টী পিণ্ডখেজুরের এবং স্কন্ধফলা, স্বাদী, দুরারোহা, মৃদুচ্ছদা, ভূমিখর্জ্জূরিকা, কাককর্কটী ও স্বাদুমস্তকা, এই কয়টী ভূমিখর্জ্জূরের সংস্কৃত নাম। * আর এক প্রকার গোস্তনের ন্যায় আকৃতিবিশিষ্ট খর্জ্জূর আছে, উহা অন্যদ্বীপ হইতে এদেশে আসিয়াছে, উহা পশ্চিমদেশে জন্মে। উহাকে ছোহারা বলে।

গুণ।—খর্জ্জূরের ফল শীতবীর্য্য, স্বাদু, স্নিগ্ধগুণযুক্ত, ক্ষত ও রক্তদোষঘ্ন, বলকর, বায়ু, পিত্ত, মদ, মূর্চ্ছা ও মদাত্যয় নাশক। অন্যান্য খর্জ্জূরের গুণ ইহা অপেক্ষা অল্প। খেজুরের মাতী শীতবীর্য্য, বীর্য্যবর্দ্ধক, রক্তপিত্ত ও দাহ নাশক। খেজুরের রস মদ ও পিত্তজনক, বাতশ্লেষ্ম নাশক, রুচিকর, অগ্নিদীপক, বলকর ও শুক্রজনক।

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে খজুর, পিণ্ডখজূর, মহারাষ্ট্রে শিন্দী খজূরী, কর্ণাটে ইঞ্চিলু, করীইংচিলু, গুজরাটে খজূরী, খারক, তৈলঙ্গে ইংটাচেট্টু, খজূর পুপংডু, ফারসীতে তমররুতব, আরবীতে খুর্মাতর, খুর্মাখুষ্ক বলে। ইংরাজীতে **Date palm.** ল্যাটীনে **Phoenix montena.**

## সুলেমানীনামগুণাঃ।

সুলেমানী তু মৃদুলা দলহীনফলা মতা।
সুলেমানী শ্রমভ্রান্তিদাহমূর্চ্ছাস্রপিত্তনুৎ॥

পর্য্যায়। সুলেমানী, মৃদুলা ও দলহীনফলা এই কয়টী ইহার পর্য্যায়। সুলেমানী এক :প্রকার পিণ্ড খর্জ্জূর। ইহাকে সুনেপালী ও ছোহারা বলে।

গুণ।—সুলেমানী শ্রম, ভ্রম, দাহ, মূর্চ্ছা ও রক্তপিত্ত নাশক।

---

## কদলী নামগুণাঃ।

কদলী গ্রন্থিনী মোচা রম্ভা বীরায়তচ্ছদা।
রোচকা বারণবুষাম্বুসারাংশুমতীফলা॥
কদলী যোনিদোষাশ্মরক্তপিত্তহরা হিমা।
তৎকন্দঃ শীতলো বল্যঃ কেশ্যঃ পিত্তকফাস্রজিৎ॥
তৎফলং মধুরং শীতং বিষ্টম্ভি কফকৃদ্গুরু।
স্নিগ্ধং পিত্তাস্রতৃড়্দাহ ক্ষতক্ষয়সমীরজিৎ॥

পর্য্যায়।—কদলী, গ্রন্থিনী, মোচা, রম্ভা, বীরা, আয়তচ্ছদা, রোচকা, বারণবুষা, অম্বুসারা, অংশুমতীফলা এইকয়টী কদলীর সংস্কৃত নাম।

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দীতে কেলা, কেরা, সবেজ্ ও কেলাপেড়্, তৈলঙ্গে অরটিচেট্টু, বুরগচেট্টু, দোংড়তোগে, মহারাষ্ট্রে কেল, সোনকেল, গুজরাটে কেল্য, কর্ণাটে মরবালেকাষ্ঠ, তামিলে পাজমব্রণপিপসী, ব্রহ্মদেশে হগাপী, লুসাই ভাষায় বাহ্লা, পালি ভাষায় তল ও তলমপঞ্জ, ফারসীতে মাবজ, মোঝ, আরবীতে তনা, ইংরাজীতে Plantain. ডাক্তারী নাম Musa Sapientum. মুসা সেপিএণ্টম্।

গুণ। কদলী শীতবীর্য্য, যোনিদোষ, অশ্মরী, রক্তপিত্তরোগ নাশক। কদলীকন্দ শীতবীর্য্য, বলকর, কেশবর্দ্ধক, পিত্ত, কফ ও রক্ত দোষনাশক।

কদলীফল মধুর, শীতল, বিষ্টম্ভকারক, কফকর, গুরু, স্নিগ্ধ, রক্তপিত্ত, তৃষ্ণা, দাহ, ক্ষত, ক্ষয় ও বায়ুরোগ নাশক।

---

## দাড়িমীনামগুণাঃ।

দাড়িমী রক্তকুসুমা দন্তবীজা শুকপ্রিয়া।
দাড়িমং দীপনং হৃদ্যং রোচনং নাতিপিত্তলম্॥
কষায়ানুরসং গ্রাহি স্নিগ্ধং মেধাবলাবহম্।
দাড়িমং ত্রিবিধং স্বাদু স্বাদ্বম্লং কেবলাম্লকম্॥
তেষাং স্বাদু ত্রিদোষঘ্নমম্লং বাতবলাস্রজিৎ।
স্বাদ্বম্লং দীপনং রুচ্যং কিঞ্চিৎপিত্তকরং লঘু॥
শুষ্কাম্লদাড়িমীসারঃ কুট্টিমঃ পিত্তবাতকৃৎ॥

পর্য্যায়।—দাড়িমী, রক্তকুসুমা, দন্তবীজা, শুকপ্রিয়া এইকয়টী দাড়িমের সংস্কৃত নাম।

গুণ।—দাড়িম, অগ্নিদীপক, হৃদয়ের উপকারক, রুচিকারক, অনতিপিত্তকর, কষায়, মলসংগ্রাহক, স্নিগ্ধ, মেধা ও বলবর্দ্ধক।

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দীতে আনার আনারা, মহারাষ্ট্রে দাড়িম, ডালিম্ব, কর্ণাটে দালিম্ব, তৈলঙ্গে ডানির্ম্মচেট্টু, উৎকলে দালিম্ব, তামিলে মাদলই চেহেড্ডি, গুর্জ্জরে ডালম, গুজরাটে দাড়্যম্, ফারসীতে অনার তুরস, আরবীতে রুমানহামীজ। ডাক্তারী নাম Punica granatum. পিউনিকা গ্র্যামেটম্। ইংরাজীতে Pomegranate.

স্বাদু, অম্ল ও স্বাদ্বম্ল ভেদে দাড়িম তিন প্রকার; তন্মধ্যে স্বাদু দাড়িম ত্রিদোষঘ্ন, অম্লদাড়িম বায়ু, বল ও রক্ত দোষনাশক। স্বাদ্বম্ল দাড়িম অগ্নিদীপক, রুচিকর, অল্পপিত্তজনক ও লঘুপাক। শুষ্ক ও অম্লদাড়িমের রসকে কুট্টিম বলে। ইহা পিত্ত ও বায়ুজনক।

---

## কতক নামগুণাঃ।

কতকোঽম্বুপ্রসাদশ্চ কতস্তিক্তফলস্তথা।
কতকস্য ফলং নেত্র্যং জলনির্ম্মলকারকম্।
বাতশ্লেষ্মহরং শীতং মধুরং তুবরং গুরু॥

পর্য্যায়।—কতক, অম্বুপ্রসাদ, কত, তিক্তফল এই কয়টী কতকের অর্থাৎ নির্ম্মলফলের সংস্কৃত নাম। *

গুণ।—নির্ম্মলফল নেত্রের পক্ষে হিতকর, জলের নির্ম্মলতাকারক, শীতল, মধুর কষায়রস, গুরুপাক ও বাতশ্লেষ্মনাশক।

## বদরীনামগুণাঃ।

বদরী কর্কটী মোঘা কোরণ্টী যুগ্মকণ্টকা।
অন্যা স্নিগ্ধচ্ছদা কোশফলা সৌবীরিকাপরা॥
হস্তিকোলী পরা ত্বন্যা লঘ্বী কর্কন্ধু কোলিকা॥

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে নির্ম্মলীফল, পায়পসারী, মহারাষ্ট্রে নিবলীচ্যা, বিয়া, গজরা, কর্ণাটে চীলু ও চিল্লিকাপি, গুজরাটে নির্ম্মলী, ইংরাজীতে Aunt which clears water. ল্যাটিনে Strychinos potatarum.

বদরং ত্বপরং কোলং ফেনিলং কুবলং কুহম্।
কর্কন্ধু হ্রস্ববদরং বরটঞ্চ ধুকন্ধুকম্॥
পচ্যমানং সুমধুরং সৌবীরং বদরং মহৎ॥
বদরী শীতলা তিক্তা রূক্ষা পিত্তকফাপহা।
বদরং লঘু সংগ্রাহি রুচ্যমুষ্ণং সমীরজিৎ।
কফপিত্তকরং তদ্বৎ কোলং গুরু সরং স্মৃতম্॥
সৌবীরং বদরং শীতং ভেদনং গুরু শুক্রলম্।
বৃংহণং পিত্তবাতাস্র ক্ষয়তৃষ্ণানিলাপহম্॥
শুষ্কং ভেদ্যগ্নিকৃৎ সর্ব্বং লঘু তৃষ্ণাক্লমাস্রজিৎ।
কর্কন্ধু মধুরং স্নিগ্ধং গুরু পিত্তানিলাপহম্।
মরুৎপিত্তহরা মজ্জা বৃষ্যা বীর্য্যবলপ্রদা॥

পর্য্যায়।—বদরী, কর্কটী, মোঘা, কোরণ্টী, যুগ্মকণ্টকা এইকয়টী বদরীর পর্য্যায়। আর একপ্রকার বদরী আছে, তাহার পত্র স্নিগ্ধ। স্নিন্ধচ্ছদা ও কোশফলা এই দুইটী তাহার পর্য্যায়। আর এক প্রকার বদরী আছে, তাহাকে সৌবীরিকা বলে। আর একপ্রকার বদরী আছে, তাহার নাম হস্তিকোলী। আর একপ্রকার ক্ষুদ্র বদর আছে, তাহাকে কর্কন্ধু বলে। লঘ্বী, কর্কন্ধু ও কোলিকা তাহার পর্য্যায়। আর একপ্রকার বদরী আছে, কোল, ফেনিল, কুবল, কুহ, কর্কন্ধু, হ্রস্ববদর, বরট, ধুকন্ধুক, এইগুলি তাহার পর্য্যায়। * পরিপক্ক সুমধুর বদরকে সৌবীর বলে।

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে বেরীক পেড, বের, ছোটে বের, তৈলঙ্গে রেগুচেট্টু ও রজ্ঞ, উৎকলে কুড়ি, বোম্বাইয়ে বোর

গুণ।—বদরী শীতবীর্য্য, তিক্ত, রুক্ষ, পিত্ত ও কফনাশক।

ছোটবদর মলসংগ্রাহক, রুচিকর, উষ্ণবীর্য্য ও বায়ুনাশক, কফপিত্তকর। কোল নামক বদর তদ্রূপ গুণযুক্ত, বিশেষতঃ গুরুপাক ও সারক। সৌবীর বদর শীতবীর্য্য, মলভেদক, গুরুপাক, শুক্রবর্দ্ধক, পুষ্টিকারক, পিত্ত, দাহ, রক্তদোষ, ক্ষত, তৃষ্ণা ও বয়ুনাশক। শুষ্কবদর ভেদক, অগ্নিকর, লঘু, তৃষ্ণা, ক্লম ও রক্তদোষঘ্ন। কর্কন্ধু বদর মধুর, স্নিগ্ধ, গুরু, পিত্তবায়ুনাশক। কুলের আঁটীর মজ্জা বায়ুপিত্তনাশক, বীর্য্যবর্দ্ধক ও বলকর।

---

## ক্ষীরী নামগুণাঃ। ( ক্ষীর্ণিগাছ )

ক্ষীরী ক্ষত্রিয় রাজাহ্ব রাজাদনফলাক্ষিকম্।
রাজন্যস্তস্য ভেদোঽন্যশ্চিবুকো মুচিলিন্দকঃ॥
ক্ষীরীবৃক্ষফলং শীতং স্নিগ্ধং গুরু বলপ্রদম্।
তৃষ্ণা মূর্চ্ছা মদভ্রান্তি ক্ষয়দোষত্রয়াস্রজিৎ॥

পর্য্যায়।—ক্ষীরী, ক্ষত্রিয়, রাজাহ্ব, রাজাদনফল, অক্ষিক, রাজন্য, এই কয়টী ক্ষীরণীর অর্থাৎ ক্ষীর খেজুরের পর্য্যায়। আর একপ্রকার 'ক্ষীরখেজুর আছে, চিবুক ও মুচিলিন্দক এই দুইটী তাহার পর্য্যায়।

---

এবং তামিলে রেয়স্তি,মহারাষ্ট্রে বোরীচেঝাড়ং বোর, গুজরাটে মোটীবোরডী, কর্ণাটে যেরন্থ, ফারসীতে কুনার, আরবীতে সীদরনবংক, ইংরাজীতে Jujob plum. ডাক্তারী নাম Fruit of the jujube. ফ্রুট অবদি জুজুবি।

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে ক্ষীরী, মহারাষ্ট্রে রায়ণী ও রেবণে, বোম্বায়ে ফেণী, তামিলে পল্ল এবং গুর্জ্জরে খিরণী বলে। ডাক্তারী নাম Mimonsops hexanbra মাইমনসোপস হেক্সানব্রা।

গুণ।—ক্ষীরীবৃক্ষফল শীতবীর্য্য, স্নিগ্ধ, গুরুপাক, বলকর, তৃষ্ণা, মূর্চ্ছা, মদ, ভ্রম, ক্ষয়, ত্রিদোষ ও রক্তদোষ নাশক।

---

## চারনামগুণাঃ। (পিয়াল)

চারো ধনুষ্পটঃ শালঃ পিয়ালো মুনিবল্লভঃ।
রাজাদনো দৃঢ়স্কন্ধো চারকঃ প্রিয়দর্শনঃ।
চারঃ পিত্তকফাস্রঘ্নস্তৎফলং মধুরং গুরু॥
স্নিগ্ধং সরং মরুৎপিত্তদাহতৃষ্ণাক্ষতাপহম্॥
তন্মজ্জা মধুরা বৃষ্যা শুক্রলা পিত্তবাতজিৎ॥

পর্য্যায়।—চার, ধনুষ্পট, শাল, পিয়াল, মুনিবল্লভ, রাজাদন, দৃঢ়স্কন্ধ, চারক ও প্রিয়দর্শন এই কয়টী পিয়ালের (চিরৌঞ্জীর) সংস্কৃত নাম। *

গুণ।—চার পিত্ত, কফ ও রক্তদোষঘ্ন। ইহার ফল মধুর, গুরু, স্নিগ্ধ, সারক, বায়ু পিত্ত দাহ তৃষ্ণা ও ক্ষয় নাশক।

---

## পরূষকনামগুণাঃ। (ফলসা)

পরূষকো মৃদুফলঃ পরুষো রোষণঃ পরুঃ।
পরূষকং কষায়াম্লমামং পিত্তকরং লঘু॥

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে নিয়েবেরু, চিরোংজী, মহারাষ্ট্রে চারোলী, পঞ্জাবে চিরোলী, উৎকলে চরু, তামিলে কাটমরা, গুজরাটে চারোলী, কর্ণাটে চারবীজ, তৈলঙ্গে সারুপপু, ফারসীতে বুকলেখাজা, আরবীতে হবুস্মানা। ডাক্তারী নাম **Buchanania Latifolia** বুচানেনিয়া ল্যাটিফোলিয়া।

পক্বস্তু মধুরং পাকে শীতং বিষ্টম্ভি বৃংহণম্।
হৃদ্যং তৃট্‌পিত্তদাহাস্রক্ষতক্ষয়সমীরনুৎ॥

পর্য্যায়।—পরূষক, মৃদুফল, পরুষ, রোষণ, এইকয়টী পরূষকের অর্থাৎ ফলসার সংস্কৃত নাম। *

গুণ।—কাঁচা পরূষক ফল কষায়াম্লরস, পিত্তকর, লঘু। পক্ব পরূষফল পাকে মধুর, শীতবীর্য্য, বিষ্টম্ভজনক, ধাতুবর্দ্ধক, হৃদয়গ্রাহি। ইহা তৃষ্ণা, পিত্ত, দাহ, রক্ত, ক্ষত, ক্ষয় ও বায়ুরোগ নাশক।

---

## তিন্দুক-বিষতিন্দুক নামগুণাঃ।

তিন্দুকঃ স্যন্দনঃ স্ফূর্জ্জঃ কালসারশ্চ রামণঃ।
কাকপীলুঃ কুপীলুঃ স্যাদপরো বিষতিন্দুকঃ॥
তিন্দুকো ব্রণবাতঘ্নস্তৎসারঃ পিত্তরোগজিৎ।
আমমস্য ফলং গ্রাহি বাতলং শীতলং লঘু।
পক্বং পিত্তপ্রমেহাস্রশ্লেষ্মঘ্নং বিশদং গুরু।
বিষতিন্দুকমপ্যেবং বিশেষাদ্ গ্রাহি শীতলম্॥

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে ফালসা ও পরূষা, মহারাষ্ট্রে ফালসা, কর্ণাটে বেট্টহা, তৈলঙ্গে পুটিকী, গুজরাটে ধ্রামণ, ফারসীতে পালসা, আরবীতে ফালসা, ইংরাজীতে Asiatic Grewia. ডাক্তারী নাম Zcarpus grantum. কার্পাস্ গ্র্যাণ্টাম্।

পর্য্যায়।—তিন্দুক, স্যন্দন, স্ফূর্জ্জ, কালসার, রামণ, এইগুলি তিন্দুক অর্থাৎ গাবের সংস্কৃত নাম *। আর একপ্রকার তিন্দুক আছে, তাহাকে বিষতিন্দুক বা কুঁচিলা বলে। কালপীলু, কুপীলু, বিষতিন্দুক এই কয়টী তাহার পর্য্যায়। †

গুণ।—তিন্দুক ব্রণ ও বাতনাশক, ইহার সার পিত্তজন্য রোগ নাশক। কাঁচা তিন্দুক মলসংগ্রাহি, বায়ুবর্দ্ধক, শীতবীর্য্য ও লঘু।

পক্ক তিন্দুক পিত্তদোষ, প্রমেহ, রক্তদোষ, কফনাশক, বিশদ, গুরুপাক। বিষতিন্দুকের গুণও ঐরূপ, বিশেষতঃ ইহা মলসংগ্রাহি ও শীতবীর্য্য।

---

## কিঙ্কিনী নামগুণাঃ। (বঁইচ)

কিঙ্কিনী ব্যাঘ্রপাদঃ স্যাৎ স্রুগদারুশ্চ বিকঙ্কতঃ।
কণ্টকী গ্রন্থিলশ্চৈব তথা দেবতরুর্ব্বঃ॥
কিঙ্কিনী তুবরা তিক্তা পিত্তশ্লেষ্মহরা হিমা।
তৎফলং বাতলং ত্বামং পক্কং স্বাদু ত্রিদোষজিৎ॥

* দেশভেদে নামভেদ। ইহাকে হিন্দুস্থানে তেন্দু, মহারাষ্ট্রে টেংভুর্ণী, আপন, কর্ণাটে রুংবুরু, তৈলঙ্গে তমিক্, তামিলে তুম্বিক এবং বোম্বায়ে তিম্বোরী, গুজরাটে টিংবরবো, ফারসীতে অবনুসুঝাড় বলে। ইংরাজীতে Ebony. ডাক্তারী নাম Diospyros glutinosa. ডিয়স্‌পাইরস গ্লুটিনোসা।

† দেশভেদে নামভেদ। ইহার নাম হিন্দুস্থানে বিষতেন্দু, কুচলা, তৈলঙ্গে মুংষ্টিগঞ্জা, গুজরাটে ঝেরকোচলাং, মহারাষ্ট্রে কাজরা, কর্ণাটে কাজ্জিবার, ফারসীতে ইফারকী, আরবীতে কালিলুল্‌কল্ক ফলুজমাহী। ইংরাজী Poison nut. ল্যাটীনে Strychnos noxvomica. ষ্ট্রীক্‌নাস্ নক্সভোমিকা

পর্য্যায়।—কিঙ্কিনী, ব্যাঘ্রপাদ, স্রুগদারু, বিকঙ্কত, কণ্টকী, গ্রন্থিল, দেবতরু ও বর এইকয়টী কিঙ্কীনীর অর্থাৎ বঁইচের সংস্কৃত নাম।

গুণ।—কিঙ্কিনী কষায়, তিক্তরস, পিত্ত শ্লেষ্মঘ্ন, শীতবীর্য্য। কিঙ্কিনীর কাঁচা ফল বায়ুজনক, পক্কফল স্বাদু ও ত্রিদোষনাশক।

## আরুকনামগুণাঃ।

আরুকং বীরসেনং তজ্জাতিভেদাচ্চতুর্বিধম্।
আরুকং জারকং বাতমেহার্শঃকফনাশনম্॥

পর্য্যায়।—আরুক, বীরসেন, এইকয়টী আরুকের সংস্কৃত নাম।

ইহা হিমালয় প্রদেশজাত আড়নামক ঔষধি। পত্র, পুষ্প, মূল ও ডাঁটা ভেদে ইহা চারি ভাগে বিভক্ত।

আরুক জীর্ণকারক, বায়ু, মেহ, অর্শঃ ও কফ নাশক।

## মধূক নামগুণাঃ।

মধূকো মধুকস্তীক্ষ্নসারশ্চ গুড়পুষ্পকঃ।
বাণপ্রস্থো মধুষ্ঠীলো মধুকাষ্ঠো মধুদ্রুমঃ॥
মধূকোঽন্যো হ্রস্বফলো মধ্বঙ্গো দীর্ঘপত্রকঃ।
মধূকঃ কফবাতঘ্নঃ কষায়ো ব্রণরোপণঃ।

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে কংটাই, কিঙ্কিণী ও বঞ্জ, মহারাষ্ট্রে গুলঘোণ্টী, বেহকল, কর্ণাটে হলুমাণিকা মালেগু, তৈলঙ্গে কানবেগুচেট্টু, উৎকলে বইচকুড়ি ও পঞ্জাবে কুকোয়া, গুজরাটে বিবলো বলে। ডাক্তারী নাম Flacourtia romontchi ফ্ল্যাকৌরসিয়া রোমনটচী।

তৎপুষ্পং মধুরং বল্যং শীতলং গুরু বৃংহণম্ ॥
ফলং শীতং গুরু স্বাদু শুক্রলং বাতপিত্তজিৎ।
অহৃদ্যং হন্তি তৃষ্ণাস্রদাহশ্বাস ক্ষতক্ষয়ান্ ॥
আমং তদেব বিষ্টম্ভি বাতঘ্নং তুবরং গুরু ॥

পর্য্যায়।—মধূক, মধুক, তীক্ষ্ণসার, গুড়পুষ্পক, বাণপ্রস্থ, মধুষ্ঠীল, মধ্বকাষ্ঠ, মধুদ্রুম এই কয়টী মধুক অর্থাৎ মৌয়া গাছের সংস্কৃত নাম। *

আর একপ্রকার মধূক আছে, তাহার ফল হ্রস্বাকৃতি ও পত্র দীর্ঘাকৃতি হয়। ইহা জলে জন্মে। হ্রস্বফল, মধ্বঙ্গ, দীর্ঘপত্রক এই কয়টী তাহার পর্য্যায়।

গুণ। মধূক কফ ও বায়ুনাশক, কষায়, ব্রণনাশক।

মধূকের পুষ্প মধুর, বলকর, শীতবীর্য্য, গুরুপাক, বীর্য্যবর্দ্ধক।

মধূকের ফল শীতবীর্য্য, গুরুপাক, স্বাদু, শুক্রপ্রদ, বায়ুপিত্তনাশক, অতৃপ্তিজনক, তৃষ্ণা, রক্তদোষ, দাহ, শ্বাস, ক্ষত ও ক্ষয়রোগ নাশক।

কাঁচা মধুক বিষ্টম্ভকর, বায়ুনাশক, কষায়রস ও গুরুপাক।

---

## পনসনামগুণাঃ।

পনসঃ কণ্টকিফলশ্চাশয়ো গর্ভকণ্টকঃ।
পনসং শীতলং পক্বং স্নিগ্ধং পিত্তানিলাপহম্ ॥

---

* দেশভেদে নামভেদ।—মৌলকে হিন্দীতে মহুয়া ও জলমহুয়া, তামিলে কটইল্লুপি, তৈলঙ্গে ইপা, পিনা ও বোম্বাইয়ে মোহা, মহারাষ্ট্রে মোহাচা বৃক্ষ, মোহবৃক্ষ, জলমোহা, গুজরাটে মহুড়ো, জলমহুড়ো, কর্ণাটে মহুইপ্পে, যরডুইপ্পে, ফারসীতে চকাং, ইংরাজীতে Elloopatree বলে। ডাক্তারী নাম Bassia Latifolia, ব্যাসিয়া লাটিফোলিয়া।

বল্যং শুক্রপ্রদং হন্তি রক্তপিত্তক্ষতক্ষয়ান্।
আমং তদেব বিষ্টম্ভি বাতলং তুবরং গুরু॥

পর্য্যায়।—পনস, কণ্টকিফল, আশয়, গর্ভকণ্টক, এইকয়টী পনস অর্থাৎ কাঁঠালের সংস্কৃত নাম।*

গুণ।—পক্ক কাঁঠাল শীতবীর্য্য, স্নিগ্ধ, বলকর, শুক্রপ্রদ, পিত্ত, বায়ু, রক্তপিত্ত ও ক্ষয়রোগ নাশক। কাঁচা কাঠাল বিষ্টম্ভজনক, বায়ুবর্দ্ধক, কষায়, ও গুরুপাক।

---

## লকুচনামগুণাঃ।

লকুচঃ ক্ষুদ্রপনসো লিকুচো গ্রন্থিমৎফলঃ।
লকুচং গুরু বিষ্টম্ভি স্বাদ্বম্লং রক্তপিত্তকৃৎ॥
শ্লেষ্মকারি সমীরঘ্নমুষ্ণং শুক্রাগ্নিনাশনম্॥

পর্য্যায়।—লকুচ, ক্ষুদ্রপনস, লিকুচ, গ্রন্থিমৎফল এইকয়টী লকুচ অর্থাৎ মাদারের ( ডেলোর ) সংস্কৃত নাম।†

গুণ।—লকুচ গুরুপাক, বিষ্টম্ভজনক, স্বাদু ও অম্লরসযুক্ত, রক্তপিত্তকর, শ্লেষ্মকর, বায়ুনাশক, উষ্ণবীর্য্য, শুক্র ও অগ্নিনাশক।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে কটহর, কটহল, মহারাষ্ট্রে ফণস, কর্ণাটে হলসিন্ হণু, তৈলঙ্গে পনসকায়া, উৎকলে পণস এবং তামিলে পিল্লা বলে। ইহার ডাক্তারীনাম Artocarpus Intergrifolia আর্টোকার পাস্ ইণ্টাগ্রিফোলিয়া।

† দেশভেদে নামভেদ।—ইহার নাম বড়হর, মহারাষ্ট্রে বটারফণস, ক্ষুদ্র পনস, গুজরাটে লকুব, ল্যাটীনে Artocarpus Lacoocha.

## তালনামগুণাঃ

তালো ধ্বজো দুরারোহস্তৃণরাজো মহাদ্রুমঃ।
তালঃ শীতো মরুৎপিত্তব্রণজিন্মদশুক্রকৃৎ॥
তৎফলং শীতলং বল্যং স্নিগ্ধং স্বাদুরসং গুরু।
বিষ্টম্ভি বাতপিত্তাস্রক্ষতদাহক্ষয়াপহম্॥
বীজং মূত্রকরং বৃষ্যং বাতপিত্তহরং হিমম্॥

পর্য্যায়।—তাল, ধ্বজ, দুরারোহ, তৃণরাজ, মহাদ্রুম এইগুলি তালের সংস্কৃত নাম। *

গুণ।—তাল শীতবীর্য্য, মত্ততা ও শুক্রকারক, বায়ু, পিত্ত ও ব্রণ নাশক। তালের ফল শীতবীর্য্য, বলকর, স্নিগ্ধ, স্বাদুরস, গুরুপাক, বায়ু, পিত্ত, রক্ত-দোষ, ক্ষত, দাহ ও ক্ষয়রোগ নাশক। তালের বীজের শাঁস মূত্রকারক, বৃষ্য, বায়ুপিত্ত নাশক।

---

## খর্ব্বূজনামগুণাঃ।

খর্ব্বূজং ফলরাজং স্যাদমৃতাহ্বং দশাঙ্গুলম্।
খর্ব্বূজং মূত্রলং বল্যং কোষ্ঠশুদ্ধিকরং গুরু।
স্নিগ্ধং স্বাদুতরং শীতং বৃষ্যং পিত্তানিলাপহম্॥

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে তাল ও তাড়, উৎকলে তাড়, গুর্জ্জরে তাড় এবং তামিলে পনম, মহারাষ্ট্রে তাড়, কাংটেতাড়, গুজরাটে তাড়, ফারসীতে তাল, আরবীতে তার। ইংরাজীতে Palmyra palm ইহার ডাক্তারী নাম The Palmyra tree. দি পামাইরা ট্রি!

তেষু যচ্চাম্লমধুরং সক্ষারঞ্চ রসাদ্ভবেৎ।
রক্তপিত্তকরং তত্তু মূত্রকৃচ্ছ্রকরং পরম্॥

পর্য্যায়। খর্ব্বুজ, ফলরাজ, অমৃতাহ্ব, দশাঙ্গুল, এইকয়টী খর্ব্বুজের পর্য্যায়। *

গুণ।—খর্ব্বুজ মূত্রকারক, বলকর, কোষ্ঠশুদ্ধিকর, গুরু, স্নিগ্ধ, স্বাদুতর, শীতল, বীর্য্যবর্দ্ধক, পিত্ত ও বায়ু নাশক। ইহাদের মধ্যে যে খর্ব্বুজ অম্লমধুর ও ক্ষাররসবিশিষ্ট, তাহা রক্তপিত্তকর ও অত্যন্ত মূত্রকৃচ্ছ্রকারক।

---

## সেবনাম গুণাঃ।

মুষ্টিপ্রমাণবদরং সেবং সিম্বিতিকাফলম্॥
ফলঞ্চ সেবিকাপূর্ব্বং বাতপিত্তহরং লঘু॥
বৃংহণং কফকৃদ্ বৃষ্যং স্বাদুপাকরসং হিমম্॥

পর্য্যায়। মুষ্টিপ্রমাণবদর, সেব, সিম্বিতিকাফল, সেবিকাফল এইকয়টী সেউফলের সংস্কৃত নাম। †

গুণ।—সেউফল লঘুপাক; বীর্য্যবর্দ্ধক, কফকর, বৃষ্য, পরিপাকে স্বাদুরস ও শীতবীর্য্য, বায়ু ও পিত্তনাশক।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে খরবুজা, মহারাষ্ট্রে খর্ব্বুজ, গুজরাটে তলিয়াশকরটেটী, কর্ণাটে বঠজসোতে, তৈলঙ্গে খরবুজং, ফারসীতে খুরপুজা, আরবীতে বিত্তিখ, ইংরাজীতে Melon. বলে।

† দেশভেদে নামভেদ।—ইহার নাম: হিন্দুস্থানে সেব, মহারাষ্ট্রে মোটে বোর, গুজরাটে শেব, ফারসীতে সেব, আরবীতে তুফাহ, ইংরাজীতে Apple, ল্যাটীনে Pyrus malus.

## অন্তঃফলনামগুণাঃ। (আপেল ফল)

অন্যদন্তঃফলঞ্চাপি মহৎসিম্বিতিকাফলম্।
সেববত্তদ্‌গুণং জ্ঞেয়ং বিশেষাৎ তুবরং হিমম্॥

পর্য্যায়। অন্তঃফল, মহৎসিম্বিতিকাফল এই দুইটী আপেলের সংস্কৃত নাম। ইহাকে বড় সেবফলও বলে।

গুণ।—আপেলফলের গুণ সেবফলের ন্যায়। বিশেষতঃ আপেল ঈষৎ কষায়রস ও শীতবীর্য্য।

---

## অমৃতফলনামগুণাঃ।

অমৃতাহ্বং রুচিফলং লঘুবিল্বফলাকৃতি।
অমৃতং গুরু বাতঘ্নং স্বাদ্বম্লং রুচিশুক্রকৃৎ॥

পর্য্যায়।—অমৃতাহ্ব, রুচিফল, লঘুবিল্বফলাকৃতি এইগুলি অমৃতফল অর্থাৎ নাস্পাতীর সংস্কৃত নাম। * ইহার আকৃতি ক্ষুদ্র বিল্বফলের ন্যায়।

গুণ।—নাস্পাতি গুরু, অম্লমধুর, রুচিকর, শুক্রবর্দ্ধক ও বায়ুনাশক।

---

## বাতাদনামগুণাঃ।

বাতাদং সুফলং বাতবৈরি নেত্রোপমং মতং।
বাতাদমুষ্ণং সুস্নিগ্ধং বাতঘ্নং বলশুক্রকৃৎ॥

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে পঞ্জাবে নাক বলে।

পর্য্যায়।—বাতাদ, সুফল, বাতবৈরি, নেত্রোপম, এইকয়টী বাতাদ অর্থাৎ বাদামের সংস্কৃত নাম।

গুণ।—বাদাম উষ্ণবীর্য্য, অতিস্নিগ্ধ, বল ও শুক্রজনক এবং বায়ুনাশক।

---

## পিস্ত নামগুণাঃ।

পিস্তং মুকুলকং জ্ঞেয়ং দন্তীফলসমাকৃতি।
মুকুলকং গুরু স্নিগ্ধং বৃষ্যোষ্ণং স্বাদু বৃংহণং।
রক্তপ্রসাদনং বল্যং বাতঘ্নং কফপিত্তকৃৎ।

পর্য্যায়।—পিস্ত, মুকুলক, দন্তীফলসমাকৃতি এই কয়টী পেস্তার সংস্কৃত নাম। পেস্তার আকৃতি দন্তীফলের ন্যায়। পেস্তা দ্বিবিধ।

গুণ। পেস্তা গুরু, স্নিগ্ধ, বৃষ্য, উষ্ণবীর্য্য, স্বাদু, বৃংহণ, রক্তপরিষ্কারক, বলকারক, বায়ুনাশক ও কফপিত্তকর।

---

## এলাননাম গুণাঃ।

এলানমামবাতঘ্নমম্লোষ্ণং গুরু রেচনম্।
পক্বং স্বাদু হিমং বল্যং বাতপিত্তবিনাশনম্॥

এলান একপ্রকার ফল বিশেষ। ইহা নারাঙ্গা লেবু জাতীয়।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে 'বাদাম মীঠে, বাদাম কড়বে, বোম্বায়ে জংলিবাদাম, তৈলঙ্গে বেদম, তামিলে নটবড়ুম, মহারাষ্ট্রে বাদাম গোড়ে, বাদাম কডু, গুজরাটে বদামমীঠি, বাদাম কড়বী, আরবীতে লোজলহলু, ফারসীতে বদামশীরী ইংরাজীতে Sweet almond, ডাক্তারী নাম The Almond, দি এলমণ্ড বলে।

কাঁচা এলান আমবাতনাশক, অম্লরস, উষ্ণবীর্য্য, গুরুপাক ও রেচক পাকা এলান স্বাদু, শীতবীর্য্য, বলকর ও বায়ুপিত্তনাশক।

---

## আল্লূকনামগুণাঃ।

আল্লূকন্তল্লু ভল্লূকং ভল্লং রক্তফলং তথা।
আল্লূকং রসতঃ শীতং স্বাদ্বম্লং বাতপিত্তলম্ ॥

পর্য্যায়।—আল্লূক, ভল্লু, ভল্লূক, ভল্ল, রক্তফল এইকয়টী আল্লূকের আলুবোথারার সংস্কৃত নাম।

গুণ।—আলুবোথারা শীতবীর্য্য, অম্লমধুর, বায়ু ও পিত্তকর।

---

## অঞ্জীরনামগুণাঃ।

অঞ্জীরং মঞ্জুলং জ্ঞেয়ং কাকোদুম্বরিকাফলম্।
অঞ্জীরং শীতলং স্বাদু গুরু পিত্তাস্রবাতজিৎ ॥
তস্মাদল্পগুণং জ্ঞেয়মঞ্জীরং লঘু তদ্‌গুণৈঃ ॥

পর্য্যায়।—অঞ্জীর, মঞ্জুল, কাকোডুম্বরিকাফল এইকয়টী আঁজীরের (পেয়ারার) সংস্কৃত নাম।

গুণ।—পেয়ারা শীতবীর্য্য, স্বাদু, গুরু, রক্ত পিত্ত ও বায়ুনাশক।

আর একপ্রকার আঁজীর আছে তাহার আকার ক্ষুদ্র। তাহার গুণ বড় আঁজীরের অপেক্ষা কিঞ্চিৎ ন্যূন।

---

## অক্ষোটক নামগুণাঃ।

অক্ষোটকঃ স্নেহফলঃ কন্দরালঃ পৃথুচ্ছদঃ।
আক্ষোটং মধুরং বল্যং গুরূষ্ণং বাতহৃৎ সরম্‌ ॥

পর্য্যায়।—অক্ষোটক, স্নেহফল, কন্দরাল, পৃথুচ্ছদ এই কয়টী আখরোটের পর্য্যায়। *

গুণ।—আখরোট্ মধুর, গুরু, উষ্ণবীর্য্য, বলকর ও বাতনাশক ও সারক।

---

## পারেবতদ্বয় নামগুণাঃ।

পারেবতং সিতং পুষ্পৈস্তিন্দুকাভফলং স্মৃতম্‌।
অন্যন্মানবকং জ্ঞেয়ং মহাপারেবতং তথা ॥
পারেবতং হিমং স্বাদু গুরূষ্ণং বহ্নিবাতজিৎ।
তদ্বন্মানবকং হৃদ্যং তৃষ্ণাঘ্নমিষ্টমম্লকম্‌ ॥

পর্য্যায়।—পারেবত, দ্বীপান্তর খর্জ্জুর বা পেয়ারাজাতীয় ফলবিশেষ। ইহার পুষ্প সাদা, ফল দেখিতে গাবের মত। আর এক প্রকার পারেবত আছে। তাহাকে মানবক ও মহাপারেবত বলে।

গুণ।—পারেবত শীতবীর্য্য, স্বাদু, গুরু, উষ্ণবীর্য্য, অগ্নি ও বায়ুনাশক। মহাপারেবত বা মানবকের গুণ পারেবতের ন্যায়, বিশেষতঃ ইহা হৃদয়ের উপকারক, তৃষ্ণানাশক, রুচিকর ও অম্লরস।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে আখ্‌রোট, মহারাষ্ট্রে অক্রোড, গুজরাটে অখোড়, দাক্ষিণাত্যে উব্বকাই, কর্ণাটে আখোট, ফারসীতে চার্ত্তিগজ, আরবীতে জোঝ অক্রুপম্ মগজ। ইংরাজীতে walnut. ল্যাটীনে **Aleuriter triloba.**

## তূতনামগুণাঃ।

তূতং তূদং ব্রহ্মকাষ্ঠং ব্রহ্মণ্যং ব্রহ্মদারু চ।
তূতং গুরু হিমং পক্বং স্বাদু পিত্তানিলাপহম্॥

পর্য্যায়।—তূত, তূদ, ব্রহ্মকাষ্ঠ, ব্রহ্মণ্য ও ব্রহ্মদারু এই কয়টী তূতের সংস্কৃত নাম। *

গুণ।—পক্ব তূত গুরুপাক, শীতবীর্য্য, সুস্বাদু ও বায়ুপিত্তনাশক।

---

## গাঙ্গেরুক নামগুণাঃ।

গাঙ্গেরুকং কর্কটকং কারকং মৃগলণ্ডিকম্।
তোদনং ক্রন্দনং চান্যন্মৃগবিট্সদৃশং তথা॥
গাঙ্গেরু রেচনং পক্বং গুরু বাতাস্রপিত্তজিৎ।
তোদনং গ্রাহি মধুরং বাতপিত্তহরং লঘু॥
তূতাদিত্রিতয়ং সাম্লমুষ্ণমামং তু পিত্তলম্॥

পর্য্যায়।—গাঙ্গেরুক, কর্কটক, কারক, মগলণ্ডিক, এইকয়টী গাঙ্গেরুকের সংস্কৃত নাম। আর এক প্রকার গাঙ্গেরুক আছে, তাহার পর্য্যায়, তোদন, ক্রন্দন, মৃগবিট্সদৃশ। ইহা গোরক্ষতণ্ডুলাজাতীয়, ইহাকে গোরক্ষতণ্ডুলা বলে। ইহা ফলশাকবিশেষ।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে সহতূত, তূত, মহারাষ্ট্রে তুতেং ও বঙ্গরলি, তৈলঙ্গে কম্বলিচেট্টু, তামিলে মযুকট্টইচেড়ি, কোকণে তূতীচীং ফলেং, গুজরাটে শেতূত, তূত, ফারসীতে শাহতূত, তূততুর্শ, আরবীতে তূতহামীজ, তূত, ইংরাজীতে Mulberries বলে। ডাক্তারী নাম Morus indica. মোরাস ইণ্ডিকা।

গুণ।—পক্ক গাঙ্গেরু রেচক, গুরুপাক, বায়ু ও রক্তপিত্তনাশক। তোদন নামক গাঙ্গেরু মলসংগ্রাহি, মধুর, লঘু ও বাতপিত্ত নাশক। কাঁচা তূত, গাঙ্গেরু ও তোদন—অম্লরস, উষ্ণবীর্য্য, পিত্তজনক।

---

## তুবরনামগুণাঃ।

কলায়বৎ ফলৈঃ পত্রৈঃ কেশরাভৈঃ সমুদ্রজঃ।
বৃক্ষস্তুবরকো জ্ঞেয়ো ভল্লাতকসমো গুণৈঃ॥
তুবরং কফজিৎ পাকে কটূষ্ণং ব্রণমেহহৃৎ॥

পর্য্যায়।—তুবর বৃক্ষ পশ্চিম সাগরের তীরে জন্মে, উহার ফল ( মটর ) কলায়ের মত, পাতা কেশরের (কুঙ্কুমের) ন্যায়। তাহার গুণ ভেলার ন্যায়।

গুণ।—তুবর ভেলার ন্যায় গুণযুক্ত। তুবরফল কফনাশক। পাকে কটু, উষ্ণবীর্য্য, ব্রণ ও মেহরোগ নাশক।

---

## বীজপূর নামগুণাঃ।

বীজপূরো মাতুলঙ্গঃ কেশরী ফলপুরকঃ।
বীজপূরফলং রুচ্যং রসেঽম্লং দীপনং লঘু॥
রক্তপিত্তকরং কণ্ঠ্যং জিহ্বাহৃচ্ছোধনং পরম্।
ত্বক্ তস্য তিক্তা দুর্জ্জরোষ্ণা কৃমি বাতকফাপহা।
তন্মাংসং বৃংহণং শীতং গুরু পিত্তসমীরজিৎ॥
কেশরং লঘু সংগ্রাহি শূলগুল্মোদরাপহম্।
বীজমুষ্ণং ক্রিমিশ্লেষ্মবাতজিদ্‌গর্ভদং গুরু॥
তৎপুষ্পং বাতলং গ্রাহি রক্তপিত্তহরং লঘু।

শূলাজীর্ণবিবন্ধেষু মন্দাগ্নৌ কফমারুতে।
অরুচৌ শ্বাসকাসেষু রসস্তস্য প্রশস্যতে॥

পর্য্যায়।—বীজপূর, মাতুলুঙ্গ, কেশরী ও ফলপূরক এই কয়টী বীজপূর অর্থাৎ টাবালেবুর পর্য্যায়।

গুণ।—বীজপূর ফল রুচিকর, অম্লরস, অগ্নিদীপক ও লঘু। ইহা রক্তপিত্ত জনক, কণ্ঠ, জিহ্বা ও হৃদয় শোধক।

ইহার ত্বক্ অর্থাৎ খোসা তিক্ত, গুরুপাক, উষ্ণবীর্য্য, কৃমি, বায়ু ও কফনাশক।

ইহার মাংস অর্থাৎ শাঁস বীর্য্যবর্দ্ধক, শীতবীর্য্য, গুরু, বাতপিত্ত নাশক। ইহার কেশর লঘু, মলসংগ্রাহক, শূল, গুল্ম ও উদররোগ নাশক।

ইহার বীজ উষ্ণবীর্য্য, কৃমি, কফ ও বায়ু নাশক, গর্ভপ্রদ ও গুরু। ইহার পুষ্প বায়ুজনক, গ্রাহি, রক্তপিত্তনাশক ও লঘু।

ইহার রস শূল, অজীর্ণ, বিবন্ধ, মন্দাগ্নি, কফ ও বায়ু, অরুচি, শ্বাস ও কাসরোগে বিশেষ হিতকর।

---

## মধুকর্কটিকা নামগুণাঃ।

মধুকর্কটিকা স্বাদুলুঙ্গী ঘণ্টালিকা ঘটা।
মধুকর্কটিকা শীতা রক্তপিত্তহরা গুরুঃ।
তন্মূলন্তু বিসূচীঘ্নং কর্ণশোথবিনাশনম্॥

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দীতে বীজোরা নীবু, মহারাষ্ট্রে মহালুঙ্গ, গুজরাটে বীজোরিলিংবু, কর্ণাটে মাধবলা, তৈলঙ্গে দবাকায়, মাধোফল পুচেটু, উৎকলে কলংবা, ফারসীতে উতরংজ, আরবীতে তুরংজ, ইংরাজীতে Citrus. ডাক্তারী নাম The citran. দি সাইট্র্যান্।

পর্য্যায়।—মধুকর্কটিকা, স্বাদুলুঙ্গী, ঘণ্টালিকা ও ঘটা এই কয়টী মধু-কর্কটীর অর্থাৎ বাতাপিলেবুর ( মিঠা বীজোয়ার ) সংস্কৃত নাম।

গুণ।—মধুকর্কটিকা শীতবীর্য্য, রক্তপিত্তনাশক, গুরু। ইহার মূল বিসূচী-রোগ ও কর্ণশোথ নাশক।

---

## নাগরঙ্গদ্বয়নামগুণাঃ।

নারঙ্গো নাগরঙ্গঃ স্যাদ্ গোরক্ষো যোগসারকঃ।
নারঙ্গমম্লমত্যুষ্ণং পিত্তবাতহরং সরম্।
স্বাদ্বম্লমপরং হৃদ্যং দুর্জরং বাতনাশনম্॥
আস্যবৈরস্যহৃৎ পাণ্ডু বহ্নিমান্দ্যকৃমীন্ জয়েৎ॥

পর্য্যায়।—নারঙ্গ, নাগরঙ্গ, গোরক্ষ ও যোগসারক এই কয়টী নারঙ্গা-লেবুর সংস্কৃত নাম।

গুণ।—নারঙ্গ অম্লরস, অত্যুষ্ণবীর্য্য, পিত্ত ও বাতনাশক, সারক। আর এক প্রকার নারঙ্গ আছে, তাহা অম্লমধুর, হৃদয়গ্রাহী, দুর্জর ও বায়ু, মুখের বিরসতা নাশক, পাণ্ডু, অগ্নিমান্দ্য ও কৃমিরোগ নাশক।

---

## জম্বীরকনামগুণাঃ।

জম্বীরকো দন্তশঠো জম্বীরো জন্তলো মতঃ।
জম্বীরমম্লং শূলঘ্নং গুরূষ্ণং কফবাতজিৎ।
আস্যবৈরস্য হৃৎপাণ্ডুবহ্নিমান্দ্যকৃমীন্ জয়েৎ॥

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে মধুকাকড়ী ও মউফুটী বলে। ডাক্তারী নাম Citrus acida. সাইট্রাস্ এসিডা।

পর্য্যায়।--জম্বীরক, দন্তশঠ, জম্বীর ও জম্ভল এই কয়টী জম্বীরের (গোঁড়া-লেবুর) সংস্কৃত নাম।

গুণ।—জম্বীর অম্লরস, গুরুপাক, উষ্ণবীর্য্য, শূল, কফ, বায়ু, মুখের বিরসতা, হৃদয়ের পীড়া, অগ্নিমান্দ্য ও কৃমিরোগ নাশক।

---

## অম্লবেতসনামগুণাঃ।।

অম্লোঽম্লবেতসশ্চুক্রো বেতসঃ শতভেদনঃ।
অম্লবেতসমত্যম্লং ভেদনং লঘু লেখনম্।
হৃদ্রোগশূলগুল্মঘ্নং পিত্তাস্রকফদূষণম্॥

পর্য্যায়।—অম্ল, অম্লবেতস, চুক্র, বেতস, শতভেদন এই কয়েকটী অম্ল-বেতসের (থৈকলের) সংস্কৃত নাম। †

গুণ।—অম্লবেতস অত্যন্ত অম্লরস, ভেদক, লঘু, লেখন অর্থাৎ কৃশতাকারক, হৃদ্রোগ, শূল, গুল্ম নাশক, পিত্ত, রক্ত ও কফ দূষক।

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দীতে নীবু, জম্বীরী নীবু, মহা-রাষ্ট্রে লঘু ইড়লিংবু, সাথরলিম্বু, কর্ণাটে কাঁচলে, কনিলে, তৈলঙ্গে জংভিরং, নিম্মপড়ু, গুজরাটে দোড়িঙ্গালিংবু, ফরাসীতে লিমুনেতুশ, লিমুনেশিরি, আরবীতে লিমুনেহামিজ, ইংরাজীতে Lemons. ল্যাটীনে Lemonum acidum. ডাক্তারী নাম Citrus medica. সাইট্রাস মেডিকা।

† দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে অমলটাস্, অমলবেংত, মহারাষ্ট্রে চুকা, গুজরাটে অমলবেত, ফরাসীতে তুর্ষক, ইংরাজীতে Common sorrel. ডাক্তারী নাম Country sorrel. ল্যাটীনে Acido Zeyfolia.

## সারাম্লনামগুণাঃ।

সারাম্লকঃ সারফলো রসাম্লঃ সারপাদপঃ।
সারাম্লমম্লং বাতঘ্নং গুরু পিত্তকফপ্রদম্॥

পর্য্যায়।—সারাম্লক, সারফল, রসাম্ল ও সারপাদপ এই কয়টী সারাম্ল নামক লেবু বিশেষের সংস্কৃত নাম।

গুণ।—সারাম্ল অম্লরস, গুরু, পিত্ত ও কফপ্রদ, বায়ুনাশক।

---

## নিম্বূ-রাজনিম্বূনামগুণাঃ।

নিম্বূকং নিম্বুকং রাজনিম্বূকমপরং স্মৃতম্।
নিম্বুকমম্লং বাতঘ্নং পাচনং দীপনং লঘু॥
রাজনিম্বূফলং স্বাদু গুরু পিত্তসমীরজিৎ॥

পর্য্যায়।—নিম্বূক, নিম্বুক, এই দুইটী নিম্বুকের ( টেঁকো লেবুর ) সংস্কৃত নাম। আর এক প্রকার নিম্বুক আছে তাহাকে রাজনিম্বু ( কাগজী ) বলে।

গুণ।—নিম্বু অম্লরস, বায়ুনাশক, পাচক, অগ্নিদীপক, লঘু এবং রাজনিম্বু ফল স্বাদু, গুরুপাক, পিত্ত ও বায়ুনাশক।

---

## কর্ম্মরঙ্গনামগুণাঃ।

কর্ম্মরঙ্গং পীতফলং ভব্যং পিচ্ছিলবীজকম্।
কর্ম্মরঙ্গং হিমং গ্রাহি স্বাদ্বম্লং কফপিত্তজিৎ॥

পর্য্যায়।—কর্ম্মরঙ্গ, পীতফল, ভব্য, পিচ্ছিলবীজক এই কয়টী কর্ম্মরঙ্গ অর্থাৎ কামরাঙ্গার সংস্কৃত নাম। *

গুণ।—কামরাঙ্গা শীতবীর্য্য, গ্রাহি, স্বাদু অম্লরস, কফপিত্ত নাশক।

---

## অম্লিকানামগুণাঃ। ( তিন্তিড়ী )

অম্লিকা চুক্রিকা চিঞ্চা তিন্তিড়ী শুক্তিচন্দ্রিকা।
অম্লিকামা গুরুর্বাতহরা পিত্তকফাস্রজিৎ॥
পক্কা তদ্বৎ সরা রুচ্যা বহ্নিবস্তিবিশুদ্ধিকৃৎ।
শুষ্কা হৃদ্যা শ্রমভ্রান্তি তৃষ্ণাক্লমহরা লঘুঃ॥

পর্য্যায়।—অম্লিকা, চুক্রিকা, চিঞ্চা, তিন্তিড়ী, শুক্তিচন্দ্রিকা এই কয়টী অম্লিকা অর্থাৎ তেঁতুলের সংস্কৃত নাম।

গুণ।—কাঁচা তেঁতুল গুরুপাক, বায়ুনাশক, পিত্ত, কফ ও রক্তদোষঘ্ন। পাকা তেঁতুল কাঁচা তেঁতুলের ন্যায় গুণযুক্ত, বিশেষতঃ সারক, রুচিকর, অগ্নিকারক ও বস্তিশোধক।

শুষ্ক তেঁতুল হৃদয়গ্রাহি, লঘুপাক, শ্রম, ভ্রম, তৃষ্ণা ও ক্লান্তি নাশক।

---

## তিন্তিড়ীকনামগুণাঃ। ( ক্ষুদ্রতিন্তিড়ী )

তিন্তিড়ীকং তু বৃক্ষাম্লমম্লশাকোঽম্লপাদপঃ।
তিন্তিড়ীকং সমীরঘ্নমামমুষ্ণং সরং গুরু।
তৎপক্কং লঘু সংগ্রাহি গ্রহণীকফবাতজিৎ॥

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে করমথ, গুজরাটে কমরক-খাটাং মীঠাং বেলে, মহারাষ্ট্রে কর্ম্মরাচেঁঝাড় বলে। ইংরাজী নাম Caramboia. ডাক্তারী নাম Averrhoa carambola. এভারোহা কেরাম্বোলা।

পর্য্যায়।—তিন্তিড়ীক, বৃক্ষাম্ল, অম্লশাক ও অম্লপাদপ এই কয়টী তিন্তিড়ীর ক্ষুদ্রতেতুলের সংস্কৃত নাম।

গুণ।—কাঁচা ক্ষুদ্র তিন্তিড়ী বায়ুনাশক, উষ্ণবীর্য্য, সারক ও গুরুপাক। পাকা তেঁতুল লঘুপাক, মল সংগ্রাহী, গ্রহণী, কফ ও বায়ুর নাশক।

---

## করমর্দ্দীনামগুণাঃ।

করমর্দ্দী সুষেণা স্যাদন্যা কৃষ্ণফলা মতা।
করমর্দ্দং গুরূষ্ণাম্লং রক্তপিত্তকফপ্রদম্॥
তৎপক্বং মধুরং রুচ্যং লঘু পিত্তসমীরজিৎ।
শুষ্কং পক্ববদস্যামং পক্বমপ্যার্দ্রমামবৎ॥

পর্য্যায়।—করমর্দ্দী ও সুষেণা এই দুইটী করমচার সংস্কৃত নাম। আর এক প্রকার করমর্দ্দী আছে তাহার আকৃতি কৃষ্ণবর্ণ তাহাকে কৃষ্ণফলা বলে।

গুণ।—কাঁচা করমচা গুরু, উষ্ণবীর্য্য, অম্লরস, রক্তপিত্ত ও কফপ্রদ। পাকা করমচা মধুর, রুচিকর, লঘু, পিত্ত ও বায়ু নাশক।

কাঁচা করমচা শুকাইলে পাকার ন্যায় গুণযুক্ত হয় এবং পাকা করমচা ভিজাইলে কাঁচার ন্যায় গুণযুক্ত হয়।

---

## কপিত্থনামগুণাঃ।

কপিত্থকো দধিফলো দধিত্থঃ সুরভিচ্ছদঃ।
কপিত্থমামং সংগ্রাহি লঘু দোষত্রয়াপহম্॥
পক্বং গুরু তৃষাহিক্কাশমনং বাতপিত্তজিৎ।
স্বাদ্বম্লং তুবরং কণ্ঠশোধনং গ্রাহি দুর্জ্জরম্॥

পর্য্যায়। কপিত্থক, দধিফল, দধিত্থ, সুরভিচ্ছদ এই কয়টী কয়েত-বেলের পর্য্যায়।

গুণ। কাঁচা কয়েতবেল সংগ্রাহি, লঘু, ত্রিদোষঘ্ন। পাকা কয়েতবেল স্বাদু ও অম্ল রস, কষায়, কোষ্ঠ শুদ্ধিকারক, গ্রাহি ও গুরুপাক।

## কপিত্থপত্রীনামগুণাঃ।

কপিত্থপত্রী ফণিজা কুলজা জীবপত্রিকা (ক)।
কপিত্থপত্রী তীক্ষ্ণোষ্ণা কফমেহবিষাপহা॥
পাকে কট্বী তুবরা চ রসে তিক্তা কৃমিপ্রণুৎ॥

পর্য্যায়।—কপিত্থপত্রী, ফণিজা, কুলজা, জীবপত্রিকা মতান্তরে তুম্বপত্রিকা এইকয়টী গন্ধবিরজা গাছের পর্য্যায়। ইহার পাতা কয়েতবেলের পাতার ন্যায়।

গুণ।—কপিত্থপত্রী তীক্ষ্ণ, উষ্ণবীর্য্য, কফ, মেহ ও বিষনাশক। পাকে কষায় ও কটুরস, তিক্তরস, কৃমিনাশক।

## আম্রাতকনামগুণাঃ।

আম্রাতকশ্চাম্রবটঃ কপিশ্চৈব কপীতনঃ (খ)।
আম্রাতমামং বাতঘ্নং গুর্ব্বুষ্ণং রুচিকৃৎ সরম্।
পক্কং স্বাদু হিমং বৃষ্যং মরুৎপিত্তক্ষয়াস্রজিৎ॥

(ক) তুম্বপত্রিকা ইতি পাঠঃ। (খ) ফলীশঃ দৃঢ়ফলঃ ইতি বা পাঠঃ।

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে কৈথ, মহারাষ্ট্রে কবিঠ, কর্ণাটে বেলনু ও তৈলঙ্গে এলাঙ্গকায়া, বেলগচেট্রু, গুজরাটে কোণ্ট, কাঠ, কোঠবড়ী বলে। ইংরাজীতে Wood apple. Elephant apple, ডাক্তারী নাম Feronia clephantinum. ফেরোনিয়া এলিফ্যান্টিনাম্।

পর্য্যায়।—আম্রাতক, আম্রবট, কপি, কপীতন এই কয়টী আম্রাতক অর্থাৎ আমড়ার পর্য্যায়।

গুণ।—কাঁচা আম্রাতক বায়ুনাশক, গুরু, উষ্ণবীর্য্য, রুচিকর ও সারক। পাকা আমড়া স্বাদু, শীতবীর্য্য, বীর্য্যবর্দ্ধক, বায়ু, পিত্ত, ক্ষয় ও রক্তদোষনাশক।

## রাজাম্রাতকনামগুণাঃ।

রাজাম্রঃ কোকিলানন্দঃ কামাহ্বো রাজপুত্রকঃ।
রাজাম্রং মধুরং শীতং গ্রাহি পিত্তকফাপহম্॥

পর্য্যায়।—রাজাম্র, কোকিলানন্দ, কামবাচক শব্দ সমস্ত, রাজপুত্রক এই কয়টী রাজাম্রের অর্থাৎ বিলাতী আমড়ার পর্য্যায়।

গুণ।—রাজাম্র মধুর, শীতবীর্য্য, মলগ্রাহি, পিত্ত ও কফনাশক।

## চতুরম্ল-পঞ্চাম্ল নাম।

বৃক্ষাম্ল দাড়িমী চিঞ্চা কপিত্থৈশ্চতুরম্লকম্॥
অম্লবেতস বৃক্ষাম্ল দাড়িমীবদরৈঃ ক্বচিৎ॥
বীজপূরযুতৈরেতৈঃ পঞ্চাম্লমুদিতং বুধৈঃ॥

পর্য্যায়।—বৃক্ষাম্ল, দাড়িম, চিঞ্চা ও কপিত্থ এই চারিটীকে এবং মতান্তরে অম্লবেতস, বৃক্ষাম্ল, দাড়িম ও বদর এই চারিটীকে চতুরম্ল বলে। ইহাদের সহিত বীজপূর মিলাইলে তাহাকে পঞ্চাম্ল বলে।

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে আম্বড়া, মহারাষ্ট্রে আম্বচার ও আম্বাড়া, কর্ণাটে আবোড়েয়কায়ি, তৈলঙ্গে আমাটং, গুজরাটে অংভেড়া বলে। ইংরাজীতে Spondias minute. ল্যাটীনে Spondias mangifera. ইহার ডাক্তারী নাম The hogplum. দি হগপ্লাম।

## কোষাম্র নামগুণাঃ।

কোষাম্রকো ঘনস্কন্ধো জন্তুবৃক্ষঃ সুকোষকঃ ॥
কোমাম্রঃ কুষ্ঠশোথাস্রপিত্তব্রণকফাপহঃ ॥
তৎফলং গ্রাহি বাতঘ্নমম্লোষ্ণং গুরু পিত্তলম্ ॥
পক্বং তদ্দীপনং রুচ্যং লঘূষ্ণং কফবাতজিৎ।
মজ্জা পিত্তসমীরঘ্না স্বাদুর্বল্যাগ্নিদীপনী ॥

পর্য্যায়।—কোষাম্রক, ঘনস্কন্ধ, জন্তুবৃক্ষ ও সুকোষক এই কয়টী কোষাম্রের অর্থাৎ ক্ষুদ্র বন্য আমের সংস্কৃত নাম।

গুণ।—কোষাম্র কুষ্ঠ, শোথ, রক্তপিত্ত, ব্রণ ও কফনাশক। কাঁচা কোষাম্রফল, মলসংগ্রাহক, বায়ুনাশক, অম্লরস, উষ্ণবীর্য্য, গুরুপাক ও পিত্তজনক। পাকা বন্যআম্র—অগ্নিদীপক, রুচিকর, লঘুপাক, উষ্ণবীর্য্য, কফ ও বায়ুনাশক। ইহার মজ্জা পিত্ত ও বায়ুনাশক, স্বাদু, বলকর ও অগ্নিদীপক।

---

## ক্রমুকনামগুণাঃ।

ক্রমুকং ক্রমুকং পূগং পূগীফলমুদাহৃতম্ ॥
পূগং গুরু হিমং রুক্ষং কষায়ং কফপিত্তজিৎ ॥
মোহনং দীপনং রুচ্যমাস্যবৈরস্যনাশনম্ ॥
আর্দ্রং তদ্‌গুর্ব্বভিষ্যন্দি বহ্নি দৃষ্টিহরং পরম্।
স্বিন্নং ত্রিদোষহৃৎ সর্ব্বং পক্বং শুষ্কন্তু বাতলম্ ॥
পূগং স্যাদ্দৃঢ়মধ্যেষ্টং তদ্ধি নানাবিধং হিমম্।
পাকদেশবিভেদেন চিক্কণং সর্ব্বদোষনুৎ।

কৃমিকৃৎ পূগপুষ্পন্তু কষায়ং মধুরং গুরু।
স্নিগ্ধং ত্রিদোষহৃদ্ বল্যং তদ্‌ভেদাংস্তদ্বদাদিশেৎ॥

পর্য্যায়।—ক্রমূক, ক্রমুক, পূগ, পূগীফল, এই কয়টী ক্রমুক অর্থাৎ গুবাকের সংস্কৃত নাম। *

গুণ।—শুপারী গুরুপাক, শীতবীর্য্য, রুক্ষ, কষায়, মোহজনক, অগ্নিদীপক, রুচিকর, মুখবৈরস্য, কফ ও পিত্তনাশক।

কাঁচা গুবাক—গুরুপাক, অভিষ্যন্দজনক, অগ্নি ও দৃষ্টি শক্তি নাশক। সিদ্ধকরা শুপারী ত্রিদোষঘ্ন।

পাকা ও শুষ্ক গুবাক বায়ুজনক।

দড়মধ্য একপ্রকার পূগ আছে, তাহা অত্যন্ত প্রীতিজনক। তাহা নানাবিধ, তন্মধ্যে চিকিস্থপারি শীতবীর্য্য ও সর্ব্বদোষঘ্ন। শুপারির পুষ্প কৃমিজনক, কষায় মধুররস ও গুরুপাক। স্নিগ্ধ অর্থাৎ ভিজা শুপারি ত্রিদোষঘ্ন ও বলকর। বিভিন্ন প্রকার শুপারির গুণ পৃথক্ পৃথক্।

---

## তাম্বূলনামগুণাঃ। (পান)

তাম্বূলবল্লী তাম্বূলী নাগিনী নাগবল্লরী।
তাম্বূলং বিশদং রুচ্যং তীক্ষ্ণোষ্ণং তুবরং সরম্॥

* দেশভেদে নামভেদ। ইহাকে হিন্দুস্থানে ও উৎকলে গুয়া ও সুপারী ছোটী এবং মহারাষ্ট্রে সুপারী, গুজরাটে শোপারী, কর্ণাটে অঠকেয়হেসরুবৃক্ষ, তৈলঙ্গে পোকাকায়া, আরবীতে ফোফিল, ফারসীতে পোপিল বলে, ইংরাজী Betel nut Palm. ল্যাটীনে Areeacatechu. ডাক্তারী নাম Betelnut tree. বিটিলনট্ ট্রী।

তিক্তং ক্ষারোষণং কাসরক্তপিত্তকরং লঘু।
বল্যং শ্লেষ্মাস্যদৌর্গন্ধ্য মলবাত শ্রমাপহম্ ॥

পর্য্যায়।—তাম্বূলবল্লী, তাম্বূলী, নাগিনী, নাগবল্লরা এইকয়টী তাম্বূলের অর্থাৎ পানের সংস্কৃত নাম। *

গুণ।—তাম্বূল বিশদ, রুচিকর, তীক্ষ্ণ ও উষ্ণবীর্য্য, কষায়, সারক, তিক্ত, ক্ষার ও কটুরসযুক্ত, কাস ও রক্তপিত্তজনক, লঘুপাক, বলকর, কফ, মুখদুর্গন্ধ, মল, বায়ু ও শ্রমনাশক।

---

## তাম্বূল সেবনবিধিঃ।

তাম্বূলং স্বর্ণবর্ণং ক্রমুকফলযুতং সূক্ষ্মসূক্ষ্মীকৃতং যৎ
কর্পূরেণাগুজাভ্যাং কৃতখদিরবটীসৌরভেণাপি পূর্ণম্।
চূর্ণং মুক্তানুজাতং শিশিরকিরণবৎ প্রোজ্জ্বলং তেন সাকং
দত্ত্বা বিপ্রায় পূর্ব্বং তদনু নরপতির্ভক্ষয়েদাপ্তদত্তম্ ॥

গুবাকের সূক্ষ্মখণ্ড, কর্পূর ও মৃগনাভি দ্বারা সুরভীকৃত, খদিরবটীযুক্ত ও চন্দ্রবৎ শুভ্রবর্ণ, মুক্তাভস্মের কলিচুণ যুক্ত, স্বর্ণবর্ণ তাম্বূল অর্থাৎ ছাঁচীপান ব্রাহ্মণ ও আত্মীয়গণকে দিয়া নৃপতি, তাম্বূল ভক্ষণ করিবেন।

---

* দেশভেদে নামভেদ। ইহাকে হিন্দুস্থানে পান, নাগরবেল, তৈলঙ্গে তামলপাকু, তামিলে বেটিলী, মহারাষ্ট্রে নাগবেল, গুজরাটে নাগর বেল, পান, কর্ণাটে নাগরবল্লী, ফারসী ভাষায় বর্গতবোল, আরবী কান, উৎকলে পানবেল বলে; ইংরাজীতে Betel leaf. ডাক্তারীতে Piper Betle পিপার বিট্‌ল।

## চূর্ণাদি গুণাঃ।

চূর্ণং কফানিলহরং খদিরং কফপিত্তজিৎ।
সংযোগতো দোষহরং সৌমনস্যং করোতি চ।
বৈরস্যদৌর্গন্ধ্যহরং কান্তিশোভাকরং পরম্॥

গুণ।—চূর্ণ কফ ও বায়ুনাশক, খদির কফ ও পিত্তনাশক। কিন্তু উভয়ের সংযোগে নানাদোষ নষ্ট হয় ও সুগন্ধ বিধানকরে। মুখের বৈরস্য, দৌর্গন্ধ্য, কান্তি ও শোভা বিধান করে।

---

## লবলী নামগুণাঃ।

ঘনস্কন্ধা মহাপ্রাংশুঃ প্রপুন্নাটসমচ্ছদা।
সুগন্ধমূলা লবলী পাণ্ডুঃ কোমলবল্কলা॥
লবল্যাঃ ফলমুদ্দিষ্টং শ্যামং জ্যোৎস্নাফলং তথা।
লবলীফলমস্রার্শো বাতপিত্তহরং লঘু।
বিশদং রোচনং রুক্ষং হৃদ্যং পিত্তকফাপহম্॥

পর্য্যায়।—ঘনস্কন্ধা, মহাপ্রাংশু, প্রপুন্নাটসমচ্ছদা, সুগন্ধমূলা, লবলী, পাণ্ডু ও কোমলবল্কলা এইকয়টী লবলী অর্থাৎ নোয়াড়ের পর্য্যায়। এবং শ্যাম ও জ্যোৎস্নাফল এই কয়টী লবলীর ফলের পর্য্যায়।

গুণ।—নোয়াড়ফল লঘু, বিশদ, রুচিকর, রুক্ষ, হৃদয়গ্রাহি, রক্তার্শঃ, বায়ু, পিত্ত ও কফনাশক।

---

* দেশভেদে নামভেদ। ইহার নাম হিন্দুস্থানে হরফারেবড়া, মহারাষ্ট্রে কাথআম্বলা, গুজরাটে খাটীআম্বলী; ল্যাটীনে Ciccodisticha.

## অত্র পরিভাষা।

ফলতুল্যগুণং সর্ব্বং মজ্জানমপি নির্দ্দিশেৎ।
ফলং হিমাগ্নিদুর্ব্বাতব্যালকীটাদিদূষিতম্॥
অকালজাতং নাশ্নীয়াৎ পাকাতীতং কুভূমিজম্॥
আমং দোষকরং প্রায়ঃ ফলং বিল্বং বিনাখিলম্॥

সকল বৃক্ষের মজ্জা, প্রায়ই ফলের ন্যায় গুণযুক্ত।

হিম, অগ্নি, দূষিত বায়ু, সর্প ও কীটাদি দূষিত, অকাল জাত, পাকাতীত ও কুৎসিত ভূমিজাত ফল ভক্ষণ করা উচিত নহে। বিল্বফল ব্যতীত অন্য সকল প্রকার কাচা ফলই দোষজনক।

---

যো রাজ্ঞাং মুখতিলকঃ কটারমল্ল-
স্তেন শ্রীমদননৃপেণ নির্ম্মিতেঽত্র।
গ্রন্থেঽভূন্মদনবিনোদনাম্নি পূর্ণো
দ্রাক্ষাদিরুপকৃতয়ে ফলস্য বর্গঃ॥

নরপতিগণের অগ্রগণ্য কটারমল্ল নামে প্রসিদ্ধ শ্রীমদনপাল নৃপ কর্তৃক নির্ম্মিত মদনবিনোদ নামক গ্রন্থে শিষ্যগণের উপকারার্থ বর্ণিত দ্রাক্ষাদি ফলবর্গ সমাপ্ত হইল।

ইতি মদনপালনিঘণ্টৌ দ্রাক্ষাদি ফলবর্গঃ।

---

# অথ কুষ্মাণ্ডাদি শাকবর্গঃ।

রাধাপদাব্জে নিপতন্ বিনোদী মানাপনুত্যৈ জগদেকবন্দ্যঃ।
কেনাপি কামেন স গোপরূপী পায়াদপায়াৎ পুরুষঃ পুরাণঃ॥

কোন অপূর্ব্ব কামনা পূরণার্থে, জগতের একমাত্র বন্দনীয়, বিনোদশীল, শ্রীকৃষ্ণচন্দ্র, শ্রীরাধিকার মানভঞ্জনার্থ শ্রীরাধার শ্রীপাদপদ্মে পতিত হইয়াছিলেন, সেই গোপরূপধারী, পুরাণ পুরুষ, সকলকে বিপৎ হইতে রক্ষা করুণ।

---

## শাকনিরূপণম্।

সর্ব্বশাকেষু জীবন্তী শ্রেষ্ঠা নিন্দ্যন্তু সার্ষপম্।
শাকং চতুর্দ্ধা তৎ পুষ্প-চ্ছদ-কন্দ-ফলৈঃ স্মৃতম্॥
পত্রং পুষ্পং ফলং নালং কন্দং ভূস্বেদজং তথা।
শাকং ষড়্বিধমুদ্দিষ্টং গুরু বিদ্যাদ্ যথোত্তরম্॥
প্রায়ঃ সর্ব্বাণি শাকানি বিষ্টম্ভীনি গুরূণি চ।
রূক্ষাণি বহুবর্চাংসি সৃষ্টবিণ্মারুতানি চ॥

সর্ব্বপ্রকার শাকের মধ্যে জীবন্তীশাকই শ্রেষ্ঠ এবং সর্ষপশাক অপকৃষ্ট। পুষ্প, পত্র, কন্দ ও ফল ভেদে শাক চারিপ্রকার। মতান্তরে পত্র, পুষ্প, ফল, নাল (ডাঁটা), কন্দ (মূল) ও ভূস্বেদজ (কোঁড়ক) ভেদে শাক ছয় প্রকার। তন্মধ্যে পত্র-শাকাপেক্ষা পুষ্প-শাক গুরু, পুষ্পাপেক্ষা ফলশাক গুরু, ফলাপেক্ষা নালশাক গুরু, নালাপেক্ষা কন্দশাক গুরু, কন্দাপেক্ষা ভূস্বেদজ-

শাক গুরুপাক। প্রায় সকল শাকই বিষ্টম্ভজনক, গুরুপাক, রুক্ষ, বহুমলজনক, এবং মলপ্রবর্ত্তক ও বায়ুজনক।

---

## কুষ্মাণ্ড নামগুণাঃ।

কুষ্মাণ্ডকী পুষ্পফলী পীতপুষ্পা বৃহৎফলা।
কর্ক্কারুরপরা লঘ্বী স্যাদারূ রাজকর্কটী॥
কুষ্মাণ্ডং বৃংহণং শীতং গুরু পিত্তাস্রবাতজিৎ।
বালং পিত্তাপহং শীতং মধ্যমং কফকারকম্॥
পক্বং নাতিহিমং স্বাদু সক্ষারং দীপনং লঘু।
বস্তিশুদ্ধিকরং চেতোরোগশোষত্রয়াপহম্॥
কুষ্মাণ্ডী ন তিমধুরা বাতাশ্মরিকফাপহা।
তন্মজ্জা পিত্তনুদ্ বৃষ্যো মধুরো বস্তিশোধনঃ॥
কর্ক্কারুর্গ্রাহিণী শীতা রক্তপিত্তহরা গুরূ।
পক্বা পিত্তাগ্নিজননী সক্ষারা কফবাতনুৎ॥

পর্য্যায়। কুষ্মাণ্ডকী, পুষ্পফলী, পীতপুষ্পা ও বৃহৎফলা এই কয়টী কুষ্মাণ্ডের, এবং আর একপ্রকার লঘু অর্থাৎ ক্ষুদ্রাকৃতি কুষ্মাণ্ড আছে, তাহাকে কর্কারু বলে, কর্কারু, আরু, রাজকর্কটী এই কয়টী তাহার পর্য্যায়। *

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে কুম্হড়া, পেঠা, কোহড়া, তৈলঙ্গে গুম্মড়ি, পুল্লাহা, বর্ডীকা, উৎকলে কখারু, পানীকখারু, মহারাষ্ট্রে কোহোলা, গুজরাটে ভুরুংকোলুং, কর্ণাটে দারকোহোলা, ফারসীতে ভুরাকুদু, আরবীতে মহদ্দেবা বলে। ইংরাজীতে Pumpkin. ডাক্তারী নাম Benincasa cerifera. বিনানকেসা সেরিফেরা।

গুণ।—কুষ্মাণ্ড বৃংহণ, শীতবীর্য্য, গুরুপাক, রক্তপিত্ত ও বায়ুনাশক। কচি কুমড়া পিত্তনাশক ও শীতবীর্য্য। মধ্যম কুষ্মাণ্ড কফকারক। পক্ক কুষ্মাণ্ড নাতিশীতল, স্বাদু, ক্ষারগুণযুক্ত, অগ্নিদীপক, লঘুপাক, বস্তিশুদ্ধিকর, চিত্তের বিকৃতিজনিত রোগ ও ত্রিদোষ নাশক। ক্ষুদ্র কুমড়া অনতিমধুর, বায়ু, অশ্মরী ও কফনাশক। ইহার মজ্জা পিত্তনাশক, বীর্য্যবর্দ্ধক, মধুররস ও বস্তিদোষ নাশক। কর্কারু অর্থাৎ বিলাতী কুমড়া শীতবীর্য্য, গুরুপাক, রক্তপিত্তনাশক, পাকা কুমড়া পিত্ত ও অগ্নিবর্দ্ধক, ক্ষারগুণযুক্ত, কফ ও বায়ুনাশক

---

## কর্কটী নামগুণাঃ।

কর্কটী লোমশা ব্যালপত্রৈর্ব্বারুর্ব্বৃহৎফলা,
কর্কটী শীতলা রুক্ষা গ্রাহিণী মধুরা গুরু॥
রুচ্যা পিত্তহরা সামা পক্বোষ্ণা পিত্তবহ্নিকৃৎ।
কর্কটং শীতলং গ্রাহি রক্তপিত্তহরং গুরু।
পক্বং পিত্তাগ্নিজননং সক্ষারং শ্লেষ্মবাতজিৎ॥

কাঁকুড়।

পর্য্যায়।—কর্কটী, লোমশা, ব্যালপত্রা, এর্বারু, ও বৃহৎফলা এইকয়টী কর্কটীর পর্য্যায়। *

গুণ।—কর্কটী শীতবীর্য্য, রুক্ষ, মলসংগ্রাহক, মধুররস, গুরুপাক। কাঁচা কর্কটী রুচিকর, পিত্তনাশক। পাকা কর্কটী উষ্ণবীর্য্য, পিত্তকর ও অগ্নিকারক।

---

* দেশভেদে নামভেদ।—হিন্দুস্থানে ককড়ী, মহারাষ্ট্রে কাংকড়ী, কর্ণাটে কেয়সৌত, তৈলঙ্গে দোষকায়া, ফারসীতে খ্যাটজাব, দরংজ খ্যারদরাজ, আরবীতে কিস্‌সাকদস্ বলে। ইংরাজীতে Cucumber. ল্যাটিনে Cucunis Stieres.

কাঁচা কাঁকুড়ফল শীতবীর্য্য, গ্রাহি, গুরুপাক ও রক্তপিত্তঘ্ন। পাকা কাঁকুড়ফল পিত্ত ও অগ্নিজনক, ক্ষাররসযুক্ত, কফ ও বায়ুনাশক।

## কালিঙ্গ নামগুণাঃ।

কালিঙ্গং কৃষ্ণবীজং স্যাৎ কলিঙ্গং ফলবর্ত্তুলম্।
কালিঙ্গং গ্রাহি দৃক্‌পিত্তশুক্রহৃচ্ছীতলং গুরু।
পক্বন্তু সোষ্ণং সক্ষারং পিত্তলং কফবাতজিৎ॥

তরমুজ।

পর্য্যায়।—কালিঙ্গ, কৃষ্ণবীজ, কলিঙ্গ ও ফলবর্ত্তুল এইকয়টী তরমুজের পর্য্যায়। *

গুণ।—তরমুজ মলসংগ্রাহক, দৃষ্টিশক্তি, পিত্ত ও শুক্রনাশক, শীতল ও গুরুপাক। পক্ক তরমুজ উষ্ণবীর্য্য, ক্ষাররসযুক্ত, পিত্তজনক, কফ ও বায়ুনাশক।

## মিষ্টতুম্বীনামগুণাঃ।

তুম্বী মিষ্টা মহাতুম্বী রাজালাবূরলাবুনী।
মিষ্টং তুম্বীফলং বৃষ্যং কফপিত্তহরং গুরু॥

লাউ।

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে তরবুজ, উৎকলে তরপুজ, মহারাষ্ট্রে কলিংগড়, গুজরাটে তড়বূচ, কর্ণাটে কৌড়ে, তৈলঙ্গে তরবুজং-পুচ্ছকায়া, ফারসীতে হিন্দবানা, আরবীতে বত্তিখহিন্দী। ইংরাজীতে Acuteangled Cumumber.

পর্য্যায়।—মিষ্টতুম্বী, মহাতুম্বী, রাজালাবু ও অলাবুনী এই কয়টী লাউয়ের পর্য্যায়। *

গুণ।—লাউফল বীর্য্যবর্দ্ধক, কফপিত্তনাশক ও গুরুপাক।

---

## কটুতুম্বীনামগুণাঃ।

কটুতুম্বী পিণ্ডফলা রাজপুত্রী চ তুম্বিনী।
কটুতুম্বী হিমা হৃদ্যা পিত্তকাসবিষাপহা॥

তিতলাউ।

পর্য্যায়।—কটুতুম্বী, পিণ্ডফলা, রাজপুত্রী ও তুম্বিনী এই কয়টী কটুতুম্বী'র ( তিৎলাউয়ের ) পর্য্যায়। †

গুণ।—কটুতুম্বী শীতবীর্য্য, হৃদয়গ্রাহি, পিত্ত, কাস ও বিষনাশক।

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দীতে কটু, মিঠা, তোম্বী, লম্বালৌআ ও গ্রহালৌআ, রামতোরঙ্গ, মহারাষ্ট্রে দুধ্যাভোংপসা, গুজরাটে দুধীয়ুং, দুধলুং, কর্ণাটে কড়ংউবলকায়ি, তৈলঙ্গে তীয়াতুখড়ীকায়া, ফারসীতে কুদুশিরিন্ কুদুএদরোজ, আরবীতে যুক্তিমেহলুকরা, ইংরাজীতে White gourd. ল্যাটিনে Cucurbita lagenaria. ডাক্তারী নাম Cagenaria Vulgaris. ক্যাগেনেরিয়া ভল্‌গেরিস্।

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে কড়ুটুভিয়া, তুম্বী, তিতলোকী, কড়বী তোম্বী, মহারাষ্ট্রে কড়ুভোংপলা, কর্ণাটে কড়ুদুধী, কহীসোরে, তৈলঙ্গে চেতিআনব, গুজরাটে কড়বীতুংবড়ী, ফারসিতে কূদূতলখ, আরবীতে করউলমুর বলে। ইংরাজীতে Bottle gourd, ডাক্তারী নাম Wild variety of Lagenaria vulgaris. ওয়াইল্ড ভেরাইটী অফ্ ল্যাগেনারিয়া ভল্‌গারিস্।

## ত্রপুষনামগুণাঃ।

ত্রপুষং কণ্টকিলতা সুধাবাসোঽপরঃ কটুঃ।
ছর্দ্যায়ণী মূত্রফলা পিত্তকৃৎ হস্তিপর্ণিনী॥
ত্রপুষং মূত্রলং শীতং রুক্ষং পিত্তাশ্মকৃচ্ছ্রনুৎ।
তৎপক্কমুষ্ণমম্লং স্যাৎ পিত্তলং কফবাতজিৎ॥

শশা।

পর্য্যায়।—ত্রপুষ, কণ্টকীলতা ও সুধাবাস এইকয়টী শশার পর্য্যায়। আর একপ্রকার শশা আছে, তাহার পর্য্যায়। কটু, ছর্দ্দ্যায়ণী, মূত্রফলা, পিত্তকৃৎ ও হস্তিপর্ণিনী। *

গুণ।—শশা মূত্রকারক, শীতবীর্য্য, রুক্ষ, পিত্ত, অশ্মরী ও মূত্রকৃচ্ছ্রনাশক। পাকা শশা উষ্ণবীর্য্য, অম্লরস, পিত্তজনক, কফ ও বায়ুনাশক।

---

## চির্ভটনামগুণাঃ।

চির্ভটং ধেনুদুগ্ধং স্যাদ্ জ্ঞেয়ং গোরক্ষকর্কটী।
চির্ভটং মধুরং রুক্ষং গুরু পিত্তকফাপহম্॥
শীতং বিষ্টম্ভি সংগ্রাহি পক্কমুষ্ণং তু পিত্তনুৎ॥

গোমুক।

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে খীরা, লঘুক্ষীরা ও বালমখীরা, মহারাষ্ট্রে তৌসেং কাংকড়ী, কর্ণাটে হুসেংষকায়ি, তৈলঙ্গে দোজকইঅ, উৎকলে কণ্টআরি ও কাকুড়ি, গুজরাটে তাংসলি, ফারসীতে শিয়ারখুর্দ এবং তামিলে মহেবেহরি কোষ্কণো। ডাক্তারী নাম The Cucumber, কাকুম্বার।

পর্য্যায়।—চির্ভট, ধেনুদুগ্ধ ও গোরক্ষকর্কটী এই কয়টী চির্ভটের (গোমক ফুটীর) পর্য্যায়। *

গুণ।—চির্ভট মধুর, রুক্ষ, গুরু, শীতবীর্য্য, বিষ্টম্ভজনক ও মলবদ্ধকারক, পিত্ত ও কফনাশক। পাকা চির্ভট পিত্তনাশক।

---

## বালুকনামগুণাঃ।

বাল্লকং কাণ্ডকং বালু তচ্ছীতং মধুরং গুরু।

রক্তপিত্তহরং ভেদি লঘূষ্ণং পক্বমগ্নিকৃৎ॥

কাঁকড়ী।

পর্য্যায়।—বালুক, কাণ্ডক ও বালু এই কয়টী ফুটীর পর্য্যায়।

গুণ।—ফুটী, শীতবীর্য্য, মধুর, গুরু, ভেদক, লঘু, রক্তপিত্তহর। পক্ক ফুটী অগ্নিকারক।

---

## শীর্ণবৃন্তনামগুণাঃ।

শীর্ণবৃন্তং চিত্রফলং বিচিত্রং পীতবর্ণকম্।

শীর্ণবৃন্তং লঘু স্বাদু ভেদ্যুষ্ণং বহ্নিপিত্তকৃৎ॥

পেহটা।

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে কচরিয়া, ভকুর, ফুট, মহারাষ্ট্রে বেলসন্ধাকং, অরমেক্কে, চিবূড়, সেঁদাড়, গুজরাটে চিভড়াং, রাজগরাং কোটীবাং, তৈলঙ্গে বুড়রুংপংডু বলে। ইংরাজীতে Pubiescent cucumber.

পর্য্যায়।—শীর্ণবৃন্ত, চিত্রফল, বিচিত্র ও পীতবর্ণক এই কয়টী শীর্ণবৃন্তের পেঁহটা নামক ফলের পর্য্যায়।

গুণ।—শীর্ণবৃন্ত লঘু, স্বাদু, ভেদক, উষ্ণবীর্য্য, অগ্নিজনক ও পিত্তবর্দ্ধক।

---

## কোষাতকী নামগুণাঃ।

কোষাতকী কৃতচ্ছিদ্রা জালিনী কৃতবেধনা।
মৃদঙ্গফলিনা ক্ষ্বেড়া ঘণ্টালী কর্কশচ্ছদা॥
কোষাতকী লঘুস্তিক্তা রুক্ষামাশয়শোধনী।
শোথপাণ্ডূদরপ্লীহকুষ্ঠার্শঃকফপিত্তজিৎ।
তৎফলং ভেদনং শীতং লঘু মেহত্রিদোষজিৎ॥

ধুন্দুল।

পর্য্যায়।—কোশাতকী, কৃতচ্ছিদ্রা, জালিনী, কৃতবেধনা, মৃদঙ্গফলিনী, ক্ষ্বেড়া, ঘণ্টালী ও কর্কশচ্ছদা এইকয়টী কোশাতকী অর্থাৎ ঘুন্দুল বা তুরুলের পর্য্যায়। *

গুণ।—কোষাতকী লঘু, তিক্তরস, রুক্ষ, আমাশয়শোধক, শোথ, পাণ্ডু, উদর, প্লীহ, কুষ্ঠ, অর্শঃ, কফ ও পিত্তরোগ নাশক। ইহার ফল ভেদক, শীতবীর্য্য, লঘুপাক, মেহ ও ত্রিদোষনাশক।

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে ঘিয়াতোরঙ্গৈ, নেনুআ, তৈলঙ্গে পুছাবীরকায়া, এনুগবীব, উড়িষ্যায় তরড়ি, মহারাষ্ট্রে ঘোসালী, পারোশী, গুজরাটে গলকাং, কর্ণাটে অরহিরে, ফারসীতে খিয়ার বলে। ডাক্তারী নাম Laffu aegyptiaca. লাফ্ফু ইজিপটিএকা।

## রাজকোষাতকী নামগুণাঃ

রাজকোষাতকী মিষ্টা মহাজালিঃ সপীতকা।
রাজকোষাতকী শীতা জ্বরঘ্নী কফবাতলা ॥

ঝিঙ্গা।

পর্য্যায়।—রাজকোশাতকী, মিষ্টা, মহাজালি, সপীতকা, এইকয়টী রাজকোষাতকীর অর্থাৎ ঝিঙ্গার পর্য্যায়। *

গুণ।—রাজকোষাতকী শীতবীর্য্য, কফ ও বায়ুবর্দ্ধক:ও জ্বরনাশক।

---

## মহাকোষাতকী নামগুণাঃ।

মহাকোষাতকী ত্বন্যা হস্তিঘোষা মহাফলা।
মহাকোশাতকী স্নিগ্ধা মিষ্টা পিত্তানিলাপহা ॥

পর্য্যায়।—মহাকোষাতকী, হস্তিঘোষা, মহাফলা, এইকয়টী মহাকোষাতকী অর্থাৎ বড় ঝিঙ্গা অথবা বড় ধুন্দুলভেদের পর্য্যায়। †

গুণ।—মহাকোষাতকী স্নিগ্ধ, মিষ্ট, পিত্ত ও বায়ু নাশক।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে তোরঈ, জঙ্গলী তোরঈ, ঝিমনী, মহারাষ্ট্রে কড়দোড়কী, তৈলঙ্গে চেহুবিৰ্কায়া, কর্ণাটে কাহিরে, ফারসীতে তুরীয়েতল্‌খ বলে। ইংরাজীতে Bitter Luffa. ল্যাটীন নাম— Luffa amara.

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে ঘিয়াতোরঈ, নেনুআ, তৈলঙ্গে পুছাবীরকায়া, এনুগবীর, উড়িষ্যায় তরড়ি, মহারাষ্ট্রে ঘোষালী, পারোশী, গুজরাটে গলকাং, কর্ণাটে অরহিরে, ফারসীতে খিয়ার বলে। ডাক্তারী নাম **Laffu aegyptiaca.** লাফ্‌ফু ইজিপটিএকা।

## বৃন্তাকী নামগুণাঃ।

বৃন্তাকী বার্ত্তকী বৃন্তা ভণ্টাকী ভণ্টিকা মতা।
বৃন্তাকং স্বাদু তীক্ষ্ণোষ্ণং কটুপাকমপিত্তলম্॥
কফবাতহরং হৃদ্যং দীপনং শুক্রলং লঘু।
জ্বরারোচককাসঘ্নং পক্বং তৎ পিত্তলং গুরু॥

বেগুণ।

পর্য্যায়।—বৃন্তাকী, বার্ত্তকী, বৃন্তা, ভণ্টাকী, ভণ্টিকা ও বৃন্তাক এই কয়টী বৃন্তাকী অর্থাৎ বেগুণের পর্য্যায়। *

গুণ।—বেগুন স্বাদু, তীক্ষ্ণোষ্ণবীর্য্য, পাকেকটু, পিত্তপ্রদ, প্রীতিজনক, অগ্নিদীপক, শুক্রবর্দ্ধক ও লঘু। ইহা কফ ও বায়ু, জ্বর, অরুচি ও কাস নাশক। পাকা বেগুণ পিত্তবর্দ্ধক ও গুরুপাক।

---

## শ্বেতবার্ত্তাকু নামগুণাঃ।

অপরঃ শ্বেতবার্ত্তাকুঃ কুক্কুটাণ্ডফলো মতঃ।
তস্মাদ্ধীনগুণঃ কিঞ্চিদর্শসাং চ হিতঃ স্মৃতঃ॥

সাদা বেগুণ।

পর্য্যায়।—একপ্রকার বেগুণ আছে, তাহার বর্ণ শুক্ল। উহার আকৃতি কুক্কুটের ডিম্বের মত। শ্বেতবার্ত্তাকু ও কুক্কুটাণ্ডফল এইদুইটী তাহার পর্য্যায়।

---

* দেশভেদে নামভেদ।—হিন্দুস্থানে বৈংগন, ভণ্টা, ভটা, মহারাষ্ট্রে বাংগে, গুজরাটে রিংগণা, রিংগণী, কর্ণাটে :বদনে, তৈলঙ্গে বংকায়া, উৎকলে বাইগুণ, তামিলে কুঠিরেকই, আরবীতে বাদ্‌র্জান, ফারসীতে বাদংগান্ বলে। ল্যাটীনে Solanum Melongena, ইংরাজীতে Bringle.

গুণ।—শ্বেতবেগুন কালবেগুন অপেক্ষা হীনগুণ। ইহা অর্শরোগে হিতকর।

---

## বিম্বীনামগুণাঃ।

বিম্বী রক্তফলা গোলা তুণ্ডী দন্তচ্ছদোপমা।
বিম্বী বান্তিপ্রদা হন্তি রক্তপিত্তাস্রকামলাঃ॥
তৎফলং শীতলং স্বাদু গুরু পিত্তাস্রদাহজিৎ।
স্তম্ভনং লেখনং বাতবিবন্ধাধ্মানকারকম্॥

কুন্দুরু।

পর্য্যায়।—বিম্বী, রক্তফলা, গোলা, তুণ্ডী, দন্তচ্ছদোপমা এই কয়টী বিম্বী অর্থাৎ তেলাকুচার (কুন্দরুকীর) পর্য্যায়। *

গুণ।—বিম্বী বমনকারক, রক্তপিত্ত, রক্তদোষ ও কামলা রোগ নাশক। ইহার ফল শীতবীর্য্য, সুস্বাদু, গুরুপাক, স্তম্ভকারক, লেখন অর্থাৎ কৃশতাকারক, বায়ুবিবন্ধ ও আধ্মান কারক, পিত্তরক্ত ও দাহ নাশক।

---

## কারবেল্ল নামগুণাঃ।

কারবেল্লং কঠিল্লং স্যাদুগ্রকাণ্ডং সুকাণ্ডকম্।
কারবল্লী বারিবল্লী বৃহদ্বল্ল্যপরা স্মৃতা॥
কারবেল্লং হিমং ভেদি লঘু তিক্তমবাতলম্।
পিত্তাস্রকামলাপাণ্ডুকফমেহকৃমীন্ জয়েৎ॥

---

* দেশভেদে নামভেদ।—হিন্দুস্থানে কন্দুরী, মহারাষ্ট্রে গোড়তোংড়লী গুজরাটে ঘোলা মিঠাং বলে।

করলা।

পর্য্যায়।—কারবেল্ল, কঠিল্ল, উগ্রকাণ্ড ও সুকাণ্ড এই কয়টী কারবেল্ল অর্থাৎ করলার সংস্কৃত নাম। আর একপ্রকার বৃহৎ কারবেল্ল আছে। কারবল্লী, বারিবল্লী ও বৃহদ্বল্লী এই তিনটী তাহার পর্য্যায়। *

গুণ।—কারবেল্লদ্বয় শীতবীর্য্য, ভেদক, লঘু, তিক্ত, বায়ুবর্দ্ধক নহে। ইহা রক্তপিত্ত, কামলা, পাণ্ডু, কফ, মেহ ও ক্রিমি রোগ নাশক।

---

## কর্কোটকী নামগুণাঃ।

কর্কোটকী পীতপুষ্পা মহাজালিনিরুচ্যতে।
তদ্বৎ কর্কোটকং কুষ্ঠকিলাসারুচিনাশনম্॥

খেকসা।

পর্য্যায়।—কর্কোটকী, পীতপুষ্পা, মহাজালিনি এই কয়টী কর্কোটকী অর্থাৎ কাকরোলের পর্য্যায়।

গুণ।—কর্কোটকী কুষ্ঠ, কিলাস ও অরুচিনাশক।

---

## বন্ধ্যাকর্কোটকী নামগুণাঃ।

বন্ধ্যা কর্কোটকী দেবী নাগারিবিষকণ্টকা।
বন্ধ্যাকর্কোটকী তিক্তা বিষবীসর্পকাসজিৎ॥

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে করেলা, কারেলী, তৈলঙ্গে করিলা, কাকরকায়া, উৎকলে শলরা, মহারাষ্ট্রে কারলেং, ক্ষুদ্রকারলী, গুজরাটে কারেলা, কড়বাবেলা, কর্ণাটে হাগল, আরবীতে কিস্‌সা, উল্‌হিমার ফারসীতে কারেলাহ বলে। ইংরাজীতে Hairy Mordica. ডাক্তারী নাম Momardica Charantia. মোমারডিকা কারান্টিয়া।

বাঁঝাখেকসা।

পর্য্যায়।—বন্ধ্যাকর্কোটকী, দেবী, নাগারি ও বিষকণ্টকা এইকয়টী তিৎকাঁকরোলের পর্য্যায়।

গুণ।—তিৎকাঁকরোল তিক্ত, বিষদোষ, বীসর্প ও কাসরোগনাশক।

---

## ডোড়িকা নামগুণাঃ।

ডোড়িকা বিষমুষ্টিঃ স্যাৎ বিষযষ্টিঃ সুমুষ্টিকা।
ডোড়িকা কফপিত্তার্শঃ কৃমিগুল্মবিষাপহা॥

বিষদোড়ী।

পর্য্যায়।—ডোড়িকা, বিষমুষ্টি, বিষযষ্টি ও সুমুষ্টিকা এই চারিটী বিষমুষ্টির (বিষদোড়ির) ফলশাকবিশেষের (করেরুয়ার) পর্য্যায়।

গুণ।—বিষমুষ্টি কফ, পিত্ত, অর্শ, কৃমি, গুল্ম ও বিষনাশক।

## ডিণ্ডিশ নামগুণাঃ

ডিণ্ডিশো রোমশফলো তিন্দিসো মুনিনির্ম্মিতঃ।
ডিণ্ডিশো বাতলো রূক্ষো মূত্রলোঽশ্মরিভেদকঃ॥

ঢেঁড়শ।

পর্য্যায়।—ডিণ্ডিশ, রোমশফল, তিন্দিস, মুনিনির্ম্মিত এই কয়টী ডিণ্ডিশের (ঢেঁড়সের) সংস্কৃত নাম। *

গুণ।—ডিণ্ডিশ বায়ুজনক, রূক্ষ, মূত্রকারক, অশ্মরিরোগ নাশক।

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম ঢেঁড়সে ফল।

## কোলশিম্বী নামগুণাঃ।

কোলশিম্বী কৃষ্ণফলা খট্টা শূকরপাদিকা।
কোলশিম্বী সমীরঘ্নী গুর্ব্বাম কফপিত্তকৃৎ ॥

গুয়ারে বা কটারা শিম।

পর্য্যায়।—কোলশিম্বী, কৃষ্ণফলা, খট্টা, শূকরপাদিকা এইগুলি কোলশিম্বীর অর্থাৎ বড়শিমের সংস্কৃত নাম।

গুণ।—কোলশিম্বী বায়ুনাশক, গুরু, আম ও কফপিত্তকর।

---

## শিম্বীনামগুণাঃ।

শিম্বী কুশিম্বী কুৎসাহ্বশিম্বী পুস্তকশিম্বিকা।
শিম্বী শীতা গুরুর্বল্যা শ্লেষ্মলা বাতপিত্তজিৎ ॥

শিম।

পর্য্যায়।—শিম্বী, কুশিম্বী, কুৎসাহ্বশিম্বী ও পুস্তকশিম্বিকা এইগুলি শিম্বীর ( শিমের ) নাম। *

গুণ।—শিম্বী শীতবীর্য্য, গুরুপাক, বলকর, কফপ্রদ, বায়ু ও পিত্তনাশক।

---

## বাস্তুক নামগুণাঃ।

বাস্তুকঃ শাকপত্রঃ স্যাৎ শাকবীরঃ প্রসাদকঃ।
বাস্তুকঃ পাচনো রুচ্যো লঘুঃ শুক্রবলপ্রদঃ ॥
সরঃ প্লীহাস্রপিত্তার্শঃকৃমিদোষত্রয়াপহঃ ॥

* দেশভেদে নামভেদ।—হিন্দুস্থানে কন্দুরী, মহারাষ্ট্রে গোড্ডতোংড়লী গুজরাটে ঘোলাংমিঠাং বলে।

বেতোশাক।

পর্য্যায়।—বাস্তুক, শাকপত্র, শাকবীর, প্রসাদক, এইকয়টী বাস্তুকের (বেতোশাকের) সংস্কৃত নাম। *

গুণ।—বাস্তুক অগ্নিদীপক, রুচিকর, লঘুপাক, শুক্র ও বলবৰ্দ্ধক, সারক, প্লীহা, রক্তপিত্ত, অর্শঃ, ক্রিমি ও ত্রিদোষনাশক।

---

## জীবন্তক নামগুণাঃ।

জীবন্তকঃ শাকবীরো রক্তনালঃ প্রণালকঃ।
জীবন্তো বলকৃৎ ক্ষারঃ স্বাদুপাকস্ত্রিদোষনুৎ॥

(মালবদেশ প্রসিদ্ধ জীবশাক) লালবেতো শাক।

পর্য্যায়।—জীবন্তক, শাকবীর, রক্তনাল ও প্রণালক এই কয়টী জীবন্তক অর্থাৎ লালবেতোশাকের পর্য্যায়। †

গুণ।—জীবন্তক শাক বলবৰ্দ্ধক, ক্ষারগুণবিশিষ্ট, পরিপাকে স্বাদুরস, এবং ত্রিদোষনাশক।

---

* প্রকারভেদ ও দেশভেদে নামভেদ।—বেতোশাক দুইপ্রকার। ইহাকে হিন্দুস্থানে বথুয়া, চিল্লী, মহারাষ্ট্রে চাকবত চিবিল, কর্ণাটে চক্রবর্ত্তী বিলিপ চিল্লীকে, গুজরাটে টাংকো, চীল, ফারসীতে মুসেলেসা, সরমক, আরবীতে রোক্বতুল বজামেলকুতুফ বলে। ইংরাজীতে White goose foot. ডাক্তারী নাম Chenopodium Album, চেনোপোডিয়ম্ অ্যাল্বম্।

† দেশভেদে নামভেদ।—ছোট ও বড় ভেদে জীবন্তী দুইপ্রকার। ইহাকে মহারাষ্ট্রে ও কর্ণাটে হিরিয়াহলি, লাহানিহরিণবেলি ও কিরিয়হালে, বাডাকুডী চালংটী বলে। ডাক্তারী নাম Celtis orientallis. ওরিএণ্টালিস।

## চিল্লী নামগুণাঃ।

চিল্লী বৃহদ্দলা রক্তা চিল্লিকা গৌরবাস্তুকঃ।
চিল্লী সরা লঘুঃ শীতা রুচ্যা মেধ্যাগ্নিদীপনী।
বল্যা রূক্ষা হরেৎ প্লীহরক্তদোষত্রয়কৃমীন্॥

রক্ত ও সাদা বেতোশাক।

পর্য্যায়।—চিল্লী, বৃহদ্দলা, রক্তা এই কয়টী রক্ত চিল্লীর এবং চিল্লিকা, গৌরবাস্তুক এইকয়টী চিল্লী (গৌর বেতোশাকের) পর্য্যায়।

গুণ।—চিল্লীশাক সারক, লঘুপাক, শীতবীর্য্য, রুচিকর, মেধাবর্দ্ধক, অগ্নিদীপক, বলকর, রুক্ষ। ইহা প্লীহ, রক্তবিকৃতি, ক্রিমি ও ত্রিদোষ নাশক।

---

## কালশাক-চঞ্চুশাক নামগুণাঃ।

কালশাকং কালিকা স্যাৎ চুঞ্চুকা চঞ্চুকাহ্বয়ঃ।
কালশাকং সরং রুচ্যং বাতলং কফশোথজিৎ॥
পিত্র্যং পবিত্রমায়ুষ্যং নাতিপিত্তপ্রকোপণম্।
চঞ্চুঃ শীতা সরা রূক্ষা স্বাদ্বী দোষত্রয়াপহা॥

কালশাক ও চেঁচকোশাক।

পর্য্যায়।—কালশাক, কালিকা, এইকয়টী কালশাকের পর্য্যায়। আর এক প্রকার কালশাক আছে, চুঞ্চুকা ও চঞ্চুক এই দুইটী তাহার পর্য্যায়।

গুণ।—কালশাক সারক, রুচিকর, বায়ুবর্দ্ধক, কফ ও শোথনাশক। পিতৃকার্য্যে অর্থাৎ শাকাষ্টকাদি শ্রাদ্ধে ব্যবহৃত হয়, পবিত্র, দীর্ঘায়ুপ্রদ, অধিক পিত্তপ্রকোপক নহে।

চুঞ্চুশাক শীতবীর্য্য, সারক, রূক্ষ, স্বাদু এবং ত্রিদোষনাশক।

## তণ্ডুলীয়-মারীষনামগুণাঃ।

তণ্ডুলীয়ো মেঘনাদঃ কাণ্ডীরস্তণ্ডুলীয়কঃ।
বিষঘ্নঃ কন্ধরোঽন্যঃ স্যাৎ মারীষো মার্ষিকস্তথা॥
তণ্ডুলীয়ো লঘুঃ শীতো রূক্ষঃ পিত্তকফাস্রজিৎ।
সৃষ্টমূত্রমলো রুচ্যো দীপনো রক্তপিত্তহা॥
মারীষো রেচনঃ শীতো গুরুর্মেদস্ত্রিদোষজিৎ॥

কাঁটানটে শাক।

পর্য্যায়।—তণ্ডুলীয়, মেঘনাদ, কাণ্ডীর, তণ্ডুলীয়ক, এই কয়টী তণ্ডুলীয় অর্থাৎ কাঁটানটে শাকের পর্য্যায়। আর একপ্রকার তণ্ডুলীয় শাক আছে, বিষঘ্ন, কন্ধর, মারীষ ও মার্ষিক এই কয়টী তাহার পর্য্যায়। *

গুণ।—তণ্ডুলীয়শাক লঘুপাক, শীতবীর্য্য, রূক্ষ, মলমূত্রজনক, রুচিকর, অগ্নিদীপক, কফ, পিত্ত, রক্তদোষ ও রক্তপিত্তনাশক।

মারীষশাক রেচক, শীতবীর্য্য, গুরুপাক, মেদোরোগ ও ত্রিদোষনাশক।

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে চৌলাইকা শাক, জল-চৌলাই, চবড়াই, মহারাষ্ট্রে তাংদুলজা, কর্ণাটে কিরুকুশালে, দাক্ষিণাত্যে কাণ্টেমাট, তামিলে মল্লুকিরই, গুজরাটে তাংজলজো, তৈলঙ্গে মোলাকুরা, দ্রাবীড়ে কাণ্ডেমাট, ফারসীতে সুপেজমজ্জ, আরবীতে বুকলেয়মানীয় বলে। ইংরাজীতে Hermaphrodite Amaranth. ল্যাটিনে Amaranthus Tenifolius. ডাক্তারী নাম Prickly Amaranth প্রিক্‌লি অ্যামারান্থ।

## ফোগ নামগুণাঃ।

ফোগো মরূদ্ভবঃ শৃঙ্গী সূক্ষ্মপুষ্পঃ শশাদনঃ।
ফোগঃ সংগ্রাহকঃ শীতো রক্তপিত্তকফাপহঃ॥

মরুদেশজ ফোগুশাক।

পর্য্যায়।—ফোগ, মরূদ্ভব, শৃঙ্গী, সূক্ষ্মপুষ্প ও শশাদন এইকয়টী ফোগু শাকের পর্য্যায়।

গুণ।—ফোগশাক মলসংগ্রাহি, শীতবীর্য্য, রক্তপিত্ত ও কফনাশক।

---

## পটোল নামগুণাঃ

পটোলঃ পাণ্ডুকো জালা কুলকঃ কর্কশচ্ছদঃ।
রাজীফলঃ পাণ্ডুফলো রাজেয়শ্চামৃতাফলঃ॥
বীজগর্ভঃ প্রতীকশ্চ কুষ্ঠহা কাসভঞ্জনঃ।
তিক্তোত্তমা বীজগর্ভাহ্পরা রাজপটোলিকা॥
জ্যোৎস্না পটোলিকা জালী নাদেয়া ভূমিজম্বুকা॥
পটোলং পাচনং হৃদ্যং বৃষ্যং লঘ্বগ্নিদীপনং।
স্নিগ্ধোষ্ণং হন্তি কাসাস্রজ্বরদোষত্রয়কৃমীন্॥
পত্রং পিত্তহরং শীতং বল্লী তস্য কফাপহা।
মূলং বিরেচনং প্রোক্তং ফলং দোষত্রয়াপহম্॥

পর্য্যায়।—পটোল, পাণ্ডুক, জালী, কুলক, কর্কশচ্ছদ, রাজীফল, পাণ্ডুফল, রাজেয় ও অমৃতাফল, বীজগর্ভ, প্রতীক, কুষ্ঠহা ও কাসভঞ্জন এইকয়টি পটোলের পর্য্যায়। *

আর একপ্রকার পটোল আছে, তাহা তিক্ত। তিক্তা, উত্তমা, বীজগর্ভা, রাজপটোলিকা, জ্যোৎস্না, পটোলিকা, জালী, নাদেয়া, ভূমিজম্বুকা এইকয়টি তিক্ত পটোলের পর্য্যায়।

গুণ।—পটোল পাচক, হৃদয়ের উপকারক, বীর্য্যবর্দ্ধক, লঘুপাক, অগ্নিদীপক, স্নিগ্ধ, উষ্ণবীর্য্য, কাস, রক্তদোষ, জ্বর, ত্রিদোষ ও কৃমিনাশক।

ইহার পত্র পিত্তনাশক, শীতবীর্য্য। ইহার লতা (ডাঁটা) কফনাশক। ইহার মূল বিরেচক। ফল ত্রিদোষনাশক।

---

## চঞ্চুদ্বয় নামগুণাঃ।

চঞ্চুড়ো বেশ্মকূলোঽন্যঃ শ্বেতরাজী বৃহৎফলা।
কিঞ্চিন্ন্যূনগুণস্তস্মাদ্ বিশেষাৎ শোষিণে হিতঃ॥

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দিতে পরবল; মহারাষ্ট্রে পডবল ও পডোল; আসামে পটল; কর্ণাটে কোহিপডবল, তৈলঙ্গে কোঙ্গুপেটাল, গুর্জ্জরদেশে চুরনিহার, কশিলবর্ণী „ কোম্মুপুডলৈ এবং কান্যকুব্জে মোরহডী। ডাক্তারীনাম Trichosamthes. dioclo Roxb. ট্রিকোসেমথিস ডায়ক্লো রুক্সব।

### চিচিণ্ডা।

পর্য্যায়।—চঞ্চুড় ও বেশ্মকুল এই দুইটী চিচিণ্ডা ফলের পর্য্যায়। আর একপ্রকার চিচিণ্ডা ফল আছে, তাহার আকৃতি বৃহৎ এবং তাহাতে শ্বেত বর্ণ চিহ্ন আছে। শ্বেতরাজী, বৃহৎফলা, এইগুলি তাহার পর্য্যায়।

গুণ।—চিচিণ্ডাফল পটোলের ন্যায় গুণবিশিষ্ট, বিশেষতঃ শোষরোগে হিতকর।

---

## পালক্যানামগুণাঃ।

পালক্যা বাস্তুকাকারা ক্ষুরিকা চীরিতচ্ছদা।
পালক্যা বাতলা শীতা ভেদিনী শ্লেষ্মলা গুরুঃ।
বিষ্টম্ভিনী মদশ্বাস রক্তপিত্তবিষাপহা॥

### পালমশাক।

পালক্যা, বাস্তুকাকারা, ক্ষুরিকা ও চীরিতচ্ছদা এইগুলি পালক্যা অর্থাৎ পালমশাকের পর্য্যায়। †

---

* দেশভেদে নামভেদ।—হিন্দুস্থানে চচেণ্ডা, চিচেংড়া, মহারাষ্ট্রে টরকাংকড়ী, গুজরাটে পংড়োলাং, তৈলঙ্গে পোটলাকায়া, ইংরাজীতে Snake gourd. বলে। ডাক্তারী নাম Trichasanthes anguinae, টিকেস্থান্থিস্ অ্যাঙ্গুইনি।

† দেশভেদে নামভেদ।—পালঙ্‌শাককে হিন্দীতে পালগকাশাগ, পল্‌কী ও দাক্ষিণাত্যে পালক্য শাক, মহারাষ্ট্রে পালখ, পোঙ্গশাক গুজরাটে পালখনীভাজী, কর্ণাটে পালক্য, ফারসীতে ইস্তনাখ, আরবীতে অস্তনাথ বলে। ইংরাজীতে Spinage, ল্যাটীনে Spinesia Oleracea ডাক্তারী নাম A sort of beet roots. এ সর্ট অফ বীট রুটস্।

গুণ।—পালম্ শাক বায়ুজনক, শীতবীর্য্য, ভেদকারক, কফপ্রদ, গুরুপাক, মলস্তম্ভকারক, মত্ততা, শ্বাস, রক্তপিত্ত ও বিষদোষ নাশক।

---

## পোতকী নামগুণাঃ।

পোতক্যুপোদিকা সাতু মৎস্যকালী সুরঙ্গিকা।
পোতকী শীতলা স্নিগ্ধা শ্লেষ্মলা বাতপিত্তজিৎ।
অকণ্ঠ্যা পিচ্ছিলা নিদ্রাশুক্রদা রক্তপিত্তনুৎ।
বলদা রুচিকৃৎ পথ্যা বৃংহণী তৃপ্তিকারিণী॥

পুঁই।

পর্য্যায়।—পোতকী, উপোদিকা, মৎস্যকালী, সুরঙ্গিকা এই কয়টী পূতিকার পর্য্যায়।

গুণ।—পূতিকা শীতবীর্য্য, স্নিগ্ধগুণযুক্ত, শ্লেষ্মজনক, বায়ু ও পিত্তনাশক, কণ্ঠস্বরের বিকৃতিকারক, পিচ্ছিল, নিদ্রা ও শুক্রবর্দ্ধক, রক্তপিত্তরোগ-নাশক, বলপ্রদ, রুচিকর, পথ্য, বল-বীর্য্যবর্দ্ধক ও তৃপ্তিকর।

## লোণী-কুটীর নামগুণাঃ

লোণিকোক্তা বৃহদ্‌ঘোলী কুটীরস্তু কুটিঞ্জরঃ।
লোণী রূক্ষা লঘুঃ শীতা সরা বিষ্টম্ভিনী পটুঃ।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে পোইকা সাক, গুজরাটে পোথী, মহারাষ্ট্রে মায়াল্, লঘু ও থোর বলে। ইংরাজীতে Red Malabar Night shade. ডাক্তারী নাম A Potherb (এ পোথর্ব) বলে।

দোষলা মধুরা পাকে বাতলা শ্বাসকাসহা।
বিষশ্লেষ্মহরী তদ্বৎ কুটীরঃ কফহৃদ্ গুরুঃ॥

( বন নুনে ও ক্ষুঁদে নুনে শাক )।

পর্য্যায়।—লোণিকা, বৃহদ্‌ঘোলী, এইকয়টী লোণীর পর্য্যায়। আরএক প্রকার লোণী আছে তাহার নাম কুটীর। কুটীর, কুটিঞ্জর, এই কয়টী তাহার পর্য্যায়। *

গুণ।—লোণীশাক রুক্ষ, গুরুপাক, শীতবীর্য্য, সাংক, মলস্তম্ভকারক, পটু ( কটু ), দোষজনক, পরিপাকে মধুর, বায়ুজনক, শ্বাস, কাসরোগ, বিষ ও শ্লেষ্মনাশক। কুটীর শাকের গুণ তদ্বৎ, বিশেষতঃ কফনাশক ও গুরুপাক।

---

## সুনিষণ্ণ-তিলপর্ণী নামগুণাঃ।

সুনিষণ্ণঃ স্বস্তিকঃ স্যাদ্ বলদা তিলপর্ণিকা।
সুনিষণ্ণো হিমো গ্রাহী মেহদোষত্রয়াপহা।
তিলপর্ণী হিমা রুচ্যা গ্রাহিণী কফপিত্তজিৎ॥

* দেশভেদে নামভেদ। ইহার নাম হিন্দীতে নোনিয়া, লুণিয়া, কুল্‌ফা, তৈলঙ্গে অইলকুস, বোম্বাইয়ে কুর্ফা, তামিলে কোরিলকীরই, মহারাষ্ট্রে ঘোল, লহানঘোল, গুজরাটে লুণীঝীণী, লুণীমোটী, কর্ণাটে গোলি, ফারসীতে খুরফা, আরবীতে বক্লতুলহুমকা বলে। ইংরাজীতে Purs lane, ল্যাটীনে Portulaca Oleracea. ডাক্তারী নাম Indian Purs lane. ইণ্ডিয়ান্ পার্সলেন।

### সুষুণীশাক।

পর্য্যায়। সুনিষণ্ণ, স্বস্তিক এইকয়টী সুনিষণ্ণের অর্থাৎ সুষণীশাকের পর্য্যায়। আর এক প্রকার সুনিষণ্ণ আছে, তাহার পত্র তিলপত্রের ন্যায় বলিয়া তাহাকে তিলপর্ণী বলে। তিলপর্ণী ও বলদা তাহার পর্য্যায়। *

গুণ। সুনিষণ্ণ অর্থাৎ সুষুণীশাক শীতবীর্য্য, মলসংগ্রাহক, মেহ ও ত্রিদোষনাশক। তিলপর্ণী শীতবীর্য্য, রুচিকর, মলগ্রাহী, কফপিত্তনাশক।

---

## সূক্ষ্মপত্র নামগুণাঃ।

সূক্ষ্মপত্রস্তীক্ষ্ণশাকো ধনুঃপুষ্পঃ সুবোধকঃ।
চৌরকঃ কফবাতঘ্নঃ সুতীক্ষ্ণো নাতিপিত্তলঃ॥

পর্য্যায়।—সূক্ষ্মপত্র, তীক্ষ্ণশাক, ধনুঃপুষ্প, সুবোধক ও চৌরক এইকয়টী সূক্ষ্মপত্রের পর্য্যায়।

গুণ। সূক্ষ্মপত্র কফ ও বায়ুনাশক, সুতীক্ষ্ণ, অনতিপিত্তপ্রদ।

---

## টুণ্টুক নামগুণাঃ।

টুণ্টুকো বিটপো রূক্ষঃ খরপত্রস্ত্বরণ্যজঃ।
টুণ্টুকো বাতলো রূক্ষো বিষ্টম্ভী কফনাশনঃ॥

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে চৌপতিয়া, উটিংগণ, গুঠবা, উটিংগণকে বীজ, শিরীআরী, মহারাষ্ট্রে কুরডু, কর্ণাটে কুরড়াহকে ও খড়কতিয়া, তৈলঙ্গে সুনিষণ্ণমনেশাকামু, উৎকলে ছুন্‌ছুনিয়া, গুজরাটে ওটীগণ, ওটীগণ নাবী, খড়কতিরা, ফারসীতে অংজরা, তুখমে অঞ্জরা, আরবীতে অংজরা, বজহুলঅংজরা বলে। ল্যাটিনে Blepharis Edulis.

পর্য্যায়।—টুণ্টুক, বিটপ, রূক্ষ, খরপত্র ও অরণ্যজ এইকয়টি টুণ্টুকের পর্য্যায়।

গুণ।—টুণ্টুক বায়ুজনক, রূক্ষ, বিষ্টম্ভকর, কফনাশক।

## বস্তিজ নামগুণাঃ।

ঘনাগমভবা বল্লী প্রসিদ্ধো নাম বস্তিজঃ।
ঘনাগমস্ত্রিদোষঘ্নস্তৎপুষ্পং মধুরং সরং।
ফলং তস্য সরং বৃষ্যমামং মিষ্টন্তু বাতলম্॥

নসিয়া। (রাঁদুনীশাক)

পর্য্যায়।—ঘনাগমভবা, বল্লী, বস্তিজ, এইকয়টী বস্তিজের পর্য্যায়।

গুণ।—বস্তিজ ত্রিদোষনাশক, ইহার পুষ্প, মধুরাস্বাদ ও সারক। ইহার কাঁচা ফল সারক, বীর্য্যবৰ্দ্ধক, মিষ্ট ও বায়ুজনক।

## সিতবার-নাড়ীক নামগুণাঃ।

সিতিবারঃ কুরণ্টা স্যান্নাড়ীকং নালিকা মতা।
সিতিবারঃ সরো বৃষ্যঃ শোথঘ্নো বাতপিত্তলঃ।
নাড়ী সরা লঘুঃ শীতা পিত্তনুৎ কফবাতলা॥

কুরণ্টী ও নালিতাশাক।

পর্য্যায়।—সিতিবার, কুরণ্টী এই দুইটী সিতবারের শালিঞ্চশাকের পর্য্যায়। আর এক প্রকার সিতিবার আছে, তাহাকে নাড়ীকঅর্থাৎ নালিতা শাক বলে। নাড়ীক ও নালিকা এই দুইটী তাহার পর্য্যায়।

গুণ।—সিতিবার সারক, বলবৰ্দ্ধক, শোথনাশক, বায়ুপিত্তজনক। নাড়ীক শাক সারক, লঘু, শীতবীর্য্য, পিত্তনাশক, কফ ও বায়ুজনক।

## সার্ষপ-কৌসুম্ভনামগুণাঃ।

সার্ষপং সর্ষপোদ্ভূতং কৌসুম্ভঞ্চ কুসুম্ভজং।
সার্ষপং বদ্ধবিণ্মূত্রং গুরূষ্ণং চ ত্রিদোষকৃৎ।
কৌসুম্ভং স্বাদু রূক্ষোষ্ণং কফজিৎ পিত্তলং লঘু॥

( সরিষাশাক ও কুসুম্ভশাক )

পর্য্যায়।—সার্ষপ ও সর্ষপোদ্ভূত এই দুইটী সরিষাশাকের এবং কৌসুম্ভ ও কুসুম্ভজ এই দুইটী কুসুম্ভশাকের পর্য্যায়।

গুণ।—সরিষাশাক মলমূত্রবন্ধকারক, গুরুপাক, উষ্ণবীর্য্য, ত্রিদোষনাশক। কুসুম্ভশাক স্বাদু, রুক্ষ, উষ্ণবীর্য্য, কফঘ্ন, পিত্তপ্রদ ও লঘু।

---

## চণক-কলায়শাক নামগুণাঃ।

চণকং শাকমুদ্দিষ্টং দুর্জরং কফবাতনুৎ।
কলায়শাকং ভেদি স্যাল্লঘু পিত্তকফাপহম্॥

ছোলাশাক ও মটরশাক।

গুণ।—ছোলাশাক দুর্জ্জর, কফ ও বায়ুনাশক।

কলায় (মটর ) শাক ভেদকারক, লঘু, পিত্ত ও কফনাশক।

---

## চাঙ্গেরী নামগুণাঃ।

চাঙ্গেরী ত্বম্লকা চুক্রা ক্ষুদ্রাম্লী তু চতুশ্ছদা।
চাঙ্গেরী দীপনী রুচ্যা লঘূষ্ণা কফবাতজিৎ।
সা পিত্তলা গ্রহণ্যর্শঃকুষ্ঠাতীসারনাশিনী।

### আমরুলশাক।

পর্য্যায়।--চাঙ্গেরী, অম্লিকা, চুক্রা, ক্ষুদ্রাম্লী, চতুশ্ছদা এইকয়টী আমরুল শাকের পর্য্যায়। *

গুণ।—চাঙ্গেরী অগ্নিদীপক, রুচিকর, লঘু, উষ্ণবীর্য্য, পিত্তজনক, গ্রহণী, অর্শঃ, কুষ্ঠ, অতিসার, কফ ও বায়ুনাশক।

---

## কাসমর্দ্দ-গৃঞ্জননামগুণাঃ।

কাসমর্দ্দঃ কর্কশঃ স্যাদ্ গৃঞ্জনো গর্জ্জরস্তথা।
কাসমর্দ্দো লঘুঃ কণ্ঠ্যঃ কাসদোষবিষাস্রজিৎ॥
গৃঞ্জনঃ কটুকস্তীক্ষ্ণস্তিক্তোষ্ণো দীপনো লঘুঃ।
সংগ্রাহী রক্তপিত্তার্শো গ্রহণী কফবাতজিৎ॥

### কালকাসন্দাশাক ও গাজর।

পর্য্যায়।—কাসমর্দ্দ ও কর্কশ এই দুইটী কালকাসন্দার এবং গৃঞ্জন ও গর্জ্জর এই দুইটী গাজরের পর্য্যায়। †

গুণ।—কাসমর্দ্দ লঘুপাক, কণ্ঠশোধক, কাসনাশক, ত্রিদোষ, বিষ ও রক্তদোষনাশক।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দীতে চৌপতিয়া, আংববতী, কর্ণাটে পুলুম্বুনিসে বলে। ডাক্তারী নাম Wood Sorrel উড সরেল।

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে কসৌদী ও কাসিংদা, মহারাষ্ট্রে ও কর্ণাটে কাসবিন্দা এবং তৈলঙ্গে রুসিবিন্দচেট্টু বলে। ডাক্তারী নাম Cassia Sophora. কাসিয়া সোফারা।

গাজর কটু, তীক্ষ্ণবীর্য্য, তিক্ত, উষ্ণবীর্য্য, অগ্নিদীপক, লঘু, মলসংগ্রাহক, রক্তপিত্ত, অর্শঃ, গ্রহণী, কফ ও বায়ুনাশক।

## মূলক নামগুণাঃ।

মূলকং হস্তিদন্তঞ্চ বালমূলং কপোতিকা।
মূলকং বাতলং রুচ্যং স্বর্য্যোষ্ণং পাচনং লঘু॥
হন্তি ত্রিদোষজং শ্বাসগদাক্ষিগলপীনসম্।
স্নেহসিদ্ধং তদেব স্যাদ্দোষত্রয়বিনাশনম্।
শুষ্কং তদ্বিষশোথঘ্নং লঘু দোষত্রয়াপহম্॥
তৎপুষ্পং শ্লেষ্মপিত্তঘ্নং ফলং বাতকফাপহম্॥

মূলা।

পর্য্যায়।—মূলক ও হস্তিদন্ত এইদুইটী বড়মূলার এবং কালমূল ও কপোতিকা এই দুইটী চাণক্যমূলা বা কচিমূলার পর্য্যায়। কচি মূলাকে কপোতিকাও বলে। *

গুণ।—মূলা বায়ুজনক, রুচিকর, স্বরশোধক, উষ্ণবীর্য্য, পাচক, লঘু, ত্রিদোষজ শ্বাসরোগ, অক্ষিপীড়া, গলরোগ ও পীনসরোগনাশক। তৈল-সিদ্ধ মূলা ত্রিদোষনাশক। শুষ্কমূলা শোথনাশক, লঘু, ত্রিদোষঘ্ন। মূলার ফুল কফ ও পিত্তনাশক। মূলার ফল বায়ু ও কফনাশক।

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দুস্থানে মূলী, বড়ীমূলী, মূলা, মূলীকী ফলী, মহারাষ্ট্রে মূলা চণকমূলী, কর্ণাটে মূলংগী, তৈলঙ্গে মূলংগিচেট্টু, শূতিদংপা, গুজরাটে মূলা, মূলাফলী, মোগরী, আরবীতে ফলজ, বজরুল-ফলজ, ফারসীতে তুথ্‌, তুখ্‌মতুখ, ল্যাটীনে Raphenus sativus ডাক্তারী নাম Radish. র‍্যাডিস্‌।

## করীর নামগুণাঃ।

করীরকো গূঢ়পত্রঃ ক্রকচো গ্রন্থিলো মতঃ।
করীরঃ কটুকো ভেদী তীক্ষ্ণোষ্ণঃ কফবাতজিৎ।
ব্রণশোথবিষার্শোঘ্নস্তৎপুষ্পং কফপিত্তজিৎ।
ফলং গ্রাহি কষায়োষ্ণং মধুরং শ্লেষ্মপিত্তকৃৎ॥

( মথুরাদিদেশজাত উষ্ট্রপ্রিয় কণ্টকবৃক্ষকে করীর বলে )

পর্য্যায়।—করীরক, গূঢ়পত্র, ক্রকচ, গ্রন্থিল এই কয়টী করীরের সংস্কৃত নাম।

গুণ।—করীর কটু, ভেদক, তীক্ষ্ণ ও উষ্ণবীর্য্য, কফ, বায়ু, ব্রণ, শোথ, বিষ ও অর্শনাশক। ইহার পুষ্প কফপিত্তনাশক। ইহার ফল কষায়, উষ্ণবীর্য্য, মধুর, শ্লেষ্ম ও পিত্তকারক।

---

## শিগ্রু-মধুশিগ্রু নামগুণাঃ।

শিগ্রুঃ শোভাঞ্জনঃ কৃষ্ণগন্ধঃ স্যাৎ বহুলচ্ছদঃ।
রক্তোঽন্যো মধুশিগ্রুস্তু শ্বেতোঽন্যো হরিতচ্ছদঃ।
তদ্বীজং শ্বেতমরিচং তীক্ষ্ণোষ্ণং চক্ষুষে হিতম্।
শিগ্রুস্তীক্ষ্ণো লঘুর্গ্রাহী বহ্নিদঃ কফবাতজিৎ।

---

* দেশভেদে নামভেদ।—হিন্দুস্থানে করীল, মহারাষ্ট্রে নেবতী, গুজরাটে কের, কর্ণাটে তিপ্পতিগে, তৈলঙ্গে কবরকুরাক, ফারসীতে কবার বলে। ইংরাজীতে Caper. ল্যাটীনে, Capparis apcapparisaphyllainosa.

তীক্ষ্ণোষ্ণো বিদ্রধিপ্লীহব্রণঘ্নো রক্তপিত্তকৃৎ ॥
মধুশিগ্রু গুর্ণৈস্তদ্বদ্বিশেষাদ্দীপনঃ সরঃ।
তৎপুষ্পং লঘু সংগ্রাহি বাতলং কফশোথজিৎ ॥
ফলং গ্রাহি কষায়োষ্ণং মধুরং শ্লেষ্মপিত্তহৃৎ ॥

সজিনা।

পর্য্যায়।—শিগ্রু, শোভাঞ্জন, কৃষ্ণগন্ধ, বহুলচ্ছদ, এই কয়টী শ্বেতসজিনার পর্য্যায়। ইহার পত্র হরিতবর্ণ। আর একপ্রকার সজিনা আছে তাহা রক্তবর্ণ, তাহাকে মধুশিগ্রু বলে। শিগ্রুবীজকে শ্বেতমরিচ বলে। ইহা তীক্ষ্ণ, উষ্ণবীর্য্য, চক্ষুর জ্যোতির্বর্দ্ধক।

গুণ।—শিগ্রু তীক্ষ্ণবীর্য্য, লঘু, মলসংগ্রাহক, অগ্নিবর্দ্ধক, কফঘ্ন, বায়ুনাশক, উষ্ণবীর্য্য, বিদ্রধি, প্লীহা, ব্রণ ও রক্তপিত্ত নাশক। মধুশিগ্রুর গুণ শ্বেতশিগ্রুর ন্যায়, বিশেষতঃ ইহা অগ্নিদীপক ও সারক। সজিনার ফুল লঘু, সংগ্রাহি, বায়ুজনক, কফ ও শোথনাশক। সজিনার ফল কষায়, উষ্ণবীর্য্য, মধুর ও কফপিত্তনাশক।

---

## লশুন-গৃঞ্জন নামগুণাঃ।

লশুনঃ স্যাদুগ্রগন্ধো যবনেষ্টো রসোনকঃ।
গৃঞ্জনোঽন্যো মহাকন্দো গর্জরো দীর্ঘপত্রকঃ ॥

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে সোহিঞ্জন, সঞ্জন, মহারাষ্ট্রে কালাশেগুবা, শোবগা, কর্ণাটে করিয়মুগগি, তৈলঙ্গে মুলংগা, তামিলে মোরুঙ্গ এবং বোম্বায়ে শেগব ও সেগত বলে। ইহার ডাক্তারী নাম Horse radish tree. হর্স র‍্যাডিস্‌ট্রি। ল্যাটিনে Moringaptery gooperma.

লশুনো বৃংহণো বৃষ্যঃ স্নিগ্ধোষ্ণঃ পাচনঃ সরঃ।
ভগ্নসন্ধানকৃৎ কেশ্যো গুরুঃ পিত্তাস্রবুদ্ধিদঃ॥
রসায়নঃ কফশ্বাসকাসগুল্মজ্বরারুচীঃ।
হন্তি শোথপ্রমেহার্শঃ কুষ্ঠশূলানিলক্রমীন্॥
তৎপত্রং মধুরং ক্ষারং নালো মধুরপিত্তলঃ॥
গৃঞ্জনঃ পিত্তলো গ্রাহী তীক্ষ্ণোঽর্শোরোগনাশনঃ।
গন্ধাকৃতিরসৈস্তুল্যঃ সূক্ষ্মনালপলাণ্ডুবৎ॥

রসুন ও গাজর।

পর্য্যায়।—লশুন, উগ্রগন্ধ, যবনেষ্ট, রসোনক এই কয়টী রসুনের পর্য্যায়। আর একপ্রকার রসুন আছে, তাহাকে গৃঞ্জন বলে। গৃঞ্জন, মহাকন্দ, গর্জ্জর, দীর্ঘপত্রক এই কয়টী গৃঞ্জনের পর্য্যায়। *

গুণ।—লশুন বলকর, বীর্য্যবর্দ্ধক, স্নিগ্ধ, উষ্ণবীর্য্য, পাচক, সারক, ভগ্নস্থানের সংযোজক, কেশবর্দ্ধক, গুরু, রক্তপিত্ত ও বুদ্ধিপ্রদ, রসায়ন, কফ, শ্বাস, কাস, গুল্ম, অরুচি, শোথ, প্রমেহ, অর্শঃ, কুষ্ঠ, শূল, বায়ু ও ক্রিমিরোগ নাশক। ইহার পত্র মধুর ক্ষাররসবিশিষ্ট, ইহার ডাঁটা মধুর ও পিত্তজনক। গৃঞ্জন পিত্তপ্রদ, গ্রাহী, তীক্ষ্ণবীর্য্য, অর্শোনাশক। ইহার গন্ধ আকৃতি ও রস, সূক্ষ্মনাল পলাণ্ডুর তুল্য।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে লস্থন, লহশণ, মহারাষ্ট্রে পাংড়রাণসণু, কর্ণাটে বিলিয়বেল্লুল্লি, তৈলঙ্গে তেল্লবুল্লি, তামিলে বল্লই-পাণ্ডু ও গুজ্‌রাটে লসণ বলে। ইংরাজীতে Garlic root, ফারসীতে সোর ও আরবীতে—সুম্ ঈস্কুদিয়ুল সুমল হৈয়ার বলে।

## পলাণ্ডু নামগুণাঃ।

পলাণ্ডুর্ধবলাক্ষশ্চ দুর্গন্ধো মুখদূষকঃ।
পলাণ্ডুস্তদ্গুণৈস্তুল্যঃ কফকৃন্নাতিপিত্তলঃ।
অনুষ্ণঃ কেবলং বাতং স্বাদুপাকো রসান্ জয়েৎ॥

( পেঁয়াজ )

পর্য্যায়।—পলাণ্ডু, ধবলাক্ষ, দুর্গন্ধ, মুখদূষক এই কয়টী পলাণ্ডুর সংস্কৃত নাম। *

গুণ।—পলাণ্ডু, লশুনের ন্যায় গুণযুক্ত, কফজনক, অনতিপিত্তপ্রদ, অনুষ্ণবীর্য্য, পাকে স্বাদুরস, কেবল বায়ু ও রস নাশক।

---

## শূরণত্রয় নামগুণাঃ।

শূরণঃ কন্দলঃ কন্দো গুদাময়হরোঽপরঃ।
বজ্রকন্দঃ সুরেন্দ্রঃ স্যাদ্বন্যোঽন্যশ্চিত্রদণ্ডকঃ।
শূরণো দীপনো রূক্ষঃ কষায়ঃ কণ্ডুকৃৎ কটুঃ।
বিষ্টম্ভী বিশদো রুচ্যঃ কফার্শঃকৃন্তনো লঘুঃ।
নালং শূরণকং রুচ্যং কফবাতহরং লঘু।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে পিয়াজ বা পিয়জ, প্যাজ, মহারাষ্ট্রে শ্বেতকান্দা, কর্ণাটে উল্লি, তৈলঙ্গে নিরুল্লিচেট্টু, তামিলে বেঞ্জয়ম্, বোম্বায়ে কান্দ, পারস্তে বুল্লিগড্ডলু, গুজরাটে ডুংগলী, ল্যাটিনে Allium sepa. ফারসীতে প্যাজ, আরবীতে বসল্ বলে। ইহার ডাক্তারী নাম Ognon. অগনন্। ফ্রেঞ্চ Onion. অনিয়ন।

**অর্শসাং তু বিশেষেণ হিতং কামাগ্নিদীপনম্।**
**তদ্বদ্বন্যো বজ্রকন্দঃ কফঘ্নঃ পিত্তরক্তকৃৎ॥**

ওল।

পর্য্যায়। শূরণ, কন্দল, কন্দ, গুদাময়হর এইকয়টী শূরণের ( ওলের ) নাম। আর একপ্রকার শূরণ আছে, তাহার পর্য্যায়, বজ্রকন্দ ও সুরেন্দ্র, আর একপ্রকার বন্য শূরণ আছে, তাহার দণ্ড চিত্র বিচিত্র, তাহার পর্য্যায় বন্যশূরণ ও চিত্রদণ্ডক। *

গুণ। শূরণ অগ্নিদীপক, রুক্ষ, কষায়, কণ্ডূকারি, কটু, মলস্তম্ভকারক, বিশদ অর্থাৎ কোষ্ঠ পরিষ্কারক, রুচিকর, লঘু, কফ ও অর্শঃ রোগ নাশক। শূরণের নাল (ডাঁটা) রুচিকর, কফ ও বায়ুনাশক ও লঘু, বিশেষতঃ অর্শঃ নাশক, কামবর্দ্ধক ও অগ্নিদীপক। বজ্রকন্দ ও বন্যশূরণের গুণ শূরণের ন্যায়, বিশেষতঃ তাহারা কফনাশক এবং রক্তপিত্ত পীড়াজনক।

---

## অস্থিশৃঙ্খলিকা নামগুণাঃ।

**অস্থিশৃঙ্খলিকা বজ্রা গ্রন্থিমানস্থিসংহতিঃ।**
**অস্থিশৃঙ্খলিকা বৃষ্যা শ্লেষ্মলা মধুরা হিমা।**
**অস্থিসন্ধানকৃদ্ বল্যা পিত্তরক্তানিলাপহা॥**

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে শূরণ জিমীকন্দ, তৈলঙ্গে মাংচাকন্দা, দোলকন্দা, বোম্বায়ে জংলিশূরণ, তামিলে শূরণ, কর্ণাটে শূরণও শূরণা, মহারাষ্ট্রে গোড়াশূরণ, গুজরাটে শূরণ, ফারসীতে ওল বলে। ডাক্তারী নাম Arum companulatum, অ্যারম কম্প্যানিউলেটাম্। ল্যাটীন নাম Amophophallus paniculatus.

হাড়যোড়া।

পর্য্যায়।— অস্থিশৃঙ্খলিকা, বজ্রী, গ্রন্থিমান্, অস্থিসংহতি এই কয়টী অস্থিশৃঙ্খলিকার (হাড়যোড়ার) পর্য্যায়। *

গুণ।—অস্থিশৃঙ্খলিকা, বীর্য্যবর্দ্ধক, কফজনক, মধুরাস্বাদ, শীতবীর্য্য, অস্থিসন্ধানকারি, বলকর, রক্তপিত্ত ও বায়ুনাশক।

---

## বারাহী নামগুণাঃ।

বারাহী মালবী গৃষ্টিস্তৎকন্দঃ শৌকরঃ কিটিঃ।
শৌকরঃ পিত্তলো বর্ণ্যঃ স্বাদুস্তিক্তো রসায়নঃ।
আয়ুশুক্রাগ্নিকৃন্মেহ কফকুষ্ঠানিলাপহঃ॥

শূকরকন্দ।

পর্য্যায়।—বারাহী, মালবী, গৃষ্টি, বারাহীকন্দ, শৌকর ও কিটি এই কয়টী বারাহীকন্দের পর্য্যায়। †

গুণ।—বারাহীকন্দ পিত্তজনক, বর্ণকারক, স্বাদু অথচ তিক্তরস, রসায়ন গুণযুক্ত, আয়ুঃ, শুক্র ও অগ্নিকারক, মেহ, কফ, কুষ্ঠ ও বায়ুরোগনাশক।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে হরসাঙ্করী, হরজোড়ী ও হরসঙ্ঘারি বলে। গুজরাটে হাড়সাংকলা, মহারাষ্ট্রে কাংড়বেল, তৈলঙ্গে নাল্লেদ, ল্যাটীনে Vitis quodrangularis, ভিটিস্ কোয়াড্রাঙ্গুলারিস।

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে গোবঠী, মহারাষ্ট্রে বারাহীকন্দ, তৈলঙ্গে ব্রাহ্মদণ্ডিচেট্টু, পাচিতোকে ও নেলতাড়িচেট্টু, বোম্বায়ে ডুকরকন্দ, গুজরাটে সালিবণাবেল্য ও কর্ণাটে হংদিগেচেট্ট বলে। ডাক্তার নাম Disocorea, ডাইসোকোরিয়া।

## মুষলী নামগুণাঃ।

**মুষলী তালপত্রী স্যাৎ খলিনী তালমূলিকা।**
**মুষলী বৃংহণী বল্যা বীর্য্যোষ্ণার্শোঽনিলাপহা॥**

তালমূলী।

পর্য্যায়।—মুষলী, তালপত্রী, খলিনী ও তালমূলিকা এই কয়টী মুষলীর অর্থাৎ তালমূলীর পর্য্যায়। *

গুণ।—মুষলী বীর্য্যবর্দ্ধক, বলবর্দ্ধক, উষ্ণবীর্য্য, অর্শরোগ ও বায়ুনাশক।

---

## কঞ্চুকনামগুণাঃ।

**কঞ্চুকা পীলুনী পীলুঃ কেমুকা দলশালিনী।**
**কঞ্চুকং বাতলং গ্রাহি দীপনং কফপিত্তনুৎ।**

পর্য্যায়।—কঞ্চুক, পীলুনী, পীলু, কেমুকা, দলনাশিনী এই কয়টী কঞ্চুকের অর্থাৎ কেঁউয়ের পর্য্যায়। †

গুণ।—কঞ্চুক বায়ুজনক, মলসংগ্রাহক, অগ্নিদীপক, কফপিত্তনাশক।

---

* দেশভেদে নামভেদ। ইহাকে হিন্দীতে কালীমুষলী, সফেদমুষলী (শ্যামুষলী), তৈলঙ্গে নিলয় তলিগড্ডলু ও নেলতারু, মহারাষ্ট্রে কালীমুষলী, পাণ্টরীমুষলী, গুজরাটে কালীমুষলী, ধোলীমুষলী, কর্ণাটে নেলতাড়ী বলিয়া থাকে। ল্যাটীনে Ilypoxis orchioides Asparagus, sermentosus বলে।

† দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে কোবী ও কেমুআ বলে।

## ভুছত্রনামগুণাঃ।

ভূছত্রং পৃথিবীকন্দং শিলীন্ধ্রং বলয়ং মতম্।
ভূছত্রং শীতলং বল্যং গুরু ভেদি ত্রিদোষজিৎ॥

পর্য্যায়।—ভূছত্র, পৃথিবীকন্দ, শিলীন্ধ্র ও বলয় এই কয়টী ভুঁইছাতার পর্য্যায়।

গুণ। ভূছত্র শীতবীর্য্য, বলকর, গুরু, মলভেদক ও ত্রিদোষনাশক।

---

## স্থূলকন্দ-মাণকন্দ নামগুণাঃ।

স্থূলকন্দো গ্রাম্যকন্দো মাণকন্দো মহাচ্ছদঃ।
স্থূলকন্দো গুরুঃ শ্লেষ্মবাতলঃ পিত্তশোথজিৎ।
মাণকঃ শীতলঃ স্বাদুঃ পিত্তরক্তহরো গুরুঃ॥

( কচু ও মাণকচু )।

পর্য্যায়।—স্থূলকন্দ ও গ্রাম্যকন্দ এই দুইটী স্থূলকন্দের. এবং মাণকন্দ ও মহাচ্ছদ, এই দুইটী মাণকন্দের পর্য্যায়।

গুণ। স্থূলকন্দ, গুরুপাক, কফ, বায়ু, পিত্ত ও শোথ নাশক। মাণকন্দ—শীতবীর্য্য, স্বাদু, গুরুপাক, রক্তপিত্তনাশক।

---

## কসেরু-শৃঙ্গাট নামগুণাঃ।

কসেরুকং স্বল্পকন্দং বৃহদ্রাজকসেরুকম্।
শৃঙ্গাটো জলকন্দঃ স্যাত্রিকোণস্ত্রিকটস্ত্রিকঃ।

কসেরুকং হিমং স্বাদু গুরু পিত্তাস্রদাহজিৎ।
গ্রাহি পিত্তানিলশ্লেষ্মপ্রদং শৃঙ্গাটকং তথা॥

কেস্থর ও শিঙ্গাড়া।

পর্য্যায়।—কসেরুক ও স্বল্পকন্দ এই দুইটী ছোট কেশুরের পর্য্যায়, বৃহৎকসেরু ও রাজকসেরুক এইদুইটী রাজকসেরুর পর্য্যায়। শৃঙ্গাট, জলকন্দ, ত্রিকোণ ত্রিকট ও ত্রিক এই কয়টী শৃঙ্গাটকের (পানিফলের) পর্য্যায়।

গুণ। কসেরু ও রাজকসেরু শীতল, স্বাদু, গুরু, রক্তপিত্ত ও দাহনাশক, মলসংগ্রাহক, পিত্ত, বায়ু ও কফজনক। শৃঙ্গাটকের গুণ কসেরুর ন্যায়।

---

## পিণ্ডালু-মধ্বালু-শঙ্খালু-হস্ত্যালু-রক্তালু নামগুণাঃ।

পিণ্ডালুকো বৃষ্যকন্দো মধ্বালুঃ স্যাত্তু রোমশঃ।
শঙ্খালুঃ শঙ্খসঙ্কাশঃ কাষ্ঠালুঃ স্বল্পকাষ্ঠকঃ॥
হস্ত্যালুকো মহাকাষ্ঠো রক্তকন্দো মহাফলঃ।
আলুকং শীতলং হৃদ্যং বিষ্টম্ভি মধুরং সরং।
সৃষ্টমূত্রমলং রূক্ষং দুর্জরং রক্তপিত্তজিৎ।
কফানিলকরং বল্যং বৃষ্যং স্তন্যবিবর্দ্ধনম্॥

---

* প্রকারভেদ ও দেশভেদে নামভেদ। কেশুর দুই প্রকার, ইহাকে হিন্দুস্থানে কসেরু, মহারাষ্ট্রে কচর', ফুরড্যা, কর্ণাটে কসেরুকা, সেকিনগড়ে এবং তৈলঙ্গে ইটিকোতি বলে। ডাক্তারী নাম Kysoor cipuss, কেশুর সিপাস্। ল্যাটীনে Scripus Kpsoor.

**পিণ্ডালুকমভিষ্যন্দি তিক্তোষ্ণং দীপনং গুরু।**
**মধ্বালুকং পিত্তকরং কটুপাকি কফাপহম্॥**

পর্য্যায়।—পিণ্ডালুক ও বৃষ্যকন্দ, এই দুইটী পিণ্ডালুকের, মধ্বালু ও রোমশ এই দুইটী মধ্বালুর, শঙ্খালু ও শঙ্খসঙ্কাশ, এই দুইটী শঙ্খালুর, কাষ্ঠালু ও স্বল্পকাষ্ঠক এই দুইটী কাষ্ঠালুর, হস্ত্যালুক ও মহৎকাষ্ঠ এইদুইটী হস্ত্যালুকের, রক্তকন্দ ও মহৎফল এই দুইটী রক্তালুর পর্য্যায়।

গুণ।—সর্ব্বপ্রকার আলু শীতবীর্য্য, বিষ্টম্ভকর, মধুর, গুরু, মলমূত্রকারক, রুক্ষ, দুর্জ্জর, রক্তপিত্ত নাশক, কফ ও বায়ুজনক, বলকর, বীর্য্যবর্দ্ধক, স্তনদুগ্ধ-বর্দ্ধক। পিণ্ডালুক অভিষ্যন্দি, তিক্ত, উষ্ণবীর্য্য, দোষজনক, গুরুপাক। মধ্বালুক পিত্তকর, পাকে কটু ও কফনাশক।

---

## কেলূট-নামগুণাঃ।

**কেলূটং স্বল্পবিটপং কন্দলঃ স্বাদুকন্দলঃ।**
**কেলূটং শীতলং গ্রাহি পিত্তলং কফবাতজিৎ॥**

পর্য্যায়।—কেলূট, স্বল্পবিটপ, কন্দল, স্বাদুকন্দল, এই কয়টী কেলূটের অর্থাৎ কেউজাতীয় কন্দশাক বিশেষের সংস্কৃত নাম।

গুণ। কেলূট শীতল, মলসংগ্রাহক, পিত্তজনক, কফ ও বায়ুনাশক।

---

## পরিভাষা।

**অতিজীর্ণমকালোত্থং রূক্ষং স্নিগ্ধমভূমিজং।**
**শুষ্কং শাকঞ্চ সকলং নাশ্নীয়াম্মূলকৈর্বিনা॥**

পর্য্যায়।—অতিশয় জীর্ণ, অকালসমুৎপন্ন, রুক্ষ, স্নিগ্ধ, দূষিতভূমিজাত ও শুষ্ক, এই সকলপ্রকার শাক ভোজন করিবে না। কেবল মূলো শাক অতি-জীর্ণাদি হইলেও খাইতে পারা যায়।

---

যো রাজ্ঞাং মুখতিলকঃ কটারমল্ল-
স্তেন শ্রীমদননৃপেণ নির্ম্মিতেঽত্র।
গ্রন্থেঽস্মিন্মদনবিনোদনাম্নি পূর্ণঃ
কুষ্মাণ্ডপ্রভৃতিরিহৈব শাকবর্গঃ॥

যিনি সমস্ত নৃপতিবৃন্দের মুখতিলক অর্থাৎ মুখভূষণস্বরূপ, সেই কটারমল্ল নামে প্রসিদ্ধশ্রীমদন নৃপতি কর্ত্তৃক নির্ম্মিত এই মদনবিনোদ-নামক গ্রন্থে কুষ্মাণ্ডাদি শাকবর্গ সমাপ্ত হইল।

ইতি মদনপালনিঘণ্টৌ কুষ্মাণ্ডাদিশাকবর্গঃ॥

# অথ পানীয়বর্গঃ।

করেণ সংগৃহ্য করৌ কপোলে
মাত্রাঙ্গুলীভির্ম্মৃদু তাড্যমানম্।
মুক্তং ভয়াজ্জানুবলেন যান্তং
নমামি কৃষ্ণং নবনীতচৌরম্॥

নবনীত চুরি করিয়া জানুবলে অর্থাৎ হামাগুড়ি দিয়া পলাইতে উদ্যত হইলে মাতা যশোদা, হস্তদ্বারা শ্রীকৃষ্ণের করদ্বয় ধারণ করিয়া কপোলদেশে অঙ্গুলিদ্বারা মন্দ মন্দ আঘাত করত নিদ্রিত করিবার চেষ্টা করিতে লাগিলেন। কিন্তু শ্রীকৃষ্ণ নিদ্রিত না হইয়া নির্ভয়ে হামাগুড়ি দিয়া নবনীত চুরি করিতে যাইতে লাগিলেন, আমি সেই জানুবলে পলায়ন-পরায়ণ, নির্ভয়চিত্ত নবনীতচৌর শ্রীকৃষ্ণকে প্রণাম করি।

---

## সামান্য পানীয় নামগুণাঃ।

পানীয়ং জীবনং নীরং কীলালমমৃতং জলম্।
আপোঽম্ভস্তোয়মুদকং পাথোঽম্বু সলিলং পয়ঃ॥
পানীয়ং শীতলং হৃদ্যং হন্তি পিত্তবিষভ্রমান্।
দাহাজীর্ণশ্রমচ্ছর্দ্দি মদমূর্চ্ছাঘ্নদাত্যয়ান্।
শাতং তৎ স্তিমিতে কোষ্ঠে গলরোগে নবজ্বরে॥

**গ্রহণীপীনসাধ্মানহিক্কাগুল্মেষু বিদ্রধৌ ॥**
**কাসমেহারুচিশ্বাস পাণ্ডুবাতাময়েষু চ।**
**পার্শ্বশূলে স্নেহপীতে সদ্যঃশুদ্ধৌ ন শস্যতে ॥**

পর্য্যায়।—পানীয়, জীবন, নীর, কীলাল, অমৃত, জল, আপ, অম্ভঃ, তোয়, উদক, পাথ, অম্বু, সলিল, পয়ঃ, এইকয়টী জলের পর্য্যায়।

গুণ।—জল শীতল, হৃদয়গ্রাহি, পিত্ত, বিষদোষ, ভ্রম, দাহ, অজীর্ণ, শ্রম, বমন, মত্ততা, মূর্চ্ছা ও মদাত্যয়নাশক।

কোষ্ঠ স্তিমিত হইলে, গলরোগে, নবজ্বরে, গ্রহণী, পীনস, আধ্মান, হিক্কা, গুল্ম, বিদ্রধি, কাস, মেহ, অরুচি, শ্বাস, পাণ্ডু, বায়ুরোগ, পার্শ্বশূল, স্নেহ দ্রব্য পানানন্তর এবং বমন বিরেচনাদি দ্বারা সদ্যঃ কোষ্ঠ শোধিত হইলে শীতল জল পান প্রশস্ত নহে।

---

## দিব্যজল নামগুণাঃ।

দিব্যং তুষারজং ধারং কারং হৈমমিতি স্মৃতং।
চতুর্ব্বিধং বরং ধারং লঘুত্বাৎ তৎ পুনর্দ্বিধা ॥
গাঙ্গং সামুদ্রজং চেতি গাঙ্গং শ্রেষ্ঠতমং স্মৃতম্।
আশ্বিনে মাসি সামুদ্রং গুণৈর্গাঙ্গবদাচরেৎ ॥
স্থাপিতং হেমজে পাত্রে রাজতে মৃন্ময়েঽপি বা।
শাল্যন্নং যেন সংসিক্তং ভবেদক্লেদিবর্ণবৎ।
তদ্গাঙ্গং সর্ব্বদোষঘ্নং জ্ঞেয়ং সামুদ্রমন্যথা।

তজ্জলং শীতলং জ্ঞেয়ং দোষত্রয়বিষাপহম্ ।
সক্ষারং লবণং বিস্রং শুক্রদৃষ্টিবলাপহম্ ॥
দিব্যং ত্বনির্দ্দেশ্যরসং জীবনং তর্পণং লঘু ।
রসায়নং তৃষামূর্চ্ছানিদ্রাদাহক্লমাপহম্ ॥
সৌম্যং রসায়নং বল্যং মোহনিদ্রাত্রিদোষজিৎ ।
আশ্বাসজননং হ্লাদি শ্রমঘ্নমতিবুদ্ধিকৃৎ ॥

পর্য্যায়। তুষারজাত, ধার (ধারাজাত), কার অর্থাৎ করকাজাত ও হৈম ( হিমজাত ) ভেদে দিব্য অর্থাৎ স্বর্গীয় জল চারি প্রকার। তন্মধ্যে ধারাজল লঘু। উহা দ্বিবিধ, যথা, গাঙ্গ অর্থাৎ গঙ্গাজল ও সামুদ্র অর্থাৎ সমুদ্রজল। তন্মধ্যে গঙ্গাজলই শ্রেষ্ঠতম।

আশ্বিন মাসে সামুদ্রজল গঙ্গাজলের ন্যায় গুণযুক্ত হয়।

স্বর্ণ, রজত বা মৃন্ময় পাত্রে স্থাপিত গঙ্গা জল, যাহা দ্বারা শালি অন্ন সংসিক্ত হইলে ক্লেদযুক্ত ও বিবর্ণ না হয়, সেই গঙ্গাজলই সর্ব্বদোষনাশক।

সামুদ্র জল, ইহার বিপরীত গুণযুক্ত অর্থাৎ ক্ষারযুক্ত, লবণরস, বিস্র ( তীক্ষ্ণবীর্য্য ।, শুক্র ও দৃষ্টিশক্তির নাশকারক।

গুণ। দিব্যজল অপূর্ব্বরসযুক্ত, জীবনপ্রদ, তৃপ্তিকারক, সোমগুণযুক্ত, রসায়নগুণযুক্ত, বলকর, আশ্বাসজনক, প্রীতিপ্রদ, অতিশয় বুদ্ধিজনক, লঘু সুস্বাদু ও তৃষ্ণা, মূর্চ্ছা, নিদ্রা, দাহ, ক্লান্তি, মোহ, নিদ্রা, ত্রিদোষ ও শ্রমনাশক।

## ভৌমজল নামগুণাঃ।

তদেব ভূমিপতিতং ভৌমমিত্যভিধীয়তে।

দিব্যাভাবে তু তৎ পেয়ং প্রবিচার্য্য গুণাগুণান্॥

সেই দিব্য জল ভূমিপতিত হইলে তাহাকে ভৌমজল বলে। দিব্যজলের অভাবে ভৌমজলের গুণাগুণ বিচার করিয়া ভৌমজল পান করা কর্ত্তব্য।

---

## কৌপজল গুণাঃ।

কৌপং শ্লেষ্মহরং ক্ষারং পিত্তলং দীপনং লঘু। (ক)

ভূমি খনন করিলে নীলকান্তমণির ন্যায় নির্ম্মল মধুরাস্বাদ যে জল উত্থিত হয়, তাহাকে কৌপজল বলে। ভৌমজলের মধ্যে কৌপ অর্থাৎ কূপের জল শ্লেষ্মনাশক, ক্ষারগুণযুক্ত, পিত্তপ্রদ, অগ্নিদীপক ও লঘু।

---

## তড়াগজল গুণাঃ।

তাড়াগং বাতলং স্বাদু তুবরং কটুপাকি চ।

তড়াগের জল বায়ুজনক, স্বাদু, কষায়রস, পরিপাকে কটুরস।

---

## বাপ্যজল গুণাঃ।

বাপ্যং পিত্তকরং ক্ষারং কটু বাতকফাপহম্।

---

(ক) ভূম্যুৎখাত সমুদ্ভূতং ইন্দ্রনীলসমপ্রভং।
বিমলং মধুরাস্বাদং কৌপং জলমমৃতোপমং॥

প্রস্তর বা ইষ্টকদ্বারা বদ্ধ, সোপানযুক্ত, কূপাপেক্ষা বৃহত্তর জলাশয়কে বাপী বলে। বাপীর জল পিত্তকর, ক্ষারগুণযুক্ত, কটু, বায়ু ও কফনাশক। *

---

## নৈর্ঝর জলগুণাঃ।

**নৈর্ঝরং লেখনং হৃদ্যং কফঘ্নং দীপনং লঘু।**

নির্ঝরজল লেখন, প্রীতিপ্রদ, কফনাশক, অগ্নিদীপক ও লঘু।

---

## ঔদ্ভিদ জলগুণাঃ।

**ঔদ্ভিদং লঘু পিত্তঘ্নমবিদাহ্যগ্নিদাপনম্।**

যাহা আপনা হইতে মৃত্তিকা ভেদ করিয়া উত্থিত হয় তাহাকে ঔদ্ভিদ জল কহে। ঔদ্ভিদ অর্থাৎ হ্রদের জল লঘু, পিত্তঘ্ন, দাহনাশক, অত্যন্ত অগ্নিদীপক।

---

## চৌড্যজলগুণাঃ।

**চৌড্যমগ্নিপ্রদং রূক্ষং স্বাদু শ্লেষ্মহরং লঘু।**

স্বয়ং বিদীর্ণ শিলার গর্ত্তে সংস্থিত, নীলাঞ্জনসদৃশ, লতাবৃত জলকে চৌড্য জল বলে। চৌড্যজল অগ্নিবর্দ্ধক, রূক্ষ, স্বাদু, কফঘ্ন, লঘু। †

---

* পাষাণৈরিষ্টকাভির্যা বদ্ধা কূপাদ্ বৃহত্তরা।
সসোপানা ভবেদ্বাপী তত্তোয়ং বাপ্যমুচ্যতে॥

† স্বয়ং দীর্ণশিলাশ্বভ্রে নীলাঞ্জন সমাকৃতি।
লতাবিতানসংগূঢ়ং তচ্চৌড্যমভিধীয়তে॥

## নাদেয় জলগুণাঃ।

**নাদেয়ং দীপনং রূক্ষং বাতলং লঘু লেখনম্।**

পর্ব্বতজাত নদীর গোমেদমণির ন্যায় আভাযুক্ত প্রশস্ত ভূমিভাগস্থ জলকে নাদেয় বলে। নদীর জল অগ্নিদীপক, রূক্ষ, বায়ুজনক, লঘু ও লেখন অর্থাৎ কৃশতাকারক। *

---

## সারস জলগুণাঃ।

**সারসং মধুরং বল্যং তৃষ্ণাঘ্নং তুবরং লঘু।**

নদী বা পর্ব্বত হইতে নির্গত জল একস্থানে স্থিত, কুমুদ ও পদ্মসংযুক্ত জলকে সারস কহে। সারস অর্থাৎ সরোবরের জল মধুর, বলকর, তৃষ্ণাঘ্ন, কষায়রসবিশিষ্ট ও লঘুপাক। †

---

## কৈদার জলগুণাঃ।

**কৈদারং স্বাদ্বভিষ্যন্দি বিপাকে গুরু দোষলম্।**

কৈদার অর্থাৎ শস্যক্ষেত্রের (মাঠের) জল স্বাদু, অভিষ্যন্দি, পরিপাকে গুরু ও দোষজনক।

---

## পল্বল জলগুণাঃ।

**পাল্বলং তদ্বদুদ্দিষ্টং বিশেষাৎ সর্ব্বদোষকৃৎ**

---

* নদ্যাঃ শৈলপ্রসূতায়া গোমেদকমণিপ্রভং।
প্রশস্তভূমিভাগস্থং জলং নাদেয়মুচ্যতে॥

† নদ্যাঃ শৈলবরাদ্বাপি স্রুতমেকান্তসংস্থিতং
কুমুদাম্ভোজসংচ্ছন্নং বারি সারসমুচ্যতে

পল্বল অর্থাৎ ক্ষুদ্রসরোবরের জল কৈদারজলের ন্যায় গুণযুক্ত বিশেষতঃ ইহা সর্ব্বদোষকারক।

## তৌষার জলগুণাঃ।

তৌষারং বাতলং শীতং রূক্ষং পিত্তকফাপহম্।

তুষার জল বায়ুজনক, শীতল, রূক্ষ, পিত্ত ও কফনাশক।

## ধারজলগুণাঃ।

ধারং ভূমাবপতিতং দিব্যং তৎ সর্ব্বদোষনুৎ।

বর্ষার ধারার জল ভূমিতে পতিত না হইলে তাহাকে দিব্যজল বলা যায়, উহা সর্ব্বদোষনাশক।

## কারজলগুণাঃ।

কারং গুরু হিমং রুক্ষং বিশদং কফবাতকৃৎ।

স্বর্গীয় বায়ু ও অগ্নিসংযোগে মিলিত, পাষাণখণ্ডবৎ জল, যাহা আকাশ হইতে পতিত হয়, তাহাকে কার অর্থাৎ করকাজাত জল বলে। উহা গুরু, বিশদ ( নির্ম্মল ), কফ ও বায়ুনাশক।

## হৈম জলগুণাঃ।

হৈমং গুরুতরং শীতং পিত্তনুদ্ বাতবর্দ্ধনম্।

হৈম অর্থাৎ হিমজাত জল, গুরুতর, শীতল, বায়ুবর্দ্ধক ও পিত্তনাশক।

* দিব্যবায়্বগ্নিসংযোগসংহতাঃ খাৎ পতন্তি যাঃ।
পাষাণখণ্ডবচ্চাপস্তাঃ কারক্যোঽমৃতোপমাঃ॥

## চন্দ্রকান্তজলগুণাঃ।

চন্দ্রকান্তজলং রূক্ষং লঘু পিত্তবিষাস্রনুৎ॥

চন্দ্রকান্তমণিনিষ্যন্দ জল রূক্ষ, লঘু, পিত্ত, বিষ ও রক্তদোষ নাশক।

---

## হংসোদকগুণাঃ। (অংশূদক)

দিবা রবিকরৈর্যুষ্টং নিশি শীতকরাংশুভিঃ।
জ্ঞেয়ং হংসোদকং নাম স্নিগ্ধং দোষত্রয়াপহম্।
অনভিষ্যন্দি নির্দোষমন্তরীক্ষজলোপমম্।
বল্যং রসায়নং মেধ্যং শীতং লঘু সুধোপমম্॥

দিবাভাগে সূর্য্যতাপে তাপিত এবং রাত্রিতে চন্দ্রকিরণে শীতলীকৃত াকে হংসোদক মতান্তরে অংশূদক বলে। ইহা স্নিগ্ধ ও ত্রিদোষনাশক, নভিষ্যন্দজনক, নির্দ্দোষ, অন্তরীক্ষ জলের ন্যায় গুণযুক্ত, বলকর, রসায়ন, রণশক্তিবর্দ্ধক, শীতল, লঘু ও সুধাসদৃশ।

---

## ঋতুভেদে জলভেদগুণাঃ।

বর্ষাসু দিব্যং পানীয়মৌদ্ভিদং বা প্রশস্যতে।
শরৎপ্রসন্নমুদকমগস্ত্যোদয়নির্বিষম্॥
হেমন্তে সারসং তোয়ং তাড়াগং বা গুণাবহম্।
বসন্তগ্রীষ্ময়োঃ কৌপং বাপ্যং নৈর্ঝরমেব চ॥
প্রাবৃষি প্রবরং চৌণ্ড্যং মলবিষ্টম্ভকারি চ॥

বর্ষাকালে দিব্যজল অথবা ঔদ্ভিদ-জল প্রশস্ত। শরৎকালে অগস্ত্যোদয় হেতু সর্ব্বপ্রকার জল নির্ম্মল ও নির্ব্বিষ হয়। হেমন্তে সারস-জল ও তড়াগজল গুণপ্রদ হয়। বসন্ত ও গ্রীষ্মকালে কূপ-জল, বাপী-জল এবং নির্ঝর জল প্রশস্ত। বর্ষাকালে চৌড্য জল প্রশস্ত, কিন্তু উহা মলস্তম্ভকারক।

---

## নদীভেদে জলগুণাঃ।

নদ্যঃ শীঘ্রবহা লঘ্ব্যঃ সর্ব্বা যাশ্চামলোদকাঃ।
মন্দগাঃ কলুষা গুর্ব্ব্যো যাশ্চ শৈবালসেবিতাঃ॥
হিমবৎপ্রভবাঃ পথ্যা নদ্যোঽশ্মাহতপাথসঃ।
গঙ্গা শতদ্রু যমুনাদ্যা গুণোত্তমাঃ॥
ঈষৎপিত্তকরাঃ স্বচ্ছাঃ পুণ্যা বাতকফাপহাঃ।
মলয়াচলজা নদ্যো লঘ্ব্যঃ শীঘ্রবহা হিতাঃ॥
কৃতমালা তাম্রপর্ণীপ্রমুখা বিমলোদকাঃ।
স্থিরাপাস্তৎপ্রভাবা যে কুর্ব্বন্তি শ্লীপদাপচীঃ॥
শোথপাদশিরঃকণ্ঠ বালরোগার্ব্বুদক্রমীন্॥
সহ্যশৈলভবা নদ্যো বেণী গোদাবরী তথা।
কুর্ব্বন্তি প্রায়শঃ কুষ্ঠমীষদ্বাতকফাবহাঃ॥
বিন্ধ্যাচলভবাঃ শিপ্রা বেরাদ্যাঃ পাণ্ডুকুষ্ঠদাঃ
পারিযাত্রোদ্ভবাঃ প্রোক্তা দ্বিধা চর্ম্মণ্বতীমুখাঃ।
পথ্যাস্তড়াগজাস্তত্র ত্রিদোষঘ্ন্যো বলাবহাঃ॥

দরীজাঃ কুষ্ঠকণ্ঠাঙ্ঘ্রিশ্লেষ্মশ্লীপদরোগদাঃ।
প্রাচ্যাবন্ত্যপরান্ত্যাশ্চ গুদজানি প্রকুর্ব্বতে॥
মরুজা মধুরা বল্যা লঘবোঽগ্নিপ্রদাঃ পরম্।
পশ্চিমাম্ভোধিপতিতাঃ গোমতীনর্ম্মদাদয়ঃ।
পথ্যা বাতাস্রপিত্তঘ্ন্যো বল্যাঃ কণ্ডূকফাপহাঃ॥
দক্ষিণাব্ধিগতা বল্যাঃ পিত্তঘ্ন্যঃ কফবাতদাঃ।
পূর্ব্বাম্ভোধিবহা নদ্যো মন্দগা গুরবো ঘনাঃ॥

যে সকল নদী শীঘ্রগামিনী, তাহাদের জল লঘু ও নির্ম্মল। মন্দগামিনী ও শৈবালযুক্তা নদীর জল কলুষ ও গুরুপাক।

হিমালয় পর্ব্বতজাতা নদীসকলের জল এবং যেসকল নদীর জল পাষাণে আহত হইয়া থাকে, তাহাদের জল পথ্য।

গঙ্গা, শতদ্রু, সরযু, যমুনা প্রভৃতি নদীর জল অধিক গুণযুক্ত, ঈষৎ পিত্তকর, নির্ম্মল, পুণ্যজনক, বায়ু ও কফনাশক।

মলয়পর্ব্বতজাত নদীর জল শীঘ্রবহ বলিয়া লঘু ও হিতকর। কৃতমালা, তাম্রপর্ণী প্রভৃতি নদীর জল নির্ম্মল।

যেসকল নদীর জল স্থির, এবং তদুৎপন্ন নদীর জল শ্লীপদ অপচী, শোথ, শিরোরোগ, পদরোগ, কণ্ঠরোগ, গলরোগ, অর্ব্বুদ ও কৃমিজনক।

সহ্যপর্ব্বতজাত বেণী ও গোদাবরী প্রভৃতি নদীর জল প্রায়ই কুষ্ঠরোগজনক এবং ঈষৎ বায়ু ও কফবর্দ্ধক।

বিন্ধ্যাচলভবা শিপ্রা ও রেবা(নর্ম্মদা) প্রভৃতি নদীরজল পাণ্ডু ও কুষ্ঠজনক।

পারিযাত্রপর্ব্বতজাত চর্ম্মণ্বতী প্রভৃতি নদীর জল ও তত্রত্য তড়াগ-জাত নদীর জল ত্রিদোষঘ্ন ও বলকারক।

পর্ব্বতগুহাজাত নদীর জল কুষ্ঠ, কণ্ঠরোগ, চরণরোগ, শ্লেষ্ম ও শ্লীপদরোগপ্রদ।

পূর্ব্বপ্রদেশ, অবন্তী ও অন্যান্য পশ্চিম প্রদেশজাত নদীর জল গুহ্যরোগজনক।

মরুদেশোদ্ভব নদীর জল বলকর, লঘু এবং অত্যন্ত অগ্নিপ্রদ।

পশ্চিম সাগর পতিত গোমতী ও নর্ম্মদাদি নদীর জল পথ্য, বাতরক্ত ও পিত্তনাশক, বলকর, কণ্ডূ ও কফনাশক।

দক্ষিণ সমুদ্র পতিত নদীর জল বলকর, পিত্তনাশক, কফ ও বায়ুপ্রদ।

পূর্ব্বসমুদ্র পতিত মন্দগামিনী নদীর জল গুরু ও ঘন।

---

## জলসংগ্রহকালঃ।

ভৌমানামম্ভসাং প্রাতঃ সর্ব্বেষাং গ্রহণং বরম্।
নৈর্ম্মল্যং তত্র শৈত্যঞ্চ তেষাং স চ পরো গুণঃ।

প্রাতঃকালেই সর্ব্বপ্রকার ভৌমজল গ্রহণ কর্ত্তব্য। কারণ তখন জল নির্ম্মল ও শীতল থাকে, সেইটী ভৌমজলের প্রধান গুণ।

---*---

## কালভেদে জলপান গুণাঃ।

ভুক্তাদৌ সলিলং পীতং কার্শ্যমন্দাগ্নিদোষকৃৎ।
মধ্যেঽগ্নিদীপনং শ্রেষ্ঠমন্তে স্থৌল্যকফপ্রদম্॥
জীবন্তি জীবনাদ্‌জীবা জগৎ সর্ব্বন্তু তন্ময়ম্।
অতোঽত্যন্তনিষেধেঽপি ন কচিদ্বারি বার্য্যতে॥

অজীর্ণে ক্বথিতং চামে পক্কে জীর্ণে তু নেতরৎ।
তৃষিতস্তু বিদগ্ধেঽন্নে যঃ পিবেৎ শীতলং জলম্।
বিদাহঃ প্রশমং যাতি শেষমন্নঞ্চ জীর্য্যতি॥

ভোজনের আদিতে অধিক জল পান কৃশতা ও মন্দাগ্নি ও ত্রিদোষজনক, ভোজনের মধ্যে জলপান শ্রেষ্ঠ ও অগ্নিদীপক। ভোজনান্তে জলপান স্থূলতা ও কফজনক।

জলদ্বারা জীবগণের জীবন রক্ষা হয়, সর্ব্বজগৎ জলময়। অতএব বিজ্ঞগণ সর্ব্বতোভাবে স্থানবিশেষে জলের নিষেধ সত্ত্বেও পিপাসু ব্যক্তিকে জল প্রদান করিয়া থাকেন। কদাপি জল প্রদানে নিষেধ করেন না।

ভুক্তদ্রব্যের অজীর্ণাবস্থায় এবং আমাবস্থায় উষ্ণ জল পান করা উচিত এবং ভুক্তদ্রব্যের পরিপাক হইলে এবং আমরসের পরিপাক হইলে শীতল জল পান করা কর্ত্তব্য।

তৃষিতব্যক্তি ভুক্তঅন্নের বিদগ্ধাবস্থায় শীতল জল পান করিলে বিদাহ শান্ত হয় এবং অবশিষ্ট অন্ন পরিপাক হইয়া যায়।

---

## আনূপাদি জলগুণাঃ।

আনূপং দোষকৃদ্বারি প্রায়োঽভিষ্যন্দি নিন্দিতং।
জাঙ্গলং হন্তি সকলং দোষমগ্নিপ্রদীপনম্।
সাধারণং হিমং স্বাদু তৃষ্ণাঘ্নং হর্ষণং লঘু॥

বর্ষাসু যোঽবগাহেত পিবেদথ নবং পয়ঃ।
পর্ণাদিদুষ্টং লভতে স বাহ্যাভ্যন্তরাময়ান্ ॥

আনূপদেশজাত জল নানাদোষজনক, প্রায়ই অভিষ্যন্দজনক ও নিন্দিত। জাঙ্গলদেশজাত জল সর্ব্বদোষনাশক, অগ্নিপ্রদীপক। সাধারণদেশজাত জল শীতল, স্বাদু, তৃষ্ণানাশক, হর্ষপ্রদ ও লঘু। বর্ষাকালে পত্রাদিদূষিত জলে স্নান ও ঐজল পান করিলে বাহ্য ও আভ্যন্তর নানাপ্রকার পীড়া হইয়া থাকে।

---

## কলুষজলগুণাঃ।

কলুষং ছন্নমম্ভোজপর্ণনীলীতৃণাদিভিঃ।
দুষ্টগন্ধাদ্যসংস্পৃষ্টং সূর্য্যচন্দ্রমসাংশুভিঃ ॥
ব্যাপন্নমিতি জানীয়াৎ সর্ব্বদোষপ্রকোপকৃৎ।
তোয়ং তদ্বর্জ্জয়েৎ সর্ব্বং যচ্চানর্ত্তুসমুদ্ভবম্ ॥

যে জল কলুষ অর্থাৎ ঘোলা, এবং পদ্মপত্র, সেহালা ও তৃণাদিদ্বারা আচ্ছন্ন, দূষিতগন্ধাদি যুক্ত, সূর্য্য ও চন্দ্রকিরণের দ্বারা অসংস্পৃষ্ট, তাহা বিপজ্জনক বলিয়া জানিবে। ইহা সর্ব্বদোষপ্রকোপক। সেই জল এবং যে জল বর্ষাভিন্ন অন্য ঋতুতে সমুদ্ভূত, তাহা সর্ব্বতোভাবে বর্জ্জনীয়।

---

## দূষিতজলশোধনবিধিঃ।

ব্যাপন্নমপি পানীয়ং ক্বথিতং সূর্য্যতাপিতং।
তপ্তায়ঃপিণ্ডসিকতাগ্রাবাদিস্বথ সাধিতং ॥
কর্পূরসুরপুন্নাগপাটলাদিসুবাসিতং।
স্বচ্ছং কনকমুক্তাদ্যৈঃ শীতং দোষাপহং ক্বচিৎ ॥

যৎ ক্বাথ্যমানং নিঃফেনং নিবেগং নির্ম্মলং জলং।
তৎ সর্ব্বদোষশমনং দীপনং পাচনং লঘু॥

ব্যাপন্ন অর্থাৎ দূষিত জল ক্বথিত, সূর্য্যতাপিত, তপ্ত লৌহ, তপ্ত বালুকা অথবা প্রতপ্ত পাষাণখণ্ড দ্বারা প্রতপ্তীকৃত পরে কর্পূর, সুরপুন্নাগ ও পাটলা ইত্যাদি সুগন্ধদ্রব্যে সুবাসিত ও সুবর্ণ ও মুক্তাদি দ্বারা নির্ম্মলীকৃত ও সুশীতল হইলে তাহা আর দোষাবহ হয় না।

জল সিদ্ধ করিয়া ফেনবর্জ্জিত, বেগবর্জ্জিত ও নির্ম্মলীকৃত হইলে তাহা সর্ব্বদোষনাশক, অগ্নিদীপক, পাচক ও লঘুপাক হয়।

---

## উষ্ণজলগুণাঃ।

উষ্ণং তদগ্নিজননং লঘূচ্ছং বস্তিশোধনং।
পার্শ্বরুক্‌পীনসাধ্মান হিক্কানিলকফাপহং॥
তৎ পাদহীনং বাতঘ্নমর্দ্ধহীনঞ্চ পিত্তজিৎ।
ত্রিপাদহীনং শ্লেষ্মঘ্নং সংগ্রাহ্যগ্নিপ্রদং লঘু॥
নিহন্তি শ্লেষ্মসঙ্ঘাতং মারুতঞ্চাপি কর্ষতি॥
অজীর্ণং জরয়ত্যাশু পীতমুষ্ণোদকং নিশি।
পাদাবশেষং সলিলং গ্রীষ্মে শরদি শস্যতে॥
হেমন্তে শিশিরে বর্ষাস্বর্দ্ধহীনং প্রশস্যতে।
ং সদা পথ্যং লঘু নীরং ত্রিদোষনুৎ।
তচ্চ পর্য্যুষিতং নিন্দ্যমম্লীভূতং ত্রিদোষকৃৎ

দিব শৃতং পয়ো রাত্রৌ গুরুতামধিগচ্ছতি।
রাত্রৌ শৃতং দিবা পীতং তথা দোষকরং পরম্ ॥

উষ্ণজল অগ্নিজনক, লঘু, স্বচ্ছ, বস্তিশোধক, পার্শ্বপীড়া, পীনস, আধ্মান, হিক্কা, বায়ু ও কফনাশক।

পাদহীন অর্থাৎ চারিভাগের একভাগ হীন উষ্ণজল বায়ুনাশক। অর্দ্ধহীন জল পিত্তনাশক, ত্রিভাগহীন জল শ্লেষ্মঘ্ন, সংগ্রাহি, অগ্নিজনক ও লঘু। ইহা শ্লেষ্মসমূহ ও বায়ুনাশক।

রাত্রিকালে উষ্ণোদক পান করিলে অজীর্ণরোগ শীঘ্র নষ্ট হয়। পাদাবশিষ্ট জল গ্রীষ্মে ও শরৎকালে প্রশস্ত। হেমন্তে ও শীতকালে এবং বর্ষাকালে অর্দ্ধহীন জল প্রশস্ত। শৃতশীতল জল সর্ব্বঋতুতেই প্রশস্ত, পথ্য, লঘু ও ত্রিদোষনাশক। শৃতশীতল জল বাসী হইলে নিন্দিত, উহা ভারজনক, অম্লজনক ও ত্রিদোষ জনক।

দিবাভাগে সিদ্ধজল রাত্রিতে গুরু হয় এবং রাত্রিসিদ্ধ জল দিবাতে গুরু ও বিষতুল্য হয়, অতএব তাহা পান করিবে না।

---

## আমাদি জলপরিপাককালঃ।

আমং জলং জীর্য্যতি যামমাত্রং তদর্দ্ধমাত্রং শৃতশীতবারি।
তদর্দ্ধকালং জলমুষ্ণমেব ত্রিধা স উক্তো জলজীর্ণকালঃ ॥
অরোচকে প্রতীশ্যায়ে প্রসেকে শ্বয়থৌ ক্ষয়ে।
মন্দাগ্নৌ চোদরে কুষ্ঠে জ্বরে নেত্রাময়ে তথা।
ব্রণে চ মধুমেহে চ পানীয়ং মন্দমাচরেৎ ॥

আম জল একযামে জীর্ণ হয়, শৃতশীতজল অর্দ্ধযামে জীর্ণ হয়, উষ্ণজল দুই দণ্ডে জীর্ণ হয়, এইরূপ জলের তিনপ্রকার জীর্ণকাল কথিত হইয়াছে। অরুচি, সর্দ্দি, প্রসেক, শোথ, ক্ষয়, মন্দাগ্নি, উদরি, কুষ্ঠ, নেত্ররোগ, ব্রণ, এবং মধুমেহে অল্পজল পান করা কর্ত্তব্য।

---

## দুগ্ধ নামগুণাঃ।

দুগ্ধং প্রস্রবণং ক্ষীরং সৌম্যং সঞ্জীবনং পয়ঃ।
দুগ্ধং বলকরং শীতং মধুরং বাতপিত্তজিৎ॥
স্নিগ্ধং রসায়নং মেধ্যং জীবনং ধাতুবর্দ্ধনম্।
বাতরক্তগরশ্বাস ক্ষয়ার্শো ভ্রমনুদ্‌গুরু।
বালবৃদ্ধকৃশাদীনাং স্ত্রীসক্তানাং প্রশস্যতে।
প্রায়ঃ প্রাণভৃতাং সাম্যং বিশেষাদোজসে হিতম্॥

দুধ।

পর্য্যায়।—দুগ্ধ, প্রস্রবণ, ক্ষীর, সৌম্য, সঞ্জীবন ও পয়ঃ এই কয়টী দুগ্ধের সংস্কৃত নাম।

গুণ।—দুগ্ধ, বলকর, শীতবীর্য্য, মধুর, স্নিগ্ধ, রসায়নগুণযুক্ত, মেধাবর্দ্ধক, জীবনীশক্তিবর্দ্ধক, ধাতুপুষ্টিকর, গুরু, বায়ু ও পিত্ত, বাতরক্ত, বিষদোষ, শ্বাস, ক্ষয়, অর্শ ও ভ্রমরোগ নাশক।

বালক, বৃদ্ধ ও কৃশাদি ও স্ত্রীতে আসক্ত ব্যক্তিগণের পক্ষে দুগ্ধ অতিশয় প্রশস্ত। প্রায়ই প্রাণধারি জীবের দোষের সমতাসাধক ও ওজোগুণবর্দ্ধক।

## গোদুগ্ধ গুণাঃ।

গোক্ষীরং মধুরং শীতং গুরু স্নিগ্ধং রসায়নম্।
বৃংহণং স্তন্যকৃদ্‌বর্ণ্যং জীবনং বাতপিত্তকৃৎ॥
কৃষ্ণগব্যা বরং ক্ষীরং বাতপিত্তকফপ্রণুৎ।
পীতায়া বাতপিত্তঘ্নং রক্তায়া বাতহৃৎ পরং।
চিত্রায়াস্তদ্‌বদেবোক্তং শ্বেতানাং শ্লেষ্মলং গুরু।
বালবৎস-বিবৎসানাং গবাং ক্ষীরং ত্রিদোষকৃৎ।
পিণ্যাকাদ্যশনাজ্জাতং ক্ষীরং গুরু কফাবহম্॥

গুণ।—গোদুগ্ধ মধুর, শীতবীর্য্য, গুরু, স্নেহগুণবিশিষ্ট, রসায়ন, বীর্য্যবর্দ্ধক, স্তন্যবর্দ্ধক, বর্ণপ্রদ, জীবনীশক্তিবর্দ্ধক, বায়ু ও পিত্ত নাশক।

কৃষ্ণধেনুর দুগ্ধ সর্ব্বশ্রেষ্ঠ, বায়ু, পিত্ত ও কফনাশক।

পীতধেনুর দুগ্ধ বায়ুপিত্তনাশক।

রক্তধেনুর দুগ্ধ অত্যন্ত বায়ুনাশক।

বিচিত্রবর্ণা গাভীর দুগ্ধ রক্তবর্ণ গাভীর দুগ্ধের ন্যায় গুণযুক্ত।

শ্বেত ধেনুর দুগ্ধ শ্লেষ্মজনক ও গুরু পাক।

বালবৎস ও বৎসহীন ধেনুর দুগ্ধ ত্রিদোষজনক। পিণ্যাকাদি ভক্ষণকারি গোরুর দুগ্ধ গুরুপাক ও কফজনক।

---

## অজাদুগ্ধ গুণাঃ।

আজং গব্যগুণং গ্রাহি বিশেষাদ্দীপনং লঘু।
হন্তি ক্ষয়ার্শোঽতীসার প্রদরাস্র শ্রমজ্বরান্॥

অজানামল্পকায়ত্বাৎ কটুতিক্তাদিভক্ষণাৎ।
স্তোকাম্বুপানাদ্ ব্যায়ামাৎ পয়ঃ সর্ব্বগদাপহম্ ॥

গুণ।—অজা অর্থাৎ ছাগদুগ্ধকে আজ দুগ্ধ বলে। ছাগদুগ্ধ গব্যদুগ্ধের ন্যায় গুণযুক্ত। বিশেষতঃ মলসংগ্রাহি, অগ্নিদীপক, লঘু, ক্ষয়রোগ, অর্শঃ, অতিসার, প্রদর, রক্তদোষ, ভ্রম ও জ্বরনাশক। ছাগসকলের দেহ ক্ষুদ্র, তাহারা কটু তিক্তাদি দ্রব্য ভক্ষণ করে, অল্পপরিমাণে জল পানকরে ও ব্যায়ামকরে, ইত্যাদি কারণে তাহাদের দুগ্ধ সর্ব্বপীড়ানাশক।

---

## আবিকদুগ্ধ গুণাঃ।

আবিকং মধুরং কেশ্যং স্নিগ্ধং বাতকফাপহম্।
গুরু কাসেঽনিলোদ্ভূতে কেবলে চানিলে বরম্ ॥

মেষদুগ্ধ।

গুণ।—অবি শব্দে মেষ বুঝায়। মেষদুগ্ধকে সংস্কৃতভাষায় আবিক বলে। মেষদুগ্ধ মধুর, কেশবর্দ্ধক, স্নিগ্ধ, বায়ু ও কফনাশক, গুরু। বায়ুজনিত কাসরোগ এবং কেবল বায়ুরোগে বিশেষ উপকারক।

---

## মহিষীদুগ্ধ গুণাঃ।

মাহিষং মধুরং বৃষ্যং স্নিগ্ধং গুরু বলপ্রদম্।
নিদ্রাশুক্রকরং শীতং মলাভিষ্যন্দি বহ্নিনুৎ ॥

মহিষীদুগ্ধ।

গুণ।—মহিষীর দুগ্ধকে সংস্কৃতে মাহিষ দুগ্ধ বলে। মহিষীদুগ্ধ মধুর, গোদুগ্ধাপেক্ষা স্নেহগুণযুক্ত, গুরুপাক, বলপ্রদ, নিদ্রাজনক, শুক্রজনক, শীতল, মলের অভিষ্যন্দকারক ও অগ্নিনাশক।

## নারীদুগ্ধ গুণাঃ।

নার্য্যা লঘু পয়ঃ শীতং দীপনং বাতপিত্তজিৎ।
চক্ষুঃশূলাভিঘাতঘ্নং নস্যাশ্চ্যোতনয়োর্ব্বরম্॥

গুণ।—নারীদুগ্ধ লঘু, শীতল, অগ্নিদীপক, বায়ু ও পিত্তনাশক, চক্ষুঃশূল, ও অভিঘাতজন্য রোগনাশক। নস্য ও আশ্চ্যোতন কার্য্যে ( চক্ষুঃপ্রয়োগে ) বিশেষ হিতকর।

---

## হস্তিনীদুগ্ধ গুণাঃ।

হস্তিন্যাঃ স্বাদু বলকৃৎ চক্ষুষ্যং শীতলং গুরু।

গুণ।—হস্তিনীর দুগ্ধ স্বাদু, বলকর, চক্ষুর পক্ষে হিতকর, শীতবীর্য্য ও গুরুপাক।

---

## উষ্ট্রীদুগ্ধ গুণাঃ।

ঔষ্ট্রং স্বাদু পয়ো রূক্ষং লবণং লঘু দীপনম্।
কৃমিকুষ্ঠকফানাহশোথোদরহরং সরম্॥

গুণ।—উষ্ট্রীদুগ্ধ স্বাদু, রূক্ষ, লবণরস, লঘু, অগ্নিদীপক, সারক, কৃমি, কুষ্ঠ, কফ, আনাহ ( মুদা ), শোথ ও উদর রোগ নাশক।

---

## অশ্বীদুগ্ধ গুণাঃ।

আশ্বমুষ্ণং পয়ো রূক্ষং বল্যং শ্বাসানিলাপহম্।
লবণাম্লং লঘু স্বাদু সর্ব্বমৈকশফং তথা॥

গুণ।—ঘোটকীর দুগ্ধ উষ্ণবীর্য্য, রূক্ষ, বলকর, বায়ু ও কফনাশক, লবণ ও অম্লরস, লঘু ও স্বাদু। যবতীয় একশফ অর্থাৎ জোড়াক্ষুর বিশিষ্ট জীবের দুগ্ধের গুণ অশ্বদুগ্ধের ন্যায়।

---

## ধারোষ্ণাদি দুগ্ধ গুণাঃ।

ধারোষ্ণং দীপনং বল্যং লঘু শীতং ত্রিদোষনুৎ।
মুহূর্ত্তত্রিতয়াদূর্দ্ধং পয়ো ভবতি বিক্রিয়ম্॥
তদেব দ্বিগুণে কালে বিষবদ্ধন্তি মানবম্।
তস্মাৎ শীতগুণং তৎ স্যাৎ পয়স্তাৎকালিকং পিবেৎ॥
সুধাসমং তদেব স্যাদ্ ধারাশীতং ত্রিদোষকৃৎ॥
ধারোষ্ণং শস্যতে গব্যং ধারাশীতন্তু মাহিষম্।
শৃতোষ্ণমাবিকং পথ্যং শৃতশীতমজাপয়ঃ॥
শৃতশীতং জয়েৎ পিত্তং শৃতোষ্ণং কফমারুতৌ।
অতিপক্কং গুরু স্নিগ্ধং বৃষ্যং বলবিবর্দ্ধনম্।
আমমামপ্রদং ক্ষীরমভিষ্যন্দি পরং গুরু।
আমমেব স্ত্রিয়াঃ ক্ষীরং পথ্যং পকন্তু দোষকৃৎ॥

গুণ।—ধারোষ্ণ দুগ্ধ অগ্নিদীপক, বলকর, লঘু, শীতবীর্য্য ও ত্রিদোষনাশক। ধারোষ্ণ দুগ্ধ ৬ ছয় দণ্ড পরে বিকৃত হইয়া থাকে, ১২ দণ্ড পরে অতি বিকৃত ও বিষবৎ হইয়া উঠে এবং তাহা পান করিলে বিষের ন্যায় মানবকে বিনাশ করে। অতএব ধারোষ্ণ দুগ্ধ শীতল হইলে কদাপি পান করিবে না। ধারোষ্ণ দুগ্ধ তৎকালেই (দোহন মাত্রেই) পান করা কর্ত্তব্য। কারণ তাহা সুধাতুল্য হিতকর। ধারোষ্ণ দুগ্ধ শীতল হইলে

ত্রিদোষকর হইয়া থাকে। ধারোষ্ণ গব্যদুগ্ধ প্রশস্ত, এবং ধারাশীতল মাহিষ দুগ্ধ প্রশস্ত। শৃতোষ্ণ মেষীদুগ্ধ পথ্যের ন্যায় উপকারী। শৃত-শীতল ছাগ দুগ্ধ উপকারক। শৃতশীতল দুগ্ধ পিত্তনাশক, শৃতোষ্ণ দুগ্ধ কফ ও বায়ুনাশক। অতিপক্কদুগ্ধ গুরু, স্নিগ্ধ, বীর্য্যবর্দ্ধক, বলকর। আম-দুগ্ধ আমরসপ্রদ, অভিষ্যন্দজনক ও অত্যন্ত গুরুপাক। নারীদুগ্ধ আমাবস্থাতেই পথ্য, উহা পক্ক করিলে দোষজনক হয়।

## প্রাভাতিকাদি দুগ্ধগুণাঃ।

প্রাভাতিকং পয়ঃ প্রায়ো বিষ্টম্ভি গুরু বৃংহণম্।
রাত্রৌ চন্দ্রগুণাধিক্যাদ্ ব্যায়ামপরিবর্জ্জনাৎ॥
প্রাদোষং শ্রমনুদ্ বল্যং চক্ষুষ্যং বাতপিত্তহৃৎ।
দিবাকরকরাঘাতাদ্ ব্যায়ামানিলসেবনাৎ॥

রাত্রিতে চন্দ্রগুণের আধিক্য ও ব্যায়ামপরিবর্জ্জনহেতু প্রাতঃকালীন দুগ্ধ প্রায়ই বিষ্টম্ভজনক, গুরুপাক ও বীর্য্যবর্দ্ধক।

দিবসে দিবাকরের কিরণের আঘাত, ব্যায়াম ও বায়ুসেবনহেতু. প্রদোষ অর্থাৎ সন্ধ্যাকালের দুগ্ধ শ্রমনাশক, বলকর, চক্ষুর পক্ষে হিতকর এবং বায়ু ও পিত্ত নাশক।

## বিবর্ণাদি দুগ্ধগুণাঃ।

বিবর্ণমম্লং দুর্গন্ধি লবণং গ্রথিতং পয়ঃ।
বর্জয়েদম্ললবণযোগাৎ কুষ্ঠাদিদোষকৃৎ॥

বিবর্ণ, অম্লরসপ্রাপ্ত, দুর্গন্ধি, লবণাস্বাদ ও গ্রন্থিযুক্ত অর্থাৎ ছেঁড়া দুগ্ধ বর্জ্জন করিবে, এবং অম্ল ও লবণযোগে দুগ্ধ কুষ্ঠাদিব্যাধিজনক হইয়া থাকে।

## সন্তানিকা গুণাঃ।

সন্তানিকা স্ত্যানরূপা শৃতদুগ্ধোপরি স্মৃতা।
সন্তানিকা গুরুঃ শীতা বৃষ্যা পিত্তাস্রবাতনুৎ॥

জ্বালদেওয়া দুগ্ধজাত সন্তানিকা অর্থাৎ মালাই অত্যন্ত রূক্ষ, গুরুপাক শীতবীর্য্য, বীর্য্যবর্দ্ধক, পিত্ত, রক্তদোষ ও বায়ুরোগনাশক।

---

## মোরটাদি গুণাঃ।

সপ্তরাত্রাৎ পরং ক্ষীরমপ্রসন্নন্ত মোরটম্।
নষ্টদুগ্ধভবং মস্তু মোরটং জেজ্জটোঽব্রবীৎ॥
ক্ষীরং তৎকালসূতায়াঃ পীযূষং ঘনমুচ্যতে॥
পক্বং দধ্না সমং ক্ষীরং বিজ্ঞেয়া দধিকূর্চ্চিকা।
তক্রেণ তক্রকূর্চিকা তয়োঃ পিণ্ডঃ কিলাটকঃ।
পাকং বিনা সএব স্যাৎ ক্ষীরশাকঃ সিতান্বিতঃ॥
মোরটস্তু সপীযূষঃ কূর্চিকাদধিতক্রয়োঃ।
কিলাটক্ষীরশাকাভ্যামোজো নিদ্রামপুষ্টিদাঃ॥
গুরবঃ শ্লেষ্মলা বৃষ্যা হৃদ্যা বাতাগ্নিনাশনাঃ॥
বাতলা দুর্জরা রূক্ষা গ্রাহিণী তক্রকূর্চিকা॥

প্রসবের সাত রাত্রি পরে অপ্রসন্ন গোদুগ্ধকে মোরট বলে। জেজ্জট নষ্টদুগ্ধজাত মস্তুকে মোরট বলেন।

তৎকালপ্রসূত গাভীর দুগ্ধ ঘনীভূত হইলে তাহাকে পীযুষ বলে।

দধির সহিত পক্ব ক্ষীরকে দধিকূর্চ্চিকা এবং তক্রের সহিত পক্ব দুগ্ধকে তক্রকূর্চ্চিকা বলে। তাহাদের পিণ্ড অর্থাৎ ঘনভাগকে কিলাট বলে। উহা পাক না করিয়াই জন্মে। তাহাতে শর্করাযুক্ত করিলে তাহাকে ক্ষীরশাক বলে।

দধি ও তক্রের কূর্চ্চিকা পীযূষযুক্ত হইলে তাহাকে মোরট বলে।

কিলাট ও ক্ষীরশাক অপেক্ষা মোরটাদি দ্রব্য নিদ্রাকর, আমজনক ও পুষ্টিপ্রদ, গুরুপাক, কফজনক, বীর্য্যবর্দ্ধক, প্রীতিজনক, বায়ু ও অগ্নিনাশক।

তক্রকূর্চিকা বায়ুজনক, দুর্জ্জর, রুক্ষ ও মলসংগ্রাহক।

---

## দধিনামগুণাঃ।

দধি স্ত্যানং পয়ঃ সম্যক্ স্ত্যানমীষৎ তু মন্দকম্।
তস্মিন্টমম্লমত্যম্লং মধুরাম্লমতি স্মৃতম্॥
দধ্যুষ্ণং দীপনং স্নিগ্ধং কষায়ানুরসং গুরু।
পাকেঽম্লং গ্রাহি পিত্তাস্রশোথমেদঃকফপ্রদম্।
মূত্রকৃচ্ছ্রে প্রতিশ্যায়ে শীতকে বিষমজ্বরে।
অতিসারেঽরুচৌ কার্শ্যে শস্যতে বলবর্দ্ধনম্।
মন্দং ত্রিদোষজননং মধুরং বাতপিত্তজিৎ।
অম্লং পিত্তাস্রকফকৃদত্যম্লং রক্তপিত্তদম্॥
মধুরাম্লং গুণৈর্মিশ্রৈর্দধি পূর্ব্ববদাদিশেৎ।

### দধি।

সম্যক্‌রূপ স্ত্যান অর্থাৎ স্নিগ্ধ ঘনীভূত দুগ্ধকে দধি বলে। ঈষৎ স্ত্যান দুগ্ধকে মন্দক বলে। মিষ্ট, অম্ল, অত্যম্ল ও মধুরাম্ল ভেদে দধি চারিপ্রকার।

গুণ। দধি উষ্ণবীর্য্য, অগ্নিদীপক, স্নিগ্ধ, কষায়রস, গুরুপাক, পরিপাকে অম্লরস, মলসংগ্রাহি। রক্তপিত্ত, শোথ, মেদ ও কফরোগনাশক।

মূত্রকৃচ্ছ্র, প্রতীশ্যায়, শীতপ্রধান বিষমজ্বর, অতিসার, অরুচি ও কৃশতা-রোগে দধিপান প্রশস্ত ও বলবৃদ্ধিকর।

মন্দক দধি ত্রিদোষজনক। মধুর দধি বায়ুপিত্তনাশক। অম্লদধি রক্তপিত্তকর ও কফজনক। অত্যম্লদধি রক্তপিত্তপ্রদ। মধুরাম্লদধি পূর্ব্ববৎ মিশ্রগুণযুক্ত।

---

## গব্যদধিগুণাঃ।

**গব্যং দধ্যুত্তমং বল্যং পাকে স্বাদু রুচিপ্রদম্।**
**পবিত্রং দীপনং স্নিগ্ধং পুষ্টিকৃৎ পবনাপহম্॥**

গুণ। গব্য দধি উত্তম, বলকর পরিপাকে স্বাদুরস, রুচিপ্রদ, পবিত্র, অগ্নিদীপক, স্নিগ্ধ, পুষ্টিকর ও বায়ুনাশক।

---

## আজদধিগুণাঃ।

**আজং দধ্যুত্তমং গ্রাহি লঘু দোষত্রয়াপহম্।**
**শস্যতে শ্বাসকাসার্শঃক্ষয়কার্শ্যেষু দীপনম্॥**

গুণ। ছাগদধি অত্যন্ত মলসংগ্রাহি, লঘুপাক, ত্রিদোষনাশক। শ্বাস, কাস, অর্শঃ, ক্ষয় ও কৃশতারোগে প্রশস্ত ও অগ্নিদীপক।

## আবিকদধিগুণাঃ

**আবিকং দধি দুর্নাম কফবাতপ্রকোপণম্।**
**অভিষ্যন্দি রসে পাকে স্বাদু প্রায়েণ দোষলম্।**

গুণ। মেষদধি দুর্নাম অর্থাৎ অর্শোরোগ, কফ ও বায়ুর প্রকোপক, অভিষ্যন্দিকর, পাকে স্বাদু এবং প্রায়ই দোষাবহ।

## মাহিষদধিগুণাঃ।

মাহিষং দধি সুস্নিগ্ধং শ্লেষ্মলং বাতপিত্তনুৎ।
বৃষ্যং বিপাকে মধুরং গুরু রক্তপ্রদূষণম্ ॥

গুণ। মাহিষদধি অতিস্নিগ্ধ, কফজনক, বায়ুপিত্তনাশক, বীর্য্যবর্দ্ধক বিপাকে মধুর, গুরুপাক, রক্তদূষক।

## নারীদধিগুণাঃ।

নার্য্যা দধি ত্রিদোষঘ্নং চক্ষুষ্যং তর্পণং গুরু।
বল্যং বিপাকে মধুরং স্নিগ্ধং বহ্নিকরং পরম্ ॥

গুণ। নারীর দধি চক্ষুর জ্যোতির্বর্দ্ধক, তৃপ্তিকর, গুরু, বলকর পাকে মধুর, স্নিগ্ধ, অত্যন্ত অগ্নিজনক ও ত্রিদোষনাশক।

## হস্তিনীদধিগুণাঃ।

হস্তিন্যা দধি বীর্য্যোষ্ণং কট পাকেহগ্নিনাশনম্ ॥
কষায়ানুরসং বর্চোবর্দ্ধনং কফবাতজিৎ ॥

গুণ। হস্তিনীর দধি উষ্ণবীর্য্য, পাকে কটু, অগ্নিনাশক, কষায়রস, মলবর্দ্ধক, কফ ও বায়ু নাশক।

## উষ্ট্রীদধিগুণাঃ।

ঔষ্ট্রং বিপাকে কটুকং ভেদি ক্ষারাম্লকং দধি।
নিহন্ত্যুদরকুষ্ঠার্শঃশূলবর্দ্ধানিলক্রিমীন্॥

গুণ। উষ্ট্রদধি পাকে কটু, ভেদক, ক্ষারাম্লরসযুক্ত, উদর, কুষ্ঠ, অর্শঃ, শূল, বদ্ধবায়ু ও ক্রিমিরোগ নাশক।

---

## একশফদধিগুণাঃ।

অশ্বাদ্যৈকশফং রূক্ষং দধ্যভিষ্যন্দি দোষলম্।
দীপনং স্বাদু চক্ষুষ্যং বাতকৃৎ কফমূত্রনুৎ॥
সর্ব্বেষু দধিষু শ্রেষ্ঠং গব্যমেব গুণাবহম্॥

গুণ। অশ্বাদি একক্ষুরবিশিষ্ট জন্তুর দধি রূক্ষ, অভিষ্যন্দিকর, দোষজনক, অগ্নিদীপক, স্বাদু, চক্ষুর জ্যোতির্বর্দ্ধক, বায়ুজনক, কফনাশক, ও মূত্রদোষ নিবারক।

সকলপ্রকার দধি অপেক্ষা গব্য দধিই শ্রেষ্ঠ।

---

## গালিতদধিগুণাঃ।

গালিতং দধি সুস্নিগ্ধং বাতঘ্নং শ্লেষ্মলং গুরু।
বলপুষ্টিকরং রুচ্যং মধুরং নাতিপিত্তকৃৎ॥

গুণ। গালিত দধি অতিস্নিগ্ধ, বায়ুনাশক, কফজনক, গুরুপাক, বল ও পুষ্টিপ্রদ, রুচিকর, মধুর ও অনতিপিত্তপ্রদ।

---

## শৃতক্ষীর দধিগুণাঃ

শৃতক্ষীরভবং রুচ্যং দধি স্নিগ্ধং গুণোত্তমম্ ॥
পিত্তানিলাপহং সর্ব্বধাত্বগ্নিবলবর্দ্ধনম্ ॥

গুণ। শৃতক্ষীরজাত দধি রুচিকর, স্নিগ্ধ, উত্তম গুণযুক্ত, পিত্ত ও বায়ুনাশক, সকল ধাতুবর্দ্ধক, অগ্নিবৃদ্ধিকর ও বলপ্রদ।

---

## অসারদধিগুণাঃ।

অসারং দধি সংগ্রাহি কষায়ং বাতলং লঘু।
বিষ্টম্ভি দীপনং রুচ্যং গ্রহণীরোগনাশনম্ ॥

অসার অর্থাৎ মাখনতোলা দুগ্ধের দধি মলসংগ্রাহক, কষায়রস, বায়ুজনক, লঘু, বিষ্টম্ভকর, অগ্নিদীপক, রুচিকর ও গ্রহণীরোগনাশক।

---

## সশর্করদধিগুণাঃ।

সশর্করং দধি শ্রেষ্ঠং তৃষ্ণাপিত্তাস্রদাহনুৎ।

গুণ। শর্করাযুক্ত দধি শ্রেষ্ঠ, তৃষ্ণা, রক্তপিত্ত ও দাহরোগ নাশক।

---

## সগুড়দধিগুণাঃ।

সগুড়ং বাতনুদ্বৃষ্যং বৃংহণং তর্পণং গুরু।

গুণ। গুড়যুক্ত দধি বায়ুনাশক, বীর্য্যবর্দ্ধক, বলকর, তৃপ্তিজনক ও গুরু।

## বসন্তাদিষু দধিগুণাঃ।

**বসন্তে শরদি গ্রীষ্মে দধি প্রায়েণ নিন্দিতং।**
**হেমন্তে শিশিরে শস্তং বর্ষাসু চ গুণাবহম্॥**
**শস্যতে দধি নো রাত্রৌ শস্তং চাম্বুঘৃতান্বিতম্॥**

বসন্ত, শরৎ ও গ্রীষ্ম ঋতুতে দধি পান নিন্দিত। শীত ও হেমন্ত ঋতুতে দধি প্রশস্ত। বর্ষাকালেও দধিপান গুণযুক্ত। রাত্রিতে দধিপান প্রশস্ত নহে। কিন্তু জল ও ঘৃতসংযোগে মতান্তরে লবণসংযোগে রাত্রিতে দধি পান করিতে পারা যায়, তাহাতে কোন অপকার হয় না।

---

## দধিসরনামগুণাঃ।

**দধ্যুত্তরো দধিস্নেহো দধ্যগ্রঃ কট্বরঃ সরঃ।**
**দধ্নঃ সরো গুরুর্বৃষ্যো বাতবহ্নিপ্রণাশনঃ॥**
**বস্তেবিশোধনশ্চাম্লঃ পিত্তশ্লেষ্মবিবর্দ্ধনঃ।**

পর্য্যায়। দধ্যুত্তর, দধিস্নেহ, দধ্যগ্র, কট্বর ও সর এইকয়টী দধির সরের পর্য্যায়।

গুণ। দধির সর গুরুপাক, ধাতুবর্দ্ধক, বস্তির বিশোধক, অম্লরস, পিত্ত ও শ্লেষ্মবর্দ্ধক, বায়ু ও বহ্নি নাশক।

---

## দধিমস্তুগুণাঃ।

**মস্তু ক্লমহরং বল্যং লঘু ভক্তাভিলাষকৃৎ।**
**স্রোতোবিশোধনং হ্লাদি কফতৃষ্ণানিলাপহম্।**
**অবৃষ্যং প্রীণনং শীঘ্রং ভিনত্তি মলসংগ্রহম্॥**

গুণ। দধির উপরিভাগকে মস্ত বলে। মস্ত ক্লান্তিনাশক, বলকর, লঘু ও অন্নভোজনাভিলাষজনক, স্রোতের বিশোধক, আহ্লাদজনক, কফ, তৃষ্ণা, ও বায়ুনাশক, অবৃষ্য, তৃপ্তিজনক, শীঘ্র মলসংগ্রহ নাশক।

---

## তক্রনামগুণাঃ।

দণ্ডাহতং কালসেয়ং গোরসাজ্জং বিলোড়িতম্।
সসরং নির্জ্জলং ঘোলং মথিতং সরবর্জ্জিতম্॥
সমোদকং শ্বেতমম্লমুদশ্বিৎ ত্বর্দ্ধবারিকম্।
পাদোদকং ভবেৎ তক্রমর্দ্ধাম্ভোঽন্যে বভাষিরে॥
তক্রং গ্রাহি কষায়াম্লং মধুরং দীপনং লঘু॥
বীর্য্যোষ্ণং বলদং বৃষ্যং প্রীণনং বাতনাশনম্॥
হন্তি শোথ গরচ্ছর্দ্দি প্রসেকবিষমজ্বরান্।
পাণ্ডুমেদোগ্রহণ্যর্শোমূত্রগ্রহ ভগন্দরান্॥
মেহং গুল্মমতীসারং শূলপ্লীহকফক্রিমীন্।
শ্বিত্রকোষ্ঠগতব্যাধি কুষ্ঠতৃষ্ণোদরাপচীঃ॥

ঘোল।

পর্য্যায়। দণ্ডাহত, কালসেয়, গোরসজ্জ ও বিলোড়িত এইকয়টী তক্রের সংস্কৃত নাম।

সরযুক্ত নির্জ্জল তক্রকে ঘোল বলে। সরবর্জ্জিত তক্রকে মথিত বলে। সমভাগ জলবিশিষ্ট ও অম্লরসযুক্ত তক্রকে শ্বেত বলে। অর্দ্ধাংশ বারিযুক্ত তক্রকে উদশ্বিৎ বলে। পাদোদক অর্থাৎ চারিভাগের একভাগ জলযুক্তকে তক্র বলে। মতান্তরে অর্দ্ধেক জলযুক্তকেও তক্র বলে।

গুণ। তক্র মলসংগ্রাহি, কষায়াম্ল, মধুররস, অগ্নিদীপক, লঘুপাক, উষ্ণবীর্য্য, বলপ্রদ, বীর্য্যবর্দ্ধক, প্রীতিকর। বায়ু, শোথ, বিষদোষ, বমন, প্রসেক, বিষমজ্বর, পাণ্ডু, মেদ, গ্রহণী, অর্শঃ, মূত্রগ্রহ, ভগন্দর, মেহ, গুল্ম, অতীসার, শূল, প্লীহা, কফ, ক্রিমি, শ্বিত্রকুষ্ঠ, কোষ্ঠগত পীড়া, কুষ্ঠ, তৃষ্ণা, উদরী ও অপচীরোগ নাশক।

---

## নিদাঘাদৌ তক্রসেবনগুণাঃ।

তক্রং নিদাঘে শরদি দৌর্ব্বল্যে ভ্রমমূর্চ্ছয়োঃ।
পিত্তাস্রমদশোফেষু কদাচিন্ন প্রশস্যতে॥
শীতকালে গ্রহণ্যর্শঃ কফবাতাময়েষু চ।
স্রোতোনিরোধে মন্দাগ্নৌ তক্রমেবামৃতোপমম্॥

তক্র নিদাঘে অর্থাৎ গ্রীষ্ম ঋতুতে, শরৎকালে, দুর্ব্বলাবস্থায়, ভ্রম ও মূর্চ্ছা রোগে, রক্তপিত্ত, মত্ততা ও শোথরোগে কদাচ প্রশস্ত নহে। শীতকালে, গ্রহণীরোগে, অর্শোরোগে, কফ ও বায়ুজনিত পীড়াতে, স্রোতের নিরোধ হইলে এবং মন্দাগ্নিরোগে তক্র অমৃতের ন্যায় উপকারক।

---

## মধুরাম্লতক্রগুণাঃ।

তক্রন্তু মধুরং সর্ব্বং শ্লেষ্মলং বাতপিত্তনুৎ।
অম্লং বাতহরং তক্রং রক্তপিত্তপ্রকোপণম্।

সর্ব্বপ্রকার মধুর-তক্র কফপ্রদ, বায়ু ও পিত্ত নাশক। অম্ল-তক্র বায়ু-নাশক, রক্তপিত্তপ্রকোপক।

# বাতাদৌ তক্রসেবন প্রকারঃ।

বাতেঽম্লং সৈন্ধবোপেতং স্বাদু পিত্তে সশর্করং।
পিবেৎ তক্রং কফে রূক্ষং ব্যোষক্ষারসমন্বিতম্॥

বায়ুরোগে সৈন্ধবসংযুক্ত অম্ল তক্র, পিত্তরোগে শর্করাযুক্ত স্বাদু তক্র কফে ত্রিকটু ও ক্ষারসংযুক্ত রূক্ষ তক্র পান কর্ত্তব্য।

---

# উদ্ধৃতঘৃতাদিতক্রগুণাঃ।

সমুদ্ধৃতঘৃতং তক্রং পথ্যং লঘু বিশেষতঃ।
স্তোকোদ্ধৃতঘৃতং তস্মাদ্ বৃষ্যং গুরু কফাপহম্॥
অনুদ্ধৃতঘৃতং শীতং গুরু পুষ্টিকফপ্রদম্।
যান্যুক্তানি দধীন্যষ্টৌ তদ্‌গুণং তক্রমাদিশেৎ॥
সসরং নির্জ্জলং ঘোলং মথিতং সরবর্জ্জিতম্।
দধিবদ্ ঘোলমথিতে কিঞ্চিৎ তু লঘু নীরতঃ।
মণ্ডস্তক্রাল্লঘুস্তক্রকূর্চ্চিকা দধিসম্ভবা॥

যে তক্রের ঘৃত সম্যক্‌রূপে উদ্ধৃত হইয়াছে সেই তক্র পথ্য, বিশেসতঃ লঘুপাক। ঈষদুদ্ধৃত ঘৃত তক্র বীর্য্যবর্দ্ধক, গুরু ও কফনাশক। অনুদ্ধৃত ঘৃত তক্র শীতবীর্য্য, গুরুপাক, পুষ্টিপ্রদ ও কফজনক। গোদুগ্ধাদিজাত আট প্রকার দধির ন্যায় আটপ্রকার তক্রের গুণও তদনুরূপ জানিবে।

সসর, নির্জ্জল, মথিত ও সরবর্জ্জিত এই কয়প্রকার তক্রেরও সেই সকল গুণ জানিবে। ঘোল ও মথিত এই দুইটীর গুণ দধির ন্যায়। কিঞ্চিৎ জলযুক্ত বলিয়া তক্র দধি অপেক্ষা লঘুপাক।

মণ্ড তক্রাপেক্ষা লঘুপাক। তক্রকূর্চ্চিকা দধিসম্ভূত।

## নবনীত নামগুণাঃ।

হৈয়ঙ্গবীনং সরজং নবনীতন্তু মন্থজম্।
নবনীতং লঘু গ্রাহি সদ্যস্কং স্বাদু শীতলম্।
মধ্যমীষৎকষায়াম্লং বৃষ্যং পিত্তানিলাপহম্।
অবিদাহ্যগ্নিকৃন্নেত্র্যং ক্ষয়ার্শোব্রণকাসজিৎ।
নবনীতং চিরোদ্ভূতং গুরু মেদঃকফপ্রদম্।
শোথঘ্নং বলকৃদ্ বৃষ্যং বিশেষাদমৃতং শিশোঃ।
ক্ষীরোত্থং তদতিস্নিগ্ধং চক্ষুষ্যং রক্তপিত্তজিৎ।
বৃষ্যং বলকরং গ্রাহি মধুরং শীতলং পরম্॥

মাখন, ননি।

পর্য্যায়। হৈয়ঙ্গবীন, সরজ, নবনীত, মন্থজ এইকয়টী নবনীতের পর্য্যায়।

গুণ—সদ্যোজাত নবনীত লঘুপাক, মলসংগ্রাহক, স্বাদু শীতবীর্য্য, ঈষৎকষায়াম্লরস, বীর্য্যবর্দ্ধক। অবিদাহী, অগ্নিবর্দ্ধক, নেত্রের জ্যোতির্বর্দ্ধক, পিত্ত, বায়ু, ক্ষয়, অর্শঃ, ব্রণ ও কাসরোগ নাশক।

বহু দিনের নবনীত গুরুপাক, মেদ ও কফপ্রদ, বলকর, বীর্য্যবর্দ্ধক, শোথঘ্ন, ইহা শিশুদিগের পক্ষে অমৃত তুল্য। দুগ্ধজাত নবনীত অত্যন্ত স্নিগ্ধ, চক্ষুর তেজোবর্দ্ধক বীর্য্যবর্দ্ধক, বলকর, গ্রাহি, মধুররস, অত্যন্ত শীতবীর্য্য ও রক্তপিত্তনাশক।

---

## ঘৃত নামগুণাঃ।

ঘৃতমাজ্যং হবিঃ সর্পিরাঘারমমৃতাহ্বয়ম্।
ঘৃতং রসায়নং স্বাদু চক্ষুষ্যং গুরু দীপনম্।

শীতবীর্য্যং বিষালক্ষীবাতপিত্তানিলাপহম্।
অল্পাভিষ্যন্দি কান্ত্যোজস্তেজোলাবণ্যবুদ্ধিকৃৎ।
উদাবর্ত্তজ্বরোন্মাদশূলানাহব্রণান্ জয়েৎ॥
স্নিগ্ধং কফপ্রদং রুক্ষঃ ক্ষয়বীসর্পরক্তজিৎ॥
স্বর্য্যং ক্ষতহরং প্রায়ঃ শস্যতে বালবৃদ্ধয়োঃ॥

ঘি।

পর্য্যায়।—ঘৃত, আজ্য, হবিঃ, সর্পিঃ, আঘার ও অমৃতবাচকশব্দ সমস্ত ঘৃতের পর্য্যায়।

গুণ।—ঘৃত রসায়নগুণযুক্ত, সুস্বাদু, চক্ষুর জ্যোতির্বর্দ্ধক, গুরুপাক, অগ্নিদীপক, শীতবীর্য্য, অত্যন্ত অভিষ্যন্দজনক, কান্তি, ওজ, তেজঃ ও লাবণ্যবর্দ্ধক, বুদ্ধিপ্রদ, স্নিগ্ধ, কফজনক, রুক্ষ ও স্বরপ্রদ। বিস, অলক্ষ্মী, বাত, পিত্ত, বায়ু, উদাবর্ত্ত, জ্বর, উন্মাদ, শূল, আনাহ, ব্রণ, ক্ষয়, বিসর্প, রক্তদোষ ও ক্ষতনাশক, বিশেষতঃ বালক ও বৃদ্ধদিগের পক্ষে ঘৃতভোজন অত্যন্ত প্রশস্ত।

---

## দুগ্ধজাত ঘৃত গুণাঃ।

ঘৃতং ক্ষীরভবং গ্রাহি শীতলং নেত্ররোগজিৎ।
নিহন্তি পিত্তদাহাস্র মদমূর্চ্ছাভ্রমানিলান্॥

দুগ্ধজাত ঘৃত মলসংগ্রাহক, শীতবীর্য্য, ইহা নেত্ররোগ, পিত্তজনি-দাহ, রক্তদোষ, মত্ততা, মূর্চ্ছা, ভ্রান্তি ও বায়ুরোগ নাশক।

---

## পুরাণ ঘৃতগুণাঃ।

পুরাণং কটুকং পাকে সর্পির্দোষত্রয়াপহম্।
শ্রোত্রনেত্রশিরঃশূলকুষ্ঠাপস্মারশূলনুৎ।
যোনিরোগজ্বরশ্বাস কুষ্ঠার্শোগুল্মপীনসান্।
নিহন্তি দীপনং বস্তিনস্যপূতিষু শস্যতে॥

পুরাতন ঘৃত পরিপাকে কটুরস, শিরঃশূল, কুষ্ঠ, অপস্মার, শোথ, যোনিরোগ, ত্রিদোষ, কর্ণরোগ, নেত্ররোগ, শিরঃশূল, কুষ্ঠ, অপস্মার, শূল,গুল্ম, পীনস, জ্বর, শ্বাস, কুষ্ঠ ও অর্শোরোগ নাশক। অগ্নিদীপক। বস্তিকর্ম্ম ও নাসারোগে প্রশস্ত।

---

## ঘৃতমণ্ডগুণাঃ।

ঘৃতমণ্ডোঽপি ঘৃতবদ্ গুণৈস্তীক্ষ্ণো লঘুঃ সরঃ॥

ঘৃতমণ্ড ঘৃতের ন্যায় গুণযুক্ত, তীক্ষ্ণবীর্য্য, লঘুপাক ও সারক।

---

## কৌম্ভগুণাঃ।

দশবর্ষাৎ পরং সর্পিঃ কৌম্ভমিত্যভিধীয়তে।
রক্ষোঘ্নং লঘু তস্মাৎ তু গুণৈঃ শ্রেষ্ঠং মহাঘৃতম্।
ঘৃতস্য গুণদোষৌ তু ক্ষীরতুল্যৌ সমাদিশেৎ।
সর্ব্বেষু গুণকৃদ্ গব্যমাবিকং নিন্দিতং পুনঃ॥

দশবৎসরের পর ঘৃতকে কৌম্ভ বলে। কৌম্ভ ঘৃত রাক্ষসবাধানাশক, লঘুপাক। মহাঘৃত ( ১১০ বর্ষীয় ) ইহাদের অপেক্ষা শ্রেষ্ঠগুণযুক্ত।

ঘৃতের গুণ ও দোষ দুগ্ধতুল্য জানিবে। সর্ব্বপ্রকার ঘৃতের মধ্যে গব্যঘৃতই গুণযুক্ত এবং মেষঘৃত নিন্দিত।

---

## তিলতৈল নামগুণাঃ।

তৈলং স্নেহোত্তমং খ্যাতং বিশেষাৎ তিলসম্ভবম্।
তৈলমুষ্ণং গুরু স্থৈর্য্যবলবর্ণকরং সরম্।
বৃষ্যং বিকাশি বিশদং মধুরং রসপাকয়োঃ॥
সূক্ষ্মং কষায়ানুরসং তিক্তং শ্লেষ্মানিলাপহম্।
বিপাকে মধুরং তীক্ষ্ণং বৃংহণং রক্তপিত্তজিৎ॥
লেখনং কটু বিণ্মূত্রত্বগ্‌গর্ভাশয়শোধনম্।
দীপনং মতিদং কেশ্যং ব্যায়ামব্রণমেহনুৎ॥
শ্রোত্রযোনিশিরঃশূলনেত্ররোগবিনাশনম্।
মথিতচ্যুতবিচ্ছিন্ন ভগ্নব্যালবিষাদিষু॥
ক্ষতেঽগ্নিদগ্ধে তৎপথ্যং পামাভ্যঙ্গাদিভিঃ সদা॥
ঘৃতমব্দাৎপরং পক্কং হীনবীর্য্যং প্রজায়তে।
তৈলং পক্কমপক্কং বা চিরস্থায়ি গুণাধিকম্॥

পর্য্যায়।—তিল হইতে উৎপন্ন হয় বলিয়া ইহাকে তৈল বলে। তৈল, স্নেহোত্তম, তিলসম্ভব এই কয়টী তৈলের সংস্কৃত নাম।

গুণ।—তৈল উষ্ণবীর্য্য, গুরুপাক, স্থৈর্য্যকর, বলকর, বর্ণকারক, সারক, বীর্য্যবর্দ্ধক, বিকাশক, বিশদ, রসে ও পাকে মধুর, সূক্ষ্ম স্রোতোগামী, কষায়রসযুক্ত, তিক্ত, তীক্ষ্ণবীর্য্য, বীর্য্যবর্দ্ধক, কফপ্রদ, কটু,

মলাশয়, মূত্রাশয়, ত্বক্ ও গর্ভাশয়ের সংশোধক, অগ্নিবর্দ্ধক, সুমতিপ্রদ, কেশবর্দ্ধক, কফ ও বায়ু, রক্তপিত্ত, ব্যায়াম, ব্রণ, ও মেহরোগ, কর্ণরোগ যোনিরোগ, শিরঃশূল ও নেত্ররোগ নাশক।

মথিত, চ্যুত, বিচ্ছিন্ন, ভগ্ন, ব্যালবিষাদি দূষিত, ক্ষত ও অগ্নিদগ্ধ ইত্যাদি অবস্থায় তৈল পান ও তৈলাভ্যঙ্গ পথ্যবৎ বিশেষ উপকারক।

এক বৎসরের পর পক্ক ঘৃত হীনবীর্য্য হয় কিন্তু পক্ক বা অপক্ক তৈল দীর্ঘকালের পুরাতন হইলে অধিক গুণকর হইয়া থাকে।

---

## এরণ্ডতৈল গুণাঃ।

এরণ্ডতৈলং মধুরমুষ্ণং দীপনশোধনম্।
বৃষ্যং ত্বচ্যং বয়ঃস্থায়ি মেধাকান্তিবলপ্রদম্॥
কষায়ানুরসং সূক্ষ্মং যোনিশুক্রবিশোধনম্।
হন্তি বাতোদরানাহগুল্মাষ্ঠীলাকটিগ্রহান্।
বাতশোণিত শূলাদি ব্রণশোথামবিদ্রধীন্॥

এরণ্ডতৈল মধুর, উষ্ণবীর্য্য, অগ্নিদীপক, কোষ্ঠশোধক, বৃষ্য, ত্বকের বর্দ্ধক, বয়ঃসংস্থাপক, মেধা, কান্তি ও বলবর্দ্ধক, কষায়রস, ক্ষুদ্র স্রোতোগামী, যোনিরোগ ও শুক্রদোষ, বায়ুজন্য উদররোগ, আনাহ, গুল্ম, অষ্ঠীলা ও কটিগ্রহ, বাতরক্ত, শূল, ব্রণ, শোথ, আম ও বিদ্রধিরোগ নাশক।

---

## পৃথ্বীকাদিতৈল গুণাঃ।

পৃথ্বীকামূলজীমূত দন্তীকবচশিগ্রুজম্।
নিম্বাতসী করঞ্জার্ক হস্তিকর্ণেঙ্গুদীভবম্॥

শঙ্খিনীনিম্বুকং তৈলং তৈলং জ্যোতিষ্মতীকৃতম্।
কুসুম্ভসর্ষপোদ্ভূতং তৈলং সৌবর্চ্চলং তথা॥
বিপাকে কটুকং তীক্ষ্ণমুষ্ণং তিক্তং সরং লঘু।
হন্তি কুষ্ঠাময়ং শ্লেষ্মমেহমূর্চ্ছাময়কৃমীন্॥

বড়এলাইচ, পিঁপুলমূল, ঘোষাফল, জয়পালবীজ, দারচিনি, শজিনাবীজ, নিম্ববীজ, মসিনা, ডহরকরঞ্জ, আকন্দ, হস্তিকর্ণ, পলাশ, ইঙ্গুদী, চোরকাঁচকী, লেবুর বীজ, লতাফটকী, কুসুমবীজ, সর্ষপ ও সৌবর্চ্চল (হুড়হুড়ে) হইতে তৈল উৎপন্ন হইয়া থাকে।

গুণ।—ইহাদিগের তৈল বিপাকে কটু, তীক্ষ্ণবীর্য্য, উষ্ণবীর্য্য, তিক্ত, সারক, লঘুপাক, কুষ্ঠ, শ্লেষ্ম, মেহ, মূর্চ্ছা ও কৃমিরোগনাশক।

---

## নিম্বতৈল গুণাঃ।

নিম্বতৈলং জয়েৎ কুষ্ঠং ব্রণশ্লেষ্মজ্বরকৃমীন্॥

গুণ।—নিম্বের বীজসম্ভূত তৈলকে নিম্বতৈল বলে। নিমের বীজের তৈল কুষ্ঠ, ক্ষত, কফ, জ্বর ও কৃমিনাশক।

---

## অতসীতৈল গুণাঃ।

অতসীতৈলমাগ্নেয়ং স্নিগ্ধোষ্ণং কফপিত্তনুৎ।
কটুপাকমচক্ষুষ্যং বল্যং বাতহরং গুরু॥

মসিনার তৈলকে অতসীতৈল বলে।

গুণ।—মসিনাতৈল অগ্নিবর্দ্ধক, স্নিগ্ধগুণযুক্ত, উষ্ণবীর্য্য, পরিপাকে কটু, বলকর, গুরুপাক, চক্ষুর জ্যোতিঃ, কফ, পিত্ত ও বায়ুনাশক।

## সার্ষপতৈল নামগুণাঃ।

সার্ষপং কৃমিনুৎ তৈলং কুষ্ঠকণ্ডূহরং লঘু।
পিত্তাস্রদূষণং হন্তি মেহকর্ণশিরোগদান্॥

সরিষার তৈলকে সার্ষপ তৈল বলে।

গুণ।—সরিষার তৈল কৃমিনাশক, কুষ্ঠ ও কণ্ডূ অর্থাৎ চুলকণা নিবারক, লঘুপাক, রক্তপিত্ত প্রকোপক, ইহা দ্বারা মেহ, কর্ণরোগ ও শিরোরোগ বিদূরিত হয়।

---

## কুসুম্ভতৈল নামগুণাঃ।

কৌসুম্ভং কটুকং তৈলমচক্ষুষ্যং বলপ্রদং।
কেবলানিলনুৎ তীক্ষ্ণং বিদাহ্যুষ্ণং দ্বিদোষকৃৎ॥

কুসুমবীজের তৈলকে কৌসুম্ভ তৈল বলে।

গুণ।—কুসুমবীজের তৈল কটু, চক্ষুর পক্ষে অহিতকর, বলপ্রদ, তীক্ষ্ণবীর্য্য, দাহজনক, উষ্ণবীর্য্য এবং কফ ও পিত্তজনক। কেবল বায়ুনাশক।

---

## জ্যোতিষ্মতীতৈল নামগুণাঃ।

জ্যোতিষ্মতীভবং তৈলং পিত্তলং স্মৃতিবুদ্ধিদম্॥

লতাফট্‌কীর ফলজাত তৈলকে জ্যোতিষ্মতী তৈল বলে।

গুণ।—লতাফট্‌কীর তৈল পিত্তজনক, স্মৃতিশক্তি ও বুদ্ধিবর্দ্ধক।

## অক্ষোটিকাহিমুক্তাক্ষ নারিকেল তৈল গুণাঃ।

অক্ষোটিকাহিমুক্তাক্ষ নারিকেলভবং হরেৎ।
তৈলং পিত্তানিলং কেশ্যং গুরু শ্লেষ্মকরং হিমম্॥

আখরোটের তৈলকে অক্ষোটিকা তৈল, অহিমুক্তক অর্থাৎ চাউলমুগরার তৈলকে অহিমুক্তক তৈল, অক্ষ অর্থাৎ বহেড়ার তৈলকে অক্ষতৈল, এবং নারিকেলভব তৈলকে নারিকেলতৈল বলে। অহিমুক্তককে মতান্তরে পুন্নাগবৃক্ষ বলে। ইহার বীজের তৈল পুরীতে পুলাং তৈল নামে প্রসিদ্ধ।

গুণ।—এই কয়প্রকার তৈল, কেশবর্দ্ধক, গুরুপাক, কফকর, শীতবীর্য্য, পিত্ত ও বায়ুনাশক।

---

## শিংশপাদিতৈল নামগুণাঃ।

শিংশপাগুরুগণ্ডীর রসালামরদারুজম্।
তৈলং কষায়ং কটুকং তিক্তং দুষ্টব্রণাপহম্॥
বাতরক্তবিষশ্লেষ্মকণ্ডূকুষ্ঠানিলান্ জয়েৎ॥

শিশুবীজের তৈলকে শিংশপাতৈল, অগুরুকাষ্ঠসম্ভূত তৈলকে অগুরু-তৈল, মঞ্জিষ্ঠার তৈলকে গণ্ডীরতৈল, সুস্বাদু আম্রবীজের তৈলকে রসাল তৈল এবং দেবদারু বৃক্ষজাত তৈলকে অমরদারু তৈল ( টার্পিন তৈল ) বলে।

গুণ।—এইসকল তৈল কষায়রসবিশিষ্ট, কটু ও তিক্তরস, দুষ্টব্রণ, বাতরক্ত, বিষদোষ, শ্লেষ্ম, কণ্ডূ, কুষ্ঠ ও বায়ুনাশক।

---

## ভল্লাতকতৈল নামগুণাঃ।

ভল্লাতকং তোবরকং বীর্য্যোষ্ণং স্বাদু তিক্তকম্।
কুষ্ঠোর্দ্ধাধস্ত্রিদোষাস্রমেদোমেহকৃমীন্ হরেৎ॥

ভেলাবীজের তৈলকে ভল্লাতকতৈল বলে।

গুণ।—ভেলার তৈল কষায়রসবিশিষ্ট, উষ্ণবীর্য্য, সুস্বাদু তিক্তরস। ইহা কুষ্ঠ, ঊর্দ্ধগ ও অধোগ ত্রিদোষনাশক, বমনকারক ও বিরেচক। রক্তদোষ, মেদরোগ, মেহ ও ক্রিমিরোগ নাশক।

---

## পলাশ-মাধূক-পাটলাতৈল গুণাঃ।

তৈলং পলাশমাধূক পাটলাফলসম্ভবম্।
কষায়ং মধুরং দাহপিত্তশ্লেষ্মগদান্ হরেৎ॥

পলাশের বীজের তৈলকে পলাশ তৈল, মৌয়াফলের বীজের তৈলকে মাধূকতৈল এবং পারুলফলের তৈলকে পাটলাফল তৈল বলে।

গুণ।—ঐ সকল তৈল কষায় ও মধুররসবিশিষ্ট, দাহ, পিত্ত ও কফজনিত রোগনাশক।

---

## কুষ্মাণ্ডাদিতৈল গুণাঃ।

কুষ্মাণ্ডত্রপুষৈর্ব্বারুতুম্বীকালিঙ্গতিক্তকৈঃ।
কৃতং প্রিয়ালজীবন্তীশ্লেষ্মান্তকভবং তথা
তৈলং গুরু স্বাদুপাকং শীতং মূত্রপ্রবর্ত্তকম্।
অদীপনমভিষ্যন্দি কফদং বাতপিত্তজিৎ॥

কুষ্মাণ্ডবীজের তৈলকে কুষ্মাণ্ড তৈল, শশারবীজের তৈলকে এপুষতৈল, কাঁকুড়বীজের তৈলকে এর্ব্বারু তৈল, লাউবীজের তৈলকে তুম্বীতৈল, বিলাতিকুমড়া বা তরমুজ বীজের তৈলকে কালিঙ্গতৈল, পটোলবীজের তৈলকে তিক্ত তৈল, পিয়াশাল (চিরোঞ্জী) বীজের তৈলকে প্রিয়াল তৈল, জিয়াপুতার তৈলকে জীবন্তী তৈল এবং শেলু তৈলকে শ্লেষ্মান্তক তৈল বলে।

গুণ।—এইসকল তৈল গুরুপাক, পরিপাকে স্বাদুরস, শীতবীর্য্য, মূত্র-প্রবর্ত্তক, অনগ্নিবর্দ্ধক, অভিষ্যন্দি (দোষধাতু মলের ক্লেদজনক), কফপ্রদ ও বায়ু এবং পিত্তনাশক।

---

## একৈষিকতৈল নামগুণাঃ

একৈষিকং হিমং তৈলং পিত্তঘ্নং শ্লেষ্মবাতকৃৎ ॥

একৈষি অর্থাৎ পাঠাআকনাদির তৈলকে একৈষিজতৈল বলে।

গুণ।—ইহা শীতবীর্য্য, পিত্তনাশক, কফ ও বায়ুজনক।

---

## যবতিক্তোদ্ভবতৈল নামগুণাঃ।

যবতিক্তোদ্ভবং তৈলমীষৎতিক্তং রসায়নম্।
দীপনং লেখনং মেধ্যং পথ্যং দোষত্রয়াপহম্ ॥

যবতিক্তা অর্থাৎ শ্বেতবোনার তৈলকে যবতিক্তা তৈল বলে।

গুণ।—যবতিক্তোদ্ভবতৈল ঈষৎ তিক্তরস, রসায়ন, অগ্নিবর্দ্ধক, লেখন, কৃশতাকারক, মেধাবৃদ্ধিকর, পথ্য ও ত্রিদোষনাশক।

---

## আম্রতৈল নামগুণাঃ।

আম্রতৈলং মনাকৃতিক্তং মধুরং নাতিপিত্তকৃৎ।
কফবাতহরং রূক্ষং সুগন্ধি বিশদং পরম্‌॥

আমের কেশীর তৈলকে আম্রতৈল বলে।

গুণ।—ইহা ঈষৎতিক্ত, মধুর, অনতিপিত্তকর, রূক্ষ, সুগন্ধযুক্ত ও অতিশয় বিশদ অর্থাৎ মলপরিষ্কারক, কফ ও বায়ুনাশক।

---

## স্নেহবর্গগুণাঃ।

স্থাবরা বাতশমনাঃ স্নেহাঃ প্রোক্তাস্তু তৈলবৎ।
গৌণমেতেষু তৈলত্বং তিলতৈলে বরং পুনঃ॥
মেদোমজ্জাবসা জ্ঞেয়াঃ গ্রাম্যানূপৌদকোদ্ভবাঃ।
গুরবো মধুরাশ্চোষ্ণাঃ সমীরণবিনাশনাঃ॥
জাঙ্গলৈকশফাদীনাং ক্রব্যাদানাং কষায়কাঃ।
লঘবঃ শীতলা জ্ঞেয়া রক্তপিত্তনিবর্হণাঃ॥
প্রতুদা বিষ্কিরাদীনাং জ্ঞাতব্যাঃ কফকৃন্তনাঃ।
ঘৃততৈলবসামেদোমজ্জানো বাতনাশনাঃ।
যথোত্তরং পরিজ্ঞেয়া বিপাকে স্বাদবঃ পরম্‌॥

পর্য্যায়। ঘৃত, তৈল, বসা, মেদ, মজ্জা এইগুলি স্নেহবর্গের নাম।

স্থাবর অর্থাৎ বৃক্ষাদিজাত স্নেহ পদার্থ, তৈলের ন্যায় বায়ুনাশক। ইহাতে তৈলত্ব গৌণভাবে বিদ্যমান আছে। কিন্তু তিলতৈলে তৈলত্ব শ্রেষ্ঠরূপেই অবস্থিত।

গ্রাম্য অর্থাৎ গ্রামজাত, আনূপ অর্থাৎ সজলভূমিজাত এবং ঔদক অর্থাৎ জলাশয়জাত জীবসমূহের মেদ, মজ্জা ও বসা গুরুপাক, মধুরাস্বাদ, উষ্ণবীর্য্য ও বায়ুনাশক। জাঙ্গল (জঙ্গলজাত), একশফ ( অখণ্ডিত ক্ষুর বিশিষ্ট ) এবং ক্রব্যাদ ( মাংসভোজী ) জীবের মেদ, মজ্জা ও বসা কষায়রস, লঘু, শীতবীর্য্য:ও রক্তপিত্ত নাশক।

বিষ্কিরাদির (পক্ষিগণের) মধ্যে প্রতুদ (তীক্ষ্ণ চঞ্চুদ্বারা খাদ্য নিষ্কোষণশীল) গৃধ্র, শ্যেন ও কাকাদি পক্ষিগণের মেদ, মজ্জা ও বসা কফনাশক।

ঘৃত, তৈল, বসা, মেদ ও মজ্জা বায়ুনাশক। এবং বিপাকে যথোত্তর স্বাদু অর্থাৎ ঘৃতাপেক্ষা তৈল, তৈলাপেক্ষা বসা, বসাপেক্ষা মেদ, মেদাপেক্ষা মজ্জা স্বাদুরস।

---

## মদ্যনামগুণাঃ।

মদ্যং হালা সুরা শুণ্ডা মদিরা বরুণাত্মজা।
সুধা গন্ধোত্তমাকল্পা দেবসৃষ্টা চ বারুণী॥
মদ্যং পিত্তকরং প্রায়ঃ সরং রোচনদীপনম্।
বিদাহি সৃষ্টবিণ্মূত্রং তীক্ষ্ণং বাতকফাপহম্॥
বিধিনান্নযুতং পীতং তস্মাদমৃতসন্নিভম্।
অন্যথা কুরুতে রোগানতিপীতং বিষোপমম্॥

পর্য্যায়। মদ্য, হালা, সুরা, শুণ্ডা, মদিরা, বরুণাত্মজা, সুধা, গন্ধোত্তমা, আকল্পা, দেবসৃষ্টা ও বারুণী এই কয়টী মদ্যের সংস্কৃত নাম।

গুণ।—মদ্য প্রায়ই পিত্তজনক, সারক, রুচিকর ও অগ্নিবর্দ্ধক, দাহজনক, মলমূত্র নিঃসারক, তীক্ষ্ণবীর্য্য এবং বায়ু ও কফনাশক।

মদ্য বিধিঅনুসারে পীত হইলে এবং তদুপযুক্ত অন্নাদি ভোজন করিলে অমৃততুল্যফলপ্রদ হইয়া থাকে। কিন্তু কেবল অতিরিক্ত মদ্য পান করতঃ যথাযোগ্য অন্নাদি সেবন না করিলে বিষতুল্য প্রাণনাশক ব্যাধিসকল উৎপন্ন হইয়া থাকে।

---

## দ্রাক্ষোত্থ মদ্যগুণাঃ।

দ্রাক্ষোত্থমবিদাহিত্বাদ্রক্তপিত্তেষু শস্যতে।

বলপুষ্টিকরং মদ্যং রক্তার্শোহারি দীপনম্॥

দ্রাক্ষা অর্থাৎ কিসমিস হইতে উৎপন্ন মদ্য দাহজনক নহে, তজ্জন্য ইহা রক্তপিত্ত রোগে প্রশস্ত। ইহা বল ও পুষ্টিকর, রক্তার্শোনাশক ও অগ্নিদীপক।

---

## মার্দ্বীখার্জ্জূরগুণাঃ।

মার্দ্বী স্বল্পগুণা কিঞ্চিৎ খার্জূরমনিলপ্রদং।

তদেব বিষদং রুচ্যং শ্লেষ্মঘ্নং কর্ষণং লঘু॥

কিসমিস্ হইতে উৎপন্ন মদ্যকে মার্দ্বী বলে। মার্দ্বী দ্রাক্ষাজাত মদ্য অপেক্ষা অল্পগুণযুক্ত। খর্জুর রসজাত মদ্য ঈষৎবায়ুজনক, বিশদ, রুচিকর, কফনাশক, কর্ষণ অর্থাৎ কৃশতাকারক ও লঘুপাক।

---

## সুরানামগুণাঃ।

শালিষষ্টিকপিষ্টাদিকৃতং মদ্যং সুরা মতম্।

সুরা গুর্ব্বী বলস্তন্যপুষ্টিমেদঃকফপ্রদা॥

গ্রাহিণী শোথগুল্মার্শোগ্রহণীমূত্রকৃচ্ছ্রনুৎ।

শালি তণ্ডুল এবং ষাটিতণ্ডুলের পিষ্টকাদি জাত মদ্যকে সুরা বলে।

গুণ। সুরা গুরুপাক, বলকর, স্তনদুগ্ধবর্দ্ধক, পুষ্টিদায়ক, মেদোবর্দ্ধক, কফজনক ও মলসংগ্রাহক। ইহা শোথ, গুল্ম, অর্শ, গ্রহণী ও মূত্রকৃচ্ছ্র পীড়ানাশক।

---

## বারুণী নামগুণাঃ।

পুনর্নবাশালিপিষ্টৈর্বিহিতা বারুণী মতা।
সুরাবদ্ বারুণী লঘ্বী পীনসাধ্মানশূলনুৎ॥

পুনর্নবা ও শালিতণ্ডুলের পিষ্টক হইতে উৎপন্ন মদ্যকে বারুণী বলে।

*বারুণী সুরার ন্যায় গুণযুক্ত, লঘুপাক এবং পীনস, আধ্মান ও শূল রোগনাশক।*

---

## প্রসন্নাদি নামগুণাঃ।

প্রসন্না স্যাৎ সুরামণ্ডস্তস্মাৎ কাদম্বরী ঘনা।
জগলস্তদধঃ প্রোক্তো জগলান্মেদকো ঘনঃ॥
পক্কশো জগলঃ সারঃ সুরাবীজন্তু কিণ্বকম্॥
প্রসন্নানাহগুল্মার্শশ্ছর্দ্যরোচকবাতজিৎ।
দীপন্যাধ্মানহৃৎ কুক্ষিতোদশূলপ্রণাশিনী॥
কাদম্বরী গুরুর্বৃষ্যা দীপনী বাতকৃৎ সরা।
জগলঃ কফনুদ্‌গ্রাহী শোফার্শোগ্রহণীহরঃ॥
মেদকো মধুরো বল্যস্তম্ভনঃ শীতলো গুরুঃ।
পক্কশো হৃতসারত্বাদ্ বিষ্টম্ভী বাতবর্দ্ধনঃ॥
কিণ্বকং বাতশমনমহৃদ্যং দুর্জরং গুরু॥

সুরার মণ্ডকে প্রসন্না বলে। ঘনীভূত প্রসন্নাকে কাদম্বরী বলে। মদ্যের অধোভাগস্থ পদার্থকে জগল বলে। জগল হইতে ঘনীভূত সুরাকে মেদক বলে। জগল সুরার সারভাগকে পক্কশ বলে এবং সুরার বীজকে কিণ্বক বলে।

গুণ। প্রসন্না অগ্নিদীপক, উদরাধ্মান, আনাহ, গুল্ম, অর্শঃ, বমন, অরুচি ও বায়ু রোগ, পেট বেদনা ও শূল নাশক।

কাদম্বরী গুরুপাক, বীর্য্যবর্দ্ধক, অগ্নিদীপক, বায়ুজনক ও সারক।

জগল কফনাশক, মলসংগ্রাহক, শোথ, অর্শঃ ও গ্রহণী রোগনাশক।

মেদক সুরা মধুরাস্বাদ, বলকর, বীর্য্যস্তম্ভকারক, শীতবীর্য্যঃও গুরুপাক।

পক্কশ সুরা সারহীন হেতু বিষ্টম্ভজনক, ও বায়ুবর্দ্ধক।

কিণ্বক সুরা বায়ুনাশক, অহৃদ্য, বিলম্বে পরিপাক হয় এবং গুরুপাক।

---

## আক্ষিকীসুরা গুণাঃ।

আক্ষিকী সা সুরা যা স্যাদক্ষত্বক্‌শালিতণ্ডুলৈঃ।
আক্ষিকী পাণ্ডুশোথার্শঃপিত্তাস্রকফকুষ্ঠনুৎ॥
কিঞ্চিদ্বাতকরী রূক্ষা দীপনী রেচনী লঘুঃ॥

বহেড়ার ত্বক্ ও শালিতণ্ডুল হইতে সঞ্জাত সুরাকে আক্ষিকী বলে।

গুণ। আক্ষিকী সুরা কিঞ্চিৎ বায়ুজনক, রূক্ষ, অগ্নিদীপক, রেচক ও লঘুপাক। পাণ্ডুরোগ, শোথ, অর্শঃ, রক্তপিত্ত, কফ ও কুষ্ঠরোগ নাশক।

---

## যবসুরাদি নামগুণাঃ।

যবৈ বপিষ্টকৃতং মদ্যং প্রোক্তং যবসুরা চ সা।
কাম্বোলী কোহলী জ্ঞেয়া মৈরেয়ো ধান্যজাসবঃ॥

আসবস্য সুরায়াশ্চ দ্বরোরপ্যেকভাজনম্ ।
সন্ধানং তদ্বিজানীয়াৎ মৈরেয়মুভয়াত্মকম্ ॥
ক্বচিত্তু ধাতকীপুষ্পগুড়ধান্যাম্বুসাধিতম্ ॥
গুর্ব্বী যবসুরা রূক্ষা স্যাদ্বিষ্টম্ভত্রিদোষকৃৎ ।
কোহলী বৃংহণী বৃষ্যা দৃষ্টিমান্দ্যপ্রদা গুরুঃ ।
মৈরেয়ং বৃংহণং বৃষ্যং গুরু সন্তর্পণং সরম্ ॥

যবের পিষ্টকজাত মদ্যকে যবসুরা বলে। যবসুরা, কান্তোলী ও কোহলা এই কয়টী তাহার পর্য্যায়। ধান্যের মদ্যকে মৈরেয় বলে।

আসব ও সুরা এই উভয়ের আধার ও সাধন প্রণালী একই প্রকার, কিন্তু মৈরেয় সুরার আধার ও সন্ধানপ্রণালী উভয়ই ভিন্নপ্রকার।

মৈরেয় কখন কখন ধাইফুল, গুড় ও ধান্যাম্বু দ্বারা সাধিত হয়।

গুণ। যবসুরা গুরুপাক, রূক্ষ, বিষ্টম্ভ ও ত্রিদোষকারি। কোহলী সুরা বীর্য্যবর্দ্ধক, বলকর, দৃষ্টিশক্তির হ্রাসকারক ও গুরুপাক। মৈরেয় সুরা বীর্য্যবর্দ্ধক, বলকর, গুরু, তৃপ্তিজনক ও সারক।

---

## মধূলক নামগুণাঃ।

মদ্যং সর্ব্বরসং জাতং মধূলকমুদীর্য্যতে ।
মধূলকং গুরু স্বাদু স্নিগ্ধং শুক্রকফপ্রদম্ ॥

সর্ব্বরসজাত মদ্যকে মধূলক বলে।

গুণ। মধূলক গুরুপাক, সুস্বাদু, স্নিগ্ধ, শুক্র ও কফবর্দ্ধক।

---

## শার্ক্কর নামগুণাঃ।

শার্ক্করো দীপনঃ স্বাদুঃ পাচনো রোচনো লঘুঃ।
স্ত্রীবিলাসকরো বাতশোষবস্তিবিকারনুৎ॥

গুণ। শর্ক্করাজাত মদ্য অগ্নিদীপক, স্বাদু, পাচক, রুচিকর, লঘুপাক, স্ত্রীবিলাসবর্দ্ধক, বায়ুরোগ, শোষ ও বস্তির বিকৃতিনাশক।

---

## মধ্বাসবাদি নামগুণাঃ।

মধ্বাসবো লঘূরুক্ষঃ কুষ্ঠমেহবিষাপহঃ।
গৌড়োঽগ্নিবর্দ্ধনো বর্ণবলকৃৎ তর্পণঃ কটুঃ॥
তিক্তকো বৃংহণঃ স্বাদুঃ সৃষ্টবিণ্মূত্রমারুতঃ॥

মধুজাত মদ্য লঘু, রুক্ষ, কুষ্ঠ, মেহ ও বিষ দোষনাশক।

গুড়জাত মদ্য অগ্নিবর্দ্ধক, বর্ণোৎপাদক, বলকর, তৃপ্তিজনক, কটু, তিক্ত-মধুররস, বীর্য্যবর্দ্ধক, মলমূত্র ও বায়ু নিঃসারক।

---

## সীধু নামগুণাঃ।

ইক্ষোঃ পক্করসৈঃ পক্কঃ সীধুঃ পক্করসঃ স্মৃতঃ
আমৈঃ স এব বিহিতো বুধৈঃ শীতরসো মতঃ॥
সীধুঃ পক্করসৈঃ শ্রেষ্ঠঃ স্বরাগ্নিবলবর্ণকৃৎ।
বাতপিত্তকরো হৃদ্যঃ স্নেহনো রোচনো জয়েৎ॥
বিবন্ধমেদঃশোফার্শঃ শোফোদরকফাময়ান্।
তস্মাদল্পগুণঃ শীতরসঃ সংলেখনঃ স্মৃতঃ॥

ইক্ষুর পক্করস হইতে সীধু নামক মদ্য উৎপন্ন হয়। তাহাকে পক্করস সীধু বলে। এবং ইক্ষুর কাঁচা রস দ্বারা জাত মদ্যকে শীতরস সীধু বলে।

গুণ। পক্করসসীধু শ্রেষ্ঠগুণযুক্ত, স্বরবর্দ্ধক, অগ্নির দীপ্তিকর, বলবর্ণজনক। বায়ু পিত্তজনক, তৃপ্তিকর, স্নেহন, রুচিকর। ইহা বিবন্ধ, মেদ, শোথ, অর্শ, শোথোদর ও কফপীড়া নষ্ট করে।

শীতরসসীধু ইহা অপেক্ষা হীনবীর্য্য ও সংলেখন।

---

## জাম্বব নামগুণাঃ।

জাম্ববঃ ক্ষৌদ্রসম্ভূতো জম্বুরসগুড়োদ্ভবঃ।
জাম্ববো বদ্ধনিষ্যন্দঃ কষায়োঽনিলকোপনঃ॥

জামের রস, মধু ও গুড় হইতে উৎপন্ন মদ্যকে জাম্বব মদ্য বলে।

গুণ। ইহা অভিষ্যন্দজনক, কষায় ও বায়ুপ্রকোপক।

---

## অরিষ্টাদ গুণকল্পনা।

অরিস্টাসবসিধূনাং গুণান্ কর্ম্মাণি চাদিশেৎ।
বুদ্ধ্যা যথাস্বসংস্কারমবেক্ষ্য কুশলো ভিষক্॥

অরিষ্ট, আসব ও সীধুর গুণ ও কর্ম্মাদি কুশল বৈদ্য বুদ্ধি অনুসারে বিচার করিয়া আদেশ করিবেন।

---

## সান্দ্রাদিমদ্যগুণাঃ।

সান্দ্রং বিদাহি দুর্গন্ধি বিরসং কৃমিসঙ্কুলং।
অহৃদ্যং তরুণং রূক্ষমুষ্ণং দুর্ভাজনে স্থিতম্॥

অল্পৌষধং পর্য্যুষিতমত্যর্থং পিচ্ছলঞ্চ যৎ।
কফপ্রকোপি তন্মদ্যং দুর্জরং চ বিশেষতঃ॥
পিত্তপ্রকোপি বহুলং তীক্ষ্ণমুষ্ণং বিদাহি চ।
অহৃদ্যং পেশলং পুতি কৃমিলং বিরসং গুরু॥
তথা পর্য্যুষিতং বাপি বিদ্যাদনিলকোপনম্।
সর্ব্বদোষৈরুপেতন্তু সর্ব্বদোষপ্রকোপনম্॥
চিরাস্থিতং জাতরসং দীপনং কফবাতজিৎ।
রুচ্যং প্রসন্নং সুরভি মেধ্যং সেব্যং মহাহবম্॥
তস্মান্নৈকপ্রকারস্য মদ্যস্য রসবীর্য্যনাৎ।
সসৌক্ষ্যাদৌষ্ণ্যবাতত্বাদ্বিকাশিত্বাৎত্ববহ্নিনুৎ॥

ঘনীভূত, দাহজনক, দুর্গন্ধযুক্ত, রসহীন, কৃমিকীটাদি পরিপূর্ণ, অপ্রীতিকর, নূতন, রূক্ষগুণযুক্ত, উষ্ণবীর্য্য, দূষিতপাত্রস্থিত, অল্পপরিমিত ঔষধযুক্ত; পর্য্যুষিত ( বাসি) ও অত্যন্তপিচ্ছিল, মদ্য কফপ্রকোপক এবং ইহা দুর্জর অর্থাৎ অতিকষ্টে পরিপাক হয়।

বহুল ঔষধযুক্ত, তীক্ষ্ণবীর্য্য, উষ্ণ, দাহজনক, অপ্রীতিকর, কোমল, দুর্গন্ধি, কৃমিযুক্ত, রসহীন ও গুরু মদ্য পিত্তপ্রকোপক। উক্ত প্রকারগুণযুক্ত এবং পর্য্যুষিত মদ্য বায়ুপ্রকোপক। সর্ব্বদোষযুক্ত মদ্য সর্ব্বদোষপ্রকোপক।

বহুকালজাত, সঞ্জাতরস মদ্য অগ্নিদীপক ও কফবায়ুনাশক, রুচিকর, নির্ম্মল, সুগন্ধি, মেধাবর্দ্ধক ও মহোৎসবপ্রদ, অতএব উহাই সেব্য।

সেই হেতু নানাবিধ মদ্যের রস ও বীর্য্য নানাপ্রকার, তাহা অবগত না হইয়া মদ্যপান করা নিষিদ্ধ। মদ্য সূক্ষ্ম পদার্থযুক্ত, উষ্ণবীর্য্য, বায়ুবর্দ্ধক ও বকাশি হইলে অগ্নিনাশক হয় না।

## মদ্যস্য ক্রিয়া।

সমেত্য হৃদয়ং প্রাপ্য ধমনীরূর্দ্ধমাগতঃ।
বিক্ষুভ্যেন্দ্রিয়চেতাংসি মদয়ত্যাশু বীর্য্যতঃ॥
চিরেণ শ্লেষ্মকে পুংসি পাতনো জায়তে মদঃ।
অচিরাদ্বাতিকে দৃষ্টঃ পৈত্তিকে শীঘ্রমেব চ॥

মদ্য হৃদয়ে উপস্থিত হইয়া উর্দ্ধগত ধমনীকে প্রাপ্ত হইয়া ইন্দ্রিয় ও চিত্তকে বিক্ষোভিত করিয়া বীর্য্যবান মানবের চিত্তকে উন্মাদিত করিয়া তোলে।

শ্লেষ্মপ্রধান ব্যক্তির মত্ততা হইতে বিলম্ব হয়। বায়ু প্রধান ব্যক্তির তদপেক্ষা একটু শীঘ্র এবং পিত্ত প্রধান ব্যক্তির অতি শীঘ্রই হইয়া থাকে।

---

## নব পুরাণ মদ্যগুণাঃ।

নবং মদ্যমভিষ্যন্দি ত্রিদোষজনকং সরং।
অহৃদ্যং বৃংহণং দাহি দুর্গন্ধ্যবিশদং গুরু।
জীর্ণং তদেব রোচিষ্ণু কৃমিশ্লেষ্মানিলাপহম্।
হৃদ্যং সুগন্ধি সুগুণং লঘু স্রোতোবিশোধনম্॥

গুণ। নূতন মদ্য নেত্রের অভিষ্যন্দজনক, ত্রিদোষবর্দ্ধক, সারক। অপ্রীতিকর, ধাতুপোষক, দাহজনক, দুর্গন্ধযুক্ত, অবিশদ ও গুরুপাক। পুরাতন মদ্য রুচিকর, কৃমি, কফ ও বায়ুনাশক, প্রীতিকর, সুগন্ধযুক্ত, উত্তমগুণযুক্ত, লঘুপাক ও স্রোত সকলের বিশোধক।

সাত্বিকং গীতহাস্যাদি রাজসং সাহসাদিকং।
তামসং নিন্দ্যকর্ম্মাণি নিদ্রাদি কুরুতে সদা॥

সত্ত্বপ্রকৃতিবিশিষ্ট লোক মদ্যপানে উন্মত্ত হইলে গীত ও হাস্যাদি করিয়া থাকে। রাজসিক লোকে সাহসজনক কার্য্যাদি করে এবং তামসিক-লোকে নিন্দনীয় কার্য্যকারী অথবা নিদ্রাভিভূত হয়।

---

## (শুক্ত) চুক্রগুণাঃ।

কন্দমূল ফলাদীনি সস্নেহলবণানি চ।
যত্র দ্রবেঽভিষূয়ন্তে তৎশুক্তমিতি নির্দ্দিশেৎ॥
চুক্রং কফঘ্নং তীক্ষ্ণোষ্ণং রোচনং লঘু পাচনম্।
পাণ্ডুক্রিমিহরং রূক্ষং ভেদনং রক্তপিত্তকৃৎ॥
গৌড়ানি রসশুক্তানি মদ্যশুক্তানি যানি চ।
যথাপূর্ব্বং গুরুতরাণ্যভিষ্যন্দকরাণি চ॥

কন্দ, মূল ও ফল, তৈল ও লবণযুক্ত করিয়া যে দ্রব পদার্থে রাখিলে জরিয়া যায় তাহাকে অর্থাৎ অম্লকাঞ্জি বিশেষকে শুক্ত বা চুক্র বলে।

গুণ। চুক্র কফনাশক, তীক্ষ্ণ ও উষ্ণবীর্য্য, লঘুপাক, রুচিকর, পাচক, রূক্ষ, ভেদক, রক্তপিত্তজনক, পাণ্ডু ও ক্রিমিনাশক।

গুড়াদির শুক্ত, রসশুক্ত ও মদ্যের শুক্ত যাহাদের কথা বলা হইয়াছে, তাহারা প্রত্যেকে পূর্ব্বানুক্রমে গুরুতর ও অভিষ্যন্দকর।

## কাঞ্জিকাদিনামগুণাঃ।

স্যাৎ কাঞ্জিকস্তু সৌবীরমারনালং তুষোদকং।
কাঞ্জিকং শিশিরস্পর্শং পাচনং রোচনং লঘু॥
তুষোদকং যবৈরামৈঃ সতুষৈঃ শকলীকৃতৈঃ।
তুষাম্বু দীপনং হৃদ্যং পাণ্ডুকৃমিগদাপহম্।
সৌবীরকং কৃতং ত্বামৈঃ পকৈর্বা নিস্তুষৈর্যবৈঃ॥
সর্ব্বৈরসৈ রসাম্লং স্যাৎ সৌবীরকমিতি ক্বচিৎ॥
সৌবীরকং গ্রহণ্যর্শোনাশনং ভেদি দীপনম্।
ধান্যাম্লং ধান্যযোনিত্বাৎ প্রীণনং লঘু দীপনম্॥
স্পর্শাদ্দাহকরং পানাৎ পাচনং শ্লেষ্মনাশনম্।
গণ্ডূষান্মুখবৈরস্যদৌর্গন্ধ্যকফকৃন্তনম্॥

পর্য্যায়।—কাঞ্জিক, সৌবীর, আরনাল, তুষোদক এইকয়টী কাঁজির সংস্কৃত নাম।

গুণ।—কাঁজি শীতলস্পর্শ, পাচক, রুচিকর ও লঘু পাক।

তুষোদক তুষযুক্ত কাঁচা যবসমূহ হইতে উৎপন্ন হয়। সৌবীর তুষবর্জ্জিত কাঁচা বা পাকা উভয় প্রকারের যবের দ্বারা উৎপন্ন হয়। সর্ব্বপ্রকার রসের দ্বারা রসাম্ল প্রস্তুত হয়। তাহাকে কেহ কেহ সৌবীরও বলে।

তুষাম্বু অগ্নিদীপক, প্রীতিজনক, পাণ্ডু ও কৃমি রোগ নাশক।

সৌবীর ভেদক, অগ্নিদীপক, গ্রহণী ও অর্শো নাশক।

ধান্যাম্ল ধান্য হইতে উৎপন্ন হয়। ইহা প্রীতিপ্রদ, লঘু, অগ্নিদীপ্তিকর, স্পর্শে দাহজনক, পান করিলে পাচক ও শ্লেষ্মনাশক। ইহার গণ্ডূষধারণে মুখের বিরসতা ও দুর্গন্ধ নাশ ও কফ দমন হয়।

## গো-মূত্রাদি নামগুণাঃ।

মূত্রং গোনাগমহিষীহয়াজাবিখরোষ্ট্রজম্।
নরাণাঞ্চ ভবেৎ সর্ব্বং পাচনং দীপনং লঘু॥
লবণানুরসং তিক্তং রূক্ষং স্রোতোবিশোধনম্।
পিত্তলং কটুকং হৃদ্যং ভেদি বাতানুলোমনম্।
নিহন্তি বাতগুল্মার্শঃশোথোদরকফকৃমীন্।
কুষ্ঠপাণ্ডুগদানাহবিষশূলারুচীস্তথা।
গোমূত্রং তেষু সর্ব্বেষু মূত্রযোগে প্রশস্যতে॥

গো, হস্তী, মহিষ, ঘোটক, ছাগ, মেষ, গর্দ্দভ, উষ্ট্র ও মনুষ্য ইহাদিগের মূত্র পাচক, অগ্নিদীপক, লঘুপাক, তিক্ত, লবণরসযুক্ত, রূক্ষ, স্রোতের বিশোধক, পিত্তপ্রদ, কটু, প্রীতিকর ও বায়ুর অনুলোমক বলিয়া ভেদক। বায়ুজনিত গুল্ম, অর্শঃ, শোথ, উদর, কৃমি, কুষ্ঠ, পাণ্ডুরোগ, আনাহ, বিষদোষ, শূল ও অরুচিনাশক। সর্ব্বপ্রকার মূত্রের মধ্যে গোমূত্রই প্রশস্ত।

---

## হস্তিমূত্রগুণাঃ

হস্তিমূত্রং বিষার্শোঘ্নং কুষ্ঠগুল্মকৃমীন্ জয়েৎ।

গুণ। হস্তির মূত্র বিষদোষ, অর্শ, কণ্ডু, কুষ্ঠ ও কৃমি রোগ নাশক

---

## মহিষমূত্রগুণাঃ।

মাহিষং শোথগুল্মার্শঃপাণ্ডুমেহেষু যোজয়েৎ॥

গুণ। মহিষ মূত্র শোথ, গুল্ম, অর্শ, পাণ্ডু ও মেহরোগে প্রশস্ত

---

## অশ্বমূত্র গুণাঃ

আশ্বং ভেদি বিশেষেণ কফদদ্রুক্রমীন্ হরেৎ ॥

গুণ। অশ্বমূত্র বিশেষরূপ ভেদক, কফ, দদ্রু ও ক্রমি রোগ নাশক

---

## আজমূত্র গুণাঃ।

আজং গুল্মবিষশ্বাস কামলাপাণ্ডুদোষজিৎ ॥

গুণ। ছাগের মূত্র গুল্ম, বিষদোষ,শ্বাস,কামলা, পাণ্ডু ও ত্রিদোষ নাশক

---

## আবিকমূত্র গুণাঃ।

আবিকং শোথগুল্মার্শোমেহবর্চোগ্রহাপহম্।

গুণ। মেষের মূত্র শোথ, কুষ্ঠ, অর্শঃ, মেহ ও মলবদ্ধরোগ নাশক।

---

## গর্দ্দভমূত্র গুণাঃ।

গার্দ্দভং গ্রহণীমেহকুষ্ঠোন্মাদক্রমীন্ জয়েৎ।

গুণ। গর্দ্দভের মূত্র গ্রহণী, মেহ, কুষ্ঠ, উন্মাদ ও ক্রমিরোগ নাশক।

---

## উষ্ট্রমূত্র গুণাঃ।

ঔষ্ট্রমুন্মাদশোথার্শঃক্রমিশূলোদরাপহম্ ॥

গুণ। উষ্ট্রমূত্র উন্মাদ, শোথ, অর্শঃ, ক্রমি, শূল ও উদর রোগ নাশক।

---

## নরমূত্র গুণাঃ।

নরমূত্রং গরং হন্তি সেবিতং সুরসায়নম্ ॥

গুণ। নরমূত্র বিষজনিত পীড়ানাশক ও অত্যন্ত রসায়ন গুণবিশিষ্ট।

---

গোজাবিমহিষীণান্তু স্ত্রীণাং মূত্রং প্রশস্যতে।
খরোষ্ট্রেভনরাশ্বানাং পুংসাং মূত্রং হিতং মতম্ ॥

গো, ছাগ, মেষ ও মহিষ ইহাদের স্ত্রীজাতিরই মূত্র প্রশস্ত।
গর্দ্দভ, উষ্ট্র, হস্তী, নর ও অশ্বের পুরুষজাতিরই মূত্র প্রশস্ত।

---

যো রাজ্ঞাং মুখতিলকঃ কটারমল্ল-
স্তেন শ্রীমদননৃপেণ নির্ম্মিতেঽত্র।
গ্রন্থেঽভূন্মদনবিনোদনাম্নি পূর্ণঃ
পানীয়ঃ সলিল ঘৃতাদি নামবর্গঃ ॥

যিনি রাজাদিগের মুখতিলকস্বরূপ এবং কটারমল্ল নামেও প্রসিদ্ধ ছিলেন, সেই মদনপাল নৃপতি কর্ত্তৃক নির্ম্মিত এই মদনবিনোদ নামক গ্রন্থে পানীয়বর্গ অর্থাৎ জল, দুগ্ধ, দধি, তক্র, নবনীত, ঘৃত, তৈল, মদ্য ও মূত্রবর্গ সমাপ্ত হইল।

ইতি মদনপালনিঘণ্টৌ পানীয়বর্গঃ।

---

* দেশভেদে নামভেদ। মূত্রকে হিন্দুস্থানে মূত, পেশাব, গুজরাটে মতব, মহারাষ্টে মূত, মূত্র, কর্ণাটে আকলগোত, মূত্র, তৈলঙ্গে উচ্চা বলে ও ইংরাজীতে Urine বলে।

# ইক্ষ্বাদি মধুর বর্গঃ।

মৃদ্ভক্ষিতাননেন রুষেতি বক্তে প্রসারিতে বীক্ষ্য ততো জগন্তি।
সবিস্ময়ং সাদরমীক্ষ্যমাণং যশোদয়া নন্দসুতং নমামি॥

"শ্রীকৃষ্ণ মৃত্তিকা ভক্ষণ করিয়াছেন" এইরূপ গোপবালকগণ যশোদার নিকট বর্ণনা করিলে শ্রীকৃষ্ণ কোপে পরিপূর্ণ হইয়া না মা, আমি মাটী খাই নাই, আপনি আমার মুখ দেখুন, এই বলিয়া যেমন মুখব্যাদান করিলেন, অমনি যশোদা তাঁহার মুখমধ্যে ত্রিজগৎ দর্শন করিয়া আশ্চর্য্য ও আদর সহকারে তাঁহাকে অবলোকন করিয়াছিলেন, আমি সেই নন্দনন্দনকে প্রণাম করি।

---

## ইক্ষুনামগুণাঃ।

ইক্ষুর্মহারসো বেণুর্নিঃস্রতো গুড়পাত্রকঃ।
তৃণরাজো মধুতৃণো গম্ভীরোঽমৃতপুষ্পকঃ।
হ্রস্বমূলো লোহিতেক্ষুঃ পৌণ্ড্রকঃ পুণ্ড্রকোঽপরঃ।
রসালঃ সুকুমারোঽপি কৃষ্ণেক্ষুর্ভীরুকো মতঃ॥
ইক্ষুঃ স্বাদুর্গুরুঃ শীতো বৃষ্যঃ স্নিগ্ধো বলপ্রদঃ।
জীবনো বাতপিত্তঘ্নঃ কুর্য্যান্মূত্রং কফক্রমীন্।
স মূলে মধুরোঽত্যর্থং মধ্যে মধুর এব চ।
অগ্রগ্রন্থিষু বিজ্ঞেয়ো লবণো মূত্রলস্তথা॥

পর্য্যায়।—ইক্ষু, মহারস, বেণুনিঃসৃত, গুড়পাত্রক, তৃণরাজ, মধুতৃণ, গণ্ডীর ও অমৃতপুষ্পক এই কয়টী ইক্ষুর সংস্কৃত নাম। *

লোহিতেক্ষু, পৌণ্ড্রকেক্ষু, রসালেক্ষু ও কৃষ্ণেক্ষু ভেদে ইক্ষু নানাপ্রকার। তন্মধ্যে হ্রস্বমূল ও লোহিতেক্ষু এই দুইটী লোহিতেক্ষুর, পৌণ্ড্রক ও পুণ্ড্রক এই দুইটী পুণ্ড্রকেক্ষুর (পুঁড়ী আকের), রসাল ও সুকুমার এই দুইটী রসালেক্ষুর এবং কৃষ্ণেক্ষু ও ভীরুক এইদুইটী কৃষ্ণেক্ষুর পর্য্যায়।

গুণ।—ইক্ষু স্বাদু, গুরুপাক, শীতবীর্য্য, বীর্য্যবর্দ্ধক, স্নেহগুণযুক্ত, বলপ্রদ, জীবনবর্দ্ধক, মূত্রকর, কফ ও কৃমিরোগজনক, বায়ু ও পিত্তনাশক।

ইক্ষুর মূল অত্যন্ত মিষ্ট, মধ্যভাগ মধুর, অগ্রভাগ ও গাঁটগুলি লবণরস-বিশিষ্ট। ইহা মূত্রকারক।

---

## লোহিতেক্ষু গুণাঃ।

লোহিতেক্ষুর্গুরুঃ শীতো দাহপিত্তাস্রকৃচ্ছ্রনুৎ।

গুণ। লোহিতেক্ষু গুরু, শীতবীর্য্য, দাহ, রক্তপিত্ত ও মূত্রকৃচ্ছ্র নাশক।

---

## পৌণ্ড্রক গুণাঃ।

পৌণ্ড্রকঃ শীতলঃ স্নিগ্ধো বৃংহণঃ কফকৃৎ সরঃ।

গুণ। পৌণ্ড্রকেক্ষু শীতবীর্য্য, স্নিগ্ধ, বীর্য্যবর্দ্ধক, কফকর ও সারক।

---

* দেশভেদ নামভেদ।—ইক্ষুকে হিন্দুস্থানে গন্না, ঊখ, গণ্ডা, পোংডা, তৈলঙ্গে চিরকু, মহারাষ্ট্রে উংস, গুজরাটে শেরডী, শোরডীনুংমূল, কর্ণাটে কবু, কব্বিনমেরু, ফারসীতে নেশকর, আরবীতে কসব্‌স শকর বলে। ডাক্তারী নাম Sugarcane. সুগারকেন্‌।

## কৃষ্ণেক্ষু-বংশ-শতপোরগুণাঃ।

কৃষ্ণেক্ষুস্তদ্‌গুণো বংশঃ ক্ষারঃ কিঞ্চিত্তু তৎসমঃ।
বংশবচ্ছতপোরোঽপি কিঞ্চিদুষ্ণঃ সমীরজিৎ॥

গুণ। কৃষ্ণেক্ষুর গুণ পৌণ্ড্রকেক্ষুর ন্যায়। বংশেক্ষু লবণরসবিশিষ্ট ও কিঞ্চিৎ পরিমাণে কৃষ্ণেক্ষুর তুল্য। শতপোর নামক ইক্ষু, বংশেক্ষুর ন্যায় গুণবিশিষ্ট এবং কিছু উষ্ণবীর্য্য এবং বায়ুনাশক।

---

## কান্তারাদীক্ষু গুণাঃ।

কান্তারতাপসৌ তদ্বৎ কাষ্ঠেক্ষুর্বাতলো হিমঃ
কোষকারো গুরুঃ শীতো রক্তপিত্তক্ষয়াপহঃ॥
সূচীপত্রো নীলপোরো নৈপালো দীর্ঘপত্রকঃ।
বাতলঃ কফপিত্তঘ্নঃ সকষায়োঽতিদাহকৃৎ॥

গুণ। কান্তারেক্ষু ও তাপসেক্ষুর গুণ শতপোরেক্ষুর ন্যায় এবং কাষ্ঠেক্ষু বায়ুজনক ও শীতবীর্য্য। কোষকার ইক্ষু গুরুপাক, শীতবীর্য্য ও রক্তপিত্তঘ্ন। সূচীপত্র, নীলপোর, নৈপাল ও দীর্ঘপত্রনামক ইক্ষু বায়ুজনক, কফপিত্তনাশক, কষায়রস এবং অতিশয় দাহজনক।

---

## ইক্ষুরস গুণাঃ।

দন্তনিষ্পীড়িতস্তেষাং রসঃ পিত্তাস্রনাশনঃ।
শর্করাসমবীর্য্যঃ স্যাদবিদাহী কফপ্রদঃ॥
গুরুর্বিদাহী বিষ্টম্ভী যান্ত্রিকস্তু প্রকীর্ত্তিতঃ॥

গুণ। দন্তনিষ্পীড়িত ইক্ষুসকলের রস রক্তপিত্তনাশক ও শর্করার তুল্য গুণবিশিষ্ট, দাহনাশক এবং কফজনক।

যন্ত্রনিষ্পীড়িতেক্ষুর রস গুরুপাক, দাহজনক ও বিষ্টম্ভকারক।

---

## মৎস্যণ্ডীনামগুণাঃ।

সিতা মৎস্যণ্ডিকা পল্লী মৎস্যণ্ডী বলকস্তথা।
মৎস্যণ্ডী গ্রাহিণী বল্যা গুরুঃ পিত্তানিলাপহা॥

পর্য্যায়।—সিতা, মৎস্যণ্ডিকা, পল্লী, মৎস্যণ্ডী, বলক এইগুলি মৎস্যণ্ডী অর্থাৎ মিছরির সংস্কৃত নাম।

গুণ।—মিছরি মলসংগ্রাহক, বলকর, গুরুপাক, পিত্ত ও বায়ুনাশক।

---

## সিতোপলানামগুণাঃ। (দোবরা)।

অন্যা সিতোপলা শুদ্ধা শিকতা কৃত্তিকামলা।
সিতোপলা সরা গুর্ব্বী বাতপিত্তহরা হিমা॥

আর একপ্রকার মিছরি আছে। সিতোপলা, শুদ্ধা, শিকতা, কৃত্তিকা ও অমলা এইগুলি তাহার পর্য্যায়।

গুণ।—ইহা সারক, গুরুপাক, শীতবীর্য্য এবং বায়ুপিত্তনাশক।

---

## খণ্ড-মধুশর্করানামগুণাঃ।

খণ্ডমন্যৎ খণ্ডসিতা মাধবী মধুশর্করা।
খণ্ডমপ্যেবমুদ্দিষ্টং রুচ্যং পুষ্টিবলপ্রদং।
মাধবী শর্করা রূক্ষা কফপিত্তহরা গুরুঃ॥

পর্য্যায়। আর একপ্রকার মিছরি আছে, তাহাকে খণ্ড বলে। খণ্ড, খণ্ডসিতা, মাধবী ও মধুশর্করা এইগুলি তাহার পর্য্যায়। *

গুণ।—খণ্ড অর্থাৎ খাঁড় তদ্‌গুণবিশিষ্ট অর্থাৎ লঘুপাক, শীতবীর্য্য, রুচিকর, পুষ্টি ও বলকারক, বায়ুপিত্তনাশক। মধুজাত চিনিকে মাধবী বা মধুশর্করা বলে। মাধবী শর্করা রূক্ষ, গুরুপাক এবং কফ ও পিত্ত নাশক।

---

## যবাসশর্করানামগুণাঃ।

যবাসশর্করান্যা সা যবাসক্কাথসম্ভবা।
যবাসশর্করা শীতা বাতলা কফপিত্তজিৎ॥

( ম্যানা তবরাজ )

পর্য্যায়। আর একপ্রকার মিছরি দুরালভার ক্বাথে উৎপন্ন হয়। তাহার সংস্কৃত নাম যবাসশর্করা, যবাসক্কাথসম্ভবা।

গুণ।—যবাসশর্করা শীতবীর্য্য, বায়ুজনক ও কফপিত্তনাশক।

---

## পুষ্পসিতানামগুণাঃ।

অন্যা পুষ্পসিতা প্রোক্তা পুষ্পসংস্থতশর্করা।
তথা পুষ্পসিতা হৃদ্যা রক্তপিত্তহরা লঘুঃ।

* দেশভেদে নামভেদ।—হিন্দুস্থানে ও গুজরাটে খাংড়, মহারাষ্ট্রে সাখর, কর্ণাটে মালখংড়, তৈলঙ্গে পাঁচাদারা, ফারসীতে সকর, আরবীতে সক্কর। ইংরাজীতে Sugar, ল্যাটীনে Saccharum.

( সফেদ চিনি )

পর্য্যায়। আর একপ্রকার মিছরি আছে তাহা পুষ্প হইতে উৎপন্ন হয়। পুষ্পসিতা, পুষ্পসংস্থশর্করা, এই দুইটী তাহার পর্য্যায়।

গুণ।—পুষ্পসিতা ( ফুলচিনি ) প্রীতিজনক, লঘুপাক ও রক্তপিত্তনাশক।

---

## ফাণিত-মধূকফাণিতগুণাঃ।

ফাণিতং ক্ষুদ্রগুড়কো গুড়স্ত্বিক্ষুরসোদ্ভবঃ।
ফাণিতং গুর্ব্বভিষ্যন্দি বৃংহণং মূত্রশোধনম্।
মধূকফাণিতং বস্তিদূষণং বাতপিত্তলম্॥

ইক্ষুরস হইতে ফাণিত, ক্ষুদ্রগুড় ও গুড় প্রস্তুত হয়। তন্মধ্যে অল্প গাঢ় ও অধিক তরল অবস্থাপন্নকে ফাণিত, প্রস্তর খণ্ডবৎ কঠিনাবস্থাপন্নকে গুড় এবং অধিক গাঢ় ও অল্প তরলাবস্থাপন্নকে ক্ষুদ্র গুড় বলে।

গুণ।—ফাণিত গুরুপাক, অভিষ্যন্দকর, বীর্য্যবর্দ্ধক এবং মূত্রদোষনাশক। মৌলফুলের চিনিকে মধূকফাণিত বলে। ইহা বস্তির দোষজনক, এবং বায়ুপিত্তজনক।

---

## গুড়গুণাঃ।

গুড়ঃ ক্ষারো গুরুঃ স্বদুর্বাতপিত্তাগ্নিকৃৎ সরঃ।
বল্যঃ কৃমিশ্লেষ্মকরো মূত্ররক্তবিশোধনঃ।
জীর্ণো হৃদ্যো লঘুঃ পথ্যো নাভিষ্যন্দ্যগ্নিপুষ্টিকৃৎ।

গুণ। ঘনীভূত ইক্ষুরসকে গুড় বলে। গুড় স্বাদু, লবণরস বিশিষ্ট, গুরুপাক, সারক, বলকর, কৃমিজনক, শ্লেষ্মকর, বায়ুপিত্তজনক, অগ্নিবর্দ্ধক, পুষ্টিজনক, মূত্রদোষ ও রক্তদোষনাশক। *

---

## ইক্ষুবিকার গুণাঃ।

ইক্ষোর্বিকারা বিমলা যথা কুর্য্যুর্গুণাংস্তথা।
তৃড়্দাহমূর্চ্ছাপিত্তাসৃগ্বিষমেহহরা হিমাঃ।
গুরবো মধুরা বল্যাঃ স্নিগ্ধা বাতহরাঃ সরাঃ॥

গুণ। ইক্ষুর বিকার অর্থাৎ গুড়, চিনি ও মিছরি প্রভৃতি যত নির্ম্মল হইবে ততই গুণদায়ক হইয়া থাকে। ইহারা শীতবীর্য্য, গুরুপাক, মধুর, বলকর, স্নিগ্ধ, সারক, তৃষ্ণা, দাহ, মূর্চ্ছা, পিত্ত, রক্তদোষ, বিষ ও মেহ ও বায়ুনাশক।

---

## মধুনামগুণাঃ।

মধু পুষ্পাসবঃ পুষ্পরসো মাক্ষিকমীরিতম্।
মাক্ষিকং পৌত্তিকং ক্ষৌদ্রং ভ্রামরং মধু বিস্তরাৎ॥
মাক্ষিকং তৈলসঙ্কাশং পৌত্তিকং ঘৃতসন্নিভম্।
ক্ষৌদ্রং কপিলবর্ণং স্যাদ্ ভ্রামরং স্ফটিকোপমম্॥
মধু শীতং লঘু স্বাদু রুক্ষং গ্রাহি বিলেখনম্।

---

* দেশভেদে নামভেদ।—হিন্দুস্থানে গুড়, মহারাষ্ট্রে গূল, গুজরাটে গোল, কর্ণাটে হোসবেল্লংদ হেলরু, তৈলঙ্গে বেল্লামু, ফারসীতে কংদেসিয়া, আরবীতে কংদেঅস্বদ বলে। ইংরাজীনাম Treacle Molasses.

চক্ষুষ্যং দীপনং স্বর্য্যং ব্রণশোধনরোপণম্।
বর্ণ্যং মেধাকরং বৃষ্যং বিশদং রোচনং জয়েৎ।
কুষ্ঠার্শঃকাসপিত্তাস্রক্ কফমেহক্লমকৃমীন্॥
মদতৃষ্ণাবমিশ্বাস হিক্কাতিসারহৃদ্‌গ্রহান্।
দাহক্ষতক্ষয়াস্রস্তু যোগবাহ্যল্পবাতলম্॥

পর্য্যায়।—মধু, পুষ্পাসব, পুষ্পরস ও মাক্ষিক, এইগুলি মধুর সংস্কৃত নাম। মাক্ষিক, পৌত্তিক, ক্ষৌদ্র, ভ্রামরইত্যাদি ভেদে মধু অনেক প্রকার। মাক্ষিক মধু মক্ষিকাদ্বারা আহৃত হয়। ইহা তৈল সদৃশ। পৌত্তিক মধু ঘৃততুল্য, ইহা পুত্তিকানামক কৃষ্ণবর্ণ মশকসদৃশ মক্ষিকাবিশেষ দ্বারা আহৃত হয়। ক্ষৌদ্র মধু ক্ষুদ্রানামক মক্ষিকাদ্বারা আহৃত হয়। ইহা কপিলবর্ণ। ভ্রামর মধু ভ্রমর দ্বারা আহৃত হয়। ইহা স্ফটিকবৎ স্বচ্ছ। *

গুণ।—মধু শীতবীর্য্য, লঘুপাক, স্বাদু, রূক্ষ, মলসংগ্রহকারক, বিলেখক (কৃশতাকারক), চক্ষুর জ্যোতিবর্দ্ধক, অগ্নিদীপক, স্বরসংশোধক, ব্রণপূরক, বর্ণজনক, স্মৃতিশক্তি ও বলবীর্য্যবর্দ্ধক, বিশদ অর্থাৎ মলসংশোধক অল্প বায়ুজনক এবং রুচিকর।

আময়িকপ্রয়োগ।—ইহা কুষ্ঠ, অর্শঃ, কাস, পিত্তদোষ, রক্তদোষ অথবা রক্তপিত্ত, কফ, মেহ, শ্রম, কৃমি, মত্ততা, তৃষ্ণা, বমন, শ্বাস, হিক্কা, অতীসার, হৃদয়রোগ, দাহ, ক্ষত, ক্ষয়রোগ, ব্রণ ও রক্তদোষ নাশকরে। ইহা যোগবাহি অর্থাৎ দ্রব্যবিশেষের সহিত সংযুক্ত হইয়া নানাবিধ গুণাধায়ক হয়।

---

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে ও তামিলে সহত, মধু, তৈলঙ্গে তেনী, মহারাষ্ট্রে ও গুজরাটে মধু, কর্ণাটে জেনতুপ্প, ফারসীতে শহদ গবীন, আরবীতে অসলুল্ নহল বলে। ল্যাটীনে Meu. ডাক্তারী নাম Honey. হনি।

## মাক্ষিক গুণাঃ।

মাক্ষিকং মধুষু শ্রেষ্ঠং নেত্রাময়হরং লঘু।

গুণ। মাক্ষিক মধু সর্ব্বপ্রকার মধুর মধ্যে শ্রেষ্ঠ। ইহা নেত্ররোগ নাশক ও লঘু।

---

## পৌত্তিক গুণাঃ।

পৌত্তিকং মধু রূক্ষোষ্ণং পিত্তদাহাস্রবাতকৃৎ।

গুণ। পৌত্তিকমধু রূক্ষ, উষ্ণবীর্য্য, পিত্ত, দাহ ও বাতরক্তজনক।

---

## ক্ষৌদ্র গুণাঃ।

ক্ষৌদ্রং মাক্ষিকবজ্জ্ঞেয়ং বিশেষান্মেহনাশনম্।

গুণ। ক্ষৌদ্র-মধু মাক্ষিকমধুর ন্যায় গুণযুক্ত, বিশেষতঃ মেহনাশক।

---

## ভ্রামর গুণাঃ।

ভ্রামরং রক্তপিত্তঘ্নং মূত্রজাড্যকরং গুরু॥

গুণ। ভ্রামর মধু রক্তপিত্তনাশক, মূত্র ও জড়তাকারক এবং গুরুপাক

---

## নবীনমধুগুণাঃ।

নবীনং মধ্বভিষ্যন্দি স্নিগ্ধং শ্লেষ্মহরং সরং।

গুণ। নূতন মধু অভিষ্যন্দকর, স্নিগ্ধ, সারক ও শ্লেষ্মনাশক।

---

## পুরাণ মধুগুণাঃ।

পুরাণং গ্রাহি তদ্রূক্ষং মেদোঘ্ন-তিলেখনম্ ॥

পুরাতন মধু মলসংগ্রাহক, রূক্ষ, মেদোনাশক ও অত্যন্ত লেখনগুণযুক্ত।

---

## উষ্ণ মধুসেবনে দোষাঃ।

বিষাদিদুষ্টপুষ্পেভ্যঃ সবিষা মক্ষিকাদয়ঃ।
মধু চিন্বন্তি তস্মাৎ তৎ স্বভাবাৎ সবিষং স্মৃতম্ ॥
তস্মাদগ্ন্যাতপাত্তপ্তং তদ্ভুক্তং হন্তি মানবং ॥
উষ্ণে কালে চ দেশে চ দ্রব্যৈরুষ্ণৈশ্চ যোজিতম্।
নিরূহে ছর্দ্দনে তজ্‌জ্ঞৈস্তদ্ভুক্তং ন নিবার্য্যতে ॥
যস্মাৎ পাকমলব্ধ্বৈব তয়োস্তদ্বিনিবর্ত্ততে।
আমাশয়ে জলেনাপি তদ্‌দ্রবে ন বিরুধ্যতে ॥

বিষাদিদুষ্ট পুষ্পসকল হইতে সবিষ মক্ষিকাগণ মধুচয়ন করিয়া থাকে বলিয়া মধু স্বভাবতই বিষযুক্ত হয়। সেইহেতু অগ্নি বা রৌদ্রসন্তাপে সন্তপ্ত করিয়া মধুপান করা নিষিদ্ধ। কারণ উহা পানে মানবের প্রাণনষ্ট হইয়া থাকে। উষ্ণপ্রধান দেশে, উষ্ণকালে, এবং উষ্ণদ্রব্য সকলের সহিত যুক্ত করিয়া মধু সেবন করিবেনা। কিন্তু নিরূহ অর্থাৎ পিচকারি, ছর্দ্দন অর্থাৎ বমনক্রিয়া, ইত্যাদিতে উষ্ণদ্রব্য সহ বা উষ্ণ মধু ব্যবহার করিতে নিষেধ করেন নাই। কারণ নিরূহ ও ছর্দ্দন ক্রিয়ায় মধু পরিপাক প্রাপ্ত না হইয়াই বস্তি প্রভৃতি হইতে বহির্গত হইয়া পড়ে। আমজনিত পীড়ায় জলের সহিত সরবৎ করিয়া পান করিলে বিরুদ্ধ গুণ উৎপাদন করে না।

---

## মধূচ্ছিষ্ট নামগুণাঃ।

মদনং মধুজং সিক্থং মধূচ্ছিষ্টং মধূলিতম্।
মদনং মৃদু সুস্নিগ্ধং ভূতঘ্নং ব্রণরোপণম্॥
ভগ্নসন্ধানকৃদ্ বাতকুষ্ঠবীসর্পরক্তজিৎ॥

পর্য্যায়।—মদন, মধুজ, সিক্থ, মধূচ্ছিষ্ট ও মধূলিত এই কয়টী মোমের সংস্কৃত নাম। *

গুণ। মোম মৃদু (কোমল), অতিস্নিগ্ধ, ভূতগ্রহনাশক, ব্রণপূরক, ভগ্ন সন্ধান কারক এবং বায়ু, কুষ্ঠ, বীসর্প ও রক্তদোষ নাশক।

---

যো রাজ্ঞাং মুখতিলকঃ কটারমল্ল-
স্তেন শ্রীমদননৃপেণ নির্ম্মিতেঽত্র।
গ্রন্থেঽভূন্মদনবিনোদনাম্নি পূর্ণো
বর্গোঽয়ং মধুররসৈরথেক্ষুকাদিঃ॥

কটারমল্ল নামেও প্রসিদ্ধ, সেই নৃপগণাগ্রগণ্য শ্রীমদন নৃপ কর্ত্তৃকনির্ম্মিত 'মদনবিনোদ' নামক এই গ্রন্থে ইক্ষুকাদি মধুর বর্গ সম্পূর্ণ হইল।

ইতি মদনপালনিঘণ্টৌ ইক্ষুকাদি মধুরবর্গঃ।

---

* দেশভেদে নামভেদ।—ইহার নাম হিন্দীতে মোম, তৈলঙ্গে মৈনম, তামিলে মঝুক্কু, মহারাষ্ট্রে মেণ, গুজরাটে মিণ, ফারসীতে মোমেজর্দ্দ। ডাক্তারী নাম Wax, ওয়াক্স্

# ধান্যাদিবর্গঃ।

অজন্মমৃত্যুং বহুজন্মমৃত্যুং তমালভাসং বিশদপ্রকাশং।
মুক্তিপ্রদং বদ্ধমুলূখলেন ত্রৈলোক্যতাতং শিশুমাশ্রয়ামি॥

জন্মমৃত্যুবর্জ্জিত হইয়াও যিনি মায়াতে বহুজন্ম মৃত্যু বিশিষ্ট হইয়াছেন; যাঁহার অঙ্গকান্তি তমালশ্যামল, অথচ নির্ম্মলজ্যোতির্ম্ময়, যিনি মুক্তিপ্রদ, যশোদা কর্ত্তৃক যিনি উদূখলে বদ্ধ হইয়াছিলেন, সেই ত্রিলোকজনক অথচ শিশুমূর্ত্তিধারী শ্রীকৃষ্ণচন্দ্রকে আশ্রয় করিতেছি।

---

## শাল্যাদি ভেদাঃ।

শালয়ো রক্তশাল্যাদ্যা ব্রীহয়ঃ ষষ্টিকাদয়ঃ।
মুদ্গাদি বৈদলং শৈম্বং কঙ্গ্বাদি তৃণধান্যকম্।
ক্ষুদ্রধান্যং কুধান্যন্তু শূকধান্যং যবাদিকম্॥

রক্তশালি প্রভৃতিকে শালিধান্য, ষষ্টিক (ষাটী) প্রভৃতিকে ব্রীহিধান্য, মুদ্গ (মুগ) আদিকে বৈদল ও শৈম্বধান্য, কঙ্গু প্রভৃতিকে তৃণধান্য, ক্ষুদ্রধান্য, কুধান্য, এবং যবাদিকে শূকধান্য বলে। যে হৈমন্তিক ধান্য না কাঁড়াইলেও স্বভাবতঃ শুভ্রবর্ণ তাহারা শালিধান্য।

---

## রক্তশাল্যাদি নামগুণাঃ।

রক্তশালির্লোহিতঃ স্যাদ্ গরুড়ঃ শকুনাহৃতঃ।
সুগন্ধিকো মহাশালিঃ কলমস্তু কলামকঃ॥
রক্তশালির্দীর্ঘশূকঃ পুণ্ড্রো মাহিষমস্তকঃ।
পূর্ণচন্দ্রো মহাশালিঃ পুণ্ডরীকঃ প্রমোদকঃ।
পুষ্পাণ্ডকঃ শীতভীরুঃ কাঞ্চনঃ শকুনাহৃতঃ॥
পাণ্ডুর্গৌরঃ শারিবাখ্যো রোধ্রপুষ্পঃ সুগন্ধকঃ।
হায়নো দীর্ঘনালশ্চ মহাদূষকদূষকৌ।
শালয়ো মধুরাঃ স্নিগ্ধা বল্যা বদ্ধাল্পবর্চ্চসঃ।
পিত্তঘ্নাল্পানিলকফাঃ মূত্রলা লঘবো হিমাঃ॥
রক্তশালির্বরস্তেষাং বল্যো বর্ণ্যস্ত্রিদোষজিৎ।
চক্ষুষ্যো মূত্রলঃ স্বর্য্যঃ শুক্রলস্তৃড়্জ্বরাপহঃ।
বিষব্রণহরঃ কিঞ্চিৎতস্মাদল্পগুণাঃ পরে॥
বল্যো বৃষ্যো মহাশালী রক্তশালিগুণৈঃ সমঃ॥

পর্য্যায়।—রক্তশালি, লোহিত, গরুড়, শকুনাহৃত, সুগন্ধিক, মহাশালি, কলম, কলামক, রক্তশালি, দীর্ঘশূক, পুণ্ড্র, মহিষমস্তক, পূর্ণচন্দ্র, মহাশালি, পুণ্ডরীক, প্রমোদক, পুষ্পাণ্ডক, শীতভীরু, কাঞ্চন, শকুনাহৃত, পাণ্ডু, গৌর, শারিবাখ্য, রোধ্রপুষ্প, সুগন্ধক, হায়ন, দীর্ঘনাল, মহাদূষক ও দূষক এইগুলি শালিধান্তের সংস্কৃত নাম। শালিধান্ত অনেক প্রকার। *

---

* দেশভেদে নামভেদ —হিন্দুস্থানে শালিধান, চাবল, মহারাষ্ট্রে শালী, ভাত, গুজরাটে শাল্য, চোখা, কর্ণাটে নেল্লু, তৈলঙ্গে ধান্যমু, বীয়মু, ফারসীতে বিরংজ, আরবীতে উরজ, ইংরাজীতে Rice. ল্যাটীনে Oryza sativa.

গুণ। শালিধান্য সকল মধুরাস্বাদ, স্নিগ্ধগুণযুক্ত, বলকর, মলবদ্ধকারক, ও অল্পমলজনক, পিত্তনাশক অল্পবায়ু ও কফজনক, মূত্রকারক, লঘুপাক ও শীতবীর্য্য।

শালিধান্য সকলের মধ্যে রক্তশালিই সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ, বলকর, বর্ণজনক, চক্ষুর জ্যোতিবর্দ্ধক, বায়ু, পিত্ত, কফ, তৃষ্ণা, জ্বর ও বিষব্রণনাশক (বিস্ফোটকঘ্ন)। অন্যান্য শালিধান্য রক্তশালি অপেক্ষা হীনগুণবিশিষ্ট।

মহাশালি বলকর ও বীর্য্যবর্দ্ধক এবং রক্তশালির ন্যায় গুণযুক্ত।

---

## ষষ্টিকাদ ব্রীহি নামগুণাঃ।

ষষ্টিকঃ কঙ্গুকঃ পীত আমোদশ্চ মুকুন্দকঃ।
মহাষষ্টিককেদার পুষ্পাঙ্কুরবকাদয়ঃ॥
ষষ্টিকা মধুরাঃ শীতা লঘবো বদ্ধবর্চ্চসঃ।
বাতপিত্তপ্রশমনাঃ শালীনাং সদৃশা গুণৈঃ॥
ষষ্টিকঃ প্রবরস্তেষাং লঘুঃ স্নিগ্ধস্ত্রিদোষজিৎ।
পাকে স্বাদুর্মৃদুগ্রাহী স্থৈর্য্যকারী বলপ্রদঃ॥
রক্তশালিগুণৈস্তুল্যস্তস্মাদল্পগুণাঃ পরে॥

যাহারা গর্ভাবস্থাতেই পক্ব হয় তাহাদিগকে ষষ্টিক ধান্য বলে। ষষ্টিক, কঙ্গুক, পীত, আমোদ ও মুকুন্দক, মহাষষ্টিক, কেদার, পুষ্পাঙ্কুর ও বক প্রভৃতিকে ষষ্টিক (ষাটি) ধান্য বলে। ষাটিধান্য নানাপ্রকার।

গুণ। ষাটিধান্য মধুর, শীতবীর্য্য, লঘুপাক, মলবদ্ধকারক, বায়ু ও পিত্ত-নাশক, এবং শালিধান্যের সদৃশ গুণযুক্ত।

সকল প্রকার ব্রীহিধান্যের মধ্যে ষষ্টিক ধান্য শ্রেষ্ঠ, লঘু, স্নিগ্ধ, ত্রিদোষঘ্ন, পাকে স্বাদু, কোমল, মলসংগ্রাহক, স্থৈর্য্যকারী ও বলপ্রদ এবং রক্তশালির তুল্য গুণযুক্ত। অন্যান্য ব্রীহিধান্য ইহা হইতে অল্পগুণশালী।

---

## কৃষ্ণব্রীহি নামগুণাঃ।

কৃষ্ণব্রীহিস্ত্বরিতকঃ কুক্কুটাণ্ডকপাটলৌ।
শালামুখো রাজিবাক্ষো নন্দী জতুমুখাদয়ঃ।
ব্রীহয়ো মধুরাঃ শীতাঃ ষষ্টিকানাং গুণৈঃ সমাঃ।
কৃষ্ণব্রীহির্বরস্তেষাং তস্মাদল্পগুণাঃ পরে॥

পর্য্যায়। কৃষ্ণব্রীহি, ত্বরিতক, কুক্কুটাণ্ডক, পাটল, শালামুখ, রাজীবাক্ষ, নন্দী ও জতুমুখ ভেদে ব্রীহি ধান্য বহুবিধ।

গুণ। ব্রীহিধান্য সকল মধুর, শীতবীর্য্য, ষষ্টিক ধান্যের ন্যায় গুণযুক্ত। ইহাদের মধ্যে কৃষ্ণব্রীহি সর্ব্বশ্রেষ্ঠ। অন্যান্য গুলি ইহাপেক্ষা অল্পগুণযুক্ত।

---

## দগ্ধমৃত্তিকাজাত শালিগুণাঃ।

শালয়ো দগ্ধমৃজ্জাতা লঘু রূক্ষাঃ কফাপহাঃ।

দগ্ধমৃত্তিকাজাত শালিধান্য লঘুপাক, রূক্ষ ও কফনাশক।

---

## স্থলজশালিগুণাঃ।

স্থলজাঃ স্বাদবঃ পিত্তকফঘ্না বাতবহ্নিদাঃ॥

স্থলজ হৈমন্তিকধান্য স্বাদু, বায়ুজনক, অগ্নিকারক, পিত্ত ও কফনাশক।

---

## কেদারজ শালিগুণাঃ ।

কৈদারা বাতপিত্তঘ্না গুরবঃ কফশুক্রলাঃ ।

কেদার জাত ধান্য বায়ু ও পিত্তনাশক, গুরুপাক, কফ ও শুক্রজনক ।

## রোপ্যাতিরোপ্য শালিগুণাঃ ।

রোপ্যাতিরোপ্যা লঘবো মূত্রলাস্তে গুণোত্তরাঃ ।

যে সকল ধান্য রোপ্য ও অতিরোপ্য অর্থাৎ রোয়া, তাহারা লঘুপাক, মূত্রকারক ও উৎকৃষ্ট গুণযুক্ত ।

## ছিন্নরূঢ় শালিগুণাঃ ।

ছিন্নরূঢ়া হিমা রূক্ষাঃ পিত্তঘ্না লঘুপাকিনঃ ॥

প্রথমে ছিন্ন পশ্চাৎ আরূঢ় ধান্য শীতবীর্য্য, রূক্ষ, পিত্তনাশক ও লঘুপাক ।

## পুরাণ শালিগুণাঃ ।

পুরাণং নেত্রমন্ধানাং কুম্ভে সিক্তং প্রযত্নতঃ ।
পুনর্বিশোষিতং সম্যগ্ ঘর্ম্মে রূক্ষং লঘু স্মৃতম্ ।
দীপনং পাচনং মেধ্যং বাতশ্লেষ্মহরং পরং ।
ব্রীহিত্বং ষষ্টিকস্যাপি ভিন্নত্বং শীঘ্রপাকতঃ ॥

প্রথমে ভিজাইয়া পুনর্ব্বার রৌদ্রে সম্যক্‌রূপে শুষ্ককরা পুরাতন ধান্য লঘুপাক ও নেত্র জ্যোতিবর্দ্ধক, রূক্ষ, অগ্নিদীপক, পাচক, স্মৃতিশক্তিবর্দ্ধক, অত্যন্ত বাতশ্লেষ্মনাশক ।

ষষ্টিকধান্যকে ব্রীহিধান্য ও বলা যায়, কেবল উহা শীঘ্র পাকে এইমাত্র প্রভেদ ।

## গোধুম-নামগুণাঃ।

গোধূমঃ সুমনাঃ ক্ষুদ্রো মধূলী চ পিশীতকঃ।
নন্দীমুখোঽল্পগোধূমো নিঃশূকো মধ্যদেশজঃ॥
গোধূমো মধুরঃ শীতো বাতপিত্তহরো গুরুঃ।
কফশুক্রপ্রদো বল্যঃ স্নিগ্ধঃ সন্ধানকৃৎ সরঃ॥
জীবনো বৃংহণো বর্ণ্যঃ ব্রণ্যো রুচ্যঃ স্থিরত্বকৃৎ।
মধূলী শীতলা স্নিগ্ধা পিত্তঘ্নী মধুরা লঘুঃ।
শুক্রলা বৃংহণী পথ্যা তদ্বন্নন্দীমুখী মতা।
এতস্মাৎ স্থূলগোধূমাৎ ক্ষুদ্রো হীনতরো গুণৈঃ।

পর্য্যায়।—গোধূম, সুমন, ক্ষুদ্র, মধূলী ও পিশীতক এইগুলি বড় গোধূমের এবং নন্দীমুখ, অল্পগোধূম, নিঃশূক ও মধ্যদেশজ এইগুলি ক্ষুদ্র গমের সংস্কৃত নাম। *

গুণ। গোধূম, মধুর, শীতবীর্য্য, গুরুপাক, কফকর, শুক্রজনক, বলবর্দ্ধক, স্নিগ্ধগুণযুক্ত, সারক ও সন্ধানকর, জীবনপ্রদ, বীর্য্যবর্দ্ধক, বর্ণোৎপাদক, রুচিকর ও স্থিরত্বকারক, ব্রণ, বায়ুপিত্তনাশক।

মধূলী নামক গোধূম, শীতবীর্য্য, স্নিগ্ধ, পিত্তনাশক, মধুর ও লঘুপাক, শুক্রপ্রদ, বীর্য্যবর্দ্ধক ও পথ্য। নন্দীমুখী নামক গোধূমের গুণ ইহার ন্যায়।

স্থূল গোধূম অপেক্ষা ক্ষুদ্র গোধূমের গুণ অল্প।

---

* দেশভেদে নামভেদ।—গমের নাম হিন্দুস্থানে গেহুং, তৈলঙ্গে গোদ্রুমু, গোধূমতু, মহারাষ্ট্রে গহূ, কোলিঙ্গে পোটিগুলধুরে, গুজরাটে ঘউং, কর্ণাটে গোধী, ফরাসীতে গংদুম, আরবীতে হিংতা, ইংরাজীতে Wheat ল্যাটীনে Triticum vulgare. ডাক্তারী নাম Common Wheat. কমন্ হুইট।

## যবনামগুণাঃ।

যবঃ শুচিস্তীক্ষ্ণশূকো নিঃশূকোঽতিযবোঽপরঃ।
যবঃ কষায়ো মধুরঃ শীতঃ পিত্তকফাস্রজিৎ ॥
ব্রণেষু তিলবৎপথ্যো রূক্ষো মেধাগ্নিবর্দ্ধনঃ।
লেখনো বদ্ধনিষ্যন্দঃ স্বর্য্যো মেদস্তৃষাপহঃ।
বহুবাতমল স্থৈর্য্যবর্ণকারী সপিচ্ছিলঃ ॥
অস্মাদতিযবঃ কিঞ্চিদ্ গুণৈর্ন্যূনতরঃ স্মৃতঃ ॥

পর্য্যায়। শ্বেতবর্ণ, তীক্ষ্ণশূকবিশিষ্টকে যব এবং শুকহীনকে অতিযব বলে। ইহারা শূক ধান্য। যব, শুচি, তীক্ষ্ণশূক, নিঃশূক, অতিযব এইকয়টী যবের পর্য্যায়। *

গুণ। যব কষায় মধুর রসবিশিষ্ট, শীতবীর্য্য, পিত্ত, কফ ও রক্তদোষনাশক, ব্রণরোগে তিলের ন্যায় সুপথ্য, রূক্ষ, স্মৃতিশক্তি ও অগ্নিবর্দ্ধক, লেখনগুণযুক্ত, স্রোতোনিরোধক, স্বরবর্দ্ধক, অত্যন্তবায়ু ও মলজনক, স্থিরত্বকারী ও পিচ্ছিল, মেদ ও তৃষ্ণানাশক। অতিযব ইহাপেক্ষা হীনগুণযুক্ত।

---

## শিম্বীধান্যনামগুণাঃ।

শিম্বী মুদ্গশ্চণো মাষঃ সতীনঃ সকলায়কঃ।
মসূরশ্চ মঙ্গল্য মকুষ্টস্ত্রিপুটাদয়ঃ ॥

---

* দেশভেদে নামভেদ।—যবকে হিন্দীতে জৌ, মহারাষ্ট্রে জব ও জোং, কর্ণাটে মুংডঞ্জযব তৈলঙ্গে যবধান্য, যবলনেভুধান্যম্ ও বালিবিয়ম, তামিলে বার্লিঅরিসু, গুজরাটে জব, ফারসীতে, জব, আরবীতে শঈর বলে, ইংরাজীতে Bitter Barley ল্যাটীনে Hordeum Hexasticum. ডাক্তারী নাম Barley. বার্লি।

বৈদলা মধুরা রূক্ষাঃ কষায়াঃ কটুপাকিনঃ।
বাতলা কফপিত্তঘ্না বদ্ধমূত্রমলা হিমাঃ॥
ঋতে মুদ্গমসূরাভ্যামন্যে ত্বাধ্মানকারকাঃ।
শিম্ব্যো বিষ্টম্ভিনো মেহদৃষ্টিঘ্না বাতপিত্তলাঃ॥
বিশদা গুরবো হৃদ্যা রূক্ষাঃ কটুবিপাকিনঃ।
সিতাসিতাদিভেদেন বহুধা তে প্রকীর্ত্তিতাঃ॥

পর্য্যায়। শিম্বী ( শুঁটী ), মুদ্গ ( মুগ ), চণ ( ছোলা ), মাষ ( কলাই ), সতীন ( মটর ), সকলায়ক ( কলায় ভেদ), মসূর, চক্র ( রক্তকুলথ ), মঙ্গল্য ( মসূর ভেদ ), মকুষ্টক ( বনমুগ ) ও ত্রিপুট ( খেঁসারী ) ভেদে বিদলান্ন নানাপ্রকার।

গুণ। শিম্বীধান্যকে বৈদল বলে। সমস্তবৈদল মধুর, রূক্ষ, কষায়, পাকে কটু, বায়ুজনক, কফপিত্তনাশক, মলমূত্রবন্ধকর, শীতবীর্য্য, মুদ্গ ও মসূর ভিন্ন অন্য সর্ব্বপ্রকার শিম্বীধান্য আধ্মানকারক।

শিম্বীধান্য বিষ্টম্ভকারক, মেহনাশক, দৃষ্টিশক্তি বিঘাতক, বায়ু ও পিত্তজনক, বিশদ, গুরুপাক, রুচিকর, রূক্ষ, পরিপাকে কটুরস, সিত ও অসিত অর্থাৎ শ্বেত ও কৃষ্ণভেদে শিম্বীধান্য বহুবিধ।

---

## মুদ্গনামগুণাঃ।

মুদ্গো বলাঢ্যো মঙ্গল্যো হরিতঃ শারদোঽপরঃ।
পীতঃ প্রচেতো বলকো মাধবঃ পরিকীর্ত্তিতঃ॥
বনমুদ্গাস্তুবরকো রাজমুদ্গাস্তু খণ্ডকঃ॥
মুদ্গো রূক্ষো লঘুর্গ্রাহী কফপিত্তহরো হিমঃ।

স্বাদুরল্পানিলো নেত্র্যো বন্যোঽপ্যেতদ্‌গুণঃস্মৃতঃ।
হরিতঃ প্রবরস্তেষাং তচ্ছাকং তিক্তমুত্তমম্‌ ॥
স জলার্দ্রীকৃতঃ স্বাদুঃ পথ্যঃ শ্রমবতাং নৃণাং।
বিশেষেণ চ পিত্তঘ্নস্তর্পণো বলকৃদ্‌ গুরুঃ।
স স্নেহসিদ্ধো বলকৃৎ ত্রিদোষঘ্নো রুচিপ্রদঃ ॥

পর্য্যায়।—মুদ্গ, বলাঢ্য, মঙ্গল্য, হরিত ও শারদ এইকয়টী হরিত মুগের, পীত, প্রচেত, বলক ও মাধব এই কয়টী পীতমুগের এবং তুবরক ও বনমুদ্গ এই দুইটী বনমুগের এবং রাজমুদ্গ ও খণ্ডক এইদুইটী রাজমুগের নাম। *

গুণ।—মুগ রূক্ষ, লঘুপাক, মলসংগ্রাহী, কফপিত্তনাশক, শীতবীর্য্য, সুস্বাদু, অল্পবায়ুজনক, চক্ষুর‍্জ্যোতিবর্দ্ধক ও বর্ণাধায়ক।

হরিতমুগ ( ঘেসোমুগ )ই মুগের মধ্যে শ্রেষ্ঠ। তাহার গুণ মুদ্গবৎ ইহার শাক অতিশয় তিক্ত।

মুগ জলে ভিজাইয়া খাইলে শ্রান্তি দূর হয়। ইহা পিত্তনাশক, বলকর, গুরুপাক, তৃপ্তিজনক। ইহা তৈলসহ সিদ্ধ করিলে বলকর, ত্রিদোষঘ্ন ও রুচিকর হয়।

---

## মাষনামগুণাঃ।

মাষো জীর্ণকরো ধারো ধবলো রাজমাষকঃ।
মাষো গুরুঃ স্বাদুপাকঃ স্নিগ্ধো বৃষ্যোঽনিলাপহঃ ॥

---

* দেশভেদে নামভেদ।—মুগের নাম হিন্দুস্থানে হারিমুং, মূগ, মহারাষ্ট্রে, হিরবে মুগ, কর্ণাটে হেসয়েরু,তৈলঙ্গে পেসলু,পঞ্জাবেমূঙ্গি, গুজরাটে মগলীলা, ফারসীতে বুনুমাষ, আরবীতে মজ, ইংরাজীতে Green graio. ডাক্তারী Phascolus mungo. ফেসিওলাস মুঙ্গো।

স্রংসনস্তর্পণো বল্যঃ শুক্রলো বৃংহণঃ পরঃ।
ভিন্নমূত্রমলঃ স্তন্যো মেদঃপিত্তকফপ্রদঃ॥
গুদকীলার্দ্দিতশ্বাস পাক্তিশূলানি নাশয়েৎ॥

পর্য্যায়। মাষ, জীর্ণকর,ধার এইকয়টী মাষকলায়ের পর্য্যায়। ধবলবর্ণ মাষকে রাজমাষ (বরবটী) বলে। ধবল ও রাজমাষ এই দুইটী তাহার পর্য্যায়। *

গুণ। মাষকলায় গুরু, পাকে স্বাদু, স্নিগ্ধ, বীর্য্যবর্দ্ধক, বায়ুনাশক, স্রংসন অর্থাৎ ঊর্দ্ধদোষের অধোকারক ( বিরেচক ), তৃপ্তিকারক, বলকর, শুক্রজনক, অত্যন্ত বলবীর্য্যবর্দ্ধক, মলমূত্রনিঃসারক, স্তনদুগ্ধবর্দ্ধক, মেদ, পিত্ত ও কফ-জনক, গুদকীলনামকপীড়া, অর্দ্দিত ( বায়ুরোগবিশেষ ), শ্বাস ও পরিণামশূল নাশক।

---

## রাজমাষগুণাঃ।

রাজমাষঃ স্বাদু রূক্ষঃ কষায়স্তর্পণো লঘুঃ।
গ্রাহী বাতকফস্তন্যবহুবর্চো রুচিপ্রদঃ॥

গুণ। রাজমাষ স্বাদু, রূক্ষ, কষায়, তৃপ্তিজনক, লঘুপাক, মলসংগ্রাহক, বায়ু কফ স্তনদুগ্ধ জনক, অত্যন্ত মলপ্রবর্ত্তক ও রুচিকর। †

---

* দেশভেদে নামভেদ।—মাষকলায়কে হিন্দুস্থানে উড়দ, উরীদ, তৈলঙ্গে, মিনুউলু, মহারাষ্ট্রে উড়িদ, গুজরাটে অড়দ, কর্ণাটে উড়ু, ফারসীতে মাষ, আরবীতে মাষা বলে। ডাক্তারী নাম Phaseolus Roxburghi. ফ্যাসিয়োলস্ রক্সবারঘাই। ইংরাজীতে Kidneybean.

† দেশভেদে নামভেদ।—বরবটীকে হিন্দীতে লোবিয়া, রৈস ও বোড়া, মাহারাষ্ট্রে নীলউদরীদ, চংবল্যা, কর্ণাটে বরবটা, অলসংদে গুজরাটে চোলা,

## মকুষ্ঠনামগুণাঃ।

মকুষ্টো বনমুদ্গঃ স্যা ন্মকুষ্টকমকুষ্ঠকৌ।
মকুষ্টো বাতলো গ্রাহী কফপিত্তহরো লঘুঃ।
বহ্নিজিন্মধুরঃ পাকে কৃমিজিজ্জ্বরনাশনঃ॥

পর্য্যায়। মকুষ্ঠ, বনমুদ্গ, মকুষ্টক, মকুষ্ঠক এইকয়টী মকুষ্ঠ (বনমুগের) পর্য্যায়।

গুণ।—মকুষ্ঠ বায়ুজনক, মলসংগ্রাহী, লঘু, বমননিবারক, পাকে মধুর, কৃমি, কফ, পিত্ত ও জ্বরনাশক।

---

## নিষ্পাবনামগুণাঃ।

নিষ্পাবো রাজশিম্বী স্যাৎ বল্লকঃ শ্বেতশিম্বিকঃ।
নিষ্পাবোঽনিলপিত্তাস্রমূত্রস্তন্যকরঃ সরঃ।
বিদাহ্যুষ্ণো গুরুঃ শ্লেষ্মশোথকৃচ্ছুক্রনাশনঃ॥

পর্য্যায়। নিষ্পাব, রাজশিম্বী, বল্লক ও শ্বেতশিম্বিক এইকয়টী শ্বেতসীমের (বরবটী ভেদের) পর্য্যায়।

গুণ। নিষ্পাব বায়ু, পিত্ত, রক্ত, মূত্র ও স্তনদুগ্ধজনক, সারক, দাহজনক, উষ্ণবীর্য্য, গুরুপাক, কফ ও শোথকর, শুক্রনাশক।

---

পঞ্জাবে রৈস, ফারসীতে লোবয়া, আরবীতে ফরিকা বলে। ইংরাজীতে Chinese dolicas. ডাক্তারী নাম Dolichos Sinensis. ডোলিকস্ সাইনেনসিস্।

## সতীননামগুণাঃ।

বর্ত্তুলস্তু সতীনঃ স্যাদ্ধরেণুঃ স্বল্পবর্ত্তুলঃ।
বর্ত্তুলঃ শীতলো গ্রাহী কফপিত্তহরো লঘুঃ॥
বিপাকে মধুরো রূক্ষো হরেণুস্তদ্গুণঃ স্মৃতঃ॥

পর্য্যায়। বড় মটর কলায়ের পর্য্যায়।—বর্ত্তুল ও সতীন।

ছোট মটর বা বাঁটলো কলায়ের পর্য্যায়।— হরেণু ও স্বল্পবর্ত্তুল।

গুণ। বাঁটলো শীতবীর্য্য, মলসংগ্রাহক, লঘুপাক, পরিপাকে মধুর, রূক্ষ, কফপিত্তঘ্ন। হরেণু অর্থাৎ ছোট বাঁটলো কলায়ের গুণ বড়মটরের ন্যায়।

---

## কলায়নামগুণাঃ।

কলায়ঃ খণ্ডিকঃ প্রোক্তস্ত্রিপুটঃ ক্ষুদ্রখণ্ডিকঃ।
কলায়ঃ কফপিত্তঘ্নো গ্রাহী শীতোঽতিবাতলঃ॥
ত্রিপুটোঽপি গুণৈরেবং তচ্ছাকং কফবাতজিৎ॥

পর্য্যায়। খেঁসারি কলায়ের সংস্কৃত নাম কলায় ও খণ্ডিক। এবং ছোট খেঁসারির সংস্কৃত নাম ত্রিপুট ও ক্ষুদ্রখণ্ডিক। *

গুণ। খেঁসারি কফ ও পিত্তনাশক, মলসংগ্রাহক, শীতবীর্য্য, অত্যন্ত বায়ুজনক। ত্রিপুটেরও গুণ ঐরূপ। খেঁসারির শাক কফ ও পিত্তনাশক।

---

* দেশভেদে নামভেদে।— **ইহার নাম হিন্দুস্থানে খেসারী, কস্‌র, কস্‌সা, মহারাষ্ট্রে লাংগ,** লাংগ, লাংক, গুজরাটে মটর, তৈলঙ্গে লাংক, আরবীতে **হবুল, বকর, খলজ, ফারসীতে** মাসংগ, **জলবান, ইংরাজীতে Chickling Vetch. ল্যাটীনে Lathyrus Sativus.**

## চণকনামগুণাঃ।

চণকো হরিমন্থঃ স্যাদ্ বাজিমন্থোঽশ্বজীবনঃ।
চণকঃ শীতলো রূক্ষো রক্তপিত্তকফাপহঃ।
লঘুঃ কষায়ো বিষ্টম্ভী বাতলঃ কুষ্ঠনাশনঃ॥

পর্য্যায়। চণক অর্থাৎ ছোলার পর্য্যায়।—চণক, হরিমন্থ, বাজিমন্থ ও অশ্বজীবন। *

গুণ।—চণক, শীতবীর্য্য, রূক্ষ, লঘুপাক, কষায়রস, বিষ্টম্ভকারক, বায়ুজনক, কুষ্ঠ, রক্তপিত্ত ও কফনাশক।

---

## মসূরনামগুণাঃ।

মসূরিকা মসূরঃ স্যান্মঙ্গল্যাপাণ্ডুরাপরা।
মসূরির্মধুরঃ পাকে সংগ্রাহী শীতলো লঘুঃ।
কফপিত্তাস্রজিদ্বল্যস্তচ্ছাকং লঘু তিক্তকম্॥

পর্য্যায়।—মসূরিকা, মসূর, মঙ্গল্যা, আপাণ্ডুরা এই কয়টী মসূরি কলায়ের পর্য্যায়। †

---

* দেশভেদে নামভেদ।—ছোলাকে হিন্দীতে চনা ও চনে, মহারাষ্ট্রে ঘরভরে, কর্ণাটে কড়লে, গুজরাটে চণ্যা, তৈলঙ্গে শনগালু, ফরাসীতে নখুদ, আরবীতে হুমম, বলে, ইংরাজীতে Gram or chick pea গ্র্যাম বা চিক্ পি।

† দেশভেদে নামভেদ।—মসূরকলায়কে হিন্দীতে মসূর, মহারাষ্ট্রে চণই, মসূরা, কর্ণাটে চণগী, তৈলঙ্গে িরিশনমলু ও মিসূরপপ্পু এবং তামিলে মিসূর, পুরপূর, ফারসীতে বুনোস্থর্গ, আরবীতে অদম্ বলে। ডাক্তারী নাম Cicer lens. সিসার লেন্স। ইংরাজীতে Lentil. ল্যাটীনে Erveylens.

গুণ। মসূর পরিপাকে মধুররস, সংগ্রাহক, শীতবীর্য্য, লঘুপাক, বলকর, কফপিত্ত ও রক্তদোষনাশক। মসূর শাক লঘুপাক ও তিক্তরস।

---

## কুলত্থনামগুণাঃ।

কুলত্থশ্চক্রকশ্চক্রঃ কুলালো বনজঃ পরঃ।
অপরা দৃক্‌প্রসাদা চ চক্ষুষ্যা চ কুলত্থিকা॥
কুলালী লোচনহিতা কুম্ভকারী মলাপহা।
কুলত্থঃ কটুকঃ পাকে কষায়ো রক্তপিত্তকৃৎ।
লঘুবিদাহী বীর্য্যোষ্ণঃ শ্বাসকাসকফানিলান্।
হন্তি হিক্কাশ্মরীশুক্রদাহানাহান্ সপীনসান্।
স্বেদসংগ্রাহকো গুল্মমেদঃকৃমিহরঃ পরঃ।
বন্যো বিশেষতঃ শীতো নেত্রামযবিষাপহঃ।

গ্রাম্য ও বন্য ভেদে কুলত্থ দুইপ্রকার।

পর্য্যায়।—কুলত্থ, চক্রক, চক্র, কুলাল এইকয়টী গ্রাম্য কুলত্থের এবং দৃক্‌প্রসাদা, চক্ষুষ্যা, কুলত্থিকা, কুলালী, লোচনহিতা, কুম্ভকারী ও মলাপহা এইকয়টী বনজ কুলত্থের সংস্কৃত নাম। *

* দেশভেদে নামভেদ।—কুলত্থ কলায়কে হিন্দীতে কুলথী, তৈলঙ্গে বুলাবুলু, মহারাষ্ট্রে কুলীথ, গুজরাটে কলথী, কর্ণাটে হুলুবলে-তীসী, আরবীতে হবুল কিলত, ফারসীতে কিল্লত, মুংখহিংদী বলে। ইংরাজীতে Two flowerd dolicos. ডাক্তারী নাম Dolichos biflorus. ডোলিকস বাইফ্লোরাস্।

গুণ।—কুলত্থ পরিপাকে কটু ও কষায় রস, রক্তপিত্তকারক, লঘুপাক, দাহজনক, উষ্ণবীর্য্য, শ্বাস, কাস, কফ, বায়ু, স্বেদসংগ্রাহক, হিক্কা, অশ্মরী (পাথুরী), শুক্র, দাহ, আনাহ, পীনস, গুল্ম, মেদ ও কৃমিনাশক।

বন্য কুলত্থ বিশেষতঃ শীতবীর্য্য, নেত্ররোগ ও বিষদোষ নাশক।

---

## তিলনামগুণাঃ।

তিলঃ পূতস্তৈলফলস্তিলপিঞ্জোঽপরঃ সিতঃ।
জতিলো বনজাতঃ স্যাৎ পাপঘ্নঃ পূতধান্যকম্॥
তিলঃ কষায়ো মধুরস্তিক্তকঃ কটুকো রসে।
তিলো গ্রাহী গুরুঃ স্বাদুঃ স্নিগ্ধোষ্ণঃ কফপিত্তলঃ।
বল্যঃ কেশ্যো হিমস্পর্শস্ত্বচ্যঃ স্তন্যো ব্রণে হিতঃ।
বন্যোঽল্পমূত্রকৃদ্বাতনাশনোঽগ্নিমতিপ্রদঃ।
কৃষ্ণঃ শ্রেষ্ঠতমস্তেষু শুক্রলো মধ্যমঃ সিতঃ॥
অন্যে হীনতরাঃ প্রোক্তাস্তদ্বদ্রক্তাদয়স্তিলাঃ॥

শ্বেত, কৃষ্ণ, বন্য ও রক্ত ভেদে তিল নানাপ্রকার।

পর্য্যায়।—তিল, পূত, তৈলফল, তিলপিঞ্জ, সিত, জতিল, বনজাত, পাপঘ্ন ও পূতধান্যক এই কয়টী তিলের পর্য্যায়। *

---

* দেশভেদে নামভেদ।—তিলের নাম হিন্দুস্থানে তিল, মহারাষ্ট্রে তীল, কর্ণাটে এলু, তৈলঙ্গে তোবুলু, মঞ্চিনূনে সুব্বলু, তামিলে বাল্লেনের, দাক্ষিণাত্যে বারিক তিল, গুজরাটে তিল, দ্রাবীড়ে বারিকতিল, ফারসীতে কুঞ্জদ্, আরবীতে সিমসিম, ইংরাজীতে Sisamum Niger seeds. ইহার ডাক্তারী নাম Sisamum Indicum. শিশেমাম ইণ্ডিকাম্।

গুণাদি। তিল, কষায় মধুর, তিক্ত ও কটুরস। মলসংগ্রাহক, গুরুপাক, স্বাদু, স্নেহগুণযুক্ত, রক্তপ্রদ, কফ ও পিত্তজনক, বলকর, কেশবর্দ্ধক, শীতল-স্পর্শ, ত্বকের হিতকর, স্তনদুগ্ধবর্দ্ধক, ব্রণনাশক।

বন্যতিল অল্পমূত্রকর, বায়ুনাশক, অগ্নিবর্দ্ধক, সুমতিপ্রদ।

কৃষ্ণতিল সর্ব্বপ্রকার তিলের মধ্যে শ্রেষ্ঠ। শুক্লতিল মধ্যগুণযুক্ত ও শুক্রবর্দ্ধক। অন্যান্য বন্য ও রক্তবর্ণ তিল ইহা অপেক্ষা হীনগুণ।

---

## তুবরীনামগুণাঃ।

আঢ়কী তুবরী পীতপুষ্পা চ শণপুষ্পিকা।
তুবরী গ্রাহিণী শীতা লঘুঃ কফবিষাস্রজিৎ॥

পর্য্যায়। আঢ়কী, তুবরী, পীতপুষ্পা ও শণপুষ্পিকা এইকয়টী আঢ়কী অর্থাৎ অড়রের সংস্কৃত নাম। *

গুণ।—অড়র মলসংগ্রাহক, শীতবীর্য্য, লঘুপাক, কফ, বিষদোষ ও রক্তদোষনাশক।

---

## অতসীনামগুণাঃ।

অতসী নীলপুষ্পোমা চণকা মসৃণা ক্ষুমা॥
অতসী শুক্রদৃষ্টিঘ্নী স্নিগ্ধা বাতাস্রজিদ্‌গুরুঃ॥

---

* দেশভেদে নামভেদ।—অড়হরের হিন্দীনাম রহড়, অড়হর, তুবরী ও টুমুর, মহারাষ্ট্রে তুরী, গুজরাটে তুরদাল্য, কর্ণাটে কটলাকটু, তোগরী, তৈলঙ্গে কাদুলু, ফারসীতে শাখুল। ইংরাজীতে Pigeonpea ডাক্তারী নাম Cajanus. ক্যাজেনাস।

পর্য্যায়। অতসী, নীলপুষ্পা, উমা, চণকা, মসৃণা ও ক্ষুমা এইকয়টী মসিনার সংস্কৃত নাম। *

গুণ।—মসিনা স্নিগ্ধগুণযুক্ত, গুরু, শুক্র, দর্শনশক্তি ও বাতরক্ত নাশক।

## কুসুম্ভনামগুণাঃ।

কুসুম্ভং বাৰ্দ্ধকা পীতমলক্তং বস্ত্ররঞ্জনী।
তদ্বীজং বরটী লঘ্বী শুদ্ধা পদ্মোত্তরা তথা॥
কুসুম্ভং বাতলং কৃচ্ছ্ররক্তপিত্তকফাপহম্।
বরটী তদ্বদুদ্দিষ্টা বিশেষাদ্বিষনাশিনী॥

পর্য্যায়।—কুসুম্ভ, বার্দ্ধকী, পীত, অলক্ত, বস্ত্ররঞ্জনী, এইকয়টী কুসুম্ভের নাম। তাহার বীজের পর্য্যায় যথা, বরটী, লঘ্বী, শুদ্ধা ও পদ্মোত্তরা।

গুণাদি।—কুসুম্ভ বায়ুজনক, মূত্রকৃচ্ছ্র, রক্তপিত্ত ও কফনাশক। কুসুম্ভ বীজের গুণ কুসুম্ভেরই ন্যায়, বিশেষতঃ ইহা বিষনাশক।

## সর্ষপনামগুণাঃ।

সর্ষপঃ কটুকস্নেহো ভূতঘ্নো রক্ষিতাফলঃ।
তন্তুভোঽন্যঃ স উদ্দিষ্টঃ সিদ্ধার্থঃ শ্বেতসর্ষপঃ।

---

* দেশভেদে নামভেদ।—মসিনাকে হিন্দুস্থানে তিসী, অতসী, তৈলঙ্গে নল্লপগসিচেট্টু, মহারাষ্ট্রে জবস, অলশী, গুজরাটে অলশী, কর্ণাটে অসগে, আরবীতে বজরুল্‌কতান, ফারসীতে তুখমেকতান বলে। ল্যাটীনে Linum Usitatissimum. ইহার ডাক্তারী নাম Common Flax কমন, ফ্ল্যাক্স, ইংরাজী Linseeds.

রাজিকা ত্বাসুরা রাজা সুতীক্ষ্ণঃ কৃষ্ণসর্ষপঃ।
সর্ষপঃ কফবাতঘ্নস্তীক্ষ্ণোষ্ণো রক্তপিত্তকৃৎ॥
কিঞ্চিদ্রূক্ষোঽগ্নিদঃ কণ্ডূকুষ্ঠকোঠক্রিমীন্ হরেৎ।
রাজিক স্তদ্গুণা জ্ঞেয়াস্তীক্ষ্ণাস্তীব্রা বিশেষতঃ॥

শ্বেত ও কৃষ্ণ ভেদে সর্ষপ নানাবিধ।

পর্য্যায়।—সর্ষপ, কুটকস্নেহ, ভূতঘ্ন, রক্ষিতাফল, তন্তুভ, সিদ্ধার্থ, শ্বেত-সর্ষপ, রাজিকা, আসুরী, রাজী, সুতীক্ষ্ণ, কৃষ্ণসর্ষপ এইগুলি সর্ষপ সকলের সংস্কৃত নাম। *

গুণ।—সর্ষপ তীক্ষ্ণ, উষ্ণবীর্য্য, রক্তপিত্তজনক, কিছু রূক্ষ, অগ্নিপ্রদ, কফ ও বায়ুনাশক, কণ্ডু, কোঠরোগ ও কৃমি নাশক।

রাজিকার (রাই সরিষার) গুণ সর্ষপের ন্যায়, বিশেষতঃ তীক্ষ্ণ ও তীব্রবীর্য্য।

---

## শণনামগুণাঃ।

শণঃ প্রোক্তো মাতুলানী জন্তুতন্তুর্মহাশণঃ।
শণো হিমো গুরুর্গ্রাহী তৎপুষ্পং প্রদরাস্রজিৎ॥

পর্য্যায়।—শণ, মাতুলানী, জন্তুতন্তু, মহাশণ; এইকয়টী শণের সংস্কৃত নাম।

---

* দেশভেদে নামভেদ।—সর্ষপের হিন্দীনাম সরষোঁ ও সফেদ সরসোঁ, মহারাষ্ট্রে শিরস্, শ্বেতশিরস, গুজরাটে শরশব, কর্ণাটে বিলীয়সাসেব, তৈলঙ্গে পাচ্চা অশ্বালু, ফারসীতে সর্ষফ, আরবীতে উর্কেঅবীয়দ, ইংরাজীতে Singhpisalba ল্যাটীনে Brassicacampestris ইহার ডাক্তারী নাম Dinapis dichotoma. ডাইনাপিস্ ডাইকোটোমা।

গুণ।—শণ শীতবীর্য্য, গুরুপাক, মলবন্ধকারক। শণের পুষ্প প্রদর ও রক্তদোষনাশক।

---

## তৃণধান্যনামগুণাঃ।

কঙ্গু শ্যামাক নীবার বরকোদ্দালনর্ত্তকাঃ।
বরট্টিকা তোদপর্ণী কোদ্রবশ্চ মধূলিকা।
নন্দীমুখী বেণুযবা প্রিয়ঙ্গুঃ কোরদূষকঃ।
গবেধুকা নলো নালী মুকুন্দং বরকাদিকম্।
তৃণধান্যং লঘু স্বাদু কটুপাকি বিলেখনম্।
রূক্ষোষ্ণং বদ্ধনিষ্যন্দং বাতপিত্তপ্রকোপনম্।

পর্য্যায়। কঙ্গু (কাঙ্গনীধান), শ্যামাক, (শ্যামাঘাসবীজ), নীবার (তৃণধান্য), বরক (চীনেধান), উদ্দাল (তৃণধান্যভেদ), নর্ত্তক, বরট্টিকা, তোদপর্ণী, কোদ্রব, মধূলিকা, নন্দীমুখী, বেণুযব, প্রিয়ঙ্গু, কোরদূষক, গবেধুকা, নল, নালী, মুকুন্দ এবং বরকাদি ভেদে তৃণধান্য বহুবিধ।

গুণ।—তৃণধান্য, লঘুপাক, স্বাদু, পাকে কটু, লেখনগুণযুক্ত, রূক্ষ, উষ্ণবীর্য্য, স্রোতোনিবারক, বায়ু ও পিত্তপ্রকোপক।

---

## কঙ্গুকোদ্রবনামগুণাঃ।

পীততণ্ডুলিকা কঙ্গুঃ প্রিয়ঙ্গুঃ কুঙ্কুমারুণঃ।
সিতকঙ্গুস্তু মুসলা রক্তকঙ্গুস্তু শোধিকা।

চীনাকঃ কাককঙ্গুঃ স্যাৎ শ্যামাকঃ শণকঙ্গুকঃ।
কোদ্রবঃ কোরদূষঃ স্যাদুদ্দালো বনকোদ্রবঃ॥
প্রিয়ঙ্গুঃ পিত্তজিদ্ বৃষ্যো ভগ্নসন্ধানকৃদ্‌গুরুঃ।
শ্যামাকঃ শোষণঃ শীতো রূক্ষঃ পিত্তকফাপহঃ।
কোদ্রবঃ শীতলো গ্রাহী বিষপিত্তকফান্ জয়েৎ॥

পর্য্যায়। কঙ্গু চারি প্রকার। পীততণ্ডুলিকা, কঙ্গু, প্রিয়ঙ্গু, কুঙ্কুমারুণ, এইকয়টী প্রিয়ঙ্গুর সাধারণ নাম। সিতকঙ্গু, মুসলী, এই দুইটী শ্বেত কঙ্গুর, রক্তকঙ্গু ও শোধিকা, এই দুইটী লালকঙ্গুর, চীনাক ও কাককঙ্গু, এই দুইটী কাককঙ্গুর, শ্যামাক ও শণকঙ্গুক, এই দুইটী শ্যামাকের, কোদ্রব ও কোরদূষ, এই দুইটী কোদ্রবের (কোদধান্যের) এবং উদ্দাল ও বনকোদ্রব এই দুইটী বনকোদ্রবের সংস্কৃত নাম। *

গুণ।—প্রিয়ঙ্গু পিত্তনাশক, বলবর্দ্ধক, ভগ্নসংযোজক, গুরুপাক। শ্যামাধান্য শোষক, শীতবীর্য্য, রূক্ষ, পিত্ত ও কফনাশক।

কোদধান্য শীতবীর্য্য, মলসংগ্রাহক, বিষ, পিত্ত ও কফনাশক।

---

## নীবারনামগুণাঃ।

নীবার উড্ডকা নাড়ী মুনিব্রীহির্মুনিপ্রিয়ঃ।
নীবারঃ শীতলো গ্রাহী পিত্তঘ্নঃ কফবাতকৃৎ॥

* দেশভেদে নামভেদ।—ইহাকে হিন্দুস্থানে কঙ্গুনী, কংগনী, তৈলঙ্গে প্রেকণপুচেট্টু, মহারাষ্ট্রে ও গুজরাটে কাংগ, কর্ণাটে নবণে, ফারসীতে গল বলে। ডাক্তারী নাম Panicum Italicum. পানিকম ইটালিকম।

পর্য্যায়।—নীবার, উড্ডকা, নাড়ী, মুনিব্রীহি, মুনিপ্রিয়, এইকয়টী নীবার অর্থাৎ উড়িধানের সংস্কৃত নাম। *

গুণ।—উড়িধান্য শীতবীর্য্য, মলসংগ্রাহী, কফ ও বায়ুজনক, পিত্তনাশক।

## যাবনালনামগুণাঃ।

যাবনালো দেবধান্যং ঊর্ণাহ্বো জূনলো নলঃ।
যাবনালঃ স্বাদুঃ শীতো বাতলঃ কফপিত্তজিৎ॥
রুক্ষো লঘুরশুষ্কঃ স ভৃষ্টোঽগ্নৌ পুষ্করাভিধঃ।
পুষ্করং মধুরং রুচ্যং বলকৃল্লঘু দীপনং।
ত্রিদোষশমনং ক্ষীণহিতং শুক্রকরং পরং।
তল্লাজা লঘবো রুক্ষাস্ততো ন্যূনগুণা মতাঃ॥

পর্য্যায়। যাবনাল, দেবধান্য, ঊর্ণাবাচকশব্দ সমূহ, জূনল ও নল এইগুলি দেধানের সংস্কৃত নাম। †

গুণ। দেধান স্বাদু, শীতবীর্য্য, বায়ুজনক, কফ ও পিত্তনাশক। অশুষ্ক যাববাল রুক্ষ ও লঘুপাক। যাবনাল অগ্নিতে ভাজিলে তাহাকে পুষ্কর বলে, পুষ্কর মধুর, রুচিকর, বলকর, লঘুপাক, অগ্নিদীপক, ত্রিদোষনাশক, ক্ষীণব্যক্তির

---

* ইহাকে হিন্দুস্থানে তীনী, তীনী, তৈলঙ্গে নিবরি বট্রু, মহারাষ্ট্রে দেবভাত, গুজরাটে বংটী, কর্ণাটে জ্যবল্লমেধে বলে। ল্যাটীনে Paincum Italicum. ডাক্তারী নাম wild variety of oryza sativa.

† দেশভেদে নামভেদ।—ইহার হিন্দী নাম পুনেরা। ডাক্তারী নাম Andropogon Saccharatus. এ্যাণ্ড্রোপোগন সাকারেটস।

পক্ষে হিতকর এবং অত্যন্ত শুক্রজনক। ইহার খৈ লঘুপাক, রূক্ষ এবং তদপেক্ষা ঈষৎ হীনগুণযুক্ত।

---

## গবেধুকানামগুণাঃ।

গবেধুকা কর্ষণী স্যাৎ গোজিহ্বা কর্ষিকা মতা।
গবেধুকা কটুঃ স্বাদ্বী কার্শ্যকৃৎ কফনাশিনী॥

পর্য্যায়।—গবেধুকা, গোজিহ্বা, কর্ষণী ও আকর্ষিকা এইকয়টী গড়গড়ে ধান্যের সংস্কৃত নাম।

গুণ—গড়গড়ে ধান কটু, স্বাদু, কৃশতাকারক ও কফনাশক।

---

## পরিভাষা।

অপর্য্যাপ্তং ব্যাধিহতমনার্ত্তবমভূমিজম্
নবং জন্ত্বাদিভির্জুষ্টং ন ধান্যং গুণবন্মতম্॥
ধান্যং নবমভিষ্যন্দি গুরু স্বাদু কফপ্রদম্
বর্ষোষিতং সর্ব্বধান্যং গৌরবং পরিমুঞ্চতি।
ন মুঞ্চতি তদা বীর্য্যং ক্রমান্মুঞ্চন্ত্যতঃপরম্।
বিদাহি গুরু বিষ্টম্ভি বিরূঢ়ং দৃষ্টিদূষণম্।
এতেষু যবগোধূমতিলমাষা নবা হিতাঃ।
রূঢ়াঃ পুরাণা বিরসা ন তথা গুণকারিণঃ॥

অপরিপক্ক, কীটদষ্ট, অন্যঋতুতে উৎপন্ন, কুস্থানজাত, নূতন, জন্তুসংযুক্ত ধান্য সম্যক্‌গুণযুক্ত হয় না।

নূতন ধান্য নেত্রাভিষ্যন্দকর, গুরুপাক, স্বাদু ও কফজনক।

এক বৎসরের পুরাতন সর্ব্বপ্রকার ধান্য গুরুত্ব ত্যাগ করে। অর্থাৎ লঘু পাক হয়। কোন কোন ধান্য এক বর্ষের পরেও লঘু না হইলে ক্রমশঃ অর্থাৎ ২।৩ বর্ষ পরে নিশ্চয়ই লঘু হইয়া থাকে। কোদধান্য দাহজনক, গুরুপাক, বিষ্টম্ভি, ও নেত্রদোষজনক।

সকল ধান্যের মধ্যে যব, গোধূম, তিল, মাষকলাই নূতনই প্রশস্ত। পুরাতন হইলে রূক্ষ, বিরস ও তাদৃশগুণদায়ক হয় না।

---

যো রাজ্ঞাং মুখতিলকঃ কটারমল্ল-
স্তেন শ্রীমদননৃপেণ নির্ম্মিতেঽত্র।
গ্রন্থেঽভূন্মদনবিনোদনাম্নি পূর্ণো
ধন্যোঽয়ং ললিতপদৈশ্চ ধান্যবর্গঃ॥

যিনি সমস্ত নৃপতিবৃন্দের অগ্রগণ্য এবং কটারমল্ল নামেও বিখ্যাত, সেই মদন নৃপতি কর্ত্তৃক নির্ম্মিত এই মদনবিনোদ নামক গ্রন্থে ধান্যবর্গ সমাপ্ত হইল।

ইতি মদনপালনিঘণ্টৌ ধান্যবর্গঃ।

---

# অন্নাদিবর্গঃ।

রাধা হরিং চরণয়োঃ পতিতং করাভ্যাং
কোপাজ্জঘান তমুদীক্ষ্য পুনর্হসন্তং।
তৎপাদয়োঃ সমপতচ্চকিতাভিষাতা-
মুত্থাপয়ন্ জয়তি কৈতবগোপবেশঃ॥

শ্রীরাধিকা নিজচরণযুগলে পতিত শ্রীকৃষ্ণকে কোপপ্রযুক্ত হস্তদ্বারা আঘাত করাতে শ্রীকৃষ্ণ হাস্য করিতে লাগিলেন। তাহাতে শ্রীরাধা লজ্জিত হইয়া সচকিতে যেমন শ্রীকৃষ্ণচরণে দণ্ডবৎ সম্যক্‌রূপে পতিত হইলেন, অমনি কপটগোপবেশধারী শ্রীহরি তাঁহাকে উত্থাপিত করিয়াছিলেন, সেই শ্রীহরি অদ্য জয়যুক্ত হউন।

## আহারনামগুণাঃ।

আহারো ভোজনং জগ্ধির্নিঘসো জীবনং তথা।
আহারো বলকৃৎ সদ্যঃপ্রীণনো দেহধারকঃ॥
ওজস্তেজঃস্বরোৎসাহধৃতিস্মৃতিমতিপ্রদঃ॥

পর্য্যায়।—আহার, ভোজন, জগ্ধি, নিঘস ও জীবন এইকয়টী আহারের সংস্কৃত নাম।

গুণ।—আহার বলকর, সদ্যঃপ্রীতিকর, দেহের ধারক, ওজোধাতু, তেজ, স্বর, উৎসাহ, ধৈর্য্য, স্মরণশক্তি ও সুমতিপ্রদ।

## ভক্তনামগুণাঃ।

ভক্তমন্ধস্তু ভিস্‌সান্নং ক্রূরং দীদিবিরোদনঃ।
ভক্তং বহ্নিকরং পথ্যং তর্পণং মূত্রলং লঘু।
সুধৌতং প্রস্রুতং চোষ্ণং বিশদং গুণবন্মতম্।
অধৌতমস্রুতং শীতং গুরু বৃষ্যং কফপ্রদম্॥
ভৃষ্টতণ্ডুলজং রুচ্যং সুগন্ধি কফজিল্লঘু।
ভক্তং মাংস ফল ক্ষীর বৈদলাম্লাদিসাধিতম্।
স্নেহশাকৈর্গুরুতরং বৃষ্যং বল্যং কফপ্রদম্।
রসোদনো গুরুর্বৃষ্যো বল্যো বাতজ্বরাপহঃ।
ঘোলভক্তং গ্রহণ্যর্শঃশ্রমঘ্নং পাচনং হিমম্॥

পর্য্যায়।—ভক্ত, অন্ধস, ভিস্‌সা, অন্ন, ক্রূর, দীদিবি ও ওদন, এইকয়টী ভাতের সংস্কৃত নাম।

সুন্দররূপে ধৌত তণ্ডুলের প্রস্তুত উষ্ণ, ফেনবর্জ্জিত অন্ন অধিকগুণযুক্ত।

অধৌত তণ্ডুলের অন্ন ফেনযুক্ত থাকিলে তাহা শীতবীর্য্য, গুরুপাক, বীর্য্যবর্দ্ধক ও কফপ্রদ।

ভাজা চাউল রুচিকর, সুগন্ধযুক্ত, কফনাশক ও লঘুপাক।

মাংস, ফল, দুগ্ধ, দাইল, অম্ল, ঘৃত, তৈলাদি ও শাক ইত্যাদি সহিত পক্ক অন্ন গুরুতর, বীর্য্যবর্দ্ধক, বলকর ও কফজনক।

মাংসরসসংযুক্তান্ন গুরুপাক, বীর্য্যবর্দ্ধক, বলকর, বাতিকজ্বরনাশক।

ঘোল সংযুক্ত অন্ন গ্রহণী, অর্শঃ ও শ্রমনাশক, পাচক ও শীতবীর্য্য।

## অত্যুষ্ণান্নাদিগুণাঃ।

অত্যুষ্ণান্নং বলহরং শীতমুষ্ণঞ্চ দুর্জ্জরং।
অতিক্লিন্নং গ্লানিকরং দুর্জরং তণ্ডুলান্বিতং ॥
সৌমনস্যং বলং পুষ্টিমুৎসাহং হর্ষণং সুখং।
স্বাদু সংজনয়েদন্নং মাংসস্বাদু বিপর্য্যয়ং ॥

অতিউষ্ণ অন্ন বলনাশক, শীতল অন্ন উষ্ণ হইলে গুরুপাক, অত্যন্ত গলাভাত গ্লানিজনক, তণ্ডুল সংযুক্ত ভাত অতি দুঃখে জীর্ণ হয়।

সুপক্ক স্বাদু অন্ন মনের প্রীতিকর, বল, পুষ্টি, উৎসাহ, হর্ষ ও সুখকর। কিন্তু মাংসসংযুক্ত স্বাদু অন্ন বিপরীত গুণবিশিষ্ট হয়।

---

## যবাগূপেয়াদি লক্ষণম্।

যবাগূঃ ষড়্গুণে তোয়ে সংসিদ্ধা বিরলদ্রবা।
চতুর্গুণে তু সংসিদ্ধা বিলেপী ঘনসিক্থকা ॥
পেয়া সিক্থান্বিতা তোয়ে চতুর্দ্দশগুণে কৃতা।
মণ্ডশ্চতুর্দ্দশগুণে তোয়ে সিদ্ধস্ত্বসিক্থকঃ ॥

তণ্ডুল ছয়গুণজলে সিদ্ধ করিয়া অল্প পাতলা থাকিতে নামাইলে তাহাকে যবাগূ বলে, চারিগুণ জলে সিদ্ধ ঘনসিটিযুক্তকে বিলেপী, চতুর্দ্দশগুণজলে সিদ্ধ সিটিযুক্তকে পেয়া, এবং চৌদ্দগুণজলে সিদ্ধ সিটিবর্জ্জিতকে মণ্ড বলে।

---

## যবাগূগুণাঃ।

যবাগূর্গ্রাহিণী তৃষ্ণাজ্বরঘ্নী বস্তিশোধনী।

যবাগূ মলসংগ্রা তৃষ্ণা ও জ্বরনাশক ও বস্তির সংশোধক।

## বিলেপীগুণাঃ।

বিলেপী দীপনী বল্যা হৃদ্যা সংগ্রাহিণী লঘুঃ।
ব্রণাক্ষিরোগিণাং পথ্যা তর্পণী তৃড্জ্বরাপহা॥

গুণ। বিলেপী অগ্নিদীপক, বলকর, প্রীতিজনক, মলবদ্ধকারক, লঘুপাক, ব্রণ ও নেত্ররোগীর পক্ষে পথ্যসদৃশ, তৃপ্তিজনক, তৃষ্ণা ও জ্বরনাশক।

---

## পেয়াগুণাঃ।

পেয়া কুক্ষিগদক্লান্তিজ্বরস্তম্ভাতিসারজিৎ।
রুচ্যাগ্নিকৃল্লঘুর্দোষ মলস্বেদানুলোমিনী॥

গুণ। পেয়া রুচিকর, অগ্নিকর, লঘুপাক, দোষ, মল ও স্বেদের অনুলোমক। কুক্ষিস্থ সমস্তরোগ, মনহুহুকরা, জ্বর, স্তম্ভ ও অতিসার রোগনাশক।

---

## মণ্ডগুণাঃ।

মণ্ডো গ্রাহী লঘুঃ শীতো দীপনো ধাতুসাম্যকৃৎ।
স্রোতোমার্দ্দবকৃৎ পিত্তজ্বরশ্লেষ্মশ্রমাপহঃ॥

গুণ। মণ্ড মলরোধক, লঘুপাক, শীতবীর্য্য, অগ্নিদীপক, ধাতুসকলের সমতাকারক, স্রোতের মৃদুতাকারক, পৈত্তিকজ্বর, শ্লেষ্ম ও শ্রমনাশক।

---

## যাব্যমণ্ড লাজমণ্ড নামগুণাঃ

যাব্যমণ্ডো যবৈর্ভৃষ্টৈর্লাজমণ্ডস্তু শালিভিঃ।
যাব্যমণ্ডো লঘুর্গ্রাহী শূলানাহত্রিদোষজিৎ॥

নবজ্বরেঽপি পথ্যোঽয়ং পটোলমগধান্বিতঃ।
লাজমণ্ডো লঘুর্গ্রাহী হৃদ্যঃ পাচনদীপনঃ॥

পর্য্যায়। যবের মণ্ড ভাজাযবদ্বারা এবং ভাজা শালিধান্য দ্বারা লাজমণ্ড (খইয়ের মণ্ড) প্রস্তুত হয়।

গুণ। যবের মণ্ড লঘুপাক, মলবদ্ধকর, শূল, আনাহ ও ত্রিদোষ নাশক। ইহা নবজ্বরে পটোল ও পিঁপুলচূর্ণসহ পথ্যরূপে প্রযুক্ত হয়। লাজমণ্ড লঘুপাক, মলসংগ্রাহী, সত্ত্ব পাচক ও অগ্নিদীপ্তিকর।

---

## অষ্টগুণ মণ্ড নামগুণাঃ।

তণ্ডুলৈরর্দ্ধমুদ্গাংশৈঃ কিঞ্চিদ্‌ভৃষ্টৈস্তু পাচিতঃ।
হিঙ্গুসিন্ধূত্থধনিকা পত্রত্রিকটুসংস্কৃতঃ।
জ্ঞেয়ঃ সোঽষ্টগুণো মণ্ডো জ্বরদোষত্রয়াপহঃ।
রক্তঃক্ষুদ্‌বোধনঃ প্রাণদীপনঃ শীতলো লঘুঃ॥

পর্য্যায়। অর্দ্ধাংশ তণ্ডুল ও অর্দ্ধেক মুগ অল্প ভাজিয়া ১৪গুণ জলে পাক করতঃ তাহাতে হিং, সৈন্ধব, ধনিয়া, তেজপত্র, শুঁঠ, পিপুল ও মরিচ মিশ্রিত করিলে তাহাকে অষ্টগুণ মণ্ড বলে।

গুণ—অষ্টগুণমণ্ড রক্ত অর্থাৎ প্রীতিজনক, ক্ষুধাবোধক, প্রাণপ্রদ, শীতবীর্য্য ও লঘুপাক, জ্বরঘ্ন, ত্রিদোষনাশক।

---

## মুদ্‌গযূষ নামগুণাঃ।

যূষঃ স্মৃতো বৈদলানামষ্টাদশগুণেঽম্ভসি।
মুদ্গানামুত্তমো যূষো দীপনঃ শীতলো লঘুঃ॥
ব্রণোর্দ্ধজত্রুরুগ্‌দাহ কফপিত্তজ্বরাস্রজিৎ॥

পর্য্যায়। অষ্টাদশগুণজলে মুগের ডাইল পাক করিলে মুগের যূষ প্রস্তুত হয়।

গুণ।—মুগের যূষ অগ্নিদীপক, শীতবীর্য্য, লঘুপাক, ব্রণ, উর্দ্ধজত্রুরোগ, দাহ, কফ, পিত্ত, জ্বর ও রক্তদোষ নাশক।

---

## মুদ্‌গামলকযূষ গুণাঃ।

মুদ্গামলকযূষস্তু ভেদনঃ কফপিত্তজিৎ।
তৃড়্‌দাহশমনঃ শীতো মূর্চ্ছাশ্রমমদাপহঃ॥

গুণ।—মুগ ও আমলার যূষ ভেদক, শীতবীর্য্য, কফপিত্ত, তৃষ্ণা, দাহ, শূল, মূর্চ্ছা, শ্রম ও মদনাশক।

---

## দাড়িমামলকযূষ গুণাঃ।

দাড়িমামলকৈর্যূষঃ পিত্তবাতহরো লঘুঃ॥

গুণ। দাড়িম ও আমলার যূষ পিত্ত ও বায়ুনাশক এবং লঘুপাক।

---

## কুলত্থযূষ গুণাঃ।

কুলত্থযূষো গুল্মার্শঃ কফবাতাশ্মশর্করাঃ।
তূণী প্রতূণী মেদাংসি মেহং হন্ত্যগ্নিকৃৎ সরঃ।

গুণ। কুলত্থযূষ অগ্নিবর্দ্ধক ও সারক, গুল্ম, অর্শ, কফ, বায়ু, অশ্মরী, শর্করা, তূণী, প্রতূণী ও মেদরোগ নাশক।

## সূপ্যমূলকযূষ গুণাঃ।

সূপ্য ( শুষ্ক ) মূলকজো যূষো গলগ্রহকফজ্বরান্।
হন্তি শ্বাসপ্রতিশ্যায়কাসমেদোঽরুচিকৃমীন্॥

গুণ। সূপ্য একপ্রকার কলাই অথবা শুষ্ক মূলারযূষ গলগ্রহ, কফ, জ্বর, শ্বাস, কাস, প্রতিশ্যায়, মেদ, অরুচি ও কৃমিরোগনাশক।

## চণকযূষগুণাঃ।

চণকৈর্বিহিতো যূষোঽনুষ্ণস্তুবরকো লঘুঃ।
রক্তপিত্তপ্রতিশ্যায়কাসপিত্তকফাপহঃ॥

গুণ। চণক অর্থাৎ ছোলার যূষ উষ্ণ নহে, কষায়রসযুক্ত, লঘুপাক, রক্তপিত্ত, প্রতীশ্যায়, কাস, পিত্ত ও কফ রোগনাশক।

## মকুষ্টযূষ গুণাঃ।

মকুষ্টযূষঃ সংগ্রাহী পিত্তশ্লেষ্মজরাপহঃ।
লঘুঃ সন্তর্পণঃ পথ্যো হৃদ্যঃ পীনসকাসজিৎ॥

গুণ। বন্যমুগের যূষ মলসংগ্রাহক, লঘুপাক, তৃপ্তিজনক, পথ্য, প্রীতিকর, পীনস, কাস, পিত্ত, কফ ও জ্বরনাশক।

## কৃতাকৃতযূষ নামগুণাঃ।

যূষঃ কৃতাখ্যো লবণস্নেহকট্বাদিসাধিতঃ।
অকৃতস্তৈর্বিনা সিদ্ধঃ ক্রমাদ্‌গুরুলঘূ চ তৌ॥

গুণ। লবণ ঘৃতাদি স্নেহ পদার্থ সংযোগে জলদ্বারা বিধানানুসারে সাধিত যূষকে কৃতযূষ এবং লবণাদিবর্জ্জিত কেবল সিদ্ধ করা যূষকে অকৃত যূষ বলে। কৃতযূষ গুরুপাক এবং অকৃত যূষ লঘুপাক।

---

## যূষসামান্য গুণাঃ।

যূষা গোরস ধান্যাম্লফলাম্লাদিভিরন্বিতাঃ।
যথোত্তরং গুরুতরা বাতঘ্না রুচিকারিণঃ॥
যৈরন্নৈরৌষধৈর্যৈশ্চ কৃতা মণ্ডাদয়ো বুধৈঃ।
বিচার্য্য তদগুণানেতাংস্তদ্‌গুণানেব নির্দ্দিশেৎ॥

গুণ। গোরস অর্থাৎ লবণ, ধান্যাম্ল (কাঁজি), অম্লফলাদি ( লেবু ) দ্বারা যুক্ত যূষ যথাক্রমে গুরুতর, বায়ুনাশক এবং রুচিকর। যূষ ও মণ্ডাদি, যে যে অন্ন ও যে যে ঔষধ দ্বারা প্রস্তুত হয়, পণ্ডিতগণ সেই যূষকে, সেই সেই অন্ন ও ঔষধাদির গুণযুক্ত বলিয়া নির্দ্দেশ করিবেন।

---

## সূপ নামগুণাঃ।

সূপস্তু সূপ্যকং ভৃষ্টৈঃ শিম্বীজৈর্নিস্তুষৈঃ কৃতং।
সূপ্যং বিষ্টম্ভি রূক্ষং স্যান্নিরম্লং তু বিশেষতঃ।
নিস্তুষং ভৃষ্টসিদ্ধং তল্লাঘবং সুতরাং ব্রজেৎ॥

পর্য্যায়। তুষবর্জ্জিত ভৃষ্ট শিম্বীধান্যকৃত পদার্থকে সূপ বা সূপ্য বলে।

গুণ। সূপ্য বিষ্টম্ভী, রুক্ষ। বিশেষতঃ অম্লরহিত সূপ্য রুক্ষ। সূপ্য তুষবর্জ্জিত, ভাজা ও সিদ্ধকরা সুতরাং ইহা লঘুপাক।

## কৃশরানামগুণাঃ।

কচিৎ সমাষৈঃ ক্কাথ্যৈবং কৃশরা তিলতণ্ডুলৈঃ।
কৃশরা বলকৃদ্‌গ্রাহা সিদ্ধা তণ্ডুলবৈদলৈঃ॥
কৃশরা শুক্রলা বল্যা গুর্ব্বী পিত্তকফপ্রদা।
দুর্জরা পুষ্টিবিষ্টম্ভমলকৃদ্বাতনাশিনী॥

পর্য্যায়। মাষকলাই ডাল ও চাউল বা তিল ও চাউল দ্বারা কৃশরা অর্থাৎ খিচুড়ী প্রস্তুত হয়।

গুণ। খিচুড়ী বলকর, মলবদ্ধকর, শুক্রবর্দ্ধক, বলকর, গুরুপাক, পিত্ত ও কফপ্রদ, দুষ্পাচ্য, পুষ্টি, বিষ্টম্ভ ও মলবর্দ্ধক এবং বায়ুনাশক।

## ক্ষিপ্রানামগুণাঃ।

ক্ষিপ্রাপি তদ্‌গুণা সৈষা স্বধান্যগুণকারিণী।

ক্ষিপ্রা এক প্রকার খিচুড়ী। ইহা কৃশরার ন্যায় গুণযুক্ত ও স্বধান্য সকলের অর্থাৎ যে ধান্য দ্বারা প্রস্তুত তাহারই ন্যায় গুণকারক।

## ক্ষৈরেয়ীনামগুণাঃ।

ক্ষৈরেয়ী পরমান্নং স্যাৎ পায়সং ক্ষীরতণ্ডুলৈঃ।
ক্ষৈরেয়ী দুর্জরা বল্যা ধাতুপুষ্টিপ্রদা গুরুঃ।
বিষ্টম্ভিনী হরেৎ পিত্তরক্তপিত্তাগ্নিমারুতান্॥

পর্য্যায়। ক্ষৈরেয়ী, পায়স ও পরমান্ন এই তিনটী পায়সের সংস্কৃত নাম। দুগ্ধ ও চাউলদ্বারা পায়স প্রস্তুত হয়।

গুণ। পায়স দুর্জ্জর, বলকর, ধাতুর পুষ্টিকর, গুরুপাক, বিষ্টম্ভকর, পিত্ত, রক্তপিত্ত, অগ্নি ও বায়ুনাশক।

---

## রাজখাণ্ডবাদি নামগুণাঃ।

গুড়াদিপক্কং কথিতমামমাম্রফলং পুনঃ।
স্নেহৈলানাগরৈর্যুক্তং জ্ঞাতব্যো রাজখাণ্ডবঃ॥
সিতারুচকসিন্ধূত্থৈঃ সবৃক্ষাম্লপরূষকৈঃ।
নিম্বূফলরসৈর্যুক্তো রাগো রাজিকয়া কৃতঃ॥
খাণ্ডবা মধুরাম্লাদিরসসংযোগসম্ভবাঃ।
দীপনা বৃংহণা রুচ্যাস্তীক্ষ্ণা হৃদ্যাঃ শ্রমাপহাঃ॥

পর্য্যায়। গুড় বা চিনিতে কাঁচা আম্রফল পাক করিয়া তাহাতে তৈল, এলাইচ ও শুঁঠ সংযুক্ত করিলে রাজখাণ্ডব প্রস্তুত হয়।

চিনি, কাললবণ ও সৈন্ধবলবণ সংযুক্ত মহাদা ও ফলসা, লেবুর রসে ও রাইসরিষার চূর্ণের সহিত মিশ্রিত করিলে রাগ প্রস্তুত হয়।

গুণ। মধুররস ও অম্লরসাদি সংযোগে উৎপন্ন খাণ্ডব অগ্নিদীপক, বীর্য্যবর্দ্ধক, রুচিকর, তীক্ষ্ণবীর্য্য, প্রীতিকারক ও শ্রমনাশক।

---

## খণ্ডাম্র-খণ্ডামলক গুণাঃ।

আম্রামলকলেহাদ্যা হৃদ্যাঃ পুষ্টিবলপ্রদাঃ।
তর্পণা রোচনাঃ স্নিগ্ধা মধুরা গুরবস্তথা॥

গুণ। আম্রখণ্ড ও আমলকীখণ্ড প্রভৃতি লেহ্য দ্রব্য অতি প্রীতিকর, পুষ্টি ও বলপ্রদ, তৃপ্তিজনক, রুচিকর, স্নেহগুণযুক্ত, মধুর ও গুরুপাক।

---

## রসালা নাম গুণাঃ।

সসিতং দধিমধ্বাজ্যমরীচৈলাদিসংস্কৃতম্।
মথিতং কান্তকামিন্যা কর্পূরপরিবাসিতম্॥
রসালা শিখরী প্রোক্তা মার্জ্জিতা চ বিচক্ষণৈঃ।
রসালা শুক্রলা বল্যা রোচনী বাতপিত্তজিৎ॥
স্নিগ্ধা গুরুঃ প্রতিশ্যায়ং বিশেষেণ বিনাশয়েৎ॥

পর্য্যায়। চিনি, দধি, মধু, ঘৃত, মরীচ ও এলাইচাদি সংযুক্ত, সুন্দরী মানিনী কামিনী দ্বারা মথিত, কর্পূরবাসিত ঘোলকে রসালা বলে। রসালা, শিখরী ও মার্জিতা এই কয়টী রসালার সংস্কৃত নাম।

গুণ। রসালা শুক্রজনক, বলকর, রুচিকারক, স্নিগ্ধ, গুরুপাক, বায়ু, পিত্ত ও বিশেষতঃ প্রতিশ্যায় নাশক।

---

## পানক নামগুণাঃ।

দ্রাক্ষাম্লিকাপরূষাদিজলং খণ্ডাদিমিশ্রিতম্।
মরিচার্দ্রক কর্পূর চাতুর্জাতাদিসংস্কৃতম্॥
পানকং দ্বিবিধং তৎ স্যাদম্লানম্লবিভেদতঃ।
দ্রাক্ষা খর্জুরকাশ্মর্য্য সমধূকপরূষকৈঃ॥
পঞ্চসারাভিধং পানং চন্দ্রসূর্য্যাধিবাসিতম্।
পানকং মূত্রলং হৃদ্যং প্রীণনং তৃট্ শ্রমাপহম্।
যথাদ্রব্যগুণং তত্তু গুরু লঘ্বাদি নির্দ্দিশেৎ।
পঞ্চসারাভিধং পিত্ত তৃষ্ণাদাহ শ্রমাপহম্।
মার্দ্বীকং শ্রমদাহাস্রপিত্তক্লমতৃষাপহম্॥
পরূষকাণাং কোলানাং হৃদ্যং বিষ্টম্ভি পাকনম্।
আম্লিকায়াঃ সরং তৃষ্ণাকৃমিদাহশ্রমাপহং॥

পর্য্যায়। দ্রাক্ষা (কিসমিস), অম্লিকা (তেঁতুল) ও পরুষ (ফলসা) ইত্যাদির রস, খণ্ডাদি সংযুক্ত ও মরিচ, আদা, কর্পূর, দারুচিনি, এলাইচ, তেজপত্র, ও নাগকেশর দ্বারা সুবাসিত করিলে পানক (পানা) প্রস্তুত হয়।

অম্ল ও অনম্ল ভেদে পানা দুই প্রকার। দ্রাক্ষা, খেজুর, কাশ্মর্য্য (গাম্ভারী), মৌয়াফল ও ফলসা এই পাঁচটী দ্রব্যজাত ও চন্দ্র ও সূর্য্যাধিবাসিত অর্থাৎ দিবা সূর্য্যাতপে এবং রাত্রিতে চন্দ্রকিরণে স্থাপিত পানাকে পঞ্চসার পানা বলে।

গুণ। পানা মূত্রকারক, মনঃপ্রীতিকর, তৃপ্তিজনক, তৃষ্ণা ও শ্রমনাশক।

যে যে দ্রব্য হইতে পানা প্রস্তুত হয়, সেই সেই দ্রব্যের গুরুত্ব ও লঘুত্ব প্রভৃতি গুণ সেই সেই পানাতে নির্দ্দেশ করিবে।

গুণ।—পঞ্চসার নামক পানা পিত্ত, তৃষ্ণা, দাহ ও শ্রান্তিনাশক। মাধ্বীক অর্থাৎ মনাক্কার পানা শ্রম, দাহ, রক্তপিত্ত, ক্লম ও তৃষ্ণানাশক।

ফলসা ও কুলের পানা তৃপ্তিজনক, বিষ্টম্ভজনক, এবং তিন্তিড়ীর পান সারক, তৃষ্ণা, কৃমি, দাহ ও শ্রমনাশক।

## সট্টক নামগুণাঃ।

নিঃস্নেহং দধি নির্ম্মথ্য পচেৎ শর্করয়ান্বিতম্।
সব্যোষ দাড়িমাজাজিঃ সট্টকোঽয়মুদাহৃতঃ।
সট্টকো রোচনঃ স্বর্য্যঃ পিত্তানিলহরো গুরুঃ।
দীপনস্তর্পণো বল্যঃ শ্রমক্লমতৃষাপহঃ॥

পর্য্যায়। নিঃস্নেহ অর্থাৎ মাঠাতোলা দুগ্ধের দধি মন্থন পূর্ব্বক চিনি সংযুক্ত করিয়া পাক করিবে, তাহাতে শুঁঠ, পিপুল, মরিচ, দাড়িম ও কালজীরা চূর্ণ মিশ্রিত করিলে সট্টক প্রস্তুত হয়।

গুণ।—সট্টক রুচিকর, স্বরশোধক, গুরুপাক, অগ্নিদীপক, তৃপ্তিজনক বলকর, পিত্ত ও বায়ু, শ্রম, ক্লম ও তৃষ্ণানাশক।

## মণ্ডক-পোলিকা নামগুণাঃ।

কুকূল খর্পর ভ্রাষ্ট্রকন্দ্বঙ্গার বিপাচিতাঃ।
মণ্ডকাদ্যা যথাপূর্ব্বং গুরবো বৃংহণা মতাঃ॥

মণ্ডকো বিস্তৃতঃ সূক্ষ্মঃ খর্পরাদিষু পাচিতঃ।
স এব কিঞ্চিৎস্থূলস্তু বুধৈঃ সা পোলিকা মতা॥
অঙ্গারকর্কটী সৈব বিজ্ঞেয়াঙ্গারপাচিতা।
অত্যুষ্ণো মণ্ডকঃ পথ্যঃ শীতঃ স গুরুরুচ্যতে॥
অঙ্গারমণ্ডকো গ্রাহী লঘুর্দোষত্রয়াপহঃ।
পোলিকা কফকৃদ্ বল্যা পিত্তলা বাতনুদ্‌গুরুঃ।
অঙ্গারকর্কটী বল্যা বৃংহণী শুক্রলা লঘুঃ।
দীপনী কফহৃদ্রোগপীনসশ্বাসবাতজিৎ॥

গুণ। কুকূল অর্থাৎ তুষাগ্নি, খর্পর, খোলা, কন্দু ও অঙ্গারের অগ্নিতে পাককরিয়া মণ্ডকপ্রভৃতি খাদ্যদ্রব্য প্রস্তুত করিতে হয়। ইহারা পূর্ব্বক্রমানুসারে গুরুপাক ও বীর্য্যবর্দ্ধক।

খর্পরাদিতে পাককরা অতি পাতলা ও বিস্তৃত রুটীকে মণ্ডক বলে।

মণ্ডক একটু পুরু হইলে তাহাকে পণ্ডিতগণ পোলিকা বলেন।

ময়দা জলে মাখিয়া গুটিকা প্রস্তুত করিয়া তাহা অঙ্গারে পাককরিলে তাহাকে অঙ্গারকর্কটী বলে।

গুণ।—অত্যন্ত উষ্ণ মণ্ডক পথ্য এবং শীতল মণ্ডক গুরুপাক।

অঙ্গারপক্ক মণ্ডক মলসংরোধক, লঘুপাক এবং ত্রিদোষনাশক।

পোলিকা (রুটী) কফজনক, বলকর, পিত্তবর্দ্ধক, বায়ুনাশক ও গুরুপাক।

গুণ।—অঙ্গারকর্কটী বলকর, বলবীর্য্যবর্দ্ধক, লঘুপাক, অগ্নিদীপক, কফজনিত হৃদ্রোগ, পীনস, শ্বাস ও বায়ুরোগ নাশক।

## শালিভক্ষ্য গু

শালিপিষ্টকৃতা ভক্ষ্যা নাতিবল্যা বিদাহিনঃ।
অবৃষ্যা গুরবঃ শ্লেষ্মকফপিত্তপ্রকোপনাঃ ॥

গুণ। শালিধান্য পেষণ করিয়া তদ্দ্বারা (চাউলের গুঁড়ি) প্রস্তুত ভক্ষ্য দ্রব্য পিষ্টকাদি অনতিবলপ্রদ, দাহজনক, বীর্য্যবর্দ্ধক নহে, গুরুপাক, কফ ও পিত্ত-প্রকোপক।

---

## গোধূমভক্ষ্য-বৈদলগুণাঃ।

গোধূমবিহিতা ভক্ষ্যা বল্যা পিত্তানিলাপহাঃ।
বৈদলা বাতলা ভক্ষ্যা গুরবস্তুবরা হিমাঃ ॥

গুণ। গমচূর্ণদ্বারা প্রস্তুত খাদ্য বলকর, পিত্ত ও বায়ুনাশক।

বৈদল অর্থাৎ মুগ ছোলা প্রভৃতি দাইলের চূর্ণে (বেশনে) প্রস্তুত খাদ্য-দ্রব্য বলকর, পিত্ত ও বায়ু নাশক।

---

## মাষভক্ষ্যগুণাঃ।

মাষপিষ্টকৃতা ভক্ষ্যা বল্যাঃ পিত্তকফপ্রদাঃ।

গুণ। মাষকলাইয়ের ডালের পিষ্টদ্বারা নির্ম্মিত খাদ্য বলকর, পিত্ত ও কফপ্রদ।

---

## গুড়যুক্তভক্ষ্য গুণাঃ।

গৌড়িকা গুরবো ভক্ষ্যা বাতঘ্নাঃ কফশুক্রলাঃ ॥

গুণ। গুড় সংযুক্ত চাউল ময়দা বা বেশন সহকারে প্রস্তুত খাদ্য গুরুপাক, কফ ও শুক্রজনক, বায়ুনাশক।

## ঘৃতপক্ক ভক্ষ্য গুণাঃ।

ঘৃতপাচিতভক্ষ্যাস্তু বল্যাঃ পিত্তকফাপহাঃ।

গুণ। ঘৃতপক্ক ভক্ষ্যদ্রব্য বলকর, পিত্ত ও কফনাশক।

---

## তৈলপক্কভক্ষ্য গুণাঃ।

তৈলজা দৃক্‌সমীরঘ্নাস্তূষ্ণাঃ পিত্তাস্রদূষণাঃ।

গুণ। তৈলপক্ক খাদ্যদ্রব্য উষ্ণবীর্য্য, রক্তপিত্তদূষক, দৃষ্টিশক্তি ও বায়ুনাশক।

---

## দুগ্ধভক্ষ্য গুণাঃ।

দুগ্ধালোড়িত গোধূম শালিপিষ্টাদিনির্ম্মিতাঃ।

বাতপিত্তহরা ভক্ষ্যা হৃদ্যা শুক্রবলপ্রদাঃ।

বিচার্য্যান্নগুণান্ ভক্ষ্যানন্যানপি বিনির্দ্দিশেৎ॥

গুণ। দুগ্ধসহ পক্ক তণ্ডুলচূর্ণ, ময়দা বা বেশন দ্বারা প্রস্তুত খাদ্য, প্রীতিকর, শুক্র ও বলপ্রদ, বায়ু ও পিত্তনাশক।

অন্নের গুণানুসারে ভক্ষ্যদ্রব্যের গুণ হইয়া থাকে। সুতরাং যেরূপ দ্রব্য হইতে যে খাদ্যদ্রব্য প্রস্তুত হইবে, তাহা সেই অন্ন গুণানুসারে নিরূপণ কর্ত্তব্য।

---

## ঘৃতপূর নামগুণাঃ।

ক্ষীরেণ মর্দ্দিতং চূর্ণং গোধূমানাং সুগালিতম্।

বিস্তার্য্য সর্পিষা পক্কং ততঃ শ্বেতাবিমিশ্রিতম্।

ঘৃতপূরোঽয়মুদ্দিষ্টঃ কর্পূরমরিচান্বিতম্।

সমিতামর্দ্দিতাক্ষীরনারিকেলসিতাদিভিঃ॥

অবগাহ্য ঘৃতে পক্কে ঘৃতপূরোঽপরঃ স্মৃতঃ।
ঘৃতপূরো গুরুর্ব্বৃষ্যো হৃদ্যঃ পিত্তানিলাপহঃ।
সদ্যঃ প্রাণপ্রদো বল্যঃ ক্ষতজিদ্বৃংহণঃ পরঃ॥

পর্য্যায়। গোধূমচূর্ণ দুগ্ধের সহিত মিশ্রিত করিয়া উত্তমরূপে বস্ত্রে ছাঁকিয়া লইয়া বিস্তারিত করতঃ তাহা ঘৃতে ভাজিয়া চিনি মিশ্রিত করিয়া তাহাতে কর্পূর ও মরিচচূর্ণ দিয়া প্রস্তুত করিলে তাহাকে ঘৃতপূর অর্থাৎ ঘিওর বলে।

আর একপ্রকার ঘৃতপূর হয়, তাহার প্রস্তুত প্রণালী যথা—দুগ্ধ, নারিকেল ও চিনি সহ ময়দা মাখিয়া ঘৃতপক্ক করিলে তাহাকে ঘৃতপূর বলে।

গুণ। ঘৃতপূর গুরুপাক, বলবর্দ্ধক, প্রীতিকর, সদ্য প্রাণপ্রদ, বলকর, অত্যন্ত বীর্য্যবর্দ্ধক। পিত্ত, বায়ু ও ক্ষতনাশক।

---

## সংযাব নাম।

সমিতাং সর্পিষা ভৃষ্টাং শ্বেতামরিচমিশ্রিতাং।
এলালবঙ্গকর্পূরচূর্ণাদিপরিসংস্কৃতাং।
ক্ষিপ্ত্বান্যসমিতালম্বপুটেষু সুঘৃতে পচেৎ।
ততঃ খণ্ডে ন্যসেৎ পক্কে সংযাবোঽয়মুদাহৃতঃ॥
সমিতাং মধুদুগ্ধেন মর্দ্দয়িত্বা সুশোভনাম্।
পচেদ্ ঘৃতোত্তরে খণ্ডে ন্যসেৎ পক্কং নবে ঘটে।
ততো মরিচচূর্ণৈলাখণ্ড চূর্ণাবচূর্ণিতম্।
কুর্য্যাৎ কর্পূরসংযুক্তং সংযাবমমৃতোপমম্॥

পর্য্যায়। ময়দা ঘৃতে ভাজিয়া তাহাতে চিনি ও মরিচচূর্ণ মিশ্রিত করতঃ এলাইচ, লবঙ্গ ও কর্পূরচূর্ণাদিদ্বারা সুবাসিত করিবে, পরে উহা আর একটী ময়দার পুটে স্থাপন করিয়া ঘৃতে পাক করিবে, পরে চিনিতে মিশাইয়া লইলে সংযাব প্রস্তুত হয়। অথবা ময়দা মধু ও দুগ্ধদ্বারা মর্দ্দন করতঃ ঘৃতে পাক করিবে, এবং চিনিতে মিশাইয়া নূতন ভাণ্ডে রাখিবে। তাহাতে মরিচচূর্ণ, এলাইচ, চিনি ও কর্পূর মিশাইলে উত্তমরূপ অমৃততুল্য সংযাব প্রস্তুত হয়।

---

## মধুশীর্ষক নাম।

মর্দ্দয়িত্বা তু সমিতামপূপাস্তনবঃ কৃতাঃ।
পক্ত্বা ঘৃতে সিতাপাকমণ্ডিতা মধুশীর্ষকাঃ॥
ঘৃতেন মর্দ্দিতাং তোয়ৈঃ সমিতাং মৃদু মর্দ্দয়েৎ।
মাতুলুঙ্গত্বচাখণ্ডপক্কামার্দ্রকপূরিতাম্।
বিধায়াপূপকং বৃত্তং গন্ধাঢ্যং কেশরান্বিতম্।
ঘৃতে বিস্তার্য্য বিপচেৎ সুবৃত্তান্ মৃদু পূপকান্।
পক্ত্বা সর্পিষি খণ্ডে চ কথিতো মধুশীর্ষকঃ॥

পর্য্যায়। ময়দা ঘৃত ও জলে মর্দ্দন করিয়া তদ্দারা ছোট ছোট পুলী প্রস্তুত করিবে পরে উহা ঘৃতে ভাজিয়া চিনির রসে ভূষিত করিলে মধুশীর্ষক প্রস্তুত হয়। অথবা ঘৃত ও জল দ্বারা ময়দা মৃদু মৃদু মর্দ্দন করিয়া তাহার মধ্যে টাবালেবুর খোসা ও আদার খণ্ড পূর দিয়া গোলাকার অপূপ প্রস্তুত করিয়া তাহা সুগন্ধযুক্ত ও কুঙ্কুম সংযুক্ত করিয়া ঘৃতে পাক করিয়া চিনির রসে ভূষিত করিলে মধুশীর্ষক প্রস্তুত হয়।

## মৃদুপূপকনাম ।

সমিতাং গুড়তোয়েন মেলয়িত্বা সুগালিতম্ ।
ঘৃতে বিস্তার্য্য বিপচেৎ সুবৃত্তান্ মৃদুপূপকান্ ॥

পর্য্যায় । ময়দা, গুড় ও জলের সহিত মাখিয়া ছাঁকিয়া লইয়া ঘৃতে বিস্তার পূর্ব্বক পাক করিলে গোলাকার মৃদুপূপক প্রস্তুত হয় ।

---

## দধিপূপক নাম ।

শালিপিষ্টং যুতং দধ্না মর্দ্দয়িত্বা ঘৃতে পচেৎ ।
বেষ্টয়েৎ পক্বখণ্ডেন সুবৃত্তান্ দধিপূপকান্ ॥

পর্য্যায় । শালীধান্যচূর্ণ ( চাউলের গুঁড়ী ) দধিসহ মর্দ্দন করিয়া ঘৃতে পাক করিবে পরে চিনির রসে ভূষিত করিলে দধিপূপক প্রস্তুত হয় ।

---

## সংযাবাদিগুণাঃ ।

সংযাবা মধুশীর্ষাদ্যাঃ পূপকা দধিসম্ভবাঃ ।
গুরবো বৃংহণা হৃদ্যা বৃষ্যাঃ পিত্তানিলাপহাঃ ॥
এতে সংস্কারভেদেন বিবিধাস্তেঽপি তদ্‌গুণাঃ ॥

গুণ । সংযাব, মধুশীর্ষক, মৃদুপূপক ও দধিপূপক ইহারা গুরুপাক, বীর্য্যবর্দ্ধক, প্রীতিকর, বলবর্দ্ধক, পিত্ত ও বায়ুনাশক । প্রস্তুত প্রণালীর ভেদে ইহারা বহুবিধ হইয়া থাকে এবং গুণও নানাপ্রকার হয় ।

---

## বিষ্যন্দনামগুণাঃ।

দধিক্ষীরে সমে পক্কা ত্বর্দ্ধভাগাবশেষিতে।
আবপেদ্রক্তশালীনাং তণ্ডুলান্ তিলসংযুতান্॥
পিয়ালপনসাদীনাং বীজমুষ্টিং সমাবপেৎ।
ক্ষীরতুল্যং ঘৃতঞ্চৈব শর্করা চৈব ষড়্গুণা।
সিদ্ধস্ত্রিকটুকোপেতঃ কর্পূরেণাধিবাসিতঃ।
এষ বিষ্যন্দনো নাম দেবলোকেঽপি দুর্লভঃ।
যস্মাৎ পক্বেঽপি হি ঘৃতং স্যন্দতে সর্ব্বতোমুখং।
তস্মাৎ সূপবিধানজ্ঞৈর্বিষ্যন্দো বিধিবৎ স্মৃতঃ।
বিষ্যন্দো বৃংহণো হৃদ্যঃ পিত্তানিলহরো গুরুঃ॥

পর্য্যায়। দধি ও দুগ্ধ সমভাগে লইয়া পাক করিবে অর্দ্ধাবশেষ থাকিতে তাহাতে দাউদখানি চাউল তিলসংযুক্ত করিয়া পাক করিবে, তাহাতে পিয়াল (পোস্তা) ও পনসের (কাঁঠালের) বীজ ১ মুষ্টি পরিমাণে দিয়া পাক করিবে তৎপরে তাহাতে দুগ্ধতুল্য ঘৃত ও তণ্ডুল, চিনি, ত্রিকটু ও কর্পূর দিলে বিষ্যন্দ প্রস্তুত হয়। বিষ্যন্দ দেবলোকেরও দুর্ল্লভ। ইহা পাক করিয়া পাত্রে রাখিলে চতুর্দ্দিকে স্বতঃ গলিয়া পড়িতে থাকে। এই হেতু সূপবিধানজ্ঞ পাচকগণ ইহার বিষ্যন্দ নাম দিয়াছেন।

গুণ। বিষ্যন্দ বীর্য্যবর্দ্ধক, তৃপ্তিজনক, গুরুপাক, পিত্ত ও বায়ুনাশক।

---

## লপ্সিকা নামগুণাঃ। (মোহনভোগ)

সমিতাং ভর্জ্জয়েৎ তপ্তে ঘৃতে শ্বেতাং ততো ন্যসেৎ।
বারিমজ্জাদিসংযুক্তাং পয়সা যোজয়েৎ তদা॥

এবৈলাদিযুতা তজ্জ্ঞৈর্লপ্সিকা ললিতা মতা।
লপ্সিকা বৃংহণী বৃষ্যা বাতপিত্তহরা গুরুঃ॥

পর্য্যায়। কড়াতে ঘৃত দিয়া তপ্ত হইলে তাহাতে ময়দা বা সূজী নিক্ষেপ করিয়া ভাজিবে, পরে তাহাতে উপযুক্ত পরিমাণে চিনি মিশ্রিত করিয়া উপযুক্ত পরিমাণে জল বা দুগ্ধ দ্বারা পাক করিবে। পাক সমাপ্ত হইলে তাহাতে এলাইচ, লবঙ্গ, কর্পূরাদি সংযুক্ত করিলে লপ্সিকা প্রস্তুত হয়।

গুণ। লপ্সিকা বীর্য্যবর্দ্ধক, বলকর, গুরুপাক ও বায়ু এবং পিত্তনাশক

---

## ফেনিকা নামগুণাঃ। (খাজা)

ফেনিকা পুটিনী শুভ্রা বাতপিত্তহরা লঘুঃ।
লক্ষণং ফেনিকাদীনাং সূপশাস্ত্রাদ্বিচারয়েৎ।

পর্য্যায়। ফেনিকা, পুটিনী, শুভ্রা, এই কয়টী ফেনিকা অর্থাৎ খাজার সংস্কৃত নাম।

গুণ।—ফেনিকা লঘুপাক, বায়ু ও পিত্তনাশক। ফেনিকাদি মিষ্টান্নের লক্ষণ সকল সূপ-শাস্ত্র হইতে বিচার করিয়া লইতে হইবে।

---

## মোদক নামগুণাঃ। (মোয়া)

মোদকাঃ লড্ডুকাঃ প্রোক্তাস্তে চানেকবিধা মতাঃ।
দধি ক্ষীরং নষ্টদুগ্ধং সমিতা মাষপিষ্টিকা।
শূরণার্দ্রককুষ্মাণ্ড শালূকামিষমৎস্যকাঃ।
ইত্যাদিভির্বহুবিধাঃ কল্প্যন্তে সূপশাস্ত্রতঃ॥

দ্রব্যং বিচার্য্য মতিমান্ তদ্‌গুণানপি নির্দ্দিশেৎ।
মোদকা দুর্জ্জরা বৃষ্যা বল্যাঃ পিত্তানিলাপহাঃ॥

পর্য্যায়। মোদক, লড্ডুক, এই দুইটী মোদকের পর্য্যায়।

দধি ও ক্ষীর, নষ্টদুগ্ধ, ময়দা, মাষকলাইবাঁটা, ওল, আদা, কুমড়া, শালুক, মাংস ও মৎস্য ইত্যাদি যোগে বহুবিধ মোদক,সূপশাস্ত্রানুসারে কল্পনা করিবে।

গুণ। দ্রব্যানুসারে মোদকের গুণ পৃথক্ পৃথক্ হয়। মোদক গুরুপাক, বীর্য্যবর্দ্ধক, বলকর, পিত্ত ও বায়ুনাশক।

---

## মাষবটক নামগুণাঃ। ( কলাই ডালের বড়া )

মাষমুদ্গাদিপিষ্টোত্থাঃ বটকাঃ বটিকাদয়ঃ।
তৎকারণগুণান্ জ্ঞাত্বা তদ্‌গুণানপি নির্দ্দিশেৎ॥
মাষাণাং বটকো হৃদ্যো বল্যো বাতহরো গুরুঃ।
বিষ্টম্ভী ঘোলবটকো বিদাহী পবনাপহঃ॥

পর্য্যায়। মাষকলাই ও মুগ ইত্যাদির পিটে হইতে বটক এবং বটী প্রস্তুত হয়।

গুণ। মাষকলায়ের বড়া কটু, হৃদ্য, বলকর, গুরু, বিষ্টম্ভকারক, বায়ুনাশক, ঘোলবড়া দাহজনক ও বায়ুনাশক। মাষ ও মুগানুসারে ইহাদের বড়ার গুণ জানিবে।

---

## শাণ্ডাকীবটক গুণাঃ।

শাণ্ডাকী বটকো দৃষ্টিনাশনো দোষলো গুরুঃ।

গুণ।—কাঁজির বড়া ত্রিদোষজনক, গুরুপাক ও দৃষ্টিনাশক।

## তুষাম্বু-ইণ্ডলী বটক গুণাঃ।

তুষাম্বু বটকো রুচ্যঃ পিত্তলঃ কফবাতজিৎ।
ইণ্ডলী শুক্রলা রূক্ষা বিষ্টম্ভী কফবাতকৃৎ॥

গুণ। তুষাম্বু অর্থাৎ যবের কাঁজির বড়া রুচিকর, পিত্তজনক, কফ ও বায়ুনাশক।

ইণ্ডলী বটক একপ্রকার পক্বান্ন, ইহা শুক্রপ্রদ, রূক্ষ, বিষ্টম্ভী, কফ ও বায়ুনাশক।

---

## সোহালিকা গুণাঃ।

সোহালিকা গুরুর্ব্বৃষ্যা রোচনী দোষনাশিনী॥

গুণ।—সোহালিকা গুরুপাক, বীর্য্যবর্দ্ধক, রুচিকর ও দোষনাশক।

---

## কুণ্ডলিকা নামগুণাঃ। (জিলেপী)

দ্বিপ্রস্থাং শুদ্ধসমিতাং প্রস্থং গোধূমগালিতম্
বিমর্দ্দ্য পয়সা স্থাপ্যং ব্রজেদ্ যাবত্তদম্লতাং।
সচ্ছিদ্রে নারিকেলস্থ পাত্রে নিক্ষিপ্য নির্ম্মলে।
পরিভ্রাম্য ঘৃতে তপ্তে মন্দাগ্নৌ তু বিপাচয়েৎ॥
কর্পূরবাসিতে পক্বে বিজ্ঞেয়া নৃপবল্লভা।
সুপক্বাং কঙ্কনাকারাং সিতালেহে বিনিক্ষিপেৎ।
সা তু কুণ্ডলিকা নাম পুষ্টিকান্তিবলপ্রদা।
ধাতুবৃদ্ধিকরী বৃষ্যা হৃদ্যা চেন্দ্রিয়তর্পণী।
তস্যামম্লত্বমাপন্নায়াং ন্যসেদ্ গোধূমগালিতাম্

পর্য্যায়। বিশুদ্ধ ময়দা ২ প্রস্থ, গোধূমচূর্ণ ১ প্রস্থ জলে গুলিয়া রাখিবে। অম্লত্বপ্রাপ্ত হইলে তাহা উত্তমরূপে মিলাইয়া সচ্ছিদ্র নারিকেলের মালায় তুলিয়া মন্দ মন্দ অগ্নিতাপে তাপিত ঘৃতপাত্রে গোলাকারে নিক্ষেপ করিয়া পাক করিবে, তৎপরে কর্পূর বাসিত চিনির রসে ডুবাইলে কুণ্ডলিকা অর্থাৎ জিলেপী প্রস্তুত হইবে।

গুণ।—জিলেপী পুষ্টি, কান্তি ও বলপ্রদ, নৃপগণের প্রীতিপ্রদ, বীর্য্যবর্দ্ধক, মনোহর, ইন্দ্রিয়ের তৃপ্তিজনক। তাহা অম্লত্বপ্রাপ্ত হইলে তাহাতে গমচূর্ণ প্রক্ষেপ দিবে।

---

## কুল্মাষনামগুণাঃ। ( ঘুঘনীদানা )

গোধূমাদ্যাস্তু কুল্মাষা অর্দ্ধস্বিন্না মতাঃ ক্বচিৎ।
কুল্মাষা গুরবো রূক্ষা বাতলা ভিন্নবর্চ্চসঃ॥

পর্য্যায়। অর্দ্ধ সিদ্ধ গোধূমাদিকে কুল্মাষ বলে।

গুণ।—কুল্মাষ গুরুপাক, রূক্ষ, বায়ুজনক, মলপ্রবর্ত্তক।

---

## সক্তুনামগুণাঃ। ( ছাতু )

নবীন নিস্তুষোদ্ভৃষ্ট যবচূর্ণঞ্চ সক্তবঃ॥
যবজাঃ শক্তবঃ শীতা দীপনা লঘবঃ সরাঃ।
কফপিত্তহরা রূক্ষা লেখনাঃ পানতস্তু তে।
সদ্যো বলপ্রদাঃ পথ্যা ঘর্ম্মাদিক্লান্তদেহিনাং॥
নিস্তুষৈশ্চণকৈর্ভৃষ্টৈস্তুর্য্যাংশৈশ্চ যবৈঃ কৃতাঃ।
শক্তবঃ শর্করাসর্পির্যুক্তা গ্রীষ্মেঽতিপূজিতাঃ॥

পিণ্ডী প্রোক্তা গুরুস্তেষাং দ্রবত্বাল্লেহিকা লঘুঃ।
ন ভুক্ত্বা ন রদৈশ্ছিত্বা ন নিশায়াং ন বা বহূন্।
ন জলান্তরিতানদ্ভিঃ শক্তূনদ্যান্ন কেবলান্॥

পর্য্যায়। নূতন যবের শস্য ভাজিয়া চূর্ণ করিলে সক্তু (ছাতু) প্রস্তুত হয়। যবচূর্ণ ও সক্তু, এই দুইটী ছাতুর সংস্কৃত নাম।

গুণ।—যবের ছাতু শীতবীর্য্য, অগ্নিদীপক, লঘুপাক, সারক, রুক্ষ, লেখনগুণযুক্ত, কফপিত্তনাশক।

ঘর্ম্মাদিদ্বারা আক্রান্ত ব্যক্তির পক্ষে ছাতুপান সদ্যঃ বলপ্রদ ও পথ্য।

গ্রীষ্মকালে নিস্তুষ ভাজা ছোলা ১ ভাগ ও তাহার সিকিভাগ ভাজা যবের দ্বারা নির্ম্মিত ছাতু, চিনি ও ঘৃত সংযুক্ত করিয়া পান করিলে পরম শান্তি লাভ হয়।

ছাতুর (পিণ্ড) অল্প জলদ্বারা ডেলাকরা, গুরু পাক এবং জলযোগে (তরল) পাতলা করা ছাতু লঘুপাক।

ভোজনের পর, দন্তদ্বারা ছেদন করিয়া, রাত্রিকালে ও অধিক পরিমাণে, জল বর্জ্জিত করিয়া, উষ্ণ বা কেবল ছাতু অর্থাৎ গুড়াদি বা জলাদি রসবর্জ্জিত খালি ছাতু খাওয়া নিষেধ।

---

## মন্থাদি নামগুণাঃ।

সক্তবস্তু ঘৃতাভ্যক্তাঃ শীতবারিবিলোড়িতাঃ।
নাতিদ্রবো নাতিসান্দ্রো মন্থঃ সদ্ভিঃ প্রকীর্ত্তিতঃ॥
মন্থো বলকরঃ সদ্যঃ পরিণামে বলাবহঃ।
মোহতৃষ্ণাক্ষয় চ্ছর্দ্দিকুষ্ঠদাহশ্রমান্ জয়েৎ।
দ্রাক্ষা সিতেক্ষুস্বরসৈর্মিশ্রঃ পিত্তাস্রদাহজিৎ॥

দ্রাক্ষামধুযুতো বল্যঃ কফশ্রমমদাপহঃ ॥
বর্গত্রয়সমাযুক্তো দোষবর্চ্চোঽনুলোমকঃ ॥

পর্য্যায়। ঘৃতাভ্যক্ত সক্তু সকল যাহাতে অতি তরল বা অতি ঘন না হয় এরূপ শীতল জলে গুলিলে মন্থ প্রস্তুত হইল।

গুণ।—মন্থ সদ্য বলকর ও পরিণামে বলপ্রদ। মোহ, তৃষ্ণা, ক্ষয়, বমন, কুষ্ঠ, দাহ ও শ্রমনাশক।

কিসমিস, চিনি, আকেররস মিশ্রিত মন্থ রক্তপিত্ত ও দাহনাশক।

কিসমিস ও মধু সংযুক্ত মন্থ বলকর, কফ, পরিশ্রম ও মত্ততা নাশক।

দ্রাক্ষা, চিনি ও ইক্ষুরস এই তিনটী বর্গদ্বারা প্রস্তুত মন্থ, ত্রিদোষ ও মলের অনুলোমক।

---

## লাজাধানানামগুণাঃ। (খই)

ভৃষ্টশাল্যাদিজা লাজা, ধানা ভৃষ্টযবোদ্ভবাঃ।
লাজা লঘুতরাঃ শীতা বল্যাঃ পিত্তকফচ্ছিদঃ ॥
ছর্দ্দ্যতীসারদাহাস্রমেহমেদতৃষাপহাঃ।
ধানা বিষ্টম্ভিনী রূক্ষা কফমেদোহরা গুরুঃ ॥

পর্য্যায়। ভর্জ্জিত শালিধান্য হইতে লাজা অর্থাৎ (খই) ও ভর্জ্জিত যব হইতে ধানা প্রস্তুত হয়।

গুণ।—লাজা অত্যন্ত লঘুপাক, শীতবীর্য্য বলকর, পিত্ত, কফ, ছর্দ্দি, অতিসার, দাহ, রক্তদোষ, মেহ, মেদ ও তৃষ্ণা রোগ নাশক।

ধানা বিষ্টম্ভজনক, রূক্ষ, কফ, মেদনাশক ও গুরুপাক।

## পৃথুকনামগুণাঃ। (চিড়া)

পক্কার্দ্রা ব্রীহয়ঃ সম্যক্ পীড়িতাঃ পৃথুকা মতাঃ।
পৃথুকা গুরবো বল্যা শ্লেষ্মলা বাতনাশনাঃ॥

পর্য্যায়। পক্ক ও ভিজা ধান্য পীড়িত হইলে অর্থাৎ ঢেঁকিতে কুটিলে পৃথুক (চিড়া) প্রস্তুত হয়।

গুণ।—চিড়া গুরুপাক, বলকর, কফপ্রদ, ও বায়ুনাশক।

## হোলকনামগুণাঃ। (হরাপোড়া)

শমীধান্যৈরর্দ্ধপক্কৈঃ সুভৃষ্টৈর্হোলকো মতঃ॥
হোলকোঽল্পানিলো মেদঃকফদোষত্রয়াপহঃ।

পর্য্যায়। অর্দ্ধপক্ক শমীধান্য সুন্দররূপে ভাজিলে তাহাকে হোলক বলে।

গুণ।—হোলক অল্পবায়ুজনক, মেদ, কফ ও ত্রিদোষনাশক।

## উলুম্বীনামগুণাঃ।

অপক্কভৃষ্টৈর্গোধূমৈরুম্বিকোলুম্ব্যুলুম্বিকা।
উলুম্বী কফদা বল্যা লঘুঃ পিত্তানিলাপহা॥

পর্য্যায়। কাঁচা অথচ ভাজা গম হইতে উম্বিকা, উলুম্বী ও উলুম্বিকা প্রস্তুত হয়।

গুণ।—উলুম্বী কফপ্রদ, বলকর, লঘু পাক, পিত্ত ও বায়ুনাশক।

## পরিশুষ্কপ্রদিগ্ধ-সরসোল্লিপ্ত-শূল্যমাংসনামগুণাঃ।

হিঙ্গুপকে ঘৃতে দত্ত্বা মাংসমালোড্য ভর্জ্জিতম্।
মাত্রয়োষ্ণাম্বু নিক্ষিপ্য পচেৎ সম্যগ্ বিচক্ষণঃ॥

মরিচার্দ্রকসংযুক্তং সুগন্ধিদ্রব্যবাসিতম্।
গতদ্রবং সুধাতুল্যং পরিশুষ্কং তদুচ্যতে॥
ঘনদ্রবোপলিপ্তং তৎ প্রদিগ্ধমিতি কীর্ত্ত্যতে।
প্রদিগ্ধং বাতজিদ্বল্যং গুরু শুক্রবিবর্দ্ধনং।
রসেন যুক্তং সরসং শূল্যং শূলেন সংস্কৃতম্।
পরিশুষ্কং স্থিরং স্নিগ্ধং রোচনং তর্পণং গুরু।
বলমেধাগ্নিমাংসৌজঃশুক্রবৃদ্ধিকরং পরম্।
তদেবোল্লিপ্তপিষ্টত্বাদুল্লিপ্তং পরিকীর্ত্ত্যতে॥
উল্লিপ্তং গুরুং পথ্যং তৎ পরিশুষ্কসমং গুণৈঃ।
সরসং তদ্গুণং জ্ঞেয়ং বিশেষাল্লঘু দীপনম্॥
প্রোতং শূলেন পিশিতং সৌরভাঢ্যং ঘৃতৈঃ পুনঃ।
লিপ্তং বিধূমৈরঙ্গারৈঃ পাচিতং শূল্যমুচ্যতে॥
শূল্যং সর্ব্বোত্তমং মাংসং লঘু পথ্যোত্তমং মতম্॥

পর্য্যায়। হিং সহ পক্ক ঘৃতে মাংস আলোড়ন পূর্ব্বক ভাজিয়া মাত্রানুসারে উষ্ণজল তাহাতে নিক্ষেপ করিয়া ভালরূপে পাক করিবে, পরে তাহাতে মরিচচূর্ণ, আদারবস, ও সুগন্ধিদ্রব্য সংযুক্তকরিয়া যখন রসহীন হইবে, তখন তাহাকে নামাইবে। ইহার নাম পরিশুষ্ক মাংস, ইহা সুধাতুল্য গুণযুক্ত।

পরিশুষ্ক মাংস ঘনীভূত দ্রবে অর্থাৎ রসে উপলিপ্ত হইলে তাহাকে প্রদিগ্ধ বলে।

সূপের রসদ্বারা যুক্ত মাংসকে সরস মাংস এবং শূলদ্বারা সংস্কৃত মাংসকে শূল্যমাংস বলে।

পরিশুষ্ক মাংস স্থির (কঠিন), স্নেহগুণযুক্ত, রুচিকর, তৃপ্তিজনক, গুরুপাক, বল, মেধা, অগ্নি, মাংস, ওজোধাতু ও শুক্রবর্দ্ধক।

ঐ মাংস উপরিভাগে ঝোলদ্বারা লিপ্ত এবং পিষ্টবৎ হইলে তাহাকে উল্লিপ্ত বলে।

উল্লিপ্ত মাংস গুরুপাক, পথ্য, এবং পরিশুষ্ক মাংসের ন্যায় গুণযুক্ত।

প্রদিগ্ধমাংস বায়ুনাশক, বলকর, গুরুপাক ও শুক্রবর্দ্ধক।

সরসমাংসের গুণ প্রদিগ্ধ মাংসের ন্যায়, বিশেষতঃ ইহা লঘু ও অগ্নিদীপক।

লৌহ শলাকাদ্বারা মাংসখণ্ডবিদ্ধ করিয়া, সুগন্ধ দ্রব্য ও জলদ্বারা লিপ্ত এবং ধূমহীন অঙ্গারাগ্নিতে পাচিত মাংসকে শূল্যমাংস বলে।

শূল্যমাংস সর্ব্বশ্রেষ্ঠ, লঘুপাক ও উৎকৃষ্ট পথ্য।

---

## অঙ্গারপ্রতপ্তমাংসনাম।

অঙ্গারাদিষু যৎপক্বং প্রতপ্তং তদুদাহৃতম্।

পর্য্যায়। অঙ্গারের উপরে পক্ক মাংসকে প্রতপ্ত মাংস বলে।

---

## পিষ্টমাংসনাম।

মাংসং দাড়িমসিন্ধূত্থসৌরভাদিসমন্বিতং।

পিষ্ট্বাপূপাদি সংকল্প্য পক্বং পিষ্টমিতি স্মৃতম্॥

পর্য্যায়। দাড়িমরস, সৈন্ধবলবণ ও সুগন্ধদ্রব্যসংযুক্ত মাংস পেষণ করিয়া তদ্বারা পুলী প্রস্তুত করিয়া পাক করিলে তাহাকে পিষ্টমাংস বলে।

---

## ঘৃতাদিসাধিতমাংসনাম।

ভর্জ্জিতং স্যাদ্ ঘৃতাদৌ তু ভৃষ্ট্বা যৎ সাধিতং পুনঃ।

ঘৃত ও তৈলাদি দ্বারা ভাজিয়া পুনর্ব্বার পক্ব যে মাংস তাহাকে ঘৃতাদিসাধিত মাংস বলে।

---

## কন্দুপক্কমাংসনামগুণাঃ।

মাংসং সৌরভসংলিপ্তং কন্দুপক্বং মধুপ্রভম্॥

মাংস সুগন্ধ মশলাদ্বারা লিপ্ত করিয়া পাক করিলে তাহাকে কন্দুপক্ক বলে। উহা মধুর ন্যায় মিষ্ট।

---

## তৈলপক্কপ্রদিগ্ধাদিমাংস গুণাঃ।

প্রদিগ্ধং সরসং পক্বং ভর্জ্জিতং মৃদুপাচিতম্।
প্রতপ্তং পরিশুষ্কঞ্চ শূল্যং যচ্চান্যদীদৃশম্॥
মাংসং তৈলেন সিদ্ধং তদ্বীর্য্যোষ্ণং গুরু পিত্তলম্॥

গুণ। প্রদিগ্ধ, সরস, ভর্জ্জিত, মৃদুপক্ক, প্রতপ্ত, পরিশুষ্ক, শূল্য ও অন্যপ্রকার মাংস যাহা তৈলদ্বারা পক্ক হয়, তাহা উষ্ণবীর্য্য, গুরুপাক ও পিত্তজনক।

---

## ঘৃতপক্কমাংস গুণাঃ।

ঘৃতপক্বং তদেব স্যাল্লঘু রুচ্যমপিত্তলম্।
অত্যুষ্ণং বীর্য্যবলদং হৃদ্যং দৃষ্টিপ্রসাদনম্॥

গুণ। ঐসকল মাংস ঘৃতপক্ক হইলে লঘুপাক, রুচিকর, পিত্তনাশক, অতি উষ্ণবীর্য্য, বলপ্রদ, তৃপ্তিজনক ও দৃষ্টিশক্তিবর্দ্ধক হয়।

---

## তক্রাদিপক্কমাংসগুণাঃ।

গোরসস্নেহ ধান্যাম্ল ফলাম্লকটুকাদিভিঃ।
সিদ্ধং মাংসং ভবেদ্বল্যং রোচনং দীপনং গুরু ॥

গুণ। তক্র, স্নেহ, ধান্যাম্ল (কাঁজি), তিন্তিড়ী ও কটুকাদি রসে সিদ্ধ মাংস রুচিকর, অগ্নিদীপক এবং গুরুপাক।

---

## সুস্বিন্নমাংসগুণাঃ।

মাংসং চাতিরসং রূক্ষং সুস্বিন্নং বাতলং গুরু।

গুণ। অত্যন্ত রসযুক্ত ও অতি গলামাংস রূক্ষ, বায়ুজনক ও গুরুপাক।

---

## বেসবার নামগুণাঃ।

গতাস্থি মাংসং সুস্বিন্নং পুনর্দৃশদি পেষয়েৎ।
ব্যোষাদিসংস্কৃতং কৃত্বা পচেদ্ভূয়ো ঘৃতান্বিতম্।
বেসবারোঽয়মুদ্দিষ্টো বল্যো বাতহরো গুরুঃ।
স্বিন্নমুদ্গাদিকল্কোঽপি বেসবারোঽপরঃ স্মৃতঃ ॥

লক্ষণ। হাড় বর্জ্জিত মাংস অত্যন্ত সিদ্ধ করিয়া শিলাতে পেষণ করিয়া ত্রিকটু প্রভৃতি দ্বারা ঘৃত সহ পুনঃ পাক করিলে তাহাকে বেসবার কহে।

গুণ।—বেসবার বলকর, বায়ুনাশক ও গুরুপাক।

লক্ষণ। সিদ্ধকরা মুগাদির কল্ককেও বেসবার বলে।

---

## সৌরভ নামগুণাঃ।

হরিদ্রাব্যোষসিন্ধূত্থ হিঙ্গুধান্যকদাড়িমৈঃ।
সাজাজিভির্বেসবারঃ সৌরভোঽয়মুদাহৃতঃ॥
মুদ্গাদিবেসবারাংস্তু যথাদ্রব্যগুণান্ বদেৎ।

হরিদ্রা, ত্রিকটু, সৈন্ধব, হিং, ধন্যা, দাড়িম, কালজিরা সংযুক্ত বেসবারকে সৌরভ বলে।

গুণ। মুগপ্রভৃতির বেসবার তত্তদ্গুণযুক্ত জানিবে।

---

## সৌরব নাম।

পিষ্টমাংসসমুদ্ভূতঃ স্মৃতো মাংসরসো রসঃ॥
সৌরাবঃ সৌরবঃ স স্যাদ্ যো রসো লবণান্বিতঃ।

পেষিতমাংসসম্ভূত রসকে মাংসরস বলে।
উহা লবণযুক্ত হইলে তাহাকে সৌরাব ও সৌরব বলে।

---

## স্বানিষ্ক নাম।

সংযুক্তো বেসবারেণ রসঃ স্বানিষ্ক উচ্যতে॥

বেসবার সংযুক্ত রসকে স্বানিষ্ক বলে।

---

## মাংসরস গুণাঃ।

রসো হৃদ্যঃ শ্রমশ্বাসবাতপিত্তক্ষয়াপহঃ।
প্রীণনো ব্রণযুক্তানাং ক্ষীণানামল্পরেতসাম্॥

বিশ্লিষ্টভগ্নসন্ধীনাং শুদ্ধানাং শুদ্ধিকাঙ্ক্ষিণাম্।
শস্যতে স্বরহীনানাং দৃষ্ট্যায়ুঃশ্রবণার্থিনাম্॥

গুণ। মাংসরস প্রীতিজনক, শ্রম শ্বাস বায়ু পিত্ত ক্ষয়রোগ নাশক, ব্রণযুক্ত রোগীর এবং দুর্ব্বল ও অল্পবীর্য্যশালী ব্যক্তিদিগের পক্ষে প্রীতিপ্রদ, যাহাদের সন্ধিস্থল ভগ্ন এবং বিশ্লিষ্ট হইয়াছে, যাহারা শুষ্ক ও শুদ্ধি অভিলাষী এবং স্বরহীন, দর্শন ও শ্রবণশক্তিহীন তাহাদিগের পক্ষে মাংসরস প্রশস্ত।

---

## সদাড়িমমাংসরসজসৌরাবাদিগুণাঃ।

সদাড়িমাদির্ব্বলদো দোষঘ্নস্তু কৃতস্তু সঃ।
সৌরাবঃ প্রীণনঃ শীতো মুখশোষশ্রমাপহঃ।
দীপনঃ ক্লমবাতঘ্নঃ সর্ব্বধাতুবিবর্দ্ধনঃ॥
স্বানিষ্কস্তু গুরুঃ পথ্যো দীপ্তাগ্নীনাং বিশেষতঃ॥
অল্পমাংসাদিসংযুক্তা লবণাম্বুবিপাচিতাঃ॥
দকলা বণিকা জ্ঞেয়া রসাঢ্যা লঘবো মতাঃ।
তক্রাদিক্বাথসম্ভূতা ক্বথিতা কথিতা বুধৈঃ॥
ক্বথিতা পাচনী হৃদ্যা রুচ্যা বহ্নিপ্রদা লঘুঃ।
কফানিলবিবন্ধঘ্নী কিঞ্চিৎ পিত্তপ্রকোপনী॥

গুণ। দাড়িম্বাদি সংযুক্ত মাংসরস বলকর এবং ত্রিদোষনাশক।

সৌরাব প্রীতিপ্রদ, শীতবীর্য্য, সর্ব্বধাতু বিবর্দ্ধক, মুখশোষ ও শ্রম নাশক। স্বানিষ্ক গুরুপাক, দীপ্তাগ্নিদিগের পক্ষে বিশেষ পথ্য।

অল্পমাংসাদিযুক্ত, লবণ ও জলদ্বারা পাককরিয়া প্রস্তুত মাংসরসকে দকলা, ও বণিকা বলে।

গুণ।—দকলা ও বণিকা প্রভৃতি মাংসরস লঘুপাক।

তক্রাদির ক্বাথ হইতে উৎপন্ন মাংসরসকে কথিতা বলে।

কথিতা পাচক, হৃদ্য, রুচিকর, অগ্নিপ্রদ, লঘুপাক, অল্পপিত্তপ্রকোপক, কফ, বায়ু ও বিবন্ধনাশক।

---

## কথিত নামগুণাঃ।

শাকং তক্রাদিভিঃ সম্যক্ সাধিতং কথিতং মতম্।
কথিতং দীপনং রুচ্যং বাতশ্লেষ্মশ্রমাপহম্॥
ত্যক্ত্বা স্বহেতু শাকস্য গুণানেতদ্গুণং ভবেৎ॥

পর্য্যায়। তক্রাদির সহিত সম্যক্‌রূপ সাধিত শাককে কথিত বলে।

গুণ। কথিত অগ্নিদীপক, রুচিকর, বাতশ্লেষ্ম ও শ্রমনাশক।

শাকের স্বকীয় গুণ ত্যাগ করিয়া ইহাতে অন্য গুণ উপচিত হয়।

---

## পর্পটনামগুণাঃ।

পর্পটা লঘবো রুচ্যা লঘীয়ান্ ক্ষারপর্পটঃ।

গুণ। পর্পট অর্থাৎ পাঁপড় লঘুপাক, রুচিকর। ক্ষার সংযুক্ত পাঁপড় অত্যন্ত লঘু।

---

## পিণ্যাক-পললনামগুণাঃ।

পিণ্যাকস্তিলকিট্টঃ স্যাৎ পললং তিলপিষ্টকম্
পিণ্যাকো লঘু রুক্ষশ্চ বিষ্টম্ভী দৃষ্টিদূষণঃ॥
পললং বৃংহণং স্নিগ্ধং কফপিত্তকরং গুরু।

পর্য্যায়। তিলের কিট্টকে পিণ্যাক বলে। তিলের পিষ্টককে পলল বলে।

গুণ। পিণ্যাক লঘু, রুক্ষ, বিষ্টম্ভজনক, চক্ষুর জ্যোতির নাশক। পলল বীর্য্যবর্দ্ধক, স্নিগ্ধগুণযুক্ত, কফপিত্তজনক ও গুরুপাক।

---

দ্রব্যকালক্রিয়াযোগদেশাদীনি বিচার্য্য তু।
অন্যেষামপ্যনুক্তানামেষামপি গুণান্ বদেৎ॥

ভেষজদ্রব্য, সময়, ক্রিয়াযোগ, দেশ ইত্যাদি এবং অন্যান্য অনুক্ত সমস্ত বিষয়ের বিচার করিয়া দ্রব্যের গুণাগুণ বর্ণনা কর্ত্তব্য।

---

যো রাজ্ঞাং মুখতিলকঃ কটারমল্ল-
স্তেন শ্রীমদননৃপেণ নির্ম্মিতেঽত্র।
গ্রন্থেঽভূম্মদনবিনোদনাম্নি পূর্ণঃ
কর্ণানামমৃতসমঃ কৃতান্নবর্গঃ॥

যিনি রাজাদিগের অগ্রগণ্য ও কটারমল্ল নামেও প্রসিদ্ধ ছিলেন, সেই প্রসিদ্ধ মদননৃপতি কর্ত্তৃক নির্ম্মিত এই গ্রন্থে কৃতান্নবর্গ বর্ণিত হইল।

ইতি মদনপালনিঘণ্টৌ কৃতান্নবর্গঃ।

# মাংসবর্গঃ।

মুখেন্দুপদ্মপ্রতিবোধলুব্ধবিধুন্তুদালীভ্রমমাদধানম্।
লক্ষ্মীকপোলপ্রতিবিম্বিতাঙ্গং নীলাব্জনীলং কলয়ামি তেজঃ॥

মুখচন্দ্ররূপ পদ্মের প্রস্ফুটনে লুব্ধচিত্ত রাহুসমূহের ভ্রমোৎপাদনপূর্ব্বক যিনি লক্ষ্মীর গণ্ডস্থলে স্বীয় অঙ্গ প্রতিফলিত করিতেছেন, সেই নীলপদ্মের ন্যায় নীলবর্ণ তেজকে ( শ্রীকৃষ্ণকে ) আমি আশ্রয় করি।

---

# চতুষ্পাদপশুবর্গঃ।

## হস্তিনামগুণাঃ। ( হাতী )

হস্তী মতঙ্গজো দন্তী মাতঙ্গোঽনেকপঃ করী।
সিন্ধুরঃ কুঞ্জরঃ পদ্মী বারণো দ্বিরদো দ্বিপঃ॥
ইভো দন্তাবলো নাগঃ কুম্ভী স্তম্বেরমো গজঃ।
হস্তিনী ধেনুকা প্রোক্তা করেণুঃ করিণী চ সা।
হস্তী কফানিলৌ হন্যাদুষ্ণঃ পিত্তাস্রকোপনঃ॥

পর্য্যায়।—হস্তী, মতঙ্গজ, দন্তী, মাতঙ্গ, অনেকপ, করী, সিন্ধুর, কুঞ্জর, পদ্মী, বারণ, দ্বিরদ, দ্বিপ, ইভ, দন্তাবল, নাগ, কুম্ভী, স্তম্বেরম ও গজ

এইকয়টী হস্তীর এবং হস্তিনী, ধেনুকা, করেণু ও করিণী এইকয়টী হস্তিনীর সংস্কৃত নাম।

গুণ।—হস্তিমাংস উষ্ণবীর্য্য, রক্তপিত্তপ্রকোপক, কফ ও বায়ুনাশক।

---

## ঘোটকনামগুণাঃ।

**ঘোটকঃ সৈন্ধবো বাজী তুরঙ্গস্তুরগো হয়ঃ।**
**তুরঙ্গমোঽশ্বো গন্ধর্ব্বো বাহঃ সপ্তির্যযুর্জবী।**
**ঘোটিকা বড়বা বামী প্রসূতাশ্বা চ বাজিনী।**
**ঘোটকঃ কটুকঃ পাকে দীপনঃ কফপিত্তকৃৎ।**
**বাতহৃদ্‌বৃংহণো বল্যশ্চক্ষুষ্যো মধুরো লঘুঃ॥**

পর্য্যায়।—ঘোটক, সৈন্ধব, বাজী, তুরঙ্গ, তুরগ, হয়, তুরঙ্গম, গন্ধর্ব্ব, বাহ, সপ্তি, যযু, জবী এইকয়টী ঘোড়ার এবং ঘোটিকা, বড়বা, বামী, প্রসূতা, অশ্বা, বাজিনী এই কয়টী ঘোটকীর পর্য্যায়।

গুণ।—ঘোড়ার মাংস পরিপাকে কটুরস, অগ্নিদীপক, কফ ও পিত্তজনক, বায়ুনাশক, বীর্য্যবর্দ্ধক, বলপ্রদ, চক্ষুর জ্যোতির্বর্দ্ধক, মধুর ও লঘুপাক।

---

## অশ্বতরনামগুণাঃ। (খচ্চর)

**তজ্জো ঘোট্যামশ্বতরঃ শীঘ্রগো বেগপূজিতঃ।**
**বল্যমাশ্বতরং মাংসং বৃংহণং কফপিত্তলম্॥**

পর্য্যায়।—একদেশীয় ঘোটকীগর্ভে অন্যদেশীয় ঘোটক বা গর্দ্দভ জাত জন্তুকে অশ্বতর বলে।

অশ্বতর, শীঘ্রগ, বেগপূজিত এইকয়টী অশ্বতরের পর্য্যায়।

গুণ।—অশ্বতরমাংস বলকর, বীর্য্যবর্দ্ধক, কফপিত্তপ্রদ।

## উষ্ট্রনামগুণাঃ।

উষ্ট্রঃ ক্রমেলকো বক্রগ্রীবঃ শাখাশনো ময়ঃ।
শৃঙ্খলঃ করভো দীর্ঘজঙ্ঘো ধূম্রো মরুপ্রিয়ঃ॥
উষ্ট্রমাংসং লঘু স্বাদু চক্ষুষ্যমনিলাপহম্॥
উষ্ণমর্শঃপ্রশমনং মেদপিত্তকফপ্রদম্॥

পর্য্যায়।—উষ্ট্র, ক্রমেলক, বক্রগ্রীব, শাখাশন, ময়, শৃঙ্খল, করভ, দীর্ঘজংঘ, ধূম্র ও মরুপ্রিয় এইকয়টী উষ্ট্রের সংস্কৃত নাম।

গুণ।—উষ্ট্রমাংস লঘুপাক, সুস্বাদু, চক্ষুর জ্যোতির্বর্দ্ধক, মেদ, পিত্ত ও কফপ্রদ, বায়ুনাশক, ত্রিদোষনাশক।

---

## গর্দ্দভনামগুণাঃ।

গর্দ্দভো রাসভো ভারবাহী দূরগমঃ খরঃ।
গার্দ্দভং পিশিতং বল্যং বৃংহণং কফপিত্তকৃৎ॥
কটু পাকে লঘু শ্রেষ্ঠং তস্মাদ্বন্যখরোদ্ভবম্॥

পর্য্যায়।—গর্দ্দভ, রাসভ, ভারবাহী, দূরগম ও খর এই কয়টী গর্দ্দভের সংস্কৃত নাম।

গুণ।—গর্দ্দভমাংস বলকর, বীর্য্যবর্দ্ধক, কফ ও পিত্তজনক, পরিপাকে কটু, লঘুপাক। গ্রাম্য গর্দ্দভাপেক্ষা বন্য গর্দ্দভের মাংসই শ্রেষ্ঠ।

---

## মহিষ নামগুণাঃ।

মহিষঃ সৈরিভঃ শৃঙ্গী বাহবৈরী ঘনাঘনঃ।
কাসরো গবলো দংশী লুলাপঃ কালবাহনঃ

মাহিষং মধুরং মাংসং স্নিগ্ধোষ্ণং বাতনাশনম্ ।
নিদ্রারেতোবলস্তন্যতনুদার্ঢ্যকরং গুরু ।
তদ্বদারণ্যজং বিদ্যাদ্বিশেষাচ্ছোষিণে হিতম্ ॥

পর্য্যায়।—মহিষ, সৈরিভ, শৃঙ্গী, বাহবৈরী, ঘনাঘন, কাসর, গবল, দংশী, লুলাপ ও কালবাহন এই কয়টী মহিষের সংস্কৃত নাম।

গুণ। মহিষ মাংস মধুর, স্নিগ্ধ, উষ্ণবীর্য্য, বায়ুনাশক, নিদ্রা, বীর্য্য, বল, স্তনদুগ্ধও দেহের দৃঢ়তা সম্পাদক ও গুরুপাক।

গ্রাম্য মহিষের মাংসের ন্যায় বন্য মহিষমাংস গুণযুক্ত, বিশেষতঃ শোষ-রোগীর পক্ষে উপযোগী ও হিতকর।

---

## ভল্লূক-গণ্ডক নামগুণাঃ।

ঋক্ষোঽচ্ছভল্লো ভল্লূকঃ খড়্গী খড়্গশ্চ গণ্ডকঃ।
ঋক্ষঃ স্নিগ্ধো গুরুর্ব্বৃষ্যঃ স্বাদূষ্ণঃ পবনাপহঃ।
গণ্ডকো বদ্ধবিণ্মূত্রঃ পবিত্রোঽনিলনাশনঃ ॥

পর্য্যায়।—ঋক্ষ, অচ্ছভল্ল, ভল্লূক, এইকয়টী ভালুকের এবং খড়্গ ও গণ্ডক এই কয়টী গণ্ডারের সংস্কৃত নাম।

গুণ।—ভাল্লুকের মাংস স্নিগ্ধ, গুরুপাক, বীর্য্যবর্দ্ধক, স্বাদু, উষ্ণবীর্য্য ও কফ নাশক।

গণ্ডারের মাংস মলমূত্র বন্ধকারক, পবিত্র ও বায়ুনাশক।

---

## সিংহ-শার্দ্দূল নামগুণাঃ।

সিংহঃ পঞ্চাননো দৃপ্তো মৃগেন্দ্রঃ কেশরী হরিঃ।
শার্দ্দূলঃ স্যাৎ পঞ্চনখো মৃগনাথঃ সকৃৎপ্রজঃ॥
সিংহশার্দ্দূলয়োর্মাংসমুষ্ণং বাতাক্ষিরোগজিৎ॥

পর্য্যায়। সিংহ, পঞ্চানন, দৃপ্ত, মৃগেন্দ্র, কেশরী ও হরি এই কয়টী সিংহের এবং শার্দ্দূল, পঞ্চনখ, মৃগনাথ, সকৃৎপ্রজ এই কয়টী শার্দ্দূলের সংস্কৃত নাম।

গুণ।—সিংহ ও শার্দ্দূলের মাংস উষ্ণবীর্য্য, বায়ুজনিত চক্ষুরোগ নাশক।

---

## ব্যাঘ্রনাম।

ব্যাঘ্রো মৃগারির্মৃগহা ব্যালো ভীমপরাক্রমঃ।

পর্য্যায়। ব্যাঘ্র, মৃগারি, মৃগহা, ব্যাল, ভীমপরাক্রম, এইকয়টী ব্যাঘ্রের সংস্কৃত নাম।

---

## চিত্রক নাম।

চিত্রকো বেগবাংশ্চিত্রো দ্বীপী স্যাদ্দীর্ঘদংষ্ট্রকঃ।

পর্য্যায়। চিত্রক, বেগবান্, চিত্র, দ্বীপী এবং দীর্ঘদংষ্ট্রক এইগুলি চিতে বাঘের সংস্কৃত নাম।

---

## ঈহামৃগ-তরক্ষু নাম।

ঈহামৃগো বৃকঃ কোকস্তরক্ষুস্তু মৃগাদনঃ।

পর্য্যায়।—ঈহামৃগ, বৃক ও কোক এই তিনটী বৃকের এবং তরক্ষু ও মৃগাদন এই দুইটী তরক্ষুর অর্থাৎ নেকড়ে বাঘের সংস্কৃত নাম।

---

## ব্যাঘ্রাদি মাংসগুণাঃ।

ব্যাঘ্রচিত্রতরক্ষূণাং বৃকাণাং পললং গুরু।
উষ্ণং বাতহরং স্বর্য্যং হিতমক্ষিবিকারিণাম্॥

গুণ।—ব্যাঘ্র, চিত্রক (চিতে বাঘ), বৃক ও তরক্ষুর মাংস গুরুপাক, উষ্ণবীর্য্য, স্বরবর্দ্ধক, নেত্ররোগীর পক্ষে হিতকর, বায়ুনাশক।

---

## কুক্কুরনাম।

কুক্কুরো শুনকঃ শ্বা স্যাৎ কৌলেয়ঃ সুনখঃ শুনঃ।
সারমেয়ঃ কৃতজ্ঞশ্চ ভষকো মৃগদংশকঃ॥
ভণকো ভূর্ভুবকরো ভল্লূকো রাত্রিজাগরঃ॥

পর্য্যায়।—কুক্কুর, শুনক, শ্বা, কৌলেয়, সুনখ, শুন, সারমেয়, কৃতজ্ঞ, ভণক, মৃগদংশক, ভগক, ভূর্ভুবকর, ভল্লূক ও রাত্রিজাগর এই গুলি কুক্কুরের সংস্কৃত নাম।

---

## শূকর নামগুণাঃ।

শূকরো রোমশঃ পোত্রী কোলো ঘোণিঃ কিরিঃ কিটিঃ।
দংষ্ট্রী ক্রোড়ঃ স্তব্ধরোমা ভূদারশ্চ বরাহকঃ॥

শৌকরং পিশিতং স্বাদু বল্যং বাতাপহং গুরু।
স্নিগ্ধোষ্ণং শুক্রলং রুচ্যং নিদ্রাস্থূলত্বদার্ঢ্যকৃৎ।

পর্য্যায়।—শূকর, রোমশ, পোত্রী, কোল, ঘোনি, কিরি, কিটি, দংষ্ট্রী, ক্রোড়, স্তব্ধরোমা, ভূদার ও বরাহক এই কয়টী বরাহের সংস্কৃত নাম।

গুণ।—বরাহমাংস স্বাদু, বলকর, গুরুপাক, স্নিগ্ধগুণযুক্ত, উষ্ণবীর্য্য, শুক্রপ্রদ, রুচিকর, নিদ্রা, স্থূলত্ব ও অঙ্গের দৃঢ়তাকারক, বায়ুনাশক।

---

## ছাগ নামগুণাঃ।

ছাগী গলস্তনী মেধ্যা সর্ব্বভক্ষ্যা ত্বজা ক্ষুভা।
বর্করশ্ছগলশ্ছাগো বস্তোঽজশ্চেলকঃ পশুঃ॥
ছাগমাংসং লঘু স্নিগ্ধং স্বাদুপাকং ত্রিদোষজিৎ।
বিদাহি বৃংহণং নাতিশীতং পীনসনাশনম্॥
দেহধাতুসমানত্বাদনভিষ্যন্দি বৃংহণম্॥

পর্য্যায়।—ছাগী, গলস্তনী, মেধ্যা, সর্ব্বভক্ষ্যা, অজা, ক্ষুভা, বর্কর, ছগল, ছাগ, বস্ত, অজ, চেলক ও পশু এই কয়টী ছাগীর ও ছাগের সংস্কৃত নাম।

গুণ।—ছাগমাংস লঘুপাক, স্নিগ্ধ, পাকে স্বাদু, ত্রিদোষঘ্ন, দাহজনক নহে, বীর্য্যবর্দ্ধক, অনতিশীতবীর্য্য, পীনস রোগনাশক, দেহের ও ধাতুর সমানত্ব হেতু ইহা অনভিষ্যন্দি ও বীর্য্যবর্দ্ধক।

---

## মেষ-মেদঃপুচ্ছনামগুণাঃ। (ভেড়া, দুম্বা)

মেষো ভেড়ো হুড়ো মেঢ্র উরভ্র উরণোঽবিকঃ।
ঊর্ণায়ুরেড়কো বৃষ্ণির্মেদঃপুচ্ছস্তু দুম্বকঃ॥

মেষমাংসং গুরু স্নিগ্ধং বল্যং পিত্তকফপ্রদম্‌।
মেদঃপুচ্ছামিষং বৃষ্যং কফপিত্তকরং গুরু ॥

পর্য্যায়।—মেষ, ভেড়, হুড়, মেঢ্র, উরভ্র, উরণ, অবিক, ঊর্ণায়ু, এড়ক ও বৃষ্ণ এইগুলি ভেড়ার এবং মেদঃপুচ্ছ ও দুম্বক এই দুইটী দুম্বার সংস্কৃত নাম।

গুণ।—মেষমাংস গুরুপাক, স্নিগ্ধ, বলকর ও পিত্ত এবং কফজনক। মেদঃপুচ্ছ অর্থাৎ দুম্বার মাংস বল ও বীর্য্যবর্দ্ধক, কফপিত্তকর ও গুরুপাক।

---

## হরিণনামগুণাঃ।

হরিণস্তাম্রবর্ণঃ স্যাৎ কুরঙ্গশ্চারুলোচনঃ।
সারঙ্গোঽজিনযোনিশ্চ বাতায়ুশ্চপলো মৃগঃ ॥
এণঃ কৃষ্ণোঽপরঃ কৃষ্ণকুরঙ্গঃ কৃষ্ণসারকঃ।
এণমাংসং হিমং রুচ্যং গ্রাহি দোষত্রয়াপহম্‌ ॥
ষড়্‌রসং বলদং পথ্যং লঘু হৃদ্যং জ্বরাস্রজিৎ।

পর্য্যায়।—হরিণ, তাম্রবর্ণ, কুরঙ্গ, চারুলোচন, সারঙ্গ, অজিনযোনি, বাতায়ু, চপল, মৃগ ও এণ এই কয়টী হরিণের কৃষ্ণএণ, কৃষ্ণ কুরঙ্গ, কৃষ্ণসার, এইগুলি কৃষ্ণসারমৃগের সংস্কৃত নাম।

গুণ।—হরিণ ও কৃষ্ণসারের মাংস শীতবীর্য্য, রুচিকর, মলবদ্ধকর, ছয়টী রসযুক্ত, বলকর, পথ্য, লঘু, মনের প্রীতিকর, জ্বর, ত্রিদোষ ও রক্তদোষ নাশক।

## গোকর্ণ-সম্বরনামগুণাঃ।

গোকর্ণো বিকট শৃঙ্গো বিন্দ্যাদন্যস্তু শম্বরঃ।
গোকর্ণশম্বরৌ শীতৌ গুরূ স্নিগ্ধৌ কফপ্রদৌ।
রসে পাকে চ মধুরৌ রক্তপিত্তবিনাশনৌ॥

পর্য্যায়। গোকর্ণ ও বিকটশৃঙ্গ এই দুইটী গোকর্ণের এবং আর এক জাতীয় গোকর্ণকে শম্বর বলে।

গুণ।—গোকর্ণ ও শম্বর মাংস শীতবীর্য্য, গুরুপাক, স্নিগ্ধ, কফপ্রদ, রসে ও পরিপাকে মধুর রস, রক্তপিত্তরোগনাশক।

---

## গবয়নামগুণাঃ।

ঋষ্যো নীলাঙ্গকো নীলো গবয়শ্চারুদর্শনঃ।
গবয়ো মধুরো বল্যঃ স্নিগ্ধোষ্ণঃ কফপিত্তলঃ॥

পর্য্যায়।—ঋষ্য, নীলাঙ্গক, নীল, গবয় ও চারুদর্শন এই কয়টী গবয়ের অর্থাৎ গোসদৃশ পশুর সংস্কৃত নাম।

গুণ।—গবয় মাংস মধুরাস্বাদ, বলকর, স্নিগ্ধ, উষ্ণবীর্য্য, কফ ও পিত্তপ্রদ।

---

## কস্তূরী-মুণ্ডিনীনামগুণাঃ।

কস্তূরী হরিণো গন্ধী মুণ্ডিনী মৃগমাতৃকা।
কস্তূরী হরিণঃ স্বাদুর্বহ্নবিড়্দীপনো লঘুঃ।
মুণ্ডিনী জ্বরকাসাস্রক্ষয়শ্বাসাপহা হিমা।

পর্য্যায়। কস্তূরী হরিণ, গন্ধী, এইগুলি কস্তূরিকামৃগের এবং মুণ্ডিনী ও মৃগমাতৃকা এই দুইটী মুণ্ডিনীর সংস্কৃত নাম।

গুণ।—কস্তুরীহরিণের মাংস স্বাদু, মলরোধক, অগ্নিদীপক, লঘুপাক মুণ্ডিনীর মাংস শীতবীর্য্য, জ্বর, কাস, রক্তদোষ, ক্ষয় ও শ্বাসনাশক।

## কৃতমালাদিনামগুণাঃ।

কৃতমালো বর্ণচরঃ পৃষতো বিন্দুচিত্রকঃ।
বাতপ্রমীর্বাতমৃগশ্ছিক্করঃ কৃষ্ণপুচ্ছকঃ॥
কৃতমালাদিজং মাংসং মধুরং গ্রাহি দীপনম্।
হৃদ্যং শীতং লঘু শ্বাসজ্বরদোষত্রয়াস্রজিৎ॥

পর্য্যায়।—কৃতমাল, বর্ণচর, পৃষত, বিন্দুচিত্রক, বাতপ্রমী, বাতমৃগ এবং ছিক্কর, ও কৃষ্ণপুচ্ছক এইকয়টী চিত্রমৃগের সংস্কৃত নাম।

গুণ।—কৃতমালাদির মাংস ও ছিক্করমাংস মধুররস, মলরোধক, অগ্নিদীপক, প্রীতিজনক, শীতবীর্য্য, লঘু, শ্বাসকাস, জ্বর, ত্রিদোষ ও রক্তদোষ নাশক।

## রুরুনামগুণাঃ।

রুরুঃ শরমুক্তমৃগো ন্যঙ্কুর্বহুবিষাণকঃ।
রুরোর্মাংসং গুরু স্বাদু বৃষ্যং পিত্তানিলাপহম্।
ন্যঙ্কুঃ স্বাদুর্লঘুর্বল্যো বৃষ্যো দোষত্রয়াপহঃ॥

পর্য্যায়।—রুরু, শরমুক্তমৃগ এইদুইটী রুরুর এবং ন্যঙ্কু ও বহুবিষাণক এই দুইটী ন্যঙ্কুর সংস্কৃত নাম। রুরু ও ন্যঙ্কু দুইটীই কৃষ্ণসার মৃগবিশেষের নাম।

গুণ।—রুরুমাংস গুরুপাক, স্বাদুরস, বলকর, পিত্ত ও বায়ুনাশক। ন্যঙ্কুমাংস স্বাদু, লঘু, বলকর, বীর্য্যবর্দ্ধক ও ত্রিদোষনাশক।

## শশনামগুণাঃ।

শশঃ শূলী লোমকর্ণো লম্বকর্ণো বিলেশয়ঃ।

শশঃ শীতো লঘুঃ স্বাদুর্গ্রাহী পথ্যোঽগ্নিদীপনঃ॥

সন্নিপাতজ্বর শ্বাস রক্তপিত্তকফাপহঃ॥

পর্য্যায়। শশ, শূলী, লোমকর্ণ, লম্বকর্ণ ও বিলেশয় এইকয়টী খরগশের সংস্কৃত নাম।

গুণ। খরগসমাংস শীতবীর্য্য, লঘু, স্বাদু, মলসংগ্রাহী, পথ্য, অগ্নিদীপক, সন্নিপাতজ্বর, শ্বাস, রক্তপিত্ত ও কফ নাশক।

---

## শরভনামগুণাঃ।

কাশ্মীরদেশে শরভোঽষ্টপাৎ স্যাৎ,

উৎসাহযুক্তশ্চতু রূর্দ্ধপাদঃ।

উষ্ট্রপ্রমাণঃ স মহাবিষাণঃ

খ্যাতো বনস্থঃ স মৃগো মহাখ্যঃ।

কাশ্মীর প্রদেশে অষ্টপাদযুক্ত একপ্রকার উষ্ট্রসদৃশ, বৃহৎ শৃঙ্গযুক্ত, বনচর মৃগ আছে, তাহার চারিটী পদ উর্দ্ধে ও চারিটী নিম্নে, উহা অত্যন্ত উৎসাহান্বিত, তাহাকে শরভ বা মহামৃগ বলে।

---

## শল্লক-মেধানামগুণাঃ।

শল্লকঃ শল্লকী শ্বাবিন্মেধা স্যাৎ সূচিনী খরা।

শল্লকঃ শ্বাসকাসাস্রশোকদোষত্রয়াপহঃ॥

মেধা তথৈব বিজ্ঞেয়া বিশেষাদ্ বলবর্দ্ধিনী॥

পর্য্যায়। শল্লক, শল্লকী, শ্বাবিৎ এইকয়টী সজারুর এবং মেধা, স্থচিনী, খরা এইকয়টী মেধার সংস্কৃত নাম।

গুণ। সজারু শ্বাস, কাস, রক্তদোষ, শোথ ও ত্রিদোষঘ্ন। মেধা সজারুর স্থায় গুণযুক্ত, বিশেষতঃ বলবর্দ্ধক।

## বিড়াল-নকুল নামগুণাঃ।

বিড়াল ওতুর্মার্জ্জারো বিষদংশক আখুভুক্।
নকুলঃ পিঙ্গলো বভ্রুঃ সর্পারিঃ সর্পভক্ষকঃ॥
মার্জ্জারো মধুরঃ স্নিগ্ধো বীর্য্যোষ্ণঃ কফবাতজিৎ
কৃশতাশ্বাসকাসঘ্নো নকুলোঽপি সমো গুণৈঃ॥

পর্য্যায়। বিড়াল, ওতু, মার্জ্জার, বিষদংশক, আখুভুক্ এইকয়টি বিড়ালের এবং নকুল, পিঙ্গল, বভ্রু, সর্পারি ও সর্পভক্ষক এইকয়টী নকুলের (বেজীর) সংস্কৃত নাম।

গুণ। বিড়াল মাংস মধুর, স্নিগ্ধ, উষ্ণবীর্য্য, কফ, বায়ু, কৃশতা, শ্বাস ও কাস নাশক। নকুল মাংস বিড়ালের মাংসের তুল্যগুণযুক্ত।

## বানরনামগুণাঃ।

বানরো মর্কটঃ কীশো বনৌকাশ্চ বলীমুখঃ।
হরিঃ শাখামৃগঃ প্লাবী প্লবঙ্গঃ প্লবগঃ কপিঃ॥
বানরঃ পবনশ্বাসমেদঃপাণ্ডুকৃমীন্ জয়েৎ॥

পর্য্যায়। বানর, মর্কট, কীশ, বনৌকঃ, বলীমুখ, হরি, শাখামৃগ, প্লাবী, প্লবঙ্গ, প্লবগ, কপি এইকয়টী বানরের সংস্কৃত নাম।

গুণ। বানর পবন (বায়ুরোগ), শ্বাস, মেদ, পাণ্ডু ও কৃমি রোগ বিনাশক।

---

## শৃগালনামগুণাঃ।

শৃগালো জম্বুকঃ ফেরুর্গোমায়ুঃ ফেরবঃ শিবঃ।
শিবেশো বঞ্চকঃ ক্রোষ্টা লোপাকঃ স্বল্পজম্বুকঃ॥
শৃগালো বলদো বৃষ্যঃ সর্ব্ববাতক্ষয়াপহঃ॥

পর্য্যায়। শৃগাল, জম্বুক, ফেরু, গোমায়ু, ফেবর, শিব, শিবেশ, বঞ্চক, ক্রোষ্টা, এইকয়টী শৃগালের এবং লোপাক, স্বল্পজম্বুক এইকয়টী ক্ষুদ্রশৃগালের সংস্কৃত নাম।

গুণ। শৃগালমাংস বলকর, বীর্য্যবর্দ্ধক, উন্মাদাদি সর্ব্বপ্রকার বায়ুরোগ ও ক্ষয়রোগ নাশক।

---

## মূষকনামগুণাঃ।

মূষকঃ খনকঃ স্তেয়ী বৃষ উন্দুরুরাখুকঃ।
মূষকো বদ্ধবিণ্মূত্রো বল্যো বৃষ্যোঽনিলাপহঃ॥

পর্য্যায়। মূষক, খনক, স্তেয়ী, বৃষ, উন্দুরু, আখুক এইকয়টী ইন্দুরের সংস্কৃত নাম।

গুণ। মূষিকমাংস মলমূত্রবন্ধকারক, বলকর, বীর্য্যবর্দ্ধক ও বায়ুনাশক।

---

## পক্ষিনাম।

পক্ষী বিহঙ্গমঃ পত্রী শকুন্তো বিহগঃ খগঃ।
অণ্ডজো বিঃ পত্ররথঃ পতত্রী শকুনির্দ্বিজঃ॥

পর্য্যায়। পক্ষী, বিহঙ্গম, পত্রী, শকুন্ত, বিহগ, খগ, অণ্ডজ, বি, পত্ররথ, পতত্রী, শকুনি ও দ্বিজ এইকয়টী পক্ষীর সংস্কৃত নাম।

---

## তিত্তিরনামগুণাঃ।

তিত্তিরিশ্চিত্রপক্ষঃ স্যাৎ কৃষ্ণো গৌরঃ কপিঞ্জলঃ।
তিত্তিরির্বর্ণদো গ্রাহী হিক্কাদোষত্রয়াপহঃ।
শ্বাসকাসহরঃ পথ্যস্তস্মাদ্ গৌরোঽধিকো গুণৈঃ॥

পর্য্যায়। তিত্তিরি, চিত্রপক্ষ, কৃষ্ণ এইকয়টী কৃষ্ণ তিত্তিরির এব গৌর ও কপিঞ্জল এই দুইটী গৌর তিত্তিরির সংস্কৃত নাম।

গুণ। তিত্তির পক্ষীর মাংস বর্ণ বিধায়ক, পথ্য, মলসংগ্রহকারক, হিক্কা, ত্রিদোষ, শ্বাস ও কাস নাশক। গৌর তিত্তিরি, কৃষ্ণ তিত্তিরি অপেক্ষা অধিক গুণযুক্ত।

---

## বর্ত্তিরনামগুণাঃ।

বর্ত্তিরো বর্ত্তিকশ্চিত্রস্ততোঽল্পবর্ত্তিকা মতা।
বর্ত্তিরোঽগ্নিকরঃ শীতো জ্বরদোষত্রয়াপহঃ॥

পর্য্যায়। বর্ত্তির, বর্ত্তিক, চিত্র এই কয়টী বড় বর্ত্তিকের এবং অল্পবর্ত্তিক এইটী ছোট বর্ত্তিকের অর্থাৎ বাবুই বা বটের পক্ষীর সংস্কৃত নাম।

গুণ। বর্ত্তির অগ্নিকর, শীতল, জ্বর ও ত্রিদোষনাশক।

## লাবনামগুণাঃ।

লাবশ্চিত্রশ্চিত্রতনুঃ স চতুর্দ্ধা মতো বুধৈঃ।
পাংশুলো গৌরকোঽন্যস্তু পৌণ্ড্রকো দর্ভরস্তথা॥
লাবা হৃদ্যা হিমাঃ স্নিগ্ধা গ্রাহিণো বহ্নিদীপনাঃ।
পাংশুলঃ শ্লেষ্মলস্তেষাং বীর্য্যোষ্ণোঽনিলনাশনঃ॥
গৌরকঃ কফবাতঘ্নো রূক্ষো বহ্নিপ্রদঃ পরম্।
পৌণ্ড্রকঃ পিত্তকৃৎ কিঞ্চিল্লঘুঃ শ্লেষ্মানিলাপহঃ॥
দর্ভরো রক্তপিত্তঘ্নো হৃদাময়হরো হিমঃ॥

পর্য্যায়। লাব, চিত্র, চিত্রতনু* এইকয়টী লাব অর্থাৎ বটের পক্ষীর সংস্কৃত নাম। লাবপক্ষী পাংশুবর্ণ, গৌরবর্ণ, পৌণ্ড্রক ও দর্ভরভেদে চারি প্রকার।

গুণ। লাবপক্ষীর মাংস তৃপ্তিজনক, শীতবীর্য্য, স্নিগ্ধ, মলগ্রাহক, অগ্নিদীপক। পাংশুল লাবপক্ষীর মাংস কফজনক, উষ্ণবীর্য্য ও বায়ুনাশক। গৌর লাবপক্ষীর মাংস রূক্ষ, অত্যন্ত অগ্নিবর্দ্ধক, কফ ও বায়ুনাশক। পৌণ্ড্রক পিত্তকর, কিঞ্চিৎ লঘুপাক, শ্লেষ্ম ও বায়ুনাশক। দর্ভরপক্ষী শীতবীর্য্য, রক্তপিত্ত, হৃদ্রোগনাশক।

---

## চটকনামগুণাঃ। (চড়াইপক্ষী)

চটকঃ কলবিঙ্কঃ স্যাদন্যো গ্রাম্যস্তু পুণ্ড্রকঃ।
চটকঃ শীতলঃ স্নিগ্ধঃ স্বাদুঃ শুক্রকফপ্রদঃ।
সন্নিপাতহরো বেশ্মচটকঃ শুক্রলঃ পরম্॥

পর্য্যায়। চটক, কলবিঙ্ক, এইদুইটী বন্য চটকের ও পুণ্ড্রক এইটী গ্রাম্য চটকের সংস্কৃত নাম।

গুণ। চটকমাংস শীতবীর্য্য, স্নিগ্ধ, স্বাদু, শুক্রও কফপ্রদ, সন্নিপাতঘ্ন, এবং গ্রাম্যচটক অত্যন্ত শুক্রবর্দ্ধক।

---

## বার্ত্তিকগুণাঃ। (চটকভেদঃ)

বার্ত্তিকো মধুরঃ শীতো রূক্ষশ্চ কফপিত্তমুৎ।

গুণ। বার্ত্তিকমাংস মধুর, শীতবীর্য্য, রূক্ষ, কফ ও পিত্ত নাশক।

---

## পারাবতনামগুণাঃ।

পারাবতঃ কলরবো মঞ্জুঘোষো মদোৎকটঃ।
কপোতো ঘুঘুকৃৎ পাণ্ডুরন্যঃ কাণকপোতকঃ॥
পারাবতো গুরুঃ স্নিগ্ধো রক্তপিত্তানিলাপহঃ।
সংগ্রাহী শুক্রলঃ শীতঃ কপোতোঽপি সমো গুণৈঃ॥
কিঞ্চিল্লঘুঃ পরং কাণকপোতঃ সর্ব্বদোষকৃৎ॥

পর্য্যায়। পারাবত, কলরব, মঞ্জুঘোষ, মদোৎকট এইকয়টী পায়রার এবং কপোত, ঘুঘুকৃৎ, পাণ্ডু এইকয়টী সাধারণ কপোতের এবং কাণ কপোতক এইটী কাণাকপোতের সংস্কৃত নাম।

গুণ। পারাবত মাংস গুরুপাক, স্নিগ্ধ, মলসংগ্রাহক, শুক্রপ্রদ, শীতবীর্য্য। রক্তপিত্ত ও বায়ুনাশক, কপোতমাংস পারাবতের সমগুণযুক্ত, কিঞ্চিল্লঘুপাক, কিন্তু কাণাকপোত সর্ব্বদোষকর।

---

## ময়ূরনামগুণাঃ।

ময়ূরশ্চন্দ্রকী কেকী মেঘরাবো ভুজঙ্গভুক্।
শিখী শিখাবলো বর্হী শিখণ্ডী নীলকণ্ঠকঃ॥
শুক্লাপাঙ্গঃ কলাপী চ মেঘনাদানুলাস্যকঃ।
ময়ূরো বৃংহণঃ শ্রোত্রশিরোরুগ্বাতশোষজিৎ।
উষ্ণো বলায়ুর্মেধাগ্নিকেশদৃক্স্বরবর্ণদঃ॥
সেব্যং ময়ূরজং মাংসং হেমন্তে শিশিরে মধৌ।
ন শরদ্গ্রীষ্ময়োঃ পথ্যং বর্ষাস্বপ্যহিভক্ষণাৎ॥

পর্য্যায়। ময়ূর, চন্দ্রকী, কেকী, মেঘরাব, ভুজঙ্গভুক্, শিখী, শিখাবলো, বর্হী, শিখণ্ডী, নীলকণ্ঠক, শুক্লাপাঙ্গ, কলাপী, মেঘনাদানুলাস্যক এইকয়টী ময়ূরের সংস্কৃত নাম।

গুণ। ময়ূর মাংস বীর্য্যবর্দ্ধক, কর্ণরোগ, শিরোরোগ, বায়ুরোগ ও শোষ রোগ নাশক। উষ্ণবীর্য্য, বল, পরমায়ু, স্মৃতিশক্তি, অগ্নি, কেশ, ও নেত্রের দৃষ্টিশক্তি বর্দ্ধক ও স্বর ও বর্ণোৎকর্ষবিধায়ক।

হেমন্তে, শিশিরে, ও চৈত্র অর্থাৎ বসন্তে ময়ূর মাংস সেবনীয়। সর্পভক্ষণ করে বলিয়া শরৎ, গ্রীষ্ম ও বর্ষাতে ময়ূর মাংস অপথ্য হেতু ভোজন করিবে না।

---

## কুক্কুটনামগুণাঃ।

কুক্কুটো বিকিরঃ শৌণ্ডী কালজ্ঞশ্চরণায়ুধঃ।
কৃকবাকুস্তাম্রচূড়ঃ স্যাদন্যোঽরণ্যকুক্কুটঃ॥
কুক্কুটো বৃংহণঃ স্নিগ্ধো বীর্য্যোষ্ণোঽনলজিদ্গুরুঃ।

চক্ষুষ্যঃ শুক্রকফকৃদ্বন্যো রুক্ষঃ কষায়কঃ।
পানীয়কুক্কুটঃ স্নিগ্ধো বৃংহণঃ শ্লেষ্মলো গুরুঃ॥

পর্য্যায়। কুক্কুট, বিকির, শৌণ্ডী, কালজ্ঞ, চরণায়ুধ, কৃকবাকু, তাম্রচূড়, এইকয়টী গ্রাম্য কুক্কুটের এবং অরণ্যকুক্কুট এইটী বন্যকুক্কুটের সংস্কৃত নাম।

গুণ। কুক্কুট মাংস বীর্য্যবর্দ্ধক, স্নিগ্ধ, উষ্ণবীর্য্য, বায়ুনাশক, গুরুপাক, চক্ষুর জ্যোতিবর্দ্ধক, শুক্র ও কফকর। বন্যকুক্কুট স্নিগ্ধ, বৃংহণ, কফজনক ও গুরুপাক।

---

## শুক-সারিকা নামগুণাঃ।

শুকো রক্তমুখঃ কীরো বাগ্মী সুন্দরদর্শনঃ।
সারিকা রসিকা দূতী সুমতিঃ প্রিয়বাদিনী॥
শুকঃ শীতো লঘুর্গ্রাহী ক্ষতকাসক্ষয়াপহঃ।
রুক্ষস্তদ্বন্মতা সারী স্নিগ্ধা বুদ্ধিবলাগ্নিকৃৎ॥

পর্য্যায়। শুক, রক্তমুখ, কীর, বাগ্মী, সুন্দরদর্শন, এইকয়টী শুকের এবং সারিকা, রসিকা, দূতী, সুমতি, প্রিয়বাদিনী এইকয়টী সারিকরি সংস্কৃত নাম।

গুণ। শুকমাংস শীতবীর্য্য, লঘুপাক, রূক্ষ, মলবন্ধকারক, ক্ষত, কাস ও ক্ষয় রোগ নাশক। সারিকার মাংস শুকের ন্যায় গুণযুক্ত, বিশেষতঃ স্নিগ্ধ, বুদ্ধি, বল ও অগ্নিকারক।

---

## কোকিলনামগুণাঃ।

কোকিলঃ কলকণ্ঠঃ স্যাৎ পরপুষ্টো বনপ্রিয়ঃ।
পিকঃ পরভৃতো হারী তাম্রাক্ষো মধুদূতকঃ॥
কোকিলো দীপনো গ্রাহী চক্ষুষ্যঃ ক্ষয়কাসজিৎ॥

পর্য্যায়। কোকিল, কলকণ্ঠ, পরপুষ্ট, বনপ্রিয়, পিক, পরভৃত, হারী, তাম্রাক্ষ, মধুদূতক এইকয়টী কোকিলের সংস্কৃত নাম।

গুণ। কোকিল মাংস অগ্নিদীপক, মলবন্ধকারক, চক্ষুর জ্যোতিবর্দ্ধক, ক্ষয়রোগ ও কাস নাশক।

---

## কাক-ভাসনামগুণাঃ।

কাকো ধ্বাঙ্ক্ষো গূঢ়কামো বলিপুষ্টঃ সকৃৎপ্রজঃ।
বায়সো বলিভুক্ কাণঃ করটশ্চতুরো দ্বিজঃ॥
ভাসঃ শিখাবান্ ভাসন্তো গৃধ্রাকারো রজঃপ্রভঃ।
কাকভাসভবং মাংসং চক্ষুষ্যং দীপনং লঘু।
আয়ুষ্যং বৃংহণং বল্যং ক্ষতদোষক্ষয়াপহম্॥

পর্য্যায়। কাক, ধ্বাঙ্ক্ষ, গূঢ়কাম, বলিপুষ্ট, সকৃৎপ্রজ, বায়স, বলিভুক্, কাণ, করট, চতুর, দ্বিজ এই কয়টী কাকের এবং ভাস, শিখাবান্, ভাসন্ত, গৃধ্রাকার, রজঃপ্রভ এইকয়টী ভাসের গৃধ্র বিশেষের সংস্কৃত নাম।

গুণ। কাকমাংস ও ভাসমাংস চক্ষুর জোতির্বর্দ্ধক, অগ্নিদীপক, লঘুপাক, আয়ুর্বর্দ্ধক, বীর্য্যবর্দ্ধক, বলকর, ক্ষত, ত্রিদোষ ও ক্ষয়রোগ নাশক।

## গৃধ্রনামগুণাঃ।

গৃধ্রঃ সুদৃষ্টিঃ শকুনির্বক্রচঞ্চুঃ সুদূরদৃক্।
গৃধ্রস্য কাকবন্মাংসং বিশেষান্নেত্ররোগজিৎ॥

পর্য্যায়। গৃধ্র, সুদৃষ্টি, শকুনি, বক্রচঞ্চু, সুদূরদৃক্ এই কয়টী গৃধ্র অর্থাৎ শকুনির সংস্কৃত নাম।

গুণ। গৃধ্রমাংস কাকমাংসবৎ গুণযুক্ত, বিশেষতঃ নেত্ররোগ নাশক।

## হংসনামগুণাঃ।

হংসঃ শ্বেতগরুন্মানসৌকা রক্তৈঃ পদাননৈঃ।
রাজহংসঃ স্মৃতঃ কৃষ্ণৈর্ধার্ত্তরাষ্ট্রোঽথ মালিকঃ।
মলিনৈঃ কলহংসস্তু পীতৈঃ কাদম্ব উচ্যতে॥
কারণ্ডবঃ প্লবো মদ্গুর্বরটা হংসযোষিতঃ॥
হংসঃ স্নিগ্ধো গুরুর্বৃষ্যো বীর্য্যোষ্ণঃ স্বরবর্ণকৃৎ।
বাতাস্রপিত্তশমনো বৃংহণো বলবহ্নিদঃ॥

পর্য্যায়। শ্বেত পক্ষ ও রক্তবর্ণ পদ ও চঞ্চুযুক্ত হংসকে রাজহংস বলে। হংস, শ্বেতগরুৎ, মানসৌকা, রক্তপদানন ও রাজহংস এইকয়টী রাজহংসের; কৃষ্ণবর্ণ পক্ষ পদও চঞ্চুবিশিষ্ট হংসকে ধার্ত্তরাষ্ট্র; মলিন পক্ষ, পদচঞ্চুবিশিষ্ট হংসকে মালিক; পীত পক্ষ চঞ্চুচরণ বিশিষ্ট হংসকে কলহংস ও কাদম্ব বলে, এবং কারণ্ডব, প্লব, মদ্গু এইকয়টী কারণ্ডবের অর্থাৎ খড়হংসের এবং বরটা ও হংসযোষিৎ এইগুলি স্ত্রীহংসের সংস্কৃত নাম।

গুণ।—হংসমাংস স্নিগ্ধ, গুরুপাক, বলবর্দ্ধক, উষ্ণবীর্য্য, স্বর ও বর্ণের উৎকর্ষ কারক, বাতরক্ত ও পিত্তনাশক, বৃংহণ ও বল ও অগ্নিকারক।

## সারসনামগুণাঃ।

সারসো লক্ষ্মণো রক্তমূর্দ্ধা স্যাৎ পুষ্করাহ্বয়ঃ।
সারসো বৃংহণো বৃষ্যঃ স্নিগ্ধোষ্ণো বহ্নিকৃদ্গুরুঃ।
পিত্তাস্রবাতশমনো বর্ণস্বরবলপ্রদঃ॥

পর্য্যায়। সারস, লক্ষ্মণ, রক্তমূর্দ্ধা ও পুষ্করনামক শব্দসমূহ সারসের নাম।

গুণ। সারসমাংস বলবীর্য্যবর্দ্ধক, স্নিগ্ধ, উষ্ণবীর্য্য, অগ্নিকারক, গুরুপাক, পিত্ত, রক্তদোষ, বায়ুনাশক, বর্ণ, স্বর ও বলপ্রদ।

---

## চক্রবাক-কোকনাম।

চক্রবাকঃ পত্ররথশ্চক্রশ্চক্রী সুকামুকঃ।
রথাঙ্গনামা কোকোঽথ কঙ্কঃ স্যাল্লোহপৃষ্ঠকঃ॥

পর্য্যায়। চক্রবাক, পত্ররথ, চক্র, চক্রী, সুকামুক, রথাঙ্গনামা, এইকয়টী চক্রবাকের এবং কোক, কঙ্ক, লোহপৃষ্ঠক এইকয়টী কোকের সংস্কৃত নাম।

---

## বকনাম।

বকো বকোটো ধবলো বলাকা বিসকণ্ঠিকা।

পর্য্যায়। বক, বকোট, ধবল এইকয়টী বকের এবং বলাকা, বিসকণ্ঠিকা গুলি স্ত্রী বকের সংস্কৃত নাম।

---

## আড়ি নাম।

আড়িঃ শরারিরাটিশ্চ বিচিত্রা জলচারিণী।

পর্য্যায়। আড়ি, শরারি, আটী, বিচিত্রা, জলচারিণী এইগুলি আড়িপক্ষীর সংস্কৃত নাম।

## চক্রাদিমাংসগুণাঃ।

চক্রকঙ্কবকাট্যাদি মাংসং স্নিগ্ধং হিমং গুরু।
মধুরং সৃষ্টবিণ্মূত্রং বাতপিত্তাস্রনাশনম্॥

গুণ। চক্রবাক, কঙ্ক, বক, আড়ী প্রভৃতির মাংস স্নিগ্ধ, শীতল, গুরুপাক, মধুর, মলমূত্র-প্রবর্ত্তক, বায়ুপিত্ত ও রক্তদোষনাশক।

## করেটুনামগুণাঃ।

করেটুকঃ কর্করেটুঃ করেটুঃ কর্করাটুকঃ।
করেটুর্ব্বৃংহণো বল্যো বাতপিত্তহরো লঘুঃ॥

পর্য্যায়। করেটুক, কর্করেটু, করেটু ও কর্করাটুক এই কয়টী কুরেটুর অর্থাৎ করকটিয়ার সংস্কৃত নাম।

গুণ। করেটু বীর্য্যবর্দ্ধক, বলকর, লঘুপাক, বায়ুপিত্ত নাশক।

## খঞ্জরীট-চাষনাম।

খঞ্জরীটঃ খঞ্জনকশ্চাষশ্চাসঃ কিকীদিবিঃ।

পর্য্যায়। খঞ্জরীট, খঞ্জনক, এই দুইটী খঞ্জনপক্ষীর এবং চাষ, চাস, কিকীদিবি, এইকয়টী চাষ অর্থাৎ নীলকণ্ঠ পক্ষীর সংস্কৃত নাম।

## চাতকনাম।

চাতকস্তু ঘনরবঃ সারঙ্গস্তোককো ভ্রমঃ।

পর্য্যায়। চাতক, ঘনরব, সারঙ্গ, তোকক, ভ্রম, এই কয়টী চাতকের সংস্কৃত নাম।

---

## ভারদ্বাজনামগুণাঃ।

ভারদ্বাজঃ কর্করাটো ব্যাঘ্রাটোঽহিকুটিঃ পরঃ।

পর্য্যায়। ভারদ্বাজ, কর্করাট, ব্যাঘ্রাট, অহিকুটী, এই কয়টী ভরদ্বাজের ভারুইয়ের সংস্কৃত নাম।

---

## খঞ্জরীটাদিগুণাঃ।

খঞ্জরীটো ভরদ্বাজশ্চাষঃ শ্লেষ্মানিলাপহঃ॥
চাতকোঽনিলপিত্তঘ্নো ভারদ্বাজঃ কফাস্রজিৎ॥

গুণ। খঞ্জন, ভারদ্বাজ, চাষ পক্ষীর মাংস কফ ও বায়ু নাশক। চাতক বায়ু, পিত্তনাশক, ভারদ্বাজ কফ ও রক্তদোষ নাশক।

---

## শ্যেন-চিরিনামগুণাঃ।

শ্যেনঃ শশাদনঃ পত্রী চীরিশ্চিল্লী চিরিল্লিকা।
শ্যেনচীরিভবং মাংসং প্রায়ো দোষকরং গুরু॥

পর্য্যায়। শ্যেন, শশাদন, পত্রী এইকয়টী শ্যেনপক্ষীর, এবং চীরি, চিল্লী, চিরিল্লিকা এই কয়টী চিলের সংস্কৃত নাম।

গুণ। শ্যেন ও চীলের মাংস প্রায়ই দোষজনক ও গুরুপাক।

---

## উলূকনামগুণাঃ।

উলূকঃ কৌশিকঃ কাকবৈরী ঘূকো নিশাচরঃ।
উলূকপললং ভ্রান্তিকরং বাতপ্রকোপকম্॥

পর্য্যায়। উলূক, কৌশিক, কাকবৈরি, ঘূক ও নিশাচর এইকয়টী উলূকের (পেচকের) সংস্কৃতনাম।

গুণ। উলূকমাংস ভ্রমজনক, বায়ুপ্রকোপক।

---

## চকোরনামগুণাঃ।

চকোরশ্চন্দ্রিকাপায়ী জীবঞ্জীবঃ স্থলোচনঃ।
চকোরো বৃংহণো বল্যঃ স্নিগ্ধোষ্ণো বাতনাশনঃ॥

পর্য্যায়। চকোর, চন্দ্রিকাপায়ী, জীবঞ্জীব ও স্থলোচন এই কয়টী চকোরের সংস্কৃত নাম।

গুণ। চকোরমাংস বীর্য্যবর্দ্ধক, বলকর, স্নিগ্ধ, উষ্ণবীর্য্য, ও বায়ুনাশক।

---

## ক্রৌঞ্চাদিনামগুণাঃ।

ক্রুঙ্ ক্রৌঞ্চঃ পেচকোঽন্যস্তু পুচ্ছাধোভাগলোহিতঃ।
উৎক্রোশঃ কুররোঽথান্যঃ কোযষ্টিষ্টিট্টিভস্তথা॥
ক্রৌঞ্চঃ পিত্তানিলহরঃ পেচকঃ কফবাতজিৎ।
কুররঃ ক্রৌঞ্চবজ্ জ্ঞেয়ষ্টিট্টিভোঽল্পমরুৎকরঃ॥

পর্য্যায়। ক্রুঙ, ক্রৌঞ্চ এই দুইটী ক্রৌঞ্চ অর্থাৎ কোঁচ বকের এবং পেচক, পুচ্ছাধোভাগলোহিত, এইদুইটী পেচকের, উৎক্রোশ, কুরর, এইকয়টী

উৎক্রোশ পক্ষীর এবং কোযষ্টি, টিট্টিভ এইকয়টী টিট্টিভ অর্থাৎ তিতির পক্ষীর সংস্কৃত নাম।

গুণ।—ক্রৌঞ্চমাংস পিত্ত ও বায়ুনাশক, পেচকমাংস কফ ও বায়ুনাশক, কুরর মাংস ক্রৌঞ্চমাংসবৎ গুণযুক্ত, টিট্টিভ মাংস অল্প বায়ুজনক।

---

## মৎস্যনামানি।

মৎস্যো ঝষস্তিমির্মীনঃ শল্কী বৈসারিণোঽণ্ডজঃ।
পৃথুরোমাভিসারঃ স্যাদ্বিসারঃ শকুলী তথা॥

পর্য্যায়। মৎস্য, ঝষ, তিমি, মীন, শল্কী, বৈসারিণ, অণ্ডজ, পৃথুরোমা, অভিসার, বিসার, শকুলী এইগুলি মৎস্যের সংস্কৃত নাম।

---

## রোহিতাদিমৎস্য নামগুণাঃ।

রক্তোদরো রক্তমুখো রোহিতো মৎস্যপুঙ্গবঃ।
সংহস্রদংষ্ট্রঃ পাঠীনঃ কৃষ্ণবর্ণো মহাশিরাঃ।
সফরঃ ক্ষুদ্রমৎস্যঃ স্যাৎ প্রোষ্ঠী তু সফরী স্মৃতা॥
নলমীনশ্চিলিচিমস্তিমিঃ খ্যাতঃ সমুদ্রজঃ॥
মৎস্যা বলপ্রদা বৃষ্যা গুরবঃ কফপিত্তলাঃ।
উষ্ণাভিষ্যন্দিনঃ স্নিগ্ধা বৃংহণাঃ পবনাপহাঃ॥
নাদেয়া বৃংহণা মৎস্যা গুরবোঽনিলনাশনাঃ।
কৌপা বৃষ্যাঃ কফাষ্ঠীলা মূত্রকৃচ্ছ্রবিবন্ধদাঃ।
তাড়াগা গুরবো বৃষ্যাঃ শীতলা মলমূত্রদাঃ।

তড়াগবন্নির্ঝরজা বলায়ুর্মতিদৃক্করাঃ।
সরোজা মধুরাঃ স্নিগ্ধা বল্যা বাতনিবর্হণাঃ।
সামুদ্রা গুরবো নাতিপিত্তলাঃ পবনাপহাঃ।
তত্রাপি লবণাম্ভোজা গ্রাহিণো দৃষ্টিনাশনাঃ॥
হ্রদোদ্ভবা বলকরা নতু স্বল্পজলোদ্ভবাঃ॥
হেমন্তে কূপজা মৎস্যাঃ শিশিরে সারসা হিতাঃ।
মধুগ্রীষ্মাম্বুকালেষু নদীচৌঞ্জতড়াগজাঃ॥
শরৎসু নৈর্ঝরাঃ সর্ব্বে বর্ষোত্থাঃ সর্ব্বদোষজাঃ।
রোহিতঃ প্রবরস্তেষু নাতিপিত্তকরো লঘুঃ।
কষায়ানুরসো বল্যঃ পাঠীনঃ শ্লেষ্মলো গুরুঃ॥

পর্য্যায়। রক্তোদর, রক্তমুখ, রোহিত, মৎস্যপুঙ্গব, এই কয়টী রুইমাছের; সহস্রদংষ্ট্র, পাঠীন এই দুইটী বোয়াল মাছের; কৃষ্টবর্ণ, মহাশিরা এই দুইটী শাল মাছের; শকর, ক্ষুদ্রমৎস্য এই দুইটী ক্ষুদ্র মাছের, প্রোষ্ঠী ও শফরী এই দুইটী পুঠীমাছের; নলমীন, চিলিচিম, তিমি, সমুদ্রজ এই কয়টী তিমি মাছের, সংস্কৃত নাম।

গুণ। মৎস্য সকল বলপ্রদ, বীর্য্যবর্দ্ধক, গুরুপাক, কফ ও পিত্তজনক, উষ্ণবীর্য্য, অভিষ্যন্দকর, স্নিগ্ধ, বলবীর্য্য বর্দ্ধক ও বায়ুনাশক।

নদীজাত মৎস্য বীর্য্যবর্দ্ধক, গুরুপাক, বায়ুনাশক, কূপজাত মৎস্য বলকর, কফ, অষ্ঠীলা, মূত্রদোষ, কুষ্ঠ ও আনাহ রোগজনক।

তড়াগজাত মৎস্য গুরুপাক, বীর্য্যবর্দ্ধক, শীতবীর্য্য, মল ও মূত্র প্রবর্ত্তক।

নির্ঝরজাত মৎস্য, তড়াগজাত মৎস্যের ন্যায় গুণযুক্ত, বল, আয়ু, সুমতি ও দৃষ্টিশক্তি বর্দ্ধক।

সরোবরজাত মৎস্য মধুরাস্বাদ, স্নিগ্ধ, বলকর, বায়ুনাশক।

সমুদ্রজাত মৎস্য গুরুপাক, অনতিপিত্তজনক ও বায়ুনাশক।

বিশেষতঃ লবণজলজাত মৎস্য মলসংগ্রাহক, দৃষ্টিশক্তিনাশক।

হ্রদাদি বৃহৎ জলাশয়জাত মৎস্য বলকর। কিন্তু স্বল্পজলোদ্ভব মৎস্য বলকর নহে।

হেমন্ত ঋতুতে কূপজাত মৎস্য, শীতঋতুতে সরোবরজাত মৎস্য, চৈত্রমাসে, গ্রীষ্মকালে ও বর্ষাঋতুতে নদী, চৌণ্ড ও তড়াগজাত মৎস্য হিতকর। শিলাকীর্ণ তৃণলতাদিসমাচ্ছন্ন ক্ষুদ্র গর্ত্তাকৃতি জলাশয়কে চৌণ্ড বলে।

শরৎকালে নির্ঝরজাত মৎস্য ও বর্ষাকালজাত মৎস্য সর্ব্বদোষজনক।

সকল মৎস্যের মধ্যে রোহিত মৎস্যই শ্রেষ্ঠ। ইহা অনতিপিত্তকর, লঘুপাক, কষায়রস ও বলকর। বোয়াল মাছ শ্লেষ্মজনক ও গুরুপাক।

---

## ভকুটাদিগুণাঃ।

ভকুটো মধুরঃ শীতো বৃষ্যঃ শ্লেষ্মকরো গুরুঃ
ভবেদ্বিষ্টম্ভকারী চ রক্তপিত্তবিনাশনঃ॥
বার্ম্মিমৎস্যঃ পিত্তহরো বাতহৃচ্চ বলপ্রদঃ।
মদ্‌গুরো বাতহা বৃষ্যঃ সূক্ষ্মঃ শ্লেষ্মবিবর্দ্ধনঃ।
রক্তপিত্তহরস্তিক্তঃ কফঘ্নো দণ্ডমৎস্যকঃ॥
হিলিসো মধুরঃ স্নিগ্ধঃ পিত্তশ্লেষ্মবিবর্দ্ধনঃ।
শৃঙ্গী তু বাতশমনী স্নিগ্ধা শ্লেষ্মপ্রকোপণী।
শঙ্কুলাঃ সকষায়াশ্চ গ্রাহিণো মধুরা মতাঃ।

গর্গরো মধুরঃ স্নিগ্ধো নাতিপিত্তকরশ্চ স।
মারুতং নাশয়েদেবং শ্লেষ্মাণঞ্চ প্রকোপয়েৎ॥
কবয়া মধুরাঃ স্নিগ্ধাঃ কষায়াশ্চ রুচিপ্রদাঃ।
নাতিপিত্তকরা বাতনাশনা বলবর্দ্ধনাঃ।
অরঙ্গো মধুরঃ স্নিগ্ধো বিষ্টম্ভী শীতলো গুরুঃ।
প্রোষ্ঠী তিক্তা কটুঃ স্বাদুঃ শুক্রঘ্নী কফবাতলা।
স্নিগ্ধাস্যকণ্ঠরোগঘ্নী রোচনী চ লঘুর্মতা॥

গুণ। ভেটকীমাছ মধুর, শীতবীর্য্য, বীর্য্যবর্দ্ধক, কফঘ্ন, গুরুপাক, বিষ্টম্ভকর, রক্তপিত্তনাশক। বর্ম্মিমাছ বাত ও পিত্তনাশক, বলকর। মাগুরমাছ বায়ুনাশক, বীর্য্যবর্দ্ধক, সূক্ষ্মস্রোতগামী, কফবর্দ্ধক। দণ্ডমৎস্য তিক্তরস, কফ ও রক্তপিত্তনাশক। ইলিশমাছ মধুর স্নিগ্ধ, পিত্ত ও কফবর্দ্ধক। শিঙ্গীমাছ স্নিগ্ধ, বায়ুনাশক, শ্লেষ্মপ্রকোপক। শোলমাছ কষায়রস, মলসংগ্রাহী, মধুর। গাগর মাছ মধুর স্নিগ্ধ, অনতিপিত্তকর, বায়ুনাশক, কফবর্দ্ধক। কই মাছ মধুর স্নিগ্ধ, কষায়, রুচিকর, বলবর্দ্ধক, অনতিপিত্তকর, বায়ুনাশক। অরঙ্গ অর্থাৎ আড় মাছ স্নিগ্ধ, শীতল, গুরুপাক, বিষ্টম্ভজনক। পুঁটীমাছ তিক্ত, কটু, স্বাদু, স্নিগ্ধ, শুক্রনাশক, কফ ও বায়ুজনক, মুখ ও কণ্ঠরোগনাশক, লঘুপাক ও রুচিকর।

---

## ক্ষুদ্রমৎস্য–মৎস্যাণ্ড গুণাঃ।

ক্ষুদ্রমৎস্যাঃ স্বাদুরসা দোষত্রয়নিবর্হণাঃ।
সূক্ষ্মাঃ পরং পুংস্ত্বহরা রুচ্যাঃ কাসানিলাপহাঃ।

ত্রিদোষকৃচ্চিলিচিমমৎস্যো বল্যঃ পরং মতঃ।
মৎস্যগর্ভো ভৃশং বৃষ্যঃ স্নিগ্ধঃ স্থৈর্য্যকরো গুরুঃ।
কফমেদঃপ্রদো বল্যো গ্লানিকৃন্মেহনাশনঃ॥

গুণ। ক্ষুদ্র মৎস্য সকল স্বাদুরস, ত্রিদোষ নাশক।

অতি ক্ষুদ্র মৎস্য পুংস্ত্বহর, রুচিকর, কাস ও বায়ু নাশক। চিলিচিমমৎস্য ত্রিদোষজনক, কিন্তু অতি বলকর।

মৎস্যের ডিম্ব অত্যন্ত বীর্য্যবর্দ্ধক, স্নিগ্ধ, দেহের স্থিরত্বকারক, গুরুপাক, কফ ও মেদজনক, বলকর, গ্লানিজনক ও মেহনাশক।

---

## শিশুমার-মকর নামগুণাঃ।

শিশুমারো দৃতেস্তুল্যো মকরস্তিমিদংষ্ট্রকঃ।
শিশুমারো গুরুর্বৃষ্যঃ কফকৃদ্বাতনাশনঃ॥
বৃংহণো বলদঃ স্নিগ্ধস্তদ্বন্মকরমাদিশেৎ॥

পর্য্যায়। শিশুমার চর্ম্মপুটকের ন্যায় আকৃতিবিশিষ্ট ও মকর তিমির ন্যায় দন্তবিশিষ্ট, এইজন্য শিশুমারকে দৃতিতুল্য ও মকরকে তিমিদংষ্ট্রক বলে।

গুণ। শিশুমার ( শুশুক মাছ ) গুরুপাক, তেজস্কর, কফকর, বায়ুনাশক, বীর্য্যবর্দ্ধক, বলকর ও স্নিগ্ধ। মকর শিশুমারের ন্যায় গুণবিশিষ্ট।

---

## কচ্ছপনামগুণাঃ।

কচ্ছপো গূঢ়পাৎ কূর্ম্মঃ কমঠো দৃঢ়পৃষ্ঠকঃ।
কচ্ছপো বলদঃ স্নিগ্ধো বাতজিৎ পুংস্ত্বকারকঃ॥

পর্য্যায়। কচ্ছপ, গূঢ়পাৎ, কূর্ম্ম, কমঠ, গূঢ়পৃষ্ঠক এই কয়টী কচ্ছপের সংস্কৃত নাম।

গুণ। কচ্ছপ বলকর, স্নিগ্ধ, বায়ুনাশক এবং পুরুষত্ব কারক।

---

## মণ্ডূকনামগুণাঃ।

মণ্ডূকঃ প্লবগো ভেকো বর্ষাভূর্দর্দুরো হরিঃ।
মণ্ডূকঃ শ্লেষ্মলো নাতিপিত্তলো বলকারকঃ॥

পর্য্যায়। মণ্ডূক, প্লবগ, ভেক, বর্ষাভূ, দর্দুর, হরি এই কয়টী ভেকের সংস্কৃত নাম।

গুণ। ভেক মাংস কফজনক, অনতিপিত্তপ্রদ, ও বলকারক।

---

## কর্কটনাম গুণাঃ।

কর্কটঃ কুরুচিল্লঃ স্যাৎ কুলীরঃ ষোড়শাঙ্ঘ্রিকঃ।
কর্কটো বৃংহণো বৃষ্যঃ শীতলোঽস্রগদরাপহঃ॥

পর্য্যায়। কর্কট, কুরুচিল্ল, কুলীর, শোড়শাঙ্ঘ্রিক এই কয়টী কাঁকড়ার সংস্কৃত নাম।

গুণ। কাঁকড়া বীর্য্যবর্দ্ধক, তেজস্কর, শীতবীর্য্য, প্রদরনাশক।

---

## সর্পনামানি।

সর্পো ভুজঙ্গো ভুজগঃ ফণী ভোগী ভুজঙ্গমঃ।
কুণ্ডলী কঞ্চুকী চক্রী পন্নগঃ পবনাশনঃ॥

গূঢ়পাদুরগো নাগো জিহ্মগশ্চ সরীসৃপঃ।
চক্ষুঃশ্রবা দীর্ঘপৃষ্ঠো ব্যাল আশীবিষস্ত্বহিঃ॥
দর্ব্বীকরো বিষধরো দ্বন্দশূকো বিলেশয়ঃ।
কুম্ভীনসঃ পৃদাকুঃ স্যাদ্দংষ্ট্রী কাকোদরো বিষী॥

পর্য্যায়। সর্প, ভুজঙ্গ, ভুজগ, ফণী, ভোগী, ভুজঙ্গম, কুণ্ডলী, কঞ্চুকী, চক্রী, পন্নগ, পবনাশন, গূঢ়পাৎ, উরগ, নাগ, জিহ্মগ, সরীসৃপ, চক্ষুঃশ্রবা, দীর্ঘপৃষ্ঠ, ব্যাল, আশীবিষ, অহি, দর্ব্বীকর, বিষধর, দ্বন্দশূক, বিলেশয়, কুম্ভীনস, পৃদাকু, দংষ্ট্রী, কাকোদর ও বিষী এই কয়টী সর্পের সংস্কৃত নাম।

---

## ডুণ্ডুভাদি নাম।

ডুণ্ডুভো রাজিলঃ প্রোক্তোঽজগরো বাহসঃ শয়ুঃ।
জলসর্পোঽলগর্দ্দঃ স্যাৎ তিলিৎসো গোনসঃ স্মৃতঃ॥

পর্য্যায়। ডুণ্ডুভ, রাজিল এই দুইটী ঢোঁড়াসাপের, অজগর, বাহস ও শয়ু এই কয়টী অজাগরের, জলসর্প ও অলগর্দ্দ এই দুইটী জলঢোঁড়াসাপের, তিলিৎস ও গোনস এই দুইটী বোড়া বা গোক্ষুরাসাপের সংস্কৃত নাম।

---

## সর্পমাংসগুণাঃ।

সর্পাণাং স্নেহনং মাংসং চক্ষুষ্যং বৃংহণং গুরু।
দূষীবিষকৃমিহরং মেধাগ্নিবলবর্দ্ধনম্॥

গুণ। সর্পের মাংস স্নেহকর, চক্ষুর জোতিবর্দ্ধক, বীর্য্যবর্দ্ধক, গুরুপাক, স্মৃতিশক্তি, অগ্নি ও বলবর্দ্ধক, দূষিবিষ ও কৃমিনাশক।

---

## গোধানাম গুণাঃ।

গোধা ঘোরফটা পঞ্চনখরা জনিতস্তথা।
কৃষ্ণসর্পেণ গোধেয়ো গোধেরঃ স মহাগুণঃ ॥
গোধাগ্নিজননী বৃষ্যা বল্যা পিত্তানিলাপহা ॥

পর্য্যায়। গোধা, ঘোরফটা, পঞ্চনখরা, এই কয়টী গোসাপের সংস্কৃত নাম।

কৃষ্ণসর্পের ঔরসে গোধাগর্ভে জাত সর্পকে গোধের, ও গোধেয় বলে তাহার মাংস বহুগুণযুক্ত। গোসাপের মাংস অগ্নিজনক, বলকর, বীর্য্য-বর্দ্ধক, পিত্ত ও বায়ুনাশক।

---

## সদ্যোহতমাংসগুণাঃ।

সদ্যোহতং ভজেন্মাংসং ব্যাধিবারিবিষাদৃতে।
বয়স্থমকৃশং বল্যমন্যথা পরিবর্জ্জয়েৎ ॥

গুণ। পীড়া, জলমজ্জন বা বিষভক্ষণ ব্যতীত অন্যপ্রকার সদ্যহত মৎস্যাদির-মাংস ভোজন কর্ত্তব্য। ইহা বয়ঃপ্রদ, কৃশতানাশক ও বলকর বাসি মাংস ভক্ষণ নিষেধ।

---

## বৃদ্ধবালাদিমাংসগুণাঃ।

বৃদ্ধানাং দোষলং মাংসং বালানাং বলদং লঘু।
প্রায়ো দ্বিতীয়ান্মাসাত্তু যাবৎষাণ্মাসিকো ভবেৎ।
বালস্তাবদ্বরো মধ্যস্ততঃ স্যাদধিবৎসরং।
জরঠঃ স্যাত্ততস্তস্য মাংসংগুরুতরং মতং।
চ্যুতগর্ভা গুরুর্যোষিৎ সগর্ভা চ তথা লঘুঃ ॥

গুণ। বৃদ্ধ মৎস্যাদির মাংস বহুদোষজনক, বাল অর্থাৎ অল্পদিনের মৎস্যাদির মাংস বলপ্রদ ও লঘু, প্রায় দ্বিতীয় মাস হইতে যতদিন ছয় মাস না হয় তাবৎ তাহাকে বাল বলে, ইহা শ্রেষ্ঠ। তৎপরে বৎসরাধিককে মধ্যবলে তাহা মধ্যগুণ। তৎপরে উহারা বৃদ্ধ হয়। বৃদ্ধের মাংস গুরুপাক। চ্যুতগর্ভা স্ত্রীজাতীয় মৎস্যাদির মাংস গুরুপাক, সগর্ভার মাংস লঘুপাক।

## স্বয়ংমৃতমাংসগুণাঃ।

স্বয়ং মৃতমবল্যং স্যাদতিসারকরং গুরু।

গুণ। স্বয়ংমৃত মৎস্যাদির মাংস বলনাশক, অতিসারজনক ও গুরুপাক।

## বিষাদিহত মাংসগুণাঃ।

বিষাম্বুরুঙ্মৃতং মৃত্যুদোষত্রয়রুগাবহম্॥

গুণ। বিষ, জল, বা রোগ ইত্যাদি দ্বারা মৃত মৎস্যাদির মাংস মৃত্যু, ত্রিদোষ ও রোগ প্রদ।

## অঙ্গভেদে মাংসগুণাঃ।

শিরো গুর্ব্বতিচক্ষুষ্যং বল্যং পিত্তাস্রবাতনুৎ।
গ্রীবা গুর্ব্বী বিবন্ধোর্দ্ধজত্রুব্যাধিকরী মতা॥
করমূলেঽতিবলদে শুক্রস্তন্যপ্রদে সরে।
পার্শ্বমাংসমতীসারে হিতং চক্ষুষ্যমগ্নিকৃৎ॥
পশ্চার্দ্ধমাংসং বলদং লঘু দোষত্রয়াপহং।
জাঠরং গুরু বিষ্টম্ভি মেদপ্রদরয়োর্হিতং॥

অণ্ডধ্বজৌ গুরূ বৃষ্যৌ ত্রিদোষঘ্নৌ হিমৌ সরৌ।
অন্ত্রন্তু দুর্জরং বল্যং মধুরং শ্লেষ্মদং গুরু॥
শিরাগুর্ব্বোঽতিমধুরাঃ শ্লেষ্মলা বলিনাং হিতাঃ।
কালখণ্ডং ত্রিদোষঘ্নং ক্ষয়ক্ষয়করং হিতং॥
সামান্যমাংসমাখ্যাতং বিশেষং বচ্ম্যতঃপরং।

গুণ। মাছের বা ছাগাদির মুড়া অতিচক্ষুষ্য, বলকারক, পিত্ত, বাতরক্ত-দোষনাশক। গলা গুরুপাক, বিবন্ধ ও ঊর্দ্ধজত্রুপীড়াজনক। করমূল অতিবলপ্রদ, শুক্র ও স্তনদুগ্ধবৰ্দ্ধক ও সারক। পার্শ্বমাংস অতিসার নাশক, চক্ষুষ্য ও অগ্নিকর। পশ্চাদ্ভাগের মাংস বলদ, লঘু, ত্রিদোষঘ্ন। পেটীর মাংস গুরু, বিষ্টম্ভি, মেদ ও প্রদর নাশক। অণ্ড ও লিঙ্গ গুরুপাক, বীর্য্যবৰ্দ্ধক, ত্রিদোষঘ্ন, শীতল, সারক। নাড়ী দুর্জ্জর, বলকর, মধুর, গুরু, শ্লেষ্মজনক। বৃহৎ মুড়া অতি মধুর, কফজনক ও বলবানের পক্ষে হিতকর। যকৃৎ ত্রিদোষঘ্ন ও ক্ষয়রোগনাশক। সামান্য মাংসের কথা বলা হইল। অতঃপর বিশেষ মাংস বর্ণিত হইবে।

---

## স্ত্রী পুং ভেদে মাংসগুণাঃ।

বিহঙ্গেষু পুমান্ শ্রেষ্ঠঃ স্ত্রী চতুষ্পদজাতিষু।
পরার্দ্ধং লঘু পুংসাং স্যাৎ স্ত্রীণাং পূর্ব্বার্দ্ধমাদিশেৎ।
তুল্যজাতৌ স্বল্পদেহো মহাদেহেষু পূজিতঃ।
অল্পদেহেষু শস্যন্তে তথৈব স্থূলদেহিনঃ॥
চেষ্টাবতাং পরং মাংসমলসেভ্যো লঘু স্মৃতম্।
দেহমধ্যং গুরু প্রায়ঃ সর্ব্বেষাং প্রাণিনাং মতম্॥

পক্ষোৎক্ষেপাদ্বিহঙ্গানাং তদেব সমমুচ্যতে।
গুরূণ্যঙ্গানি সর্ব্বেষাং গলগ্রীবং চ পক্ষিণাং।
যে মৃগা বিহগাস্তোয়দূরাবাসপ্রচারকাঃ।
তে চাভিষ্যন্দিনঃ সর্ব্বে জলানূপচরাশ্চ যে।
গুরুভক্ষ্যা গুরুতরং তেষাং মাংসমুদাহৃতম্।
ধন্বোৎপত্তিপ্রচারাণাং লঘু স্যাল্লঘুভোজিনাম্।
ঊরুস্কন্ধোদরং মূর্দ্ধা পানিপাদৌ কটী তথা।
পৃষ্ঠত্বগ্ যকৃদন্ত্রাণি গুরূণি হি যথোত্তরম্॥

গুণ। পক্ষিজাতির মধ্যে পুরুষ পক্ষির মাংসই শ্রেষ্ঠ।

চতুষ্পদ পশুজাতির মধ্যে স্ত্রীজাতির মাংসই শ্রেষ্ঠ।

পুংজাতির পশ্চাদ্ভাগ এবং স্ত্রীজাতির পূর্ব্বভাগস্থ মাংস লঘু পাক।

বিশাল দেহবিশিষ্ট জন্তুর মধ্যে স্থূল দেহবিশিষ্ট জন্তুই শ্রেষ্ঠ এবং ক্ষুদ্রদেহ জীবের মধ্যে স্থূলদেহবিশিষ্ট জন্তুই শ্রেষ্ঠ।

অলস জন্তু অপেক্ষা চেষ্টাশীল জন্তুর মাংস লঘুপাক।

প্রায় সকল জন্তুর দেহের মধ্যভাগ গুরু।

পক্ষিগণ পক্ষোৎক্ষেপণ করে বলিয়া তাহাদের মধ্যভাগ সমগুণ হইয়া থাকে।

সর্ব্বজীবের সর্ব্ব অঙ্গের মাংস গুরু, কিন্তু পক্ষিদিগের গলা ও গ্রীবাভাগ গুরু।

যে সকল মৃগ ও পক্ষিগণ জলাশয়ের বহুদূরবর্ত্তী স্থানে বাস করে, তাহাদের মাংস অভিষ্যন্দকর, ইহার অন্যথা হইলে বিপরীতগুণযুক্ত হয়।

জলাশয় বা জলপ্রায় দেশবাসী জন্তুর মাংস গুরুপাক।

মরুপ্রদেশ জাত ও মরুপ্রদেশচারী লঘু ভোজি জন্তুর মাংস লঘুপাক।

জন্তুগণের উরু, স্কন্ধ, উদর, মস্তক, পানি, পদ, কটি, পৃষ্ঠ, ত্বক্, যকৃৎ ও অন্ত্র এই কয়টী যথাক্রমে গুরু হইতে গুরুতর জানিবে।

যো রাজ্ঞাং মুখতিলকঃ কটারমল্ল-
স্তেন শ্রীমদননৃপেণ নির্ম্মিতেঽস্মিন্।
গ্রন্থেঽভূন্মদনবিনোদনাম্নি পূর্ণো-
মৎস্যাদির্লিতপদৈশ্চ মাংসবর্গঃ।

নৃপতিগণের সম্মানযোগ্য রাজা মদনপাল, যিনি কটারমল্ল নামেও প্রথিত ছিলেন, তৎপ্রণীত মদনবিদোদ নামক গ্রন্থে মাংসাদিবর্গ সমাপ্ত হইল।

ইতি মদনপালনিঘণ্টৌ মাংসবর্গঃ॥

# মিশ্রবর্গঃ।

গোপালবালৈঃ সহ মল্লবিদ্যাবিনোদদক্ষং ধৃতকাকপক্ষং।
উপাস্মহে বাঙ্মনসোঽতিদূরং মহঃ পরং নালমচিন্ত্যলীলম্॥

গোপবালকগণের সহিত মল্লবিদ্যাজনিত পরমানন্দানুভব বিষয়ে বিশেষ দক্ষ, কাকপক্ষধারী, বাক্যমনের অগোচর, সেই অচিন্ত্যলীল, নীলবর্ণ, পরম তেজকে আমরা উপাসনা করি।

---

## অনুপানাদি।

বাতেঽনুপানং স্নিগ্ধোষ্ণং রূক্ষোষ্ণং শ্লেষ্মণি স্মৃতম্।
পিত্তে স্নিগ্ধং হিতং স্নেহপানে তোয়মশীতলম্॥

বায়ুপ্রকোপে স্নিগ্ধ ও উষ্ণবীর্য্য দ্রব্য, কফপ্রকোপে রূক্ষ ও উষ্ণবীর্য্যদ্রব্য, পিত্তপ্রকোপে স্নিগ্ধ দ্রব্য এবং স্নেহ অর্থাৎ তৈলাদি পানকালে উষ্ণ জল অনুপানই হিতকর।

ভল্লাতকস্নেহমূর্চ্ছাব্যাপ্তানাং শীতলং জলম্।
শালিমুদ্গাদিভক্ষ্যাণাং যূষো মাংসরসস্তথা॥

ভেলার স্নেহ দ্বারা মূর্চ্ছাপ্রাপ্ত ব্যক্তিদিগের পক্ষে শীতল জল, শালী ও মুগ প্রভৃতি ভক্ষণশীল ব্যক্তিদিগের পক্ষে যূষ এবং মাংসরস হিতকর।

মাষাদিভোজিনাং মস্তু ধান্যাম্লং দধি বা স্মৃতম্।
মদ্যং শোষিবিষার্ত্তানামল্পাগ্নীনাং চ শস্যতে॥

মাষকলাই প্রভৃতি ভোজনশীল ব্যক্তিদিগের পক্ষে দধির মাতা, দধি ও কাঁজি হিতকর। শোষরোগী, বিষপীড়িত ও অল্পাগ্নিবিশিষ্ট ব্যক্তিদিগের পক্ষে মদ্য হিতকর।

ক্লান্তানামুপবাসাধ্বভারস্ত্রীসুরতাদিভিঃ।
পয়ঃ সুধাসমং প্রোক্তং ক্ষীণানাং রক্তপিত্তিনাম্॥

উপবাস, পথপর্য্যটন, ভারবহন ও সুরতক্রিয়াদি দ্বারা ক্লান্ত, ক্ষীণদেহ ও রক্তপিত্তরোগীর পক্ষে দুগ্ধপান অমৃততুল্য হিতকর।

অসাত্ম্যং দোষলং শীতমতিমাত্রমথো গুরু।
উষ্ণানুপানতো ভুক্তং সুখমন্নং প্রজীর্য্যতে॥

প্রকৃতির অনুপযোগী, দোষপ্রদ, শীতল, অধিকপরিমিত ও গুরুপাক অন্ন ভোজনান্তে উষ্ণজল পান করিলে সুখে অন্ন পরিপাক হইয়া থাকে।

তদাদৌ কর্ষয়েৎ পীতং স্থাপয়েন্মধ্যসেবিতম্।
পশ্চাৎপীতং বৃংহয়তি তৎ সমীক্ষ্য প্রয়োজয়েৎ॥

ভোজনের আদিতে জলপান মনুষ্যকে কৃশ করে, মধ্যস্থলে জলপান স্থাপনকরে এবং আহারান্তে জলপান বল ও বীর্য্য বর্দ্ধন করে, তজ্জন্য বিবেচনা করিয়া জলপান করা কর্ত্তব্য।

ন পিবেচ্ছ্বাসকাসার্শোজন্তুরোগক্ষতাতুরঃ।
পীত্বাতিভাষ্যাধ্যয়ননিদ্রাং ন ত্বরয়া ভজেৎ॥

শ্বাস, কাস, অর্শ, কৃমি ও ক্ষয় রোগী জলপান করিবে না, যদি জলপান করে, তবে জলপান করিয়া অত্যন্ত কথাবার্ত্তা, অধ্যয়ন ও নিদ্রা ত্বরায় কর্ত্তব্য নহে।

## উষাপানগুণাঃ।

তৎ কফানিলপিত্তেষু চৈকদ্বিত্রিপলোন্মিতম্।
বারি শস্তমুষঃ কালে দৃষ্টিকারি রসায়নম্॥
বলীপলিতবৈস্বর্য্য পীনসশ্বাসশোষাজৎ।
পানীয়প্রসৃতীরষ্টৌ যঃ পিবেদরুণোদয়ে॥
স জরাব্যাধিনির্ম্মুক্তো জীবেদ্বর্ষশতং সুখী।

কফপ্রকোপে ১ পল, বায়ুপ্রকোপে ২ পল এবং পিত্তপ্রকোপে ৩ পল পরিমিত জল উষাকালে পান করা প্রশস্ত। উষাপান দৃষ্টিশক্তিবর্দ্ধক ও রসায়ন গুণযুক্ত।

অরুণোদয় কালে ৮ প্রসৃতি পরিমিত জল পান করিলে বলী, পলিত, স্বরভঙ্গ, পীনস, শ্বাস ও শোষরোগ নষ্ট হয়। মনুষ্যের আয়ুবৃদ্ধি হয় এবং জরা ব্যাধি নষ্ট হয়।

ধান্যেষু মাংসে সকলেষু চৈব শাকেষু চানুক্তমিহপ্রমাদাৎ।
আস্বাদিতো ভূতগুণৈর্গৃহীত্বা তদাদিশেদ্ দ্রব্যমনল্পবুদ্ধিঃ॥

ধান্য, মাংস ও শাক সকলের মধ্যে যাহারা প্রমাদবশতঃ এই গ্রন্থে উক্ত হয় নাই, তীক্ষ্ণবুদ্ধিবিশিষ্ট ব্যক্তি পঞ্চমহাভূতের গুণানুসারে তাহাদের আস্বাদগ্রহণ করিয়া গুণবর্ণনা করিবেন।

---

## ধান্যপ্রবরাঃ।

ষষ্টিকা যবগোধূমা লোহিতা যাশ্চ শালয়ঃ।
মুদ্গাঢ়কীমসূরাশ্চ ধান্যেষু প্রবরাঃ স্মৃতাঃ॥

ষাটিধান্য, যব, গম, রক্তশালি অর্থাৎ দাউদখানি, মুগ, অড়হর, মসুর এইগুলি ধান্যের মধ্যে প্রধান।

---

## ভোজনানন্তরোপবেশনাদিগুণাঃ।

ভুক্তোপবিশতস্তুন্দং বলমুত্তানশায়িনঃ ॥
আয়ুর্বামকটিস্থস্য মৃত্যুর্ধাবতি ধাবতঃ ॥
রাত্রৌ জাগরণং রূক্ষং স্নিগ্ধং প্রস্বপনং দিবা।
নিদ্রা কালে কৃতা দৃষ্টিবলোৎসাহানলপ্রদা।
ধাতুসাম্যবহা ক্ষীণশ্রান্তানাং শস্যতে সদা ॥
নিদ্রা সাত্মীকৃতা যৈস্তু রাত্রৌ বা যদিবা দিবা।
ন তেষাং স্বপতাং দোষো জাগ্রতাং চোপজায়তে ॥
ভোজনানন্তরং নিদ্রা বাতঘ্নী কফপুষ্টিকৃৎ ॥
কফমেদোবিষার্ত্তানাং রাত্রৌ জাগরণং হিতম্।
দিবাস্বপ্নশ্চ তৃট্‌শূলহিক্কাজীর্ণাতিসারিণঃ ॥

যিনি ভোজন করিয়া উপবেশন করিয়া থাকেন তাঁহার পেট বড় হয়। ভোজনের পর চিৎহইয়া শয়নশীল ব্যক্তির বলবৃদ্ধি হয়। ভোজনের পর বামপার্শ্বে শয়নশীল ব্যক্তির আয়ুবৃদ্ধি হয়। ভোজন করিয়া ধাবনশীল ব্যক্তির মৃত্যু সন্নিকট হয়। রাত্রিকালে জাগরণ, রূক্ষগুণযুক্ত। দিবাভাগে নিদ্রা স্নিগ্ধগুণযুক্ত। নিয়মিত সময়ে নিদ্রা যাইলে দৃষ্টিশক্তি,বল, উৎসাহ ও অগ্নি-বর্দ্ধিত, বায়ুসকল সমতাপ্রাপ্ত হয়। ক্ষীণ ও শ্রান্ত ব্যক্তির সর্ব্বদা নিদ্রা প্রশস্ত। যাহাদের দিবানিদ্রা অভ্যস্ত, তাঁহাদের দিবানিদ্রায় এবং রাত্রি জাগরণে দোষ নাই। ভোজনের পর নিদ্রা বায়ুনাশক, কফ ও পুষ্টিকর।

কফ, মেদ ও বিষার্ত্ত ব্যক্তির পক্ষে রাত্রিতে জাগরণ হিতকর। তৃষ্ণা, শূল, হিক্কা, অজীর্ণ ও অতিসাররোগীর পক্ষে দিবানিদ্রা হিতকর।

---

## দন্তধাবনগুণাঃ।

দন্তধাবনমুদ্দিষ্টমাস্যবৈশদ্যকারকম্।
প্রসেকারুচিদৌর্গন্ধ্যমলপিত্তকফাপহম্॥
মদাতুরঃ কৃশঃ শ্রান্তো দন্ততাল্বোষ্ঠরোগবান্।
হিক্কাছর্দ্দিশিরঃপীড়ামূর্চ্ছাশোষী ন তচ্চরেৎ॥

গুণ। দন্তমার্জ্জন মুখের বিশদতাকারক, প্রসেক, অরুচি, মুখের দুর্গন্ধ, মল, পিত্ত ও কফনাশক।

মদাতুর, কৃশ, শ্রান্ত, দন্ত, তালু ও ওষ্ঠরোগী, হিক্কা, বমন, শিরঃপীড়া, মূর্চ্ছা ও শোষরোগী দন্তধাবন করিবে না।

---

## মুখ-পাদপ্রক্ষালনগুণাঃ।

মুখপ্রক্ষালনং শীতপয়সা রক্তপিত্তজিৎ।
মুখস্য পিড়কা শোষ নীলিকাব্যঙ্গনাশনম্॥
পাদপ্রক্ষালনং দৃষ্টিকরং বৃষ্যং শ্রমাপহম্॥

গুণ। শীতলজলে মুখপ্রক্ষালন করিলে রক্তপিত্তনাশ হয়। মুখের পিড়কা, শোষ, নীলিকা, ব্যঙ্গ প্রভৃতি ও বয়োব্রণ সকল নষ্ট হয়।

পাদপ্রক্ষালন দৃষ্টিশক্তিবর্দ্ধক, বলকর ও শ্রমনাশক।

---

## পাদাভ্যঙ্গগুণাঃ।

পাদাভ্যঙ্গঃ সদা বৃষ্যো বলোৎসাহবিবর্দ্ধনঃ।
নিদ্রাসুখকরঃ সুপ্তি শ্রমনেত্ররুজাপহঃ॥

গুণ। পায়ে তৈল মর্দ্দন সর্ব্বদা তেজস্কর, বল ও উৎসাহবর্দ্ধক, নিদ্রা-সুখকর, সুপ্তি, শ্রম ও নেত্ররোগনাশক।

---

## স্নেহগণ্ডূষগুণাঃ।

স্নেহগণ্ডূষকরণং মুখশোষদ্বিজাময়ান্।
স্বরঘাতৌষ্ঠপারুষ্য রক্তবাতান্ বিনাশয়েৎ॥

গুণ। তৈলদ্বারা কুলি করিলে মুখশোষ, দন্তরোগ, স্বরকার্কশ্য বা স্বরভঙ্গ, ওষ্ঠের কঠোরতা ও বাতরক্ত বিনষ্ট হয়।

---

## উষ্ণোদকগণ্ডূষগুণাঃ

সুখোষ্ণোদকগণ্ডূষঃ কফারুচিমলাপহঃ।
বিষমূর্চ্ছামদার্ত্তানাং শোষিণাং রক্তপিত্তিনাম্॥
কুপিতাক্ষিমল ক্ষীণরূক্ষাণাং ন প্রশস্যতে॥

গুণ। উষ্ণজলে কুল্লি করা কফ, অরুচি ও মল নাশক। কিন্তু বিষ, মূর্চ্ছা ও মদ পীড়িত, শোষরোগী, রক্তপিত্তী, কুপিত, অক্ষিমলযুক্ত ও ক্ষীণ রোগীর পক্ষে উষ্ণজলের গণ্ডূষ প্রশস্ত নহে।

---

## অঞ্জনগুণাঃ।

অঞ্জনং নেত্রনৈর্ম্মল্যং দৃষ্টিকারি রুজাপহম্।
রাত্রৌ জাগরিতঃ শ্রান্তশ্ছর্দ্দিতো ভুক্তবাংস্তথা॥
জ্বরাতুরঃ শিরস্নাতঃ কদাচিন্ন তদাচরেৎ॥

গুণ। কজ্জল ধারণ নেত্রের নির্ম্মলতাকারক, দৃষ্টিশক্তি বর্দ্ধক, ও সর্ব্বপ্রকার নয়ন রোগনাশক।

রাত্রিজাগরণশীল, শ্রান্ত, বমিত, কৃতভোজন, জ্বরাতুর ও শিরঃস্নাত ব্যক্তির পক্ষে কজ্জল প্রশস্ত নহে।

---

## ব্যায়ামগুণাঃ।

ব্যায়ামঃ কর্ম্মসামর্থ্যং স্থৈর্য্যদোষক্ষয়াগ্নিকৃৎ॥
স সদা গুণমাধত্তে বলিনাং স্নিগ্ধভোজিনাম্॥
ব্যায়ামদৃঢ়গাত্রাণাং ব্যাধির্নাস্তি কদাচন।
রুদ্ধং বা বিদগ্ধং বা ভুক্তং শীঘ্রঞ্চ পচ্যতে॥
ভবন্তি শীঘ্রং নৈতস্য বলীশিথিলতাজরাঃ॥
বসন্তে শীতসময়ে সুতরাং স মতো হিতঃ।
অন্যদাপি স কর্ত্তব্যঃ শক্ত্যর্দ্ধেন যথাবলম্॥
তন্নুং সমীক্ষ্য বা স্বেদি কণ্ঠৈগ্রীবাললাটয়োঃ।
ভুক্তবান্ কৃতসংযোগঃ কাসী শ্বাসী ক্ষয়ী কৃশঃ।
রক্তপিত্তী ক্ষয়ী শোষী ন তং কুর্য্যাদ্ বিচক্ষণঃ।
অতিব্যায়ামতঃ কাসো জ্বরশ্ছর্দ্দিশ্চ জায়তে॥

গুণ। ব্যায়াম করিলে কর্ম্মে সামর্থ্য জন্মে। ইহা দেহের স্থৈর্য্যকর, ত্রিদোষনাশক ও অগ্নিবর্দ্ধক। বলশালী ও স্নিগ্ধভোজনকারী ব্যক্তির পক্ষে ব্যায়াম সর্ব্বদাই হিতকর। ব্যায়ামে দৃঢ়গাত্রব্যক্তির কদাপি ব্যাধি হয় না। ব্যায়ামশীল ব্যক্তি বিরুদ্ধ বা বিদগ্ধ অন্ন ভোজন করিলেও শীঘ্র পরিপাক হয়। ব্যায়ামশীল ব্যক্তির সহজে বলী, শীথিলতা ও জরা উপস্থিত হয় না। বসন্ত ও শীতকালে ব্যায়াম হিতকর। অন্য ঋতুতেও বলাবল বিবেচনা করিয়া শক্তি অনুসারে বসন্ত ও শীতকালাপেক্ষা অর্দ্ধেক পরিমাণ ব্যায়াম করিতে পারাযায়।

সমস্ত শরীর, বা কণ্ঠ বা গ্রীবা ও ললাটদেশ ঘর্ম্মাক্ত হইলে আর ব্যায়াম করিবে না। ভোজন করিয়া, স্ত্রীসঙ্গ করিয়া, কাসরোগী, শ্বাসরোগী, ক্ষয়রোগী, ও কৃশ ব্যক্তি, রক্তপিত্ত, ক্ষয়রোগ ও শোষরোগ গ্রস্ত ব্যক্তি কদাচ ব্যায়াম করিবে না। অতিরিক্ত ব্যায়াম নিষিদ্ধ। অতিরিক্ত ব্যায়ামে কাস; জ্বর ও ছর্দ্দি অর্থাৎ বমন রোগ উৎপন্ন হয়।

---

## মর্দ্দন-কেশাদি কর্ত্তনগুণাঃ।

মর্দ্দনং শ্রমবাতঘ্নং নিদ্রাপুষ্টিবলপ্রদম্।
কেশশ্মশ্রুনখানাঞ্চ কর্ত্তনং শুচি রূপকৃৎ॥

গুণ। গাত্র মর্দ্দন, শ্রম ও বায়ুনাশক, নিদ্রা, পুষ্টি ও বলপ্রদ। কেশ, শ্মশ্রু ও নখ কর্ত্তন শুচি ও রূপবর্দ্ধক।

---

## অভ্যঙ্গ গুণাঃ।

অভ্যঙ্গো বাতরোগঘ্নো ধাতুসাম্যং বলং সুখম্।
নিদ্রাবর্ণমৃদুত্বায়ুস্কুরুতে দেহপুষ্টিকৃৎ॥
শিরোঽভ্যঙ্গঃ শিরস্তৃপ্তিকেশদার্ঢ্যাক্ষিপুষ্টিকৃৎ॥

গুণ। তৈলমর্দ্দন বায়ুরোগনাশক, ধাতুর সমতাকারক, বলকর, সুখপ্রদ, নিদ্রাজনক, বর্ণবিধায়ক, মৃদুত্বকারক, আয়ুর্বর্দ্ধক ও দেহের পোষক। শিরোঽভ্যঙ্গ মস্তকের তৃপ্তিজনক, কেশের দৃঢ়তাকারক, চক্ষুর জ্যোতিবর্দ্ধক ও পুষ্টিকর।

---

## কেশপ্রসাধনগুণাঃ।

কেশপ্রসাধনং কেশ্যং রজোজন্তুমলাপহম্।

গুণ। কেশ আঁচড়ান কেশবর্দ্ধক, ধূলি, উকুনাদিকীট ও মলনাশক।

---

## কর্ণপূরণগুণাঃ।

উচ্চৈঃশ্রবণবাধির্য্যমলমন্যাহনুগ্রহান্।
কদাপি কর্ণরোগান্ন কুরুতে কর্ণপূরণম্॥

গুণ। কর্ণে তৈলপূরণ করিলে উচ্চশব্দ শ্রবণজনিত বা অন্য কারণোৎপন্ন বধিরতা, মলস্তম্ভ, মন্যাস্তম্ভ ও হনুস্তম্ভ প্রভৃতি কর্ণরোগ সকল নষ্ট হয়।

## স্নেহসেকগুণাঃ।

সিক্তে চাদ্ভির্যথা মূলে তরূণাং পল্লবাদয়ঃ।
বর্দ্ধন্তে হি তথা নৃণাং স্নেহসিক্তস্য ধাতবঃ॥

গুণ। যেমন বৃক্ষের মূলে জলসেচন করিলে তরুর পল্লবাদির বৃদ্ধি হয়, তদ্রূপ স্নেহসিক্ত ব্যক্তির ধাতুসকল পরিবর্দ্ধিত হইয়া থাকে।

---

## স্নেহাবগাহন গুণাঃ।

স্নেহাবগাহনং বাতশমনং ধাতুপুষ্টিদম্।
মাত্রাভিস্ত্রিচতুঃপঞ্চষট্‌সপ্তাষ্টভিরাব্রজেৎ॥
রসরক্তমাংসমেদোমজ্জধাতূন্ যথাক্রমম্॥

গুণ। স্নেহাবগাহন বায়ুনাশক, ধাতুপুষ্টিকর।

তিন, চারি, পাঁচ, ছয়, সাত ও আট মাত্রানুসারে স্নেহাবগাহন কর্ত্তব্য। তাহাতে যথাক্রমে অর্থাৎ ৩ মাত্রায় রস, চারিমাত্রায় রক্ত, ৫ মাত্রায় মাংস, ৬ মাত্রায় মেদ, ৭ মাত্রায় মজ্জা ও আট মাত্রায় ধাতু সকলের পুষ্টি

## স্নেহাভ্যঙ্গাদ্যযোগ্যাঃ।

বান্তো নবজ্বরী জীর্ণী বিরিক্তঃ কেবলামরুক্।
নিরূঢ়ো তর্পণীয়শ্চ স্নেহাভ্যঙ্গাদি বর্জ্জয়েৎ।

বমনশীল, নবজ্বরবিশিষ্ট, অজীর্ণরোগী, কৃতবিরেচন, কেবল আমরোগযুক্ত রোগী, কৃতনিরূহণ ও কৃত তর্পণ ব্যক্তি, স্নেহাভ্যঙ্গাদি বর্জ্জন করিবেন।

## উদ্বর্ত্তন গুণাঃ।

উদ্বর্ত্তনং বাতহরং ভ্রাজকানলদীপনম্‌।
গাত্রস্থিরত্বসুখিতাত্বক্‌প্রসাদমৃদুত্বকৃৎ॥

গুণ। গাত্রে হরিদ্রাদি উদ্বর্ত্তন বায়ুনাশক, ভ্রাজকাগ্নির দীপক, গাত্রের স্থিরত্ব, সুখ, ত্বকের প্রসন্নতা ও মৃদুত্বকারক।

---

## স্নানগুণাঃ।

স্নানং বাতশ্রমালক্ষ্মীপামাকণ্ডূমলাপহম্‌।
হৃদ্যং কামকরং বহ্নি সর্ব্বেন্দ্রিয়বিবোধনম্‌॥
ন তদুষ্ণেন শিরসো যোজ্যং নেত্রাহিতং যতঃ।
কফবাতপ্রকোপে তু ভেষজার্থং তদাচরেৎ॥
তচ্চাতিসারজ্বরিত কর্ণশূলানিলার্ত্তিষু।
আধ্মানারোচকাজীর্ণ ভুক্তবৎসু চ গর্হিতম্‌॥

গুণ। স্নান বায়ু, শ্রম, অলক্ষ্মী, পামা, কণ্ডূ ও মলনাশক, প্রীতিকর, কামবর্দ্ধক, অগ্নিকারক ও সর্ব্বেন্দ্রিয় বিবোধক অর্থাৎ ইন্দ্রিয়গণের উত্তেজক।
উষ্ণজল মস্তকে দিবে না, তাহা নেত্রের পক্ষে অহিতকর। কফ ও বায়ু প্রকোপে ঔষধার্থ উষ্ণ জল প্রয়োগ করিতে পারা যায়। অতিসারী, জ্বরিত, কর্ণশূলপীড়িত, আধ্মান, অরোচক, অজীর্ণ রোগী ও ভুক্ত ব্যক্তির পক্ষে স্নান গর্হিত।

---

## অনুলেপনগুণাঃ।

অনুলেপস্তৃষামূর্চ্ছাদৌর্গন্ধ্যশ্রমবাতজিৎ।
সৌভাগ্যতেজস্ত্বগ্বর্ণপ্রীত্যোজোবলবর্দ্ধনম্ ॥

গুণ। অনুলেপন, তৃষ্ণা, মূর্চ্ছা, দৌর্গন্ধ্য, শ্রম ও বায়ুনাশক, সৌভাগ্য, তেজ, ত্বক্, বর্ণ, প্রীতি, ওজো ও বলবর্দ্ধক।

---

## কুসুমাদিধারণগুণাঃ।

কুসুমাম্বররত্নানাং ধারণং কান্তিকারণম্।
পাপরক্ষোগ্রহহরং কামৌজঃশ্রীবিবর্দ্ধনম্।
পাদত্রধারণং নেত্র্যমায়ুষ্যং পাদরোগনুৎ ॥

গুণ। পুষ্পমাল্য, পট্টবস্ত্র ও রত্নসকল ধারণ, কান্তিজনক, পাপ ও রাক্ষসগ্রহ নাশক, কামনাপ্রদ, ওজোধাতু ও অঙ্গশোভাবিবর্দ্ধক।

পাদুকা ধারণ, নেত্রহিতকর, আয়ুর্বর্দ্ধক ও পাদরোগ নাশক।

---

## উষ্ণীশগুণাঃ।

উষ্ণীশং শুচিদং কেশ্যং রজোবাতাতপাপহম্।

গুণ। উষ্ণীশ ধারণ শুদ্ধিকর, কেশবর্দ্ধক, রজো অর্থাৎ ধূলি, বায়ু, এবং রৌদ্র নিবারক।

---

## ছত্র-ব্যজনগুণাঃ।

ছত্রধারণমোজস্যং চক্ষুষ্যং হিমঘর্ম্মজিৎ।
বালব্যজনমোজস্যং মক্ষিকাদিনিবারণম্।
ব্যজনস্যানিলঃ শোষমূর্চ্ছাস্বেদশ্রমাপহঃ।
বস্ত্রস্য তু বরো বাতঃ শ্লেষ্মলো রোচনঃ পরং।
সোষ্ণো বেণুময়ো বাতরক্তপিত্তপ্রকোপণঃ।
মায়ূরন্তু ত্রিদোষঘ্নং ব্যজনং শ্রীসমৃদ্ধিদং।
খার্জ্জূরং শ্লেষ্মপিত্তঘ্নং বাতলং শোষনাশনং।
বাস্ত্রখার্জ্জুর চর্ম্মাখ্যরাম্ভবৈণবতালজং।
ঔশীরং বর্হিজং শ্রেষ্ঠং ব্যজনং চোত্তরোত্তরং॥

গুণ। ছত্রধারণ তেজস্কর, চক্ষুর জ্যোতিবর্দ্ধক, হিমনাশক ও ঘর্ম্মনাশক। বালব্যজন অর্থাৎ চামরের বাতাস তেজস্কর, মক্ষিকাদিনিবারক। ব্যজনাদির বায়ু শোষ, মূর্চ্ছা, স্বেদ ও শ্রমনাশক। বস্ত্রের পাখার বাতাস শ্লেষ্মজনক, অত্যন্ত রুচিকর ও শ্রেষ্ঠ। বাঁশের পাখার বাতাস বায়ু ও রক্তপিত্ত প্রকোপক। ময়ূরের পাখার বাতাস ত্রিদোষনাশক, কান্তি ও সমৃদ্ধিপ্রদ। খেজুরপাতার পাখার বাতাস কফ ও পিত্তনাশক, বায়ুজনক, শোষরোগনাশক। বস্ত্র, খেজুর, চর্ম্ম, কদলীপত্র, বাঁশ, তাল, বেণারমূল ও ময়ূরপুচ্ছের পাখার মধ্যে ক্রমান্বয়ে পরপরটী শ্রেষ্ঠ জানিবে।

---

## যষ্টিধারণগুণাঃ।

যষ্টিধারণমুৎসাহস্থৈর্য্যবিষ্টম্ভবীর্য্যকৃৎ।
রক্ষঃসর্পাদিভয়জিদ্ বিশেষাৎ স্থবিরে মতম্॥

গুণ। যষ্টিধারণ উৎসাহ, স্থিরত্ব, বিষ্টম্ভ ও বীর্য্যজনক, রাক্ষস ও সর্পাদি-ভয় নাশক, বিশেষতঃ বৃদ্ধ ব্যক্তির পক্ষে যষ্টিধারণ হিতকর।

---

## অবস্থান গুণাঃ।

আস্থা স্থৌল্যরুচি শ্লেষ্ম সৌকুমার্য্যসুখপ্রদা।

গুণ। আস্থা অর্থাৎ সুখে উপবেশন স্থূলতাকারক, রুচিপ্রদ, শ্লেষ্ম-বর্দ্ধক, কোমলতাজনক ও সুখপ্রদ।

---

## চঙ্ক্রমণগুণাঃ।

যত্তু চঙ্ক্রমণং নাতিদেহপীড়াকরং ভবেৎ।
তদায়ুর্ব্বলমেধাগ্নিপ্রদমিন্দ্রিয়বোধনম্॥

গুণ। অত্যন্ত দেহপীড়াজনক না হয় এরূপ পরিভ্রমণ পরমায়ু ও বল স্মরণশক্তি বর্দ্ধক অগ্নি ও ইন্দ্রিয়ের পুষ্টিকারক।

---

## শয্যাগুণাঃ।

ত্রিদোষশমনী শয্যা তৌলী বাতকফাপহা।
সুখশয্যাসনং নিদ্রা পুষ্টীন্দ্রিয়বলপ্রদম্॥
ভূশয্যা বাতপিত্তঘ্নী শান্তিপুষ্টিবিবর্দ্ধিনী॥

গুণ। পালঙ্গাদিশয্যা ত্রিদোষনাশক। তুলার শয্যা বায়ু ও কফনাশক। সুখশয্যা, সুখাসন ও সুনিদ্রা, পুষ্টি, ইন্দ্রিয় ও বলপ্রদ। ভূমিশয্যা বায়ু ও পিত্তনাশক এবং শান্তি ও পুষ্টিকারক।

---

## আতপ-চ্ছায়া গুণাঃ।

আতপস্বেদমূর্চ্ছাস্রতৃষ্ণাদাহশ্রমক্লমান্।
কুরুতে পিত্তবৈবর্ণ্যস্বেদান্ ছায়া ব্যপোহতি ॥

গুণ। আতপ অর্থাৎ রৌদ্রসেবন স্বেদ, মূর্চ্ছা, রক্তদোষ, তৃষ্ণা, দাহ, শ্রম ও ক্লান্তি প্রদ, পিত্তবর্দ্ধক, বৈবর্ণ্য ও ঘর্ম্মজনক। ছায়াসেবন স্বেদাদি নাশক।

---

## অগ্নিসেবনগুণাঃ।

অগ্নিঃ শীতানিলস্তম্ভ কফবেপথুনাশনঃ।
রক্তপিত্তপ্রদূষী স্যাদামাভিষ্যন্দপাচনঃ ॥

গুণ। অগ্নিসেবন শীতনাশক, বায়ুনাশক, স্তম্ভ অর্থাৎ জড়তা নাশক, কফ ও বেপথু অর্থাৎ কম্প নাশক, রক্তপিত্ত প্রকোপক, আমদোষ ও নেত্রাভিষ্যন্দ নাশক।

---

## ধূমাদিগুণাঃ।

ধূমঃ পিত্তানিলৌ কুর্য্যাদবশ্যায়ঃ কফানিলৌ।
জ্যোৎস্না শীতস্মরানন্দপ্রদা তৃট্পিত্তদাহজিৎ।
তমো ভয়াবহং মোহকফপিত্তক্লমপ্রদম্ ॥

গুণ। ধূমসেবন পিত্তজনক, ও বায়ুবর্দ্ধক। হিম, কফ ও বায়ুজনক। জ্যোৎস্না শীতল, কাম ও আনন্দজনক, তৃষ্ণা ও পিত্তজনিত দাহ নাশক। অন্ধকার ভয়াবহ, মোহ, কফ, পিত্ত ও ক্লমপ্রদ।

---

## বৃষ্টিগুণাঃ।

বৃষ্টির্বৃষ্যা হিমা নিদ্রাভিষ্যন্দালস্যকারিণী।

গুণ। বৃষ্টি সেবন তেজস্কর, শীতল, নিদ্রা, অভিষ্যন্দ ও আলস্য কারক।

---

## বায়ু গুণাঃ।

প্রবাতং রূক্ষ বৈবর্ণ্যস্তম্ভকৃদ্দাহপিত্তনুৎ।
স্বেদমূর্চ্ছাপিপাসাঘ্নমপ্রবাতমতোঽন্যথা॥
সুখং প্রবাতং সেবেত গ্রীষ্মে শরদি নান্যথা।
নিবাতমায়ুষে সেব্যমারোগ্যায় চ সর্ব্বদা॥

গুণ। প্রবাত অর্থাৎ প্রচণ্ড বায়ু সেবন রূক্ষগুণযুক্ত, বিবর্ণতাজনক, মলস্তম্ভকর, দাহ ও পিত্ত, স্বেদ, মূর্চ্ছা ও পিপাসা নাশক। ইহার বিপরীত অর্থাৎ মন্দমন্দ বায়ু ইহার বিপরীত গুণযুক্ত। গ্রীষ্মে ও শরৎকালে সুখকর প্রকৃষ্ট-বায়ু সেবন কর্ত্তব্য। কিন্তু সর্ব্বদা নিবাত সেবন আয়ুর্বর্দ্ধক ও আরোগ্যপ্রদ।

---

## আয়ুষ্যকরাণি।

সদ্যোমাংসং নবং চান্নং বালাস্ত্রী ক্ষীরভোজনং।
ঘৃতমুষ্ণোদকঞ্চৈব সদ্যঃ প্রাণকরাণি ষট্॥

টাটকামাংস, টাটকা অথচ উষ্ণ অন্ন, বালা অর্থাৎ ষোড়শ বর্ষীয়া স্ত্রী, পান, ঘৃত ভোজন, ও উষ্ণোদক এই ছয়টী প্রাণপ্রদ।

---

## প্রাণহরাণি।

পূতিমাংসং স্ত্রিয়ো বৃদ্ধা বালার্কস্তরুণং দধি।
প্রভাতে মৈথুনং নিদ্রা সদ্যঃ প্রাণহরাণি ষট্॥

দুর্গন্ধি পচা মাংস, বৃদ্ধা স্ত্রী, কন্যারাশিস্থ সূর্য্যাতপ, তরুণ দধি, প্রভাতকালে মৈথুন ও প্রভাতে নিদ্রা এই ছয়টী সদ্যঃ প্রাণনাশক।

---

## অন্নাদিগুণাঃ।

অন্নাদষ্টগুণং পিষ্টং পিষ্টাদষ্টগুণং পয়ঃ।
পয়সোঽষ্টগুণং মাংসং মাংসাদষ্টগুণং ঘৃতম্।
ঘৃতাদষ্টগুণং তৈলমভ্যঙ্গে ন তু ভোজনে॥

অন্নাপেক্ষা পিষ্টক অষ্টগুণ গুরুপাক, পিষ্টকের অপেক্ষা দুগ্ধ অষ্ট গুণ গুরুপাক, দুগ্ধাপেক্ষা মাংস অষ্টগুণ গুরুপাক, মাংসাপেক্ষা ঘৃত অষ্টগুণ গুরুপাক, ঘৃতাপেক্ষা তৈল অষ্টগুণগুরুপাক। অতএব তৈল মর্দ্দন কর্ত্তব্য, ভক্ষণ কর্ত্তব্য নহে।

---

## লঙ্ঘনগুণাঃ।

লঙ্ঘনং কফমেদোঘ্নমামজ্বরহরং লঘু।
পাচনং দীপনং বাতহরং শূলাতিসারজিৎ।
তন্ন যুক্তং নরে বালে গর্ভিণ্যাং স্থবিরে কৃশে।
শোককামভয়ক্রোধমার্গশ্রমচিরজ্বরে॥

উপবাস কফ, মেদ, বায়ু, শূল, অতিসার ও আমজ্বর নাশক ও লঘুপাক। অগ্নিদীপক। বালক, গর্ভিণী, বৃদ্ধ ও কৃশ ব্যক্তির পক্ষে এবং শোক, কাম, ভয়, ক্রোধ, পথপর্য্যটনজাত শ্রম ও চিরজ্বর পীড়িত ব্যক্তির পক্ষে লঙ্ঘন অর্থাৎ উপবাস নিষিদ্ধ।

---

# পূর্ব্বাদিবায়ুগুণাঃ।

পূর্ব্বানিলো গুরুঃ স্বাদুঃ স্নিগ্ধঃ পিত্তাস্রবর্দ্ধনঃ।
রোগকৃদ্ বিষজুষ্টানাং ক্ষতব্রণবিলাসিনাম্ ॥
বিদাহী বাতলঃ শ্রান্তকফশোষবতাং হিতঃ।
দক্ষিণঃ পবনঃ স্বাদূ রক্তপিত্তহরো লঘুঃ।
অবিদাহপ্রদো বল্যশ্চক্ষুষ্যো ন চ বাতলঃ ॥
পশ্চিমঃ পবনো রূক্ষস্তীক্ষ্ণঃ স্নেহবলাপহঃ।
বিশদঃ শোষণো নৃণাং কফমেদোহরো লঘুঃ।
উত্তরো মারুতঃ শীতঃ স্নিগ্ধো দোষপ্রকোপকৃৎ।
ক্লেদনঃ প্রকৃতিস্থানাং বলদো মধুরো মৃদুঃ।
ক্ষয়ক্ষীণবিষার্ত্তানাং বিশেষাদ্ গুণকারকঃ।

গুণ। পূর্ব্বদিকের বায়ু (পুবে হাওয়া) গুরু, স্বাদু, স্নিগ্ধ, রক্তপিত্ত-বর্দ্ধক। বিষযুক্ত, ক্ষত, ব্রণ ও বিলাসযুক্ত ব্যক্তির পক্ষে রোগজনক, দাহজনক, বায়ুবর্দ্ধক। শ্রান্ত, কফ ও শোষ রোগীর পক্ষে হিতকর।

দক্ষিণদিকের বায়ু স্বাদু, রক্তপিত্ত নাশক, লঘু, অবিদাহপ্রদ, বলকর, চক্ষুর তেজবর্দ্ধক, বায়ুজনক নহে।

পশ্চিমবায়ু রূক্ষ, তীক্ষ্ণ, স্নেহ ও বলনাশক, বিশদ, শোষক, কফ ও মেদনাশক ও লঘু।

উত্তরবায়ু শীতল, স্নিগ্ধ, ত্রিদোষের প্রকোপক, ক্লেদক, প্রকৃতিস্থ ব্যক্তি-গণের বলপ্রদ, মধুর ও মৃদু। কিন্তু ক্ষয়রোগী, ক্ষীণ ও বিষপীড়িত ব্যক্তিদিগের পক্ষে বিশেষতঃ গুণকারক।

## মধুররসগুণাঃ।

রসো মধুরকঃ শীতো ধাতুস্তন্যবলপ্রদঃ।
চক্ষুষ্যো বাতপিত্তঘ্নঃ কুর্য্যাৎ স্থৌল্যকফক্রমীন্॥
সোঽতিযুক্তো জ্বরশ্বাসগলগণ্ডার্ব্বুদাদিকৃৎ॥

গুণ। মধুররস শীতল, ধাতু, স্তনদুগ্ধ ও বলকর, চক্ষুর হিতকর, বায়ু ও পিত্তনাশক, স্থূলত্ব, কফ ও ক্রিমিজনক।

অত্যন্ত অধিক মধুর রস সেবনে জ্বর, শ্বাস, গলগণ্ড ও অর্ব্বুদাদি রোগ জন্মে।

---

## অম্লরসগুণাঃ।

রসোঽম্লঃ পাচনো রুচ্যঃ পিত্তশ্লেষ্মকরো লঘুঃ।
লেখনোষ্ণো বহিঃশীতঃ ক্লমদঃ পবনাপহঃ॥
সোঽতিযুক্তং পরং দেহে রক্তপিত্তাদিরোগকৃৎ॥

গুণ। অম্লরস পাচক, রুচিকর, পিত্ত ও কফজনক, লঘু, লেখনগুণযুক্ত, উষ্ণবীর্য্য, বাহিরে শীতল, ক্লান্তিপ্রদ, ও বায়ুনাশক। অতিরিক্ত অম্লরস সেবনে রক্তপিত্তাদি রোগ জন্মে।

---

## কটুরসগুণাঃ।

কটুকঃ পিত্তলঃ শ্লেষ্মক্রিমিকণ্ডূবিষাপহঃ।
অগ্নেয়ো বাতলঃ স্তন্যমেদঃস্থৌল্যহরো গুরুঃ।
সোঽতিযুক্তো ভ্রমস্থৌল্যতালুশোষাতিদাহদঃ॥

গুণ। কটুরস পিত্তপ্রদ, শ্লেষ্ম, কৃমি, কণ্ডূ ও বিষনাশক, অগ্নিকারক, বায়ুজনক, স্তনদুগ্ধ, মেদরোগ ও স্থূলতা রোগনাশ, গুরু। অতিরিক্ত কটুরস সেবনে ভ্রম, কৃশত্ব, তালুশোষ ও অতিশয় দাহ উপস্থিত হয়।

---

## তিক্তরসগুণাঃ।

তিক্তঃ শীতস্তৃষামূর্চ্ছাজ্বরপিত্তকফান্ জয়েৎ।
বাতলোঽগ্নিকরঃ স্তন্যশোধনঃ শোষণো লঘুঃ।
সোঽতিযুক্তঃ শিরঃশূল মন্যাস্তম্ভ ভ্রমার্ত্তিকৃৎ॥

গুণ। তিক্তরস শীতল, তৃষ্ণা, মূর্চ্ছা, জ্বর, পিত্ত ও কফনাশক, বায়ুজনক, অগ্নিকর, স্তন্যশোধক, শোষক, লঘু। অতিরিক্ত সেবিত তিক্তরস শিরঃশূল, মন্যাস্তম্ভ, ভ্রম ও পীড়াজনক।

---

## লবণরসগুণাঃ।

লবণঃ শোধনো রুচ্যঃ পাচনঃ কফপিত্তদঃ।
পুংস্ত্ববাতহরঃ কায়শৈথিল্যমৃদুতাকরঃ।
সোঽতিযুক্তোঽক্ষিপাকাস্রপিত্তকোষ্ঠাক্ষিতাপকৃৎ॥

গুণ। লবণরস মলশোধক, রুচিকর, পাচক, কফ ও পিত্তজনক, পুংস্ত্ব ও বায়ু নাশক, কায়শৈথিল্য ও মৃদুতাকারক। অতিরিক্ত লবণরস সেবনে চক্ষুপাক, রক্তপিত্ত, কোষ্ঠ ও অক্ষির তাপ জন্মে।

---

## কষায়রসগুণাঃ।

কষায়ো রোপণো গ্রাহী শোষণো বাতকোপনঃ।
সোঽতিযুক্তো গ্রহাধ্মান হৃৎপীড়াক্ষেপণাদিকৃৎ॥

প্রসন্নদৃষ্টির্দৃঢ়দন্তকেশঃ শশাঙ্কবক্তৃঃপলিতৈর্বিহীনঃ।
পিকাভকণ্ঠঃকমলাম্বুগন্ধস্তস্যোপসেবী ভবতীহমর্ত্যঃ॥

গুণ। কষায়রস ব্রণাদি রোপক, মলসংগ্রাহক, শোষক, বায়ুপ্রকোপক। অত্যন্ত কষায়রস সেবন গ্রহদোষ, উদরাধ্মান, হৃদয়পীড়া ও আক্ষেপাদি পীড়াজনক। কষায়রস সেবনে দৃষ্টিপ্রসন্ন, দন্ত ও কেশ দৃঢ়, মুখ চন্দ্রের ন্যায় নির্ম্মল, পলিতবিহীন, কোকিলের ন্যায় কণ্ঠস্বর, মুখ পদ্মের ন্যায় গন্ধযুক্ত হয়।

---

## বমন দোষাঃ।

কাসোপলেপস্বরভেদনিদ্রা তথাস্যদৌর্গন্ধ্যবিষোপসর্গাঃ।
কফপ্রসেকগ্রহণীপ্রদোষা ভবন্তি জন্তোর্বমিতেন নূনম্॥

অতি বমন হইলে, কাস, মুখলিপ্ততা, স্বরভঙ্গ, নিদ্রা, মুখদৌর্গন্ধ্য, বিষের উপসর্গ, কফের প্রসেক ও গ্রহণীরোগ জন্মে।

---

## বিরেচনগুণাঃ।

বুদ্ধেঃ প্রসাদংবলমিন্দ্রিয়াণাং বপুঃস্থিরত্বং বলমগ্নিদীপ্তিম্।
চিরাচ্চ পাকং বয়সঃ করোতি বিরেচনং সম্যগুপাস্যমানম্॥

গুণ। সম্যক্‌রূপে বিরেচন সেবন করিলে বুদ্ধির নির্ম্মলতা, ইন্দ্রিয়ের বল, দেহের স্থিরত্ব, অগ্নির দীপ্তি, বল ও দীর্ঘকালে বয়সের পরিপাক হইয়া থাকে।

---

## বস্তিকর্ম্মগুণাঃ।

বস্তির্বাতে চ পিত্তে চ কফে রক্তে চ শস্যতে।
সংসর্গে সন্নিপাতে চ বস্তিরেব হিতঃ সদা॥

গুণ। বায়ু, পিত্ত ও কফ ও রক্তদোষে, দোষদ্বয়ের সংসর্গে ও সন্নিপাতে বস্তিকর্ম্ম সদাই হিতকর।

বমনং শ্লেষ্মপিত্তঘ্নং বিরেকো রক্তপিত্তহা।
বস্তির্বাতহরা জ্ঞেয়া স্বেদে মান্দ্যেঽপকারকঃ॥

বমন কফ ও পিত্ত নাশক, বিরেচন রক্তপিত্ত নাশক। বস্তিকর্ম্ম বায়ুনাশক, বিশেষতঃ স্বেদ ও অগ্নিমান্দ্যে অপকারক।

---

## অনুবাসনগুণাঃ।

মূলে নিষিক্তোহি যথা দ্রুমঃ স্যান্নীলচ্ছদঃকোমলপল্লবাগ্রঃ।
কালে বৃহৎপুষ্পফলপ্রদশ্চ তথা নরঃ স্যাদনুবাসনেন॥

• যেমন বৃক্ষের মূলে জল সেচন করিলে ক্রমে নীল পত্র, পল্লব, পুষ্প ও ফলাদিযুক্ত হয়, সেইরূপ মানব অনুবাসন দ্বারা হৃষ্ট, পুষ্ট ও বলিষ্ঠ হইয়া থাকে।

স্নেহ দ্বারা বস্তিকর্ম্মকে অনুবাসন বলে।

---

## রক্তমোক্ষণগুণাঃ।

ত্বগ্দোষা গ্রন্থয়ঃ শোফা রোগাঃ শোণিতসম্ভবাঃ।
রক্তমোক্ষণশীলানাং ন ভবন্তি কদাচন॥

রক্তমোক্ষণশীল ব্যক্তির ত্বগ্‌দোষ, গ্রন্থি, শোথ এবং রক্তদূষিতরোগ সকল কদাপি হয় না।

## বর্ষাচর্য্যা।

সর্ব্বেষাং কুপিতা ভবন্তি হি মলা বর্ষাসু বাতাদয়ঃ
ক্লিন্নত্বাদ্বপুষোঽনলে কৃশতরে বৈদ্যেন দেয়ং ততঃ।
অন্নং দীপনপাচনঞ্চ মলহৃৎ ক্লেদাপহোষ্ণদ্রবং
রূক্ষং নাতিকষায়তিক্তকটুকৈঃ স্নিগ্ধং চ কিঞ্চিদ্রসৈঃ॥
দিব্যং চৌণ্ড্যমথাম্বু তপ্তশিশিরং সক্ষৌদ্রমল্পং পিবেৎ
গচ্ছন্ত্যোষধয়ো বিদাহমধিকং তারুণ্যযোগাত্তদা।
ব্যায়ামার্কমরীচিমৈথুনসুখাবশ্যায়বর্জী নরো
ভূবাষ্পাখুভুজঙ্গদংশমশকৈর্বর্জ্যে শয়ীতালয়ে॥

বর্ষাকালে বায়ু প্রভৃতি দোষত্রয় প্রকুপিত হয়। এইকালে শরীরের ক্লিন্নত্বহেতু অগ্নি মন্দ হইলে বৈদ্যকর্ত্তৃক অগ্নিদীপক, পাচক, মলনাশক, ক্লেদনাশক, উষ্ণ, দ্রব (তরল), রূক্ষ, ও স্নিগ্ধ অন্ন, কিছু অনতিকষায়, তিক্ত, কটু রসের সহিত দেওয়া উচিত। বর্ষাসময়ে দিব্য অর্থাৎ আকাশ পতিত জল, অথবা চৌণ্ড্যজল, তপ্ত ও পরে শীতল করিয়া মধুর সহিত অল্পপরিমাণে পান কর্ত্তব্য। এইকালে ওষধিসকল জলসম্পর্কে তরুণ ভাবপ্রাপ্ত হওয়াতে অধিক বিদাহজনক হইয়া থাকে। এই সময়ে ব্যায়াম, রৌদ্রসেবন, মৈথুন সুখ ও হিম বর্জ্জনপূর্ব্বক মানব মৃত্তিকা, বাষ্প, ইন্দুর, সর্প, ডাঁশ ও মশক বর্জ্জিত গৃহে বাস করিবেন।

## শীতচর্য্যা।

শীতে তূর্ণকৃতবাতবৃষ্টিজনিতে সাঙ্গারযানে গৃহে
নির্ব্বাতে ক্ষিতিপঃ শয়ীত মধুরং কিঞ্চিচ্চ পীত্বাসবম্।

কাশ্মীরাগুরুলেপভূষিততনুঃ শ্রেষ্ঠাঙ্গনাভির্ব্রজেদ্
গুর্ব্বন্নব্যজনাবগাহনরতিং সায়ং দিবা চ ত্যজেৎ ॥
শ্যামাং পীনপয়োধরোরুজঘনামাশ্লিষ্য ধন্যোঽঙ্গনাং
বাহ্লীকাগুরুলেপভূষিততনুং ধূপৈবরৈর্ধূপিতাম্ ।
কামং মৈথুনমত্র তর্পিতবপুঃ সেবেত বল্যৈ রসৈঃ
কর্ত্তব্যঃ শিশিরেঽয়মেব নিতরাং শীতাধিকত্বাদ্বিধিঃ ॥

শীতকালে অধিক বায়ু ও বৃষ্টি হইলে অঙ্গার-অগ্নিযুক্ত ও বায়ুরহিত গৃহে ক্ষিতিপতি কিঞ্চিৎ মধুর আসব পান করিয়া শয়ন করিবেন কাশ্মীর (কুঙ্কুম) ও অগৌর লেপনপূর্ব্বক ভূষিতদেহ হইয়া শ্রেষ্ঠ অঙ্গনাগণের সহিত উপগত হইয়া থাকিবেন। গুরুপাক অন্ন, তালবৃন্ত, অবগাহন ও দিবাভাগে এবং সায়ংকালে রতিক্রিয়া পরিত্যাগ করিবেন।

শীতকালে কুঙ্কুম ও অগুরুলিপ্তাঙ্গী, শ্রেষ্ঠধূপদ্বারা বাসিতদেহা, পীনস্তনী, পীনোরু, পীনজঘনা, শ্যামা স্ত্রীর আলিঙ্গন করিয়া ইচ্ছানুসারে মৈথুন দ্বারা তর্পিতদেহ হইয়া বলকর রসসকল সেবন কর্ত্তব্য। শীতের আধিক্যহেতু শীতকালে এইরূপ বিধানই কর্ত্তব্য।

---

## শরচ্চর্য্যা।

সেব্যাঃ স্বাদুকষায়তিক্তবিশদা বর্ষাত্যয়ে জাঙ্গলা
দ্রাক্ষাক্ষীরসিতেক্ষুশালিমধুরাঃ গোধূমমুদ্গাদয়ঃ।
নৈর্মল্যাদখিলং জলং লঘুতরং বাসঃ স্রজশ্চন্দনং
সেবেতেন্দুকরান্ প্রদোষসময়ে গাহেত সাব্জং সরঃ ॥

বর্ষাসূপচিতং বিরেকবিধিনা পিত্তং হরেদ্‌বুদ্ধিমান্
যুক্ত্যা রক্তবিমোক্ষণেন চ হরেদ্দুষ্টাস্রমল্পাল্পশঃ।
রাত্রৌ জাগরণং ব্যবায়মধিকং ঘর্ম্মং তুষারং দধি
ক্ষারাম্লোষ্ণবিদাহিতীক্ষ্ণকটুকং নিদ্রাং দিবা চ ত্যজেৎ॥

বর্ষাত্যয়ে অর্থাৎ শরৎকালে সুস্বাদু, কষায়, তিক্ত রসযুক্ত ও বিশদ অন্ন ও জাঙ্গল মাংস, দ্রাক্ষা, ক্ষীর, চিনি, ইক্ষু, শালিধান্য, মধুরদ্রব্য, গোধূম ও মুগ প্রভৃতি সেবন কর্ত্তব্য। এইকালে সমস্ত জল নির্ম্মল হয় বলিয়া অধিক লঘুতর হয়। এইকালে লঘু বস্ত্র, মাল্য ও চন্দন ব্যবহার করিবেন। প্রদোষকালে চন্দ্রকিরণ উপভোগ করিবেন এবং পদ্মযুক্ত সরোবরে অবগাহন স্নান করিবেন।

শরতে বর্ষাকালের সঞ্চিত পিত্ত, বিরেচন প্রয়োগ দ্বারা নির্হরণ এবং যুক্তি অনুসারে দূষিত রক্ত অল্প অল্প মোক্ষণ করিবে। রাত্রিজাগরণ, অধিক ব্যায়াম ও অধিক রৌদ্র সেবন, হিম, দধি, ক্ষার, অম্ল, উষ্ণবীর্য্য দ্রব্য, দাহজনক দ্রব্য, তীক্ষ্ণবীর্য্য দ্রব্য ও কটুরস ও দিবানিদ্রা পরিত্যাগ কর্ত্তব্য।

## হেমন্তচর্য্যা।

হেমন্তে লবণাম্লতিক্তকটুকক্ষারোৎকটং বৃংহণং
সর্পিস্তৈলসমেতমুষ্ণমশনং তীক্ষ্ণানি পানানি চ।
সেবেতাগুরুবাসিতোঽল্পশিশিরং গাহেত তৈলপ্লুতঃ
কৌষেয়াস্তরণে শয়ীত শয়নে সাঙ্গারযানে গৃহে॥
হেমন্তে নিচিতঃ প্রকুপ্যতি কফো ভানোঃ করৈরাবৃত-
স্তস্মাৎ তীক্ষ্ণশিরোবিরেকমবনৈর্গণ্ডূষধূপাদিভিঃ।

তং প্রাজ্ঞো বিজয়েত বিশ্বজলদক্বাথৈরথোষ্ণাম্বুভিঃ
শীতস্নিগ্ধগুরুদ্রবাম্লমধুরং নিদ্রাং দিবা চ ত্যজেৎ॥

হেমন্ত কালে লবণ, অম্ল, তিক্ত, কটু, অত্যন্ত ক্ষার দ্রব্য, বীর্য্যবর্দ্ধক দ্রব্য, ঘৃত ও তৈল যুক্ত, উষ্ণ খাদ্যদ্রব্য এবং তীক্ষ্ণবীর্য্য পানীয় দ্রব্য সকল সেবন কর্ত্তব্য। সর্ব্বাঙ্গে তৈল মাখিয়া উষ্ণজলে স্নান কর্ত্তব্য। অগোর ধূপে বাসিতাঙ্গ হইয়া কৌষেয়বস্ত্রাবৃত শয্যায় অঙ্গারাগ্নি যুক্ত গৃহে শয়ন কর্ত্তব্য।

হেমন্তকালে সূর্য্যের কিরণে আবৃত হইয়া কফ সঞ্চিত ও প্রকুপিত হয়, তজ্জন্য তীক্ষ্ণ শিরোবিরেচন, বমন, গণ্ডূষধারণ ও ধূপাদিদ্বারা এবং শুঁঠ ও নাগরমুতার ক্বাথ অথবা উষ্ণ জলদ্বারা তাহাকে ( প্রকুপিত কফকে ) জয় করিবে। শীতবীর্য্য, স্নিগ্ধ, গুরু, দ্রব, অম্ল ও মধুর দ্রব্য এবং দিবানিদ্রা ত্যাগ করিবে।

## বসন্তচর্য্যা।

তীক্ষ্ণক্ষারকষায়রূক্ষকটুকং কোষ্ণং বসন্তেঽশনং
সন্মদ্যং মধুমুদ্গজাঙ্গলযবপ্রায়ং হিতং চাদ্রবম্।
ব্যায়ামং বিপিনঞ্চ কোকিলকুলালাপাকুলং কামিনীঃ
স্নানোদ্বর্ত্তনচন্দনানি নৃপতিঃ সেবেত রম্যাঃ স্রজঃ॥

বসন্তকালে নৃপতি তীক্ষ্ণবীর্য্য, ক্ষার, কষায়, রূক্ষ, কটু ও উষ্ণ অন্ন ভোজন করিবেন। উৎকৃষ্ট মদ্য, মধু, মুগ, জাঙ্গলমাংস ও যব নির্ম্মিত খাদ্য ভক্ষণ, ব্যায়াম, কোকিলসমূহের মধুর ধ্বনিদ্বারা পরিপূর্ণ বনে ভ্রমণ, কামিনী সেবন, স্নান, উদ্বর্ত্তন, চন্দনাদি লেপন ও মনোহর মাল্য ধারণ করিবেন।

# গ্রীষ্মচর্য্যা।

গ্রীষ্মে শীতগৃহান্ সরাংসি সরিতো বাপীবনানি স্রজো
হারান্ শীতলতালবৃন্তপবনান্ সেবেত নিদ্রাং দিবা।
বাসাংস্যচ্ছলঘূন্যনুষ্ণমধুরং চান্নং সসর্পির্দ্রবং
মন্থক্ষীরসুপানকানি চ সিতাদিগ্ধানি শীতান্যপি।
শুভ্রে হর্ম্ম্যতলে শয়ীত শয়নে প্রত্যগ্রপুষ্পাঞ্চিতে
বাতৈশ্চন্দনচন্দ্রচর্চ্চিততনুঃ সংস্পৃশ্যমানঃ সুখৈঃ।
ব্যায়ামং পরিশোষিমৈথুনরতিং মদ্যং তথোষ্ণং রসা-
ন্নাগ্নেয়ান্ পরিতস্ত্যজেন্মতিমতো বৈদ্যস্য বাক্যে রতঃ॥

গ্রীষ্মকালে শীতল গৃহ, সরোবর, নদী, দীর্ঘিকা, বন, পুষ্পমাল্য, হার, শীতলতালবৃন্ত পবন ও দিবানিদ্রা সেবনীয়। হালকা (পাতলা) ও নির্ম্মলবস্ত্র, অনুষ্ণ অথচ মধুর, ঘৃত সহিত, তরল খাদ্য, মিছরি সংযুক্ত ও মিছরি-অসংযুক্ত অথবা সুশীতল মন্থ (দ্রবালোড়িত শক্তু নির্ম্মিত পেয়া), ক্ষীর, ও পানীয় দ্রব্য সকল পান করা কর্ত্তব্য। চন্দন ও কর্পূরদ্বারা গাত্র ভূষিত করিয়া সুখকর বায়ু সেবন করিতে করিতে সুধাধবলিত প্রাসাদতলে পাতিত, প্রস্ফুটিত পুষ্পযুক্ত শয্যায় শয়ন কর্ত্তব্য। গ্রীষ্মে ব্যায়াম, শোষকারক দ্রব্য, মৈথুন, মদ্য, উষ্ণবীর্য্যদ্রব্য, অগ্নিনাশক রস সকল সেবন সর্ব্বতোভাবে পরিত্যাগ কর্ত্তব্য।

যো রাজ্ঞাং মুখতিলকঃ কটারমল্ল-
স্তেন শ্রীমদননৃপেণ নির্ম্মিতেঽত্র।
গ্রন্থেঽভূন্মদনবিনোদনাম্নি পূর্ণো
বর্গোঽয়ং গুণগণমিশ্রমিশ্রবর্গঃ॥

যিনি কটারমল্ল নামে প্রসিদ্ধ হইয়া রাজন্যগণের মুখভূষণ স্বরূপ হইয়াছিলেন, সেই খ্যাতনামা মদনপালনৃপ কর্ত্তৃক নির্ম্মিত এই মদনবিনোদ নামক পুস্তকে গুণগণমিশ্র মিশ্রবর্গ সমাপ্ত হইল।

ইতি মদনপাল-নিঘণ্টৌ মিশ্রবর্গঃ।

## গ্রন্থকৃৎপরিচয়ঃ।

টীকান্বয়ে মহতি ভূমিভুজাং বিশুদ্ধে
কচ্ছেতি নাম নগরং জগতি প্রসিদ্ধম্।
যদ্বেধসা বিহিতমাদরতঃ স্বসৃষ্টে-
রুৎকৃষ্টতাতিশয়পুঞ্জদিদৃক্ষয়ৈব ॥ ১ ॥
তত্র শ্রীরত্নপালঃ সমজনি জনতানন্দবৃন্দৈককন্দঃ
কুন্দেন্দুস্বচ্ছকীর্ত্তিঃ পরমদদলনো দানদীক্ষৈকদক্ষঃ।
যস্যাকর্ণ্য প্রভূতং প্রগিতগুণগণং কর্ণসাফল্যভাজো
দৈবং নিন্দন্তি লোকা নয়নবিফলতাখেদমাবেদয়ন্তঃ ॥ ২ ॥

ভারতবর্ষের পশ্চিমোত্তরপ্রদেশে কচ্ছ নামে একটী জগৎপ্রসিদ্ধ নগর আছে, যাহা বিধাতা কর্তৃক স্বকীয় সৃষ্টির মধ্যে সর্ব্বোৎকৃষ্ট সৃষ্ট বস্তুসমূহের একত্র সমাবেশ দর্শনেচ্ছায় নির্ম্মিত হইয়াছে। ঐ কচ্ছ নগরে পরম পবিত্র চরিত্র নৃপতিগণের টীকানামক বংশে রত্নপাল নামে এক নরপতি জন্মগ্রহণ করেন। তিনি জনসমূহের আনন্দরাশির (কন্দ) মূলস্বরূপ, যাঁহার কীর্ত্তিকলাপ কুন্দপুষ্প ও চন্দ্রের ন্যায় সুবিশদ, যিনি শত্রু রাজন্যবর্গের দর্পদলনে একান্ত নিপুন, যাঁহার প্রভূতও প্রসিদ্ধ গুণরাশি শ্রবণপূর্ব্বক কর্ণের সফলতা লাভ করিয়া তাঁহাকে দেখিতে না পাওয়াতে নয়নের বিফলতা হেতু খেদ প্রকাশপূর্ব্বক মানবগণ দৈবকে নিন্দা করিতেন। ১।২।

জননয়নসুধাংশুস্তস্য শুদ্ধস্তনূজো

জগতি ভরণপালঃ ক্ষৌণিপালো বভূব।

সকলসকলবাঞ্ছাসিদ্ধিহেতোর্বিধাতা

সুরতরুমিহ চক্রে যৎকরচ্ছদ্মনৈব ॥ ৩ ॥

তাঁহার জননয়নের সুধাংশুতুল্য আনন্দপ্রদ এক বিশুদ্ধচরিত্র পুত্র জন্মগ্রহণ করেন, তাঁহার নাম ভরণ পাল। তিনি জগৎভরণ করিবার জন্যই যেন পৃথিবীর রাজা হন। সর্ব্বসাধারণ লোকের সকল বাঞ্ছাপূরণার্থ বিধাতা তাঁহাকে কল্পবৃক্ষরূপে সৃজন করিয়াছিলেন। ৩।

হরিশ্চন্দ্রস্তস্মাৎ সমজনি জনানন্দজননো

হরিশ্চন্দ্রো লোকে পরবলপরীতাপকরণঃ।

পরং বিশ্বামিত্রেষ্বহিতময়মাধত্ত মতিমান্

বশিষ্ঠো নৈতস্মাজ্জগতি মহিতোঽন্যঃ সুকৃতিনাং ॥ ৪ ॥

তাঁহার পুত্র হরিশ্চন্দ্র, তিনি সমস্ত মানবের আমোদপ্রদ এবং দ্বিতীয় হরিশ্চন্দ্ররাজার ন্যায় শত্রু সৈন্যের পরিতাপকারক হইয়াছিলেন। যিনি বিশ্বামিত্রের প্রতি স্বরাজ্যদানদ্বারা অত্যন্ত হিত অথবা সমস্ত অমিত্রবর্গের অহিত ( অমঙ্গল ) বিধান করিয়াছিলেন। তাঁহার অপেক্ষা জগতে পুণ্যবান্ ব্যক্তিদিগের অগ্রগণ্য বশিষ্ঠ অর্থাৎ জিতেন্দ্রিয়শ্রেষ্ঠ আর কেহ ছিল না। অর্থাৎ বশিষ্ঠদেবের ন্যায় জিতেন্দ্রিয় ছিলেন। ৪।

তস্মাদভূদদ্ভুতকৃত্যমান্যঃ সাধারণো ভূমিপতির্বদান্যঃ।

দারিদ্রমুন্মূল্য পুনঃ স্ববৈরিষ্বস্থাপি কামং কৃপয়ৈব যেন ॥ ৫

তাঁহার পুত্র অদ্ভুত কার্য্যকারী ও মহামান্য হইয়াছিলেন। তিনি স্বাধীনচেতা ও দানশীল ছিলেন। তিনি মিত্রের কথা কি বলিব, শত্রুদিগেরও

কৃপাপূর্ব্বক দারিদ্র্য মোচন করিয়া সর্ব্বদা তাহাদিগকে পূর্ণকাম করিয়া ছিলেন। ৫।

কামং সর্ব্বমহীশমান্য উদয়ো নাস্তং প্রযাতঃ ক্বচিৎ
নো দানং মধুপপ্রিয়ং জনমনঃসন্তাপকৃচ্ছূরতা।
সচ্চক্রাতিবিচিত্রমিত্রসুখিতা বৃদ্ধিপ্রদা চন্দ্রতা
চাতুর্য্যেণ মহেন্দ্রতা কবিমতা কিং কিং ন যস্যাদ্ভুতং ॥৬॥

যিনি সমস্ত নরপতিগণের মাননীয় ছিলেন। যাঁহার উদয় কদাচ অস্তমিত হয় নাই, যাঁহার দান মধুপগণের প্রিয় হইত না অর্থাৎ যিনি প্রচুর পরিমাণে দান করিতেন। যাঁহার বীরত্ব জনগণের মনস্তাপজনক, যাঁহার সাধু অথবা পণ্ডিত সমূহ সহবাসে বিচিত্র সুখানুভব হইত, যাঁহার চন্দ্রের ন্যায় বৃদ্ধি প্রদানে সামর্থ্য ছিল, যিনি চতুরতাবিষয়ে মহেন্দ্রের সদৃশ, যিনি কবিত্বসম্পন্ন ছিলেন, তাঁহার কোন্ গুণটী অদ্ভুত নহে অর্থাৎ সকল গুণই অদ্ভুত। ৬।

অজনি সহজপালস্তস্য পূর্ব্বস্তনূজঃ
সকলগুণনিধানং শাস্ত্রধর্ম্মৈকবেত্তা।
প্রথিতপুরুষরত্নং যং সমালোক্য লোকো
বহুবিধিষু বিধাতুঃ কান্ততাং মন্যতে স্ম ॥ ৭ ॥

তাঁহার দুই পুত্র। জ্যেষ্ঠপুত্র সহজপাল এবং কনিষ্ঠ পুত্র মদনপাল নামে প্রসিদ্ধ ছিলেন। জ্যেষ্ঠপুত্র সহজপাল সর্ব্বগুণের একমাত্র আধার ও সর্ব্বশাস্ত্র-বিৎ ও পরম ধার্ম্মিক হইয়াছিলেন। তাঁহাকে প্রসিদ্ধ পুরুষরত্ন মনে করিয়া লোকে বিধাতার বহুবিধ বিধান বিষয়ে কমনীয়তা স্বীকার করিতেন। ৭।

তদনু মদনপালঃ পুত্ররত্নং বভূব
অকৃত সুকৃতভাজা যেন রাজ্ঞা নিঘণ্টুঃ।

ভিষগভিমতসিদ্ধ্যৈ কীর্ত্তিসন্দোহভাজা

সকলগুণযুতেন স্বেন নাম্না প্রসিদ্ধঃ ॥ ৮ ॥

এবং তাঁহার কনিষ্ঠ পুত্ররত্ন শ্রীমান্ মদনপাল শুভক্ষণে জন্মগ্রহণ করেন। যে সৎকীর্ত্তিশালী, পরম পুণ্যাত্মা, সর্ব্বগুণাধার নৃপতি, নিজ নামে প্রসিদ্ধ এই নিঘণ্টু, বৈদ্যদিগের অভিপ্রায় সিদ্ধির নিমিত্ত সংগ্রহ করিয়াছেন। ৮।

অব্দে ব্রহ্মজগদ্যুগেন্দুগণিতে শ্রীবিক্রমার্কপ্রভো-

র্মাঘে মাসি বলক্ষপক্ষললিতে ষষ্ঠ্যাং সুধাংশোর্দিনে।

দীনানাং পরিতাপপাপদলনো গ্রন্থং নিঘণ্টুং কিল

শ্রীলঃ শ্রীমদনো ব্যধত্ত চতুরঃ সচ্চক্রচূড়ামণিঃ ॥ ৯ ॥

মহারাজ বিক্রমাদিত্যের ১৩৩১ সংবতে মাঘী শুক্লা ষষ্ঠীতে সোমবারে দীনগণের দারিদ্র্যমোচন কর্ত্তা, সুচতুর, পণ্ডিতাগ্রগণ্য, মহারাজ মদনপাল এই গ্রন্থ নির্ম্মাণ করিয়াছেন। ৯।

---

## অনুবাদকৃৎপরিচয়ঃ।

প্রসিদ্ধে ভারতে বর্ষে কর্ম্মভূমৌ নৃণামিহ।

আসীদ্বঙ্গে বর্দ্ধমান প্রদেশান্তর্গতা ক্ষিতৌ ॥ ১ ॥

অম্বিকা নাম নগরী কালনেতি চ কীর্ত্তিতা।

গঙ্গায়াঃ পশ্চিমে কূলে বিশ্বেশ্বরপুরীসমা ॥ ২ ॥

তত্রাসীৎ সর্ব্বশাস্ত্রার্থদর্শী সর্ব্বগুণাকরঃ।

ধন্বন্তরিকুলোৎপন্নো ধন্বন্তরিরিবাপরঃ ॥ ৩ ॥

আয়ুর্ব্বেদবিদাং শ্রেষ্ঠো বৈদ্যো রোগকুলান্তকৃৎ ।
শ্যামসেন ইতি খ্যাতঃ শ্যামসুন্দরসেবকঃ ॥ ৪ ॥
যদ্ভক্ত্যারাধিতো নূনং রাধয় মূর্ত্তিমান্ স্বয়ং ।
ইদানীমপি যদ্‌গেহে র জতে শ্যামসুন্দরঃ ॥ ৫ ॥
তদ্বংশসম্ভবো রাধাপ্র াদ াত বিশ্রুতঃ ।
সর্ব্বশাস্ত্রার্থনিপুণ আয়ুর্ব্বেদবিশারদঃ ॥
তস্যপুত্রো রামকৃষ্ণো রামকৃষ্ণ ইবাপরঃ ।
যন্নামশ্রুতিমাত্রেণ রোগভূ াব কম্পিতাঃ ॥
তস্য বংশধরঃ শ্রীমান্ রা কান্তো মহামতিঃ ।
নিত্যানন্দঃ সুতস্তস্য নিত্যানন্দ ইবাপরঃ ।
আয়ুর্ব্বেদবিদাং শ্রেষ্ঠো দৃষ্টিমাত্রেণ রোগহৃৎ ॥ ৬
ততশ্চন্দ্রকিশোরোঽভূৎ াচ্চন্দ্র ইবাপরঃ ।
যস্য স্পর্শনমাত্রেণ রোগাঃ সর্ব্বে পলায়িতাঃ ॥ ৭ ॥
কালীঘট্টে কৃতাবাসঃ কালীপাদানতঃ সদা ।
উবাস রাজধান্যাং যো রাজানুগ্রহভাজনঃ ॥ ৮ ॥
যৎকীর্ত্ত্যাকৃষ্টহৃদয়া নৃপা ভারতবাসিনঃ ।
যং সর্ব্বে স্বচিকিৎসার্থমাহ্বয়ন্তিস্ম নিত্যদা ॥ ৯ ॥
দেবেন্দ্রোপেন্দ্রনামানৌ তস্য পুত্রৌ গুণাকরৌ ।
স্ববৈদ্যসদৃশৌ লোকে দৃষ্টিমাত্ররুজাহরৌ ॥ ১০ ॥
দেবেন্দ্রোপেন্দ্রসদৃশৌ নানাশাস্ত্রবিশারদৌ ।

বুদ্ধ্যা বৃহস্পতিসমৌ ধার্ম্মিকৌ সত্যসঙ্গরৌ ।
আয়ুর্ব্বেদপ্রচারার্থমাবির্ভূতৌ মহীতলে ॥ ১১ ॥
কলৌ স্বল্পায়ুষাং নৃণাং তথৈব স্বল্পমেধসাম্ ।
স্বল্পায়াসেন শিক্ষার্থং যতমানৌ নিরন্তরম্ ॥ ১২ ॥
আয়ুর্ব্বেদ পুস্তকানি চরকাদীনি ভূরিশঃ ।
অনূদিতানি যত্নেন যাভ্যাং লোকহিতেপ্সয়া ॥ ১৩ ॥
তাভ্যাং মদনপালাখ্যগ্রন্থস্য বঙ্গভাষয়া ।
অনুবাদঃ কৃতো যত্নাচ্ছাত্রাণাং হিতকাম্যয়া ॥ ১৪ ॥
বাণাগ্নিবস্বিন্দুমিতে শকাব্দে পঞ্চাস্যগে সপ্ততুরঙ্গমে চ ।
বারেশবারে জগদীশ্বরস্য প্রসাদতোঽভূৎ পরিপূর্ণ এষঃ ॥১৫

## অনুবাদকৃদ্ বিজ্ঞপ্তিঃ ।

এতেন পাঠকানাং চেৎ কাচিদুপকৃতির্ভবেৎ ।
তদায়াসো ব্যয়োঽস্মাকং সার্থকো নাত্র সংশয়ঃ ॥ ১৬
ত্রুটিরিহ যদি কাচিৎ কুত্রচিৎ সা মহদ্ভি-
র্নিজগুণগণবশ্যৈঃ পূরণীয়া প্রযত্নাৎ ।
অতিবিনয়যুজাং নো যাচনৈষা বুধেষু
নহি পরকৃতদোষগ্রাহিণো ধীরবর্য্যাঃ ॥ ১৭ ॥

সম্পূর্ণোঽয়ং গ্রন্থঃ ।